শ্রীধাম-মায়াপুর প্রদর্শনীতে আসিয়া সকলেই বাস্তব পরোপকারত্বে দীক্ষিত হইয়া ভারতভূমির সেবায় লাভ করুন—ভগবদ্ভক্তের সেবায় সর্ব্বপ্রকার উপলব্ধি করুন—ভগবদ্ভক্তের সেবা-চেষ্টার উপকরণ হইয়া চিন্ময়ী অনুভূতিতে প্রবেশ লাভ করুন। আমার ন্যায় দুর্ভাগ্য ব্যক্তি সাধ্য আস্বাদন করিবেন না। একবার মাত্র প্রত্যক্ষ করিলেই শ্রীশ্রীগুরু আত্মোদয়ের চরম প্রয়োজনীয়তা এবং অত্যাবশ্যকতা উপলব্ধি করিতে সমর্থ হইবেন। শুদ্ধভক্তের আনুগত্যে শ্রীধাম বাসের চরম সৌভাগ্য উদিত হইবে। শ্রীধাম-মায়াপুর শ্রীধামের সেবকগণের আনুগত্যে বিশেষ সকল সম্পাদিত শ্রীল সাধক ভগবানের অবির্ভাবের সম্ভাবনা হইবে। ইহা ব্যতীত জগতের ঘোর অনর্থ-নিবারক দ্বিতীয় পন্থা নাই, নাই, নাই। কর্ম্মক্ষেত্রে সব পথ সত্য সত্য সাধারণ ও দর্শকগণের অন্তঃস্থ ভগবদ্ভক্তের আনুগত্যে ভগবৎ-সেবায় প্রতিষ্ঠিত হইয়া সফলতা লাভ করুক, নচেৎ কর্ম্মধারা অনর্থ উপশম হওয়া উত্তরোত্তর বৃদ্ধিপ্রাপ্ত হইবে। দ্বিতীয় পত্রে প্রদর্শনীর 'ভক্তি' ও 'সেবা'-পথের কিঞ্চিৎ বিবরণ লিপিবদ্ধ করিবার ইচ্ছা রহিল।

নিবেদন ইতি।

শ্রীধাম-মায়াপুর-প্রদর্শনীতে আগত

জনৈক পঞ্জাবনিবাসী

কোন্ পথে ?

(শ্রীযুক্ত সত্যরঞ্জন সেনগুপ্ত, এ, বি, এল)

আমেরিকার সাইকিয়াট্রিক্‌, এসোসিয়েশনের ভূতপূর্ব্ব সভাপতি বলেন, "বর্ত্তমান জগতে সমস্ত সংসারে যেন লোক আছেন, যাঁহারা মানব জাতির চরম অবস্থা অবনত হইবার জন্য সমস্ত বায় করিতেও পশ্চাৎপদ নহেন।" ম্যাকবেথ নামক নাটকের এক স্থানে দেখিতে পাই যে, জীবন একটা পাগলের কথিত অসম্বদ্ধ কাহিনী মাত্র শব্দ আছে, আবেগ আছে, কিন্তু অর্থ নাই।

আবার এমন লোকও আছেন, যাঁহারা অন্তরের দৃঢ় বিশ্বাস সম্বন্ধে বিরাট্‌ কর্ম্মস্রোতে ঝাঁপাইয়া দেন, অথবা জীবনের সমস্ত অশান্তি বাহ্য-সমুদ্র নির্ব্বাপিত সকল বলে নিমগ্ন করিবার জন্য কাব্য আনন্দের ক্রোড়ে আশ্রয় গ্রহণ করেন।

ফরাসী দার্শনিক-বৈজ্ঞানিক কেনিঙ বলেন যে আজ কলকারখানা যেমন বাড়িয়ে বাড়িয়ে উন্নতির দিকে অগ্রসর হইতেছে, মানুষও সেই রকম কলের অধীন হইয়া আসিতেছে—তাহার নৈতিক উন্নতির বিশেষ লক্ষণ দেখা যায় না। তিনি সম্পূর্ণভাবে কলকারখানার যুগকে দোষারোপ করিতে চাহেন না। উহার ধারণা এই যে, কলকারখানা মানব-জাতিকে কঠিনতা কারা সহজ করিয়া দিতে পারে। কালের কোন বিশেষত্ব থাকিবে না; যে ভাবে সৃষ্টি আছে তাহার সুব্যবস্থা করিতে পারেন।

মোট কথা এই যে, এখন যেন একটা যুগ আসিয়াছে যে, মানুষও বাঁচিয়া

হইবে, হইবে যে সে কখনও অধীন হইবে অথবা কখনও প্রকৃতির অধীন হইবে—সাধু, অন্য কিছুর অধীন হওয়ার কথা সে বুঝিয়াছে।

পুনঃ জড়জগতের অন্তর্নিহিত দ্বন্দ্ব, যেমন জড়, তাহাদের মধ্যে আর নাই যে তাহাদিগকে ঠিকানে উঠিতে হইবে।

... এমন ব্যবস্থা আদৌ নাই যে এ ... ভজনের অথবা জড় প্রকৃতির অধীন হইবার নয়। যদি তাহাকে কেহ স্মরণ করাইয়া দেয় যে, সে কৃষ্ণদাস, তাহা হইলে সে জানিতে পারে যে, তাহাকে যাইতে হইবে কোন্ পথে।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীধামনবদ্বীপ পরিক্রমা

নিমন্ত্রণ পত্র

শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর,

১৫ ফাল্গুন, ১৩৩৬

বিপুলবৈষ্ণবসম্মানপুরঃসরেষু—

আগামী ২১শে ফাল্গুন ৫ই মার্চ্চ বুধবার হইতে নয়দিনব্যাপী নবদ্বীপের নয়টী দ্বীপে শ্রীধাম-পরিক্রমা হইবে। কৃপা করিয়া পরিক্রমায় যোগদান করিলে পরমানন্দের বিষয় হয়। স্বয়ং যোগদান করিবার সুযোগ না হইলে এই ভক্তির অনুষ্ঠানে দ্রব্য ও অর্থাদির দ্বারা সহায়তা করিলেও তাদৃশ ভক্তাদের ন্যূনাধিক সাধন-ফল লাভ ঘটে। দ্বাদশাহিক পরিক্রমার বিবরণ নিম্নে প্রদত্ত হইল।

শ্রীঅতুলচন্দ্র বন্দ্যোপাধ্যায় (ভক্তিসারঙ্গ গোস্বামী), শ্রীরামগোপাল বিদ্যাভূষণ (এম, এ), শ্রীনিশিকান্ত সান্যাল (এম, এ), শ্রীচারণ বিদ্যারত্ন (এম, এ, বি, এল) এবং শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ—শ্রীবিশ্ব-বৈষ্ণব-রাজসভার সম্পাদকগণ।

(১) অন্তর্দ্বীপ (শ্রীচৈতন্যমঠ, শ্রীগৌরজন্মভিটা শ্রীবাস ও শ্রীধরের অঙ্গন, চাঁদকাজীর সমাধি ও শ্রীঅদ্বৈতভবন) ২১শে ফাল্গুন ৫ই মার্চ্চ বুধবার।

(২) সীমন্তদ্বীপ (সীমুলিয়া, শরডাঙ্গা, গোপডাঙ্গা, মেধার চর, বেলপুকুর) ২২শে ফাল্গুন ৬ই মার্চ্চ বৃহস্পতিবার।

(৩) গোদ্রুমদ্বীপ (গাদিগাছা, মহেশগঞ্জ, সুবর্ণবিহার, সুরভিকুঞ্জ, হরিহরক্ষেত্র, দেপাড়া) ২৩শে ফাল্গুন ৭ই মার্চ্চ শুক্রবার।

(৪) মধ্যদ্বীপ (মাজিদা, হাটডাঙ্গা, আনন্দবাস, বামনপুকুর) ২৪শে ফাল্গুন ৮ই মার্চ্চ শনিবার।

(৫) কোলদ্বীপ (সহর নবদ্বীপ, গঙ্গাজীর কোল ও চর, তেঘরির কুকোল, কোল আমাদ, কোলের গঞ্জ, কোলের দহ) ২৫শে ফাল্গুন ৯ই মার্চ্চ রবিবার।

(৬) ঋতুদ্বীপ (রাতুপুর, চম্পাহট্ট, বা চাঁপাহাটীতে শ্রীগৌরগদাধরের শ্রীমন্দির) ২৬শে ফাল্গুন ১০ই মার্চ্চ সোমবার।

(৭) জহ্নুদ্বীপ (বিদ্যানগর, জান্নগর) ২৭শে ফাল্গুন ১১ই মার্চ্চ মঙ্গলবার

(৮) মোদদ্রুমদ্বীপ (মামগাছি, অর্কটিলা বা একডালা মাতাপুর) ২৮শে ফাল্গুন ১২ই মার্চ্চ বুধবার।

(৯) রুদ্রদ্বীপ (রুদ্রপাড়া, শঙ্করপুর, ইন্দ্রপুর, পঞ্চের ডাঙ্গা) ২৯শে ফাল্গুন ১৩ই মার্চ্চ বৃহস্পতিবার।

৩০শে ফাল্গুন ১৪ই মার্চ্চ শুক্রবার হইতে দিবসত্রয় শ্রীধাম-মায়াপুর যোগপীঠে শ্রীশ্রীগৌর-জন্মোৎসব হইবে।

প্রেমপ্রদীপ

পঞ্চম প্রভা

(পূর্বপ্রকাশিত ১ সংখ্যার পর)

ঋজু স্থিরসুখমাসনং ॥ ৪ ॥

যে সকল আসনের নাম আমি পূর্বে হঠযোগ বিবরণে বলিয়াছি, সেই সকল আসন রাজযোগেরও গ্রাহ্য। পদ্মাসন বা স্বস্তিকাসন রাজযোগে প্রসিদ্ধ। পদ্মাসন যথা :—

ঊর্ব্বোরুপরি বিন্যস্য সম্যক্ পাদতলে উভে।
অঙ্গুষ্ঠৌ চ নিবধ্নীয়াৎ হস্তাভ্যাং
ব্যুৎক্রমাত্তথা ॥

উভয় পদতল উভয় ঊরুর উপর উত্তানরূপে রাখিয়া, দুই হাতের বৃদ্ধাঙ্গুলি দুই হাতে ধারণ করিবে। পুনশ্চ স্বস্তিকাসন যথা :—

জানূর্ব্বোরন্তরে যোগী কৃত্বা পাদতলে উভে।
ঋজুকায়ঃ সমাসীনঃ স্বস্তিকং
তৎপ্রচক্ষতে ॥

জানু ও ঊরুর মধ্যে উভয় পদতল রাখিয়া ঋজুকায় সমাসীন হওয়ার নাম স্বস্তিকাসন।

তস্মিন্ সতি শ্বাস-প্রশ্বাসয়োঃ
গতি-বিচ্ছেদঃ প্রাণায়ামঃ ॥ ৫ ॥

আসন জয় হইলে শ্বাস প্রশ্বাসের গতি-বিচ্ছেদ-লক্ষণ প্রাণায়াম অভ্যাস করিবে। যে বায়ু নাসারন্ধ্র দ্বারা বাহিরে রেচিত হয়, তাহার নাম রেচক বা শ্বাস। যে বায়ু নাসারন্ধ্র দ্বারা অন্তঃপুরে গমন করে, তাহার নাম পূরক বা প্রশ্বাস। যে বায়ু অন্তঃপুরে স্থগিত হয়, তাহা কুম্ভক। রেচক, পূরক ও কুম্ভক দ্বারা প্রাণায়াম সিদ্ধ হয়।

যম নিয়ম সিদ্ধ ব্যক্তি আসন জয় পূর্বক প্রাণায়াম অভ্যাস করিবে।

স তু বাহ্যাভ্যন্তর-স্তম্ভবৃত্তির্দেশ কাল
সংখ্যাভিঃ পরিদৃষ্টো দীর্ঘ সূক্ষ্মঃ ॥ ৬ ॥

বাহ্যাভ্যন্তর-স্তম্ভ বৃত্তিরূপ সেই প্রাণায়াম-কার্য্যে দেশ-ঘটিত, কাল-ঘটিত ও সংখ্যা-ঘটিত একটী বিধি আছে।

দেশ ঘটিত বিধি এই যে পবিত্র, সমান ও নির্বিরোধী স্থানে যেখানে সাধকের শরীর, মন ও বুদ্ধি নিশ্চল হইতে পারে, সাধক উত্তম চেলাজীন কুশোত্তর আসনে আসীন হইয়া প্রাণায়াম অভ্যাস করিবে। স্থানটীর নিকট স্বচ্ছ জলাশয় থাকে, ভূমি পরিষ্কার হয় এবং সেই স্থানের বায়ু স্বাস্থ্যপ্রদ হয়। মধু-পাক আহারাদি দ্বারা সাধকের প্রাণ তাহা সে স্থানে অক্লেশে পাওয়া যায়। অধিক লোকযোগ না থাকে। মশক দংশ উৎপাতাদির ও অগ্ন্যাদির উৎপাত না থাকে। সকল ঋতুতে সুখ লাভ হয়। নিষ্কণ্টক না হয়। কাল-ঘটিত বিধি এই যে, শীতের প্রারম্ভে বা শীতের শেষে প্রাণায়াম করিবার প্রশস্ত কাল। প্রাতে, মধ্যাহ্নে, ও অধিক রাত্রে প্রাণায়াম অভ্যাস ফলপ্রদ হয়। অভুক্ত কালে বা ভোজনান্তে প্রাণায়াম করিবে না। নিয়ম লঘু-ভোজন আবশ্যক। মাদক দ্রব্য এবং মাংস মৎস্যাদি নিষিদ্ধ। অম্ল, রুক্ষ, লবণ, বিদাহী দ্রব্য নিষিদ্ধ। দুগ্ধ মিষ্ট দ্রব্য ও স্নিগ্ধ দ্রব্য বিশেষতঃ ক্ষীরাদি মধ্যে মধ্যে সেবনীয়। প্রাতঃস্নানাদি এবং অধিক রাত্রে ভোজনাদি অনিয়মিত কার্য্য নিষিদ্ধ।

সংখ্যা ঘটিত বিধি। আসনে আসীন হইয়া ষোড়শ সংখ্যক বীজ মনন পূর্বক ইড়া বা চন্দ্র নাড়িকা দ্বারা বায়ু পূরণ করিবে। সেই বায়ু চতুঃষষ্টি মাত্রা জপ সংখ্যা পর্য্যন্ত কুম্ভক করিবেক। পরে দ্বাত্রিংশৎ মাত্রা জপ সংখ্যা পর্য্যন্ত রেচন করিবে। দক্ষিণ সূর্য্য নাসিকা বা পিঙ্গলা দ্বারা ষোড়শ মাত্রা পূরণ করিয়া চৌষট্টি মাত্রায় কুম্ভক করে বত্রিশ মাত্রায় ইড়া দ্বারা রেচন করিবে। পুনর্বার ইড়া দ্বারা পূরণ করত কুম্ভকান্তে পিঙ্গলা দ্বারা পুনঃ মাত্রা ক্রমে রেচন করিবে। এই প্রকার তিনবার করিলে একটী মাত্রা প্রাণায়াম হয়। বাম নাসিকারন্ধ্রের নাম ইড়া বা চন্দ্র। দক্ষিণ নাসিকারন্ধ্রের নাম পিঙ্গলা বা সূর্য্য। কুম্ভক রন্ধ্রের নাম সুষুম্না। মতান্তরে প্রথমেই রেচক আরম্ভ হয়। ফল সকল একই প্রকার।

প্রথমে দ্বাদশ মাত্রা প্রাণায়াম অভ্যাস করিলে অধম মাত্রা সাধিত হয়। ষোড়শ মাত্রা অভ্যাস করিতে পারিলে মধ্যম মাত্রা হয়। বিংশতি মাত্রা অভ্যস্ত হইলে উত্তম মাত্রা হয়। সকল মাত্রাই প্রাতে, মধ্যাহ্নে, অপরাহ্নে, সন্ধ্যার পর ও মধ্য রাত্রে এই পাঁচ বার করিতে হয়।

তিনমাস পর্য্যন্ত এইরূপ করিলে নাড়ী শুদ্ধ হয়। নাড়ী শুদ্ধ হইলে কেবল কুম্ভক নামক প্রাণায়ামের চতুর্থাঙ্গ সাধিত হয়। যথা পতঞ্জলি :—

বাহ্যাভ্যন্তর বিষয়াক্ষেপী চতুর্থঃ ॥ ৭ ॥

কেবল নামক চতুর্থ কুম্ভকে রেচক পূরক শূন্য প্রাণায়াম হইয়া থাকে। কুম্ভক উত্তমরূপ সাধিত হইলে দুইটী ফল হয়। আদৌ মনের প্রকাশাবরণ ক্ষয় হয়। দ্বিতীয়তঃ ধারণা-কার্য্যে মনের যোগ্যতার উদয় হয়।

স্ববিষয়াসম্প্রয়োগে চিত্তস্বরূপা
নুকার ইন্দ্রিয়াণাং প্রত্যাহারঃ ॥ ৮ ॥

যে ইন্দ্রিয়ের যে বিষয় তাহাতে সম্প্রয়োগ না করিয়া চিত্ত ইন্দ্রিয় দ্বারা স্বরূপে ইন্দ্রিয়গণকে অবস্থিত করার নাম প্রত্যাহার। ক্রমশঃ যখন বুদ্ধিকে অবস্থিত রূপে চিত্তস্থ করিয়া ধ্যানে অভ্যাস করিবে, চক্ষুরিন্দ্রিয়ের প্রত্যাহার হয়। তৎপর সকল ইন্দ্রিয়ের প্রত্যাহার করিতে পারিলে ক্রমশঃ চিত্ত-বৃত্তির নিরোধ ও বিষয়-লালসার অভাব হয়। এই প্রত্যাহারটী কেবল সাধকেরা অনুভব করিতে পারেন। ইহাকে অভ্যাস করিয়া আমার বিশেষ ফল-লাভ হইয়াছে।

(ক্রমশঃ)

নানাকথা

শ্রীধাম মায়াপুর-নবদ্বীপ-প্রদর্শনীতে নদীয়া জেলার জজ সাহেব

নদের জজসাহেব, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের রত্ন, নদীয়ার সুযোগ্য ডিষ্ট্রিক্ট ও সেসন জজ মিঃ এস, এম, ঘোষক, এম, এ (ক্যাল); বি, এ (ক্যান্টা); আই সি, এস্; বাহাদুর গত বৃহস্পতিবার ২৭শে ফেব্রুয়ারি তারিখে বেলা ৩টার সময় শ্রীধাম-মায়াপুর-নবদ্বীপ-প্রদর্শনীক্ষেত্র পরিদর্শন করেন। তিনি সভাপ্রাঙ্গণে প্রাচ্য প্রণালীর নির্ম্মিত প্রদর্শনীবাটিকা দর্শন করেন। মিসেস ঘোষক গেট দেখিয়া বিশেষ প্রশংসা করেন।

পরে তাঁহারা প্রদর্শনীক্ষেত্রের সমস্ত ষ্টল এবং পারমার্থিক বিভাগ দর্শন করেন। নবীনভেকী, গৌরাঙ্গ-নাগরী প্রভৃতির মূর্ত্তিসমূহ দেখিয়া জজ সাহেব বলেন, "বঙ্গের একদেশ বিরুদ্ধে গৌড়ীয় মঠ যুদ্ধ করিতেছেন।" শ্রীপাদ কুঞ্জবিহারী বিদ্যাভূষণপ্রভু বলেন যে, প্রচারের সহিত আচার গৌড়ীয়মঠের কাজ। জজ সাহেব তাহাতে পূর্ণ সম্মতি দান করিয়া বলেন, "এই ত চাই।"

ঠাকুরবাড়ীর গেট আহার ও তৎসম্পর্কীয় অত্যাচারসম্বন্ধীয় মৃৎপুত্তলিকাসমূহ দর্শন করিয়া মিসেস্ ঘোষক বলেন যে, এটা নবদ্বীপে ভয়ানক আছে। ধর্ম্ম-প্রাণ তীর্থযাত্রিগণের উপর বদমায়েসী লোকদের অত্যাচার এই শিক্ষিতা মহিলার অন্তঃকরণে আঘাত করিয়াছে।

বঙ্গলক্ষ্মী কটন মিলের ষ্টল দেখিয়াই জজ সাহেব বলেন, "বঙ্গলক্ষ্মী তা' হ'লে পুনরায় জীবন্ত হ'য়ে উঠেছে" ইহার তত্ত্বাবধায়ক মিঃ দৈব ষ্টল সংক্রান্ত সমস্ত বিষয় জজ সাহেবকে ও মিসেস ঘোষককে সুন্দর ভাবে বুঝাইয়া দেন।

মিঃ মজুমদারের ম্যাজিক দেখিয়া জজ সাহেব, মিসেস ঘোষক এবং তাঁহাদের পুত্রকন্যা অত্যন্ত সন্তুষ্ট হ'ন। পুরস্কারস্বরূপ তিনি মিঃ মজুমদারকে একটি সার্টিফিকেট প্রদানে সম্মতি জ্ঞাপন করিয়াছেন।

শ্রীধাম-মায়াপুর-নবদ্বীপ-প্রদর্শনীর পক্ষ হইতে শ্রীমান্ রবীন্দ্রকুমার ঘোষ, বি, এ এবং উকীল শ্রীযুক্ত অমৃতপ্রসাদ দত্ত জজ সাহেবকে স্বরূপগঞ্জ হইতে অভ্যর্থনা করিয়া নৌকা ও মোটর যোগে প্রদর্শনীক্ষেত্রে আনয়ন করেন।

জজ সাহেব শ্রীপুরুষোত্তমবিদ্যাবারিধির [illegible] প্রদর্শনীর সমস্ত স্থান পুঙ্খানুপুঙ্খরূপে দর্শন করেন এবং সর্ব্বার্থ প্রভুপাদ তাঁহাকে সমস্ত বিষয় বিশদরূপে বুঝাইয়া দেওয়ায় তিনি বিশেষ সন্তোষ প্রকাশ করেন। মিসেস ঘোষক বিশেষ সহানুভূতি প্রদর্শন করেন। তাহার জন্য প্রদর্শনীর কর্তৃপক্ষ তাঁহাদিগের নিকট কৃতজ্ঞ।

সভার বয়স

কলিকাতা ট্রেডস্ এসোসিয়েশন ভারতের সর্ব্ব-প্রাচীন সভা। ইহা একশত বৎসর পূর্ব্বে স্থাপিত হয়। কলিকাতা চেম্বার অব্ কমার্স ইহার চারি বৎসর পরে স্থাপিত হয়।

সমুদ্রের নীচে

ডাঃ কার্টার সমুদ্রের নীচে সিসিলি এবং টিউনিসিয়ার মধ্যে একটি নগর আবিষ্কার করিয়াছেন। এই নগরটির উপরে ৩০০ ফুট জল আছে। নগর ফটো লইবার চেষ্টা চলিতেছে। এখানে একটি পুরাতন নগর ছিল। এই স্থানে ইউরোপ এবং আফ্রিকার মধ্যে [illegible] বণিক আসিয়া ব্যবসায় বাজার কাটাকাটি হইয়াছিল।

আটলাণ্টিক মহাসাগরের জল এই স্থানে প্রবেশ করিয়া ভূমধ্য সাগর সৃষ্টি করিবার পূর্ব্বে এখানে এটলাণ্টিস্ নগর ছিল। প্লেটো বলেন যে কার্থেজিনিয় [illegible] মধ্যে এই নগর ছিল।

ডাঃ কার্টার বলেন যে এইস্থানেই প্রথম সভ্যতার জন্ম হয়। এখানে সমুদ্রের জল প্রবেশ করিবার পূর্ব্বে এই স্থান মনোরম উদ্যান, এবং সরণীতে পূর্ণ ছিল।

রাজদ্রোহ মামলা

মাদারীপুর কংগ্রেস কমিটির সভাপতি শ্রীজগন্নাথ প্রসাদ সিংহের বিরুদ্ধে অভিযোগ হয় যে, চটকল ধর্ম্মঘটের সময় তীব্র [illegible] হয়, সেই সময় আসামী রাজদ্রোহমূলক ও ইংরাজগণের বিরুদ্ধে সাম্প্রদায়িক মনোমালিন্য সৃষ্টিকর বক্তৃতা দেন। তথায় অদ্যাপি শান্তি স্থাপিত হয় নাই। অতএব মিঃ সিংহকে জামীনে বাধা হউক। আসামী বলেন যে, ধর্ম্মঘট মিটমাট হইয়া গিয়াছে। শান্তি বিরাজ করিতেছে। কাজেই এই মামলা চলিতে পারে না। ম্যাজিষ্ট্রেট আসামীকে এক বৎসরের জন্য দুই হাজার টাকার মুচলেকা এবং এক হাজার টাকা হিসাবে দুইটি জামিন দিবার আদেশ দেন। জামিন ও মুচলেকা না দিলে এক বৎসর বিনাশ্রম কারাবাসের আদেশ হয়। হাইকোর্টে আপীল চলিতেছে।

মিশরে মাদক নিবারণ

মিঃ টমাস ওয়েণ্টওয়ার্থ রাসেল মিশরে রাসেল পাশা বলিয়া পরিচিত। তিনি কাইরো সহরের পুলিশের কর্ত্তা এবং মাদক বিভাগের পরিচালক। যাহাতে মিশরে মাদকদ্রব্যের ব্যবহার নিবারিত হয় রাসেল সাহেব তাহার জন্য প্রাণপণ চেষ্টা করিতেছেন; কারণ মহাযুদ্ধের পর হইতে নাকে টানিয়া অথবা ইন্‌জেকসন্ দিয়া মাদক দ্রব্য ব্যবহারের প্রথা অত্যন্ত বাড়িয়াছে; কারণ মদ ব্যবহার করিতেই হইবে, অথচ মুখের দ্বারা পান করা মুসলমান শাস্ত্রানুযায়ী নিষিদ্ধ।

পুলিশের কাজে বাধা

পুলিশের এসিষ্টেণ্ট সাব ইন্সপেক্টার মিঃ আমেদ কলিকাতা আমহার্ষ্ট ষ্ট্রীটে একজন কনষ্টেবল সহায়— ফেরেকওয়ালার গতিবিধি লক্ষ করিতেছিলেন। আবদুল তাহির ও অপর তিন ব্যক্তি তাঁহার কার্য্যে বাধা দেয়। [illegible] গোয়েন্দাগিরির পুলিশ আদালতে অভিযুক্ত হয়। ম্যাজিষ্ট্রেট একজনকে সাবধান করিয়া ছাড়িয়া দেন এবং অপর ফেরেকওয়ালার দশটাকা করিয়া জরিমানা করেন। অনাদায়ে ৭ দিনের সশ্রম কারাদণ্ড।

শ্রীধাম-মায়াপুর-নবদ্বীপ-প্রদর্শনীতে পক্ষাদির মিউজিয়াম

[illegible] হইতে "ও নম্বর এণ্ড কোং" নামক কোম্পানী শ্রীধাম-মায়াপুর-নবদ্বীপ-প্রদর্শনীতে বহু পক্ষি প্রদর্শনীর জন্য (যাহার মূল্য এক লক্ষ টাকা) পাঠাইয়াছেন। উহাতে [illegible] পক্ষ রহে। এরূপ পক্ষ এখন বেশী পাওয়া যায় না। [illegible] মূল্য অত্যন্ত বেশ। [illegible] ইহার পক্ষ অত্যন্ত ভক্তির সহিত গ্রহণ করেন।

আরও অনেক প্রকার সমুদ্র, মৎস্য, কিম্বা [illegible] এই মিউজিয়ামে আছে। ইহা প্রদর্শনীর মধ্যে একটি প্রধান দ্রষ্টব্য স্থান।

মোহিনী মিল্স

পাঠকগণ জানিয়া আনন্দিত হইবেন যে [illegible] লোক [illegible] কাপড়ের কারখানায় কাজ করিয়া জীবিকা অর্জ্জন করে। সেই দেশীয় সুপ্রসিদ্ধ মোহিনী মিল্সের ষ্টল শ্রীধাম-মায়াপুর-নবদ্বীপ-প্রদর্শনীতে অনেকে দর্শন করিতেছেন। মিল্সের নমুনা সকলেই বিনা মূল্যে পাইতেছেন। ষ্টলটি [illegible] ভাবে সাজান হইয়াছে।

একখুনে সাতের ফাঁসি

কলিকট হইতে সংবাদ এই যে সাতজন মাঝি মিলিয়া অপর একজন মাঝির গলা টিপিয়া তাহাকে হত্যা করিয়াছে। বিচারে জজ সাত জনেরই ফাঁসির আজ্ঞা দিয়া দেন।

প্রতিমা ভঙ্গ

[illegible] বন্দরে একটী সারোয়ারী সরস্বতী পূজা হয়। কে বা কাহারা অন্ধকারে প্রতিমার মুণ্ড ছেদ করিয়াছে। এই ব্যাপার লইয়া সেখানে আন্দোলন চলিতেছে।

অভিনব আবিষ্কার

ডেলি টেলিগ্রাফ, [illegible] কোম্পানী এবং [illegible] লিমিটেড মিলিত হইয়া বিজ্ঞান জগতে যুগান্তর আনয়ন করিয়াছেন। [illegible] ছবিতে খবর দেওয়া হইয়াছিল। [illegible] এই ব্যাপার প্রতিদিন চলিবে। [illegible] হইয়াছে।

অমিজ বৃক্ষ

[illegible] বৎসর বয়স্ক প্রাচীন বৃক্ষ। [illegible] মনে করেন। [illegible] কষ্ট বোধ হয়। এখন তাঁহার কোন কষ্ট হয়।

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়মঠ হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

১৭২৪ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইতেছে।

প্রত্যেক খণ্ড প্রথম নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৫।৵০ সাধারণ পক্ষে ২০৸৵০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।৵০।

দশম স্কন্ধের ভিক্ষা ১২৲, অগ্রিম সাধারণের পক্ষে ৮৲।

৬২ অধ্যায়পর্য্যন্ত একাদশ সংখ্যা ছাপা হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষার তৃতীয় সংস্করণ ৬৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন, তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০৲ টাকার এক বিরাট্ গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আখ্যাত

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫৲

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪৷৷০ টাকা

শ্রীধাম মায়াপুর নবদ্বীপ প্রদর্শনী উপলক্ষে

শ্রীচৈতন্যচরিতামৃত বিরাট চতুর্থ সংস্করণ	১০৲	স্থলে	৫৲
গীতমালা	৵১০	„	৵০
জৈবধর্ম্ম	২৲	„	১৷০
গৌড়ীয় কণ্ঠহার	২৲	„	১৷০
শ্রীমদ্ভগবদ্গীতা (চক্রবর্ত্তী) বাঁধাই	২৲	„	১৷০
ঐ „ আবাঁধা (সাধারণ কাগজ)	১৷০	„	১৲
প্রেমভক্তিচন্দ্রিকা	৵০	„	৩১০
নবদ্বীপ শতক	৵০	„	৩১০
চৈতন্যচন্দ্রামৃত (আবাঁধা)	৸০	„	৷০
হরিনামচিন্তামণি	৸০	„	৷০
মহাপ্রভুর শিক্ষা	৸০	„	৷০
শ্রীচৈতন্য শিক্ষামৃত	১৷০	„	১৲
শ্রীচৈতন্যমঙ্গল	২৷০	„	১৷০
শ্রীনবদ্বীপধামমাহাত্ম্য প্রমাণখণ্ড	৶০	„	৵১০
ভক্তিরত্নাকর বা নবদ্বীপপরিক্রমা	৶০	„	৵০
শ্রীচৈতন্যমতবোধ সংস্করণ	২৲	„	১৷০

গ্রাহকগণ সত্বর হউন, পরে আর এ সুযোগ পাইবেন না।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে জানেন না, তাঁহাদের শ্রীশ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার জন্য সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষা অপেক্ষাকৃত কম।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	৷০
একত্রে ৩ খণ্ড লইলে	১৲
সাধন পথ (শ্রীমহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	৷০
একত্রে ৩ খণ্ড লইলে	৷৹০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৶০
একত্রে ৩খণ্ড লইলে	৷০
গীতাবলী প্রতিখণ্ড	৵১০
একত্রে ৩ খণ্ড লইলে	৶১৫
শরণাগতি—প্রতিখণ্ড	৵০
একত্রে ৩খণ্ড লইলে	৶৫

প্রাপ্তিস্থান { শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী }

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীধামমায়াপুর, (নদীয়া)।
শ্রীগৌরগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংশন রোড্, কলিকাতা।
শ্রীপুরুষোত্তম মঠ,—গোবর্দ্ধনী, পুরী।
শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
শ্রীভাগবত মঠ,—চিরকুলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৩নং জগজ্জীবনপুরা, কাশী, ইউ, পি।
শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—চিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ পি।
১১ শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব।
১২ শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—১০নং নবাবপুর রোড্, ঢাকা।
১৩ শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।
১৪ শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাযোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।
১৫ শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—চুয়রকোলা, চিরকুণ্ডা পোঃ, মানভূম।
১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা।
১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ হনুমান্ রোড্, নিউদিল্লী

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকটও নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—৫৭ নং রেলরোড, খুলনা
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিভূষণ—দেওয়ানগঞ্জ, ইন্দ্রবিহারী কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামধন রায়—২৭।২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা
৪। মিঃ এস জি. মুখার্জ্জি—এম, এম. ইঞ্জিন দি মল, কানপুর।
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী বৌদ্ধ নন্দ—মহেশগঞ্জ, নদীয়া
৬। শ্রীরাধাবিনোদ দাস অধিকারী, নবদ্বীপ।
৭ শ্রীবিনোদমোহন দে—মদনমোহন লেন, নবাবপুর, ঢাকা।
৮। শ্রীগোপেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় বেলঘাটা, ২৪ পরগণা।
শ্রীপঞ্চানন চট্টোপাধ্যায় এ, এল এম, বারাসাত

শ্রীচৈতন্যমঠের প্রকাশিত গ্রন্থাবলী

শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী প্রভুপাদ লিখিত
ও প্রকাশিত গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী কাপড়ে বাঁধাই
স্বর্ণাক্ষর। চতুর্থ সংস্করণ। বিস্তৃত সূচী সহ

জৈবধর্ম

বাঁধাই ২৻ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

যাঁহারা বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর পান না, অথচ সব জানিবার ইচ্ছা রাখেন। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

অধ্যাপকের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টর বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রথম খণ্ড ভিক্ষা—১৻ এক টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও অনিত্য সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা যথার্থ ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম কি? বর্ণ, আশ্রম, নীতি, ধর্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য

ভিক্ষা ৷৵০

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৷৵০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নবটি দ্বীপ-সমন্বিত। এই নব দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৬০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

উজ্জ্বল রোমান্স কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উদ্গম হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শ্রীমনঃশিক্ষা

৷৵০

দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুর উপদেশাবলীতে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তগণের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে ব্যক্ত হইয়াছে। ইহা ব্যতীত শ্রীশ্রীমহাপ্রভুর উপদেশ শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে সন্নিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ!!
শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা ৵০ আনা

দেহ ও মনের চেষ্টা আমিত্বাদি লইয়া—জীব যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যানন্দ শ্রীভগবানের প্রতি তাঁহার কোন আত্মার আবেদনই প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্বান্তঃকরণে অকপটে কি প্রকারে শরণাগত হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্মসমর্পণমূলক গান। তৃতীয় সংস্করণ প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা প্রতি খণ্ড ৵০ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— ৵০, নবদ্বীপশতক— ৵০
অর্থপঞ্চক—৵০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা ৴১০

আমরা অজ্ঞতা দ্রুত অভাব ও কামনার বশবর্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তাহা যে নিত্য বা প্রকৃত কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন্ পথ আমাদের নিত্য কল্যাণপ্রদ এবং কি ভাবে আমরা সেই কল্যাণকে লাভ করিব, এই সকল কথা এই গ্রন্থে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিক কল্যাণের কল্পতরু, যদি প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদান করে।

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত অনুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচী, বিষয়সূচী প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয় সংবলিত প্রায় ৮২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট কাপড়ে বাঁধাই ২৻ দুই টাকা, কাগজে বাঁধা ১৸০

শ্রীবলদেব বিদ্যাভূষণ কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোনার জলে নাম লেখা রাজসংস্করণ ২৻ টাকা, সাধারণ সংস্করণ ১৸০, গৌড়ীয়ের গ্রাহকপক্ষে ১।০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি

(সাম্প্রদায়িক কোষগ্রন্থ)

বিষয়:—১। শ্রীকৃষ্ণের নাম ও অবতারের নাম, ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবাচার্য্যগণের চরিত, ৩। বিষ্ণুবৈষ্ণব-সম্বন্ধীয় শ্রীধামের ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও গ্রন্থসমূহের রচনা ও বিবরণ, ৫। বহু বিদেশের শব্দ ও শাস্ত্রীয় বাক্যমূলে ব্যাখ্যা তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ম খণ্ড ৷৵০, ২য় খণ্ড ৷৵০, ৩য় খণ্ড ৷৵০, ৪র্থ খণ্ড ৷৵০, চারিখণ্ড একত্রে ৩৻ (যে খণ্ড চাই)।

শ্রীভক্তিসন্দর্ভ—১ম খণ্ড ১৻ এক টাকা ২য় খণ্ড ১৻ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৸০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীজীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ষট্‌সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ কর্মায় ৬৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমন্মধ্বাচার্য্য সম্প্রদায়ভুক্ত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ৵০ মাত্র

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

মফঃস্বলের সুবিধার জন্য ৬ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় কোটবোতলের সমপরিমাণ ঔষধ ডাকে পাঠান হয়, তাহাতে উহাদের কোন পরিবর্তন হয় না। মূল্য প্রতি শিশি ৵০ আনা, পাইট ৷৵০ আনা, বোতল ১৷৵০ আনা।

আফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা।

আয়ুর্ব্বেদীয়

মদন মঞ্জরী

বটিকায় ধাতু ও স্নায়ুবিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, অকালে বার্দ্ধক্য, স্বপ্নদোষ, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি লক্ষণ সত্বর নিশ্চয় আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বড়ী ১৻ এক টাকা।

"অপূর্ব্ব লক্ষাদি ঘৃত"

পুরাতন বি বেশ বাহ্যপ্রয়োগে ব্যবহার করিয়া পরিতৃপ্ত হয়। মূল্য ২ তোলা ১৻ টাকা।

"রমণবিলাসিনী বটিকা"

বীর্য্যধারণ করত সর্ব্বাঙ্গে স্ফূর্তি ও পুষ্টি বর্দ্ধিত করে। মূল্য ১৬ বড়ী ১৻ এক টাকা।

বাবুরাম আয়ুর্ব্বেদীয় ঔষধালয়, কেশবচন্দ্র
১৭০নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের ঢাকাই বাদাম তৈল

স্বাদ ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্বজন পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা সর্বসাধারণকে জানাইতেছি, বাজার তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নতুবা প্রতারিত হইবেন।

বিনীত জে, বি, দত্ত

ফেরাস কুইনিন

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উৎকৃষ্ট লৌহ, আর্সেনিক, স্ট্রিকনিন, কুইনিন, আরো অনেক ঔষধ আছে।

এই ঔষধ ব্যবহারে সকল প্রকার জ্বর নিবারণ হয়। একটি ক্ষুদ্র শিশি সেবনে ম্যালেরিয়া জ্বর নষ্ট করে এবং শরীরে বল দেয়। [illegible]

প্রাপ্তিস্থান শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (পোঃ নবদ্বীপ) নদীয়া।

পর-বিদ্যাপীঠ

(প্রাচীন নবদ্বীপ শ্রীমায়াপুর শ্রীচৈতন্যমঠ)

এখানে আহার এবং বাসস্থান দিয়া শিক্ষার্থিগণকে বিভিন্ন শিক্ষণীয় বিষয় শিক্ষা দিবার ব্যবস্থা করা হইয়াছে। অনেক ছাত্র ইতোমধ্যেই আসিয়া পাঠ আরম্ভ করিয়াছেন। বর্ত্তমান বর্ষে সকল ছাত্রই গবর্ণমেণ্ট সংস্কৃত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

প্রধান অধ্যাপক—পণ্ডিত শ্রীযুক্ত শচীশচন্দ্র কাব্য-ব্যাকরণ-সাংখ্য-বেদান্ত-ষড়্দর্শন-তীর্থ, সাংখ্যভূষণ, বেদান্তরত্ন, সাহিত্যশাস্ত্রী, সুদর্শনাচার্য্যপতি।

অধ্যাপক—পণ্ডিত শ্রীযুক্ত গৌরদাস ব্রহ্মচারী ব্যাকরণতীর্থ

শ্রীধাম মায়াপুর পরবিদ্যাপীঠ, (নদীয়া)

বেদনাঞ্জন

শ্রেষ্ঠরত্ন।

কলিকাতা কংগ্রেস একজিবিসন হইতে বহু প্রশংসা প্রাপ্ত ও বহু গণ্যমান্য ভদ্রমহোদয়গণ কর্ত্তৃক প্রশংসিত।

আজকাল বাজার-চলন মিশ্রিত ও বিষাক্ত আহার্য্য সেবনে শরীরের রক্ত স্বতঃই দোষিত হইয়া পড়িতেছে। রক্তই মানব-দেহের শ্রেষ্ঠ উপাদান, সেই রক্ত দোষিত হওয়ার সঙ্গে সঙ্গেই মানব বাত, বেদনা, মাথাধরা, মাথা-ঘোরা, দৃষ্টিশক্তির হ্রাস, দাঁতের গোড়া ফুলা, দাঁত কনকনানি, দাঁতে পোকা এবং দাদ, চুলকানি প্রভৃতি কষ্টদায়ক চর্ম্মরোগে আক্রান্ত হইতেছে। যদি আপনি একেবারে ব্যাধিমুক্ত হইতে চান, তাহা হইলে অযথা পয়সার অপব্যয় না করিয়া অল্প ব্যয়ে এক শিশি বেদনাঞ্জন ক্রয় করিয়া ইহার আশ্চর্য্য-শক্তি উপলব্ধি করুন। গুণের তুলনায় মূল্য অত্যল্পমাত্র, এক শিশি ৷৵০ আনা মাত্র মাশুলাদি স্বতন্ত্র

প্রাপ্তিস্থান—এ, সি, চাটার্জ্জী এণ্ড ব্রাদার্স।

৬৫নং ক্লাইভ ষ্ট্রীট লেন, কলিকাতা।

সকল মনিহারী দোকানে ও বড় বড় ডাক্তার খানায় পাওয়া যায়।

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাঁহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ, স্বপ্নদোষ, স্নায়বিক দুর্ব্বলতা, বহুমূত্র, অম্বল, পাকস্থলীর পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদের মধ্যে যাহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, হিষ্টিরিয়া, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাস সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত শত প্রমাণ প্রত্যহ আমরাই পাইতেছি। যাঁহারা অন্যান্য নানাবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটি ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী শিশি ঔষধ ডাকমাশুল সহ ২॥০ টাকা মাত্র।

সোল এজেণ্ট—ডাঃ ভি, ডি, হাজরা।

জগৎপুর, গঙ্গোত্রিট পোষ্ট, কালনা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ. এফ.সি.এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্ব্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়

মকরধ্বজ (স্বর্ণসিন্দূর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।

নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাশি, সর্দ্দি, যক্ষ্মা, ক্ষয়রোগ, জ্বররোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্ব্বলতা নাশক অদ্বিতীয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, শুক্রতারল্য, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত স্ত্রীরোগ রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

বিশুদ্ধ জল! ভয় নাই! বিশুদ্ধ জল!!

লক্ষ্মী টিউব-ওয়েল কোং

২০৫নং নবাবপুর, ঢাকা

বর্ত্তমান-যুগের নব আবিষ্কৃত যন্ত্রপাতি দ্বারা উন্নত বৈজ্ঞানিক-খনন-প্রণালীতে নলকূপ (Tube-well) নির্ম্মাণ করা হয়। বঙ্গের লাট বাহাদুর, প্রাইভেট সেক্রেটারী, ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট, জিলা-বোর্ডের চেয়ারম্যান, ইঞ্জিনিয়ার, জমিদার, তালুকদার, প্রভৃতি সম্ভ্রান্ত ভদ্রমহোদয়গণ এই কোম্পানীর কার্য্য দেখিয়া প্রশংসা করিয়াছেন। রাসায়নিক পরীক্ষায় জল বিশুদ্ধ না হইলে মূল্য গৃহীত হয় না। বিস্তৃত বিবরণের জন্য পত্র লিখুন

বিজ্ঞাপিত কেন?

সাধারণের হিতার্থে, মানবের দুঃখ না ঘটিতে পারে তাহার জন্য ইতিপূর্ব্বে সর্ব্বজনপ্রিয় "কামশাস্ত্র" গ্রন্থখানি যাঁহারা পাঠ করেন নাই, তিনি আবেদন করুন বিনামূল্যে প্রাপ্ত হউন। ইহা পাঠে উপকৃত হইয়া ৭৫০০০ হাজার লোক কৃতজ্ঞ হইয়াছেন। প্রায় ৫০ বৎসরের পরীক্ষিত, গুক্রতারল্য, স্বপ্নদোষ ইত্যাদির যম "অব্যর্থ-নিগ্রহ বটিকা" প্রতি কৌটার মূল্য ১৲ টাকা। প্রাপ্তিস্থান—আতঙ্ক নিগ্রহ ঔষধালয়, ২১৪ নং বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

মনোমোহন প্রেস

৯০নং নবাবপুর, ঢাকা

পূর্ব্ব-বাঙ্গালায় সুলভে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত বৈদ্যুতিক মেশিনে দিবারাত্রি কাজ চলিতেছে। বিস্তৃত জানিতে হইলে বিধ ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

৯০নং নবাবপুর, ঢাকা।

শ্রীমায়াপুর দীপ-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে—শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

স্থায়ী সংস্করণ Registered No. C 1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি লাইন ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩॥০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র মঙ্গল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

মাশুলের হার
অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৴৫

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [৩ সংখ্যা

শ্রীচৈতন্য মঠ: শ্রীধাম মায়াপুর—১৯শে ফাল্গুন সোমবার ১৩৩৬ ৩রা মার্চ্চ ১৯৩০

শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীমদ্ভাগবত—শ্লোক সূচী, শব্দ-সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত। ভিক্ষা, প্রতি খণ্ড সাধারণ পক্ষে ।৶০ গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৵০

১। ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৪র্থ সংস্করণ) ৫৲
৩। গৌড়ীয়-গৌরব ৶০
৪। গৌড়ীয়-পঞ্জিকা ।০
৫। ভজনরহস্য ॥০
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
" " " আবাঁধা ৸০
৭। গীতা (শ্রীবলদেবভাষ্যসহ) বাঁধা ২৲ আবাঁধা ১॥০
৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲ আবাঁধা ১॥০
গীতার কেবল মূল-গ্রন্থ ॥০
৯। [illegible] (বাঙ্গ) ২৲
১০। [illegible] মাহাত্ম্য (মায়াপুরীয়) ॥০
১১। জৈবধর্ম্ম ২৲
১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১৪। প্রেমবিবর্ত (তৃতীয় সংস্করণ) ৸৵০
১৫। দীপ-নিবেদন ৵০
১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ।৶০
১৭। আচার ও আচার্য্য ।
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৶০
২০। শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য ৶০
২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৶০
২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ [illegible]
২৩। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা-দর্পণ ।০
২৪। শরণাগতি, গীতাবলী, সাধনকণ, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্থপঞ্চক ও সদাচারস্মৃতিঃ মোট ৶০
২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও অর্চ্চনকণ ।০
২৬। সাধককণ্ঠমণি ।০
২৭। সংস্কার-দীপিকা ।০
২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲
২৯। ব্রহ্মসংহিতা ॥০
৩০। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ৸০
৩১। মণিমঞ্জরী [illegible] ।০
৩২। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৩৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট, দ্বিতীয় সংস্করণ ৫৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীধাম মায়াপুর, নদীয়া

অপূর্ব্ব সুযোগ অপূর্ব্ব-সুযোগ!

শ্রীধাম মায়াপুর প্রদর্শনী

ছায়াচিত্রযোগে বক্তৃতা

বিষয়—সনাতনধর্ম্ম

বক্তা—বাগ্মীপ্রবর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় বনমহারাজ

সকলেই যোগদান করুন

নানা কথা

ভীষণ দস্যুভীতি

নাকাশীপাড়া ১৪।১০।৪৬

গত ১০ই মাঘ তারিখে রাত্রি আন্দাজ ১২।০ টার সময় নাকাশীপাড়ানিবাসী শ্রীজিতেন্দ্রনাথ মিত্র রায় মহাশয়ের বাটীতে এক ভয়াবহ কাণ্ড হইয়া গিয়াছে। ঐ সময় সহসা উক্ত বাটী হইতে পূর্ণানন্দ বাবু ভীষণ চীৎকার করিয়া বলিয়া উঠেন 'কে কোথা আছ শীঘ্র এস' আমাদের মারিয়া ফেলল। ঐ চীৎকারে স্থানীয় অধিবাসিগণ এবং কাছারি বাটীর বরকন্দাজগণ স্থানীয় শ্রীযুক্ত ভোলানাথ মিত্রজায় মহাশয়ের নেতৃত্বে ঐ বাটীর দিকে ছুটিয়া যান এবং বাটীর নিকটে উপস্থিত হইয়া শ্রীযুক্ত ভোলানাথ বাবু বন্দুকের ফাঁকা আওয়াজ করেন ও লোকজন বাড়ী বেষ্টন করিয়া ফেলেন। তখন বাটীর ভিতর হইতে পূর্ণানন্দ বাবু অতি সন্ত্রস্তভাবে আসিয়া দ্বার খুলিয়া দেন। ভোলানাথবাবু লোকজন সহ বাটীর ভিতর প্রবেশ করেন, তাঁহারা ভিতরে দোতালার উপরে দেখিতে পান যে একটী ঘরের দুয়ারে আগুন লাগাইয়া ঘরের ভিতরে পুড়াইয়া দিয়াছে, লোকজন তখন আগুন নিভাইয়া দেন কিন্তু ভিতরে কোন লোকজন দেখিতে পান নাই। পুলিশে খবর দেওয়া হইয়াছে। ঠিক এই ঘটনার কয়েক দিন পূর্বে স্থানীয় মুন্সীপাড়া গ্রামে একটী ভদ্রলোকের বাটীতে কয়েকজন প্রবেশপূর্বক প্রায় ৫০০ শত টাকা লইয়া গিয়াছে। এখনও লোক ধরা পড়ে নাই। গত বৎসরও ঠিক এই সময়ে স্থানীয় এক ভদ্রলোকের বাটীতে ভীষণ ডাকাতি হইয়াছিল কিন্তু সুখের বিষয় সে সময় বন্দুকের [illegible] ফলেই সব পরিয়াছিল। এবং তাহাদের বাধাও দেওয়া গিয়াছে। উক্ত ডাকাতদের ধরিবার ব্যাপারেও উক্ত ভোলানাথ বাবু বিশেষ সাহসিকতার পরিচয় দিয়া পুলিশকে যথেষ্ট সাহায্য করিয়াছিলেন। ফলে উক্ত এক সমস্ত ব্যাপারে স্থানীয় অধিবাসীরা বিশেষ সন্ত্রস্তভাবে কালযাপন করিতেছেন, সাধারণের অনুরোধে ভোলানাথ বাবু স্থানীয় ভদ্রলোকদের লইয়া একটি ডিফেন্স পার্টি গঠন করিবার মনস্থ করিয়াছেন। তাঁহার এই সৎসাহসিকতার জন্য স্থানীয় অধিবাসীরা সকলেই তাঁহার প্রশংসা ও মঙ্গল কামনা করিতেছে।

ফ্রান্সে গোলযোগ

প্যারিস হইতে সংবাদ এই যে [illegible] এর ক্যাবিনেট গভর্ণমেণ্ট পদত্যাগ দিয়াছেন। এই গভর্ণমেণ্ট মাত্র চার মাস স্থায়ী হইয়াছিল। [illegible] এই অবস্থায় এ ঘটনা ঘটিল।

পাঁচ শত কোটী টাকা ক্ষতি

বোম্বাইয়ের কাপড়ব্যবসায়ীদের ভোজে বোম্বাইয়ের গভর্ণর স্যার [illegible] বক্তৃতা প্রসঙ্গে বলেন যে ভারতের উৎপাদিকাশক্তির পুনর্গঠন না হওয়ায় গত ৩০ বৎসরে যাহা আয় হওয়া উচিত ছিল তাহা অপেক্ষা পাঁচশত কোটী টাকা আয় কম হইয়াছে।

তিনি বলেন যে দুইটি বিষয় বিবেচ্য আছে। তাহার মীমাংসা করিলে তবে ভারতের অর্থনীতি সমস্যার ব্যাপারের নিষ্পত্তি বুঝা যাইবে। প্রথমতঃ, যদি কোন রক্ষণ-নীতি অবলম্বন করিবার পূর্বে বিবেচ্য এই যে রক্ষণনীতি অবলম্বন না করিয়াও দেশ নিজের পায়ের উপর দাঁড়াইতে পারে কিনা। যদি দেশে রক্ষণ-নীতি অবলম্বন করা হয় এই হয় যে বেশী দাম দিয়া জিনিষ কিনিতে হয়, অথচ অনুপযুক্ত শিল্পের আয় যোগাইতে হয় তাহা হইলে বেশী দাম দেওয়ার লাভ হইবে, বেশী লোকের অন্ন সংস্থান হইবে না।

দ্বিতীয়তঃ ভারত কৃষি-প্রধান দেশ বটে, কিন্তু তাহাতে ক্ষতি নাই। ভারতের উৎপাদিকা শক্তির পূর্ণ সদ্ব্যবহার করা হয় না—ইহাই দুঃখের বিষয়।

মিথ্যা সাক্ষ্য

লিলুয়ার ধর্মঘট সম্পর্কে মিথ্যা সাক্ষ্য দেওয়ার অভিযোগে হাওড়ার সেসন জজের আদালতে হাওড়ার ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে সেবার ইউনিয়নের সহকারী সম্পাদক শান্তিরাম মণ্ডল অভিযুক্ত হন। জজ এবং জুরি সকলে একমত হইয়া শান্তিরাম মণ্ডলকে নির্দোষ সাব্যস্ত করেন। সরকার হইতে হাইকোর্টে আপীল হয়। হাইকোর্টের জজ [illegible] এবং প্যাটারসন আসামীকে দোষী সাব্যস্ত করিয়া পাঁচ বৎসর সশ্রম কারাদণ্ডের আদেশ দান করেন।

ট্যাক্সিতে গোলযোগ

কয়েকজন সাহেব একটী হোটেল হইতে শিয়ালদহ ষ্টেশন যাইবার জন্য একটী ট্যাক্সি মোটর ভাড়া করে। গাড়ীচালক মোটরটি কোথায় পার হইয়া যাইতে চাহেন না। সাহেবেরা নামিয়া পড়ায় যে ঝগড়া আরম্ভ হয়। এই সময় অনেক ট্যাক্সি চালক আসিয়া সাহেবদিগকে ভয় দেখায়। সাহেবেরা ভীত হইয়া মিঃ বি, সি, রায়ের বাটীতে আশ্রয় গ্রহণ করে। পরে পুলিশ আসিয়া তাহাদিগকে নিরাপদে যথাস্থানে পৌঁছাইয়া দেয়। একজন চালককে চালান দেওয়া হইয়াছে। অপর সকলে পুলিশ দেখিয়া পলায়ন করে।

গো-বৈঠক

"ইংরাজ বড় ভাল মানুষ। গো-বৈঠকে এ কথা বলিতেছে ইংরাজ কাহাকেও সমস্ত দিতেছেন। ইহাতে গভর্ণমেণ্ট দুগ্ধবতীর পারদর্শিতা দিয়েছেন। ইংরাজ এক-মাত্র জাতি যাঁহারা নিজ গো-ধন বাঁচাইয়াছেন; অন্যান্য ও নিজ গো-ধন বাড়াইবার চেষ্টা করিতেছেন।" [illegible] বলিয়া গো-বৈঠকে গো-জাতির অভিবৃদ্ধির কথা সম্বন্ধে সমালোচনা করিয়াছেন। তিনি আরও বলেন এই গভর্ণমেণ্ট যাহা শেষ পর্যন্ত উপযুক্ত বিবেচনা করে ত তাহা করিতেই হইবে। এই জন্য গো-ব্যাপারের বিশেষজ্ঞদিগের নিকট পরামর্শ লওয়া আবশ্যক।

১৫২০০০ চুরি

[illegible] মিত্র নামক ব্যাঙ্কের কর্মচারীর হাত হইতে ইম্পিরিয়াল ব্যাঙ্কের ১৫২০০০ টাকার নোট চুরি করিয়া পলাইয়াছে। [illegible] একজন ব্যক্তি [illegible] নোট [illegible] পলায়ন করে। [illegible] পুলিশ তদন্ত করিতেছেন।

শ্রীধাম-মায়াপুর-নবদ্বীপ-প্রদর্শনীতে শ্রীযুক্ত ননীগোপাল মুখোপাধ্যায়

শ্রীযুক্ত ননীগোপাল মুখোপাধ্যায় সরকারি কৃষি-বিভাগের উপযুক্ত ডেমনষ্ট্রেটর। তিনি বিশেষ দক্ষতার সহিত গভর্ণমেণ্ট হইতে প্রদত্ত বীজ, সার, সবজি, বাগান, যন্ত্র এবং অন্যান্য দ্রব্য সম্বন্ধে জ্ঞানগর্ভ বক্তৃতায় দর্শকবৃন্দের মন আকৃষ্ট করিয়াছেন। প্রদর্শনীতে পাঠাইবার জন্য এইরূপ উপযুক্ত কর্মচারীর বিশেষ আবশ্যক এবং উক্ত বিভাগের উচ্চতম কর্মচারীবৃন্দের এই শ্রেণীর ডেমনষ্ট্রেটরদিগের প্রতি লক্ষ রাখা প্রয়োজন ইহাই সাধারণের মত।

ফাঁসি

হাফিজ নামক এক ব্যক্তি বি, এন, রেলওয়ের [illegible] এক্তার নামক এক ব্যক্তিকে হত্যা করার জন্য অভিযুক্ত হয়। তাহার উপর ফাঁসির হুকুম হয়। হাইকোর্ট ফাঁসির হুকুম বহাল রাখিয়া বলিয়াছেন যে, যদিও কেহ এই হত্যা স্বচক্ষে দেখে নাই, তথাপি অবস্থা-ঘটিত প্রমাণ এমন স্পষ্ট যে চাক্ষুষ প্রমাণ ইহা অপেক্ষা বিশ্বস্ত হইতে পারে না। আসামীর প্রতি দয়া প্রকাশ করিবার কোন কারণ নাই।

মন্দির সমস্যা

দিগম্বরী জৈন ও শ্বেতাম্বরী জৈনদিগের মধ্যে পাওয়াপুরীর "মন্দির" লইয়া বিবাদ বাঁধিয়াছে। শ্বেতাম্বরী জৈনগণ বলেন যে, তাঁহারা মন্দির প্রস্তুত করাইয়াছেন এবং মন্দির তাঁহাদিগের তত্ত্বাবধানে থাকায় এই মন্দিরে অন্য কাহারও অধিকার নাই। দিগম্বরী জৈনদিগের পক্ষে [illegible] বলেন যে, তাঁহার সম্প্রদায়েরও এই মন্দিরে পূজা করিবার অধিকার আছে। পাটনার সবজজ আদালতে মোকদ্দমা চলিতেছে। জৈনদিগের শেষ অবতার এই মন্দিরে দেহ ত্যাগ করেন বলিয়া প্রকাশ।

শান্তি-বৈঠক

লীগ অব নেশন্স কমিটি লীগ কভেনেণ্টের ধারা সম্বন্ধে পরিবর্তন করিতে চাহেন। শর্তটি এই যে দুই জাতি পরস্পর যুদ্ধে প্রবৃত্ত হইবার পূর্বে সালিশীর চেষ্টা চলিবে। যদি সালিশ মনোমত না হয় তাহা হইলে সালিশের রায় বাহির হইবার তিন মাস পরে যুদ্ধ আরম্ভ হইতে পারিবে। এই সর্তের স্থানে এইরূপ করিবার চেষ্টা চলিতেছে:— সালিশের রায় বাহির হইবার পর কোন মতেই যুদ্ধ আরম্ভ করিতে পারিবে না। এইরূপ হইলেই শান্তি প্যাক্টের সহিত সমতা মিলিয়া যাইবে।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

১৯শে ফাল্গুন সোমবার—১৩৩৮

শ্রেয়ঃকথা

পরমার্থীসূত্রে হিংস্র হইয়াও যাঁহারা অদ্যাপি মহাপ্রভুর আচার-প্রচার-লীলা-বৈশিষ্ট্য আলোচনা করিবার সৌভাগ্য বরণ করেন নাই, তাঁহারা পরমার্থ বিষয়ে যে কিছুই জানিতে পারিতেছেন না, ইহা বলাই বাহুল্য। মহাপ্রভুর শিক্ষা আলোচনা না করিয়া যাঁহারা মহাপ্রভুর অনুগত বলিয়া পরিচয়-প্রদানকারী কতকগুলি বেষধারি-সম্প্রদায় দর্শনীয় ব্যভিচার-পরায়ণতা দর্শনে মহাপ্রভু-পরিত্যক্ত ধর্ম সম্বন্ধে কটাক্ষপাত করিতেছেন না তাহা দেখিলেন, কালবিশেষে ও পাত্রবিশেষের মধ্যে অনেক স্থানে তাহাকে শিক্ষা প্রদর্শন করিতেছেন, তাঁহাদের তাদৃশ বুদ্ধির কিছু মাত্র প্রশংসা করা যায় না, বরং তাঁহাদের দূরদর্শনের অত্যন্ত অভাব বলিতে পারা যায়।

ব্যভিচার-পরায়ণ বৈষ্ণবব্রুব-কলঙ্কগণকে দেখিয়া বৈষ্ণব-ধর্মের প্রতি কটাক্ষ-প্রকাশ অদূরদর্শী এক শ্রেণীর শিক্ষাভিমানীর একটা মহোৎ আক্ষেপের বিষয় হইয়াছে। তাঁহারা মহাপ্রভুর শুদ্ধভক্তি-সিদ্ধান্তবিৎ কোন প্রকৃত সাধু মহাজনের নিকট মহাপ্রভুর কোন কথা শুনিবার অবসর পান নাই, অশিক্ষিত অথবা শিক্ষাভিমানী হইলেও গৌর-বিরোধ সদাচার-ভ্রষ্ট নাম, মন্ত্র, বিগ্রহ ও ভাগবত-ব্যবসায়ী বৈষ্ণবব্রুবগণের নিকট সিদ্ধান্ত-বিরোধ ও রসাভাস দোষ-দুষ্ট বিচার শ্রবণ পূর্বক গৌড়ীয় বৈষ্ণব সম্বন্ধে এক একটি বিপরীত ধারণা লইয়া আছেন। আমরা তাঁহাদিগকে তাদৃশ ভ্রান্ত ধারণা দূর করিয়া নিরপেক্ষভাবে সত্যানুসন্ধিৎসু হইবার জন্য অনুরোধ করিতেছি। হঠাৎ কোন বিষয়ে মতামত প্রকাশ করা বা কোন সিদ্ধান্তে উপনীত হওয়া বা নিজের খণ্ড বুদ্ধিতে যথাসর্বস্ব জ্ঞান করা কখনই বুদ্ধিমত্তার পরিচয় নহে। বঙ্গদেশবাসী হইয়াও বঙ্গের গৌরব, নিখিল বিশ্ব-ব্রহ্মাণ্ডের গৌরব শ্রীকৃষ্ণচৈতন্যদেবের শিক্ষা আলোচনা না করা বাঙ্গালীর পক্ষে কতটা কৃতিত্বের পরিচয়, তাহা বিজ্ঞগণই অনুধাবন করুন।

অধিক দিনের কথা নহে, মাত্র ৪৪৬ বৎসর পূর্বে যে মহাপ্রভু অজ্ঞাত ফাল্গুনী পূর্ণিমায় এই বঙ্গদেশের নবদ্বীপধামে বাঙ্গালীর বেশে অবতীর্ণ হইয়া প্রেম-বন্যায় জগৎ প্লাবিত করিয়াছেন, হিন্দু মুসলমান, খৃষ্টান প্রভৃতি অপরাপর-বিভিন্ন ধর্মাবলম্বী সমস্ত জাতিই একদিন যাঁহার শ্রীমুখ-নিঃসৃত নাম গান শ্রবণে মুগ্ধ হইয়া 'জয় গৌর নিত্যানন্দ' বলিয়া উদ্দণ্ড নৃত্য করিয়াছে, মহাপ্রভুর যে লীলা দর্শন করিয়া কোন ভক্ত কবি গাহিয়াছেন—'চণ্ডালে ব্রাহ্মণে, করে কোলাকুলি, কবে বা ছিল এ রঙ্গ', সার্থের প্রবল শাসন, বর্ণাচারিগণের মধ্যে পরস্পরের মত-ভেদ-জন্য ঘোর কলহ, রাষ্ট্রবিপ্লব, গৃহ-বিবাদ প্রভৃতি অশান্তির মধ্যেও যে মহাপ্রভুর প্রেমময়ী বাণী একদিন সমস্ত জগতে শান্তি আনয়ন করিয়াছিল, অতএব পাপাচারী পাষণ্ডী পর্যন্তও যে মহাপ্রভুর কৃপালাভে বঞ্চিত হয় নাই, যে মহাপ্রভুর প্রেম-প্রদান-লীলার কথা তাঁহার অন্তরঙ্গ পার্ষদ কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু গাহিয়াছেন—

"হেন প্রেম শ্রীচৈতন্য দিলা যথা তথা।
জগাই মাধাই পর্যন্ত অন্যের কা কথা॥
স্বতন্ত্র ঈশ্বর প্রেম—নিগূঢ় ভাণ্ডার।
বিলাইল যারে তারে না কৈল বিচার॥
অদ্যাপিহ দেখ চৈতন্য-নাম যেই লয়।
কৃষ্ণ-প্রেমে পুলকাশ্রু বিহ্বল সে হয়॥
'নিত্যানন্দ' বলিতে হয় কৃষ্ণপ্রেমোদয়।
আউলায় সকল অঙ্গ, অশ্রু-গঙ্গা বয়॥"

—সেই মহাবদান্য অবতারশিরোমণি শ্রীমহাপ্রভুর কথা শ্রবণে আজ জগতের লোক বিমুখ, মহাপ্রভুর কথাকে উপহাস করিবার জন্য ব্যস্ত, তাঁহার কথা ভুলিতে প্রাকৃত সহজিয়াগণের মত-স্বরূপে গ্রহণ করিতে প্রস্তুত? অহো! ইহা অপেক্ষা ভারতের দুর্দিন আর কি হইতে পারে! ভারত আজ অন্নাভাবে-বস্ত্রাভাবে জল-ঔষধ-পথ্যাদির জন্য হাহাকার করিয়া মরিতেছে, কবিগণ তাহাদিগকে অভয় দিতেছে; কিন্তু হায়, সে অভয় কত ক্ষণের জন্য? এক অভাব দূর করিতে না করিতে শত শত অভাব অসুবিধা আসিয়া লোকসকলকে গ্রাস করিতেছে, যিনি যেই অভাব অসুবিধা দূর করিতে যাইতেছেন, তিনি নিজেই অভাব-গ্রস্ত হইয়া হাহাকার করিতেছেন। একেবারে কে কাহার অভাব দূর করিবে? এক অভাবগ্রস্ত কি অন্য অভাবগ্রস্তের অভাব-মোচনে সমর্থ হয়? ওঁ মূঢ় মানব! তোমরা আজ মহাপ্রভুর কথা না শুনিয়া যে কি মহা অনর্থ বরণ করিতে চাহিতেছ, তাহা কি একবারও ভাবিবে না? বৃক্ষের মূল দেশে জল সিঞ্চন না করিয়া শাখা-পল্লবে জলসিঞ্চনের পরিশ্রম কি ব্যর্থ হইবে না? ভগবদ্বহির্মুখতাই যে সকল অসুবিধার মূল, সেই অসুবিধা দূর না করিলে যে বাস্তব নিত্যশান্তি পাইবার উপায় নাই, অনর্থনিবৃত্তির জন্য শান্তির দূতরূপে গৌরসুন্দর কৃপা করিয়া পরমমুহূর্তেই অনর্থ অশান্তির মধ্যে নিমজ্জিত করে, মহাপ্রভু এই কথাই বলিবার জন্য তোমাদের নিকট অবতীর্ণ হইয়াছিলেন। 'জীব কৃষ্ণভজন কর, কৃষ্ণভজন কর, কৃষ্ণনাম-সংকীর্তন তোমার একমাত্র ভজন, তাহাতেই তোমার সর্বানর্থনিবৃত্তি, অনর্থনিবৃত্তির অন্যান্য পন্থা বৃথা পরিশ্রম মাত্র'—ইহাই মহাপ্রভুর শিক্ষা, তাঁহাতে বিশ্বাস স্থাপন না করিতে পারিলে মানব-জাতির মঙ্গল নাই—মানবের অভাব অভিযোগ ঘুচিবার নহে।

শ্রীঋষভদেব-কথা

যখন এই দেশের নাম অজনাভ ছিল তখন এই ভগবান্ শ্রীঋষভদেব রূপে অবতীর্ণ হইয়াছিলেন। জগৎস্রষ্টা যেকালে জগতে অবতরণ করেন, সেকালে জগতে এক সুসময় উপস্থিত হয়। নিজ প্রভুকে লাভ করিয়া ধরিত্রীদেবীর বিশেষতঃ বর্ষকে বিরাজিত বৈষ্ণবগণের আনন্দের ত অবধি থাকে না। জীবের যে ভগবদ্বিমুখতা সম্বন্ধে পরদুঃখদুঃখী সাধুগণ প্রভুর চরণে কতভাবে না জীবোদ্ধারের জন্য আবেদন করিয়াছিলেন, সেই বিপদ নিরস্ত করিবার জন্য আগত হইলেন আজ সুযোগ পাইয়া ভগবান্ স্বয়ং তৎক্ষণাৎ আবির্ভূত হইয়া পড়েন।

অজনাভের নাভি, মেরুদেবীর সহিত নিজের পুত্রকামী না হইয়া সন্তানহীন, সপত্নীক শ্রীভগবান্‌কে পুত্ররূপে লাভ করিবার আশায় একাগ্রচিত্তে যজ্ঞ দ্বারা উপাসনায় প্রবৃত্ত হন। যজ্ঞেশ্বর যজ্ঞে সন্তুষ্ট হন জানিয়া বিশুদ্ধচিত্ত ঋত্বিক্‌গণ শ্রদ্ধাপূর্বক বিবিধ উপচারে যজ্ঞানুষ্ঠান করিয়াছিলেন। স্বতন্ত্র ভগবান্ ক্রিয়াদিগম্য না হইলেও ভাগবতবৎসলতায় বাধ্য হইয়া নিজজনের আচরিত মনোরমাঙ্গ অবয়ব প্রকট করিলেন।

ভক্তের প্রার্থনায় ভক্তপ্রাণ ভগবান্ আবির্ভূত হইলেন বটে, কিন্তু তাঁহাকে আনিতে পারিল কে? লীলাময় ভগবানের জন্ম হইতে জন্ম-গ্রহণ-লীলায় বিমুগ্ধ হন এবং উভয়ের কারণ সমস্যা বর্তমান। সমগ্র ভগবান্ অন্তরঙ্গগণের নিকট লুকাইবার চেষ্টা করিলেও তাঁহার সেই বিক্রমটী অন্তরঙ্গের নিকট পরাভূত হয়। তাই ভক্ত অনুগত জনগণ প্রাকৃত শিশুরূপে আগত প্রাকৃত-গৃহে প্রকৃতি করিলেও না দেখিয়া অপ্রাকৃত ভগবৎ-স্বরূপ-বিগ্রহই দেখিলেন।

সমগ্র ঐশ্বর্য, সমগ্র বীর্য, সমগ্র যশঃ, সমগ্র শ্রী এবং সমগ্র জ্ঞান-বৈরাগ্যের আশ্রয় ভগবৎস্বরূপটিকে পুত্ররূপে পরিদর্শন করিয়া পিতা নাভি, সমলোক-পিতার ন্যায় অত্যন্ত হাসিয়াছিলেন।

অচিন্ত্যশক্তিমান্ ভগবান্ কোন প্রাকৃতিক বিধির বাধ্য নন। তিনি ইচ্ছা করিলে সমস্ত বৈকুণ্ঠের অন্যান্যে বিশ্বরূপে এই জগতে প্রকাশ করিতে পারেন অথবা সমস্ত জড়কে পরিবর্তন করিয়া চিৎস্বরূপ প্রদান করিতে পারেন। সুতরাং সেই ভগবানের সচ্চিদানন্দ-বিগ্রহ যে সমস্ত মায়িক সম্বন্ধহীন এবং প্রপঞ্চে উদিত হইয়াও যে পূর্ণ শুদ্ধ থাকে তাহা নিত্যসিদ্ধ-কৃপালব্ধ জীবের নিকট সন্দেহের কারণ না হইলেও ভগবানের অঘটন-ঘটন-পটীয়সী মায়াদেবীর কৃপাপ্রাপ্ত মানব, শুধু মানব কেন চতুর্দশ ভুবনের সকলেরই নিকট সন্দেহজাল আনয়ন করে। এই নিত্যদেবসেবার প্রতিষ্ঠা হইল। তিনি ভগবান্ ঋষভদেবের শ্রেষ্ঠ বলে অনুপ্রাণিত হইয়া পড়িলেন। যাহার নামেই তিনি সর্ব কার্যে পটুতা লাভ করিয়াছেন, সেই পবিত্রাত্মা পুত্রের প্রতি স্বপ্রভাব দেখাইবার জন্য তাঁহার নামকরণ ঋষভ করিলেন। সম্পত্তির ঋষভদেব ভর্তিকে মিত্রভাবের সহিত কথা না করিয়া এই বর্ষের নাম অজনাভ রাখিয়া স্বয়ং পরিবর্তন করেন।

শ্রীঋষভদেবের আগমনে একদিকে দেবরাজ ইন্দ্র যেমন ঈর্ষা অভিমানের অবতার আনন্দ হইয়া হইলেন, অপর দিকে দেবদেবের জনক ভক্তশ্রেষ্ঠ নাভি পুরাণ-পুরুষকে স্বেচ্ছায় মানবাকারে লীলা করিতে দেখিয়া প্রেম-বিহ্বল হইয়া পরমবাৎসল্যভরে সন্তানকে পালন করিতে লাগিলেন। নিজের প্রিয় এবং আত্মীয় সকলের সকলেই প্রীত অবগত হইয়া সর্বদা ভগবান্‌কে রাজসিংহাসনে উপবেশন করাইয়া জীবন্মুক্ত নাভি সস্ত্রীক বদরিকাশ্রমে গমন করিলেন।

(ক্রমশঃ)

প্রেমপ্রদীপ

পঞ্চম প্রভা

(পূর্বপ্রকাশিত ২ সংখ্যার পর)

দেবপ্রতিষ্ঠিত ধারণা ॥ ৯ ॥

নাস্তি, নাস্তিক প্রভৃতি কোন কোন লোক বিগ্রহকে চিত্রের ন্যায় ধারণা। শালের সাহায্য ও সমাধিস্থ উচ্চতর ধারণার চরম হয়। কিন্তু ধারণা-কালে অনেকানেক বিঘ্ন উদয় হয়, তাহা এখানে বলার প্রয়োজন নাই। ইহার মধ্যে ভাবনা এই তাহা সংযোগ অবলম্বন করেন, তাঁহারা বিগ্রহ অন্বেষণ করেন না। ধারণাকালে অনেক বিঘ্ন উদিত হয় যে, তাহা বৈষ্ণবগণ গ্রহণ করেন না। বৈষ্ণবগণ স্বভাবতঃ শুদ্ধ বলিয়াছেন, তাহাতেই প্রাণ দেন। ধারণা করেন।

অত্র প্রত্যৈকতানতাধ্যানং ॥ ১০ ॥

যে দেশে ধারণা সাধিত হইয়াছে, সেই দেশে জ্ঞানের একতানতার নাম ধ্যান। যথা শ্রীকৃষ্ণ চরণে যে সময় ধারণা সাধিত হয়, সেই ধারণায় ভগবচ্চরণের যে একতান জ্ঞান বা প্রত্যয়, তাহাই ঐ চরণ-ধ্যান নাম প্রাপ্ত হয়। ধ্যান: স্থির না হইলে ধ্যানের দৈর্ঘ্য সম্ভব হয় না।

তদেবার্থমাত্র নির্ভাসং স্বরূপ শূন্যমিব সমাধিঃ ॥ ১১ ॥

ধ্যান ও ধারণাগত অর্থ মাত্র প্রকাশ থাকে, কিন্তু স্বরূপ শূন্যের ন্যায় প্রকাশ পায়, এমত অবস্থার নাম সমাধি। যাঁহারা নির্বিশেষবাদী তাঁহারা সমাধি লাভ করিলে আর বিশেষ সাধক বস্তুকে লক্ষ্য করেন না। ভক্তযোগের চরম স্বরূপ সমাধিই উচিত হয়। ভক্তিযোগে সমাধি অবস্থায় প্রকৃতির অতীত তত্ত্বের উপলব্ধি হয়। সেই অবস্থায় বিশুদ্ধ প্রেমের আস্বাদন আছে। সেবিষয় বাক্যের দ্বারা বলা যায় না, যখন আপনি সে সমাধি লাভ করিবেন, তাহার অবস্থা তখন স্বয়ং বুঝিতে পারিবেন। বাবা বাবা বলিলাম, "অতিরিক্ত বাক্যের দ্বারা উপদেশ করিতে পারি না।"

এই বাবাজী এত বড় বক্তৃতা করিয়া নিস্তব্ধ হইলেন। বাবুদ্বয় ধ্যানের বক্তৃতা-কালে একটু একটু সকল কথাতে সন্দেহ নিরাস করিয়াছিলেন। সমাধি পর্য্যন্ত উপদিষ্ট হইলে, তিনি বাবাজীর চরণতলে পতিত হইয়া বলিলেন, প্রভো! এ দাসের প্রতি কৃপা করিয়া যোগাভ্যাসের শিক্ষা প্রদান করুন। আমি আপনার শ্রীচরণে আমার জীবন বিক্রয় করিলাম।

বাবাজী মস্তক ভূতলস্থ উত্তোলন করিয়া আলিঙ্গন দান পূর্ব্বক কহিলেন, একান্তে বসিয়া যোগাভ্যাস করিতে হইবে। অদ্য হইতে আপনি যোগাভ্যাস আরম্ভ করিতে পারিবেন।

নরেন বাবু ও আনন্দ বাবু বাবাজীর পাদপদ্মে ও শ্রীমূর্ত্তি ক্রমশঃ প্রীত হইয়া প্রণামান্তে স্তব পাঠ করিয়া বাবাজীকে প্রণাম করিলেন।

আনন্দ বাবু কহিলেন, বাবাজী মহাশয়! আমরা ইতিপূর্ব্বে অন্ধের ন্যায় অবস্থান করিতাম, এক্ষণে কুকুরের ন্যায় হইয়া পড়িলাম। আমরা মনে মনে করিতেছিলাম যে, হিন্দু-সমাজ পৌত্তলিক পূজা ও নিরর্থক ক্রিয়াতে ব্যস্ত হইয়া সামাজিক জীবন পরিত্যাগ করিয়াছে। আমরা ব্রাহ্ম ধর্ম প্রচার করিয়া সেই জীবন পুনরায় অর্পণ করিব। আমাদের মনে ছিল যে, বৈষ্ণবগণ অজ্ঞানে অন্ধকার নিমীল হইয়া কেবল পরবাক্যে নির্ভর সংসার বিচ্ছিন্ন করিয়া থাকেন। বৈরাগ্য গ্রহণ কেবল বৈষ্ণবী জাতের উপায়-স্বরূপ। আমরা ব্রাহ্মধর্মের আলোক প্রচার করিয়া বৈষ্ণবদিগের চিত্ত-তমঃ দূর করিব। আপনকার শ্রীচরণে কএক দিবস আসিয়াছি মাত্র। কিন্তু আপনার আচার ব্যবহার, পাণ্ডিত্য ও পারমার্থিক প্রেম দৃষ্টি করিয়া, আমাদের কুসংস্কার দূর হইয়াছে। বলিতে কি এখন আমরা স্থির করিয়াছি যে, আপনকার শ্রীচরণে থাকিয়া অনেক তত্ত্ব বিষয় শিক্ষা করিব।

নরেন বাবু বাবাজীর চরণে দণ্ডবৎ করিয়া বিনীত ভাবে কহিলেন, যদি আমাদের প্রতি কৃপা হইয়া থাকে, তবে কএকটী সংশয় নিরসন পূর্ব্বক আমাদিগকে মানস ক্লেশ হইতে উদ্ধার করুন। আমি একথা নিশ্চয় বুঝিয়াছি যে, বৈষ্ণব-ধর্ম অত্যন্ত দোষহীন। যে যে বিষয়ে দোষ বলিয়া অন্যান্যের তাত্ত্বিক অন্তঃকরণে কুতর্ক উঠিয়াছে, সেসকল বাস্তবিক দোষ নয় বা ভ্রম নয়, কিন্তু কোন প্রকার গুণ বিশেষ। তবে ক্রমে কোন দুর্ব্বোধ্য হয় লৌকিক রূপে বর্ণিত হইয়াছে। আপনার ন্যায় মহানুভব পণ্ডিতগণ যে ভ্রমের পূজা করিবেন, এরূপ বোধ হয় না।

বাবাজী সহাস্য বদনে কহিলেন, "বাবুজী! আপনি সত্যের নিকটস্থ হইয়াছেন। বৈষ্ণব-তত্ত্ব বাস্তবিক অপ্রাকৃত। যাহা হঠাৎ শুনা যায় বা দেখা যায় তাহা নয়। বৈষ্ণবের সম্পূর্ণ অপ্রাকৃত বিষয়। অর্থাৎ বৈষ্ণব ধর্ম্মের সমস্ত তাৎপর্য্য, বর্ণনা ও বিবরণই প্রকৃতির অতীত জগৎ সম্বন্ধীয়। সেই জগৎকে সাধারণের নিকটে বৈকুণ্ঠ বলিয়া থাকি। সেই জগতে যে বিচিত্রতা ও বিশেষ আছে, তাহা কথায় বলা যায় না বা মনে ধ্যান করা যায় না, যেহেতু কথা ও মন সর্ব্বদাই লৌকিক চেষ্টায় আবদ্ধ আছে। লৌকিক জগতে অদ্ভুত বিষয়ের যে সকল সদৃশ তত্ত্ব আছে, তাহাদিগকে অবলম্বন পূর্ব্বক বৈকুণ্ঠ তত্ত্ব বৈষ্ণব গ্রন্থে বর্ণিত ও ব্যাখ্যাত হইয়াছে। বৈষ্ণব ধর্ম্ম পরম সমাধি যোগে বিবেচিত এবং পরীক্ষিত হইয়াছে। এই জন্য হইতে ব্রাহ্মধর্ম হইতে উৎপন্ন ধর্ম সকল অপেক্ষা নির্দোষ ও শুদ্ধ সত্য সমূহ প্রাপ্ত হওয়া যায়। যুক্তি দ্বারা যে সমস্ত ধর্ম নির্ণীত হয়, সে সকল ধর্ম তুচ্ছ ও অসম্পূর্ণ। কিন্তু সমাধি যোগে যে ধর্ম্মের উদ্দেশ পাওয়া গিয়াছে, তাহাই জীবের নিত্য ধর্ম জানিবেন। প্রেমই বৈষ্ণব ধর্ম্মের জীবন। প্রেম কদাপি যুক্তিগত ধর্ম্মে সাধিত হইতে পারে না। পরম সৌভাগ্য ক্রমে আপনারা বৈষ্ণব প্রেমে আকৃষ্ট হইয়াছেন। অন্য প্রসাদ সেবার পর আপনাদের মনের সকল প্রশ্ন করিয়া যথাসাধ্য উত্তর দিতে যত্ন পাইব।

ঠাকুর ঘরে সেই সময় শঙ্খ বাজিয়া উঠিল। বাবাজী কহিলেন পূজা সমাপ্ত হইয়াছে। চলুন আমরা শ্রীমূর্ত্তি দর্শন করি।

সকলেই উঠিয়া করযোড় পূর্ব্বক ভগবদ্দর্শন করিতে লাগিলেন। বাবাজীর চক্ষু হইতে দর দর প্রেমধারা বহিতে লাগিল। বাবাজী এই পদটী বলিতে বলিতে নৃত্য করিতে লাগিলেন।

"জয় রাধে কৃষ্ণ জয় রাধে কৃষ্ণ
জয় বৃন্দাবন চন্দ্র॥"

বাবাজীর নৃত্য ও প্রেম দেখিয়া মল্লিক মহাশয়ও নৃত্য আরম্ভ করিলেন।

নরেন বাবু আনন্দ বাবুকে কহিলেন, আমরাও নৃত্য করি এখানে কেহ এমত নাই, যিনি আমাদিগকে উপহাস করিবেন। যদি অহঙ্কার দূর হয়, তবে আর বাধা কৃষ্ণ বলিতে লজ্জা করিব না। এই বলিয়া তাঁহারা দুই হাত তালি দিয়া বাবাজীর সহিত নৃত্য করিতে লাগিলেন। পূজারি মহাশয় চরণামৃত আনিয়া দিলে সকলেই পান করিলেন।

কিয়ৎ কাল পরে অন্ন ভোগ হইয়া গেল। বাবাজী ও বাবুগণ বিশেষ শ্রদ্ধার সহিত প্রসাদ পাইলেন।

পঞ্চম প্রভা সমাপ্ত

অবতার

(শ্রীপাদ রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন)

আমরা অবতার শব্দে উহাই বুঝি, "অব" উপসর্গের অর্থ—নিম্নে, "তৃ" ধাতুর অর্থ তরণ বা গমন করা, "অ" প্রত্যয়যোগ করিয়া "অবতার" শব্দটী নিষ্পন্ন হইয়াছে; অর্থাৎ দেবতার মনুষ্যাদির মূর্ত্তি পরিগ্রহ করিয়া পৃথিবীতে আগমন। শ্রীবৈকুণ্ঠ ধাম হইতে শ্রীবিষ্ণু-বৈষ্ণবগণের জগতে আগমনকেই (অবতরণ) অবতার বলা হয়।

অংশাবতার, গুণাবতার, শক্ত্যাবেশ অবতার ও লীলাবতারগণ বৈকুণ্ঠগত। এই সকল অবতারের মূল অবতারী স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভু। অবতার অবতারী অচিন্ত্য ভেদাভেদ প্রকাশ তত্ত্ব। অবতারী স্বয়ং তত্ত্ব। অবতারীকে নামিয়া আসার দরুণ অবতার বলিয়া শাস্ত্রকারগণ কীর্ত্তন করিয়া থাকিলেও তিনি স্বয়ং ভগবান্ মূল অবতারী। তাঁহার সম অংশী বা সমান অথবা শ্রেষ্ঠ কেহই নাই। তিনি অসমোর্দ্ধ।

আজ কাল দেখিতেছি, অবতারের বড় ছড়াছড়ি। রাস্তার ঘাটে মাঠে সকলেই অবতারের প্রচলনী। ইহারা যে কোন্ প্রকারের অবতার তাহা বুঝিয়া লইবার কোনই উপায় নাই। বস্তুতঃ যাহা ইহারা শাস্ত্রের সীমানা লঙ্ঘন করিতে কিছু মাত্রও দ্বিধা বোধ করেন নাই। অতএব শাস্ত্রের বহির্ভূত অবতারগুলির স্থান নির্ণয়ের মত যোগ্য স্থান খুঁজিয়া পাওয়া বড়ই দুর্ভাগ্য। তাই আজ শ্রীগুরুদেব নিজে সাক্ষ্য দিয়া উহাই বুঝাইয়া দিয়াছেন যে, নিম্নে গমন করাকেই যদি অবতার বলা হয় এবং যিনি অবতরণ করেন, তিনি যদি অবতার হন, তাহা হইলে ভূলোকের উর্দ্ধ লোক হইতে নামিয়া আসিবার জন্য যেমন অবতারগণ ঐ নামে অবতার বলিয়া পরিচিত, তেমন যাঁহারা ঐ নাম অর্থাৎ এই মনুষ্য জগৎ হইতে আচার-ভ্রষ্ট হইয়া মরকাদি নরলোকে যাওয়ার জন্য নিম্ন হইতে নিম্নতর সোপানে সোপানে পদার্পণ দ্বারা অবতরণ করিয়াছেন, তাঁহারা নরের অধঃ অর্থাৎ অধম গতি লাভ করিবার নিমিত্ত "নরাধমাবতার"—ইহাতে আর সন্দেহ কি? অধুনা মানুষ কি প্রকারে অবতার হয়?

মানুষ মনুষ্য লোকে জন্মে, থাকে ও কিছুদিনপরে মরিয়া স্বকর্ম-ফলানুযায়ী—যথা স্থানে গমন করিয়া থাকেন। এই প্রকারে ব্রহ্মাণ্ড ভ্রমণ করিতে কোন ভাগ্যবলে যদি সাধুসঙ্গ লাভ হয়, তবে তাঁহার অবতরণ-স্পৃহা থাকে না, বরং তিনি উর্দ্ধে-উর্দ্ধে গমন করিবার জন্য তৃণাদপি সুনীচ হইয়া শ্রীগুরুগৌরাঙ্গ-সেবা-সুখে নিরত শ্রীহরিনাম কীর্ত্তন করিতে থাকেন।

আর যাঁহাদের অবতার হইবার লালসা প্রবল হয়, অর্থাৎ ভোগ বুদ্ধির ষোলআনা পূর্ণ মাত্রায় উপস্থিত থাকে, তাঁহাদেরই সদাচার-ভ্রষ্ট হওয়ার ও মনুষ্যজাতি হইতে মনুষ্যেতর ভাবে গতি লাভ করিয়া, অবতরণ করত নরাধমাবতার, পশ্বাবতার প্রভৃতি পদবী লাভ-যোগ্য হইয়া থাকে।

হে বিশ্ববাসী! আমার বন্ধুগণ! মন্ত্রবাতুলে অনুসরণ করিয়া শৃগাল কুকুরের ন্যায় কেহ কেহ হইয়া ব্যাঘ্রচর্ম্ম আবরণ করিয়া ভগবানের সিংহাসনটি কাড়িয়া লইবার জন্য নিজেকে অবতার বলিয়া ছলে বলে কৌশলে প্রচার করেন, তাঁহারা নিশ্চয়ই মর্ত্ত্য-সমাজের অসভ্যতা। তাঁহাদিগকে দর্শন তো দূরের কথা, ইহাদের নাম শ্রবণেও বহু জন্মের সুকৃতি বিনষ্ট হইয়া যায়। সজ্জনমণ্ডলী এরূপ অবতারদিগকে নিত্যকাল আও অসৎ জানে গ্রহণ করিয়া থাকেন। অধুনা তথাকথিত অবতার-বাহুল্যে সর্ব্ব সজ্জনমণ্ডলী বড় উৎপীড়িত হইতেছেন। অবতারেরা ক্রমশঃ প্রাকৃতদেরই কৃপায় মায়াদেবীর আবৃত বস্ত্রাদিতে হইতে লোকসমাজে ধরা দিতে বাধ্য হইতেছেন। বাস্তবিক অবতার অবতার অবতার ভাবিবেন।

শ্রীগৌড়ীয় ও শ্রীনদীয়া-প্রকাশের প্রতি প্রত্যহ দয়াদৃষ্টি ও পুঙ্খানুপুঙ্খভাবে দৃষ্টি নিক্ষেপ করিবেন। ইহাই আমার সাদরভক্ত অনুরোধ।

নানাকথা

খেলনার ট্রেন

কাশী হইতে নানা প্রকার খেলনা শ্রীধাম মায়াপুর-নবদ্বীপ প্রদর্শনীর ট্রেনে বিক্রয় হইতেছে। এই সমস্ত কাঠ নির্ম্মিত পুতুল ও বাঁশী অত্যন্ত সুন্দর এবং সুলভ হয়।

জোনার তিমি

খৃষ্টান ধর্ম্মগ্রন্থে জোনাতিমি মৎস্যের কথার উল্লেখ আছে। বর্ত্তমান যুগে ঐরূপ একটী মৎস্যের অস্থি পাওয়া গিয়াছে। যাহাতে লোক উহার মুখের ভিতর দিয়া গর্ভে প্রবেশ করিয়াছিল। উহার গলা একটী দরজার মত লম্বা চওড়া। উহা বাশিংটনে আছে।

ফকল্যাণ্ডের নিকট দুইটী নৌকা করিয়া লোকে তিমি মারিতেছিল। একটী তিমি মৎস্য লেজের ঝাপটা মারিয়া একটী নৌকা উল্টাইয়া দেয়। নৌকার আরোহিগণের মধ্যে এক জনকে পাওয়া গেল না। পরদিন তিমি মৎস্যটী মারিলে তাহার পেটের ভিতরে ঐ লোকটিকে জীবিত অবস্থায় পাওয়া যায়।

আর একটী তিমি মৎস্যের পেটে একটী দশফুট লম্বা হাঙ্গরের হাড় পাওয়া যায়।

পকেট মারা

লেপচুয়া নামক একব্যক্তি দম দমা ষ্টেশনে একজন রেলযাত্রীর পকেট মারার অভিযোগে শিয়ালদহের পুলিশ ম্যাজিষ্ট্রেট কর্ত্তৃক দেড় বৎসর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হইয়াছে সে একজন পুরাতন পাপী সাব্যস্ত হইয়াছে।

রেল

গত বৎসর ভারতের রেল হইতে গবর্ণমেণ্ট দশ কোটি চল্লিশ লক্ষ টাকা লাভ করিয়াছেন। গবর্ণমেণ্টের রেলগাড়ীগুলি বৎসরে ভ্রমণ করিয়াছে সেই সমস্ত রাস্তায় এক লাইন প্রস্তুত করিলে পৃথিবী হইতে সূর্য্যের দূরত্বের ২২৭০ গুণ লম্বা হয়। রেল হইতে আয় ক্রমাগত বাড়িতেছে যেহেতু বুঝা যায় যে ভারতে আমদানি ও রপ্তানি ব্যবসায়ের উন্নতি হইতেছে।

নূতন লাইন প্রভৃতি এবং পূর্ব্বে যে সমস্ত লাইন গবর্ণমেণ্টের হাতে ছিল তাহা মিলিয়া ৩০৯৫০ মাইল হয়। একটী নূতন লাইন খোলায় মাদ্রাজ হইতে দিল্লীর দূরত্ব দুইশত মাইলেরও বেশী কমিয়াছে।

এই বৎসর গবর্ণমেণ্ট কোম্পানীর সমস্ত রেল নিজ-হাতে লইয়াছেন। তাহাতে অর্দ্ধ কোটী টাকা আয় বাড়িবে।

সিংহলে ভারতবাসী

পাঠকগণ অবগত আছেন যে, সিংহলে ভারতবাসী কোনরূপ অধিকার যাহাতে না পায় তাহার চেষ্টা হইতেছে।

সিংহলগবর্ণর সাহেব ষ্টেট সেক্রেটারী বর কর্ণেলকে জানাইয়াছেন যে, ভারতবাসীকে সিংহলে কোনরূপ অধিকার দিলে, আফ্রিকায় কোনকোন অংশের সহিত ভারত-গবর্ণমেণ্টের যেরূপ গোলযোগ চলিতেছে সিংহল ও ভারত গবর্ণমেণ্টের মধ্যে সেইরূপ গোলযোগ উপস্থিত হইবে। এই কারণে ইউরোপীয়দিগের মত ভারতবাসীকে প্রথমে পাঁচবৎসর সিংহলে বাস করিতে হইবে। কিন্তু ভারতবাসীকে অধিকন্তু এই করিতে হইবে। যেন তাঁহারা ভারতের সহিত সমস্ত সম্পর্ক ছিন্ন করেন।

এ সম্বন্ধে অনেক লেখালেখি চলিলেও ভারতগবর্ণমেণ্ট এই ব্যাপারের কিছুই জানিতেন না। কেবলমাত্র সম্প্রতি ভারতগবর্ণমেণ্টকে এই বিষয় জ্ঞাত করা হইয়াছে। ভারতগবর্ণমেণ্টের নিকট সিংহলপ্রবাসী ভারতীয়গণ আবেদন প্রেরণ করিয়াছেন।

উপনিবেশ সেক্রেটারী এখনও চরম সিদ্ধান্তে উপনীত হন নাই। সিংহলে এখনও ভারতবাসীর অধিকার বজায় থাকিবার উপায় আছে।

আফ্রিকায় ভারতবাসী

দক্ষিণ আফ্রিকার প্রধান আদালতের একটী মীমাংসার জন্য সেখানে ভারতবাসীর অধিকার লইয়া গোলযোগ চলিতেছে। একটী কমিটি এইবিষয়ে বিবেচনা করিতেছেন।

ফরাসী এবং জাপান ডুবোজাহাজ প্রভৃতি উঠাইয়া দেওয়ার বিরোধী তাহাদের মতে ডুবো জাহাজের ব্যবহার নিয়মিত করা উচিত, ইটালি বলেন যে, তাঁহার এ বিষয়ে বিশেষ বক্তব্য কিছুই নাই। তবে অন্যান্য শক্তি যদি ডুবোজাহাজ প্রভৃতি উঠাইয়া দেন তাহা হইলে ইটালিরও কোন আপত্তি নাই।

বিলাতের পক্ষ হইতে মিঃ এ, ভি, এলেকজাণ্ডার বলেন যে, ডুবো জাহাজ কেবলমাত্র আক্রমণেই সাহায্য করে, দেশ রক্ষায় কোন সাহায্য করে না। এমত অবস্থায় অবিবেচক লোকের হাতে এরূপ অস্ত্রের অপব্যবহার হওয়াই বেশী সম্ভব। সভ্যজগৎ ঐরূপ আক্রমণ ভীতির সহিত দর্শন করেন।

আমেরিকার পক্ষ হইতে মিঃ রিমন বলেন যে, ভবিষ্যৎ যুদ্ধে সবমেরিনসমূহ উপস্থিত কার্য্যে সাহায্য করিবার জন্য কেবলমাত্র খবরই করিতে থাকিবে। সবমেরিনের আক্রমণের ভবিষ্যৎ ফল অত্যন্ত বিষময়। এই বৈঠক যদি সবমেরিনের ব্যবহারের লোপ না করেন তাহা হইলে এই বৈঠক নিষ্ফল হইয়া যাইবে। সবমেরিনের অপব্যবহারেই আমেরিকাকে জর্ম্মান মহাযুদ্ধে নামাইয়াছিল।

ফরাসী বলেন যে সবমেরিন এক প্রকার যুদ্ধ জাহাজ মাত্র। ইহা অন্যান্য যুদ্ধ জাহাজকে ডুবাইয়া দেয় বলিয়াই কি ইহার ব্যবহার উঠান আবশ্যক ?

ভারতের আর্থিক অবস্থা

ফেডারেশন অব্ ইণ্ডিয়ান চেম্বার অব্ কমার্স এণ্ড ইণ্ডাষ্ট্রির এক সভায় প্রেসিডেণ্ট মিঃ বিড়লা বলেন যে, ভারতের শাসনবর্গের অবলম্বিত অর্থনীতিই ভারতের ঋণ এবং দারিদ্র্যের জন্য দায়ী। ষ্টেটসম্যানও বলেন যে ভারতের তথা পৃথিবীর অধিকাংশ দেশেই অর্থনীতি এবং শিল্পনীতির অবস্থা অসন্তোষ জনক। মানুষের সব উৎপন্ন শক্তি বাড়িবে ও সমস্তই অল্প সময়ে ব্যবহৃত হইতে পারে তাহা আবিষ্কার করিতে পারা পর্য্যন্ত এইরূপ অবস্থা চলিবে।

প্রদর্শনীতে তরজা

গত শুক্রবার রাত্রিতে শ্রীধাম মায়াপুর নবদ্বীপ প্রদর্শনীক্ষেত্রে তরজা গান হইয়া গিয়াছে। এক শ্রেণীর লোক বেশ আনন্দ পাইয়াছেন।

দেশবিখ্যাত তরজা গায়ক ফটীক দাস ও বিপিন দাস কয়েক দিন গান করিবে। ইহারা দেশ বিদেশে গান করিয়া সুখ্যাতি অর্জ্জন করিয়াছে এবং অনেক মেডেল পাইয়াছে। ইহারা স্থানীয় লোক। নদীয়া জেলার চাপড়া থানার অন্তর্গত বালিডাঙ্গা গ্রামে ইহাদের নিবাস।

স্ত্রীপুরুষ সঙ্ঘর্ষ

বিলাতে স্ত্রী পুরুষে ভীষণ সঙ্ঘর্ষ চলিতেছে। মিসেস চার্লস্ কহেন নামে এক মহিলা পুরুষ বয়কট করিয়া, কেবলমাত্র স্ত্রী-চরিত্র অবলম্বন করিয়া একটী নাটক রচনা করিয়াছেন। নাটকটীতে পুরুষের নাম পর্য্যন্তও নাই। এখানে একজন উপন্যাসলেখিকা বলেন যে স্ত্রীলোকেরা পুরুষের সমকক্ষতা লাভ করিতে চাহেন। তাঁহারা পুরুষের উপর কর্ত্তৃত্ব করিতে চাহেন না।

তাহার উত্তরে একজন উপন্যাস লেখক বলিতেছেন যে স্ত্রীলোকেরা কোন্ সাহসে পুরুষের সমকক্ষ হইতে চাহেন? তাঁহারা আজ পর্য্যন্ত ভাল গ্রন্থ লিখিতে পারেন নাই, একটিও প্রথম শ্রেণীর চিত্র অঙ্কিত করিতে পারেন নাই। বিলাতে স্ত্রীলোকদের সংখ্যা পুরুষ লোকদের সংখ্যা অপেক্ষা বেশী। এইবার বোধ হয় স্ত্রীলোকেরা পুরুষের হাত হইতে শাসনতন্ত্র কাড়িয়া লন।

কৃষ্ণনগর কলেজ

কর্তৃপক্ষের সহিত মনোমালিন্য হওয়ায় কৃষ্ণনগর কলেজের ছাত্রগণ এক মাস যাবৎ কলেজে যাওয়া বন্ধ করিয়াছেন। এসম্বন্ধে আমরা কিছুই বলি নাই অথবা বলিতে চাই না, কারণ ইহা বিশ্বব্যাপী ছাত্র-আন্দোলনের অংশ মাত্র। মিশর ও চীনে ছাত্রেরাই যুগান্তর আনয়ন করিয়াছে। দেশেরও ঐরূপ অবস্থা। কাহাকে দোষ দেওয়াই ভুল। যতদিন না দেশে সকল অবস্থা ফিরিয়া আসে, ততদিন এরূপ ব্যাপার চলিবে। ইহার কোন প্রতীকার নাই এবং এবিষয়ে কাহাকেও দোষ দেওয়া যুক্তিযুক্ত নহে। এই বিক্ষোভ শুধু কৃষ্ণনগরে নহে—সর্ব্বত্র।

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়মঠ হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৪ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে, সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইতেছে।

প্রত্যেক খণ্ড এক্ষণে নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৪৷৴০ সাধারণ পক্ষে ২০৸৶০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।৴০।

দশম স্কন্ধের ভিক্ষা ১২৲, অগ্রিম দাতাদের পক্ষে ৮৲।

৬২ অধ্যায়পর্য্যন্ত একাদশ সংখ্যা ছাপা হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষায় তৃতীয় সংস্করণ ৪৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন, তাঁহাদের জন্যই ইহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০৲ টাকার এই বিরাট্ গ্রন্থের অল্প সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আখ্যাত

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে। সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫৲ নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪৷৹ টাকা

শ্রীধাম মায়াপুর নবদ্বীপ প্রদর্শনী উপলক্ষে

শ্রীচৈতন্যচরিতামৃত বিরাট্ চতুর্থ সংস্করণ	১০৲	স্থলে	৫৲
গীতমালা	৴১০	,,	৴০
ভবনপুষ্টি	২৲	,,	১৷০
গৌড়ীয় কণ্ঠহার	২৲	,,	১৷০
শ্রীমদ্ভাগবত [illegible] (চক্রবর্ত্তী) বাঁধাই	২৲	,,	১৷০
ঐ ,, আবাঁধা (সাধারণ কাগজ)	১৷০	,,	১৲
প্রেমবিবর্ত্ত [illegible]	৴০	,,	৶১০
নবদ্বীপ [illegible]	৴০	,,	৶১০
চৈতন্যচন্দ্রামৃত (আবাঁধা)	৸০	,,	৷
হরিনামচিন্তামণি	৸০	,,	৷০
মহাপ্রভুর শিক্ষা	৸০	,,	৷০
[illegible]	[illegible]	,,	১৲
[illegible]	১৷০	,,	১৷০
[illegible]	৶০	,,	৴১
[illegible]	৶০	,,	৴০
[illegible]	২৲	,,	১৲

গ্রাহকগণ সত্বর হউন, পরে আর এ সুযোগ পাইবেন না।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে জানেন না, তাঁহাদের শ্রীশ্রীমহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার প্রবল সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	৷০
একত্রে ৩ খণ্ড লইলে	১৲
সাধন পথ (শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	৷০
একত্রে ৩ খণ্ড লইলে	৸০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৶০
একত্রে ৩খণ্ড লইলে	৷০
গীতাবলী প্রতিখণ্ড	৴১০
একত্রে ৩ খণ্ড লইলে	৶১৫
শরণাগতি প্রতিখণ্ড	৴০
একত্রে ৩খণ্ড লইলে	৶৫

প্রাপ্তিস্থান { শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ শ্রীধামমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগোরগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংশন রোড, কলিকাতা।
৫। শ্রীপুরুষোত্তম মঠ,—চটকপর্ব্বত, পুরী।
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিরকানিয়া, বালিঘাইপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৪নং জঙ্গমবাড়ী, কাশী, ইউ, পি।
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
১০। শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ পি।
১১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব।
১২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—৩০নং নবাবপুর রোড, ঢাকা।
১৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।
১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাজোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।
১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—ভুমুরকোন্দা, চিরকুণ্ডা পোঃ, মানভূম।
১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,— আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা।
১৭। শ্রীগৌড়ীয় মঠ কার্য্যালয় ১০১১ [illegible] রোড্ নিউদিল্লি

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকটও নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত [illegible] ঘোষ—[illegible] রোড, খুলনা
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিভূষণ—[illegible], জলদিবাড়ী কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামরঞ্জন রায়—৭৩।২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা
৪। মিঃ এস ডি. [illegible]—এম, এম, ওয়ার্কস [illegible], কানপুর।
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী জ্যোতিস্তীর্থ—[illegible], নদীয়া
। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।
৭ শ্রীবিরাজমোহন [illegible]—মনমোহন প্রেস, নবাবপুর, ঢাকা।
৮। শ্রীদেবেন্দ্রনাথ [illegible] বেড়াচাঁপা, ২৪ পরগণা।
শ্রী[illegible] চট্টোপাধ্যায় এ, এ.[illegible] এম, বাদবাহ

শ্রীচৈতন্যমঠের গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বিরচিত
তত্ত্ব-গ্রন্থাবলী।
উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই
স্বর্ণালঙ্কৃত। চতুর্থ সংস্করণ। বিস্তৃত বিষয়সূচীসহ

জৈবধর্ম বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

বর্ত্তমান সময়ে বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবেরই ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টর বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্য শিক্ষামৃত

প্রথম খণ্ড ভিক্ষা—১৲ এক টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও আবশ্যক সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? বর্ণ, আশ্রম, জাতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিরস্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য ভিক্ষা ৵০

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৵০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নয়টী দ্বীপ-সমন্বিত। এই নয় দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৬০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

উৎকৃষ্ট রোজ-এ কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উদ্গম হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শ্রীহরিনামচিন্তামণি ।৵০ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী এবং শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভৃতি উপদেশামৃতে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তগণের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে বর্ণিত হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমন্মহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ!!
শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি পকেট সাইজ অষ্টম সংস্করণ ভিক্ষা ৵০ আনা

দেহ ও মনের চেষ্টা অনিত্যতাবশ হইয়া—যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাহার কোন্ ভাবের আবেশময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বতোভাবে নিষ্কপটে কি প্রকারে শরণাগত হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। তাহার সংস্করণও প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা প্রতি খণ্ড ৵০ এক আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা—৵০, নবদ্বীপশতক—৵০
অষ্টপদক—৵০

কল্যাণকল্পতরু পকেট সাইজ পঞ্চম সংস্করণ ভিক্ষা ৵১০

আমরা অজ্ঞতার বশবর্ত্তী ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং তাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন্ বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি-ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল ভাবে লিখিত। এই গীতিগ্রন্থ স্বাভাবিক কল্যাণের আকর, যদি প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদান করে।

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয় সংবলিত প্রায় ৫২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১।০

শ্রীবলদেব বিদ্যাভূষণ-কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোণার জলে নাম লেখা রাজসংস্করণ ২৲ টাকা, সাধারণ সংস্করণ ১।০, গৌড়ীয়ের গ্রাহকগণকে ১।০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সারসংগ্রহকোষগ্রন্থ)

বিষয়:—১। ভারতবর্ষে বৈষ্ণব সম্প্রদায়ের কথা, ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত, ৩। বিশুদ্ধবৈষ্ণবসম্পর্কিত শ্রীমন্দির ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও প্রবন্ধসমূহের তালিকা ও বিবরণ, ৫। বিষ্ণু বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় আকরমূলে বাবতীয় তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ম খণ্ড ৮০, ২য় খণ্ড ৮০, ৩য় খণ্ড ৮০, ৪র্থ খণ্ড ৮০, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ—১ম খণ্ড ১৲ এক টাকা
২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১।০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই বৃহদাকার অতি প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ১৬০ ক্রাউন ৮ ফর্মায় ৬৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীশ্রীমদ্গোপালভট্ট গোস্বামিপাদ সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ৵০ আনা।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

মফঃস্বলের সুবিধার জন্য ৩ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের সমপরিমাণ ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্তন হয় না। মূল্য প্রতি শিশি ।০ আনা, পাঁইট ৵০ আনা, বোতল ১৵০ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার; কলিকাতা।

কেশরঞ্জন

মদন মঞ্জরী

বটিকায় স্বপ্ন ও ধাতুবিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, অগ্নিমান্দ্য, অজীর্ণ, বহুমূত্র, বাত রোগ, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি সকল সত্বর নিশ্চয় আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

“অপুংসকাপত্যারি ঘৃত”

পুরুষত্বহীন যে যে ব্যক্তি প্রয়োগ দ্বারা আরোগ্য করিয়া সন্তানলাভ করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

“রমণীবিলাসিনী বটিকা”

বীর্য্যধারণ করত সঙ্গমশক্তি স্থায়ী ও বৃদ্ধি করিতে অত্যাশ্চর্য্য। মূল্য ১৬ বটী ১৲ এক টাকা।

রাজবৈদ্য নারায়ণজী, কেশবজী
১৭১নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!
জে, বি, দত্তের খোকা শিশি বাদাম তৈল
খাঁটি ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্ব্বজন পরিচিত ও এক প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জুয়াচোরগণ কর্ত্তৃক নকল তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত

কেরাস্ কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আর্সেনিক, হাইপোফস্ফাইট্ কুইনিন্, আয়রণ এবং অন্যান্য উপাদান আছে।

এই কেরাস-কুইনিন্ ব্যবহার করিলে একটী বা দুইটী মাত্রাতেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং শরীর হইতে যাবতীয় রোগ জীবাণু ম্যালেরিয়ার সমস্ত বীজ নষ্ট করিয়া দেয় ও স্বাস্থ্যপূর্ণ করে। মূল্য প্রতি শিশি ১৲, ডাঃ মাঃ স্বতন্ত্র।

বাই-কেমিক্যাল এণ্ড ফ্রিসিক্যাল ম্যানুফ্যাকচারিং কোং। ২১২ রাধাবাজার লেন, কলিকাতা।

পর-বিদ্যাপীঠ

(প্রাচীন নবদ্বীপ শ্রীমায়াপুর শ্রীচৈতন্যমঠ)

এখানে আহার এবং বাসস্থান দিয়া বিদ্যার্থিগণকে বিভিন্ন শিক্ষণীয় বিষয় শিক্ষা দিবার ব্যবস্থা করা হইয়াছে। অনেক ছাত্র ইতোমধ্যেই আসিয়া পাঠ আরম্ভ করিয়াছেন। বর্ত্তমান বর্ষে সকল ছাত্রই গবর্ণমেণ্ট সংস্কৃত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

প্রধান অধ্যাপক—পণ্ডিত শ্রীযুক্ত শচীন্দ্রচন্দ্র কাব্য ব্যাকরণ-সাংখ্য-বেদান্ত-ষড়্দর্শন-তীর্থ, সাংখ্যরত্ন, বেদান্তরত্ন, সাহিত্যশাস্ত্রী, ভূষণবাচস্পতি।

অধ্যাপক—পণ্ডিত শ্রীযুক্ত গৌরদাস ব্রহ্মচারী ব্যাকরণতীর্থ
শ্রীধাম মায়াপুর পরবিদ্যাপীঠ, (নদীয়া)

বেদনাঞ্জন

শ্রেষ্ঠরত্ন।

কলিকাতা কংগ্রেস একজিবিসন হইতে শত প্রশংসা প্রাপ্ত ও শত গণ্যমান্য ভদ্রমহোদয়-গণ কর্ত্তৃক প্রশংসিত।

আজকাল বাজার-চলন মিশ্রিত ও বিষাক্ত আহার্য্য সেবনে শরীরের রক্ত বহুতই দোষিত হইয়া পড়িয়াছে। রক্তই মানব-দেহের শ্রেষ্ঠ উপাদান, এই রক্ত দোষিত হওয়ার সঙ্গে সঙ্গেই মানব বাত, বেদনা, ধাতদৌর্ব্বল্য, মাথা-ধোরা, দৃষ্টিশক্তির হ্রাস, দাঁতের গোড়া ফুলা, দাঁত কনকনানি, দাঁতে পোকা এবং দোষ, চুলকানি প্রভৃতি কষ্টদায়ক চর্মরোগে আক্রান্ত হইতেছে। যদি আপনি একেবারেই ব্যাধিমুক্ত হইতে চান, তাহা হইলে অযথা পয়সার অপব্যয় না করিয়া অল্প দামে এক শিশি বেদনাঞ্জন ক্রয় করিয়া উহার আশ্চর্য্য-শক্তি উপলব্ধি করুন। গুণের তুলনায় মূল্য অত্যন্ত অল্প, এক শিশি ৷৵০ আনা মাত্র মাশুলাদি স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—এ, সি, চাটার্জ্জী এণ্ড ব্রাদার্স।
৪৫নং ইনকাটি লেন, কলিকাতা।
সকল প্রসিদ্ধ দোকানে ও বড় বড় ডাক্তারখানায় পাওয়া যায়।

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ
শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম,এ, এফ,সি,এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক
(প্রফেসার)

আয়ুর্ব্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে ব্যবস্থা দেওয়া হয় ও চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)
(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা
উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।
নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট তাজা আমলকী, বলগোক্ষুর প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাসি, সর্দ্দি, যক্ষ্মা, ক্ষয়রোগ, স্বরভঙ্গ প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্ব্বলতা নাশক অদ্বিতীয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, শুক্রহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও অকালজ দুর্ব্বলতা সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ
প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত দুরারোগ্য রোগের মহৌষধ
মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

বিশুদ্ধ জল! ভয় নাই! বিশুদ্ধ জল!!

লক্ষ্মী টিউব-ওয়েল কোং

২০৫নং নবাবপুর, ঢাকা

বর্ত্তমান-যুগের নব-আবিষ্কৃত যন্ত্রপাতিদ্বারা উন্নত বৈজ্ঞানিক-খনন-প্রণালীতে নলকূপ (*Tube-well*) নির্ম্মাণ করা হয়। বঙ্গের লাট বাহাদুর, প্রাইভেট সেক্রেটারী, ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট, জিলা-বোর্ডের চেয়ারম্যান, ইঞ্জিনিয়ার, জমিদার, তালুকদার, প্রভৃতি সম্ভ্রান্ত ভদ্রমহোদয়গণ এই কোম্পানীর কার্য্য দেখিয়া প্রশংসা করিয়াছেন। রাসায়নিক পরীক্ষায় জল বিশুদ্ধ না হইলে মূল্য গৃহীত হয় না। বিস্তৃত বিবরণের জন্য পত্র লিখুন

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাঁহারা নানাবিধ অস্বাভাবিক উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া অকালে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, বহুমূত্র, ধ্বজভঙ্গ, পাক-স্থলীর পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদিগের মধ্যে বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, কাকবন্ধ্যা, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পোর্টার সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত শত প্রমাণ প্রাপ্ত হইয়াছি। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপ-যোগীএক শিশি ঔষধ ডাকমাশুল সহ ২৷০ টাকা মাত্র।

সোল এজেণ্ট—ডাঃ ডি, ডি, হাজরা।
কড়েয়া, পার্কসার্কাস পোঃ, কলিকাতা।
ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

বিজ্ঞাপিত কেন?

সাধারণের হিতার্থে, মানবের দুঃখ না হইতে পারে তাহার পন্থা উদ্ভাবন সম্বলিত "কামশাস্ত্র" গ্রন্থখানি যিনি পাঠ করেন নাই, তিনি আবেদন করুন বিনামূল্যে প্রাপ্ত হউন। ইহা পাঠে উপকৃত হইয়া ১৫০০০ হাজার লোক কৃতজ্ঞ হইয়াছেন। প্রায় ৫০ বৎসরের পরীক্ষিত, শুক্রতারল্য, স্বপ্নদোষ ইত্যাদির যম "অ,তক-নিগ্রহ বটিকা" প্রতি কৌটার মূল্য ১৲ টাকা। প্রাপ্তিস্থান—আতঙ্ক-নিগ্রহ ফার্ম্মাসী, ২১৪ নং বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

মনোমোহন প্রেস

১০নং নবাবপুর, ঢাকা

পূর্ব্ব-বাঙ্গালায় স্থলভে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে
বিস্তৃত জানিতে হইলে নিম্ন-ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,
১০নং নবাবপুর, ঢাকা।

শ্রীমায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে শ্রীকুঞ্জবিহারী ব্রহ্মচারী কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

ছানীয়, সংস্করণ

Registered ...44

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি লাইন ।১০
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩।০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচারিত—নদীয়া জেলার একমাত্র মুখপত্র।

অগ্রিম মূল্যের হার
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২।০
মাসিক ১৲
নগদ প্রতি সংখ্যা ৫

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [৪ সংখ্যা

শ্রীচৈতন্য মঠ: শ্রীধাম মায়াপুর—২০শে ফাল্গুন মঙ্গলবার ১৩৩৬ ৪ঠা মার্চ ১৯৩০

শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

১।	শ্রীমদ্ভাগবতম্—শ্লোক সূচী, বিষয়-সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত। ভিক্ষা প্রতি খণ্ড সাধারণ পক্ষে ।৶০ গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে	৵০	১৬।	সাধনপথ (৩য় সংস্করণ)	।৶০
			১৭।	আচার ও আচার্য্য	।
			১৮।	নবদ্বীপধাম-গ্রন্থমালা	৸০
২।	অনুভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (২য় সংস্করণ)	৫৲	১৯।	ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা)	৶০
৩।	গৌড়ীয়-গৌরব	৶০	২০।	শ্রীনবদ্বীপধাম মাহাত্ম্য	৶০
৪।	গৌড়ীয়-গ্রন্থমালা	০	২১।	নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড)	৶০
৫।	ভক্তিতত্ত্ব	।০	২২।	শ্রীনবদ্বীপভাব তরঙ্গ	।০
৬।	শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)	১৲	২৩।	শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা দর্পণ	।০
	,, ,, ,, আবাঁধা	৸০	২৪।	মনঃশিক্ষা, দীনকথা, সাধনকথা, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অষ্টকত্রয় ও দশমূল মোট	।৶০
৭।	গীতা (শ্রীবলদেবভাষ্যসহ) বাঁধা ২৲ আবাঁধা	১৷০			
৮।	গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲ আবাঁধা	১৷০	২৫।	কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ ৫ অক্ষরে)	৷০
	গীতার কেবল মূল-গ্রন্থ	।০	২৬।	সাধককণ্ঠমণি	।০
৯।	দুঃসঙ্গ (অন্যাভিলাষ ঃ সাধ্যসাধন) বাঁধা	২৲	২৭।	সংস্কার-দীপিকা	।০
১০।	প্রেমবিবর্ত্ত (ভাষানুবাদ)	।০	২৮।	বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড)	৯৲
১১।	চৈতন্যাষ্টক	২৲	২৯।	ব্রহ্মসংহিতা	।০
১২।	শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)	৸০	৩০।	শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা	৸০
১৩।	গৌড়ীয়-কণ্ঠহার	২৲	৩১।	সর্ব্বসম্বাদিনী সানুবাদ	।০
১৪।	প্রেমামৃত (তৃতীয় সংস্করণ)	৸৶০	৩২।	গোবিন্দভাষ্যম্	৸০
১৫।	দীপ-বিনোদন		৩৩।	শ্রীচৈতন্যভাগবত (বিরাট, দ্বিতীয় সংস্করণ)	৫৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীধাম মায়াপুর, নদীয়া

অপূর্ব্ব সুযোগ! অপূর্ব্ব-সুযোগ!

শ্রীধাম মায়াপুর প্রদর্শনী

ছায়াচিত্রযোগে বক্তৃতা

বিষয়—সংকীর্ত্তন

বক্তা—পণ্ডিত ত্রিদণ্ডিস্বামী শ্রীভক্তি ... মহারাজ

প্রদর্শক—গোপালদাস ...

[illegible] বিষয়সূচী প্রভৃতি সহ

[illegible] খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

[illegible] মূল্য [illegible] টাকা।

২৭২৪ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইতেছে

[illegible] খণ্ড এবং নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৩।১০ সাধারণ পক্ষে ২০৸৵৹। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।৵০।

দশম স্কন্ধের ভিক্ষা ১২৲, অগ্রিম সাধারণের পক্ষে ৮৲।

৬২ অধ্যায়পর্যন্ত একাদশ সংখ্যা ছাপা হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষায় তৃতীয় সংস্করণ ৭৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন, তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০৲ টাকার এই বিরাট গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আখ্যাত

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫৲

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪৷৹ টাকা

শ্রীধাম মায়াপুর নবদ্বীপ প্রদর্শনী উপলক্ষে

শ্রীচৈতন্যচরিতামৃত বিরাট চতুর্থ সংস্করণ	১০৲	স্থলে	৫৲
গীতমালা	।১০	„	।০
জৈবধর্ম্ম	২৲	„	১৷০
গৌড়ীয় কণ্ঠহার	২৲	„	১৷০
শ্রীনবদ্বীপ-[illegible] (চক্রবর্ত্তী) বাঁধাই	২৲	„	১৷০
ঐ „ আবাঁধা (সাধারণ কাগজ)	১৷০	„	১৲
প্রেমবিবর্ত্ত[illegible]	।০	„	৩১০
নবদ্বীপ শতক	।০	„	৩১০
চৈতন্যচন্দ্রামৃত (আবাঁধা)			৷০
হরিনামচিন্তামণি	৸০		৷০
মহাপ্রভুর শিক্ষা	৸০		৷০
শ্রীচৈতন্যশিক্ষামৃত	১৷০		১৲
শ্রী[illegible]	২৷০		১৷০
[illegible] প্রমাণখণ্ড	৶০		।১০
[illegible] পরিক্রমা			।০

[illegible] হউন, পরে [illegible] পাইবেন না।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে জানেন না, তাঁহাদের শ্রীশ্রী প্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার সুবর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম।	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	৷০
একত্রে ৩ খণ্ড লইলে	১৲
সাধন পথ (শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	৷০
একত্রে ৩ খণ্ড লইলে	৷০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৶০
একত্রে ৩খণ্ড লইলে	৷০
গীতাবলী প্রতিখণ্ড	।১০
একত্রে ৩ খণ্ড লইলে	৶১৫
শরণাগতি—প্রতিখণ্ড	।০
একত্রে ৩খণ্ড লইলে	৶৫

প্রাপ্তিস্থান { শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী }

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ শ্রীধামমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগোপীনাথের মঠ,—চাপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪। শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড্, কলিকাতা।
৫। শ্রীপুরুষোত্তম মঠ,—সোণাকুঠী, পুরী।
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিকালনা, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৬নং অগস্ত্যকুণ্ড, কাশী, ইউ, পি।
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
১০। শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ সীতাপুর, ইউ পি।
১১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব।
১২। শ্রীমাধবগৌড়ীয় মঠ,—৯০নং নবাবপুর রোড্, ঢাকা।
১৩। শ্রীমধ্বগৌড়ীয় মঠ,—বালিয়াটি, ঢাকা।
১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাযোড়া, রাণীগঞ্জ পোঃ, বর্দ্ধমান।
১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—[illegible], [illegible] পোঃ, মাদ্রাজ।
১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,— আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা।
১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ [illegible] রোড্ নিউদিল্লি

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকটও নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—[illegible] রোড, খুলনা
২। শ্রীযুক্ত [illegible] গোস্বামী ভক্তিরত্ন—[illegible], [illegible] কুচবিহার।
৩। শ্রীযুক্ত [illegible]—[illegible] শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা
৪। মিঃ এন্ সি. মুখার্জি—এম, এস, [illegible], কানপুর।
৫। শ্রীযুক্ত [illegible]—[illegible], নদীয়া
[illegible]। শ্রী[illegible] [illegible] দ্বীপ।
শ্রী[illegible], নবাবপুর, ঢাকা।
[illegible] ২৪ পরগণা।
[illegible]

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

২০শে ফাল্গুন মঙ্গলবার—১৩৩৬

বৈষ্ণব সার্ব্বভৌম

শ্রীজগন্নাথদাস বাবাজীমহারাজের অপ্রকট মহোৎসব

গত ১৭ই ফাল্গুন শনিবার গৌর-পঞ্চমী দিবসে শ্রীধাম-মায়াপুর শ্রীচৈতন্য মঠে ওঁ বিষ্ণুপাদ বৈষ্ণব-সার্ব্বভৌম সিদ্ধ-মহাত্মা শ্রীল জগন্নাথ দাস বাবাজী মহারাজের অপ্রকট-মহোৎসব কীর্ত্তন মুখে মহাসমারোহে সম্পন্ন হইয়াছে। পরমারাধ্য শ্রীল প্রভুপাদ ভক্তগণের নিকট শ্রীল সিদ্ধ বাবাজী মহাশয়ের মাহাত্ম্য কীর্ত্তন করিয়াছিলেন। সভায় শ্রীচৈতন্যমঠের নাটমন্দিরে একটি বিশেষ অধিবেশনে [illegible] 'কোথা গেলা আচার্য্য ঠাকুর।' 'বৈষ্ণব-ঠাকুর দয়ার সাগর, এদাসে করুণা করি, দিয়া পদছায়া শোধ আমারে তোমার চরণ ধরি' প্রভৃতি মহাজন-পদাবলী কীর্ত্তিত হইবার পর শ্রীল প্রভুপাদের ইচ্ছানুসারে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ বন মহারাজ ম্যাজিক-লণ্ঠন-সংযোগে গুরু-পরম্পরা বর্ণন-মুখে সার্ব্বভৌম বাবাজী মহাশয়ের মাহাত্ম্য কীর্ত্তন করেন। অতঃপর শ্রীল বাবাজী মহারাজের চরিত্র কীর্ত্তন করিয়া বলেন—শ্রীমন্মহাপ্রভুর অপ্রকটের পর এই মহাপুরুষ বৃন্দাবন হইতে গৌড়মণ্ডলে আগমন করিয়া সর্ব্বপ্রথম লুপ্ততীর্থ শ্রীধাম মায়াপুরকে মহাপ্রভুর জন্মস্থান বলিয়া নির্দ্দেশ করেন। তাঁহার আদেশক্রমে তাঁহার শিষ্য ঠাকুর ভক্তিবিনোদ শ্রীধাম-মায়াপুর-নবদ্বীপকে বিশ্বজগতে বিঘোষিত করেন। ৪০০ গৌরাব্দে ওঁ বিষ্ণুপাদ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের হৃদয়ে শ্রীমায়াপুর-নবদ্বীপের বার্ত্তা প্রকাশিত হইলে ঠাকুর শ্রীশ্রীনবদ্বীপধামমাহাত্ম্য পুনঃ প্রকট করেন। ৪০০ গৌরাব্দেই শ্রীমায়াপুর-চন্দ্রের অপ্রাকৃত লীলাদির কথা বিশেষভাবে জগতে প্রচারিত হয়। ইহার পূর্ব্বে মহাপ্রভুর জন্মস্থান-বিধি-পূজা সাধারণ্যে প্রচারিত ছিল না। ৪০০ গৌরাব্দেই শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ গৌরাঙ্গ ও শ্রীচৈতন্য-শিক্ষা প্রকাশ করেন। এই ৪০০ গৌরাব্দ হইতেই শ্রীধাম নবদ্বীপ প্রকাশের সূত্রপাত আরম্ভ হয়। ৪০৫ গৌরাব্দে শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ "শ্রীশ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য" নামক গ্রন্থ প্রকাশিত করেন, ৪০৮ গৌরাব্দে সিদ্ধ মহাত্মা জগন্নাথ দাস বাবাজী মহারাজ, শ্রীল গৌরকিশোর দাস বাবাজী মহারাজ-প্রমুখ মহাজনগণের ইচ্ছায় শ্রীধাম-মায়াপুর যোগপীঠে শ্রীগৌরাঙ্গ-বিগ্রহ প্রকটিত হন। এবার ৪৪৪ গৌরাব্দে ওঁ বিষ্ণুপাদ শ্রীল প্রভুপাদ শ্রীধাম মায়াপুর-নবদ্বীপ-প্রদর্শনী প্রকটিত করিয়া সমগ্র বিশ্বে শ্রীধাম নবদ্বীপকে প্রকাশিত করিতেছেন। শ্রীচৈতন্য ভাগবতের (মধ্য ২৩ ১৯০) "নবদ্বীপ আর, নবদ্বীপ গ্রাম, বেদে প্রকাশিব পাছে"—এই ব্যাস-বাক্যের গূঢ় অর্থ আজ প্রত্যক্ষে ব্যক্ত হইল। বেদ অর্থে ৪ অঙ্ক নির্দ্দেশ করে। ৪৪৪ গৌরাব্দে সেই ৪ অঙ্কের ত্রিগুণ করিয়া শ্রীধাম-মায়াপুর-নবদ্বীপ-মহিমার পূর্ণতা প্রকাশিত হইল। আমাদের অনেকেই এই ব্যাস-বাক্যের তাৎপর্য্য উপলব্ধি করিতে পারা গেল। ১৩০০ সালে দোল পূর্ণিমা দিবসে সিদ্ধ জগন্নাথ দাস বাবাজী মহাশয় পশ্চিম নবদ্বীপের সমস্ত অভ্যাগত বৈষ্ণব লইয়া সংকীর্ত্তন করিতে করিতে শ্রীধাম মায়াপুর যোগপীঠে আসেন। বাবাজী মহাশয় শ্রীধামকে অপ্রাকৃত বলিতে বলিতে শ্রীধামের ধূলি মস্তকে গ্রহণ করিতে করিতে উদ্দণ্ড নৃত্য কীর্ত্তন করিয়াছিলেন। আবার পূর্ব্বনির্দ্দিষ্ট স্থান তাহার জন্য জঙ্গলাকীর্ণ বন উৎপাটন করা যায় তাঁহাদের ঝোপঝাড় কাটিয়া দেয়। তাহাতে বাবাজী মহাশয় প্রেম-লীলার ভাবে বিভোর হইয়া ঐ স্থানটী যে শ্রীধাম-অঙ্গন তাহা পুনঃ পুনঃ কীর্ত্তন করিতে থাকেন এবং তথায় শ্রীগৌরাঙ্গদেবের সেবা প্রকাশিত হওয়া আবশ্যক, তাহাও বলেন। বাবাজী মহাশয়ের ইচ্ছা-ক্রমে শ্রীধাম-অঙ্গন প্রকাশিত হইয়াছে। অধুনা যে সকল লোক তাঁহার নিজ মহাজনগণের কথা অগ্রাহ্য করিয়া নিজ নিজ মনগড়া কথা প্রচার আরম্ভ করিয়াছেন, তাহাতে তাঁহাদিগকে যে কোথায় যাইতে হইতেছে, তাহা কি একবারও ভাবিবার অবসর হইবে না? বাবাজী মহারাজের নির্দ্দিষ্ট সত্যের বিরুদ্ধাচরণ করিতে কি তাঁহাদের হৃদয় একটুও কম্পিত হয় না? এই ব্যাস-বাক্যের—বাস্তব সত্যের অপ্রাকৃত প্রকাশ কে রোধ করিবে? আজ মায়াপুর চন্দ্র ও তাঁহার নিজজনগণের সম্মান করিবার জন্য—বাস্তব সত্যের জয়গান বিশ্বে যে কথা প্রচারের জন্য ও জন সত্যের সেবকগণ অখিল বিশ্ববাসীর মঙ্গল সাধন করিতে যাইয়া অদ্য উৎসাহে বিরাট প্রদর্শনী-আয়োজন করিয়াছেন। শ্রীল জগন্নাথ প্রভুর প্রিয়তম সেবক ভক্তগণের মধ্যে মহাত্মা শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ ও তাঁহার অতি প্রিয় শ্রীল গৌরকিশোরকে জানাইয়া দিয়াছেন, আবার তাঁহারাই কৃপা করিয়া পরমারাধ্য শ্রীল প্রভুপাদকে জানাইয়া দিয়াছেন। আজ বাবাজী মহাশয় জগতে অবতীর্ণ না হইলে গৌড়ীয় বৈষ্ণবগণের ঘোর দুর্দ্দশা কে অপসারিত করিয়া দিত, কে বা বাস্তব সত্যের সন্ধান জানাইয়া অসৎ-তর্ক সকল চূর্ণ বিচূর্ণ করিয়া দিত? বাস্তবিক বাবাজী মহাশয় যখন বৈষ্ণব-জগতে অত্যন্ত ব্যভিচার-দোষ প্রবাহিত হইতেছিল, যখন শিক্ষিত সম্প্রদায় 'গৌড়ীয় বৈষ্ণব' নামধারী অবৈধ সম্প্রদায়ের যথেচ্ছ আচার-ব্যবহার-দুষ্ট মহাপ্রভুর প্রচারিত বিমল বিচার করিবার চেষ্টা হইতে দোষ করিয়া মহাপ্রভুর কথায় বীতশ্রদ্ধ হইতে লাগিল, মহাপ্রভুর কথাকে কতকগুলি নিম্নশ্রেণীর লোকের আলোচ্য জ্ঞান করিতে লাগিল, এমন সময় গৌড়ীয়ের এই অন্ধকার যুগে শ্রীল জগন্নাথ বৃন্দাবন হইতে গৌড়মণ্ডলে আসিয়া মহাপ্রভুর শুদ্ধভক্তিসিদ্ধান্ত প্রচার আরম্ভ করেন এবং সেই প্রচার-কার্য্যের প্রধান সহায় স্বরূপে পাইলেন শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরকে, শ্রীল গৌরকিশোর দাস বাবাজী মহারাজকে এবং শ্রীল প্রভুপাদকে।

বাবাজী মহাশয় ভক্তিবিনোদ ঠাকুর এবং শ্রীল প্রভুপাদকে বড়ই ভালবাসিতেন। তিনি স্বানন্দসুখদ-কুঞ্জে অনেক সময় থাকিতেন। ভক্তিবিনোদের স্কন্ধের উপর তাঁহাকে বসাইয়া ভক্তিবিনোদ ঠাকুর তাঁহার একটী ফটো তুলাইয়াছিলেন। তিনি প্রায় দেড়শত বৎসর প্রকটে প্রকটিত ছিলেন। বৃন্দাবনের শ্রীল মাধব দাস বাবাজী মহাশয় তাঁহাকে বেশ দিয়াছিলেন। তাঁহার চোখের পাতা এত ঝুলিয়া পড়িয়াছিল যে তাহা হাতে তুলিয়া ধরিয়া তবে দেখিতে হইত। ১৩০-১৩৫ বৎসর বয়সে বাবাজী মহাশয় কোমর খুব কুঞ্জ হইয়া পড়িয়াছিলেন। কিন্তু যখন কীর্ত্তন করিতেন, তখন এক একটী লম্ফ দিয়া [illegible] উদ্দণ্ড নৃত্য কীর্ত্তন করিয়াছেন, এমন অনেক লোক এখনও বর্ত্তমান আছেন। শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের জ্যেষ্ঠা কন্যা শ্রীযুক্তা সৌদামিনী দেবী ঠাকুরের নিকট দীক্ষামন্ত্র পাইবার সৌভাগ্য লাভ করেন এবং তাঁহার স্বহস্ত-সেবিত গোবর্দ্ধন শিলার সেবাভার প্রাপ্ত হন। তিনি বাবাজী মহারাজের প্রদত্ত সেই গোবর্দ্ধন শিলা পূজা করিয়া থাকেন। অধুনা অনেকে বাবাজী মহারাজের আশ্রয় বলিয়া পরিচয় দেন, কিন্তু বাবাজী মহাশয় কাহাকেও শিষ্য করেন নাই। তিনি সকল বৈষ্ণবগণকেই সমান কৃপা করিতেন।

শ্রীল বাবাজী মহারাজের অপ্রকটের পর শ্রীল বিহারী দাস বাবাজী মহাশয় যাহা বলিয়াছিলেন, তাহা গৌড়ীয় [illegible] বর্ষ [illegible] সংখ্যা [illegible] পৃষ্ঠায় উদ্ধৃত হইয়াছে; আমরা নদীয়া-প্রকাশের পাঠকগণের কৌতূহল নিবৃত্তির জন্য তাহা বারান্তরে বর্ণনা করিবার ইচ্ছা রাখিলাম।

অদ্য শ্রীল প্রভুপাদ যে বিরাট প্রদর্শনীর আয়োজন করিয়াছেন, শ্রীল বাবাজী মহাশয়ই সেই প্রদর্শনীর প্রথম দ্বার উদ্ঘাটন করেন। মহাপ্রভুর অপ্রকটের পর লুপ্ত শ্রীধাম-মায়াপুর পুনরুদ্ধার করিয়াছেন শ্রীল বাবাজী মহারাজের প্রকট-লীলা। যে বৎসর শ্রীগৌরবিগ্রহ শ্রীধাম মায়াপুরে ফাল্গুনী পূর্ণিমায় প্রতিষ্ঠিত হইলেন অর্থাৎ বাঙ্গালা ১৩০০ সালে ফাল্গুন মাসে বাবাজী মহারাজ প্রভুবর শ্রীল গৌরকিশোর দাস বাবাজী মহারাজকে বৃন্দাবন হইতে গৌড়মণ্ডলে আনয়ন করেন। ইঁহারাই কৃপায় আজ জগদ্গুরু ঠাকুর ভক্তিবিনোদ, শ্রীল গৌরকিশোর ও শ্রীল প্রভুপাদের নিকট প্রয়োজন, সম্বন্ধ ও অভিধেয়-বিচার প্রাপ্ত করিবার সৌভাগ্য বরণ করিয়াছেন।

সার্ব্বভৌম বাবাজী মহাশয় বাল্যকাল হইতে আমাদের চক্ষে অতি প্রাচীন হইয়াও পরমহংস-শিরোমণি ছিলেন। তিনি প্রভুপাদকে ঠাকুর ভক্তিবিনোদের নিকট ক্রোড়ে করিয়া আদর করিয়া আশীর্ব্বাদ করিয়াছিলেন, বলিয়াছেন—'ইনি [illegible], আমা গোরা বাণী প্রচার হইবে।' এই কথা সর্ব্বদা তাঁহাকে প্রকাশ করিতে দেখা যাইত।

কোলদ্বীপে তাঁহার সমাধি-মন্দির বিদ্যমান আছেন। শ্রীধাম নবদ্বীপ-পরিক্রমায় সমস্ত যাত্রী পাড়াতলায় বাবাজীর সমাধি দর্শন করিতে তথায় গিয়া থাকেন এবং সমাধিকের পূজা করেন।

শ্রীল বন মহারাজের উক্ত বক্তৃতার পর 'কিরূপে পাইব সেবা মুঁই দুরাচার, শ্রীগুরু বৈষ্ণবে রতি না হৈল আমার' ইত্যাদি ঠাকুর মহাশয়ের পদাবলী ও মহামন্ত্র নাম সংকীর্ত্তনসহ শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের বিপুল জয়ধ্বনির মধ্যে সভা ভঙ্গ হয়।

পরিক্রমা-প্রসঙ্গ

অদ্য শ্রীধাম পরিক্রমার অধিবাস কীর্ত্তন-মহোৎসব। আগামী কল্য পরিক্রমার প্রথম দিবস—শ্রীনবদ্বীপের অন্তর্গত অন্তর্দ্বীপ শ্রীমায়াপুর-পরিক্রমা। দেশ দেশান্তর হইতে বহু যাত্রী আসিয়াছেন ও এখনও আসিতেছেন। সন্ধ্যায় শ্রীচৈতন্যমঠের নাট্য-মন্দির-প্রাঙ্গণে একটি বিশেষ অধিবেশনে বক্তৃতার ভিতর দিয়া শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুর শ্রীধাম-পরিক্রমার উদ্দেশ্য পরিক্রমা-যাত্রিগণকে বুঝাইয়া দিবেন। সকলেরই সেখানে যোগদান প্রার্থনীয়।

শ্রীবিষ্ণুপাদ শ্রীল প্রভুপাদ ও তাঁহার নিজজনগণ প্রত্যহ পরিক্রমা-যাত্রিগণের নিকট শ্রীচৈতন্যভাগবতের বাণী কীর্ত্তন করিতেছেন। কঠিন কঠিন দার্শনিক-বিষয়গুলি সহজে বোধগম্য করিবার জন্য ছায়াচিত্র প্রদর্শনের ব্যবস্থা হইয়াছে।

পরিক্রমা-শ্রবণ-কীর্ত্তনের এবং শ্রীধাম-পরিক্রমার যে সুযোগ সুবিধা আজ প্রভুপাদ আমাদিগকে দিয়াছেন, তাহা কেহ কখনও কল্পনা করিয়া উঠিতে পারেন নাই। জগজ্জীবকে ভগবদুন্মুখ করিবার জন্য বসিয়া থাকিতে নিত্যধাম হইতে আসিয়া আজ যে জনার্দ্দন বর্ষণ করিতেছেন, তাহাদিগকে সেই অনর্থ হইতে উদ্ধারের জন্য—তাহাদিগকে যথার্থ শ্রীধাম দর্শন করাইবার জন্য শ্রীল প্রভুপাদ আজ যে উপায় প্রদর্শনী উদ্ভব করিলেন, যে শ্রীধাম পরিক্রমার আয়োজন করিলেন, তাহাতে যোগদান করিবার জন্য কোন্ ভাগ্যবান্ ব্যক্তি না প্রস্তুত হইবেন?

লোকে ধর্ম্মের-নামে মত্ত হইয়া পরমার্থ একেবারে ভুলিয়া যাইতেছে দেখিয়া ভক্তবৎসল পতিতপাবনী প্রভুপাদের অন্তর কাঁদিয়া উঠিয়াছে। তাই তিনি আজ জীবগণকে শ্রীধামে ডাকিয়া আনিয়া তাঁহাদিগের স্বরূপ-বুদ্ধি নিত্য কৃষ্ণদাসের কথা—নিত্য নবদ্বীপ গোলোক বৈকুণ্ঠের কথা শ্রবণ করাইয়া দিতেছেন। ভগবৎ-প্রেরণের এমন অহৈতুকী দয়ালিতা কৃপা আপনার পরম সুযোগ কি নিত্য এই স্বরূপের .... অদ্বৈতবৈশিষ্ট্য .... যাহারা কৃষ্ণভজনের কোন প্রয়োজন স্বীকার করিতে চাহেন না, তাঁহারা নিকট কৃষ্ণতত্ত্ব .... বিশ্ব .... ইহাদের .... প্রতিমা পূজা .... পূর্ণিমা .... কেন .... আর্য্যগণের সিদ্ধ।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীধামনবদ্বীপ পরিক্রমা

নিমন্ত্রণ পত্র

শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর,

১৫ ফাল্গুন, ১৩৩৬

বিপুলবৈভবসমানপুরঃসরম্—

আগামী ২১শে ফাল্গুন ৫ই মার্চ্চ বুধবার হইতে মহাবিবরণাল নবদ্বীপের নয়টি দ্বীপে শ্রীধাম-পরিক্রমা হইবে। কৃপা করিয়া পরিক্রমায় যোগদান করিলে পরমানন্দের বিষয় হয়। স্বয়ং যোগদান করিবার সুযোগ না হইলে এই চাঁদার অর্থ যে কোন প্রকার সাহায্য করিলেও তাহার শুভফলের ভাগী হইতে পারিবেন। আমাদের পরিক্রমার বিবরণ নিম্নে প্রদত্ত হইল।

ইং অতুলচন্দ্র বন্দ্যোপাধ্যায় (ভক্তিসারঙ্গ গোস্বামী), শ্রীরাধেগোপাল বিদ্যাভূষণ (এম, এ), শ্রীসুন্দরানন্দ বিদ্যাবিনোদ (বি, এ), শ্রীনরহরি বিদ্যাবৃত্ত (এম, এ, বি, এল) এবং শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ—শ্রীগৌড়ীয় বৈষ্ণব-ব্রাহ্মণগণের সম্পাদকগণ।

(১) অন্তর্দ্বীপ (শ্রীচৈতন্যমঠ, শ্রীযোগপীঠ শ্রীবাস ও শ্রীঅদ্বৈত অঙ্গন, চাঁদকাজীর সমাধি ও শ্রীধামে ইত্যাদি) ২১শে ফাল্গুন ৫ই মার্চ্চ বুধবার।

(২) সীমন্তদ্বীপ (সীমুলিয়া, শরডাঙ্গা, বেলপুখুরিয়া, মেঘার চর, ...পুকুর) ২২শে ফাল্গুন ৬ই মার্চ্চ বৃহস্পতিবার।

(৩) গোদ্রুমদ্বীপ (......, সুবর্ণবিহার, ..., হরিহরক্ষেত্র, দেবপল্লী) ২৩শে ফাল্গুন ৭ই মার্চ্চ শুক্রবার।

(৪) মধ্যদ্বীপ (মাজিদা, ভালুকা, ..., ব্রাহ্মণপুষ্করিণী) ২৪শে ফাল্গুন ৮ই মার্চ্চ শনিবার।

(৫) কোলদ্বীপ (সহর নবদ্বীপ, গঙ্গানগর, ..., কোলের গঞ্জ, ...) ২৫শে ফাল্গুন ৯ই মার্চ্চ রবিবার।

(৬) ঋতুদ্বীপ (রাতুপুর, চম্পাহট্ট, বা চাঁপাহাটিতে শ্রীগৌরগদাধরের শ্রীমন্দির) ২৬শে ফাল্গুন ১০ই মার্চ্চ সোমবার।

(৭) জহ্নুদ্বীপ (বিদ্যানগর, জান্নগর) ২৭শে ফাল্গুন ১১ই মার্চ্চ মঙ্গলবার।

(৮) মোদদ্রুমদ্বীপ (মামগাছি, অর্কটিলা বা একডালা মাতাপুর) ২৮শে ফাল্গুন ১২ই মার্চ্চ বুধবার।

(৯) রুদ্রদ্বীপ (রুদ্রপাড়া, শঙ্করপুর, ...পুর, গঙ্গার ডাঙ্গা) ২৯শে ফাল্গুন ১৩ই মার্চ্চ বৃহস্পতিবার।

৩০শে ফাল্গুন ১৪ই মার্চ্চ শুক্রবার হইতে দিবসত্রয় শ্রীধাম-মায়াপুর যোগপীঠে শ্রীশ্রীগৌর-জন্মোৎসব হইবে।

মৎস্য মাংস ভোজন

(পূর্ব্ব প্রকাশিত ২য় বর্ষ)

আজ কাল কতকগুলি লোকের একটা বদ্ধমূল বিশ্বাস জন্মিয়াছে যে, মৎস্য মাংস ভোজন না করিলে বহু দিন শরীর ও মস্তিষ্কের বল ও বুদ্ধি-শক্তি থাকে না। বিলাতী ডাক্তারদিগের পরামর্শ, মৎস্য মাংসাশীদিগের যুক্তি এবং প্রাচীন ইত্যাদি কুসংস্কার হইতে ঐ বিশ্বাস .... বিশেষতঃ অনেক ইংরাজী শিক্ষিত ব্যক্তিগণ .... ঐ মতের নিতান্ত পক্ষপাতী হইয়া অস্বাভাবিক দুর্ব্বলতার মধ্যে। মৎস্য মাংসের প্রবৃত্তি উত্তেজনা করে। তাহাতে ফল এই হইতেছে যে, পুণ্য ভূমি ভারতবর্ষে আর্য্যসন্তানগণ দৈহিক বল পরিত্যাগ পূর্ব্বক বিজাতীয় আচার ব্যবহার গ্রহণ করত ক্রমশঃ দৈন্য ও বিলাস-প্রিয় হইতেছেন। হিন্দু-প্রধান দেশের আহার সম্বন্ধে আমরা আপাততঃ কিছু বলিতেছি না। কিন্তু আমাদের ভারতবর্ষে নিরামিষ ভোজনের বিশেষ প্রয়োজনীয়তা আছে, তাহা সকলে ঐ দৈহিক ও দৈবিক বিচার দ্বারা সহজে প্রতিপন্ন করা যায়। আমরা ক্রমশঃ তাহারই অনেক আলোচনা করিব। সম্প্রতি সংক্ষেপে আলোচনা করিয়া নিবৃত্ত হইব।

আমাদের দেশে পুরাকাল হইতে সকল জাতি ব্যক্তিদিগের পক্ষে তিন প্রকার ভোজনের ব্যবস্থা আছে। সাত্ত্বিক ভোজন, রাজসিক ভোজন ও তামসিক ভোজন। যাঁহারা সাত্ত্বিক ভোজন করেন, তাঁহারা একবার মাত্র এক পাকে আতপ তণ্ডুল, কোন প্রকার মূল বা প্রীতি, কোন প্রকার ফল মূল, দুগ্ধ, দধি ও অন্য মিষ্ট দ্রব্য প্রভৃতি সহজ একটি দণ্ডের মধ্যে এক সময়ে আহার করিতে পারেন। যাঁহারা রাজসিক ভোজন করেন, তাঁহারা আতপ বা সিদ্ধ তণ্ডুল এবং মৎস্য মাংস বিবিধ প্রকার ব্যঞ্জন, দুগ্ধ, দধি ও বহু দিন বিবিধ ভোজন করিতে পারেন। যাঁহারা তামসিক ভোজন করেন, তাঁহারা .... মৎস্যা ঐ সমস্ত দ্রব্যের সহিত ভোজন করিতে পারেন। এই প্রকার ত্রিবিধ আহারের মধ্যে .... সাত্ত্বিক লোকগণ সাত্ত্বিক আহার, রাজসিক লোকগণ রাজসিক এবং তামসিক লোকগণ তামসিক ভোজন করিয়া থাকেন। সমস্ত ইহার পর্য্যালোচনা করিলে বোধ হয় যে, সাত্ত্বিক লোকদিগের অতি অল্প পীড়া হয় এবং যে পীড়া হয় তাহাদের প্রকৃত সামর্থ্য আছে। রাজসিক লোকদিগের তামসিক লোক অপেক্ষা অল্প পীড়া হয়। রাজসিক লোকেরা আজ বিশুদ্ধ সাত্ত্বিকতা অবলম্বন পূর্ব্বক উচ্চ উচ্চ আধ্যাত্মিক ক্রিয়া কলাপের উপযোগী হন। তামসিক লোকদিগের আচারাদি বিষয় কেবল .... প্রবৃত্তি অনুসারে .... ক্রমশঃ তাহাদের .... সাধন করিবার .... হইয়াছে। সংক্ষিপ্ত ......, পরমার্থ, ... যে সমস্ত .... নিষেধ করা হয়, তাহা কেবল তামসিক ব্যক্তিগণের পক্ষে; সাত্ত্বিক ও রাজসিক ব্যক্তিগণের পক্ষে সে সকল বিধানের প্রয়োজন নাই। সাত্ত্বিক ও রাজসিক ব্যক্তিদিগের অনেকেই এই যে সাত্ত্বিক ব্যক্তিগণ রাজসিক ও তামসিক খাদ্য দ্রব্য কোন কালেও স্বীকার করেন না। রাজসিক ব্যক্তিগণ নিষিদ্ধ বোধে তামসিক দ্রব্যাদি কখন কখন স্বীকার করেন।

কেহ এক জিজ্ঞাসা করিতে পারেন যে, কেবল সাত্ত্বিক আহার করিলেই কি সকল .... দিবস সাত্ত্বিক আহার .... কেন .... যোগ-দেশ ......, আধ্যাত্মিক সামর্থ্য লাভ করি না?

তাঁহাদের উক্তির অর্থ এই যে মানব প্রকৃতি কেবল আহারের উপর নির্ভর করে না। আহার ব্যবহার ও আধ্যাত্মিক চেষ্টা এই তিন প্রকার কার্য্যের দ্বারা মানব প্রকৃতির উন্নতি হয়। আহার্য্য সাত্ত্বিক আহার দ্বারা সত্ত্ব শুদ্ধ হয়। সত্ত্ব শব্দে শরীর ও মনকে বুঝিতে হইবে। সত্ত্ব শুদ্ধ হইলেও যদি ব্যবহারগুলি সাত্ত্বিক না হয়, তবে শুদ্ধ সত্ত্বও ক্রমশঃ অশুদ্ধ হয়। ব্যবহার শব্দ দ্বারা আহার ব্যতীত অন্যান্য সমস্ত আচারকে বুঝিতে হইবে। হিংসা পরিত্যাগ, সত্য, সরলতা, অহিংসা প্রভৃতি যম ও নিয়মগুলি সমস্তই ব্যবহার শব্দের অন্তর্গত। আহার ও ব্যবহার সাত্ত্বিক হইলেও মানব যদি ঐ সঙ্গে আধ্যাত্মিক অনুশীলন না করে তাহা হইলে মানব প্রকৃতির সম্যক উন্নতি কিরূপে হয়? যদি কেহ সাত্ত্বিক উন্নতির ফল দেখিতে চান, তবে সাত্ত্বিক আহার, সাত্ত্বিক ব্যবহার ও সাত্ত্বিক অনুশীলন করিয়া দেখুন। অব্যর্থ ফল লাভ করিবেন। কোন অংশে ত্রুটি হইলে সম্পূর্ণ ফলের ব্যাঘাত হইবে। ব্যবহার ও অনুশীলন করিবার যোগ্যতা লাভ করিতে হইলে প্রথমেই সাত্ত্বিক আহারের প্রয়োজন।

সাত্ত্বিক আহার, ব্যবহার ও অনুশীলন দ্বারা যে মানবের উন্নতি সিদ্ধ হয় তাহার অনেক উদাহরণ আছে। 'মুসলমান বৈদেশিক বণিকগণ ভারতে প্রথম আসিয়া প্রশংসা করেন বলিয়া অনেকে তাঁহাদিগকে বিজ্ঞসিদ্ধি ও মুসলমানদিগের ভক্তি-দিগের চরিত্র দেখাইয়া দিয়েছে। মুসলমান, বৌদ্ধ ও খৃষ্টানদিগের মধ্যে উন্নতির বিধি কিরূপ পাইয়াছে অবগত হইয়া অনেক স্থলে তাহা সিদ্ধি করিয়াছেন। সে স্থলে যথার্থ আর্য্য ও বৈদিক সাত্ত্বিকতা যে আরও অধিকতর কার্য্যকর ও ফলপ্রদ, তাহাতে আর সন্দেহ কি?

শ্রীধাম মায়াপুর প্রদর্শনী

কর্মপথ

(শ্রীযুক্ত নিশিকান্ত সান্যাল এম, এ)

শ্রীধাম মায়াপুর প্রদর্শনীর 'কর্মপথ' বিভাগে জীবন যাপনে আবশ্যক এবং বিলাস সাধনের যাবতীয় দ্রব্যাদির বিপণি স্থাপিত হইয়াছে। 'কর্মপথ' বিভাগে শ্রীচৈতন্য মঠের ভক্তগণ দ্বারা কতকগুলি পারমার্থিক প্রতিষ্ঠানও প্রকাশিত হইয়াছে। 'শাস্ত্রীয় গ্রন্থাগার' প্রতিষ্ঠান তাহার অন্তর্গত। এই 'কর্মপথ' বিভাগের কেন্দ্রস্থলে স্থাপিত হয়েছে।

যাঁহারা পল্লী ও নগরের উন্নতি সাধনে ব্রতী হইয়াছেন, তাঁহাদের নিকট আমার বিনীত প্রার্থনা এই যে বিশেষ যাবতীয় গ্রাম ও নগরগুলিকে তাঁহাদের সংস্কার চেষ্টার অন্তর্ভুক্ত না করিলে তাঁহাদের সকলের উদ্যম সফলতা মণ্ডিত হইতে পারিবে না। যাবতীয় গ্রাম ও নগরের জটিল সমস্যাগুলির সমাধান দ্বারা সমুদয় গ্রাম ও নগর বাসীদিগের মধ্যে একতা এবং সহযোগিতা স্থাপিত না হইলে প্রকৃত সংস্কার সম্ভব হইতে পারিবে না।

শ্রীধাম মায়াপুরের 'কর্মপথ' বিভাগ যাবতীয় গ্রাম ও নগর সংস্কারের পথ প্রদর্শন করিতেছে। দেশের সংস্কারকগণ এদিকে স্থির মনোযোগী হইলে বিশ্ব-নগরের সমস্যার সমাধান হইতে পারে।

প্রত্যেক নগরে ও গ্রামে একটি বাস্তব-সত্যের গ্রন্থাগার স্থাপিত হওয়া আবশ্যক। উহা সার্বজনীন অনুষ্ঠানের কেন্দ্রস্বরূপ হইবে। কিন্তু কেবল গ্রন্থ সংগ্রহ করিলেই উদ্দেশ্য সিদ্ধ হয় না। গ্রন্থের নিরপেক্ষ বিচারের যথার্থ সমাদর প্রয়োজনীয়তা আবশ্যক। এই গ্রন্থাগার রক্ষকগণ নিষ্ঠাবান্‌কে যথাযথ রূপে পড়িয়া নিষ্ঠার নির্দেশ এবং তাঁহাদের সংশয় অপনোদনে সমর্থ হইবেন।

এই রক্ষক নিজে শাস্ত্রার্থে পারদর্শী হইবেন। গ্রন্থাগার রক্ষকই গ্রন্থাগারের প্রাণ। উপযুক্ত রক্ষকহীন গ্রন্থাগার আমাদের কোনো উপকারে আসিবে না। যে সে ব্যক্তি শাস্ত্র গ্রন্থাগার রক্ষক হইলে চলিবে না। যদি অনুপযুক্ত ব্যক্তিকে শাস্ত্রগ্রন্থের রক্ষক পদে বরণ করা হয় তদ্দ্বারা সমাজের বিশেষ অমঙ্গল সাধিত হইবে। শাস্ত্র গ্রন্থাগার রক্ষক স্বয়ং শাস্ত্রে প্রজ্ঞাসম্পন্ন হইবেন। তাঁহার নিজের যাবতীয় আচরণ শাস্ত্রসম্মত হওয়া আবশ্যক। সাধারণ ব্রাহ্মণ অথচ ব্রাহ্মণের চিহ্নাদি রহিত ব্যক্তিকে কখনও শাস্ত্রগ্রন্থ সংরক্ষণের ভার দেওয়া উচিত নহে। যিনি সত্যস্বরূপ ব্রহ্মকে বাস্তবিকই জানেন না তিনি ব্রাহ্মণপদ-বাচ্য নহেন।

বর্তমান অবনতির মূল কারণ—বর্ণাশ্রম অবনতি। বাস্তবিক ব্রাহ্মণই বর্ণের একমাত্র রক্ষক। ব্রাহ্মণ যখন 'জাতি' হিসাবে পরিণত হইয়া শুদ্ধ আধ্যাত্মিক অপরাধে সমাজে বহুপরিচিত হইলেন তখন হইতেই বঙ্গে গ্লানি প্রবিষ্ট হইতে আরম্ভ হইল। সে সম্বন্ধে যুক্তি আলোচিত নহে। ভ্রম হেতু ব্রাহ্মণ পরিচয় দিয়া তাঁহার কার্য্য শাস্ত্রীয় নিয়ম বিরুদ্ধ। শাস্ত্রগ্রন্থের রক্ষক এবং শাস্ত্রগ্রন্থ আলোচনার উপদেষ্টাদের জন্য যুক্তবাক্য আবশ্যক, ব্রাহ্মণবৃত্তি বর্জিত শৌক্র ব্রাহ্মণ হইতে বাস্তব সত্য প্রচার সম্ভব নহে।

শ্রীচৈতন্যমঠ যুক্তবাক্যগণ প্রচারের নিমিত্ত সর্ববিদ্যাপীঠ স্থাপন করিয়াছেন। এই সর্ববিদ্যাপীঠের ছাত্রগণ যুক্তব্রাহ্মণত্ব প্রতিষ্ঠিত করিবার সাধনা করেন। এই সর্ববিদ্যাপীঠের অধ্যাপকগণ নিজেরা শাস্ত্রীয় সদাচার সর্বতোভাবে পালন করেন। প্রকৃত শাস্ত্রীয় সদাচার যাবতীয় আধ্যাত্মিক সঙ্কীর্ণতা বর্জিত। নিরপেক্ষ বিচার দ্বারা ইহা সম্যক্ প্রতিপন্ন করিবার যোগ্য। শাস্ত্রীয় সদাচার স্বার্থপরতা বর্জিত, শাস্ত্রীয় সদাচার সর্বপ্রকার দৈহিক সাম্প্রদায়িকতা বর্জিত। উহা কোনও সম্প্রদায় বিশেষের ব্যাপার মাত্র নহে। ইহা শ্রীচৈতন্যমঠের অধ্যাপকগণ এবং উহার ছাত্রগণ নিজেদের আচার এবং প্রচার দ্বারা প্রমাণিত করিয়াছেন এবং করিতে থাকিবেন।

যুক্তব্রাহ্মণতা জগতে পুনঃ প্রতিষ্ঠিত হইলে সমাজ সংস্কারের প্রকৃত আরম্ভ হইবে। গ্রাম ও নগর গুলির পারমার্থিক সংস্কার অবিলম্বে সাধিত হওয়া আবশ্যক। শ্রীচৈতন্য-মঠের প্রধান শাখামঠ শ্রীগৌড়ীয়মঠ বহুদিন হইতে কলিকাতা মহানগরীতে স্থাপিত হইয়াছেন। এই গৌড়ীয়মঠ কলিকাতা নগরীর প্রকৃত মঙ্গল সাধনের মূল উৎস হইবার যোগ্য। ইহাকে কেন্দ্রস্থলে স্থাপন করিয়া প্রকৃত নিরপেক্ষ সংস্কার প্রবর্তিত হওয়া সম্ভব এবং আবশ্যক।

শ্রীগৌরসুন্দর কোন সঙ্কীর্ণ সম্প্রদায় বিশেষের প্রবর্তক নহেন। জগতের সাম্প্রদায়িকতা দূরীভূত হইলে যে নির্মল ধর্ম্ম স্বয়ং নিত্য হয় সেই সনাতন, ভগবৎপ্রণীত, সার্বজনীন, সার্বকালিক ধর্ম্ম যাহা সাধু শাস্ত্রে পূর্ণ ভাবে নিত্যকাল বিরাজিত রহিয়াছে, শ্রীগৌরসুন্দর সেই সনাতন বৈষ্ণব ধর্ম্মের সর্বশ্রেষ্ঠ আচার্য্য। শ্রীগৌরসুন্দরের আচার এবং প্রচার অবলম্বন করিয়া—সনাতন ধর্ম্মের লুপ্ত মহিমা পুনরায় প্রতিষ্ঠিত হইতে পারিবে।

ইহা ব্যক্তিবিশেষের, যুগবিশেষের, দেশবিশেষের কথা নহে। শাস্ত্রীয় বিচার নিরপেক্ষ। শাস্ত্রীয় বিচার সর্বলোকের হিতকর, কখনও ভিন্ন সাম্প্রদায়িক মতকে লক্ষ্য করে না। শাস্ত্রীয় বিচারের ভক্তিশাস্ত্র বাস্তব সত্য। শ্রীগৌরসুন্দর নিরপেক্ষ বাস্তব সত্যের সর্বশ্রেষ্ঠ প্রচারক। ইহা নিরপেক্ষ বিচার দ্বারা উপলব্ধ হইবে।

সুতরাং যে বিশ্ববাসী কেবল জন্মসূত্রে প্রাপ্ত কুল অভিমান আভিজাত্য লইয়া এই চরম আলোচনার বিষয় বিচার করিতে প্রবৃত্ত হইবেন না। যাঁহারা সঙ্কীর্ণতা দ্বারা নিজেকে বদ্ধ করেন না। যাঁহারা সম্পূর্ণ রূপে উন্মুক্ত হইয়া নিরপেক্ষ সত্য গ্রহণে প্রস্তুত হন। যাঁহারা সম্পূর্ণ উন্মুক্ত হৃদয়ে—সত্যস্বরূপ একমাত্র ব্রহ্মকে স্বীকার করিয়া সত্য গ্রহণ ও প্রচার বিষয়ে তৎপর হন। বাস্তব সত্যকে যাবতীয় 'কর্তব্য' একমাত্র লক্ষ্য বলিয়া 'কার্য্যতঃ' স্বীকার করে। অতএব নিজে নিজেকে প্রতারিত করিবে। অন্যের নামে, সত্যের নামে অসত্য এবং অসত্য প্রতিষ্ঠিত হবে।" এই ব্যক্তিগত এবং সামাজিক অকল্যাণের একমাত্র এবং মূল কারণ। শ্রীচৈতন্যমঠ এই মূল ব্যাধির চিকিৎসায় প্রবৃত্ত হইয়াছেন।

শ্রীগৌরসুন্দরের মনোভীষ্ট পূর্ণ হইতেছে। জগতের বহু প্রকার নানা বিঘ্ন সত্ত্বেও শাস্ত্রের পুনঃ-প্রচার কার্য্যে সহায়তা করিবে। বাস্তব সত্য সকল যুগেই এই প্রকারে জগতে উদিত হইয়া বহুজীবের চরম মঙ্গল সাধন করিয়াছে। শ্রীধাম মায়াপুর প্রদর্শনীতে সমাগত ভাগ্যবান ব্যক্তিগণ প্রকৃত শাস্ত্র বিষয় অনুধাবন করুন, বিচার করুন এবং তদ্দ্বারা এই আবশ্যক সংস্কার প্রকৃত সমাধানে সচেষ্ট হউন। পারমার্থিক শ্রীশ্রীগৌরসুন্দরের অমন্দ দয়ার উপলব্ধি করিয়া নিজে ধন্য হউন এবং উহার প্রচার দ্বারা জগদ্বাসীকে ধন্য করুন। এমন সুযোগ লাভ করিয়া স্বীয় এবং অপরের প্রকৃত মঙ্গল সাধনে উদাসীন হওয়া অপেক্ষা দুর্ভাগ্য আর কি হইতে পারে?

লোহার কড়ি
বরগা
করুগেট টিন, জানালা দরজার গরাদে
দালানের ফুলদার রেলিং ওয়ার্ক
বেড়ার কাঁটাতার ইত্যাদি
সুলভে বিক্রয় করি

দৈনিক পঞ্জিকা প্রকাশ

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

পারফালেন

টনিক ও সালসা। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার নরম হয়। কলেম পরিচায়কে

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ২।৩ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকার ঔষধ পাওয়া উচিত নয় কি? এখনে সুখবার হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ বিষের জল খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে হয়রান হবেন কেন? সুতরাং ১০ আনায় পারফালিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট, এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর থাকিলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ভ ক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ৸৹ আনা, ডজন ৫।৹ আনা।

এজেন্ট—মেসারস্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কলিকাতা

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

যুগল-মূর্ত্তি মার্কা
সর্ব্বত্র পাওয়া যায়।

ত্রিগুণ তৈল

আসল ও খাঁটি
শিশি ৸৹ আনা, ডজন ৫৲
ভিঃ পিঃ ও ডাকমাশুল স্বতন্ত্র।

যুগল-মূর্ত্তি মার্কা এবং বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

মহর্ষি চরক শাস্ত্রোক্ত ভৈষজ্য উপাদানে খাঁটি কাঁচা কৃষ্ণতিল তৈলে সুগন্ধাদি, কস্তুরী, গোলাপ, চামেলী, হেনা, চম্পক, কদম, বেলা, প্রভৃতি মূল্যবান মহাসুগন্ধি দ্রব্য সংমিশ্রণে প্রস্তুত বিধায় ছয় ঋতুতেই সমভাবে ইহার অনুলেপনে গুণ ও গন্ধ উপলব্ধি হইয়া থাকে। বস্তুতঃ এই সর্ব্বগুণসম্পন্ন পরম পবিত্র ত্রিগুণ তৈল নিত্য ব্যবহারে সাধারণতঃ দৈহিক ও [illegible] নিশ্চয় দূর হইয়া থাকে।

পরন্ত সর্ব্বপ্রকারের স্ত্রী ও পুরুষের অমলেপ্রিয় পাণ্ডুর মূর্চ্ছিত ভ্রম, কঠিন ব্যাধি, মেহ, প্রমেহ, প্রদর, কটিবাত, বাধক, স্বপ্নবিকার, মূর্চ্ছা, মাথাধরা, মাথাঘোরা, আধকপালী, নিদ্রাহীনতা এবং সর্ব্বপ্রকার বাতরোগ ও নানা প্রকার ব্যাধির কীটাণু ধ্বংসকারী অব্যর্থ মহৌষধ।

বলা বাহুল্য, ইহা এরূপ শক্তিক্রিয়াকারী ঠাণ্ডা তৈল যে, পাওয়া ভাল হয়। যে কোন স্থানে তৈল ক্রয়কালীন শিশির গায়ের লেবেলের উপর বড় ২ অক্ষরে আসল যুগল মূর্ত্তি মার্কা এজেন্ট বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন, অন্যথায় শঠকারী দোকানদার জাল বা নকল তৈল বিক্রয় করিয়া আপনাকে ঠকাইবে। সরল ব্যক্তিদের বাজে জিনিষ বিক্রয় করিয়া ঠকাইতে পারিলেই খুব লাভ হয়।

এজেন্ট—বটকৃষ্ণ পাল এণ্ড কোং ২৩নং বনফিল্ড লেন, কলিকাতা।

শ্রীচৈতন্যমঠের গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বিরচিত

উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই অলঙ্কৃত। চতুর্থ সংস্করণ। বিস্তারিত সূচীসহ

জৈবধর্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

বেদ, বেদান্ত, উপনিষৎ, গীতা, শ্রীমদ্ভাগবত, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য। এই জেলার শিক্ষাবিভাগের ইন্স্পেক্টর সাহেব ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীশিক্ষাষ্টক

প্রথম খণ্ড ভিক্ষা—১৲ একটাকা

শিক্ষাষ্টক শ্লোকাবলী দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও আনন্দ সাধনের কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি টীকা সনাতন শাস্ত্রবাক্য দ্বারা যথার্থ ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম কি? ধর্মের, ঈশ্বর, ভক্তি, প্রেম কি? ইত্যাদি বিষয় শাস্ত্রানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য ভিক্ষা ৶০

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৶০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নবটী দ্বীপ-সমূহের ও এই নব দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৬০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

উজ্জ্বল রোল ও কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উদ্গম হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শ্রীহরিনামচিন্তামণি

৸০ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভৃতি উপদেশামৃতে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে লিখিত হইয়াছে। ইহা ছাড়া শ্রীমন্মহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব জগতে অভিনব গ্রন্থ !!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ অষ্টম সংস্করণ ভিক্ষা ৵০ আনা।

দেহ ও মনের চেষ্টা অনিত্যবস্তু লইয়া—যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন প্রকার আবেদনময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, তাঁহার বিষয়ক প্রার্থনাময়ী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। উহা সংস্করণ প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা প্রতি খণ্ড ৵০ এক আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা— ৵০, নবদ্বীপশতক— ৵০

অর্থপঞ্চক—৵০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ পঞ্চম সংস্করণ ভিক্ষা /১০

আমরা প্রত্যহ নূতন নূতন ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে সকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা প্রকৃত কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন্ বস্তু আমাদের নিত্য কল্যাণপ্রদ এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিগ্রন্থ বাঙ্গালীর কল্যাণের কল্পতরু, ইহা সকলকে নিঃস্বার্থ দান করে।

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

(ভগবান্ কহিলেন,—) 'হে বিপ্রগণ! আপনারা যে আমার পরমভক্ত জয়-বিজয়ের প্রতি অভিশাপ প্রদান করিয়াছেন, তাহা আমারই কৃত। আমি এক পরম ভক্তদ্বয়ের আসুর ভাব সিদ্ধ করিবার নিমিত্ত আপনাদিগকে বৈকুণ্ঠে আনিয়া উহাদের দ্বারা দ্বারপালদ্বয়কে পরমভক্ত আপনাদের প্রতি প্রাতিকূল্যাচরণে প্রবৃত্ত করিয়া এবং আত্মারাম হইয়াও আপনাদের ক্রোধোদ্রেক করিয়া আপনাদের দ্বারা শাপ প্রদান করাইয়াছি। এস্থলে আমার পার্ষদদ্বয়ের অথবা আপনাদের কোনও অপরাধ নাই। (সনকাদি ঋষিগণ কহিলেন, হে ভগবন্,) আপনি ভক্তবৎসল, সুতরাং এই ভক্তদ্বয়ের প্রতি এতাদৃশ দুঃখ প্রদানে প্রবৃত্তি আপনার কিরূপে হইল? (তদুত্তরে ভগবান্ কহিলেন,—) হে বিপ্রগণ, আপনারা সর্ব্বজ্ঞ, অতএব সকলই জানেন, আমার বলা বাহুল্য মাত্র। জয়-বিজয়ের প্রেম-বিজৃম্ভিত কোনপ্রকার উচ্ছ্বাসবশেই ইহার কারণ। (তাঁহারা আমার নিকট প্রার্থনা করিয়াছিলেন—) হে প্রভুবর, আপনি দেবতাগণেরও আদরের বৈকুণ্ঠনাথ, মর্ত্ত্যলোকের সামর্থ্য অতি অল্প, আমরা যদি আপনার প্রতিকূল না হই, তাহা হইলে আপনার যুদ্ধ-সুখ হইবে না, অতএব আমাদিগকে কোন প্রকারে প্রতিকূল-ভাবান্বিত করিয়া যুদ্ধসুখ অনুভব করুন। আপনার স্বয়ংপাদপূর্ব্বকত্বহেতু আমরা আপনার অনুরূপ সুখ-তাহা সহ্য করিতে পারি না। অতএব আপনি স্বীয় ভক্ত-বাৎসল্যগুণ খর্ব্ব করিয়াও অস্মদ্রূপ কিঙ্করদ্বয়ের প্রার্থনা-বৃন্দ পূর্ণ করুন। ভগবদ্ভক্তগণের চিত্তবিনোদনার্থ ভগবানেরও তৎকালে ঐ প্রকার বাসনা উদিত হইয়াছিল। মহতের চরণে অপরাধ করিয়া বৈকুণ্ঠ হইতে পরম সিদ্ধগণেরও অধঃপতন হয়, অতএব মর্ত্ত্যলোক হইতে যে বৈষ্ণবাপরাধ-হেতু সাধকগণের জীবের পতন হইবে, তাহাতে আর সন্দেহ কি? সাধকগণকে মহদপরাধ হইতে সাবধান করিবার নিমিত্ত ভগবানের এক প্রকার লীলা।

[পরবর্ত্তি সংখ্যায় অন্য প্রশ্নের উত্তর প্রদত্ত হইবে।]

লালগোলায় মহাপ্রভুর কথা

শ্রীগৌড়ীয় মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভারতী মহারাজ [illegible] মহারাজ এবং ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ [illegible] মহারাজ [illegible] চারী সমভিব্যাহারে মুর্শিদাবাদ জেলার স্থানে স্থানে শ্রীমন্মহাপ্রভুর শুদ্ধভক্তি-সিদ্ধান্তবাণী প্রচার করিতেছেন। সম্প্রতি তাঁহারা বহরমপুরে প্রচার-কার্য্য করিয়া গত ২৯শে মাঘ লালগোলায় উপস্থিত হইয়াছিলেন। লালগোলার সর্ব্বপ্রধান মাননীয় মহারাজ রাও শ্রীযুক্ত যোগেন্দ্র নারায়ণ রায় বাহাদুর মহোদয় তাঁহাদিগকে যথা-যোগ্য রূপে সাদর অভ্যর্থনা পূর্ব্বক তাঁহার প্রাসাদে স্থান দিয়াছেন। সন্ধ্যায় স্থানীয় মহেশ নারায়ণ একাডেমীতে একটী মহতী সভার আয়োজন করা হয়। স্বয়ং মহারাজ এবং বহু শিক্ষিত ও সম্ভ্রান্ত ব্যক্তি সভায় উপস্থিত ছিলেন। স্বামিজীদ্বয় সেই সভায় প্রায় ৩ ঘণ্টা যাবৎ মহাপ্রভুর শিক্ষা সম্বন্ধে গভীর গবেষণাময়ী বক্তৃতা প্রদান করেন। মহারাজা এবং অন্যান্য শ্রোতৃবৃন্দ তাঁহাদের বক্তৃতা শ্রবণে বিশেষ আনন্দ লাভ করিয়াছেন। মহারাজ বাহাদুরের আগ্রহাতিশয্যে তাঁহার প্রাসাদে শ্রীপাদ সজ্জনোম মহারাজ শ্রীমদ্ভাগবত পাঠ করিয়া রাজ-পরিবারের শুশ্রূষা সম্পাদন করিয়াছেন।

রাজকোষাধ্যক্ষ পরম ভাগবত শ্রীযুক্ত তারকনাথ মুখোপাধ্যায় মহাশয় মহারাজের পক্ষ হইতে শ্রীশ্রীমন্মহাপ্রভুর সার্ব্বজনীন প্রেমধর্ম্ম উপযুক্ত আচার্য্যগণের প্রচারক-গণের দ্বারা জগতের জীবগণের দ্বারে দ্বারে ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা করিবার জন্য তাঁহাদের শ্রীশ্রীল প্রভুপাদকে স্বীয় আন্তরিক বন্দনা ও কৃতজ্ঞতা জ্ঞাপন করিয়াছেন। আমরাও সত্যানুরাগী সর্ব্বজন-প্রিয় মহারাজ-পরিবারের সত্য-প্রচারে উৎসাহ দর্শনে পরম প্রীতিলাভ করিয়াছি।

মেদিনীপুরে প্রচার

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণব রাজসভার অন্যতম সম্পাদক গোস্বামী শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসার প্রভু এবং ত্রিদণ্ডিস্বামী শ্রীপাদ ভক্তিস্বরূপ [illegible] মহারাজ মেদিনীপুরে কতিপয় ব্রহ্মচারী সমভিব্যাহারে শ্রীমদ্ভাগবত-কথা প্রচার করিতেছেন। গোস্বামী প্রভু ও ত্রিদণ্ডিস্বামী মহারাজের শ্রীমুখে পাঠ-কীর্ত্তন শ্রবণ করিয়া বহুলোক ভক্তি-অর্জ্জন সফল করিতেছেন।

মেদিনীপুর সহরের সর্ব্বপ্রধান শ্রীযুক্ত শ্রীপতিচরণ [illegible] মহাশয়ের নাম বিশেষ উল্লেখযোগ্য। তাঁহার শ্রীমদ্ভাগবত-শ্রবণে অনুরাগ দর্শনে গোস্বামীপ্রভু অতীব প্রীতিলাভ করিয়াছেন। আমরাও শ্রীপতি বাবুর সৌভাগ্য-দর্শনে বহুত প্রীতি লাভ করিয়াছি। ভাগবত অনেকেই শ্রবণ করিয়া থাকেন, কিন্তু প্রাণপাত, পরিপ্রশ্ন ও সেবা-বৃত্তিসহকারে প্রকৃত শুদ্ধ বৈষ্ণবের শ্রীমুখে ভাগবত শ্রবণেই যথার্থ মঙ্গলাদিরের সম্ভাবনা। ঐকান্তিক রসিক ভক্ত শ্রীমদ্ভাগবতের প্রকৃত অর্থ আস্বাদন করাইতে সমর্থ। শ্রীপতি বাবুর শুদ্ধভক্তের প্রতি ঐকান্তিক রুচি প্রবৃদ্ধ হউক, ইহাই আমাদের ঐকান্তিক প্রার্থনা।

আমরা শুনিয়া আরও সুখী হইলাম যে, শ্রীপতি বাবুর ভক্তিমতী পত্নীও তাঁহার ধর্ম্মপ্রাণ স্বামীর যথাযোগ্য সহায়তা করিয়া যথার্থ সহধর্ম্মিণী নামের পরিচয় দিতেছেন। সাত্ত্বিক ধর্ম আচরণ করিতে হইবে, আর সেই ধর্ম্ম যে একমাত্র ভাগবত-ধর্ম্ম, একথার আলোচনা বর্ত্তমান শিক্ষা-প্রণালী একরূপ উঠিয়াই গিয়াছে। শ্রীপতি বাবুর পত্নীর সাধুসেবা-চেষ্টা অতীব প্রশংসনীয়া। শ্রীভগবান্ তাঁহার নিত্যমঙ্গল বিধান করুন।

স্পর্শদোষ বিচার

লৌকবাণিজ্যবান বাঙ্গালীর প্রবল,তাহা-দের মধ্যেই এক সকল কথার আন্দোলন প্রচুর পরিমাণে লক্ষিত হয়। প্রাচীন প্রথানুযায়ী যত হইতেছে—চিরকাল যেমন চলিয়া আসিতেছে,তেমনই চলিয়া আসুক।

জন্মগতঃ যে নীচ, সে চিরকালই নীচ থাকুক, যাহারা চিরকাল অস্পৃশ্য বলিয়া সমাজে চলিয়া আসিতেছে, আজ হঠাৎ তাহাদিগকে পবিত্র বলিয়া গ্রহণ করা কিরূপে সম্ভব হইতে পারে? নব্য শিক্ষিত সম্প্রদায় বিলাত-ফেরতের দল প্রভৃতি যে মত বলিতেছে অন্য প্রকার, তাঁহারা বলেন—এখন আর সেকালের সে অবস্থা নাই, দেশ ক্রমশঃ শিক্ষিত ও উন্নত হইয়া পড়িয়াছে, এখন আর সে কালের প্রাচীনদের বিধি মানিয়া চলিতে গেলে কোন ফল হইবে না। এখন চাই আমাদের সংখ্যা বৃদ্ধি করা, বল বৃদ্ধি করা। আমরা যদি জাতি বিচারে আবদ্ধ থাকিয়া অন্য জাতিকে ছোট হীন অস্পৃশ্য বলিয়া তাড়াইয়া দি, তাহা হইলে আমাদের সমাজে লোক-সংখ্যা ত' হ্রাস হইবেই; পরন্তু পরস্পরের মধ্যে বিদ্বেষ-ভাবেরও সৃষ্টি হইবে। বর্তমানে যে একতা নষ্ট তাহার কারণ মূলে এরূপ অস্পৃশ্যতা-প্রথাই লক্ষিত হয়। যে দেশে জাতিভেদ প্রথা নাই সেই দেশই উন্নত। জাতিভেদ প্রথা দূর করিয়া সকলকে ভ্রাতৃভাবে আলিঙ্গন কর, বিশ্বপ্রেমিক হও।

নব্য-শিক্ষিত সম্প্রদায় যে মত প্রকাশ করিয়াছেন, সেই মতের লোকের সংখ্যাই বেশী। বাস্তবিক জাতিভেদ প্রথা যে হিন্দুদিগের পতনের মূল—এরূপ ধারণা আজকাল নব্যশিক্ষিতগণের মধ্যে দেখা যাইতেছে তাহা নহে। বহু পূর্ব্বে চীন পরিব্রাজক ফাহিয়ান যখন ভারতবর্ষে আগমন করেন, তখন তিনি ভারতের উচ্চ জাতি দ্বারা নীচ জাতির প্রতি ব্যবহার দেখিয়া জাতিভেদের বহু অনর্থ মূল বলিয়া [illegible] ... বহু কালিমা [illegible] ... তাহা দেখা যাইত ... [illegible]

বস্তুতঃ জগতের যত লোক, সকলেই ত' হরিদাস, কেহই ত' আর ছোট নহে। আমরা ঠিক বুঝিয়া উঠিতে পারি না। কেহ বড় না হউক, নীচ হউক যে মানুষ, সে নিশ্চিত হইলে মানুষ, তাহা বুঝিবার মত—বিবেক যাহা পাইয়াছে সে সর্ব্বকাল সর্ব্বভাবে অবস্থান করে, সে সত্যের সেবক।

বর্তমানে লোকেরা যে জাতিভেদ চালাইতেছে, তাহা নিতান্ত আধুনিক বাস্তব নহে। কেননা সত্য বৈদিক যুগে এরূপ লোক বিচার ছিল না, লোক বিচারকে তুচ্ছ করিয়া কিছু জাতিভেদ প্রথাও ছিল না। শাস্ত্র বলেন—

ন বিশেষোঽস্তি বর্ণানাং সর্ব্বং ব্রাহ্মমিদং জগৎ।
ব্রহ্মণা পূর্ব্বসৃষ্টং হি কর্ম্মভির্বর্ণতাং গতম্॥

—ভরদ্বাজ বলিলেন—যাহার দ্বারা জগৎ-গণের অসংখ্য জাতি। সেই সকল বিবিধ জাতির বর্ণ নির্ণয় হয় কিরূপে? ভৃগু বলিলেন বর্ণসমূহের মধ্যে কোন ভেদ নাই। এই জগৎ পূর্ব্বে ব্রাহ্মণময় ছিল, এই জগতের প্রাণিগণ পরবর্তিকালে কর্ম্ম দ্বারা ভিন্ন ভিন্ন বর্ণ সংজ্ঞা লাভ করিয়াছে। বর্তমানে যে লৌকিক-বিচারে বর্ণ-নিরূপণ, স্পৃশ্য অস্পৃশ্য বিচার চলিতেছে, তাহা যে সমাজ অমঙ্গলের মূল তাহা সর্ব্ববাদি সম্মত।

পবিত্র অপবিত্র, স্পৃশ্য অস্পৃশ্য বিচারে শাস্ত্র বলেন—

অহোবত শ্বপচোঽতো গরীয়ান্
যজ্জিহ্বাগ্রে বর্ত্ততে নাম তুভ্যম্।
তেপুস্তপস্তে জুহুবুঃ সস্নুরার্য্যা
ব্রহ্মানূচুর্নাম গৃণন্তি যে তে॥

—অহো! কি আশ্চর্য্য! যাঁহার জিহ্বাগ্রে ভগবানের নাম কীর্ত্তিত হন, সেই ব্যক্তি চণ্ডাল কুলে জন্মগ্রহণ করিলেও হীন নহেন, পরন্তু শ্রেষ্ঠ বলিয়াও অধিক। যিনি ভগবানের নাম গ্রহণ করেন তিনি যাবতীয় তপ যজ্ঞ স্নান বেদাধ্যয়ন প্রভৃতি ব্রাহ্মণোচিত কর্ম্মসমূহ পূর্ব্বেই সম্পন্ন করিয়াছেন, সুতরাং তাঁহাকে কখন অস্পৃশ্য মনে করিতে হইবে না।

চণ্ডালোঽপি দ্বিজশ্রেষ্ঠো হরিভক্তিপরায়ণঃ।
হরিভক্তিবিহীনশ্চ দ্বিজোঽপি শ্বপচাধমঃ॥

দেশ কাল পাত্র সম্বন্ধে বিচারও এই একই প্রকার। যেখানে শুদ্ধ বৈষ্ণবগণ একত্র হরিকীর্ত্তনে প্রমত্ত থাকেন, সেই স্থানই পরম পবিত্র তীর্থ। যে কালে বৈষ্ণব সঙ্গে হরিভজন হয়, সেই কালই ধন্য এবং যে দ্রব্য হরি ও বৈষ্ণব সেবার উপকরণ তাহাই পরম পবিত্র অপ্রাকৃত।

উপায় কি?

(শ্রীমতী—[illegible] দাসাধিকারী)

শ্রীভগবান্ গীতায় বলিতেছেন:—

অনিত্যমসুখং লোকমিমং প্রাপ্য ভজস্ব মাম্।
অপ্রাপ্য মাং নিবর্ত্তন্তে মৃত্যুসংসারবর্ত্মনি॥

অর্থাৎ যে সকল জীবের শ্রদ্ধা উদিত হয় নাই, তাহারা এই পরধর্ম্ম লাভ করিতে অসমর্থ হইয়া, আমা হইতে নিবৃত্ত হইয়া মৃত্যুযুক্ত সংসার পথে পরিভ্রমণ করিতে থাকে।

শ্রীভগবান্ ত' একথা বলিলেন। আমার শ্রদ্ধাও ত আসে নাই—এখন উপায়? ভগবানকে না পাইলেও ত এই মৃত্যুযুক্ত সংসার হইতে উদ্ধার পাইব না—কোথায় তিনি বলিলেন। এ কথাও বেশ জানি, শ্রদ্ধা ব্যতীত পরমার্থ অর্থাৎ পরম প্রয়োজন দূরে থাক, এই পার্থিব কোন অর্থেও (প্রয়োজনেও) সিদ্ধি লাভ করা যায় না! তবে বাস্তবিক কোন বস্তু লাভার্থে শ্রদ্ধা এক মুহূর্ত্তে না এক ক্ষণে উদয় করান যায়, কারণ লাভ লোকসানের জ্ঞানটা সহজে উপলব্ধি হয়। কিন্তু, ভগবদ্ বিষয়ে কি করিয়া শ্রদ্ধার উদয় করাই? অনেক চিন্তা, অনেক গবেষণা করিলাম, অন্তরের অন্তঃস্থলেও ত একটু শ্রদ্ধা খুঁজিয়া পাইলাম না। যাঁহাদের একটু শ্রদ্ধা এ বিষয়ে আছে জানিতাম, সন্ধান পাইবার জন্য তাঁহাদের নিকট ছুটিলাম। যাহা দেখি উল্টা ব্যাপার। তাঁহারাও আমারই ন্যায় ভ্রান্ত। তবে যে একটু আধটু শ্রদ্ধা এখানে, তাহাও বুঝিলাম শালগ্রাম দ্বারা বাদাম ভাঙ্গিয়া খাইবার জন্য অর্থাৎ ভগবানের দ্বারা নিজ নিজ দেহ মনের তৃপ্তি-সাধন-উদ্দেশ্যে এই মৃত্যুযুক্ত সংসার হইতে উদ্ধার পাইবার কোন সন্ধানই কেহ রাখেন না। এই রূপে কি করি কোথা যাই, কোথা গেলে এবিষয়ে একটু সন্ধান পাই, মনে ভাবিয়া বিমর্ষ-পূর্ণ হৃদয়ে বিছানায় শুইয়া শুইয়া যখন চিন্তা করিতেছি, তখন অনেক প্রতিবেশীর বাটী হইতে একটী মধুর কীর্ত্তন-রোল উঠিল। সেটী এইরূপ—

ওহে!
বৈষ্ণব ঠাকুর, দয়ার সাগর,
এ দাসে করুণা করি।
দিয়া পদছায়া, শোধ হে আমায়,
তোমার চরণ ধরি॥
ছয় বেগ দমি, ছয় দোষ শোধি,
ছয় গুণ দেহ দাসে।
ছয় সৎসঙ্গ, দেহ হে আমারে,
বসেছি সঙ্গের আশে॥
একাকী আমার, নাহি পায় বল,
হরিনাম সংকীর্ত্তনে।
তুমি কৃপা করি, শ্রদ্ধাবিন্দু দিয়া,
দেহ কৃষ্ণনাম ধনে॥
কৃষ্ণ সে তোমার, কৃষ্ণ দিতে পার,
তোমার শকতি আছে।
আমি ত কাঙ্গাল, কৃষ্ণ কৃষ্ণ বলি,
ধাই তব পাছে পাছে॥

গীতটী কেমন যেন আনমনা হইয়া বিছানায় শুইয়া শুইয়াই শুনিলাম, মনে হইল এই বুঝি সন্ধান। যাই, দেখি, ব্যাপারটা কি? ঘর হইতে বহির্গত হইয়া পুলিশের সম্মুখে দেখিয়া জিজ্ঞাসা করিলাম, ওদের বাড়ী ব্যাপারটা কি? তিনি একটু বক্রিম করে নিজ [illegible] বলিলেন, "জান না, ওগো, ঐ যে গৌড়ীয় মঠের শিষ্য হয়েছে, তাই রোজ ওরা ভাগবত-পাঠ দিচ্ছে। রামা বলতে এরেছিল, 'ও আমি জান দিবার।' একেবারে কিছুই না ওদের অবস্থা। এই কয়দিনের মধ্যেই খান খাওয়া তাস পাশা একেবারে বাদ দিয়েছে। রাম রাম বাড়ী আসতে দেয় না। সকলে কেমন যেন কি একটা বস্তুর সন্ধানে মেতেছে। আগে কেমন গেলে ঘর সংসারের কথা হৈত, এখন আর তা' কয় না। কোন কথা হৈতে গেলে তার মধ্যে ভগবানের কথা এনে ফেলে। যাই বল, আর যাই বল বাপু আমরা—অনেক দেখেছি, কিন্তু এমনটী দেখি নি। ঐ ত—বাবু—গয়রহম দেবের শিষ্য,—বাবু—গোঁসাই এর শিষ্য,—বাবু—বাবাজীর শিষ্য, কৈ তাদের ত এমন দেখি না? যাহারা পয়সা আছে, ভগবানের নামও সময় মত করে থাকে। কিন্তু এদের অবাক্ হয়ে যাই!"

দেখিলাম দৃষ্টির দেবগণ যথারীতি আরম্ভ করিয়াছেন, শীঘ্রই শেষ করিবেন না, অতএব একা নিঃশব্দে ভদ্রলোকের বাটীতে উপস্থিত হইলাম। তখন পাঠ আরম্ভ হইয়াছে। প্রবেশ করিলাম, পাঠক গৌড়ীয় মঠের জনৈক সন্ন্যাসী, নাম তীর্থ মহারাজ। পাঠকের দিব্য জ্যোতিঃপূর্ণ মূর্ত্তি-দর্শনে তখন যেন তাঁহার পদপ্রান্তে লুটাইয়া পড়িতে বাসনা হইল, কিন্তু এটা সাময়িক উত্তেজনা জানে নিবৃত্ত হইয়া পাঠ শ্রবণে প্রবৃত্ত হইয়া বুঝিলাম যে, একমাত্র শ্রীভগবানে শরণাপন্ন ব্যতীত জীবের অন্য কোন গতি নাই।

শরণাগতি ব্যতীত গতি নাই,—তাহা ত' বুঝিলাম, কিন্তু সেই শরণাগতি আসে কি করে? সেইটীই ত আমার প্রয়োজন। যাহা হউক সন্ন্যাসী মহারাজকে আমি দেখিলেই এক প্রশ্নটী করিব। যদিও এত রাত্রে তাঁহাকে বিরক্ত করা ভদ্রতা বিরুদ্ধ, তথাচ আর ধৈর্য্যধারণ করিতে না পারিয়া তাঁহাকে দণ্ডবৎ করিয়া বলিলাম, মহারাজ, আমার একটী প্রশ্ন আছে, যদি অনুগ্রহ করিয়া সমাধান করিয়া দেন, তাহা হইলে বড়ই উপকৃত হই। আমি অনেক চেষ্টা করিয়া ইহার কোনই সমাধান করিতে পারিলাম না। তিনি মাদরে আগ্রহ প্রকাশ করায় বলিলাম, মহারাজ, ভাগবত পাঠে বুঝিলাম যে, একমাত্র ভগবানে শরণাগতি ব্যতীত জীবের অন্য কোন গতি নাই, কিন্তু সেই শরণাগতির মূল শ্রদ্ধা, সেই শ্রদ্ধার উদয় কিরূপে হয়, এই সন্ধানটী যদি আমাকে অনুগ্রহ করিয়া দেন। আমি বহু দিন হইতে বিশেষ ব্যাকুল অন্তঃকরণে ঘুরিয়া বেড়াইতেছি। তিনি বলিলেন, উত্তম প্রশ্ন—আপনি বড় ভাগ্যবান্, তাই আপনার এরূপ প্রশ্নের উদয় হইয়াছে, যদিও এ অতি কঠিন সমাধান হইতে অনেক কষ্ট করিতে হবে, সেই জন্য শ্রদ্ধা বিশদ করিয়া আপনার প্রশ্নের উত্তরটী দিব। আশা করি আপনি বুঝিয়া লইবেন।

শাস্ত্র বলেন, কৃষ্ণভক্তির মূল সাধুসঙ্গ। এই কথা বলিয়া তিনি শ্লোক বলিয়া উঠিয়া বলিলেন, সাধুসঙ্গ করিতে হবে, অন্য উপায় নাই। সাধুসঙ্গ করিলে আমাদের মনের কুপ্রবৃত্তি সকল দূর হবে না, তবে 'শোধ নাম উদিত হয় মুখে নাম', এই রূপ জোর করিয়া করিতে হবে, তবেই, ক্রমে শ্রদ্ধার উদয় হবে, নচেৎ অন্য উপায় নাই। তবে সাবধান যে, সাধু বলিয়া বঞ্চকদের মায়ার কাছে পৌঁছিবেন না এবং সাধুর কাছে পৌঁছিয়াও উদাসীন থাকিবেন না। সাধুর উপদিষ্ট বিষয়ে মনঃসংযোগ করিতে হবে। এখন বুঝলেন উপায় কি? আমি বলিলাম, আজ্ঞা হাঁ, বুঝেছি, কাল সকালে আপনার নিকট আসিব।

নানা কথা

—০০০—

কৃষ্ণনগর সংবাদ

কৃষ্ণনগর, ১লা এপ্রিল।

পূজা

গত সপ্তাহে কৃষ্ণনগর আমিনবাজার বারোয়ারি হরিহর পূজা সমাপ্ত হইয়া বিরাট মিছিলের সহিত হরিনাম সঙ্কীর্ত্তন সহ প্রতিমা বিসর্জ্জন হয়। মিছিল আমিনবাজার হইতে বাহির হইয়া হাইষ্ট্রীট দিয়া গোয়াড়ী পার হইয়া খড়িয়া নদী পর্য্যন্ত গিয়াছিল।

সভা

গোয়াড়ী রামগোপাল টাউন হলে গত কল্য সন্ধ্যা ৬০ টার সময় এক সভার অধিবেশন হইয়া গিয়াছে। নদীয়া জেলার অক্লান্ত কর্ম্মী শ্রীযুক্ত বাবু হেমন্ত কুমার সরকার মহাশয় সভাপতির আসন অলঙ্কৃত করেন। সভায় প্রায় এক সহস্র লোকের সমাগম হয়।

ঢাকা হইতে সমাগত শ্রীযুক্ত বাবু অতুলচন্দ্র সেন মহাশয় প্রধান বক্তা ছিলেন।

যে সমস্ত বীরপুরুষ ভারতবর্ষের জন্য, দেশের স্বাধীনতা লাভের জন্য প্রাণ বিসর্জ্জন দিয়াছেন তাঁহাদের প্রতি সম্মান প্রদর্শনের জন্য এবং লবণ আইন অমান্য করিবার আয়োজন জন্য এই সভা আহূত হয়। অনেক সম্ভ্রান্ত মহিলা উপস্থিত ছিলেন।

কৃষ্ণনগর ডায়েরী

পাঠকগণ অবগত আছেন যে কৃষ্ণনগরের অতিরিক্ত সেসন জজ বাহাদুরের আদালতে কৃষ্ণনগরের কালিপদ ঘোষের বাড়ীতে ডাকাতির বিচার চলিতেছে। সরকার পক্ষের উক্তি এই যে উক্ত ডাকাতির সম্ভাবনার সংবাদ পাইয়া গোয়েন্দা বিভাগের ইন্সপেক্টর, কৃষ্ণনগর এবং নাকাশিপাড়া হইতে পুলিশ দল এবং অধিবাসী কানাইবাবু ও পূর্ব্ব প্রেসিডেন্ট পঞ্চায়েৎ অনন্তবাবুকে সঙ্গে লইয়া কালিপদর বাটী ও লুকাইয়া অপেক্ষা করেন এবং রাত্রি দেড়টার সময় ডাকাতগণ বাড়ী আক্রমণ করিলে দুইজনকে ধরেন। তাহাদের মধ্যে একজন সরকারের পক্ষে সাক্ষী হয় এবং সাধু ঘোষেদ, গুরু পাগল ও ভূষণকে আসামী শ্রেণীভুক্ত করা হয়।

আসামীর পক্ষে উক্তি এই যে রামপদ এবং ভুলু নামক দুই ব্যক্তি তাহাদিগকে ধান কেটে সাহায্য করিবার নাম করিয়া কৃষ্ণনগর লইয়া যায়। ভূষণ নামক একব্যক্তি পেয়াদা আছে। তাহারা কৃষ্ণনগরে যাইলে পুলিশ তাহাদিগকে ডাকাত বলিয়া চালান দেয়।

কৃষ্ণনগরে ছাত্র পুলিশ সঙ্ঘর্ষ

কৃষ্ণনগরের যুবকদিগের সহিত পুলিশের মামলা মোকদ্দমা খুব জোরের সহিত চলিতেছে। গত কল্য পুলিশের পক্ষের ৩২ নম্বর সাক্ষীকে জেরার জন্য সব-ডিভিসনাল অফিসার খান সাহেব শ্রীযুক্ত অদ্বৈতচরণ রায় মহাশয়ের আদালতে হাজির করা হয়। আসামী ছাত্রগণের পক্ষ হইতে আপত্তি হয় যে, সময় না দিলে এই সাক্ষীকে জেরা করা অসম্ভব। আদালতের নিকট আসামী পক্ষ হইতে সময় প্রার্থনা করা হয়। আদালত সেই দরখাস্ত না মঞ্জুর করায় আসামীর পক্ষ হইতে সময় প্রার্থনা করা হয়, কারণ তাঁহাদের মতে এই আদালতে সুবিচার আশা করা যায় না, সুতরাং হাইকোর্ট হইতে এই মোকদ্দমা অপর বিচারকের নিকট স্থানান্তরিত করিবার প্রার্থনা করা হইবে। আগামী ১২ই এপ্রিল দিন ধার্য্য হইয়াছে।

বিচারাধীন ঘটনা এই যে পুলিশ কৃষ্ণনগরের কংগ্রেস আপিস ও গাড়ী খানাতল্লাসী করিতে যায়। সে স্থানে কয়েকজন যুবক তাহাদিগকে মারধর করে এবং কাজে বাধা দেয়। তাহারা যখন খানাতল্লাসী করিয়া ফিরিতেছিল সেই সময় যুবকগণ তাহাদিগকে বিশেষ অপমানিত করে এবং মারধর করে। পুলিশের লোক বিশেষ বাধা পাইয়া পুলিশ ক্লাবে প্রবেশ করে এবং সেখান হইতে থানায় খবর দেয়। থানা হইতে পুলিশ আসিলেও গোলমাল থামে নাই।

ঘটনা বিচারাধীন। বিচারে প্রকৃত ব্যাপার প্রকাশ পাইলে সমস্ত জানা যাইবে।

লবণ আইন আন্দোলন

মিঃ গান্ধির লবণ আইন ভঙ্গ আন্দোলনের সাফল্য কামনা করিয়া—বালুরঘাট, রাজশাহী, পাবনা, মৌলভীবাজার, শ্রীহট্ট, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ, যশোহর, কুমিল্লা, টাঙ্গাইল প্রভৃতি স্থানে সভার অধিবেশন হইয়াছে। অনেক স্থানে স্বেচ্ছাসেবক সংগৃহীত হইয়াছে।

নদীয়া জেলাতেও এই আন্দোলনের সাড়া পাওয়া গিয়াছে। এখানেও সভা-সমিতির অধিবেশন হইতেছে এবং যুবকগণের উৎসাহও বেশ দেখা যায়।

বাঁকুড়ার দল।
মিঃ গান্ধির যাত্রা

পাঠকগণ অবগত আছেন যে বাঁকুড়া হইতে একদল লোক ডাক্তার ব্যানার্জ্জির অধীনে সমুদ্রোপকূলাভিমুখে গমন করিতেছেন। তাঁহাদের উদ্দেশ্য লবণ আইন ভঙ্গ করা। এই দল সোনামুখী পার হইয়া তমলুকের দিকে যাইতেছেন।

মিঃ গান্ধি সুরাট জেলায় পৌঁছিয়াছেন। অনেক সরকারী কর্ম্মচারী তাঁহার আহ্বানে সাড়া দিয়া কর্ম্মত্যাগ করিয়াছেন।

ছাত্র ধর্ম্মঘট

ভারতের ছাত্র ধর্ম্মঘট সম্বন্ধে বঙ্গীয় ব্যবস্থাপক সভায় বিশেষ আলোচনা হইয়া গিয়াছে। অনেকে মত প্রকাশ করেন যে শিক্ষা বিভাগে গবর্ণমেন্ট যে সমস্ত বালককে ক্ষমতা দান করিয়াছেন, তাহাদের অক্ষমতা এবং কর্ত্তাদের অপব্যবহারের জন্যই এই সমস্ত গোলযোগ চলিতেছে। শ্রীযুক্ত যদুনাথ সরকার (কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব্ব ভাইসচ্যান্সেলার) বলেন যে কেবল গবর্ণমেন্ট কলেজে নহে, বে-সরকারি কলেজেও ধর্ম্মঘট চলিতেছে। বাহিরের লোক ছাত্রদিগকে কুপথে চালিত করিবার ফলে অনেকগুলি ধর্ম্মঘট হইয়াছে।

মিঃ ওয়ার্ডস্‌ওয়ার্থ পনর বৎসর পূর্ব্বের এক ঘটনা উল্লেখ করিয়া বলেন যে, সেই সময় হইতেই ব্যাপার গুরুতর দাঁড়াইয়াছে।

নীলাম ইস্তাহার

জেলা নদীয়া মোকাম কৃষ্ণনগর

২য় মুন্সেফী আদালত।

নীলামের দিন ৮ই এপ্রিল ১৯৩০

(১)

১৩০৪ সাং জারি ২৯ দাবি ৩০,৩

ডিঃ—শ্রীনরেন্দ্র চন্দ্র পাল চৌধুরী সাং নাটুদহ থানা দামুড়হুদা

দেঃ—শ্রীকরিম সেখ মোল্লা দীঃ সাং কাস্তিপালা থানা চাপড়া

১। জেলা নদীয়া সবরেঃ কৃষ্ণনগর থানা চাপড়ার সামিল মৌজে হাতিশালা গ্রামে ১০০নং খতিয়ানে ৩০/১২ একর উচ্চনীচ জোত ও তদুপরিস্থিত আম কাঁঠাল প্রভৃতি মূল্য আঃ ২৫৲

(২)

১৩৬৮ সাং জারি ২৯ দাবি ৩৮৵০

ডিঃ—শ্রীমতি অন্নপূর্ণা দাসী সাং নারায়ণবাড়ী থানা দামুড়হুদা জেলা নদীয়া

দেঃ—শ্রীমধুসূদন মণ্ডল দিং সাং গোবিন্দপুর থানা চাপড়া জেলা নদীয়া

১। জেলা নদীয়া সবরেঃ কৃষ্ণনগর থানা চাপড়ার সামিল মৌজে গোবিন্দপুর মধ্যে ১১৫ নং খতিয়ানে ৩০২৯ একর জমির মালিকানা ৮৵/১৮৵ টাকার অংশ ও তদুপরিস্থিত আকর কাঁঠাল মূল্য আঃ ১৫৲

[এই দুই নম্বর গতকল্য পাওয়ায় প্রকাশিত হইতে বিলম্ব হইল।]

হাজারিবাগ কলেজ

হাজারীবাগ কলেজে একপ্রকার পদক ধারণ করা লইয়া কর্তৃপক্ষের সহিত ছাত্রগণের বিবাদের সূত্রপাত হইয়াছে। কোন কোন বালক ঐ পদক ধারণ করায় অধ্যক্ষ মহাশয় কংগ্রেসের কর্তৃপক্ষকে জিজ্ঞাসা করিয়াছেন যে, ঐ পদকের সহিত কংগ্রেসের কোন সম্পর্ক আছে কিনা। একখানি পত্রে ঐ সম্বন্ধে একটী উক্তি ছাপা হইয়াছে।

অভিনব ব্যবস্থা

পাশ্চাত্যদেশে ট্রাফিক পুলিশের মাথায়, বাহুতে এবং পৃষ্ঠে লাল, সাদা, সবুজ ও অন্যান্য রঙের আলোক রাখার ব্যবস্থা হইয়াছে। তাহার অঙ্গে নানাবিধ সাইন আছে, তবে বড় বড় অক্ষরে "সাবধান", "ডানদিকে যাও" প্রভৃতি লেখা আছে। ঐ সমস্ত দেখিয়া চলিলে আর লোকের ঠোকাঠুকির সম্ভাবনা থাকিবে না এবং মোটর দৈবদুর্ঘটনা না ঘটে, প্রকৃত সহজভাবে যাওয়া যাইবে।

নাহাস পাশা

মিশরের প্রধান মন্ত্রী নাহাস পাশা বিলাতে গিয়াছেন—তাহা পাঠকগণ অবগত আছেন। তিনি যখন অবতরণ করেন, তখন তাঁহার অভ্যর্থনার জন্য বিশেষ আয়োজন হয়। অনেক গণ্যমান্য লোক উপস্থিত ছিলেন, কিন্তু নাহাস পাশা পৌঁছিবা মাত্র মিশর দেশীয় ছাত্রগণ সকলকে অতিক্রম করিয়া তাঁহার নিকট উপস্থিত হয়েন ও জাতীয় পতাকা উত্তোলিত করিয়া তাঁহার সম্বর্দ্ধনা করেন।

ইংরাজ সরকার মিশরের সহিত সদ্ভাব রাখিবার জন্য কতদূর আত্মত্যাগ করিতে প্রস্তুত তাহার লিখিত বিবরণ নাহাস পাশাকে দেওয়া হইয়াছে।

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়মিশন দ্বারা [illegible] খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৪ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইতেছে।

[illegible] খণ্ড প্রথম নদীয়া-প্রকাশ [illegible] সাধারণ পক্ষে ২০৸৶০। [illegible] গৌড়ীয় ও নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে [illegible] [illegible] পক্ষে ৮৲।

৬২ [illegible]

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্বে ১০৲ টাকা ভিক্ষায় তৃতীয় সংস্করণ ৪৲ টাকায় না পাইয়া অপূর্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন, তাঁহাদের জন্যই উহার নব সংস্করণ প্রকাশিত হইয়াছে। সেই ১০৲ টাকার এই বিরাট গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস বলিয়া খ্যাত

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫৲

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪৷৷০ টাকা

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকটও

নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত [illegible] ঘোষ—[illegible] রোড, খুলনা

২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী [illegible]—[illegible] কুচবিহার।

৩। শ্রীযুক্ত রামরঞ্জন রায়—১৭১নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা

৪। মিঃ এন্ ডি. মুখার্জি এম, এস, [illegible], কানপুর।

৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী জ্যোতির্ভূষণ—[illegible], নদীয়া

৬। শ্রী[illegible] দাস অধিকারী, নবদ্বীপ।

৭ শ্রী[illegible] দে—[illegible] প্রেস, নবাবপুর, ঢাকা।

৮। শ্রী[illegible] বেড়াচাপা, ২৪ পরগণা।

শ্রী[illegible] চট্টোপাধ্যায় এ, এম্, এম্, [illegible]।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী [illegible] অক্ষর পড়িতে জানেন না, তাঁহাদের শ্রীশ্রী[illegible] [illegible] ভক্তি-কথা জানিবার জন্য সুযোগ [illegible]। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে [illegible]।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, [illegible]	৷০
[illegible]	১৲
[illegible]) [illegible]	৷০
[illegible]	৷০
কল্যাণ কল্পতরু [illegible]	৶০
[illegible]	৷০
গীতাবলী [illegible]	৵১০
[illegible]	৶১৫
শরণাগতি [illegible]	৴০
[illegible]	৶৫

প্রাপ্তিস্থান { শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীমায়াপুর, নদীয়া।

২। শ্রীগোপীনাথ মঠ,—[illegible] পোঃ, (বর্দ্ধমান)।

৩। শ্রী[illegible],—[illegible], কৃষ্ণনগর, নদীয়া।

৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংশন রোড, কলিকাতা।

৫। শ্রীপুরুষোত্তম মঠ,—[illegible], পুরী।

৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।

৭। শ্রীভাগবত মঠ,—চিকলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।

৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—[illegible]নং জগজ্জীবনপুরা, কাশী, ইউ, পি।

৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—[illegible], বৃন্দাবন, মথুরা, ইউ, পি।

১০। শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ পি।

১১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব।

১২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—[illegible]নং নবাবপুর রোড, ঢাকা।

১৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।

১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—[illegible], [illegible] পোঃ, বর্দ্ধমান।

১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—[illegible], [illegible] পোঃ, [illegible]।

১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা

১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ [illegible] রোড, নিউদিল্লি

চৈতন্যমঠের গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বিরচিত
ভক্তি-গ্রন্থাবলী।
উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই
স্বর্ণালঙ্কৃত। চতুর্থ সংস্করণ। বিস্তৃতবিষয় সূচীসহ

২১ ... বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সনাতন ধর্ম্মশাস্ত্র বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই জন্য শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

প্রথম খণ্ড ভিক্ষা ১৲ একটাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য ... ও আনন্দ সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি অঙ্গ সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? স্বদেশ, সমাজ, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ... এমন সুন্দরভাবে ও ... আলোচিত হইয়াছে যে, প্রথম ... আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

নবদ্বীপধাম-মাহাত্ম্য ভিক্ষা ৶০

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৶০

শ্রীচৈতন্য মহাপ্রভুর অবতার ও লীলাভূমি নবদ্বীপ-... এই নব দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে মহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—... ইত্যাদি বিষয় বিশেষভাবে ... বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৬০ পৃষ্ঠা।

নবদ্বীপ ভাবতরঙ্গ

... কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

প্রেমপ্রদীপ

৷৴০ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে ... যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ... অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে ... হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!
শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা ৴০ আনা

দেহ ও মনের চেষ্টা ... লইয়া ... যখন ... বুঝিতে পারে, তখন একমাত্র ... শ্রীভগবানের প্রতি তাহার কোন আত্মীয় আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, ইত্যাদি ... প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। ... সংস্করণ প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা প্রতি খণ্ড ৴০ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— ৴০, নবদ্বীপশতক— ৴০
অর্থপঞ্চক—৴০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা ৴১০

আমরা ... কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য ও যথার্থ কল্যাণ প্রদানে সমর্থ এবং কোন্ বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল ভাবে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিকই কল্যাণের ..., ইনি ... নিত্যকল্যাণ ...

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত অনুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয় সম্বলিত প্রায় ৮২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট ... বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৷০

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। ... বাঁধাই, সোণার জলে নাম লেখা রাজসংস্করণ ২৲ টাকা, সাধারণ সংস্করণ ১৷০, গৌড়ীয়ের গ্রাহকগণকে ১৷০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (...)

বিষয়:—১। ... ২। চারি সম্প্রদায়ের ..., ৩। ... ৪। ... ৫। ... ৬। ... লৌকিক ও শাস্ত্রীয় ... প্রকাশিত হইয়াছে। ১ম খণ্ড ৷০, ২য় খণ্ড ৷৶০, ৩য় খণ্ড ৷০, ৪র্থ খণ্ড ৷৶০, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ—১ম খণ্ড ১৲ এক টাকা

২য় খণ্ড ১৲ এক টাকা— ... গৌড়ীয় গ্রাহকগণ ... টাকায় ... বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের ... ইহাই ... প্রয়োজনীয় হইবে। ... পৃষ্ঠা থাকিবে ...

শ্রী... সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ৴০ মাত্র

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া।

রেজেষ্টার্ড

মদন মঞ্জরী

বটিকায় ধাত ও ... ইন্দ্রিয়শক্তির হ্রাস, প্রস্রাবে ..., অজীর্ণ, ..., বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি সকল প্রকার ... আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৪০ বটী ১৲ এক টাকা।

"... ঘৃত"
... প্রয়োগ দ্বারা আরোগ্য করিয়া ... করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

"... বটিকা"
... করিতে ... মূল্য ১৬ বটী ১৲ এক টাকা।

রাজবৈদ্য নারায়ণজী, কেশবজী
১৭১নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

... !!!
... বাদাম তৈল
...

...

কুইনিন
...
... প্রস্তুত। ২৯১ ... লেন, কলিকাতা

পর-বিদ্যাপীঠ

(প্রাচীন নবদ্বীপ শ্রীমায়াপুর শ্রীচৈতন্যমঠ)

এখানে আহার এবং বাসস্থান দিয়া বিদ্যার্থিগণকে বিশিষ্ট শিক্ষণীয় বিষয় শিক্ষা দিবার ব্যবস্থা করা হইয়াছে। অনেক ছাত্র ইতোমধ্যেই আসিয়া পাঠ আরম্ভ করিয়াছেন। বর্ত্তমান বর্ষে সকল ছাত্রই গবর্ণমেন্ট সংস্কৃত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

প্রধান অধ্যাপক—পণ্ডিত শ্রীযুক্ত শচীন্দ্রচন্দ্র [illegible] ব্যাকরণ-সাংখ্য-বেদান্ত-ষড়দর্শন-তীর্থ, [illegible], বেদান্তরত্ন, সাহিত্যশাস্ত্রী, [illegible]বাচস্পতি।

অধ্যাপক—পণ্ডিত শ্রীযুক্ত গৌরদাস ব্রহ্মচারী ব্যাকরণতীর্থ

শ্রীধাম মায়াপুর পরবিদ্যাপীঠ, (নদীয়া)

বেদনাঞ্জন

কলিকাতা কংগ্রেস একজিবিসন বহু গণ্যমান্য ভদ্রমহোদয়-গণ কর্ত্তৃক প্রশংসিত।

● ● ●

আজকাল বাজারে-চলন মিশ্রিত ও বিষাক্ত আতাদা সেবনে শরীরের [illegible] ক্ষতি হইতেছে। [illegible]

বেদনাঞ্জন [illegible]

[illegible]

প্রাপ্তিস্থান—এ, সি, চাটার্জ্জী এণ্ড ব্রাদার্স।

[illegible] ঢাকা।

সকল [illegible] পাওয়া যায়।

মরা মানুষ বাঁচাইবার উপায়

[illegible] মরা মানুষ বাঁচাইবার কোন [illegible] নাই সত্য, তথাপি [illegible] প্রকার [illegible], শূল, [illegible] রক্তপ্রদর, [illegible]

[illegible] নাম হইয়াছেন, [illegible] আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন [illegible] প্রমাণ [illegible] পাওয়া যাইতেছে, [illegible] একবার [illegible] দেখুন। [illegible]

সোল এজেন্ট—ডাঃ ডি, ডি, হাজরা।

[illegible], কালীঘাট পোষ্ট, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

যোগেশচন্দ্র ঘোষ এম.এ, এফ.সি.এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্ব্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে [illegible] প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে বহুমূল্য ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণ গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দূর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৮৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক [illegible]

[illegible]

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

[illegible] কাশি, [illegible], যক্ষ্মা, হৃদরোগ, [illegible] প্রভৃতি রোগের [illegible]। সকলপ্রকার [illegible] পুষ্টিকর [illegible]।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে [illegible], শুক্রতারল্য, স্বপ্নদোষ, প্রমেহ ও [illegible] সম্পূর্ণরূপে সারিয়া যায়। [illegible]

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক [illegible] ঋতুদোষ [illegible] রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

বিশুদ্ধ জল! ভয় নাই! বিশুদ্ধ জল!!

লক্ষ্মী টিউব-ওয়েল কোং

২০৫নং নবাবপুর, ঢাকা

[illegible] (*Tube well*) [illegible] প্রভৃতি [illegible]

৭৫০০০ লোক উপকৃত

গ্রন্থখানি যিনি পড়িয়াছেন, তিনিই বলিবেন, ইহা দুঃখ দূর হইবার প্রশস্ত পন্থা। পুস্তকখানির নাম "কামশাস্ত্র"। বিনামূল্যে পাওয়া যায়। গ্রন্থকর্ত্তার আবিষ্কৃত "আতঙ্ক নিগ্রহ বটিকা", ধাতু দৌর্ব্বল্য, শুক্রতারল্য স্বপ্নদোষ নিবারণে অব্যর্থ সকলেই স্বীকার করিতেছেন। প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা। প্রাপ্তিস্থান: আতঙ্ক নিগ্রহ কার্য্যালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

মনোমোহন প্রেস

৯০নং নবাবপুর, ঢাকা

পূর্ব্ববাঙ্গালায় ভুলক্ষে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

৯০নং নবাবপুর, ঢাকা।

[illegible] শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী [illegible]

. স্থানীয় সংস্করণ

Registered No. C 1544

বিজ্ঞাপনের হার

প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩৷০
সিকি কলম ২৲
চুক্তির দর
স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র মঙ্গল-প্রচারক—নদীয়া জেলার একমাত্র মুখপত্র।

অগ্রিম মূল্য দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৴৫

৫ম খণ্ড]   সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী   [২৯ সংখ্যা।

শ্রীচৈতন্য মঠ শ্রীধাম মায়াপুর—২০শে চৈত্র বৃহস্পতিবার ১৩৩৬ ৩রা এপ্রেল ১৯৩০

শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক টীকা, বিবৃতি প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত। [illegible] ... ।৶০ [illegible] নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৶০
২। [illegible] শ্রীচৈতন্যচরিতামৃত (৩য় সংস্করণ) ৫৲
৩। গৌড়ীয়-গীতা ৶০
৪। [illegible] ০
৫। [illegible] ।০
৬। শ্রীচৈতন্যভাগবত ও শ্রীনবদ্বীপ [illegible] ১৲ ... [illegible] ৸০
৭। [illegible] ২৲ [illegible] ১৷০
৮। [illegible] ২৲ [illegible] ৷০ [illegible] ।০
৯। [illegible] ২৲
১০। [illegible] (রামানুজীয়) ।০
১১। [illegible] ২৲
১২। [illegible] (২য় সংস্করণ) ৸০
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১৪। [illegible] (তৃতীয় সংস্করণ) ৸৶০
১৫। [illegible] ৶০
১৬। [illegible] (৩য় সংস্করণ) ।৶০
১৭। আচার ও আচার্য্য ।
১৮। নবদ্বীপধাম-[illegible] ৸০
১৯। [illegible] নবদ্বীপ পরিক্রমা। ৩০
২০। শ্রীনবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
২১। নবদ্বীপ-[illegible] (প্রমাণখণ্ড) ৶০
২২। শ্রীনবদ্বীপ-[illegible] ।০
২৩। শ্রীগৌড়ীয় [illegible] ।০
২৪। [illegible] ৶০
২৫। [illegible] (সংস্করণ) ও [illegible] ৷০
২৬। [illegible] ।০
২৭। [illegible] ০
২৮। বৈষ্ণব-[illegible] (প্রথম [illegible]) ২৲
২৯। [illegible] ।০
৩০। শ্রী[illegible] ৸০
৩১। [illegible] ।০
৩২। [illegible] ৸০
৩৩। [illegible] ২৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীধাম মায়াপুর, নদীয়া।

[illegible]

চিত্রে নবদ্বীপ

[illegible]

গবর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

সারফাইন

টনিক ও সালসা। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই জ্বর বিচ্ছেদ হয়। [illegible]

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না।

এক দাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। [illegible]

[illegible] একটি [illegible] সম্পূর্ণ [illegible]

এজেণ্ট—মেসার্স্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কলিকাতা।

যুগল-মূর্ত্তি মার্কা
সর্ব্বত্র পাওয়া যায়।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত [illegible]

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা এবং বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

আসল ও জাল
[illegible]

এমন মহোপকারী তৈল আর নাই

গবর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা-

যদিও চরক [illegible] উপাদানে খাঁটী কাঁচা [illegible] তৈলে [illegible], কস্তুরী, গোলাপ, চামেলী, [illegible], চন্দন, [illegible], বেলা, প্রভৃতি [illegible] সমাবেশ [illegible] উপলব্ধি [illegible] থাকে। ফলতঃ এই [illegible] দূর হইয়া থাকে।

[illegible] স্ত্রী বা পুরুষের [illegible], বাত, [illegible], প্রদর, [illegible], বাধক, [illegible], মূর্চ্ছা, মাথাধরা, মাথাঘোরা, [illegible] ও নানা প্রকার ব্যাধির [illegible] অব্যর্থ মহৌষধ।

[illegible] পাগল ভাল হয়। যে কোন [illegible] যুগল মূর্ত্তি [illegible] বটকৃষ্ণ পাল [illegible] তৈল বিক্রয় করিয়া [illegible] বিক্রয় করিয়া [illegible]

এজেণ্ট—বটকৃষ্ণ পাল এণ্ড কোং ২৩নং বনফিল্ড লেন, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

২০শে চৈত্র বৃহস্পতিবার—১৩৩৬

সাময়িক প্রসঙ্গ

আমরা সপ্তদ্বীপবতী বসুন্ধরার সর্ব্বশ্রেষ্ঠ দ্বীপ জম্বুদ্বীপের মধ্যে আবার সর্ব্বশ্রেষ্ঠ বর্ষ ভারতবর্ষে জন্মগ্রহণ করিবার সৌভাগ্য পাইয়া তাহাদের মহামূল্য সম্পত্তিরাশি উপেক্ষা করিয়া—তাহার বিন্দুমাত্র সন্ধান না রাখিয়া নিতান্ত দুঃখদৈন্যভারাক্রান্ত হইয়া পড়িয়াছি, 'আমাদের কিছু নাই' বলিয়া অন্যের দ্বারের কুক্কুর হইয়া পরমুখাপেক্ষী হইয়াছি—ইহা অপেক্ষা আমাদের দুঃখের—মর্ম্মান্তিক পরিতাপের বিষয় আর কি হইতে পারে। 'আমরা ভারতবাসী' বলিয়া গর্ব্ব করিবার ত' কিছুই রাখিতেছি না! যে ভারতে স্বয়ং ভগবান্ যুগে যুগে অবতীর্ণ হইয়া অধর্ম্মের বিনাশ সাধন পূর্ব্বক জীবের শোক-মোহ-ভয়াপহ নিত্য সত্য পরম ধর্ম্মের সংস্থাপন করিয়াছেন, যে ভারতের প্রতি রেণুকণা ভগবৎ-ভাগবতের পাদপদ্ম-পরাগ-বিভূষিত হওয়ায় জগদ্বাসীগণের পরম বন্দনীয় শিরোভূষণ রূপে সমাদৃত, যে ভারতের স্থাবর জঙ্গমের ভগবদ্বিশ্বাসপরায়ণতা নিতান্ত স্বাভাবিকী, যে ভারত ভগবান্ নিজ নিকেতন বলিয়া দেবতাগণেরও বন্দনীয়, যে ভারতের শিক্ষা দীক্ষা সর্ব্বতোভাবে ভগবদ্ভাবময়ী হওয়া জীবের নিত্য-কল্যাণ-বিধায়িনী, যে ভারতে জন্মগ্রহণ করিয়া ভগবদারাধনার নিয়ম দেবতাগণও লালায়িত, যে ভারতে জন্মগ্রহণ না করিলে পরিপূর্ণভাবে ভগবৎ প্রাপ্তির কোন সম্ভাবনাই নাই, যে ভারতের স্থাবর জঙ্গমের উপাসনা—শাস্ত্রনিষ্ঠ অবস্থা—সমস্তই ভগবদ্ভজনের অনুকূল, সেই ভারতে—ভগবদ্বিলাস-ক্ষেত্র পুণ্যভূমি ভারতে জন্মগ্রহণ করিয়া ভারতবাসী বলিয়া পরিচয় দিবার মত আজ আমাদের কিছুই নাই!

আমরা অমৃতের পুত্র অমৃতের অধিকারী হইয়া অমৃতের প্রত্যাশা ছাড়িয়া নিতান্ত দীনহীন বুভুক্ষা-প্রপীড়িত সারমেয়ের মত অন্নান্বেষণায় পরমুখ-প্রত্যাশী হইয়া কালযাপন করিতেছি! আমাদের ঘরে এমন কি বস্তুর অভাব আছে, যাহা আমাদিগকে আজ ভারতবাসী হওয়ার সৌভাগ্য হইতে বঞ্চিত করিবে? হে বুদ্ধিমান্ ভারতবাসি! ইহা আমাদের একবার চিন্তা করিয়া দেখা উচিত। নিজেদের স্বসৌভাগ্যের অভাব অপূর্ণতা থাকিলে না হয় অন্যের সুসৌভাগ্যের অংশ পাইবার জন্য একটা লালসায় উদয় হইলেও হইতে পারে, কিন্তু নিজেদের তাহা পূর্ণ থাকিতে কেন যে আজ সেসকল সর্ব্বত্র হাহাকার-ধ্বনি উত্থিত হইয়াছে, তাহা কে বলিবে? অত্যন্ত ভাগ্যবান্ হইয়াও কেন যে আমরা আজ নিতান্ত ভাগ্যহীনের ন্যায় ক্রন্দন করিয়া মরিতেছি, তাহা কে বলিয়া দিবে?

ইতরযোনিজাত প্রাকৃতজনকোন্ত বস্তুকেই একে অন্যের নিকট হইতে কাড়িয়া লইতে পারে, ইহার ভোগাভিলাষিগণই একের ভোগসুখে অন্যে বাধা প্রদান করিয়া পরস্পরে কলহে প্রবৃত্ত হইতে পারে, দেশের সুখ-শান্তি নষ্ট করিয়া মহৎের শ্রেষ্ঠ প্রাপ্তি করিয়া দিতে পারে! কিন্তু পরব্যোম-ভাক্ত অপ্রাকৃত বস্তুপ্রাপ্তিগণের মধ্যে তাদৃশ কোন কলি-প্রভাব প্রবেশ করিতে পারে না, সেখানে সাম্য, মৈত্রী, দয়া, দাক্ষিণ্যাদি সকলপ্রকার সদ্গুণ নিত্য বিরাজিত থাকিয়া নিত্য শান্তির নিবাস-স্থল হয়। পরব্যোমের বস্তু এক অদ্বয়-জ্ঞানতত্ত্ব সচ্চিদানন্দবিগ্রহ ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণ, তাই সেখানে দ্বন্দ্ব নাই, সকলেই একাদ্বয়পন্থী হইয়া কেবল কৃষ্ণসুখ-তৎপরতাভিলাষী হওয়ায় নিরাপদেই লেশমাত্রও তথায় প্রবেশাধিকার পায় না। যেখানে আত্মেন্দ্রিয়তর্পণ-পিপাসা প্রবল, সেখানেই হিংসা দ্বেষ মৎসরতা কলহ—নানাপ্রকার অশান্তি বিরাজমান। সেইরূপ অশান্তি-ভোগ পরমপূজ্যকেও ভারতের অধিবাসীর পক্ষে বিন্দুমাত্র গর্ব্বের পরিচয় নহে। ভগবদারাধনাই ভারতবাসীর নিজস্ব ধন, ভগবৎপ্রেমধনই ভারতবাসীর একমাত্র সম্পৎ, ভগবৎ বৈভবই তাঁহার একমাত্র গৌরবের বিষয়, ভগবৎ সেবা-সুখই ভারতবাসীর একমাত্র সুখ, ভগবৎ সম্বন্ধে ভারতবাসীর বিশ্বাসীর সহিত মিত্রতা, কৃষ্ণেচ্ছাই ভারতবাসীর ইচ্ছা, ভারতবাসীর স্বতন্ত্র কামনাহীন, ভারতবাসীর সর্ব্বস্ব কৃষ্ণশ্রী। ভারতবাসী আজ এই ভগবৎপ্রীতি হইতে বঞ্চিত হইয়াই পাপ-পুণ্য, ধর্ম্মাধর্ম্ম প্রভৃতি বিচারে প্রবৃত্ত হইয়াছে, ভগবদিচ্ছার অপেক্ষা না রাখিয়া নিজেরাই ভগবদিচ্ছাকে নিয়ন্ত্রিত করিতে যাইতেছে, ধর্ম্মগ্লানি দূর করিবার ভার ভগবানেরই,—ইহা ভুলিয়া আজ নিজেরাই ভগবান্ সাজিয়া বসিয়াছে, ভগবৎকৃপার অপেক্ষা রাখিতেছে না, তাই ভারতবাসীর আজ এত বিষম দুর্দ্দিন! ভগবৎপ্রসাদ উপেক্ষা করিয়া ভারত আজ নানারূপ অভাবে পোকে তাপে জর্জ্জরিত হইয়া হাহাকার করিতেছে। এজন্য ভগবানের নহে, ইহা আমাদেরই নিজকৃত।

ভারতবাসী ভগবানের কথা একেবারে ভুলিয়া গেল, ধর্ম্মের গোপ্লানি প্রবল হইল, নানা মত ভিন্ন সৃষ্টি করিয়া ভুলিল—ইহা দেখিয়া স্বয়ং ভগবান্ ব্রজেন্দ্রনন্দন আবার ভক্তভাবাঙ্গীকার করিয়া অবতীর্ণ হইলেন। এবার ভগবান্ স্বয়ং ভক্ত হইয়া জীবকে ভগবদারাধনা শিক্ষা দিলেন। নানাধর্ম্ম-প্রপীড়িত কলিজীবের পক্ষে অন্য জন্মে ধ্যান, যজ্ঞ, অর্চ্চনাদির দ্বারাও যাহা দুর্লভ, অধুনা একমাত্র হরিনাম সংকীর্ত্তন-দ্বারাই তাহা লভ্য জানাইয়া কলিজীবের প্রতি মহা করুণা প্রদর্শন করিলেন। করুণাময় ভগবান্ নিজের প্রিয় নাম দান করিয়া নামরূপে পূর্ণভাবে সকলকে পূর্ণকৃপা বিতরণ করিতে থাকিলেও আজ আমরা যে তাঁহার সেই কৃপা লাভে বঞ্চিত হইয়া অভক্তিবিদ্রোহে প্রমত্ত হইয়াছি, নিজেদের সৌভাগ্য অনায়াসে প্রাপ্ত হইয়াও যে ভাগ্যহীনতার পরিচয় দিতেছি, ইহা অপেক্ষা দুর্দ্দৈবের পরিচয় আমাদের আর কি থাকিতে পারে?

আমরা ভারতবাসী বলিয়া গর্ব্ব করিতে চাই, কিন্তু আমরা ভারতের—সমগ্র বিশ্বের গৌরব যাহা, তাহারই অনাদর করিতে প্রস্তুত! ভারতের মাটী জল বায়ু বন ধান প্রভৃতি যদি নিজেদের ভোগের উপকরণ না দেখিয়া ভগবানের ভোগ্যরূপে দর্শন করিতে পারিতাম, তাহা হইলেও আমাদের ভারত দর্শনের সার্থকতা হইত। ভারতপতি ভগবানের কথা ভুলিয়া গিয়া আমাদের যে জননী জন্মভূমির প্রতি প্রীতিপ্রদর্শন, তাহা আদৌ প্রীতি নহে, অধর্ম্ম মাত্র। ভারত-সন্তান হইতে হইলে—ভারতবাসী বলিয়া গর্ব্ব করিতে হইলে ভারতের শিক্ষা দীক্ষায় শিক্ষিত দীক্ষিত হইতে হইবে। ভারতের শিক্ষা—

"কৃষ্ণময় হইতে হ'বে সংসার-মোচন।
কৃষ্ণনাম হইতে পাবে কৃষ্ণের চরণ॥"
"আত্মেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা তারে বলি কাম।
কৃষ্ণেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা ধরে প্রেমনাম॥"

ভারতভূমির মধ্যে আবার যে বঙ্গভূমিতে স্বয়ং ভগবান্ ভক্তরূপে অবতীর্ণ হইয়া সমস্ত জগৎকে নামপ্রেমবন্যায় প্লাবিত করিলেন, সেই বঙ্গভূমির অধিবাসী বাঙ্গালী বলিয়া গর্ব্ব করিয়াও আমাদের যে একমাত্র গৌরবের বস্তু শচীনন্দন গৌরহরি, তাঁহার শিক্ষা দীক্ষার কোন সংবাদই আমরা রাখি না। এ সকল কথা একবারও আলোচনা করিতে হৃদয় বিদীর্ণ হয়, কিন্তু এমনই স্বভাবদোষদুষ্ট আমরা যে তাহা পুনঃ পুনঃ আলোচনা করিয়াও আমাদের চৈতন্যোদয় হইতেছে না। বৈষ্ণবগণ নিন্দাকে আমরা ঘৃণা করিতে চাই না, কিন্তু নিজেদের ঘরের নিন্দাকে এমন করিয়া অবহেলা করা বুদ্ধিমান্ বঙ্গবাসীর কতদূর বুদ্ধিমত্তার পরিচয় দেওয়া হইতেছে, তাহা সুধীগণেরই বিবেচ্য। মহাপ্রভু আমাদিগকে যে নামপ্রেমসম্পৎ—যে মহাসৌভাগ্য প্রদান করিয়াছেন, সে সম্পৎ—সে সৌভাগ্যের তুলনা এ জগতে আমাদের এমন কি আছে যাহার জন্য আমরা আমাদের সকল সুখ-শান্তি হারাইতে বসিব। ইহাই কি ভারতবাসিদের বঙ্গবাসিদের পরিচয়?

মহাপ্রভুর উপদেশ—হরিনাম করিলে সর্ব্বার্থসিদ্ধি হবে, এ কলিকালের নিকট জগতের কোন অমঙ্গল স্ফুরিত হইতে পারে না। আজ বঙ্গভূমির অধিবাসী বলিয়া পরিচয় দিয়া তাঁহাদের বৈষ্ণব ভগবদারাধনা ছাড়িয়া কে আর বাঁচিবে, আমাদের জীবনে আর কিছুই থাকে না! ভগবান্ আমাদিগকে হরিনাম সঙ্কীর্ত্তন প্রদান করিয়াছেন, বিচার করিলে তাহাই আমাদের একমাত্র সর্ব্বস্ব ধন, তাহাই আমাদের শ্রেষ্ঠ গৌরব, তাহাই আমাদের চরম লাভ। সেই নাম গ্রহণ করিয়া এই জীবন যেন উহাতেই পর্য্যবসিত করিতে পারি, ইহা বিস্মৃত না হইতে পারিলে কিছু থাকিবে না—স্বভাব দূরীভূত না হইয়া নিত্যকাল বহির্ম্মুখ থাকিতে হইবে। "অন্তর্নিহিত....."

"......... কৃষ্ণ কৃষ্ণ করে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে॥
....
....
....
....
......................"

উত্তর

(পূর্ব্বপ্রকাশিত ২৮ সংখ্যার পর)

শ্রীপ্রজ্ঞাস্বামী

৩। শ্রী.....কোথাও নিজকৃত টীকার মধ্যে কোন বৈষ্ণবের শাস্ত্র ব্যাখ্যা করেন নাই বা করিতে পারেন না। তিনি কখনও মায়াবাদী অর্থাৎ জীব ও ভক্তের নিত্যত্ব নিত্যমুক্ত সাধন-প্রক্রিয়া সম্বন্ধে বিদ্বেষী বিশেষ কেবলাদ্বৈতবাদী ছিলেন না। তিনি শুদ্ধাদ্বৈত বিষ্ণুস্বামি-সম্প্রদায়ভুক্ত ত্রিদণ্ডি-সন্ন্যাসী এবং তিনি শ্রীনৃসিংহদেবের উপাসক ছিলেন। শ্রীমৎ....রচিত শ্রীল .....তাঁহার অত্যন্ত ভক্ত ছিলেন। ....শ্রী গোস্বামি প্রভু-প্রমুখ আচার্য্যগণ তাঁহাকে বৈষ্ণবাচার্য্যরূপে সম্মান প্রদান করিয়াছেন। .....পরিচ্ছেদে ....

যে, শ্রীমহাপ্রভু শ্রীধরস্বামিপাদের বিরোধী শ্রীশঙ্করাচার্য্য পাণ্ডিত্য-মদ চূর্ণ করিবার জন্য বলিয়াছেন—

শ্রীধরস্বামী নিন্দি নিজ টীকা কর।
শ্রীধরস্বামী নাহি মান এত গর্ব্ব কর।
শ্রীধরস্বামী প্রসাদে ভাগবত জানি।
জগদ্গুরু শ্রীধরস্বামী গুরু করি মানি॥
শ্রীধর উপরে গর্ব্বে যে কিছু লিখিবে।
অর্থব্যস্ত লিখন সে লোকে না মানিবে॥
শ্রীধরের অনুগত যে করে লিখন।
সব লোক মান্য করি করিবে গ্রহণ॥

শ্রীধরস্বামিপাদ যদি কেবলাদ্বৈত-বিচারপর মায়াবাদী হইতেন, তাহা হইলে শ্রীমহাপ্রভু কখনও তাঁহাকে এত সম্মান দিতেন না,—ইহা যে-কোন সুধী অতি সহজেই বুঝিতে পারেন।

শ্রীল জীব গোস্বামী প্রভুও শ্রীমদ্ভাগবতের সন্দর্ভ ও টীকায় শ্রীল শ্রীধরস্বামীকে 'বৈষ্ণবোত্তম' অর্থাৎ বৈষ্ণব-শ্রেষ্ঠ একমাত্র রক্ষক বলিয়া মহা সম্মান প্রদান করিয়াছেন। আবার শ্রীমদ্ভাগবতের 'অথাতঃ' শ্লোকের টীকায় এরূপ লিখিয়াছেন—"অত্র ... শ্রীধরস্বামিপাদ... ..." অর্থাৎ অদ্বৈতবাদিগণের মতে সর্ব্ব পক্ষে যে '... ব্রহ্ম' তাহা ... শ্রীধরস্বামিপাদের অভিমত।

শ্রীগৌড়ীয়-বেদান্তাচার্য্য শ্রীল বলদেব বিদ্যাভূষণ প্রভুও তত্ত্ব ... গীতাভাষ্যে শ্রীধর স্বামীর ... লিখিয়াছেন—

"শ্রীধরস্বামিনো বৈষ্ণব ... ...
... ..."

অতঃপর শ্রীল স্বামিপাদের স্বকৃত টীকার মধ্যে ভক্তি-সিদ্ধান্তপর বাক্য উদ্ধৃত হইতেছে—

(ক) (ভাঃ ১।১।২ শ্লোকের টীকায়) ... ...

(খ) (ভাঃ ... শ্লোকের টীকায় ... শ্রীবিষ্ণুস্বামিপাদের বাক্য—)
"... ... ...
... ...
... ...
... ..."

... ...

(গ) (ভাঃ ১।২২।২৯ শ্লোকের টীকায়) "অনেন পার্ষদমূর্ত্তাৎ অকর্ম্মারব্ধং নিত্যং শুদ্ধসত্ত্ব সূচিতং ভবতি।" অর্থাৎ এই শ্লোকের দ্বারা ভগবৎপার্ষদ-বিগ্রহগণের জন্ম মৃত্যুর মূল কারণ প্রারব্ধ কর্ম্ম নাই। তাঁহাদের বিগ্রহ শুদ্ধ অর্থাৎ অপ্রাকৃত।

(ঘ) (ভাঃ ১০।৮৭।২১ শ্লোকের টীকায় 'সুরঞ্জ' আখ্যাকার শ্রীবিষ্ণুস্বামিপাদের বাক্য—) "মুক্তা অপি লীলয়া বিগ্রহং কৃত্বা ভগবন্তং ভজন্তে" অর্থাৎ মুক্তপুরুষগণও স্বেচ্ছায় অর্থাৎ ইচ্ছাক্রমে (অর্থাৎ কর্ম্মফলভোগ-বাধ্য নহে) বিগ্রহ প্রকট করিয়া ভগবানকে ভজন করিয়া থাকেন।

শ্রীধরস্বামিপাদের উপরিউক্ত বাক্যসমূহ কেবলাদ্বৈত-বিচারপর নির্বিশেষ মায়াবাদীর মতের সম্পূর্ণ বিরুদ্ধ—ইহা সকলেই বুঝা যায়। অধিক বাক্য উদ্ধার করা বাহুল্য মাত্র। অতএব শ্রীধরস্বামী যে বৈষ্ণবাচার্য্য, তদ্বিষয়ে সন্দেহ নাই।

শ্রৌতপন্থা

(ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিলাস গভস্তিনেমি)

"এতাং স আস্থায় পরাত্মনিষ্ঠামধ্যাসিতাং পূর্ব্বতমৈর্মহর্ষিভিঃ।
অহং তরিষ্যামি দুরন্তপারং তমো মুকুন্দাঙ্ঘ্রি নিষেবয়ৈব॥"

"পূর্ব্বতম মহাজনগণাচরিত পরাত্মনিষ্ঠা গ্রহণ করিয়া আমি অজ্ঞানময় দুস্পার ভবসাগর উত্তীর্ণ হইবার এক মাত্র উপায়-স্বরূপ মুকুন্দ-সেবন-ব্রতাবলম্বন করিলাম।" অবন্তী নগরের এই ত্রিদণ্ডী ভিক্ষু বাক্য শ্রীমদ্ভাগবতে প্রাপ্ত হয়। শ্রীবিষ্ণু-স্বামী, রামানুজ, মধ্ব, নিম্বার্কাদি মহাপুরুষ আচার্য্যগণ সকলেই ত্রিদণ্ডী ভিক্ষুব্রত স্বীকার করিয়াছিলেন। প্রাক্ পুরাকালীন সুপ্রাচীন ঋষিগণের মধ্যে একদণ্ড গ্রহণের কোন প্রথা শাস্ত্রে প্রাপ্ত হয় নাই। পরন্তু অবন্তী নগরের ভিক্ষু-গীতায় "এতাং স আস্থায় পরাত্মনিষ্ঠামধ্যাসিতাং পূর্ব্বতমৈর্মহর্ষিভিঃ" এই "পূর্ব্বতমৈর্মহর্ষিভিঃ" শব্দ দ্বারা শাস্ত্র সত্য, ত্রেতা এবং দ্বাপর যুগীয় মহাজনগণকে লক্ষ্য করিয়াছেন। সত্য-ত্রেতা-দ্বাপর যুগীয় মহাজন ঋষিগণ-মধ্যে ত্রিদণ্ড গ্রহণের প্রথা বা ব্যবহার ভিন্ন একদণ্ড গ্রহণ-ব্যবহার কদাপি সম্ভব হইতে পারে না। সুপ্রাচীন কাল হইতে এ যাবৎ যুগ্মত্রয়ে ত্রিদণ্ড-গ্রহণ-প্রথাই শিষ্টাচার-সম্মত ও ঋষিগণ—মহাজনগণ-সেবিত পন্থা।

কলিযুগেও দৃষ্ট হয় যে, সর্ব্ববাদিসম্মত প্রামাণিক টীকাকার শ্রীপাদ শ্রীধর স্বামী-সেবিত সম্প্রদায়াচার্য্যপ্রবর শ্রীল বিষ্ণুস্বামী, খ্রীষ্টের বহু শত বর্ষ পূর্ব্বে উদিত হইয়া শ্রীমদ্ভাগবতোক্ত পূর্ব্বতম মহাজনগণের পদাঙ্কানুসরণ পূর্ব্বক এই শাস্ত্র-সম্মত ও মহাজনগণাচরিত ত্রিদণ্ডই গ্রহণ করিয়া উপনিষদুক্ত অষ্টোত্তর শতনামী সন্ন্যাস প্রচার করিয়াছিলেন। পূর্ব্বতম অর্থাৎ শ্রী-ব্রহ্ম-রুদ্র-সনক সম্প্রদায়ের সকল মহাজনই ত্রিদণ্ডী ছিলেন। দশনামী সন্ন্যাসী নাম এই উপনিষদ অষ্টোত্তর শত নামেরই অন্তর্ভুক্ত দশটি নাম মাত্র। উপনিষদুক্ত অষ্টোত্তর শত নামী ত্রিদণ্ডী সন্ন্যাসীর তালিকা নিম্নে প্রদত্ত হইল।

"তীর্থাশ্রমবনারণ্যগিরিপর্ব্বত-সাগরাঃ।
সরস্বতী ভারতী চ পুরী নামানি বৈ দশ॥
শতভিন্নোদিমাগতঃ কথিত্ব পরমার্থিনো।
দুর্গ্যাশ্রমী নির্দ্দেশ্য ত্রিদণ্ডী বিষ্ণু দৈবতাঃ॥
ভিক্ষু ... ... যুনিঃ।
বিষ্ণুরুদ্রো মহানীয়ো মহত্তমো যথাগতঃ॥
নৈকসত্পরমাদ্বৈতী শুদ্ধাদ্বৈতী বিশেষিতঃ।
তপস্বী যাচকো নম্র স্বাধ্যায়ী জপলোলুপঃ॥
সন্ন্যাসী যতী ক্লান্তো নির্ব্বাণ... ...নিষ্ক্রম্।
উদ্ভূলোদি-মহাযোগী ব্রতাচারো ভবপারগঃ॥
... ... যথার্থে ... ...।
সুদর্শনপ্রসো ভক্তিসারোক্তো জনার্দ্দনঃ॥
উর্দ্ধমন্দি-... ... ...।
নিরহোঙ্কারী ... ... শিবো॥
যোগানন্দো জিতক্রোধো গোবিন্দো মধুসূদনঃ।
বৈখানসো যথাদো দৈ বামনো পরমহংসকঃ॥
নারায়ণ হৃষীকেশো পদ্মনাভঃকমলো।
মাধবো দামোদরশ্চৈব ... ... বৈষ্ণবঃ॥
বিষ্ণুদামোদরো স্বামী গোস্বামী পরমেশ্বরঃ।
ভাগবতোত্তমজ্ঞঃ সত্যো নিষ্কিঞ্চনো যতিঃ॥
... ... মুক্তিরঞ্জনো।
নির্ব্বিবাদী ... ... সাধু বুদ্ধব্রতী॥
... ...
... ... মঠোৎসবে।
অষ্টোত্তরশতানি তু বৈদিকানি তানি হি॥"
(মুক্তিকোপনিষৎ ও শাণ্ডিল্যসংহিতা)

উপনিষদুক্ত অষ্টোত্তরশত নামের মধ্যে শ্রীশঙ্করাচার্য্য তীর্থ আশ্রমাদি প্রথম দশটির অধিক আর সন্ন্যাসী করিতে পারেন নাই—পারিলে শঙ্কর সম্প্রদায়ে অবশিষ্ট "শতভিন্নোদি মাগতঃ কথিত্ব পরমার্থী" প্রভৃতি সন্ন্যাস নামও প্রাপ্ত হইত। আর যদি বলা যায় যে, শঙ্কর-সম্প্রদায়ে দশাপেক্ষা অধিক সংখ্যক সন্ন্যাসী কৃত হইয়াছিল, তাহা হইলে উপনিষদুক্ত অবশিষ্ট নাম গুলি পরিত্যাগ করিয়া কেবলমাত্র দশ নাম মাত্র গ্রহণ করত পূর্ব্বতম ও পূর্ব্বতর মহাজন-স্থাপিত মত ব্যতীত ঊর্দ্ধ-গমনের প্রশ্ন প্রদত্ত হইয়াছে। কিন্তু আচার্য্যের পক্ষে ঐরূপ অবস্থাদূষ্টান্ত সম্ভাবনা না থাকায় ইহা স্বীকার করিতে হয় যে, তিনি দশটির অধিক সন্ন্যাসী করিয়া দিতে পারেন নাই। তজ্জন্য শঙ্কর-সম্প্রদায়ে, অষ্টোত্তরশত নামের প্রথম দশটি মাত্র পরিদৃষ্ট ও প্রাপ্ত হইয়া থাকে।

সন্ন্যাসাশ্রম এবং ভক্তভাব অধিকারী শ্রীগৌরাঙ্গসুন্দর দশনামী ভারতী সম্প্রদায়ে একদণ্ড গ্রহণ করিয়াছিলেন বলিয়া অনেকে তর্ক উত্থাপন করিয়া তৎপ্রবর্ত্তিত গৌড়ীয়-বৈষ্ণব-সম্প্রদায়ে ত্রিদণ্ড গ্রহণের অযৌক্তিকতা স্থাপন করেন। তাহা হইলে কি বলিতে হইবে যে একদণ্ড গৌড়ীয়-বৈষ্ণব-সম্প্রদায়ের সন্ন্যাস-চিহ্ন হউক?

এই সকল তার্কিকগণ চক্ষুর্দ্ধয় পূর্ব্বক ... শ্রীমন্মহাপ্রভুর আচারগত বিধিমার্গস্বরূপ পরাত্মনিষ্ঠা ত্রিদণ্ড বা একদণ্ড এতদুভয়ের একতরও গ্রহণ না করিয়া একেবারে নিষ্ক্রিয় পরমহংস বেশ গ্রহণ পূর্ব্বক বিধি মার্গের শাসন ভঙ্গ হইতে অধিকারী হইয়া যাঁ ... পরায়ণ হওয়ার যৌক্তিকতা স্থাপন করেন।

মহাভাগবতবরাগ্রগণ্য শ্রীমচ্চৈতন্য যখন লীলাক্রমে সন্ন্যাস গ্রহণ করেন, তখন উৎকল প্রদেশে ত্রিদণ্ড-গ্রহণ-প্রথা অথবা ত্রিদণ্ডী সন্ন্যাসী প্রায় একেবারে ছিল না। কেবলমাত্র ... ... "... ... ..." এই অভ্যুদয় ও পরম ... ... মর্য্যাদা রক্ষা শিক্ষা দিবার জন্য সন্ন্যাসেকা অতি নিকৃষ্ট ... ... নামে ... ... মাত্র গ্রহণ করত ভাগবতের ভিক্ষুগীতার ত্রিদণ্ডী সন্ন্যাসীর কথিত "এতাং স আস্থায় ... ... পূর্ব্বতমৈর্মহর্ষিভিঃ" ত্রিদণ্ডী গ্রহণ-নিয়ম জগতে কীর্ত্তন করিয়াছেন।

(ক্রমশঃ)

নানা কথা

—•••—

নদীয়া কংগ্রেস

নদীয়া কংগ্রেস হইতে ১০জন কর্মী কুষ্টিয়া প্রভৃতি স্থানে যাইয়া সেখান হইতে দুই দলে বিভক্ত হইয়া নিরুপদ্রব আইন অমান্যের জন্য লোক এবং অর্থ সংগ্রহ এবং প্রচার-কার্য্য চালাইবেন। তাঁহারা এই এপ্রিল তারিখের অপরাহ্নে বীরনগর এবং সভায় পর্য্যন্ত যাইবেন। সেখান হইতে তাঁহারা ৩জন স্বেচ্ছা-সেবককে কলিকাতা পাঠাইবেন। তাঁহারা কলিকাতা পৌঁছিলে সেখানে বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেস কমিটীর নির্দ্দেশ অনুসারে কার্য্য করিবেন।

এইরূপে কংগ্রেস কর্ম্মিগণ নদীয়া হইতে মাজদিয়া, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা প্রভৃতি স্থানে যাইয়া কার্য্য করিবেন।

কৃষ্ণনগর দায়রা

কৃষ্ণনগরের অতিরিক্ত দায়রা জজ মিঃ আর, সি, ঘোষের আদালতে হরনগর ডাকাতির মোকর্দ্দমার বিচারে আসামী ভুট্টু সেখ, পাগল মুচি, ভুট্টু সেখ, সাহু সেখ এবং নজর আলির উপর জজ সাহেব সকল জুরির সহিত একমত হইয়া তিন বৎসর করিয়া সশ্রম কারাবাসের আদেশ দিয়াছেন।

ঘটনা এই যে গোয়েন্দা বিভাগের ইন্সপেক্টর শ্রীযুক্ত বাবু ভূপপতি সিংহ মহাশয় সন্ধান পান যে, গত জুন মাসের ৩রা তারিখে নাকাশীপাড়া থানার অধীন হরনগর গ্রামে কালিপদ নামক একজন মোদকের বাটীতে ডাকাইতি হইবে। তখন কৃষ্ণনগর হইতে এবং নাকাশীপাড়া থানা হইতে অনেক পুলিসের লোক পুলিস সোর্ড এসিষ্টেন্ট ও শ্রীযুক্ত বাবু অভয় পদ চট্টোপাধ্যায়, স্থানীয় জমীদার কানাই বাবু এবং অন্যান্য লোককে সঙ্গে করিয়া কালিপদর বাড়ীতে এবং অন্যান্য স্থানে লুকাইয়া রহেন। রাত্রি ৩টার সময় ডাকাতদের মধ্যে একজন প্রাচীর লঙ্ঘন করিয়া কালিপদর বাড়ীর ভিতর আসিয়া দ্বার খুলিয়া দেয়, পরে সমস্ত ডাকাইত ঘরে প্রবেশ করিয়া লুণ্ঠন প্রবৃত্ত হইলে ভূপপতি বাবু নিজের জীবন বিপন্ন করিয়া ডাকাইতদের সহিত ধস্তাধস্তি করেন এবং সঙ্গের পুলিসের লোকদিগের সহিত ডাকাইতদের রীতিমত যুদ্ধ বাধিয়া যায়। অনেক কষ্টে তাঁহারা ৬জন ডাকাইতকে ধরেন। তাহাদিগের মধ্যে একজন সরকারী সাক্ষী শ্রেণীভুক্ত হয়।

সরকার পক্ষে শ্রীযুক্ত বাবু সতিভূষণ চট্টোপাধ্যায় এবং শ্রীযুক্ত বাবু বিনয় কুমার মুখোপাধ্যায় মহাশয়দ্বয় উকিল থাকেন। আসামীদের পক্ষে মৌলবী রফিউদ্দিন আমেদ এবং শ্রীযুক্ত বাবু বিমলেন্দু সান্যাল উকিল থাকেন।

জুরির সহিত জজ একমত হইলে বিচারক বাবু বলেন যে, ডাকাইতদের এই প্রথম অপরাধ, সুতরাং লঘুদণ্ড দেওয়া হউক।

নবদ্বীপে মেয়ে চালান

শিয়ালদহের ডেপুটি ম্যাজিষ্ট্রেট মিঃ এস, দত্তের এজলাসে আরাপদ নন্দী নামক এক ব্যক্তির নামে অভিযোগ এই যে, সে পিয়ারীমোহন শীল নামক একজন লোকের ষোড়শবর্ষ বয়স্কা কন্যাকে হরণ করে এবং কিছু দিন পরে উক্ত কন্যার গর্ভ সঞ্চার হইলে ঐ গর্ভ নষ্ট করিবার জন্য কন্যাটীকে নবদ্বীপে চালান দিবার চেষ্টা করে। এমন সময় বাধা পাওয়ায় ঐ দুষ্কার্য্য করিতে পারে নাই।

কৃষ্ণনগরে স্বেচ্ছাসেবক

পাঠকগণ অবগত আছেন যে যাঁহারা দেশের সেবার জন্য মৃত্যু বরণ করিয়া লইয়াছেন, তাঁহাদের স্মৃতি উপলক্ষে এবং আইন অমান্য করিবার নিরুপদ্রব আন্দোলনের জন্য স্বেচ্ছাসেবক সংগ্রহের উদ্দেশ্যে গত সোমবার অপরাহ্নে কৃষ্ণনগর ঘাষপোপাল টাউন হলে এক সভার অধিবেশন হয়। এ পর্য্যন্ত ৭৭জন স্বেচ্ছা-সেবক সংগৃহীত হইয়াছে। আরও অনেকে স্বেচ্ছাসেবক হইবার জন্য আগ্রহ প্রকাশ করিতেছেন।

—— ——

নদীয়ায় বসন্ত

নদীয়া জেলায় গত সপ্তাহে ষোলজন বসন্ত রোগে মারা গিয়াছে। কলেরায় মৃত্যুর সংখ্যা পাওয়া যায় নাই। বঙ্গদেশে এগারটী জেলায় কলেরার প্রকোপ বৃদ্ধি পাইয়াছে।

সেন গুপ্ত মুক্ত

পাঠক অবগত আছেন যে, রাজদ্রোহ প্রচারের অভিযোগে রেঙ্গুন আদালতে বিচার হইয়া মিঃ জে, এম, সেন গুপ্তের দশদিন বিনাশ্রমে কারাবাসের আদেশ হয়।

তাঁহার গত সোমবারে মুক্ত হইবার কথা, ইহাই সাধারণে অবগত ছিলেন। হঠাৎ তাঁহাকে একদিন পূর্ব্বে রবিবারে মুক্তিদান করা হইয়াছে।

তিনি সেখানে এক সভায় অভিনন্দিত হইয়া বক্তৃতায় বলেন যে তাঁহাকে অভিনন্দিত করায় তত তিনি তত খুসী নহেন, যত খুসী এই দেখিয়া যে তিনি যে মন্ত্রের সাধন জন্য যুদ্ধ করিতেছেন ব্রহ্মবাসী এবং সাধারণে সেই মন্ত্রকে অভিনন্দিত করিতেছেন।

মিঃ গান্ধীর যাত্রা

১লা এপ্রিল দিনে চক্রবকাড়া, রাত্রিতে সুরাট।

২রা এপ্রিল দিনে ডিণ্ডোলি, রাত্রিতে ভাপু।

৩রা এপ্রিল দিনে ইয়াবান, রাত্রিতে নাভাসারি

৪ঠা এপ্রিল কালাপুর ষ্টেসনের কল এবং কারেড়ি মাহোবাড়ি।

৫ই এপ্রিল দণ্ডী পৌঁছিবেন।

আগামী ৬ই এপ্রিল তারিখে জাতীয় সপ্তাহের প্রারম্ভে তিনি লবণ আইন ভঙ্গ আরম্ভ করিবেন।

——

এদিকে বগুড়া, ঢাকা এবং অন্যান্য স্থান হইতে স্বেচ্ছাসেবক দল সমুদ্রাভিমুখে যাত্রা করিতেছেন।

উড়িষ্যায় এক ব্যক্তি নিজের ব্যবহারের জন্য লবণ তৈয়ারী করিয়াছিল। এই ব্যাপার লইয়া একটা হৈ চৈ আরম্ভ হইয়াছে।

মিঃ গান্ধির বাণী

কোনও সরকারী কর্ম্মচারী কোনও গ্রামে কোন সরকারি কার্য্যোপলক্ষে যাইলে তাহার প্রতি অসম্মান প্রদর্শন করা উচিত হইবে না। সরকারি কর্ম্মচারীর প্রতি বিশেষ যত্নঃ এরূপ করিতে হইবে, তাহা নহে। উহা একপ্রকার সামাজিক ভাবে বয়কট করা। সরকারি কর্ম্মচারীকে তাহার কার্য্যে সাহায্য করাও অনুচিত হইবে।

পুলিশের আপত্তি

ফরিদপুর মহিলা সভার কর্ত্তৃপক্ষের আদেশে কয়েক-জন পুলিসের লোক একটী বেঞ্চি লইয়া সভানেত্রীর আসনের নিকট স্থান গ্রহণ করিয়াছিল। মণ্ডপের ভিতর এরূপ ভাবে যে কোন পুরুষ প্রবেশ করায় স্ত্রীলোকদিগের পক্ষ হইতে আপত্তি করা হয়। তাহার পর পুলিসের লোক চলিয়া যায়।

এই কার্য্যের প্রতিবাদ করিয়া ফরিদপুর বার এসো-সিয়েশন একটী সভা আহ্বান করিয়া এক প্রস্তাব গ্রহণ করেন।

ডি, পি, আই

বাংলার স্থায়ী ডিরেক্টার অব্ পাবলিক ইন্‌ষ্ট্রাক্‌-সান (শিক্ষাবিভাগের প্রধান পরিচালক) মিঃ ওটেন বিলাতে আছেন। তিনি হঠাৎ কাজে ইস্তফা দিয়াছেন।

অস্থায়ী ডিরেক্টার মিঃ জেনকিন্‌স ছুটির দরখাস্ত করিয়াছিলেন। এখন তিনি ছুটী নামঞ্জুরের দরখাস্ত করিয়াছেন।

——

বারহাট্টে আপত্তি

হাইকোর্টে একটী মোকদ্দমা হস্তান্তরিত করিবার দরখাস্ত হইয়াছে। দুইজন অবৈতনিক ম্যাজিষ্ট্রেট একটী ফৌজদারী মোকদ্দমার বিচার করিতেছিলেন। আসামী পক্ষের মোক্তার বারহাট্টে একখানি কাগজ দেওয়ায় ম্যাজিষ্ট্রেট বিশেষ অসন্তুষ্ট হলেন: ও তাতে বাদানুবাদ হয়। এই কারণে এবং একজন ম্যাজিষ্ট্রেটের সহিত ফিসের বিশেষ ভালবাসা আছে এই কারণে এখানে সুবিচার হইতে পারে না বলিয়া মোকদ্দমা স্থানান্তরিত করিবার দরখাস্ত হয়। হাইকোর্ট রুল জারি করিয়াছেন।

——

জল নিকাশ

কলিকাতার জল নিকাশ সম্বন্ধে কর্পোরেশনের সহিত সরকারের বাদানুবাদের আলোচনা চলিতেছে। আইনের বলে যে কর্পোরেশন সম্পূর্ণ জলনিকাশের সুবন্দোবস্ত করিতে পারে না। এই আইনের সুবিধা পাইয়া সরকার নিশ্চিন্ত আছেন। এদিকে বিদ্যাধরী নদী মজিয়া যাইবার উপক্রম হওয়ায় জল ব্যবস্থা করা আবশ্যক হইয়া

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়' পত্রিঃ সম্পাদক কর্তৃক খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০, চল্লিশ টাকা।

২৭২৪ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

শিষ্যযোগ্যবিষয়ে অগস্ত্যসংহিতায় উল্লিখিত আছে, যাহারা অলসপ্রকৃতি, দেহাদির পরিচ্ছন্নতা বিষয়েও কর্ত্তাহীন, দুঃখক্লেশকারী, অসত্য, বাহ্যদৃষ্টি, খলিত, নিন্দাসক্ত, ভোগলোলুপ, অহঙ্কারপরায়ণ, পরস্ত্রীকামী, খল, কর্কশভাষী, অন্যায় উৎকোচাদি দ্বারা ধনার্জনকারী, পরদাররত, বিদ্বান্ ব্যক্তির শত্রু, মূর্খ, পণ্ডিতাভিমানী, যাহারা ব্রত ভঙ্গ করিয়া থাকে, অতিক্লেশে জীবিকা নির্বাহ করে, পরের দোষ প্রকাশ করিতে উন্মুখ-স্বভাব, অন্যের দুঃখ-প্রদাতা, বহুভোজী, ক্রূরকর্মা, দুষ্ট, নিন্দিত ও যাহাদিগকে কুকর্ম হইতে নিবারণ করা যায় না এবং যে সকল ব্যক্তি গুরুপদেশ সহ্য করিতে অক্ষম, এইরূপ জনগণকে কদাচ শিষ্যত্বে গ্রহণ করিবে না। যাঁহারা ঐ সকল ব্যক্তিকে লোভাদির বশীভূত হইয়া দীক্ষিত করেন, তাঁহারা ইহলোকে দেবতার কোপে পতিত হন, দারিদ্র্য ও অন্যতারা প্রভৃতি দুর্দশায় গ্রস্ত হন এবং পরলোকে বহুকাল নিরয়যাতনা ভোগ করিয়া পুনরায় তির্য্যগ্যোনিতে জন্মলাভ করেন। সুতরাং আস্তিকব্রুব গুরুপদাভিলাষী দাম্ভিকমানী আচার্য্যবর্গ, আপনারা শাস্ত্রের প্রতি লক্ষ্য করিয়া একবার বিচার করুন, মহাজনবর্গের অনুসরণ করিতে গিয়া আপনারা জগতে কি প্রকার অজ্ঞতার পথ পরিষ্কৃত করিয়া দিয়াছেন। আজ গৌড়ীয় বৈষ্ণবগণে যে কলঙ্ককালিমা প্রবেশ করিয়া শ্রীমন্মহাপ্রভুর নির্মল মতের সর্বনাশ সাধন করিয়াছে, আজ সামাজ্য প্রাকৃতবিচারপরায়ণ, মনোধর্মী, সাধারণ চরিত্রবান্ ব্যক্তিগণও যে শ্রীকৃষ্ণচৈতন্যদেবের প্রচারিত শাস্ত্র সার্বভৌম এবং প্রেমধর্মকে নানাবিধ কুতর্ক দ্বারা অভিভূত করিয়া জগতের সমক্ষে হীনরূপে প্রতিপাদন করিতেছেন, তজ্জন্য আপনারা কি সম্পূর্ণ দায়ী নহেন? আপনারা যদি পূর্বমহাজনগণের অনুসরণ দ্বারা স্ব স্ব আচার্য্যপদে সমাসীন হইবার যোগ্যতা লাভ করিবার পর্যন্ত ধৈর্য্য ধারণ করিতে পারিয়াছেন কি? আবার উক্ত সুলক্ষণান্বিত ও দোষবর্জিত শিষ্য-বিধান-মতে পরীক্ষার পর তাঁহাদিগকে গ্রহণ করিয়াছেন কি? জগৎ দেখিতেছে—নির্বিচারে আনুকরণিক মার্গে চলিবার এই বিষময় পরিণাম। কলির লোকের আপনাদিগের মধ্যেই অভিনিবিষ্ট হইবার সুযোগ লাভ করিয়া বর্তমান জগতে এতাদৃশী দুরবস্থা উৎপাদন করিয়াছে। অহো আমাদের দুর্ভাগ্য যে, প্রত্যহ এই প্রকার ব্যবহার প্রত্যক্ষ করিতে হইতেছে। (ক্রমশঃ)

বলবতী বিষ্ণুমায়া

(শ্রীপাদ ভক্তিরঞ্জক্ ব্যাসাধিকারী বি,এ)

দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া
দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি
তে॥ গীঃ ৭।১৪

শ্রীভগবানের নিজ মুখ-নিঃসৃত বাণী—“সত্ত্বাদি-গুণ-বিকার-যুক্তা আমার এক অলৌকিকী মায়া আছে। তাহা দুর্বল পশু-জীবের পক্ষে দুরতিক্রমা। যাঁহারা কেবল আমার শরণাপন্ন হন, তাঁহারাই এই দুস্তরা-সমুদ্র হইতে উত্তীর্ণ হইতে পারেন।”

এই দুস্তরা মায়াসমুদ্র উত্তীর্ণেচ্ছু জীব কায়মনোবাক্যে শ্রীভগবান্ অনন্তদেবের চরণে শরণাপন্ন হইয়া অনন্তচিত্তে তাঁহার ভজন করেন। কৃষ্ণভক্তিরস-সুধা পান করিয়া এরূপ জীবগণ স্থূল ও লিঙ্গ দেহ ও তৎসম্বন্ধীয় বস্তু বিস্মৃত হন। কুক্কুর-শৃগাল-ভক্ষ্য দেহে তাঁহাদের “আমি ও আমার” অভিমান থাকে না। সুতরাং প্রত্যেক জীবই শ্রীকৃষ্ণের দাস; নিত্য দাস্যই সেবকের বৃত্তি। ভোগপরা বুদ্ধি-চালিত হইয়া যখনই জীব নিত্য দাস্য ভুলিয়া বিষয়মুগ্ধ হইয়া পড়ে, তখনই ত্রিগুণময়ী মায়া অতুল ঐশ্বর্য-মদে মত্ত হইয়া বিপথগামী জীবকে শাসন করিবার জন্য প্রবৃত্ত হন ও শ্রীভগবানের রাতুল চরণে অপরাধ সঞ্চয় করিয়া ফেলে। বহু জন্ম-জন্মান্তরের পুঞ্জীকৃত সুকৃতি-বলে দুর্লভ মানব জন্ম লাভ করিয়া নিত্য প্রয়োজনীয় বস্তুকে পরিত্যাগ করিয়া মৃগতৃষ্ণিকার মত অনিত্য বস্তুর পশ্চাতে ধাবমান হওয়া বাতুলতার পরিচায়ক ভিন্ন আর কিছুই হইতে পারে না। আমার নিত্য সেবা অভিমানের ক্রিয়া প্রত্যেক জীবেরই থাকিবে। বহুজীব মায়ার এই চাকচিক্য প্রকৃতি-পথে ধাবিত হইয়া যায়। তাই বলিয়া আমরা কি সকলেই মায়ার নিকট আত্মবিক্রয় করিয়া থাকিব? তাহা হইলে মানব-জন্ম লাভের সার্থকতা কোথায়? ভক্তিভজনযোগ্য দেহ লাভ করিয়া সেবাপর মায়ার সেবায়ে নিযুক্ত থাকিবে?

চতুঃপুর এ বহুবিধ বুদ্ধিবৃত্তি ছাত্র ভিন্ন কতী পাঠকবর্গের সম্মুখে পাশাপাশি সন্নিবেশিত করিয়া মায়ার অলৌকিক শক্তিমত্তার পরিচয় প্রদান করিতে চেষ্টা পাইব। কোন সময়ে তাহার পতি বিপুল সৈন্য সহ স্বর্গপুরী অবরোধ করেন। তাঁহাতে দেবগণ ভীত হইয়া—স্বর্গধাম পরিত্যাগ করিয়া পলায়ন করেন। দেবমাতা অদিতি পুত্রগণের দুর্দশা দর্শনে দুঃখিত হইয়া শোকে মুহ্যমান হইলেন। পরে অসুরগণের বিনাশ-সাধন-মানসে স্বামী মহর্ষি কশ্যপের নিকট অনুনয় কাতরতার সহিত উপায় জিজ্ঞাসা করিলেন। মহর্ষি বরুণ পত্নীর এবম্প্রকার কাতরে কিছুক্ষণ বিস্মিত হইলেন ও পরে আত্মবুদ্ধি করিয়া তিনি যে মহাব্রতে দীক্ষিত হইয়াছেন, তাহা বুঝাইয়া দিলেন এবং আদেশ করিলেন যদি নিত্য মন অর্পণ কর, তবে শীঘ্রই জগন্মঙ্গল বামনদেবের উৎপাদন হইবে।

কশ্যপ-পত্নী ধীর সমূহ উপদেশ অনুসারে ব্রত পালন করিলেন। তাঁহার আদেশ এবং শিক্ষানুসারে যখন তিনি কার্য “পয়োব্রত-নামক” শাস্ত্রে ব্রত করিলেন। শঙ্খ-চক্র-গদা-পদ্মধারী নারায়ণ শ্রীমূর্ত্তি হইয়া অদিতির সম্মুখে আবির্ভূত হইলেন এবং তাঁহার পুত্ররূপে জন্ম গ্রহণ করিয়া তাঁহার মনোরথ পূর্ণ করিবেন বলিয়া অন্তর্হিত হইলেন।

যথা কালে অদিতির গর্ভে ভগবান্ বামনরূপী ব্রাহ্মণ কুমার রূপে আবির্ভূত হইলেন। কশ্যপ-পত্নী বৃত্তির সহিত উপনয়ন সম্পন্ন হইল। এই সময়ে মহারাজ বলি নর্মদা নদীর উত্তর তটে ভৃগুবংশীয় ব্রাহ্মণগণ দ্বারা এক মহাযজ্ঞ করাইতেছিলেন। সেই যজ্ঞে মহারাজ বলি প্রার্থক জন মাত্রকেই তাঁহার প্রার্থিত ধন দান করিতেছিলেন। তখন তিনি ক্ষুদ্র পদভরে পৃথিবী কম্পিত করিয়া সেই যজ্ঞক্ষেত্রে উপস্থিত হইলেন ও মহারাজ বলির নিকট ত্রিপাদ ভূমি প্রার্থনা করিলেন। মহারাজ বামনরূপী ব্রাহ্মণ বালকের এই অকিঞ্চিৎ প্রার্থনায় বিস্মিত হইয়া তাঁহাকে নানা প্রকার প্রলোভন ও যুক্তি প্রদর্শন করিয়া তাঁহার প্রার্থনার অসারতা প্রতিপাদনের চেষ্টা করিলেন। ব্রাহ্মণ বামন-কুমার উত্তর করিলেন “অজিত পাদপূরণের জন্য দান গ্রহণ করাই সঙ্গত, লোভের বশে চালিত হইলে কখনও শান্তি পাওয়া যায় না। লোভ ও

বাসনার শেষ নাই। কৃষ্ণ তিন পাদ ছুঁয়িয়েই আমার অভাব পূর্ণ হইবে, বামনি তন্দ্বারাই আমার প্রার্থনা পূর্ণ হউক।”

মহারাজ বলি গুরু শুক্রাচার্য্যের এবম্প্রকার বাক্যে তাঁহার সংকল্প হইতে বিরত হইতে না পারিয়া বিনয় নম্র ভাবে কহিলেন আপনি যাহা বলিলেন তাহা সত্য, গৃহস্থ ধর্ম্মের কথা কিন্তু আমি প্রতিশ্রুতি দিয়াছি। তিনি যদি হরিই হন, তিনি আমার দান গ্রহণ করিয়া দেবতাগণের কার্য্য সাধন করিবেন। তোমার ঐশ্বর্য্য, ধন, স্ত্রী, পাতি [illegible] সকল কাড়িয়া লইয়া ইন্দ্রাদি দেবতাদিগকে দান করিবেন। গুরু, তুমি সকল কিছুই দান করিলে, তবে তোমার কি হবে? আর আমাদের উপায়ই বা কি হইবে? এই বামনাকার বিষ্ণু [illegible] কিছু না করিয়া সমস্ত দিক আক্রমণ ও গ্রাস করিবেন। আমি তোমার কুল গুরু ও পুরোহিত। তোমার হিত মঙ্গলের নিমিত্ত আমি কহিব। তোমার সম্পদ নষ্ট হইলে আমাদের জীবিকা নিবাহ বন্ধ, সুতরাং যে বিষয়ে তোমার মঙ্গল থাকে করিবে। যেহেতু তুমি শিষ্য, আমি গুরু। সুতরাং আমার উপদেশ গ্রহণ কর।”

দৈত্যকুলগুরু শুক্রাচার্য্য দৈত্য বলিকে দান করিতে নিষেধ করিয়া [illegible] করিয়া আসিয়াছেন, কিন্তু যে ভগবৎ-কামনার মূলে নিজ স্বার্থ অকিঞ্চন পূর্ণ রূপে বর্তমান। এ বিষয়ে [illegible] হৃদয়-চিন্তা, কিন্তু তাহার নিকটে স্বার্থ-পূরণ-কামনা পূর্ণ মাত্রায় বিরাজিত। স্বার্থ সাধনে বাধা পাইলেই এই সাংসারিক গুরুকুলগণ নিষেধ দিয়া থাকেন ও কামনার পারমার্থিক অতি কামনা করেন।

যিনি এই নিখিল বিশ্বের সৃষ্টিকর্তা ও অধিপতি তাঁহাকে তাঁহার বস্তু দিলেই জীবের স্বাভাবিক মঙ্গল হয়। ভগবানের ভোগের বস্তুকে জীব নিজ ভোগ্য বস্তু জ্ঞানে [illegible] নানা প্রকার অমঙ্গল সৃষ্টি করিয়াছে। বদ্ধ প্রকৃতি ও লোভী মনুষ্য জীব ভগবানের সেবার উপকরণ নিয়োগ করে। তাঁহারই বস্তু তাঁহারই সেবায় অর্পণ—এই প্রকার জ্ঞান যাহার হৃদয়ে জাগ্রত হইয়াছে সংসারের অভাবে পূর্ণ সাংসারিক ভগবৎসেবায় নিযুক্ত থাকিয়া কাল যাপন করে। অনর্থমুক্ত ভোগ-প্রবৃত্তির বিনাশ-মূলে সাংসারিক বিমুক্তি হয় ও ভগবানের অবলম্বন হইতে নিষ্ঠা লাভ হয়। এই ভাবের উদয়ে জীব বৈরাগ্য অবলম্বনে অনর্থ মুক্ত হইয়া নিত্যকাল শ্রীহরির সেবা করিয়া থাকে। এইরূপে জীবের বাক্যই ভগবানের দ্বারা গৃহীত হইলে সর্বতোভাবে মঙ্গল লাভ হয়। তাঁহাতে ভগবান যাহা প্রদান করেন, তাহা নিজ ভোগে না লাগাইয়া ভগবানের সেবায় অর্পণ করাই কর্তব্য। অতএব সর্বপ্রকার বস্তু ভগবানের প্রীতির নিমিত্ত উৎসর্গ করিতে হয় এবং এই প্রকার বুদ্ধির দ্বারাই প্রকৃত মঙ্গল লাভ হয়। সেবকের সাধনে তাহার ভজন সমাধান হয়। এই তিন পাদ ভূমি দানের কথা কি ভগবানের আশ্রিত দাসগণের নিকট স্পষ্ট নহে?

“শ্রীকৃষ্ণ বল সঙ্গে চল এইমাত্র ভিক্ষা চাই”

ইহাতেই তোমাদের নিত্যমঙ্গল লাভ হইবে।

প্রয়াগ প্রসঙ্গ

শ্রীচৈতন্য মঠের সম্পাদক শ্রীমদ্ গৌড়ীয় মঠের প্রচারক শ্রীমদ্ভক্তিবিবেক ভারতী মহারাজ গত মাসে দৈব সেবাধর [illegible] শ্রীপ্রয়াগধামে শ্রীরূপ শিক্ষা [illegible] শ্রীমন্মহাপ্রভুর বাণী প্রচার করিয়াছেন। শ্রীপ্রয়াগধাম—তীর্থরাজ। তীর্থরাজ শ্রীযুক্ত [illegible] দূর নহে। নিত্য শ্রীরূপ গোস্বামী প্রভুর সেবারূপে ও বিবাদ ও মুক্তি কামনায় নিমগ্ন জীবগণের মুক্তি ও মঙ্গলের নিমিত্ত [illegible] মানবের বিনাশ ও মুক্তির নিমিত্ত [illegible] প্রয়াগে ভাগবত ধর্ম্মের প্রচার [illegible]। এতদ্ব্যতীত শ্রীরূপ শিক্ষা স্থানে শ্রীমন্ মহাপ্রভুর শ্রীপাদপদ্মে সেবা প্রতিষ্ঠা করিয়া ভাগবত তত্ত্ব ব্যাখ্যা করেন। অনেক প্রধান ব্যক্তি ও উচ্চ শিক্ষিত ভদ্রমহোদয়গণ সভায় উপস্থিত ছিলেন।

চিত্রে নবদ্বীপ

[এই প্রবন্ধ নিমন্ত্রণ ১৩ই এপ্রিল, ৩০ চৈত্র তারিখের পত্রিকায় সম্পাদক “দেবশ্রী” যাহা লিখিয়াছেন, তাহার মর্ম নিম্নে প্রকাশ হইল।]

দেবর্ষি শ্রীমৎ নবদ্বীপ দাস বাবাজী মহাশয় যে “চিত্রে নবদ্বীপ” গ্রন্থখানি প্রকাশ করিয়াছেন এবং প্রাচীন গ্রন্থ ও নবদ্বীপের সম্বন্ধে বিশেষ অনুসন্ধান করিয়া ভাগবত বিদ্যাবিনোদ শ্রীযুক্ত বসন্তকুমার প্রণীত। পুস্তকখানি ১৫০ পৃষ্ঠা-সম্বলিত। ধর্মপ্রাণ নিবাসী শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ মুখোপাধ্যায় এ বিষয়ে উৎসাহ দিয়াছেন।

শ্রীশ্রীচৈতন্যদেবের পবিত্র স্মৃতি-বিজড়িত পদচিহ্নপূর্ণ শ্রীধাম-নবদ্বীপের বহু একটি অতি উৎকৃষ্ট নির্দশন এই। গ্রন্থকার একজন পরম ভক্ত বৈষ্ণব। তিনি স্থানীয় ঐতিহাসিক বস্তুর সঙ্গে সম্বন্ধযুক্ত করিয়া অবশেষে মতে তাহা বেশ প্রামাণ্য বিচার-বিতর্কে যথেষ্ট শ্রম স্বীকার করিয়াছেন। তাঁহার গৌরজন্মস্থান শ্রীমায়াপুরের সহিত নবদ্বীপের গ্রাম-নির্দেশ অতি সুন্দর হইয়াছে এবং উহা ভবিষ্যপুরাণের বর্ণনার সহিত বেশ মিলিয়াছে। নবদ্বীপের নবটি দ্বীপের পরিচয়ের সহিত ঐ সকল স্থানের সেন রাজগণের যে ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল, তিনি তাহার একটী সংক্ষিপ্ত বিবরণ দিয়াছেন। এই সেন রাজবংশ সম্বন্ধে পাচারিত্যাবর্ষী শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহোদয়ের এই প্রবন্ধে তাঁহার বঙ্গ ভূগোলের ‘পরিচয়’ মধ্যে আরও বিস্তৃতভাবে বর্ণন করিয়াছেন।

প্রচার প্রসঙ্গ

(পূর্ব পর)

মালদহ, রামপুর বঙ্কিপাড়া
২৭শে চৈত্র, ৩৬

[illegible] সেবায় অনুগমন করিবার কলিকাতা গৌড়ীয় মঠ হইতে ত্রিদণ্ডী স্বামী শ্রীমদ্ ভক্তিবিলাস গভস্তিনেমি মহারাজ [illegible] সেক্রেটারী শ্রীমদ্ গোবিন্দ ভক্তিপ্রদীপ সম্প্রদায় ও উদাসীন ১ জন এম, এ, বি, যাহা পূর্ণ সম্বলে অবস্থিত হইয়া শ্রীযুক্ত রাম কুমার চৌধুরী মহোদয়ের গৃহে অবস্থান করেন। শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র সরকার, শ্রীযুক্ত রাধা নাথ কুণ্ডু মহোদয়ের বাটিতে তিনটি সভা অনুষ্ঠান হয়। ত্রিদণ্ডি স্বামী শ্রীমদ্ ভক্তিবিলাস গভস্তিনেমি মহারাজ ঐ সকল স্থানে যে সকল শ্রী মহাপ্রভুর শুদ্ধভক্তিমার্গ প্রচার করিয়া শ্রোতাগণকে উপদেশ দিয়াছেন, তাহা বিশিষ্ট ভাবে প্রদর্শন করিয়া ও সমুদয় শ্রোতা সমাজের সন্দেহ ভঞ্জন করিবার অদ্ভুত শক্তি। অনন্তর শ্রীমদ্ উদ্দেশ্য অনুসারে সকলের হৃদয়ে নিযুক্ত করাইয়া দেন। শ্রীচৈতন্যের মঙ্গলময় গৌড়ীয় মঠ প্রচারিত নবধা ভক্তি দ্বারা সাধারণ বাসিন্দাগণের গৌড়ীয় সম্প্রদায়ের বাণী, আলোচনা শ্রবণ করিতে উহা কেন নিষ্কাম শিক্ষা ও নামপ্রচার জন্য শ্রীমদ্ ভক্তিবিলাস মহারাজ একান্ত মনপ্রাণে ভাবে ব্রতচর্যা ঐ নবধা ভক্তি ও শ্রবণ কীর্ত্তনের জন্য উৎসাহ প্রদান করিয়াছেন। তাঁহার ক্ষেত্রে কয়েক দিন পরে ঐ বৃক্ষ পাদদেশে “নবরাত্র” হইবার স্থির হইল ও তদনুরূপ আয়োজন হইয়াছিল। কিন্তু অধুনা সকলে ঐ নামপ্রচার-যজ্ঞের আয়োজন ও তোড়াপত্রের আয়োজন ব্যাপার হইতে বিরত হইয়াছেন।

পরে স্বামিজি মহারাজ সুন্দর ভাবে বুঝাইয়া দেন যে প্রকার নাম ও ভগবৎ-স্বরূপ, নাম ও রূপ-গুণ-লীলা ও ভগবানের পার্ষদ ও শ্রীধাম-স্বরূপ ভক্তি-ক্রমে গণোপকরণ প্রভৃতি অপ্রাকৃত। সেবা-যোগীর গানের সাধন হইতে পারে না। উহা শব্দ সম্প্রদায় ও মহাজনগণ প্রচারিত না হওয়ায়, প্রাকৃত বিশিষ্টতা আস্বাদনে অভিরুচি না হওয়া উৎপাত মধ্যে গণ্য। যে সম্প্রদায় ঐরূপ উৎপাত সমূহের প্রশ্রয়, তাহার সজ্জনের নিকট গৌর-সেবা প্রাপ্তির সম্ভাবনা নাই।

নানা কথা

কৃষ্ণনগরে কালাজ্বর

কৃষ্ণনগরের সরকারি হাসপাতালে ১লা হইতে ২৫ এপ্রিল পর্যন্ত ৮ জন কালাজ্বর রোগী নূতন ভর্তি হইয়াছে। ১১জন ম্যালেরিয়া রোগী নূতন ভর্তি হইয়াছে।

এখনই যদি এই সকল রোগের প্রাদুর্ভাব এত বেশী হয়, তাহা হইলে বর্ষা, শরৎ ও হেমন্তকালে কি ব্যাপার দাঁড়াইবে, তাহা সহজেই বুঝা যায়।

সাধারণতঃ এই সকল রোগ শরৎ হইতে আরম্ভ হয় পৌষ পর্যন্ত বেশী হয় এবং চৈত্র হইতে একেবারে কমিয়া যায়।

নদীয়ায় ছাত্রপুলিশ সংঘর্ষ

পাঠক অবগত আছেন যে নদীয়ার কতগুলি ম্যাজিষ্ট্রেট আদালতে ছাত্র এবং পুলিশের মধ্যে কয়েকটি মোকদ্দমা চলিতেছে। একটী মোকদ্দমার ২৬ এপ্রিল দিন ছিল। আবার অন্য আসামীর মোকদ্দমাটী স্থানান্তর করিবার চেষ্টা করা হয়। জেলা ম্যাজিষ্ট্রেট তাহা নামঞ্জুর করিয়াছেন। কৃষ্ণনগর ব্রাহ্মণ্যের-পাড়ার মিছিলের মোকদ্দমার বিচার হাইকোর্টে হওয়ার কথা ছিল। উক্ত মোকদ্দমায় আগামী ৩০শে এপ্রিল তারিখে দিন ধার্য্য আছে।

জলকষ্ট

ঘোষপাড়ার উত্তর পশ্চিম নদী হইতে প্রায় এক মাইল দূরে মায়াকোল গ্রাম অবস্থিত। এগ্রামে যে সমস্ত পুষ্করিণী আছে, তাহার জল অত্যন্ত দূষিত অপরিষ্কার পানীয়ের হিসাবে অব্যবহার্য্য হইয়া পড়িয়াছে। এ বিষয়ে স্থানীয় কর্তৃপক্ষ একটু দয়া করিলে সুবিধা হয়, নচেৎ অনেক আরও কষ্ট অবশ্যম্ভাবী।

নদীয়া ডাকাতি

নদীয়ার অতিরিক্ত দায়রা জজ মিঃ আর, সি, ঘোষ মহোদয়ের এজলাসে একটী নরহত্যা অভিযোগের দায়রা বিচার চলিতেছে।

সরকার পক্ষের উক্তি এই যে ১৩৩৮ সালের ৩০শে বৈশাখ সন্ধ্যাকালে কুমারখালি থানার এলাকা-নিবাসী মন্তাজ নামক এক ব্যক্তিকে চৈতন ঘোষ [illegible] পাঁচ কাটা দা দিয়া আঘাত করে। মন্তাজের পেট কাটিয়া নাড়িভুঁড়ি বাহির হইয়া যায়। তাহার পিঠে এবং অন্যান্য স্থানেও আঘাত দেখা যায়। মন্তাজ অজ্ঞান হইয়া পড়ে, পরে তাহার মাথায় জল দিলে তাহার জ্ঞান হয়, তখন সে "চৈতন আমাকে কাটিয়াছে" এইরূপ এক উক্তি করে। পরে মন্তাজ মারা যায়। কোন কোন সাক্ষী চৈতনকে পলায়ন করিতে দেখিয়াছে বলিয়া এজাহার দিয়াছে।

সরকার পক্ষে শ্রীযুক্ত বাবু [illegible] চট্টোপাধ্যায় এবং আসামীর পক্ষে শ্রীযুক্ত বাবু অমীয়ানন্দ বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত বাবু শচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় উকিল আছেন।

নদীয়া জেলার অতিরিক্ত দায়রা জজ আর, সি, ঘোষ সাহেবের আদালতে কুষ্টিয়া মহকুমার অধীন কুমারখালি থানার এসিষ্ট্যান্ট সব্‌ইনেস্পেক্টর গোলাবুদ্দিন সাহেবের বিরুদ্ধে মিথ্যা প্রমাণ প্রস্তুত, ডায়েরি জাল প্রভৃতি অভিযোগের বিচারের বিবরণ পাঠক অবগত আছেন।

সরকার পক্ষের উক্তি এই যে নদীয়ার ভূতপূর্ব জজ মিঃ এ, এন সেনের আদালতে দেয়াজুদ্দিন নামক আসামী [illegible] নিবাসী এক ব্যক্তি খুন করিবার অভিযোগে দায়রা সোপর্দ হয়। গোলাবুদ্দিন সাহেব ঐ মোকদ্দমার প্রথম তদারক করেন এবং সরকার পক্ষে সাক্ষী থাকেন। তাঁহার সাক্ষ্যদানকালে প্রকাশ পায় যে তিনি ডায়েরিতে [illegible] পরিবর্তন করেন। ফলে সরকার পক্ষের উকিল মোকদ্দমা তুলিয়া লইবার প্রার্থনা করেন এবং অবস্থাদৃষ্টে ঐ প্রার্থনা মঞ্জুর করায় দেয়াজুদ্দিন বিচার শেষ হইবার পূর্বেই মুক্তি পায়। বর্তমান মোকদ্দমায় মিঃ সেন সাক্ষ্যপ্রদানকালে প্রকাশ করেন যে তিনি বিচারকালে গোলাবুদ্দিনের নিকট স্বীকারোক্তি পান যে গোলাবুদ্দিন তাঁহার উচ্চতন কর্মচারীর আজ্ঞায় ঐ কার্য করিয়াছিলেন। জজ সাহেব এই সমস্ত কারণে গোলাবুদ্দিনকে ফৌজদারী সোপর্দ করিবার জন্য নালিশ করেন। তাঁহার নালিশ অনুসারেই বর্তমান দায়রা মোকদ্দমা চলিতেছে।

যখন এই মোকদ্দমা নিম্ন আদালত হইতে দায়রা আদালতে দেওয়া সাব্যস্ত হয়, তাহার পরেই এই মোকদ্দমার সমস্ত নথিকে কাহারা সরকারি জাল চাবি লাগাইয়া আদালত গৃহ হইতে চুরি করে। অবশ্য এই নথির নকল আরও অনেক নথি চুরি যায়। এই ব্যাপারে মোকদ্দমা আরও জটিল হইয়া উঠিয়াছে।

সরকার পক্ষে শ্রীযুক্ত বাবু [illegible] এবং শ্রীযুক্ত বাবু [illegible] ঘোষ উকিল আছেন। আসামীর পক্ষে শ্রীযুক্ত বাবু প্রফুল্লকুমার মুখোপাধ্যায়, শ্রীযুক্ত বাবু সতীজীবন চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত বাবু [illegible] লাল এবং শ্রীযুক্ত বাবু [illegible] মুখোপাধ্যায় উকিল আছেন।

এই মোকদ্দমার জজ এবং জুরি একমত হইয়া আসামীকে নির্দোষ সাব্যস্ত করিয়া জজ সাহেব বাহাদুর আসামীকে মুক্তি দান করিয়াছেন।

কলিকাতায়
জালিয়ানওয়ালাবাগ দিবস

এই দিবস কলিকাতা সহর এক ভীষণ ভাব ধারণ করিয়াছিল। কংগ্রেস-স্বেচ্ছাসেবকগণ এবং স্কুল কলেজের ছাত্রবৃন্দ দলে দলে সম্পূর্ণ ভাবে হরতাল পালন করাইবার জন্য অহিংসা নীতি অবলম্বনে সহরের সর্বত্র পিকেটিং করিয়া বেড়াইয়াছেন। দোকান পাট স্কুল কলেজ গাড়ী-ঘোড়া সমস্তই বন্ধ হইয়া নিত্য কর্মকোলাহলপূর্ণ সহরটী যেন এক ভীষণ শ্মশানের ভাব ধারণ করিয়াছিল। নানা স্থান হইতে নানা প্রকার গোলযোগের সংবাদ পাওয়া গিয়াছে। ভবানীপুর অঞ্চলে কাহারা [illegible] ট্রামগাড়ী পুড়াইয়া দিয়াছে। গত ১৪ই এপ্রিল প্রাতঃ ৭টার সময় [illegible] তিনি ট্রেনে উঠিতে যাইবেন এমন সময় গ্রেপ্তার হইয়াছেন। তাঁহার গ্রেপ্তার-সংবাদে সহর ভিতরে এক মহা চাঞ্চল্য পরিলক্ষিত হইতেছে।

প্রাথমিক শিক্ষা আইন

বঙ্গীয় ব্যবস্থা-পরিষদের আগামী বৈঠকেই গবর্ণমেণ্ট "বঙ্গদেশীয় প্রাথমিক শিক্ষা আইন" নামক একটী আইনের পাণ্ডুলিপি পেশ করিবেন।

বোম্বাইয়ের শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ রায় গত ১৯১৯ সালে এইরূপ একটী বিল পাশ করেন কিন্তু তাহা অর্থাভাবে কার্য্যে পরিণত হয় নাই। তৎপরে শ্রীযুক্ত বিল্‌ সাহেব গবর্ণমেণ্ট এবং সাধারণকে সমান ভাবে খরচের ভাগী করিয়া ঐরূপ আর একটী বিল তৈয়ারী করেন। কিন্তু তাহাতেও অর্থ সঙ্কুলান হয় নাই। গত ব্যবস্থা-পরিষদের একটী বিল পেশ হয় পরে একটী কমিটী গঠন করিয়া তাহাদের উপর সমস্ত বিষয় বিচার করিয়া কার্য্যে পরিণত করিবার ভার দেওয়া হয়। পুনরায় এবারের পরিষদে ঐ কমিটীর মতানুযায়ী একটী বিল পেশ হয় এবং একটী কমিটীর উপর তাহার ভার দেওয়া হয়। কিন্তু গবর্ণমেণ্ট ঐ বিল কার্য্যে পরিণত করিতে না পারায় এই বর্তমান বিলটী পেশ করিবার অভিপ্রায় করিয়াছেন।

এই আইন অনুযায়ী শিক্ষা পরিচালনের জন্য সমস্ত ভার একটী বোর্ড বা কমিটীর হস্তে অর্পিত থাকিবে। ঐ কমিটী গবর্ণমেণ্টকে সমস্ত বিষয়ে উপদেশ দিবেন আর প্রত্যেক জেলায় আর একটী করিয়া [illegible] বোর্ড থাকিবে উহারা প্রত্যেক জেলার শিক্ষা বিষয়ক কার্য্য চালাইবেন। জেলা ম্যাজিষ্ট্রেট ঐ বোর্ডের একজন সদস্য থাকিবেন।

শিক্ষা পরিদর্শন করা এবং শিক্ষকদের ট্রেনিং এবং অন্যান্য ব্যয় গবর্ণমেণ্ট বহন করিবেন, [illegible] শিক্ষক নিযুক্ত প্রত্যেক [illegible] তৈয়ারী হইয়া গেলে এবং অন্যান্য [illegible] বৎসর পরে প্রজাদিগকে পাঁচ পয়সা দিয়া [illegible] শিক্ষা-সেস্ নামক একটী ট্যাক্স দিতে হইবে। উহার মধ্যে [illegible] পয়সা প্রজাদের এবং তিন পয়সা জমিদারদের দিতে হইবে। ব্যবসায়ী লোকদিগের জন্য ম্যাজিষ্ট্রেট আয় বুঝিয়া ঐরূপ ট্যাক্স ধার্য্য করিবেন।

এই শিক্ষা অবৈতনিক এবং বাধ্যতা মূলক হইবে। স্কুলে ধর্মশিক্ষারও ব্যবস্থা থাকিবে।

শ্রীযুক্ত জে এম সেনগুপ্ত ধৃত

গত ১২.৪.৩০ অপরাহ্ণ বেলা ৩ ঘটিকার সময় কলিকাতা কেলোয়ে (কর্ণওয়ালিশ স্কোয়ার) একটী প্রকাশ্য সভাতে শ্রীযুক্ত জে এম সেনগুপ্ত মহোদয় শ্রীযুক্ত [illegible] [illegible] লিখিত "দেশের ডাক" নামক একখানি নিষিদ্ধ এবং গবর্ণমেণ্ট কর্তৃক বাজেয়াপ্ত পুস্তক হইতে কতকাংশ পাঠ করার অপরাধে তিনি পুলিশ-কর্তৃক ধৃত হন। তৎপর ছাত্রসভ্যের ৩টী [illegible] পর পর সেই নিষিদ্ধ পুস্তক পাঠ করিয়া পুলিশ-কর্তৃক ধৃত হন। কলিকাতা পুলিসের ডেপুটী কমিশনার শ্রীযুক্ত গর্ডন সাহেব সশস্ত্র পুলিস বাহিনী [illegible] উপস্থিত ছিলেন। তিনি কেবোর ঐ সভাটী অবৈধ বলিয়া ঘোষণা করিয়া সকলকে চলিয়া যাইতে আদেশ দেন। তৎপর শ্রীযুক্ত সেনগুপ্ত মহাশয় উপস্থিত সকলকে শান্ত ভাবে চলিয়া যাইতে অনুরোধ করায় সকলে চলিয়া যান। শ্রীযুক্ত সেনগুপ্ত জামিন লন নাই।

বৈদ্যনাথের মন্দির

কলিকাতা হাইকোর্টের জজ শ্রীযুক্ত এম্ এন মুখার্জী এবং এস্ কে ঘোষ মহোদয়ের এজলাসে বৈদ্যনাথ মন্দিরের পরিচালন সম্বন্ধে হাইকোর্টের ১৯০৬ সালের ব্যবস্থা পরিবর্তনের জন্য গিধৌড়ের মহারাজা চন্দ্র মৌলেশ্বর প্রসাদ সিংহ বাহাদুর এবং অন্য ছয় জন মন্দির কমিটীর সভ্য এক মামলা উপস্থিত করিয়াছেন। তাঁহারা অভিযোগ করিয়াছেন যে মন্দিরের ভূতপূর্ব সেবাইত উমেশানন্দ ঝা এবং বর্তমান সেবাইত ভবপ্রীতানন্দ ওঝা মন্দির কমিটীর বাধা [illegible] চলিতেছেন না এবং কোন হিসাব পত্র গত দশ বৎসর দেখান নাই। উহা সেবাইতেরা মন্দিরের অর্থাদি নষ্ট করিয়া ফেলিয়াছেন।

অতএব ব্যবস্থা পত্রের পরিবর্তন করিয়া সেবাইতের জন্য মাসিক ৩০০ টাকা বৃত্তির ব্যবস্থা করিয়া মন্দির কমিটীর অধীন অন্য একজন মানেজার দ্বারাই মন্দিরের বিষয় সম্পত্তির তত্ত্বাবধানের [illegible] নিযুক্ত করা হউক এই প্রার্থনা জানান হইয়াছে। কারণ সেবাইতের সর্বদা পূজাদি কার্য্যে ব্যাপৃত থাকিতে হওয়ায় বিষয় সম্পত্তি তত্ত্বাবধানের সময়াভাব।

অন্যদিকে সেবাইতের পক্ষ হইতে বলা হয় যে সেবাইত উক্ত মন্দিরের সেবা পূজা এবং বিষয় সম্পত্তি তত্ত্বাবধান [illegible] আইন অনুসারে সবই করিতে পারেন এবং হিসাবাদি পরিদর্শনের জন্য দিতে পারেন কিন্তু ভূতপূর্ব মহারাজ [illegible] কমিটীর অন্য সদস্যা সেবাইতের সঙ্গে বিবাদ করিতেন [illegible] হিসাবাদি দেখান হয় নাই। কারণ তিনি অনেক সময়ে বাড়াবাড়ি অধিকার প্রদর্শন করিয়া [illegible] তাঁহার আদেশ [illegible] পাইয়াছিলেন। [illegible] সভ্যা অবশ্য [illegible] বলা হয় নাই। পরন্তু উভয় পক্ষ একত্রে কার্য্য [illegible] স্থায়ী কার্য্য চলিতে পারে।

বিচারের দিন স্থির আছে।

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়মঠ হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৩০্ ত্রিশ টাকা।

২৭২৪ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইতেছে।

প্রতি খণ্ড গ্রাহক নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১০।৴০ সাধারণ পক্ষে ২০৸৵০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।৵০।

দশম স্কন্ধের মূল্য ১২্, অগ্রিম সাধারণের পক্ষে ৮্।

ঐ অধ্যায়সমূহ একাদশ খণ্ড ছাপা হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০্ টাকা ভিক্ষার তৃতীয় সংস্করণ ৪্ টাকার না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছেলেন, তাঁহাদের জন্যই উহার নব সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০্ টাকার গ্রন্থ বিরাট্ গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫্ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮্ স্থলে অগ্রিম ভিক্ষা ৫্

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪॥০ টাকা

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকটও

নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত ম. .জন ঘোষ—বড় বাজ এ রোড, খুলনা

২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—দেওয়ানগঞ্জ, চলতিবাড়ী কুচবিহার।

৩। শ্রীযুক্ত রাধারমণ রায়—১৮২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা

৪। মিঃ এন্‌ ডি. মুখার্জ্জি—এম, এম, ওয়াকস মিল, কানপুর

৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী জ্যোতিষার্ণব—মহেশগঞ্জ, নদীয়া

৬। শ্রীবংশীধারী দাস অধিকারী, নবদ্বীপ।

৭ শ্রীবিরজামোহন দে—মনমোহন প্রেস, নবাবপুর, ঢাকা।

৮। শ্রীদেবেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় বেলঘাটা, ২৪ পরগণা।

শ্রীপঞ্চানন চট্টোপাধ্যায় এ, এম, এম্‌, বর্দ্ধমান।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে পারেন না, তাঁহাদের শ্রীশ্রীল প্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার সুবর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে। বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রাপ্তব্য	।০
একত্রে ৫ খণ্ড লইলে	১্
সাধন পথ (শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রাপ্তব্য	।০
একত্রে ৫ খণ্ড লইলে	
কল্যাণ কল্পতরু প্রাপ্তব্য	
একত্রে ৫খণ্ড লইলে	
গীতাবলী প্রাপ্তব্য	৵১০
একত্রে ৫ খণ্ড লইলে	৶১৫
শরণাগতি—প্রাপ্তব্য	৴০
একত্রে ৫খণ্ড লইলে	৵৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্য:—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীমায়াপুর, (নদীয়া)।

২। শ্রীগোপীনাথ মঠ,—চাঁপাহাটী, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।

৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংশন রোড্, কলিকাতা।

৫। শ্রীপুরুষোত্তম মঠ,—চটকপর্ব্বত, পুরী।

৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।

৭। শ্রীভাগবত মঠ,—চিঙ্গালিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।

৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৪নং রামজীবনপুরা, কাশী, ই, আই, পি।

৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—চিরঘাটি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।

১০। শ্রীপরমহংস মঠ,—নৈমিষারণ্য পোঃ, সীতাপুর, ইউ পি।

১১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব।

১২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—৮০নং নবাবপুর রোড্, ঢাকা।

১৩। শ্রীগদাই গৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।

১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাজোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।

১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—ডুমুরকোনা, চিরকুণ্ডা পোঃ, মানভূম।

১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা

১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ হরমান রোড্, নিউদিল্লি

অন্যথা না ভজে কৃষ্ণেরে সেই ... পুনঃ সেইমত বারা পাশে ডুব মরে

শ্রীচৈতন্যমঠের গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বিরচিত

ভাক্ত-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী বস্ত্রে বাঁধাই স্বর্ণাক্ষরিত। চতুর্থ সংস্করণ। বিষয়নির্ঘণ্ট সূচীসহ

জৈবধর্ম্ম বাঁধাই ২্ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

আমাদের বঙ্গভাষার বেদ, বেদান্ত, উপনিষদ গীতা, শ্রীমদ্ভাগবত, পুরাণ, তন্ত্রাদি সহ। ... অনেকের যোগ্যতা না থাকায় এই সমস্ত গ্রন্থের মর্ম্ম অনেকে বুঝিতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এত অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টর বাহাদুর উহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

[illegible]

প্রথম খণ্ড ভিক্ষা—১্ একটাকা

ভক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য অবস্থা ও আনন্দ শাস্ত্রীয় কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি ... শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। বেদের, মতের ও শাস্ত্রের মর্ম্ম কি? ধর্ম্ম, সমাজ, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পাঠ হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য ভিক্ষা ৷৵০

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৶০

শ্রীচৈতন্য মহাপ্রভুর জন্ম ও লীলাভূমি নবদ্বীপ-মণ্ডলের। এই নয় দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে অমৃতের ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৮০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

উজ্জ্বল ব্রোঞ্জ্-এ কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শ্রীহরিনামচিন্তামণি

৷৶০ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুর উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তিগণের অনুকূল ও প্রাঞ্জল পয়ারে অতি সুন্দরভাবে প্রকাশ হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয় বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা ⁄০ আনা!

যেও ও মর্ম্মের চেষ্টা ... [illegible] বুঝিতে পারে, তখন একমাত্র ... শ্রীভগবানের পাদপদ্মে তাঁহার কোন ... প্রার্থনা ... শ্রীভগবানে আত্মসমর্পণ ... হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রার্থনা ... সমর্পণমূলক ... । উহার সংস্করণ প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা প্রতি খণ্ড ⁄০ এক আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা — ⁄০, নবদ্বীপশতক — ⁄০

অর্থপঞ্চক —⁄০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা ⁄১০

[illegible]

শ্রীল চক্রবর্ত্তী ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচী, বিষয়সূচী প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয় সহ প্রায় ৮২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্ক বাঁধাই ২্ দুই টাকা, কাগজে বাঁধা ১৷০

শ্রীবলদেব বিদ্যাভূষণ কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোণার জলে নাম লেখা রাজসংস্করণ ১্ টাকা, সাধারণ সংস্করণ ১৷০, গৌড়ীয়ের গ্রাহকগণকে ১৷০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সাতচারিকোষগ্রন্থ)

[illegible]

শ্রীভক্তিসন্দর্ভ—১ম খণ্ড ১্ এক টাকা

২য় খণ্ড ১্ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১০ টাকায় দুইখণ্ড পাইবেন। [illegible]

শ্রীমধ্বাচার্য্য সম্প্রদায়

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ⁄০ মাত্র



কোম্পানীর

মদন মঞ্জরী

বটিকায় ধাতু ও বায়ুবিকার, উদ্রিক্তশক্তির হ্রাস, ... বহুমূত্র, স্বপ্নদোষ, মুক্ত শুক্র, ... অজীর্ণ ... নিশ্চয় আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ১০ বটী ১্ এক টাকা।

“অপুংসকত্বারি মৃত”

... মূল্য ১ তোলা ১্ টাকা।

“রমণীবিলাসিনী বটিকা”

... মূল্য ১০ বটী ১্ এক টাকা।

ডাক্তার দাশগুপ্তা, কেশবজী
কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের ... বাদাম তৈল

... এবং ... পাইবেন।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল ক্রয় করিবার সময় শিশির গায়ে ইংরাজী J. B. Dutta & Co. নাম দেখিয়া লইবেন। ...

... জে, বি, দত্ত

ফেরাম কুইনিন

নূতন এবং পুরাতন ম্যালেরিয়া: ... [illegible]

[illegible] ম্যালেরিয়া জ্বর বন্ধ করে ... ম্যালেরিয়ার সমস্ত ... এবং ... মূল্য ... টাকা ... কোম্পানীর ...

পর বিদ্যাপীঠ

(প্রাচীন [illegible] প্রাচৈতন্যমঠ)

[illegible]

অধ্যাপক—পণ্ডিত [illegible]

বেদনাঞ্জন

[illegible]

● ● ●

[illegible]

প্রাপ্তিস্থান— এ, কে, চক্রবর্ত্তী এণ্ড ব্রাদার্স

[illegible]

মরা মানুষ বাঁচাইবার উপায়

[illegible] ইলেক্ট্রিক [illegible]

[illegible]—ডাঃ ডি, ডি, ডাবরা।

[illegible]

সাধনা ঔষধালয় ঢাকা

যোগেশচন্দ্র ঘোষ এম.এ. এফ.সি.এস.

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

[illegible]

মকরধ্বজ (স্বর্ণসিন্দূর)

([illegible] ও স্বর্ণঘটিত) তোলা [illegible] টাকা

[illegible]

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৬ টাকা

[illegible]

শুক্রসঞ্জীবন—সের ১৬ টাকা

[illegible]

অবলাবান্ধব যোগ

[illegible]

মূল্য—১৬ মাত্রা ২ টাকা। ৫০ মাত্রা ৫ টাকা মাত্র

বিশুদ্ধ জল! ভয় নাই বিশুদ্ধ জল!!

লক্ষ্মী টিউব-ওয়েল কোং

২০৫নং নবাবপুর, ঢাকা

[illegible] (Tube-well) [illegible]

৭৫০০০ লোক উপকৃত

গ্রন্থখানি যিনি পড়িয়াছেন, তিনিই বলিবেন, ইহা দুঃখ দূর হইবার প্রশস্ত পন্থা। পুস্তকখানির নাম "কামশাস্ত্র"। বিনামূল্যে পাওয়া যায়। গ্রন্থকর্তার আবিষ্কৃত "আতঙ্ক নিগ্রহ বটিকা", ধাতু দৌর্ব্বল্য, শুক্রতারল্য স্বপ্নদোষ নিবারণে অব্যর্থ সকলেই স্বীকার করিতেছেন। প্রতি কৌটার মূল্য ১ এক টাকা। প্রাপ্তিস্থান:—আতঙ্ক নিগ্রহ কার্য্যালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

মনোমোহন প্রেস

৯০নং নবাবপুর, ঢাকা

পূর্ব্ববাঙ্গালার মধ্যে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত
বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে
বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

৯০নং নবাবপুর, ঢাকা।

[illegible] মনোমোহন প্রেস [illegible] মুদ্রিত ও প্রকাশিত হইতেছে

Registered No. C 1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩৷০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

সংবাদের অগ্রিম মূল্য
অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৴৫

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র।

৫ম খণ্ড — সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী — [৪১ সংখ্যা

শ্রীচৈতন্য মঠ শ্রীধাম মায়াপুর ৬ই বৈশাখ শনিবার ১৩৩৭ ১৯শে এপ্রেল ১৯৩০

শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

১। শ্রীমদ্ভাগবতম্—শ্লোক সূচী, বিষয়-সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত। ভিক্ষা, প্রতি খণ্ড সাধারণ পক্ষে ৷৷/০ গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৷/০
২। অনুভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৪র্থ সংস্করণ) ৫৲
৩। গৌড়ীয়-গৌরব ৶০
৪। গৌড়ীয়-গীতিকা ৷০
৫। ভজনরহস্য ৷০
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
" " " আবাঁধা ৸০
৭। গীতা (শ্রীবলদেব-ভাষ্যসহ) বাঁধা ২৲ আবাঁধা ১৷০
৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲ আবাঁধা ১৷০
গীতার কেবল মাত্র-ভাষ্য ৷০
৯। [illegible] (বাঁধা) ২৲
১০। বেদান্তদর্শনের মর্ম্মানুবাদ (গোবিন্দভাষ্য) ৷০
১১। জৈবধর্ম্ম ২৲
১২। শ্রীহরিনামচিন্তামণি (৩য় সংস্করণ) ৸০
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১৪। প্রেমপ্রদীপ (তৃতীয় সংস্করণ) ৷৶০
১৫। [illegible] ৵০
১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ৷৶০
১৭। আচার ও আচার্য্য ৷
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৶০
২০। শ্রীনবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৶০
২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
২৩। শ্রীগৌড়মণ্ডল-পরিক্রমা-দর্পণ ৷০
২৪। শরণাগতি, গীতাবলী, গীতমালা, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্থপঞ্চক ও [illegible] মোট ৷৶০
২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও [illegible] ৶০
২৬। সাধককণ্ঠমণি ৷০
২৭। সংস্কার-দীপিকা ৷০
২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম খণ্ড) ৩৲
২৯। ব্রহ্মসংহিতা ৷০
৩০। শ্রীমহাপ্রভুর শিক্ষা ৸০
৩১। [illegible] সম্প্রদায় ৷০
৩২। [illegible] ৷০
৩৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট্, দ্বিতীয় সংস্করণ) ৫৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীধাম মায়াপুর, নদীয়া।

এখনও অপূর্ব্ব সুযোগ! পরে পাওয়া দুর্ঘট।

চিত্রে নবদ্বীপ

বদ্ধজীব—কন্দর্পলালসায় ভোগী।
কন্দর্পের দর্প, জব ও কামই প্রাপ্য।
বদ্ধজীব—জ্ঞানাধীন ত্যাগী।
জ্ঞানত্যাগে মুক্তি জীবের প্রাপ্য।
কর্ম্ম বা জ্ঞান মায়াধীন পথদ্বয়।

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম্. এ প্রণীত ([illegible]
[illegible]
৯০ খানি অপূর্ব্ব-চিত্রে সমন্বিত।
[illegible]
উৎকৃষ্ট (ইঃ) মরোক্কো বাঁধা ১৪০ পৃষ্ঠা ২৲ দুই টাকা মাত্র।
গ্রন্থ প্রকাশ হইবামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

[illegible] করুন।
[illegible] প্রাপ্য।
[illegible] হয়।
[illegible]

দৈনিক বসুমতী প্রকাশ

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের স ° ° ধম

পারফ্লোইন

টনিক ও সালসা। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক [illegible] প্লীহা লিভার আরোগ্য হয়। "কলেজ পরিচালিত"

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয়

একদাগে জ্বর পালায়, [illegible] দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। [illegible] [illegible] সংবাদ [illegible] এবং [illegible] [illegible] [illegible] তবে [illegible] আমার সংস্কারমতে একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট, এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর থাকিলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ৸৵০ আনা, উজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসার্স এম. ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কলিকাতা।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত [illegible]

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা এবং বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

যুগল-মূর্ত্তি মার্কা সর্ব্বত্র পাওয়া যায়

[illegible] প্রতি শিশি [illegible] আনা [illegible]

এমন মহোপকারী আর

গবর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা-

মহর্ষি চরক [illegible] [illegible] উপাদানে [illegible] কাঁচা [illegible] তৈলে মুস্তক, [illegible], গোলাপ, চামেলী, [illegible], চন্দন, [illegible], বেল, প্রভৃতি মূল্যবান [illegible] দ্রব্য সংমিশ্রণে [illegible] [illegible] উপলব্ধি হইয়া থাকে। [illegible] [illegible] ব্যবহারে [illegible] [illegible] [illegible] সর্ব্বপ্রকার স্ত্রী বা পুরুষের [illegible] মাথাঘোরা, [illegible]। শিরঃপীড়া [illegible] সর্ব্বপ্রকার [illegible] নানা প্রকার [illegible] মহৌষধ।

বলা বাহুল্য, [illegible] তৈল যে, [illegible] ভাল হয়। যে কোন স্থানে তৈল [illegible] উপর [illegible] আসল যুগল মূর্ত্তি মার্কা এজেণ্ট বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন, অন্যথায় [illegible] দোকানদার [illegible] তৈল বিক্রয় করিয়া [illegible]। [illegible] বিক্রয় করিয়া [illegible] [illegible] হয়।

এজেণ্ট—বটকৃষ্ণ পাল এণ্ড কোং ২৩নং বনফিল্ড লেন, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

৬ই বৈশাখ শনিবার—১৩৩৭

শ্রীশ্রীনবদ্বীপধামপ্রচারিণী সভার
অধিবেশন বিবরণী

(৪৪৪ গৌরাব্দ)

(পূর্ব্বপ্রকাশিত ৩৮ সংখ্যার পর)

অতঃপর নিম্নলিখিত গৌড়ীয়-সেবাব্রতীগণকে ধর্ম্ম ও ভক্তিসূচক উপাধিতে বিভূষিত করা হয়। (১) ময়ূরভঞ্জ রাজ্যের অধিপতি বিপ্রবৈষ্ণব-সজ্জনকাব্রতী-কেশরী, উৎকলেশ্বর, বিষ্ণুপ্রিয়, পুণ্যশ্লোক, মহারাজ শ্রীযুক্ত প্রতাপচন্দ্র ভঞ্জদেব মহারাজ বাহাদুরকে শ্রীপুরুষোত্তম মঠের সেবায় আনুকূল্য বিধানের জন্য শ্রীধামপ্রচারিণী সভা 'ধর্ম্মসিন্ধু' উপাধিতে বিভূষিত করেন; (২) কৃষ্ণ-ঐশ্বর্য্য-ব্রত-শ্রীবিষ্ণুপাদ, ভগবৎ-সেবাপরায়ণ, সত্যনিষ্ঠ দিনাজপুরের মহারাজের পরমভাগবত কুমার শ্রীযুক্ত শরদিন্দু-নারায়ণ রায় এম, এ, প্রভু মহাশয়কে 'রাজর্ষি' উপাধি প্রদান করা হয়; (৩) শ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের কৃপাপাত্র ও বিশ্বাসভাজন শ্রীযুক্ত কশ্যপকুমার ব্রহ্মচারী মহাশয়কে 'ভক্তিরত্ন' উপাধিতে বিভূষিত করা হয়, (৪) যুক্তপ্রদেশে শুদ্ধভক্তি-প্রচারের মূল সহায়ক শ্রীযুক্ত [illegible] অধ্যক্ষ মহাশয়কে 'ভক্তিকোবিদ' উপাধিতে বিভূষিত করা হয়, (৫) রাঢ়ীয় ব্রাহ্মণকুলাবতংস ভাগবতবর, শ্রীগুরুসেবারত, ধীমান্ পণ্ডিত শ্রীপাদ রাধেশ্যাম ভট্টাচার্য্য বি, এ, মহাশয়কে 'বিদ্যার্ণব' উপাধিতে বিভূষিত করা হয়; (৬) শ্রীশ্রীগুরুর [illegible], সদ্গুণের অধিকারী, ভাগবতোত্তম পণ্ডিত শ্রীনবীনকৃষ্ণ বাগচী মহাশয়কে 'বিদ্যালঙ্কার' উপাধিতে বিভূষিত করা হয়; (৭) রাজসাহীবাসী শ্রীযুক্ত কিশোরীমোহন বাগচী বি, এল মহাশয়কে শ্রীগৌরাঙ্গমন্দিরের শ্রীমন্দির প্রভৃতি নির্ম্মাণের ব্যয়ভারবহন ও বিবিধভাবে ভগবৎসেবায় আনুকূল্য করায় 'ভক্তিবান্ধব' উপাধিতে বিভূষিত করা হয়; (৮) প্রয়াগধামে শ্রীরূপ-গৌড়ীয়মঠের শ্রীবিগ্রহপ্রতিষ্ঠায় আনুকূল্য বিধান এবং বিবিধভাবে ভগবৎসেবায় চেষ্টা প্রদর্শনের জন্য বাংলোবিজয়কুমারের নিমন্ত্রিত শ্রীযুক্ত কুমারকৃষ্ণ ভট্টাচার্য্য মহাশয়কে শ্রীধামপ্রচারিণী সভা 'ভক্তি-ভূষণ' উপাধিতে বিভূষিত করেন; (৯) শ্রীযোগপীঠে মন্দিরে ভক্তিনারায়ণ-[illegible] নির্ম্মাণে অর্থানুকূল্য-বিধান, শ্রীগৌড়ীয়মঠের প্রকাশের ব্যয়ভারগ্রহণ এবং ভগবদ্ভক্তির কথা প্রচারে বিবিধভাবে সাহায্য ও উৎসাহ প্রদান করিবার জন্য মাধ্ভুম জেলার নিবাসী শ্রীযুক্ত উপেন্দ্রনারায়ণ চন্দ্র মহাশয়কে 'ভক্তিভূষণ' উপাধিতে বিভূষিত করা হয়; (১০) শুদ্ধভক্তসেবায় নিবেদিতাত্মা, নিষ্কপট, বিদ্বান্ শ্রীযুক্ত [illegible] ব্রহ্মচারী মহাশয়কে 'ভক্তিকুসুম' উপাধিতে ভূষিত করা হয়; (১১) রাঢ়ীয় বিপ্রবংশগৌরব শুদ্ধবেদান্তসিদ্ধান্তবিৎ, সৎ-সম্প্রদায়নিপুণ, শ্রীমান্ শ্রীযুক্ত অতীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয়কে "বেদান্ত-বাচস্পতি" উপাধিতে বিভূষিত করা হয়। নিম্নে শ্রীল সভাপতির স্বাক্ষর-সমন্বিত 'গৌরাশীর্ব্বাদপত্র'-সমূহ মুদ্রিত হইল—

শ্রীশ্রীমায়াপুরচন্দ্রো বিজয়তেতমাম্

শ্রীশ্রীনবদ্বীপধামপ্রচারিণ্যাঃ সভায়াঃ

শ্রীশ্রীগৌরাশীর্ব্বাদপত্রম্

ময়ূরভঞ্জরাজ্যাধীশ্বরায় মহাত্মনে।
বিপ্রবৈষ্ণবসজ্জনকেশ্রীচৈতন্যচেতসে॥
দক্ষিণাপথাভিষিক্তায় মহারাজায় ধীমতে।
পুণ্যশ্লোকায় ধর্ম্মায় মহারাজায় তে॥
শ্রীপুরুষোত্তমাখ্যশ্রীমঠানুকূল্যকারিণে।
শ্রীমৎপ্রতাপচন্দ্রায় ভঞ্জদেবোপনামিনে॥
ধাম প্রচারিণীসংসদ্‌ভক্তৈরীয়তে মুদা।
ধর্ম্মসিন্ধুরিতি খ্যাতমুপাধিভূষণং পরম্॥
গঙ্গাপূর্ব্বতটস্থশ্রীনবদ্বীপস্থলে পরে।
শ্রীমায়াপুরধামস্থপুণ্যযোগপীঠালয়ে॥
চন্দ্রেষু বহ্নিবাণেন্দুশাকেহস্মিন্ শুভাব্দকে।
ফাল্গুনপূর্ণিমায়াং শ্রীগৌরাবির্ভাবপর্ব্বণে॥

(স্বাঃ) শ্রীভক্তিসিদ্ধান্তসরস্বতী
সভাপতিঃ

শ্রীশ্রীমায়াপুরচন্দ্রো বিজয়তেতমাম্

শ্রীশ্রীনবদ্বীপধামপ্রচারিণ্যাঃ সভায়াঃ

শ্রীশ্রীগৌরাশীর্ব্বাদপত্রম্

বিপ্রবৈষ্ণবভক্তায় সদা দাসাভিমানিনে।
কায়বাঙ্মনসৈঃ গৌরভক্তসেবাভিলাষিণে॥
বিবিধসজ্জনিকাভক্তেভ্যো ধনদায়িনে।
শ্রীনারায়ণভিক্ষয়া শ্রীমতে সচ্চিদাত্মনে॥
শারদানন্দকুমার-শরদিন্দুনারায়ণোপনামায়॥
রাজর্ষিরিত্যুপাধিনীয়তে প্রাসাদতঃ সাদরৈঃ॥
গঙ্গাপূর্ব্বতটস্থশ্রীনবদ্বীপস্থলে পরে।
শ্রীমায়াপুরধামস্থপুণ্যযোগপীঠালয়ে॥
চন্দ্রেষু বহ্নিবাণেন্দুশাকেহস্মিন্ শুভাব্দকে।
ফাল্গুনপূর্ণিমায়াং শ্রীগৌরাবির্ভাবপর্ব্বণে॥

(স্বাঃ) শ্রীভক্তিসিদ্ধান্তসরস্বতী
সভাপতিঃ

শ্রীশ্রীমায়াপুরচন্দ্রো বিজয়তেতমাম্

শ্রীশ্রীনবদ্বীপধামপ্রচারিণ্যাঃ সভায়াঃ

শ্রীশ্রীগৌরাশীর্ব্বাদপত্রম্

শ্রীমদ্ভক্তিবিনোদস্য ঠাকুরস্য কৃপাপুষঃ।
প্রিয়বিশ্বাসপাত্রায় কশ্যপকুমারাখ্যয়ে॥
ধামপ্রচারিণীসংসদ্‌ভক্তৈরীয়তে মুদা।
গৌরকারুণ্যনাম্নস্তু ভক্তিরত্নমিতি
প্রভো॥
গঙ্গাপূর্ব্বতটস্থশ্রীনবদ্বীপস্থলে পরে।
শ্রীমায়াপুরধামস্থপুণ্যযোগপীঠালয়ে॥
চন্দ্রেষু বহ্নিবাণেন্দুশাকেহস্মিন্ শুভাব্দকে।
ফাল্গুনপূর্ণিমায়াং শ্রীগৌরাবির্ভাবপর্ব্বণে॥

(স্বাঃ) শ্রীভক্তিসিদ্ধান্তসরস্বতী
সভাপতিঃ

শ্রীশ্রীমায়াপুরচন্দ্রো বিজয়তেতমাম্

শ্রীনবদ্বীপধামপ্রচারিণ্যাঃ সভায়াঃ

শ্রীশ্রীগৌরাশীর্ব্বাদপত্রম্

শুদ্ধভক্তিপ্রচারস্য মূলসহায়কায় বৈ।
যুক্তপ্রদেশস্থায় শুদ্ধ-ভক্তিপ্রকাশিনে॥
অধ্যক্ষাখ্যায় সদ্ভক্তায় শ্রীকান্তিনাম্নে।
ভক্তিকোবিদ ইত্যেষ উপাধিরীয়তে
মুদা॥
গঙ্গাপূর্ব্বতটস্থশ্রীনবদ্বীপস্থলে পরে।
শ্রীমায়াপুরধামস্থপুণ্যযোগপীঠালয়ে।
চন্দ্রেষু বহ্নিবাণেন্দুশাকেহস্মিন্
শুভাব্দকে।
ফাল্গুনপূর্ণিমায়াং শ্রীগৌরাবির্ভাবপর্ব্বণে॥

(স্বাঃ) শ্রীভক্তিসিদ্ধান্তসরস্বতী
সভাপতিঃ

শ্রীশ্রীমায়াপুরচন্দ্রো বিজয়তেতমাম্

শ্রীশ্রীনবদ্বীপধামপ্রচারিণ্যাঃ সভায়াঃ

শ্রীশ্রীগৌরাশীর্ব্বাদপত্রম্

রাঢ়ীয়ব্রাহ্মণবংশাবতংসরূপিণে।
ভাগবতবরায় শ্রীগুরুসেবারতাত্মনে॥
ভট্টাচার্য্যায় রাধেশ্যামপদাশ্রয়ায় ধীমতে।
বিদ্যাবতে প্রদীয়তে পাণ্ডিত্যোদ্ভাসিতায় বৈ॥
ধামপ্রচারিণীসংসদ্‌ভক্তৈরীয়তে মুদা।
উপনামাস্য সজ্ঞাকং বিদ্যার্ণবেতি
যন্ম॥
গঙ্গাপূর্ব্বতটস্থশ্রীনবদ্বীপস্থলে পরে।
শ্রীমায়াপুরধামস্থপুণ্যযোগপীঠালয়ে॥

চন্দ্রেষু বহ্নিবাণেন্দুশাকেহস্মিন্ শুভাব্দকে।
ফাল্গুনপূর্ণিমায়াং শ্রীগৌরাবির্ভাবপর্ব্বণে॥
(স্বাঃ) শ্রীভক্তিসিদ্ধান্তসরস্বতী
সভাপতিঃ

গৌর বিরোধ

(শ্রীপাদ মধুসূদন দাসাধিকারী ভক্তিশাস্ত্রী এম, এ বি,এল)

শ্রীমদ্ভাগবতের প্রতিপাদ্য শ্রীকৃষ্ণ হইতে অভিন্ন হইয়াও গৌরলীলা এবং কৃষ্ণলীলার মধ্যে বিভেদ দেখিতে পাওয়া যায়। কৃষ্ণলীলা মাধুর্য্যময় হইলেও গৌরলীলা— ঔদার্য্যময় বিপ্রলম্ভলীলা। কৃষ্ণ একমাত্র গোপীদিগের, মধুর রসের সম্ভোগ করেন, আবার স্বয়ং কৃষ্ণই জীবের প্রতি অপার করুণা করিয়া রাধাভাবদ্যুতিসুবলিত গৌরসুন্দররূপে এই বিশ্বমঙ্গল বিপ্রলম্ভ লীলা করেন এবং স্বয়ং শ্রীনামসঙ্কীর্ত্তনে নিমজ্জিত হইয়া জীবগণকে কৃষ্ণপ্রেম অনর্পিতচর বস্তু প্রদান করেন। সেই হেতু গৌরলীলা কৃষ্ণলীলা হইতে পরম উদার লীলা।

[illegible] বৈষ্ণবধর্ম্মের গন্ধ পর্য্যন্ত নাই, সেই সকল ব্যক্তিকে পূজা করিতে যাহারা আদেশ দেয়, মহাপুরুষ ও ভক্ত, সাধুতা ও ঔদার্য্যের বিচার না করিতে চায়, তাহারা সকলেই অপরাধে অপরাধী। মহাজন ও শাস্ত্রবাক্যে তাহাদের প্রকৃত জ্ঞান ও বিশ্বাস নাই। মহাজন ও শাস্ত্রের প্রতি শ্রদ্ধা না থাকিয়া নিজ নিজ মনগড়া রুচি ও প্রবৃত্তি অনুসারে নিজ নিজ মত প্রচার করিয়া যাহারা প্রবল হইয়া উঠে সেই সমস্ত লোক নিজ মতের মত করিয়া গ্রহণ করিতে গেলেই এইরূপ অমঙ্গলের উৎপত্তি হয়। তখন আর প্রকৃত মহাজন ও গুরুর আবশ্যকতা থাকে না। নিজেই নিজের গুরু সাজিয়া বসে। নিজের স্বাধীনতা নষ্ট হইবার ভয়ে সাধু গুরু ও শাস্ত্রের বাণীতে সর্ব্বদা দোষ দর্শন করে এবং উহার উপর নির্ভর করিতে পারে না। ইহা এক অদ্ভুত রহস্য।

কেহ কেহ আবার [illegible] মনে করিয়া স্বরূপদামোদর প্রভুর বাণীর উল্লেখ করিয়া তাহাকে প্রমাণ বলিয়া ধরে। কিন্তু কথা সমানই। স্বয়ং ভগবান বা নিজের ভজনের সহায়ক লোককে গুরু করা চাই। উভয় ক্ষেত্রেই নিজ নিজ রুচি ও প্রবৃত্তি চরিতার্থ করাই

আকাঙ্ক্ষা মাত্র। বরং দ্বিতীয় ক্ষেত্রে কিছু অধিক সুবিধা আছে। এখন শুধু ফোঁটাই দিয়া গৌর-নাগরী আড়ম্বরে নিজের স্বেচ্ছাচারের পুষ্টি সমর্থন করা যায়। তখন দেখা যাইবে যাহা হয় — "আমার গৌরসুন্দরের আদেশ [illegible] হয়। [illegible] ব্রজবুদ্ধি [illegible] নাই, [illegible] করিতে নাই, [illegible] নাই ইত্যাদি ইত্যাদি।" কথা শুনিলে বেশ চমৎকার উপায়! সহজে 'নাগরী', ক'দেরই অনভিজ্ঞ সাধারণ লোকের মন একেবারে হয়।

এদিকে কিন্তু গোড়ায় গলদ। নিজের মনের খেয়ালকে, নিজের জ্ঞান সমর্থনকারীকে, নিজের ইন্দ্রিয়-তর্পণের সহায়কারীকে গুরু সাজাইয়া রাখা হইয়াছে। অর্থাৎ নিজের প্রবৃত্তি স্বেচ্ছাচার ও ভোগবাসনাকেই গুরু করা হইয়াছে। অতএব এরূপক্ষেত্রে গুরু স্বীকারও নাই, ভগবান্ স্বীকারও নাই। শুধু আছে ভগবানের উপরে ভগবানগিরি এবং নিজ নিজ গুরুগিরি। এইরূপ মনোধর্মী লোকের নিকট ভগবান্ তাহাদের মনের মত নিজের হাতে গড়া পুতুল মাত্র! ভগবান্ তাহাদের ভোগবিলাসে সৃষ্ট বস্তু মাত্র, তাহারাই ভগবানের স্রষ্টা,—ভগবান্ তাহাদের স্রষ্টা নহেন। তাহারাই ভগবানের প্রভু, ভগবান্ তাহাদের প্রভু নহেন। এই সকল লোক প্রকৃত পক্ষে ভগবান্‌কেই তাহাদের দাস করে, নিজেরা ভগবানের দাস হয় না এবং হইতেও চাহে না। ইহাদের ভগবদ্ভক্তি যেমন কোন কোন স্ত্রীলোকের স্বামি ভক্তির মত মুখে স্বামী জীবন-সর্ব্বস্ব, দেবতার দেবতা, একমাত্র গতি, অথচ কার্য্যে— স্বামীর ঘাড়ে চেপে, নাকে দড়ি দিয়ে, অঙ্গুলিহেলনে তাহাকে উঠান বসান!! ইহা সম্ভবঃ হয় ও ভক্তি নহে, ইহা প্রকৃত প্রভুত্ব ও ভোগ মাত্র।

মায়াবদ্ধ, ইন্দ্রিয়দাস, ভোগাসক্ত জীবের মনোধর্মে কল্পিত ও গঠিত বস্তু কখনও ভগবান্ নহে, উহা মায়ার পুতুল মাত্র। ভগবান্ স্বতন্ত্র সর্ব্বময় প্রভু, সচ্চিদানন্দ বস্তু। ইন্দ্রিয়পরায়ণ জীবের রুচি বা খামখেয়ালের উপর ভগবানের ভগবত্তা ও লীলাবৈচিত্র্য কখনও নির্ভর করে না। যাহারা প্রকৃতপ্রস্তাবে ভগবদ্বিরোধী, ভগবানে অবিশ্বাসী, নাস্তিক, তাহারাই ভগবানের লীলায় নিজ ইন্দ্রিয়চরিতার্থতাকে উদ্দেশ্য করিয়া ভগবল্লীলাকে এবং ভগবানের শ্রীঅঙ্গ মনের ভোগবাসনার অনুকূলভাবে গঠন করিয়া থাকে। এইরূপ দুর্ব্বুদ্ধি-সম্পন্ন প্রচ্ছন্ন নাস্তিক, প্রচ্ছন্ন-ভোগিগণ—বিপ্রলম্ভ-রসবিগ্রহ গৌরসুন্দরের লীলার নিত্য বৈশিষ্ট্য, বৈচিত্র্য ও ভাব-ধারা বুঝিতে না পারিয়া গৌরসুন্দরের স্বরূপের পরিবর্ত্তে গৌরসুন্দরকে নাগর সাজাইয়া ভোগ করিতে প্রবৃত্ত হয়। ভগবান্‌কে দিয়া নিজের সেবা করান সাধারণ নয়। আস্তিক্যের আবরণে নাস্তিকতা, সেবার আবরণে ভোগ বা ইন্দ্রিয়তর্পণ-স্পৃহাকে কত প্রকারে যে সজ্জিত করা আছে, তাহার ইয়ত্তা নাই। গৌরসুন্দরকে নাগর সাজান সেই সকলের মধ্যে একটী প্রকার মাত্র।

শ্রীধাম-মায়াপুরের পারমার্থিক প্রদর্শনীতে গৌরনাগরীর একটি বড় চিত্র দেখিয়াছিলাম। গৌরসুন্দর নাগরবেশে, আর স্ত্রী-পুরুষ সকলে গৌরনাগরের প্রতি কটাক্ষপাত করিতেছে! গৌরসুন্দরকে যাহারা 'নাগর' কল্পনা করে ও সাজায়, তাহারা কি সকলে—কি স্ত্রী, কি পুরুষ— নিজদিগকে 'নাগরী' কল্পনা করিয়া থাকে? কিন্তু এখন প্রশ্ন 'গৌরনাগরী' স্বয়ং ত বলিয়াছিলেন—'গৌরসুন্দর স্বয়ং রাধা-ভাব-কান্তি সুবলিত হইয়াছেন, তাহাই আমাদের অনুসরণীয় আদর্শ।' গৌরসুন্দর স্বয়ং নাগরীগণের সাক্ষাৎ প্রেমাস্বাদন করিয়া দিয়াছেন বলিয়া যে বলা হয় আদর্শে, গৌরনাগরীগণ কি তবে সেই কাল্পনিক আদর্শের অনুসরণে বা অনুকরণে পরস্পর প্রেমে ঢলাঢলি গলাগলি করিয়া থাকেন?

আর এক গৌরনাগরীর কথা জানি—তিনি শ্রীমতী বিষ্ণুপ্রিয়ার প্রতি খুব মাৎসর্য্যের উচ্ছ্বাস দেখাইয়া থাকেন অথচ স্বয়ং গৌরনাগরী! ইহা কি প্রকার বিরুদ্ধ ধর্ম্মের সমন্বয়? [illegible] ও রসিকতা খুব উপভোগ্যই বটে!!

অতএব উক্ত প্রকারের যে ভক্তি, তাহাকে ভক্তির উৎপাত ব্যতীত আর কি বলিব? এই শ্রেণীর ভক্তকে অর্থাৎ ভক্তের আবরণে ভোগপরায়ণতাকে লক্ষ্য করিয়াই শাস্ত্র বলিয়াছেন—

'শ্রুতি-স্মৃতি-পুরাণাদি পঞ্চরাত্রবিধিং
বিনা।
ঐকান্তিকী হরের্ভক্তিরুৎপাতায়ৈব
কল্পতে॥'

শাস্ত্র ও সাধুগণের উপদেশে যে ভক্তি, তাহা অন্যের অজ্ঞাত যায়!

ভক্তিপথ সর্ব্বতোভাবে পরিপূর্ণ আনুগত্যের পথ। এই পথে সর্ব্বময় প্রভু শ্রীকৃষ্ণের সন্তোষে, সর্ব্ব অবস্থায়, সর্ব্বতোভাবে আনুগত্য বা সেবাই চরম লক্ষ্য এবং কৃষ্ণপ্রেমাই সিদ্ধি। এই লক্ষ্য সিদ্ধির জন্য সাধনকালেও আনুগত্য ভিন্ন আর উপায় নাই। স্বাধীনতা অর্থাৎ স্বেচ্ছাচারিতা দ্বারা কখনও সেবা বা আনুগত্যে পৌঁছান সম্ভবপর নহে। শাস্ত্র ও ইহার সমর্থন করেন না। সাধুর সৎ-যুক্তিও উহার সমর্থন করিতে পারে না। স্বেচ্ছাচারিতার আশ্রয়ে ও প্রশ্রয়ে আনুগত্য বা সেবা কখনও আসিতে পারে না; কামের উপভোগে কখনও কামের নিবৃত্তি হয় না, বরং ঘৃতাহুতির দ্বারা অগ্নির ন্যায় তাহা সমধিক বৃদ্ধি পাইয়াই থাকে। ভগবৎসেবা-লাভ যাহাদের নিকট প্রয়োজন বলিয়া মনে হয়, তাহাদের পক্ষে শাস্ত্র ও গুরু-বৈষ্ণবের আনুগত্য একান্ত অপরিহার্য্য। অর্থাৎ সদ্গুরুর আশ্রয়ে শাস্ত্রবিধির অনুসরণ তাঁহাদিগের অবশ্য কর্ত্তব্য। অতএব বিধিমার্গই সকলের পক্ষে প্রশস্ত। যাহারা জগতে সর্ব্বত্র স্বচ্ছন্দই ইন্দ্রিয়াসক্ত ভোগপরায়ণ বলিলে কিছু অত্যুক্তি হয় না। তাদৃশ লোকের রাগমার্গে বিচরণ-চেষ্টা অযথা সময়নাশক। ইন্দ্রিয়াসক্ত, মনোধর্ম্মী ভোগী লোকের পক্ষে রাগমার্গের সাধন কেবল লম্পটতার অনুশীলন মাত্র। প্রকৃত লম্পটগণই বিধিমার্গকে ভয় ও অনাদর করে, কারণ শাস্ত্র ও সাধুগণের শাসন দূর হইলে স্বেচ্ছাচার ও লাম্পট্যের পথে জীবন কণ্টক। এবং এইরূপ লোকেরাই মনে করে, রাগমার্গ স্বাধীন পথ, সেই পথে কোন বিধির বাঁধন নাই। কিন্তু রাগমার্গ স্বাধীনতার পথ হইলেও তাহা যে বিধিকে কোনকালেই উল্লঙ্ঘন করে না এবং তাহাতে যে প্রচুর ভোগ, লাম্পট্য, স্বেচ্ছাচারের অবকাশ মাত্র নাই, সেই পথের অনুসরণ ও বিধি যে আরও কত কঠিন ও উচ্চ, এই সকল লোকেরা তাহা জানে না এবং জানিতে বুঝিতেও চাহে না। রাগমার্গ কি বস্তু, তাহার স্বরূপ কি, মনোধর্ম্মী উৎপাতগ্রস্ত লোকের তাহা বোধগম্য নহে। সাধুগণ শাস্ত্রবাক্যের অনুসরণই সর্ব্বসাধারণের পক্ষে শ্রেয়ঃ এবং বিধি। যাহারা শ্রেয়ঃকামী এবং অহঙ্কার প্রসার ইচ্ছা করে, তাহা হয় বড় ভক্তিপথ নহে। তাহাদের জন্য ভক্তিপ্রতিকূল যোগপথ, জ্ঞানপথ চির উন্মুক্ত রহিয়াছে।

নিন্দা

(শ্রীপাদ [illegible] গোস্বামী ভক্তি[illegible])

প্রাকৃত করিয়া মানে বিষ্ণু-কলেবর।
বিষ্ণু-নিন্দা আর নাহি ইহার উপর॥"
(চৈঃ চঃ আঃ ৭ম ১১৫)

সচ্চিদানন্দ তত্ত্ব বস্তু বিষ্ণু। বিষ্ণুর প্রকৃতি প্রাকৃত জড় জগতের মূল। নিখিলের মধ্যে প্রকৃতি বা মায়া শক্তির বিবর্ত বাদ বিচারে [illegible] পাওয়া যায় না। বিষ্ণু—মায়া-গ্রাহক দেব-বিশেষ অর্থাৎ পঞ্চ দেবতার এক দেবতা মাত্র।" পঞ্চোপাসক সম্প্রদায় বিষ্ণুকে দেব মায়ার [illegible] দিয়ে [illegible] বিষ্ণু নামক [illegible] উপস্থিত হইয়াছেন।

প্রাকৃত দেব-পর্য্যায়ে বিষ্ণু কখনই গণিত হইতে পারেন না। যাঁহারা বিষ্ণুকে প্রাকৃত দেব-পর্য্যায়ে ভাবিয়া থাকেন, তাঁহারাই বিষ্ণুকে প্রাকৃত দেবতা বলিয়া জানেন। তাঁহাদের অবলম্বন মোচনের জন্য শ্রীভগবান্ গীতায় বলিয়াছেন,—

"দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া
দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং
তরন্তি তে॥"

অর্থাৎ একমাত্র আমাতে প্রপন্ন ব্যক্তিই আমার গুণময়ী দুরত্যয়া মায়ার কবল হইতে মুক্তি পাইতে পারে, অন্যে নহে।

একমাত্র একনিষ্ঠ বিষ্ণু-সেবকগণই মায়া মুক্ত হওয়ার যোগ্য, কারণ তাঁহারা অন্যান্য প্রাকৃত দেব দেবীগণকে নিত্য বন্দনায় কাল ক্ষয় করেন না।

যাঁহারা কাম, ক্রোধের দাস হইয়া মায়ার পাদতাড়িত হইয়া মায়া রাজ্যের বৈভব বন্ধনে নিরন্তর মজেই তাঁহারা সাত্ত্বিক কোন বিধান অনুসারে শ্রীবিষ্ণুকে প্রাকৃত দেবতা সাজাইয়া আনিয়া চতুর্থ দেবোপাসনার পরিপূরক স্বরূপ পঞ্চ দেবোপাসনায় মনোনিবেশ করেন না।

শ্রীবিষ্ণু বৈকুণ্ঠ বস্তু, তাঁহাকে প্রকৃতিজাত দেবতা বলিয়া জ্ঞান করিলে পঞ্চ-নির্দ্দেশ সহ কলেবর উপস্থিত করা হয়, ইহাই বিষ্ণু নিন্দা।

শ্রীবিষ্ণু অতীন্দ্রিয় বা অধোক্ষজ বস্তু। তিনি প্রাকৃত বস্তু নিচয়ের, ভোক্তা সম্প্রদায়ের ভোগ্য ইন্দ্রিয়-গ্রাহ্য নহেন। তাঁহার দেহ দেহীর মধ্যে ভেদ জ্ঞান অবান্তর। প্রাকৃত বস্তুতে দেহ দেহী ভেদ আছে। প্রাকৃত বস্তুগণ ভোগের সামগ্রী, কিন্তু বিষ্ণু নিত্য কাল ভোক্তা। তিনি সর্ব্বেশ্বর। ভোক্তাকে ভোগ্য বলিয়া জ্ঞান করিলে অপরাধ হয় এবং জীবের নিত্য সেব্য বস্তুকে জীবসাম্যে সেবক জ্ঞানে পরিচয় দিলে তাঁহার নিন্দাই করা হয়।

আমরা অনেকেই অনেক সময় স্বার্থ-কামী হইয়া অভীষ্টের জন্য বা সকল সুখবৎ সময় তুলসী দলে শ্রীবিষ্ণুর অর্চনা পূর্ব্বক পাপরাশির অর্চ্চন করিয়া থাকি। যজ্ঞ করি অন্য দেবতার পূজায় যে প্রকার সংস্কারের দৃঢ়তা রাখিয়া থাকি, এক বিষ্ণু পূজা করিয়া অভীপ্সিত ফল পাওয়া না গেলেও [illegible] হওয়া সম্ভব। এরূপ কিছু হইলে যে বিষ্ণুকে ভোগপ্রদ করা হইতেছে তাহা পাঠকগণ সহজেই বুঝিবেন না। এবম্বিধ অপরাধমূলক বুদ্ধি বিষ্ণু-নিন্দা-বাচক।

প্রয়াগ প্রসঙ্গ

অচৈতন্য বিশ্বে বিশ্বগুরু শ্রীচৈতন্যদেবের কথা প্রচারের প্রচেষ্টা শ্রীচৈতন্যচরণাশ্রিতগণের বৃত্তিতেই সুপ্রকাশিত। শ্রীচৈতন্যদেবের অভিনয় করিয়াও প্রকৃত পথানুসরণে অসমর্থ হইয়া অনেকে অবিকৃত অচৈতন্যদেবের বাক্য কহিতেছেন। অতএব, বিশ্ববাসীকে সুপথে এবং অন্ত সাধনপ্রকৃতিবিশিষ্ট জনসমূহকে চৈতন্যের দেশে লইবার জন্য শ্রীচৈতন্য মহাপ্রভুর আবির্ভাবস্থলী শ্রীধাম মায়াপুর-নবদ্বীপে শ্রীচৈতন্য মঠ প্রকট করিয়া তাঁহাদের সর্বাগ্রে অন্যতম মঠ প্রকট করিয়াছেন— সেই চৈতন্য-মঠ-আত্মা শ্রীচৈতন্য-সরস্বতী।

প্রয়াগে শ্রীরূপগৌড়ীয় মঠ শ্রীচৈতন্য মঠের শাখা মঠসমূহের অন্যতম। শুদ্ধভক্তিসিদ্ধান্ত-প্রকট-ভূমি, প্রয়াগধামে বাস করিয়াও শুদ্ধ ভক্তিসিদ্ধান্তের আনুগত্য ব্যতীত শ্রীধামে বসবাসকারী মনুষ্যের পদ্ম-মধু আস্বাদের ন্যায় ভক্তিরাজ্যে প্রবেশ-সুযোগ হয় না। বিমুখজীবকুলের দুর্ভাগ্যবশে অপরাধ আর অপরাধের কথা প্রচারে ব্যস্ত।

গত ২২শে ও ২৩শে চৈত্র পরিব্রাজকাচার্য শ্রীমদ্ভক্তিবিবেক ভারতী মহারাজ স্থানীয় প্রসিদ্ধ ও প্রবীণ আইন-ব্যবসায়ী শ্রীযুক্ত হরিমোহন রায়-মহাশয়ের ভবনে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করিয়াছেন। সহরের বহু শিক্ষিত সজ্জনগণ উপস্থিত হইয়া খুব আগ্রহ ও উৎসাহের সহিত অশ্রুতপূর্ব ব্যাখ্যা শ্রবণ করিয়াছেন। এলাহাবাদে শুদ্ধভক্তিসিদ্ধান্ত-যুক্ত ভাগবত-কথা এই প্রথম শুনিয়েছেন বলিয়াছেন। সকলেই পুনঃ পুনঃ শ্রীরূপাদের সিদ্ধান্ত কথা শ্রবণের আগ্রহ জানাইয়াছেন।

নানা কথা

আদালত বয়কট

দিনাজপুর জেলার ঠাকুর গাঁয়ের উকিলগণ আদালত বয়কট করিবার প্রস্তাব গ্রহণ করিয়াছেন এবং আগামীতে যে উকিল সভা হবে তাহাতে ঐ প্রস্তাব যাহাতে গৃহীত হয় সে চেষ্টা করিবেন। গত ৯ই এপ্রিল শ্রীযুক্ত যতনাথ মজুমদারের সভাপতিত্বে যশোহরের উকিলদের একটি সভায় ঐরূপ প্রস্তাব গ্রহণের কথা হইয়া একটি কমিটি গঠিত হইয়াছে।

কলেজ বয়কট

স্বেচ্ছা-সেবকদলে ভর্ত্তি হইবার জন্য তাঁহার সম্প্রদায়ের আহ্বানে কলিকাতা সিটিকলেজের ছাত্রগণ ধর্মঘট করিয়াছে তজ্জন্য কর্তৃপক্ষগণ কলেজ গ্রীষ্মাবকাশের জন্য বন্ধ করিয়াছেন। শুনা যায় বিদ্যাসাগর কলেজ এবং সেন্টপল কলেজেরও অনেক ছাত্র কলেজে যোগদান করে নাই। হরিশ পার্কে ছাত্রদের একটি সভায় বিলাতী দ্রব্য বিশেষতঃ বিলাতী সিগারেট বর্জ্জন করিবার প্রস্তাব গৃহীত হইয়াছে।

নাসিকে রথযাত্রা

সনাতনীগণ গত ৯ই এপ্রিলের রথযাত্রায় অস্পৃশ্যদিগকে কোনমতে যোগদান করিতে দিবে না এইরূপ দৃঢ় প্রতিজ্ঞ থাকার ফলে ঐ দিবস বৈকালে সহরে কয়েকটী দাঙ্গা হইয়া গিয়াছে। মন্দির হইতে সনাতনীদের মিছিল বাহির হইবার সময়ে অস্পৃশ্যগণ রাস্তার উপরে পড়িয়া থাকে। ইহাতে সনাতনীগণ তাহাদিগকে ভয়ঙ্কর প্রহার করে। ইহাতে উভয় পক্ষে ভয়ানক দাঙ্গা আরম্ভ হয় এবং অস্পৃশ্যগণই অধিকতর মারখায়। শীঘ্রই আরো কয়েক শ' অস্পৃশ্যদলের লোক অকুস্থানে আসিয়া পড়ে এবং তৎক্ষণাৎ পুলিশের লোকদের সুবন্দোবস্ত না হইলে ভীষণ ব্যাপার হইত।

উকিলের পোষাক

দিল্লীর উকিল সমিতি নাকি গত ১২ এপ্রিল এক সভাতে স্থির করিয়াছেন যে তাহাদের সমিতির সকল সভ্যকে খদ্দরের পোষাক পরিতে হইবে। শ্রীযুক্ত ব্রজ বিহারী লাল এম্ এল্ এ মহাশয় এই প্রস্তাব উত্থাপন করেন। রায় বাহাদুর লাল কি শোর উকিলের পোষাক বিষয়ক হাইকোর্টের নির্দ্দেশ এবং গবর্ণমেন্টের ব্যবহারজীব আইন প্রভৃতির নজির দেখাইয়া ঐ প্রস্তাবে অনেক আপত্তি করেন। কিন্তু অবশেষে উকিলের সংখ্যাধিক্যে বিশেষতঃ নবীনদের চেষ্টায় খদ্দর পোষাকের প্রস্তাবটী পাশ হইয়া গিয়াছে।

ময়মনসিংহ-সংবাদ

ময়মনসিংহ

১৩।৪।৩০

গত ১২ই এপ্রিল জাতীয় সপ্তাহের দিন বিদ্যায় স্থানীয় জিলা স্কুল, সিটি স্কুল, এডওয়ার্ড স্কুল, মৃত্যুঞ্জয় স্কুল এবং কলেজ হইতে সমস্ত ছেলেরা স্কুল কলেজ পরিত্যাগ করিয়া বাহির হইয়া পড়িয়াছে। এবং সহরের নানা স্থানে "স্বাধীনতাকী জয়, বিপ্লব কি জয় ইত্যাদি" ধ্বনি করিতে করিতে দলে দলে ছেলেরা ঘুরিয়াছে। কলেজের প্রিন্সিপাল ছেলেদের কিছুতেই থামাতে পারেন নাই।

লবণ বিক্রি

গত ১২ই এপ্রিল কাঁথাতে বিনা লবণ বিক্রি হইয়াছে। কংগ্রেস [illegible] প্রেসিডেন্ট পূর্ণচন্দ্র বাবু [illegible] লবণ বিক্রি করিয়াছে। [illegible] লোকেরা এই সকল লবণ আনন্দের সহিত ক্রয় করিয়াছে।

গোলদীঘিতে বে-আইনি জনতা

এসোসিয়েটেড প্রেসের সংবাদে প্রকাশ যে গত ১১ই এপ্রিল কলিকাতা গোলদিঘীতে জাতীয় সেনা দলের কর্তৃত্বে একটী বেআইনী সভা হয় এবং এই সভাতে কতকগুলি নিষিদ্ধ ইস্তাহার জারি করা হয়। পুলিশ ঘটনাস্থলে আসিয়া ঐ সভাকে বেআইনীজনতা বলিয়া সকলকে সভাভঙ্গ করিতে বলে। কিন্তু সভা ভঙ্গ করিতে অস্বীকার করায় পুলিশ প্রায় ৩০ জন লোককে গ্রেপ্তার করিয়া থানায় চালান দেয়। কিছুক্ষণ মধ্যে গোলদিঘীর (কলেজ স্কোয়ার) বাহিরে প্রায় ৫ হাজার লোক জমা হয়, তাহাতে গাড়ী প্রভৃতি যাতায়াত বন্ধ হইয়া যায়। ইহাতে পুলিশের সঙ্গে সংঘর্ষে প্রায় ১৫ জন লোকের কিছু কিছু আঘাত লাগে। দুইজন কনেষ্টবল ইটের আঘাতে আহত হয়। লাল বাজার হইতে অতিরিক্ত পুলিশ আসিয়া ভিড় সরাইয়া দেয়।

স্বরাজ ভবন

এলাহাবাদ হইতে গত ১১।৪।৩০ এসোসিয়েটেড প্রেস সংবাদ দিয়াছেন যে স্বরাজ্য দলের নেতা পণ্ডিত শ্রীযুক্ত মতিলাল নেহেরু তাঁহার এলাহাবাদস্থ প্রাসাদতুল্য অট্টালিকা "আনন্দ-ভবন" নামক স্বীয় বাস-ভবনটি কংগ্রেসকে দান করিলেন। কংগ্রেসের পক্ষ হইতে সভাপতি পণ্ডিত শ্রীযুক্ত জহরলাল নেহেরু (পণ্ডিত মতিলালের পুত্র) ঐ দান গ্রহণ করিয়া গতকল্য ঐ ভবনটী দখল করিয়াছেন। ঐ বাড়ীটির মূল্য অনুমান আড়াই লক্ষ টাকা হইবে। "স্বরাজ-ভবন" নামে উহাকে নামান্তরিত করা হইয়াছে।

বাক্সের মধ্যে মৃতদেহ

কালকাটা ষ্টার থিয়েটারের ম্যানেজার শ্রীযুক্ত অপরেশচন্দ্র মুখোপাধ্যায়ের প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেটের বিচারে টেলিগ্রাফের থামের গায়ে তাঁহার থিয়েটার সংক্রান্ত প্লাকার্ড বিজ্ঞাপন লাগান অপরাধে ৫০৲ টাকা জরিমানা হয়। পরে হাইকোর্টের বিচারে ম্যানেজারকে প্ল্যাকার্ড লাগানর সঙ্গে আইন অনুসারে জড়িত করিবার প্রমাণাভাবে খালাস দেওয়াছেন

সাহারায় অপমৃত্যু

সাহারার বিমান সকল্পনে, বিলেন এবং কোরাটেন নামক স্থান হইতে মধ্যে ফরাসী দেশীয় বিমানপোত চালক কাপ্তেন ভলেট মারা গিয়াছেন। স্থানীয় সৈন্যেরা তাঁহার ভগ্ন পোতের নিকট তাঁহার মৃত শরীর প্রাপ্ত হইয়াছে।

চট্টগ্রাম সংবাদ

চট্টগ্রামের অস্ত্রাগার আক্রমণকারিগণ এখনও পলাতক রহিয়াছে। তাহাদিগকে এখনও ধরিতে পারা যায় নাই। তাহারা পাহাড়ে ও জঙ্গলে ঘুরিয়া বেড়াইতেছে।

চট্টগ্রামে এখনও কার্ফিউ অর্ডার প্রচলিত আছে এবং বহু পাহারা ও খানাতল্লাসী চলিতেছে।

চাষের যন্ত্র উদ্ভাবন

দক্ষিণ কলিকাতার চক্রবেড়িয়ার নিবাসী দাতা হাজরা মিঃ এ. সি. দত্ত একটি যন্ত্রের আবিষ্কার করিয়াছেন। উহা দ্বারা বাগান তৈরী ও ছোট বড় চাষ করা যাইবে। তিনি বলেন যে "হ্যাণ্ড কাল্টিভেটর" ও "সিডার" এই দুই যন্ত্র দ্বারা অন্য কোন সাহায্য না লইয়া ১৫ বিঘা জমি চাষ করা চলিবে। ইহার দাম বেশী নহে।

ইন্‌সলভেন্সীর নোটীশ

জেলা নদীয়া ডিষ্ট্রীক্ট জজ আদালত

ইন্‌সলভেন্সীর মোঃ নং ৯।৩০

দরখাস্তি শ্রীতারাপদ লাল মালাকর পিতামৃত শীতলচন্দ্র মালাকর সাং শান্তিপুর মদনমোহনপাড়া থানা শান্তিপুর জেলা নদীয়া

যেহেতু উক্ত দরখাস্তি দেউলিয়া হইবার জন্য জেলা জজ সাহেব বাহাদুরের আদালতে প্রার্থনা করিয়াছে এবং তাহা শ্রবণের জন্য ১৭ই মে দিন ধার্য্য হইয়াছে।

অতএব এতদ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে, ইহাতে কাহারও কোন আপত্তি থাকিলে উক্ত দিবসে এই কোর্টে দর্শাইতে পারেন।

নিলাম ইস্তাহার

প্রথম মুন্সেফী আদালত

নিলামের দিন ৮ই মে

২০৮ মনিজারি ৩০ দাবি ৩৪।৵০

ডিঃ দাক্ষায়ণী দেবী সাং গোয়াড়ী মালোপাড়া থানা কোতয়ালী জেলা নদীয়া

দেঃ মবুজান বিবি সাং দো- - থানা কোতয়ালী জেলা নদীয়া

জেলা নদীয়া সবরেঃ ক ... কৃষ্ণনগরের সামিল মৌজা গোয়াড়ী গ্রামে ব্লক ও বং প্রাইটন এর ১৪৯ নং খতিয়ান দৈনন্দ বেকেরো কোসেন দিং সেরেস্তার -০৬ একর জমার বার্ষিক জমা ৫৲ ।০. মায় তদুপরিস্থিত আবদ আওলাদ মূল্য আঃ ১৫৲

দ্বিতীয় মুন্সেফী আদালত

(১)

২৭০ দাখোরী ৩০ দাবি ২৪।০

ডিঃ শ্রীনরেন্দ্রচন্দ্র পালচৌধুরী সাং নাটুদহ দেঃ দামুরহুদা জেলা নদীয়া

দেঃ নবীর বিবি সাং হরাপাড়া থানা দামুরহুদা জেলা নদীয়া

জেলা নদীয়া সবরেঃ কৃষ্ণনগর থানা চাপড়ার সামিল মৌজা গোয়াড়ী গ্রামে ডঃ ...সেরেস্তার সাং ১৫৬ খতিয়ান জমি ... লেখা যায়, উক্ত জমি মায় আবদ আওলাত মূল্য আঃ ১০৲

(২)

১৫২০ খাজানা ২৯ দাবি ২৮।৵

ডিঃ নৃসিংহচন্দ্র পালচৌধুরী দিং সাং ও থানা চকাহিমালা

দেঃ কাসেম সেখ ও রাবিবিবি পক্ষে গার্জ্জেন সতীশচন্দ্র রায় উকীল। সাং ডিঙ্গরা থানা নাকাশীপাড়া

জেলা নদীয়া সবরেঃ কৃষ্ণনগর থানা নাকাশীপাড়ার সামিল মৌজে জগদানন্দপুর মধ্যে দেঃ ৩৩৯ খতিয়ান ২—০৯ একর জমীর কাত ডিঃ ও দাবিকারের অংশজোত ৫৲ টাকার যে জমা লেখা যায় তাহাতে দেনাদারগণ ৷৵.৩৷৴০ অংশ মায় আবদ আওলাত মূল্য আঃ ২৲

(৩)

১২৩৬ খাজানা ২৯ দাবী ১২০।৴৯

ডিঃ সরোজরঞ্জন সিংহ দিং সাং কৃষ্ণনগর কাটালপোতা থানা কোতোয়ালী

দেঃ মুকার সেখ আমুই সাং বাদলাঙ্গী, থানা চাপড়া

জেলা নদীয়া থানা চাপড়ার সামিল মৌজে বাদলাঙ্গী গ্রামে ডিঃ ও তদবন্তীদাসীর অধীনে দেঃ ৩৪৯ খতিয়ান ১৯—১৭ নং দাগের দখলিস্বত্ব-বিশিষ্ট জমীর মায় আবদ আওলাত দখলস্বত্ব মূল্য আঃ ২০৲

(৪)

১৪০৭ খাজানা ২৯ দাবি ৩০৷৴০

ডিঃ সরোজরঞ্জন সিংহ দিং দোং কৃষ্ণনগর কাটালপোতা থানা কোতয়ালী

দেঃ কাদের মণ্ডল সাং সোনপুকুরিয়া থানা চাপড়া

জেলা নদীয়া থানা চাপড়ার সামিল মৌজে সোনপুকুরিয়া গ্রামে ডিঃ ও তদবন্তীদাসীর সেরেস্তার দেঃ ১৮নং খতিয়ান ৪-৫২ নং উঠবন্দী দখলস্বত্ব-বিশিষ্ট ও পূর্ব্ব জমির জোত স্বত্ব মায় তদুপরিস্থিত আবদ আওলাত মূল্য আঃ ১৫৲

(৫)

১৭০৭ খাজানা ২৯ দাবি ২২৲

ডিঃ সরোজরঞ্জন পালচৌধুরী দিং সাং চকাহিমালা থানা নাকাশীপাড়া

দেঃ আবের সেখ সাং কৃষ্ণনিবাস থানা নাকাশীপাড়া

জেলা নদীয়া সবরেঃ কৃষ্ণনগর থানা নাকাশীপাড়ার সামিল মৌজে চেকাগ্রামে নৃসিংহদাস ও পালচৌধুরীর সেরেস্তার ৮৫০ নং খতিয়ান ৯-৮৩নং উঠবন্দী জমি খাজনা ২৲ উক্ত জমী মায় তদুপরিস্থিত আবদ আওলাত মূল্য আঃ ৫৲

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয় [illegible] হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

[illegible] চল্লিশ টাকা।

১৭২৪ পৃষ্ঠায় [illegible] ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইতেছে।

[illegible] নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে [illegible] সাধারণ পক্ষে [illegible] ঐ খণ্ড সাধারণ পক্ষে [illegible], গৌড়ীয় বা নদীয়া প্রকাশের গ্রাহক পক্ষে [illegible]।

[illegible] অগ্রিম সাধারণের পক্ষে ৮্।

[illegible] একাদশ খণ্ড ছাপা হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০্ টাকা ভিক্ষার তৃতীয় সংস্করণ ৪্ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন, তাঁহাদের [illegible] উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০্ [illegible] গ্রন্থের [illegible] মাত্র ৫্ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। [illegible] হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য লীলার ব্যাস [illegible]

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

[illegible] সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮্ স্থলে অগ্রিম ভিক্ষা ৫্

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪৷৷০ টাকা

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকটও

নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত [illegible]

২। শ্রীযুক্ত [illegible] গোস্বামী [illegible]—[illegible],

[illegible]।

৩। শ্রীযুক্ত [illegible]—[illegible] শ্রীগোপাল [illegible] লেন, কলিকাতা

৪। [illegible]—এম, এস, [illegible]

৫। [illegible]—[illegible], নদীয়া

। শ্রী[illegible] অধিকারী, নবদ্বীপ।

৭ শ্রী[illegible]—মনোমোহন প্রেস, নবাবপুর, ঢাকা।

৮। শ্রী[illegible]।

শ্রী[illegible] চট্টোপাধ্যায় [illegible]।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে জানেন না, তাঁহাদের শ্রীকৃষ্ণ [illegible] প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার সুবর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প:

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, [illegible]	[illegible]
একত্রে [illegible] লইলে	[illegible]
সাধন পথ (শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টক) [illegible]	[illegible]
একত্রে [illegible] লইলে	[illegible]
কল্যাণ কল্পতরু [illegible]	[illegible]
একত্রে [illegible] লইলে	[illegible]
গীতাবলী [illegible]	[illegible]
একত্রে [illegible] লইলে	[illegible]
শরণাগতি—[illegible]	[illegible]
একত্রে [illegible] লইলে	[illegible]

প্রাপ্তিস্থান শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্য:—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীধামমায়াপুর, (নদীয়া)।

২। শ্রীগোপীনাথ মঠ,—[illegible], [illegible] পোঃ, (বর্দ্ধমান)।

৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংশন রোড, কলিকাতা।

৫। শ্রীপুরুষোত্তম মঠ, —[illegible], পুরী।

৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।

৭। শ্রীভাগবত মঠ,—[illegible], [illegible], মেদিনীপুর।

৮। শ্রী[illegible] গৌড়ীয় মঠ,— [illegible], কাশী, ইউ, পি

৯। শ্রী[illegible] মঠ,—[illegible], বৃন্দাবন, মথুরা, ইউ, পি।

১০। শ্রী[illegible] মঠ—[illegible] পোঃ, সীতাপুর, ইউ পি।

১১। শ্রী[illegible] গৌড়ীয় মঠ,—[illegible], [illegible], পাঞ্জাব।

১২। শ্রী[illegible] গৌড়ীয় মঠ, —[illegible] নবাবপুর রোড, ঢাকা।

১৩। শ্রী[illegible] মঠ, —[illegible], ঢাকা।

১৪। শ্রী[illegible]—[illegible] পোঃ, বর্দ্ধমান।

১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—[illegible] পোঃ, মানভূম।

১৬। শ্রী[illegible] গৌড়ীয় মঠ,— [illegible] পোঃ, পুরী, উড়িষ্যা

১৭। শ্রীগৌড়ীয়মঠ [illegible] রোড, [illegible]

মনোমোহন প্রেস

১০নং নবাবপুর, ঢাকা

পূর্ব্ব-বাঙ্গালায় সুলভে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা।

অন্যথা না ভজে কৃষ্ণ গুরু নষ্ট করে [illegible]

॥/–

শ্রীচৈতন্যমঠের গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

গ্রন্থ-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই স্বর্ণাঙ্কিত। চতুর্থ সংস্করণ। বিস্তৃত বিষয়সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সনাতন ধর্মশাস্ত্র বেদ, বেদান্ত, উপনিষৎ, গীতা, শ্রীমদ্ভাগবত, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় এই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টর বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ
সমগ্র বাঁধাই ২৲ দুইটাকা
আবাঁধা ১।০ দেড়টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও অনিত্য সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? সম্বন্ধ, অভিধেয়, প্রয়োজন, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য

ভিক্ষা ৷৵০

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৵০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নয়টি দ্বীপ-সমন্বিত। এই নব দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৫০ পৃষ্ঠা।

নবদ্বীপ ভাবতরঙ্গ

উজ্জ্বল ব্রোঞ্জ কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উদ্গম হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শ্রীমন্নপ্রভুর শিক্ষাষ্টক

৷৵০ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী এবং শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুবর উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভাষ্যগণের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে ব্যক্ত হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!
শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা ✓০ আনা

দেহ ও মনের চেষ্টা যখন অবস্থা লইয়া—জীব যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন প্রকার আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সম্যক্‌রূপে অকপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। চতুর্থ সংস্করণও প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা প্রতি খণ্ড ✓০ এক আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা— ✓০, নবদ্বীপশতক— ✓০

অর্থপঞ্চক— ✓০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা ✓১০

আমরা অজ্ঞতা প্রযুক্ত অভাব ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য ও যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন বস্তু আমাদের নিত্য কল্যাণপ্রদ এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিময় বাস্তবিকই কল্যাণের কল্পতরু; ইনি প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদানে [illegible]

শ্রীল চক্রবর্ত্তি ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয় সম্বলিত প্রায় ৮২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১।০

শ্রীবলদেব বিদ্যাভূষণ কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোণার জলে নাম লেখা রাজসংস্করণ ১৲ টাকা, সাধারণ সংস্করণ ১।০, গৌড়ীয়ের গ্রাহকপক্ষে ১।০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (বৈষ্ণব অভিধান)

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। বিষ্ণুবৈষ্ণবসম্পর্কিত শ্রীমন্দির ও শ্রীমঠের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও গ্রন্থ-সমূহের তাৎপর্য্য ও বিবরণ, ৫। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় আকরমূলে ব্যবহার তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ম খণ্ড ৷৵০, ২য় খণ্ড ৷৵০, ৩য় খণ্ড ৷০, ৪র্থ খণ্ড ৵০, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ

১ম খণ্ড ১৲ এক টাকা
২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই ষট্‌সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ পেজীর ৯৬ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমন্মধ্বাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ✓০ মাত্র

[illegible]

গৌড়ীয়

[illegible]

বেঙ্গলের

দন্তমঞ্জরী

[illegible]

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের ঢাকা শিশি বাদাম তৈল

আর ও গুণাবলী এবং উপকারিতায় সর্ব্বজন পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী J. B. Dutta & Co. নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জুয়াচোরগণ কর্ত্তৃক কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

জে, বি, দত্ত

কেরাস্ কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

[illegible] বাইকার্বোনেট [illegible] আছে।

[illegible] ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া [illegible]

[illegible] প্রতি বাক্স—মূল্য ৪৲, [illegible] টাকা

বাইও-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরীতে প্রস্তুত। ২২১ [illegible] লেন, কলিকাতা

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া

পর-বিদ্যাপীঠ

(প্রাচীন নবদ্বীপ শ্রীমায়াপুর শ্রীচৈতন্যমঠ)

এখানে [illegible] বিদ্যার্থিগণকে বিভিন্ন শিক্ষণীয় [illegible] ব্যবস্থা করা হইয়াছে। অনেক ছাত্র [illegible] করিয়াছেন। বর্ত্তমান বর্ষে সকল ছাত্র [illegible] পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

প্রধান অধ্যাপক— [illegible] শচীশচন্দ্র কাব্য ব্যাকরণ-সাংখ্য-[illegible]তীর্থ, সাংখ্য[illegible], [illegible]রত্ন, [illegible], [illegible]

[illegible] পণ্ডিত শ্রীযুক্ত গোরদাস ব্রহ্মচারী ব্যাকরণতীর্থ
শ্রীধাম মায়াপুর পরাবিদ্যাপীঠ, (নদীয়া)

মরা মানুষ বাঁচাইবার উপায়

[illegible] প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই [illegible] বিজ্ঞান ইলেক্ট্রিক [illegible] বাঁচাইতে পারেন, [illegible] প্রমাণ প্রাপ্ত [illegible] পাওয়া যাইতেছে। [illegible] ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন [illegible] একবার এই ঔষধটি ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী [illegible] ২।০ টাকা মাত্র।

সোল এজেন্ট—ডাঃ ডি, ডি, হাজরা।
[illegible] কালকাতা।
[illegible] করিয়া লিখিবেন।

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার
ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব গ্রন্থ
ভিক্ষা।৵০ মাত্র

— —

মহাকবি
শ্রীল লোচনদাস ঠাকুরকৃত
শ্রীচৈতন্যমঙ্গল

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পদ্যসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত
বোল্ড্ অক্ষরে ডবল ক্রাউন,
আটপেজী আকারে ছাপা,
গড়ের কাগজে ছাপা
ভিক্ষা—২।০ টাকা

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ
শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম এ, এফ সি এস (লণ্ডন)
ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক
(প্রফেসার)

আয়ুর্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে [illegible] প্রস্তুত হয়। [illegible] ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে [illegible] ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি [illegible] গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।
নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট [illegible] আমলকী [illegible] উপাদানে [illegible] যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাসি, সর্দি, যক্ষা, [illegible] প্রভৃতি রোগের মহৌষধ। সর্বপ্রকার [illegible] পুষ্টিকর মহৌষধ [illegible]।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে [illegible] স্নায়বিক দুর্বলতা [illegible] ও [illegible] সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপরিসীম [illegible] রসায়ন

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি [illegible] রোগের মহৌষধ
মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

বিশুদ্ধ জল! ভয় নাই! বিশুদ্ধ জল!!

লক্ষ্মী টিউব ওয়েল কোং

২০৫নং নবাবপুর, ঢাকা

বর্ত্তমান-যুগের [illegible] (*Tube-wells*) [illegible] ম্যাজিষ্ট্রেট, [illegible] চেয়ারম্যান, [illegible] প্রভৃতি সম্ভ্রান্ত ভদ্রমহোদয়গণ এই কোম্পানীর কার্য্যের প্রশংসা করিয়াছেন। [illegible] পরীক্ষায় জল বিশুদ্ধ না হইলে মূল্য গৃহীত হয় না। বিস্তারিত বিবরণের জন্য পত্র লিখুন

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধ অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের [illegible] তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই [illegible] ও সর্ব্বজনবিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটী উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটিকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের জ্বালা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২-বত্রিশ বটিকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। "মণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাকচিক করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্বলতা নাশ করিয়া শক্তি-সঞ্চার করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১ টাকা।

—অজ্ঞাত আবিষ্কৃত—

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—
প্রাপ্তিস্থান :—আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

শ্রী [illegible] মায়াপুর [illegible] —ডাঃ শ্রীকুঞ্জবিহারী ব্রহ্মচারী [illegible] প্রকাশিত হইতেছে।

টেলিগ্রামের নাম ও ঠিকানা— শ্রীধাম নবদ্বীপ

Registered No. C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র।

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩॥০
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

সাহায্যের হার
অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৫

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [৫৫ সংখ্যা

শ্রীচৈতন্য মঠ শ্রীধাম মায়াপুর—২৩শে বৈশাখ মঙ্গলবার ১৩৩৭ ৬ই মে ১৯৩০

শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক-সূচী, বিষয়-সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত। ভিক্ষা, প্রতি খণ্ড সাধারণ পক্ষে ।৶০ গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৵০
২। ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৪র্থ সংস্করণ) ৫৲
৩। গৌড়ীয়-গৌরব ৶০
৪। গৌড়ীয়-সাহিত্য ।০
৫। ভজনরহস্য ॥০
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
" " " আবাঁধা ৸০
৭। গীতা (শ্রীবলদেবভাষ্যসহ) বাঁধা ২৲ আবাঁধা ১॥০
৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲ আবাঁধা ১॥০
গীতার কেবল মাধ্ব-ভাষ্য ॥০
৯। মুক্তিমঞ্জিকা গুণসোমন্তঃ সানুবাদ (মাধ্ব) ২৲
১০। বেদান্ততত্ত্বসার সানুবাদ (রামানুজীয়) ॥০
১১। বৈষ্ণবধর্ম্ম ১৲
১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৸৶
১৫। বীপ-দিগ্দর্শন ৵
১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ।৶০
১৭। আচার ও আচার্য্য
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা
১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
২০। শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য ৶০
২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৶০
২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
২৩। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা-দর্পণ ।০
২৪। শরণাগতি, গীতাবলী, সাধনকণ, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্থপঞ্চক ও সদাচারস্মৃতিঃ মোট ।৶০
২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও অর্চ্চনকণ ৵০
২৬। সাধককণ্ঠমালা ।৶০
২৭। [illegible]-দীপিকা ।০
২৮। [illegible]-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲
২৯। [illegible] ॥০
৩০। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ৸০
৩১। মণিমঞ্জরী সানুবাদ ।০
৩২। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৩৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট্ দ্বিতীয় সংস্করণ ৫৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, পোঃ শ্রীধাম মায়াপুর, নদীয়া

এখনও অপূর্ব্ব সুযোগ! পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম্, এ প্রাজ্ঞ (লাহোর) মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত।
৪৭ খানি অপূর্ব্ব-চিত্র সমন্বিত।
বিশ্বকোষ-সম্পাদকের পরিচয় সহ
উৎকৃষ্ট (ইঃ) মরোক্কো বাঁধা ১॥০ ডিপিতে ২৲ দুই টাকা মাত্র।
গ্রন্থ প্রকাশ হইবামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

বদ্ধজীব—কর্ম্মফলাধীন ভোগী।
কর্ম্মফলে ধর্ম্ম, অর্থ ও কামই প্রাপ্য
বদ্ধজীব—জ্ঞানাধীন ত্যাগী।
ফলত্যাগে মুক্তিই জ্ঞানীর প্রাপ্য।
কর্ম্ম বা জ্ঞান—মায়াধীন পথদ্বয়।

কৃষ্ণ কর্ম্ম বা জ্ঞানের অধীন নহেন।
ভক্তিপথ মায়াধীন নহে।
কৃষ্ণেতর মায়ার সেবনই অমঙ্গল-প্রসূ
গৌরধামাশ্রয়ে কৃষ্ণভক্তি হয়।
জগতে প্রাকৃতরাজ্যে শুদ্ধভক্তি নাই

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়মিশন কর্ত্তৃক খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০্ চল্লিশ টাকা।

১৭২৪ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে, সপ্তত্রিংশ খণ্ডে সূচী ছাপা হইতেছে।

৪৬শ খণ্ড এবং নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৫।/০ সাধারণ পক্ষে ২০৸৶৹। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৵০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।/০।

দশম স্কন্ধের ভিক্ষা ১২্, অগ্রিম দাতাগণের পক্ষে ৮্।

৬২ অধ্যায়পর্য্যন্ত একাদশ খণ্ড ছাপা হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০্ টাকা ভিক্ষায় তৃতীয় সংস্করণ ৬্ টাকায় না পাইয়া গ্রন্থ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন, তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছে। সেই ১০্ স্থলে এই বিরাট গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫্ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আদিকবি

শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

ভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে। সমগ্র গ্রন্থ ৮্ স্থলে অগ্রিম ভিক্ষা ৫্ নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪।০ টাকা

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকটও নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—বয়ে লজ ক্রে রোড, খুলনা।
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—দেওয়ানগঞ্জ, জলাদিবাড়ী কুচবিহার।
৩। শ্রীযুক্ত রাধারঞ্জন দাস—৭৯নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা
৪। মিঃ এন ডি, মুখার্জি—এম, এম, [illegible]
৫। [illegible] কুঞ্জবিহারী জ্যোতিভূষণ—[illegible]
৬। [illegible] দাস অধিকারী, নবদ্বীপ।
৭ শ্রীমনোমোহন দে—মনোমোহন প্রেস, নবাবপুর, ঢাকা।
৮। শ্রীশৈলেন্দ্রনাথ ঘোষ [illegible] বেড়াচাঁপা, ২৪ পরগণা।
শ্রীপঞ্চানন চট্টোপাধ্যায় এ, এস্, এম্, বালেশ্বর।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে পারেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার স্বর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে, বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থ গুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	
সাধন পথ (শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	১০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৵০
একত্রে ৩খণ্ড লইলে	।০
গীতাবলী প্রতিখণ্ড	৶১
একত্রে ৩ খণ্ড লইলে	৶১৫
শরণাগতি—প্রতিখণ্ড	৴০
একত্রে ৩খণ্ড লইলে	৶৫

প্রাপ্তিস্থান { শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীমোদদ্রুমদ্বীপ মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড, কলিকাতা।
৫। শ্রীপুরুষোত্তম মঠ,—চটকপর্ব্বত, পুরী।
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিরকাদা, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৪নং অগস্ত্যকুণ্ড, কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
১০। শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ পি।
১১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব।
১২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—১০নং নবাবপুর রোড, ঢাকা।
১৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।
১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাজোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।
১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—ভুবনকোণা, চিত্রকুন্ডা পোঃ, মানভূম।
১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ হনুমান্ রোড, নিউদিল্লি

মনোমোহন প্রেস

১০নং নবাবপুর, ঢাকা

পূর্ব্ব-বাঙ্গালায় সুলভে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস, ১০নং নবাবপুর, ঢাকা।

অজ্ঞশ্চ না জানে কৃষ্ণ এই দম্ভ করে পুনর্জন্মাদিতে যায় পাপে ডুবি মরে

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

৩০শে বৈশাখ মঙ্গলবার—১৩৩৭

"ঈর্ষার পরিণাম"

পাঠকগণের স্মরণ থাকিতে পারে, শ্রীধাম-বিরোধিদল নানাপ্রকারে শ্রীধামের সহিত বিরোধ করিয়া প্রতি পদে পদে তাঁহাদের অসাধারণ কবর খুঁড়িতে পারিতেছেন। ঈর্ষামূলে শ্রীধাম-মায়াপুরের ডাকঘরের নাম পরিবর্ত্তন করিবার প্রয়াস করিয়া তাঁহারা বিফলমনোরথ হইয়াছেন। ঈর্ষামূলে জেলা ম্যাজিষ্ট্রেটের ও সদর মহকুমা ম্যাজিষ্ট্রেটের দ্বারা শ্রীমায়াপুর গ্রামের নাম পরিবর্ত্তন করিতে চেষ্টা করিয়াও বিফলমনোরথ হইয়াছেন। স্থানীয় জমিদারগণের সাহায্য লইয়া তাঁহাদের আর্থিক উন্নতি সাধন করিবেন বলিয়া ধোঁকা দিয়াও শ্রীধাম-বিরোধ-কার্য্যে বিফলমনোরথ হইয়াছেন। মুসলমানগণকে অবৈধভাবে শ্রীধাম-মায়াপুরের অধিবাসী হিন্দুগণের বিরুদ্ধে উত্তেজিত করিয়া বিফলমনোরথ হইয়াছেন। ইহাতে কি প্রমাণিত হয়! ফলতঃ অসত্য কখনও স্থায়ী হইতে পারে না। 'কাকে কাণ লইয়া গিয়াছে' বলিয়া কাকের পিছনে শ্রীধাম-বিরোধিদল নিজেরা দৌড়াইতে পারে সত্য, কিন্তু ভারতবাসী সুধী সমাজ এই সকল মোটামুটী সত্যটুকু অনায়াসে ধরিয়া ফেলিতে পারেন যে, কাকের কাণ লইয়া উড়িয়া পালাইবার শক্তি বা সম্ভাবনা নাই। অতএব ঈর্ষামূলে দুরভিসন্ধি পোষণের যে অবৈধ-চেষ্টা, তাহা কখনও পবিত্র সমাজ অনুমোদন করিবেন না। তথা জানা সত্বেও শ্রীধাম-বিরোধিদল অজ্ঞ জানসাধুর লোকের চক্ষে ধূলা দিবার কসুর না প্রয়াস করিয়াছেন—সাময়িক পত্রের অপেক্ষা-যুক্ত সম্পাদকদিগের পায়ে ধরিয়া কাঁদিয়া কাটিয়া কতক না অসত্য প্রচারে ব্যস্ত ও সচেষ্ট হইয়াছিলেন। কিন্তু সত্য-বিগ্রহ ভগবান্ তাঁহাদের অসত্য প্রচার সর্ব্বথা ব্যর্থ করিয়া দিয়াছেন। "সত্যমেব জয়তে নানৃতম্"—এই মহাসত্য-বাণী বিনাশ করিবার জন্য এই অপস্বার্থ-পরায়ণদল নানা উপায়ে বেশ কোমর বাঁধিয়া চেষ্টা করিয়াছেন। কিন্তু নিজেদের অতীব ঘৃণিত কুচেষ্টাকে তাঁহারা ঢাকিয়া রাখিতে একদিনও এবং একবারও সমর্থ হন নাই।

উট ও ইঁদুরের বুদ্ধিই বলতা; মানুষ হইয়া সেই বুদ্ধির আশ্রয়গ্রহণ করা যে কখনই কর্ত্তব্য নয়, ইহা কি তাঁহাদের মূল মস্তিষ্কে একবারও ঢুকে নাই বা ঢুকিবে না? এইরূপ বলতা ও ষড়যন্ত্রের বশে যাহারা শ্রীধাম-বিরোধ করিতে বসিয়াছে, তাহাদের কথায় চঞ্চলচিত্ত কাহারও কাহারও ভ্রান্তি হইয়াছিল বটে, কিন্তু জগতের সৌভাগ্য ও সজ্জনগণের আনন্দের বিষয় এই যে, এখন সে ভ্রান্তি ক্রমশঃ কাটিয়া যাইতেছে। যেমন সূর্য্যোদয়ে ভূত, প্রেত, যক্ষ, রক্ষ, পিশাচ প্রভৃতি অপদেবতাগুলি অন্ধকারের সঙ্গে-সঙ্গেই অন্তর্দ্ধান করে, তদ্রূপ দুরভিসন্ধি, সজ্জনসমাজবিরোধী, সত্যবিরোধী, শ্রীধাম-বিরোধিদল সত্য-সূর্য্যের উদয়-প্রচারফলে ক্রমশঃ কালের করালকবলে নিপতিত হইয়া মানবের দৃষ্টিপথ হইতে অন্তর্হিত হইতেছে। শ্রীধামবিরোধি-সম্প্রদায় যথেষ্ট ও বাহাড়ম্বর করিয়া সত্যগোপন-পূর্ব্বক মিথ্যা কথা-প্রচারের জন্য কসুর না করিয়া বহু কাণ্ড করিয়াছেন! কিন্তু হায়, সর্ব্বতোভাবে সকল বিষয়েই তাঁহাদের কপটতা জগতের সুধীসমাজের চক্ষে ধরা পড়িয়া গিয়াছে! তথাপি তাঁহারা পাপকার্য্য হইতে নিবৃত্ত হইতেছেন না! "কপীন্দ্র-দেহের যখন পুনঃ জন্ম নাই, তখন যথেচ্ছাচার করিয়া সাধুকে নিন্দা কর, সত্যের বিরোধ কর, লোকের অর্থ লুট কর, জন্মান্তরে উহা পরিশোধ করিতে হইবে না, সুতরাং মিথ্যা কথা-প্রচারে কোনরূপ শাস্তি নাই,—উহা অবাধে চালাও" এবম্বিধ চিন্তা-স্রোতের আশ্রয়ে তাঁহারা তাঁহাদের অবৈধ ধাম-বিরোধের তাণ্ডবসমূহ সত্যসূর্য্যের তীব্র আলোকে অদৃশ্য হইল দেখিয়া এক পাটোয়ারী উকিল, এক পল্লবগ্রাহী সাহিত্যিক ও এক স্বার্থান্বেষী বণিক্—এই ত্রয়ের যোগাযোগে যে একজন নিরীহ মনীষ অর্থবান্ভাবে আক্রমণ করিয়াছিলেন এবং তাঁহারই অর্থসাহায্যে শ্রীধামের-বিরুদ্ধে অবৈধচেষ্টা করিতে গিয়া নিজেদের দলভুক্ত কতিপয় বিদ্বান্ ও লেখনী-জীবী ব্যবসায়ীদের উন্নতি-কামনায় প্রকাশ্যভাবে প্রকৃত ঐতিহাসিক ও পৌরাণিক বিষয় গোপন করিয়া ছায়া-চিত্রযোগে জনসাধারণকে বিপথগামী করিবার বহু করিয়াছিলেন, তাহাতে অকুতকার্য্যতাই স্পষ্টরূপে জগৎ সমক্ষে প্রমাণিত হইয়াছে এবং তথা-কথিত তত্ত্ব সব। কথাটা বিশুদ্ধ বিদ্যালয়ে পারণত হইয়াছে। তাঁহারা অসত্য ও মিথ্যাকথা-প্রচার করিবার জন্য তাঁহাদের স্বদেশবাসী অনেক বক্তা ও ডাক্তারের দ্বারা যে অনুমোদন করাইবার চেষ্টা করিয়াছিলেন তাহাও একণে উৎক্ষিপ্ত হইয়াছে।

পাঠকগণ শুনিয়া আনন্দিত হইবেন যে, এই ধামবিরোধি সম্প্রদায় কিছুদিন পূর্ব্বে অবৈধভাবে সরকার বাহাদুরের প্রত্নতত্ত্ববিভাগে একখানি আবেদন দাখিল কপটতাপূর্ব্বক দাখিল করিয়াছিলেন। শ্রীধামেশ্বর শ্রীমন্মহাপ্রভুর কৃপায় সজ্জনগণের আনন্দের বিষয় এই যে, উঁহাদের সেই কপটতা এক্ষণে ধরা পড়িয়া গিয়াছে। নবকান্তিসমুদ্রের একটি সংবাদবাহ ব্যক্তি, কতকটি গ্রাম্যবার্ত্তাবহ ও ভক্তিবিরোধি-সম্প্রদায়ের অনেক ব্যবসায়জীবী সম্পাদক, পাণিজ্যাধার বিষয়ক অনেক কু-সাহিত্যিক ও অনেক বাণিজ্য বিক্রেতা বণিক্পুঙ্গবের কু-প্ররোচনাক্রমে প্রত্নতত্ত্ববিভাগের যে পরিদর্শক উঁহাদের কুচেষ্টামূলক আবেদনের সত্যতা অনুসন্ধান করিবার জন্য গিয়াছিলেন, তিনি ক্রমশঃ জানিতে পারিয়াছেন যে, ঐ বণিক্পুঙ্গবাদি যে সকল ষড়যন্ত্র ও চক্রান্তকারী নিজেরাই কৌশলীর চেলা সাজিয়াছিলেন, তাঁহাদের কথার কোন প্রমাণ বা যাথার্থ্য নাই। সুতরাং গবর্ণমেণ্টের অর্থের দ্বারা তাঁহাদের অপস্বার্থ-সিদ্ধির জন্য যে অবৈধ নিষ্ফল আবেদন প্রদত্ত হইয়াছিল, তাহার মূল্য অকিঞ্চিৎকর বলিয়া সেই পরিদর্শক পরে জানিতে পারিয়াছিলেন। তিনি অনুসন্ধানের ফলে সরকারবাহাদুরকে এই প্রকার অযথা অনর্থক অর্থব্যয় করিয়া সত্যের বিরোধ-কার্য্যে আদৌ প্রবৃত্ত না হইবার জন্যই অভিমত প্রকাশ করিয়াছেন। দুষ্টমন অপস্বার্থপর-সম্প্রদায় ঈর্ষা-দ্বেষ-বৈষম্য-প্রণোদিত হইয়া সত্যানুসন্ধানের পথে যে দৌরাত্ম্য করিয়া আসিতেছেন, তাহা যে সর্ব্বতোভাবে অতীব ঘৃণিত ও জঘন্য, ইহা সুধী বঙ্গবাসী সকলেই ক্রমশঃ বুঝিতে পারিয়াছেন। বঙ্গদেশের সুধী সমাজকে এত সহজে অমূলক কল্পিত অসত্য কথায় চালিত করিতে ও বিশ্বাস করাইতে পারা যায় না,—একথা স্বদেশ-বিরোধী, সমাজ-বিরোধী, সত্য-বিরোধী ভক্তিবিরোধী ও শ্রীধাম-বিরোধী অপস্বার্থ-পরদল নিশ্চয়ই বুঝিতে পারিয়াছেন।

"সত্যমেব জয়তে নানৃতম্"।

চন্দনযাত্রা

শ্রীপুরুষোত্তম মঠে মহামহোৎসব আরম্ভ

পুরী ১।৫।৩০

আজ পরম পুণ্যা পরমার্থদা অক্ষয়-তৃতীয়া মহাতিথি। এই ভাগবতী তিথির সৌভাগ্য বর্ণন আমার ন্যায় বহির্ম্মুখের পক্ষে সম্পূর্ণ অসম্ভব। যাঁহারা শ্রীমদনমোহন, শ্রীশ্রীজগন্নাথদেব ও শ্রীশ্রীমায়াপুরচন্দ্রের অপ্রাকৃত সেবায় নিযুক্ত, সেই সকল সৌভাগ্যবান্ সেবকবৃন্দের নিকট এই মহাতিথির সৌভাগ্য আপনা হইতেই স্ফূর্ত্তি প্রাপ্ত হয়।

এই পরম-পুণ্য তিথিতে বিজয় বিগ্রহ শ্রীশ্রীমদনমোহন ও শ্রীশ্রীমায়াপুরচন্দ্র গৌরসুন্দরের চন্দনযাত্রা আরম্ভ হয়। তাঁহারা চন্দনে লিপ্ত হইয়া এই তিথিতে চন্দনপুষ্করিণীতে নৌকা বিহার করেন। আবার এই ভাগ্যবতী তিথিতেই শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার পুরীস্থ শ্রীশ্রীপুরুষোত্তম মঠে মহামহোৎসব আরম্ভ। তাই আজ চতুর্দ্দিকেই আনন্দ-কোলাহল, চতুর্দ্দিকে আনন্দের ফোয়ারা ছুটিয়াছে। উষঃকাল হইতে সকলেই—এমন কি পশু, পক্ষী, বৃক্ষলতাদি পর্য্যন্ত যেন শ্রীভগবানের এই সেবাযাত্রা দর্শনের নিমিত্ত উৎকণ্ঠিতচিত্তে অপেক্ষা করিতেছে—শ্রীভগবানের চন্দনযাত্রার অপূর্ব্ব দর্শনের চিন্তা প্রতি মুহূর্ত্তে তাহাদের হৃদয়ে উদিত হইয়া সর্ব্বাঙ্গে রোমাঞ্চ সৃষ্টি করিতেছে।

এদিকে শ্রীপুরুষোত্তম-মঠের সেবকবৃন্দ প্রাতঃ কৃত্য সন্ধ্যাহ্নিকের পর পাঠ-কীর্ত্তন-মুখে শ্রীশ্রীমহামহোৎসবের অধিবাস-ক্রিয়া সমাপ্ত করিয়া আজ ব্রাহ্ম-মুহূর্ত্ত হইতেই মহামহোৎসবের যাবতীয় সেবাকার্য্যে আত্মনিয়োগ করিয়াছেন। ঐ শুভ মুহূর্ত্তে মঠ-সেবকগণ শঙ্খ-ঘণ্টা-মৃদঙ্গ-করতাল-যোগে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর মঙ্গল আরতি আরম্ভ করিলেন। আরাত্রিকের মঙ্গলময়ী ধ্বনি সাগর-নিক্কণ-শঙ্খ-মহোদধির নিনাদের সহিত মিলিত হইয়া বিশ্বকে মঙ্গলময় করিয়া মঙ্গল-ময়-দেব-মহামহোৎসবের আহ্বান করিল।

মঙ্গলারাত্রিকের পর শ্রীশ্রীগুর্ব্বষ্টক এবং লৌকিক নগরসংকীর্ত্তন আরম্ভ হইল। তৎপর ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ শ্রীবেদব্যাসকৃত শ্রীমদ্ভাগবত পাঠ ও কীর্ত্তন করেন। অতঃপর ত্রিদণ্ডিস্বামী মহারাজ প্রত্যুষ-সন্ধ্যা সময়ে হরিকথা-কীর্ত্তনে ব্যাপৃত হইয়াছেন।

দ্বিপ্রহরে ভোগরাগ, ভোগারাত্রিক ও মহাপ্রসাদ সন্মানের পর ইষ্টগোষ্ঠী এবং অপরাহ্ণে সংকীর্ত্তন, চৈতন্যলীলার ব্যাস শ্রীশ্রীঠাকুর বৃন্দাবনকৃত শ্রীচৈতন্যভাগবত পাঠ ও কীর্ত্তন হইবে।

এই মহোৎসব ২১শে আষাঢ়, ৬ই জুলাই রবিবার শ্রীশ্রীজগন্নাথদেবের পুনর্যাত্রা পর্য্যন্ত অনুষ্ঠিত হইবে। এতদুপলক্ষে প্রত্যহ শ্রীমঠে (পোঃ স্বর্গদ্বার, পুরী) শ্রীমদ্ভাগবতপাঠ, ব্যাখ্যা, ভাগবতধর্ম্ম-বিষয়ক বক্তৃতা, শ্রীহরিকীর্ত্তন ও হরি-সেবা হইবে। মঠের সেবকবৃন্দ বিশ্ববাসী সকলকেই এই মহোৎসবে যোগদানপূর্ব্বক ভগবৎ-সেবায় আত্মনিয়োগ-দ্বারা জীবন ধন্য করিবার নিমিত্ত আহ্বান করিয়া বলিতেছেন—

গৌরাঙ্গ বল সঙ্গে চল
এইমাত্র ভিক্ষা চাই।
গৌরাঙ্গ বল বল বলরে সবাই॥

গুরু শুশ্রূষা

(পণ্ডিত শ্রীপাদ নন্দলাল বিদ্যাসাগর ভক্তিশাস্ত্রী কাব্যতীর্থ বি, এ)

মানবধর্মশাস্ত্রে উপদিষ্ট হইয়াছে :—
যথা খনন্ খনিত্রেণ নরো
বার্য্যধিগচ্ছতি ।
তথা গুরুগতাং বিদ্যাং
শুশ্রূষুরধিগচ্ছতি ।

অর্থাৎ যেমন কোন মনুষ্য বারি প্রাপ্তির জন্য খনিত্র দ্বারা (কুদ্দালাদি) দ্বারা ভূমি খনন করিলে ক্রমে তাহা প্রাপ্ত হয়, সেইরূপ সেবাপরায়ণ শিষ্য ক্রমে গুরু-গুণ-হেতু গুরুগতা বিদ্যা অবগত হয়েন। লৌকিক ব্যবহারে সাধারণতঃ আমরা প্রত্যেকই তত্তদ্বিষয় গুরুগণ-প্রাপ্ত শিক্ষা করিয়া থাকি। পারমার্থিক বিষয়ে গুরুই ভগবৎশ্রেষ্ঠ বিষয়, তিনিই একমাত্র ভগবত্তত্ত্ব দান-কার্য্যে নিযুক্ত ; যেহেতু কৃষ্ণ তদীয় তদ্বিগ্রহ। সুতরাং তাঁহার সেবা দ্বারা তুষ্টি ব্যতীত তদীয় ভগবদ্দেবতার স্বরূপ-সেবাধিকার-প্রাপ্তি-সম্ভাবনা কোথায় ?

গুরু একান্তভাবে কৃষ্ণে শরণাগত হওয়ায় নিতান্ত নিরপেক্ষ। কদাপি শিষ্য হইতে সেবার আকাঙ্ক্ষা করেন না। বরং জগতের প্রতি করুণাবশেই কাহারও বর্ত্তমান থাকায় সকলকেই স্বরূপে প্রতিষ্ঠিত করেন ; কিন্তু আত্মকল্যাণেচ্ছু ব্যক্তি তদীয় শুদ্ধচেতনধর্মের জাগ্রৎ-অবস্থায় অনির্ব্বচনীয় স্বতঃ জ্ঞানের সহিত শুশ্রূষা না করিয়া নিস্তার কিপ্রকারে সম্ভব ? তাঁহার সহিত সম্বন্ধজ্ঞান জন্মিলেই কেহ কদাপি নিশ্চেষ্ট থাকিতে পারে না। আত্মকল্যাণেচ্ছু জনমাত্রই সেই সাম্বন্ধিক জনের প্রতি কর্ত্তব্য কর্ত্তব্য সাধনে প্রবৃত্ত হয়। সুতরাং কেবল শাস্ত্রাদেশে কেন, সাধারণ জ্ঞানেই গুরুসেবার প্রয়োজনীয়তা প্রতীয়মান হয়। ক্রমদীপিকা-বচনেও প্রাপ্ত হওয়া যায়—কুটিলতাশূন্য হইয়া নিষ্কপটে অর্থাৎ কোন দুষ্টভাব গোপন না করিয়া নিতান্ত সরলচিত্তে এবং গুরুর প্রতি দৃঢ় বিশ্বাসে প্রাণ, অর্থ, বুদ্ধি ও বাক্য দ্বারা অনবরত তাঁহার সন্তোষ বিধান করিবে। শ্রীগুরুদেব প্রীত হইলেই বিষ্ণুস্বরূপ দিব্যজ্ঞান তৎকৃপাবলে শিষ্য হৃদয়ে সঞ্চারিত হইবে। সুতরাং শ্রীগুরুদেব কাহারও কোন প্রকার সেবা আকাঙ্ক্ষা না করিলেও সাধনে অবস্থিত ব্যক্তি তৎপ্রীতি সম্পাদন দ্বারা নিজমঙ্গল বরণ করিয়া লইবেন।

শাস্ত্রে ইহার বিধি আছে—প্রতিদিন গুরুর উদকুম্ভ, কুশ, সমিধ্ আহরণ করিবে ; তদীয় অঙ্গের ও বস্ত্রের মার্জ্জন ও লেপনাদি করিবে অর্থাৎ গুরুমন্দিরের মার্জ্জন, দেহের চন্দনাদির লেপন এবং বসনসমূহ প্রক্ষালন করিবে। শ্রীগুরুর নির্ম্মাল্য, শয্যা, কাষ্ঠপাদুকা, চর্ম্মপাদুকা, আসন, ছায়া ও আসন্দী অর্থাৎ ভোজন-পাত্র রক্ষার্থ ত্রিপদী কদাপি লঙ্ঘন করিবে না। তদীয় দন্তকাষ্ঠাদি নিত্যকার্য্যের উপাদানাদি আহরণ করিয়া দিবে এবং বস্তুতত্ত্ব-সমূহ তৎসমীপে নিবেদন করিবে।

গুরুর অনুমতি ব্যতিরেকে কুত্রাপি গমন করিবে না, সতত তদীয় প্রিয় ও হিতের অনুষ্ঠানে রত থাকিবে। কদাপি সম্মুখে পাদ প্রসার করিবে না এবং জৃম্ভণ, হাস্য, উচ্চ বাক্য প্রয়োগ, উত্তরীয় দ্বারা কণ্ঠাবরণ, অঙ্গুলির স্ফোটন পরিত্যাগ করিবে। গুরুর সমক্ষে পৃথক্ পূজা, তাঁহার সহিত বক্রোক্তি, দীক্ষাদান, ব্যাখ্যা ও প্রভুত্ব সর্ব্বথা ত্যাগ করিবে। পরোক্ষেও কেবল গুরুর নাম উচ্চারণ করিতে নাই। তদীয় গমন, কথাবার্ত্তা ও চেষ্টাসমূহের অনুকরণ বর্জ্জন করিবে। শ্রীনারদ পঞ্চরাত্রে কথিত আছে,সংযতচিত্ত ব্যক্তি যেখানে সেখানে যেমন তেমন ভাবে অভক্তিসহকারে গুরুদেবের নাম উচ্চারণ করিবে না। স্তবাদি ও স্তুতিগুলি হইতে প্রণব, বিষ্ণুপাদ ও শ্রীপদ অগ্রে সংযুক্ত করিয়া নামের সহিত গোস্বামী শব্দের উল্লেখ করিতে হয়। মোহ উপস্থিত হইলেও কদাপি তাঁহাকে কোন বিষয়ে আদেশ করিবে না অথবা তদীয় আদেশ লঙ্ঘন করিবে না। গুরুকে নিবেদন না করিয়া কোন দ্রব্য ভক্ষণ করিতে নাই অথচ গুরুর কোন বস্তু ভোজন করিবে না। তাঁহাকে আসিতে দেখিয়া তদীয় অগ্রে গমন করিবে এবং গমন কালে পশ্চাদ্গামী হইবে। গুরুকর্ত্তৃক তাড়িত পীড়িত হইয়াও কখনও তাঁহার অনিষ্টানুষ্ঠান করিবে না, অথবা তদীয় বাক্য অবহেলা করিবে না। এই প্রকারে প্রাণ, মন, কায়, ধন ও বাক্য দ্বারা আচার্য্যের প্রিয় সাধনে নিযুক্ত ব্যক্তি শ্রীগুরুর সন্তোষ সাধন দ্বারা তদীয় অভীষ্টদেবের প্রেমলাভে সমর্থ হয়।

সংক্ষিপ্তভাবে কয়েকটী সদাচার বিষয়ে উল্লেখ করা হইল,কিন্তু শিষ্য গুরুদেবকে স্বস্থানে ভগবদ্বৈভবস্থ জানিয়া অনুভব করিতে পারিবেন, তৎকালে তদীয় নিজ কর্ত্তব্যগুলি স্বতঃই আসিয়া পড়িবে। মনুস্মৃতি প্রভৃতি গ্রন্থে এবিষয়ের আরও কিছু বিধি বর্ণন করা হইয়াছে। যথা শরীর, বাক্য, বুদ্ধি, ইন্দ্রিয় ও মন সংযম করিয়া শিষ্য কৃতাঞ্জলিপুটে শ্রীগুরুর মুখের প্রতি দৃষ্টি সংবদ্ধ করিয়া দণ্ডায়মান থাকিবেন, অনুমতি পাইলে অনুচ্চ আসনে পদদ্বয় আবরণ পূর্ব্বক উপবেশন করিবেন। শিষ্য গুরু অপেক্ষা অপকৃষ্ট ভোজন, বসনাদি ব্যবহার করিবেন। রাত্রিশেষে গুরুর জাগরণের পূর্ব্বেই শিষ্য উত্থিত হইয়া আবশ্যক দ্রব্যের সংগ্রহ করিবেন এবং গুরুর শয়নের পরে শিষ্য স্বয়ং শয়ন করিবেন। শয়ন বা উপবেশন করিয়া বা ভোজন করিতে করিতে অথবা পরাঙ্মুখ হইয়া কদাপি গুরুর আজ্ঞা গ্রহণ করিবে না। উপবিষ্ট গুরুর আদেশে উত্থিত হইয়া, দণ্ডায়মান হইয়া, আদেশ কালে সম্মুখে সমাগত হইয়া, গমনকালে অনুমতি করিলে অতিদ্রুত হইয়া, বেগে গমন করিতে আজ্ঞা করিলে পশ্চাৎ ধাবমান হইয়া তাঁহার আজ্ঞা গ্রহণ ও সম্ভাষণ করিবেন। যেখানে গুরুর পরীবাদ অথবা নিন্দা হয়, শিষ্য সেখানে থাকিবেন না। কর্ণ আচ্ছাদন পূর্ব্বক পলায়ন করিবেন এবং সাধ্য হইলে নিন্দকের জিহ্বাচ্ছেদন দ্বারা শাস্তি দান করিবেন। গুরুদেবের কদাপি কোন দোষ থাকিতে পারে না। লৌকিক বা ব্যবহারিক জগতে তাহা সম্ভব হইলেও পারমার্থিক জগতে কদাপি সম্ভব নহে। কারণ ভক্তিমানকে সমস্ত গুণগণ তাহাদের অধিষ্ঠাত্রী দেবতার সহিত আশ্রয় করিয়া থাকে। তথাপি শিষ্য তাহার জড় দৃষ্টির দোষে কোন ব্যবহার অপ্রীতিকর দর্শন করিলে কদাপি তাহা কুত্রাপি প্রকাশ করিবে না। ব্যবহারিক গুরুরও পরীবাদ দ্বারা শিষ্যের গর্দ্দভযোনি, নিন্দা দ্বারা কুক্কুরযোনি, অযোগ্যতার সহিত গুরুবিত্ত ভোগী কৃমিযোনি এবং গুরুর প্রশংসা অসহিষ্ণু কীটযোনি প্রাপ্ত হয়। গুরুর সহিত প্রতিবাতে বা অনুবাতে উপবেশন করিবে না। গুরুদেব শুনিতে না পান এই প্রকারে অবস্থিত হইয়া কোন কথা বলিবে না। গোযান, অশ্বযান, উষ্ট্রযান, প্রাসাদ, প্রস্তর, তৃণনির্ম্মিত শয্যা, শিলাফলক, কাষ্ঠাসন বা নৌকায় শিষ্য গুরুর সহিত উপবেশন করিতে পারেন। উত্তাকার শিষ্টসম্প্রদায়গত অজ্ঞাত ভাবেও গুরু-পরিচর্য্যা আর্য্যশাস্ত্রসমূহে কথিত হইয়াছে।

যাঁহার কৃপায় ভগবৎ প্রসাদ লব্ধ হয়, যাঁহার অপ্রসন্নতায় কোন স্থানে কোন প্রকার গতি নাই, সেই শ্রীগুরুর যশঃ প্রাতঃ, মধ্যাহ্ন ও সায়ংকালে অর্থাৎ নিত্যকাল ধ্যান করিতে করিতে তদীয় প্রিয়কার্য্যানুষ্ঠানে নিযুক্ত থাকিতে হইবে এবং তদীয় উপদিষ্ট বাক্যাবলী স্মরণপথে রাখিয়া নিরন্তর অনুশীলন করিতে হইবে। তাহা হইলেই শিষ্য ক্রমে কৃষ্ণভক্তি লাভ করিয়া জীবের দ্বারা কার্য্যে সম্ভব নহে তাহাতে সামর্থ্য লাভ করিবেন। ভারত-ভূমিতে মানবগণের পক্ষে এই প্রয়োজনও সুলভ হইলেও ব্রহ্মাণ্ডের অন্তর্গত সমস্ত জীবেরই এই মার্গে গুরুপরিচর্য্যা দ্বারা পরমপ্রেমোদয় অর্থাৎ কৃষ্ণপ্রেমপ্রাপ্তির যোগ্যতা ঘটে। ইহাই একমাত্র শ্রৌতমার্গ বা অবরোহপথ।

শ্রীঋষভদেবের কথা

(পূর্ব্বপ্রকাশিত ৫৩ সংখ্যার পর)

শ্রীভগবান্ কেবল ভক্তহৃদয়জ্ঞাতা নহেন, সকলভূত-মনোজ্ঞ। কিন্তু সাধারণ জীব সেই ত্রিকালদর্শী ভগবানকে জানিতে না পারিলেও ভক্তগণ সর্ব্বজ্ঞেরও সর্ব্বজ্ঞাতা।

ভক্ত-সমীপে পর্য্যাপ্ত শ্রীভগবান্ শ্রীভক্তগণের গৌণ বা সাধারণ লক্ষণ বলিয়া পুনরায় অসাধারণ লক্ষণের কথা বলিলেন,—জীব-সাধারণ, দেহসম্পর্কিত বস্তু ও ব্যক্তিতে প্রীতি স্থাপন করিয়া নিজ দেহ মনের সুখকে পুরুষার্থ বিচারে জগতে বাস করে। পরস্পরের ইন্দ্রিয়-প্রীতি ব্যতীত অন্য কোন ধারণা তাহাদের ভোগ-প্রমত্ত চিত্তে স্থান পায় না। কিন্তু সাধারণ্যে আসিও অসাধারণ ভক্তগণ সকলের সঙ্গে বাস করিলেও একজাতীয় নহেন। তাঁহাদের মূলমন্ত্র—শ্রীভগবৎ প্রীতি। ভগবান্ই তাঁহাদিগের সুহৃদ্ এবং ভগবান্ই তাঁহাদিগের একমাত্র প্রয়োজন। বিষয়িগণ ধন-জন-স্ত্রী-পুত্র গৃহাদিতে প্রীতিবিশিষ্ট আর নিষ্কিঞ্চন ভাগবতগণ ভক্তি বা ভগবৎ সেবানুকূল ধন-জনাদিতে সেবোপকরণ বুদ্ধিতে প্রীতিযুক্ত। আবার এই প্রীতির ভিতর বিশেষত্ব এই যে, হরি-প্রতিকূল হইলে ঐ ধনজনাদিতে প্রীতি ভগবানের প্রীতির বিঘাতক-হেতু প্রীতিহীন। বিষয়ী যেমন মূল সেব্যের সেবা ছাড়িয়া সেবা সাধনে স্বার্থান্ধ, সেইরূপ ভক্তগণ আবার সেব্যের সেবায় সতত নিরত থাকিয়া স্বার্থপর এবং নিঃস্বার্থপর।

বিষয়িগণ ভোজন পানাদিতে অত্যাসক্ত বলিয়া ঐ সকল অসদ্বার্ত্তায় সতত নিযুক্ত আর ভক্তগণ সুবিবর বলিয়া একমাত্র সৎ বস্তু শ্রীভগবান্ এবং তদীয় জনগণের বৈকুণ্ঠ কথায় বিভোর।

বিষয়িগণ,বিষয়বুদ্ধিপর,বিষয়গতপ্রাণ, পরস্পর বিষয়ালোচনাপ্রমত্ত এবং সর্ব্বদা বিষয়েই মনঃসংযোগে আর ভক্তভক্তগণ স্ব-স্বরূপের অবিজ্ঞ জীবের ন্যায় আত্মারাম প্রয়োজনে অসমর্থ, পরস্পর ভক্ত ভগবানের ভাবনিমগ্ন এবং আমার কথায় নিযুক্ত।

বিষয়ী গৃহে অথবা বনে যেখানে বাস করুন না কেন, সকলই তাঁহার যাহে বিষয় সেবা করে,আর ভক্তগণ গৃহস্থ বা গৃহত্যাগী যে ভাবেই অবস্থান করুন না কেন, বিষয়ানন্দ ত্যাগ বিষয়ে অস্থায়ী। অন্য কোন পথের সহায় এই পঞ্চম পুরুষার্থ লাভের সহায় হইতে পারে না;

ভোগবুদ্ধিতে প্রমত্ত না হইয়া শ্রীভগবানের সেবাসুখে বিষয় গ্রহণ করেন। সুতরাং তাঁহারা যাবদর্থ-প্রতিগ্রাহী।

আসক্তিই বন্ধন ও মুক্তির হেতু। আসক্তি আবার স্বরূপেই অবস্থিত। অতএব আসক্তি ত্যাগ অসম্ভব। তবে অসতে আসক্তি বন্ধন এবং সতে বা ভগবানে আসক্তি বিমুক্তির হেতু।

(ক্রমশঃ)

জীবাত্মা কি বিভু-বস্তু?

(শ্রীপাদ অতীন্দ্রিয় বন্দ্যোপাধ্যায় বেদান্তবাচস্পতি)

মায়াবাদী জীবকে বিভুবস্তু বলেন। শ্রীমচ্ছঙ্করাচার্যের মত এই যে জীব স্বরূপতঃ বিভু-স্বভাব, পরমাত্মা হইতে সম্পূর্ণরূপে অভিন্ন, পূর্ণব্রহ্মস্বরূপ। কিন্তু সাত্বত সম্প্রদায়ের ভাষ্যকারগণ সকলেই আচার্যের এবম্বিধ মতকে আক্রমণ করিয়াছেন, তাঁহারা বলেন, জীব স্বরূপতঃ বিভু-স্বভাব নহেন, কিন্তু 'অণু'-স্বভাব ও পরমাত্মার অংশ মাত্র।

আচার্য শ্রীরামানুজ স্বীয় ভাষ্যে বলিয়াছেন যে, "জীব ও ব্রহ্ম সম্বন্ধে দ্বিবিধ উপদেশ দৃষ্ট হয়; যথা—ব্রহ্মের অদ্বৈত ও জীবের স্বরূপ; ব্রহ্মের নিয়ন্তৃত্ব ও জীবের নিয়ম্যত্ব ইত্যাদি উপদেশ যাহা শ্রুতি ব্রহ্মের সহিত জীবের ভেদ-প্রদর্শন করিয়াছেন। আবার 'তত্ত্বমসি' 'অয়মাত্মা ব্রহ্ম' ইত্যাদি বাক্যে ব্রহ্মের অভেদের উপদেশ করিয়াছেন, এই উভয় প্রকার উপদেশের যুগপৎ সিদ্ধির জন্য জীব ব্রহ্মের অংশ ইহাই সিদ্ধান্ত করিতে হইবে।

আচার্য শঙ্করকেও সূত্র-ব্যাখ্যায় ইহা স্বীকার করিতে হইয়াছে, যথা:—চৈতন্যঞ্চা-বিশিষ্টং জীবেশ্বরয়োর্যথাগ্নিস্ফুলিঙ্গয়োরৌষ্ণ্যম্। অতো ভেদাভেদাবগমাভ্যাং অংশত্বাবগমঃ।" অর্থাৎ "ঈশ্বর ও জীবের মধ্যে শ্রুতি যখন ভেদ ও অভেদ এই উভয় উপদেশ করিয়াছেন এবং যখন এই উভয়বিধ সম্বন্ধ কেবল অংশ ও অংশীর মধ্যেই থাকে, অন্যত্র সম্ভব নহে, তখন ইহাই নিশ্চিত সিদ্ধান্ত যে জীব ব্রহ্মের অংশ।"

ব্রহ্মসূত্রের ২য় অঃ, ৩য় পাদ ৪২ সূত্রে বলা হইয়াছে—"মন্ত্রবর্ণাৎ"।

অর্থাৎ এই অনন্ত-সত্তপুরুষের এক-পাদ অংশ মাত্র এই বিশ্ব। এই শ্রুতি মন্ত্রের দ্বারা জীব যে পরমাত্মার অংশ তাহা সমর্থিত প্রতিপন্ন হয়। শ্রীশঙ্কর এবং আচার্য রামানুজের এই সূত্রের ব্যাখ্যা ঠিক একই রূপ।

৪৩ সূত্রে বলা হইয়াছে—'অপি চ স্মর্য্যতে।" অর্থাৎ স্মৃতিতেও ইহা উক্ত হইয়াছে, যথা "মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ।" ৪৪ সূত্রে বলা হইয়াছে "প্রকাশাদিবত্তু নৈবং পরঃ।" অর্থাৎ জীব পরমাত্মার অংশ হইলেও, পরমাত্মা জীবকৃত কর্মফলের ভোক্তা নহেন, যেমন অংশ-স্থানীয় সূর্যকিরণ মূত্রাদি অশুদ্ধ বস্তুর সংস্পর্শে আসিলেও তাহা সূর্যে সংক্রামিত হয় না, তদ্রূপ জীব-কর্তৃক কৃতকর্মের ফলও ব্রহ্মে সংক্রামিত হইতে পারে না।

সুতরাং দেখা যাইতেছে যে, এই সকল সূত্রদ্বারা ভগবান্ ব্যাসদেব জীবকে স্পষ্টতঃ ব্রহ্মের নিত্য অংশ মাত্র বলিয়া প্রতিপাদন স্থাপন করিয়াছেন।

ব্রহ্ম স্বীয় তটস্থা-শক্তি-পরিণতি জীব-রূপ অংশে কর্মফলের ভোক্তা হইলেও তদতীত স্বীয় স্বরূপে তিনি নির্গুণ ও নির্লিপ্ত।

২য় অধ্যায় ১ম পাদ ২২ সূত্রে বিষয়টী অধিকতর স্পষ্টীকৃত হইয়াছে। যথা:—"অধিকন্তু ভেদনির্দেশাৎ।" চিৎ-জাতীয়ত্বে এক বলিয়া শ্রুতি যেমন জীবের ব্রহ্ম হইতে অভেদ নির্দেশ করিয়াছেন, তদ্রূপ আবার সুখদুঃখাদির ভোক্তা জীব হইতে ব্রহ্মের ভেদও উপদেশ করিয়াছেন—"আত্মানমন্তরো যময়তি।" এই ভেদ প্রদর্শন করিয়া ইহাদিগের অত্যন্ত অভেদ নিবারণ করিয়াছেন। সুতরাং ব্রহ্ম জীব হইতে 'অধিক' অর্থাৎ মহত্তর, শ্রেষ্ঠ। আচার্য শঙ্করও স্বভাষ্যে ইহা স্বীকার করিয়াছেন, যথা:—"আত্মা বা অরে দ্রষ্টব্যঃ……… এবং ভেদাভেদৌ মন্তব্যৌ তাবন্। নৈব দোষঃ।" অর্থাৎ 'অরে আত্মা জীবের দ্রষ্টব্য……' এই শ্রুতি জীব হইতে ব্রহ্মের আধিক্য প্রদর্শন করিয়াছেন আবার "তত্ত্বমসি" শ্রুতি জীবের সহিত ব্রহ্মের অভেদ নির্দেশ করিয়াছেন, পরন্তু ভেদ ও অভেদ কিরূপে একত্র সম্ভব? এইরূপ আপত্তি হইতে পারে না। কিন্তু সূত্রের ভাষ্য এইরূপ করিয়াও আচার্য যখনই নিজের মত ব্যক্ত করিয়াছেন, তখনই তিনি সূত্রের অর্থ হইতে সরিয়া দাঁড়াইয়া বলিতেছেন যে জীবের মোক্ষ-দশায় ব্রহ্মের সহিত কোনই ভেদ থাকে না এইরূপ স্থান সমস্তই দৃষ্ট হইয়া থাকে। ১ম অঃ ৩য় পাঃ ১৭ সূত্রের ভাষ্যে আচার্য বলিয়াছেন,—

"নাত্মা জীব উৎপদ্যতে। কস্মাৎ অশ্রুতেঃ।……নিত্যত্বাচ্চ তাভ্যঃ।

"নিত্যত্বাদবিকারিত্বাচ্চ। নিত্যঃ স্তু শ্রুতিভ্যোহ বগম্যতে, তথাজত্বমবিকারিত্বমবিকৃতস্যৈব ব্রহ্মণো জীবাত্মনাবস্থানং ব্রহ্মাত্মতা চেতি। অর্থাৎ "জীব উৎপন্ন হয় না; কারণ তদ্রূপ কোন শ্রুতি নাই… শ্রুতি জীবাত্মার নিত্যত্ব কীর্তন করিয়াছেন……শ্রুতি দ্বারা আত্মার নিত্যত্ব (জীবাত্মার) অবগত হওয়া যায় এবং অজত্ব ও অবিকারিত্বও জাত হওয়া যায়, এবং আরও অবগত হওয়া যায় যে ব্রহ্ম-স্বরূপে অবিকৃত থাকিয়াই জীব ও ব্রহ্ম এই উভয়রূপে বর্তমান আছেন……।" ইত্যাদি স্বীয় ভাষ্যে এই কথা স্বীকার করিয়া আবার অন্য সূত্রভাষ্যে নিজের কথা নিজেই কিরূপে পরিবর্তন করিয়াছেন তাহা প্রদর্শিত হইতেছে, যথা:—"ভেদ ব্যপদেশ।" এই সূত্রভাষ্যে বলিতেছেন, "……তঃ নিত্য চৈতন্যোহয়মাত্মা ……ব্রহ্মাত্মকত্বপ্রাণিনামাত্মত্বং প্রদর্শ-মানাচ্চ……।" ইত্যাদি এস্থলে লক্ষ্য করিতে হইবে যে, শ্রীশঙ্কর পূর্ব সূত্রের ব্যাখ্যায় বলিয়াছেন যে "ব্রহ্ম-স্বরূপে অবিকৃত থাকিয়াই জীব ও ব্রহ্ম এই উভয় রূপে অবস্থান করেন আবার এই সূত্রের ব্যাখ্যায় বলিতেছেন যে উপাধি সম্পর্ক বশতঃই ব্রহ্মের জীবভাব সিদ্ধ হয়। সুতরাং দেখা যাইতেছে যে আচার্য শঙ্করের মতবাদ শ্রুতি-বিরুদ্ধ, কেবল কল্পনা মাত্র। ২য় অঃ ৩য় পাঃ ৪২ সূত্রে ভগবান্ ব্যাসদেব জীব যে ব্রহ্মের অংশ মাত্র তাহা স্পষ্ট-রূপেই নিজ সিদ্ধান্ত বলিয়া স্থাপন করিয়াছেন। অতএব জীব অংশ, ব্রহ্ম অংশী হওয়াতে ব্রহ্ম যে জীব হইতে 'অধিক' তাহা স্বতঃসিদ্ধ বলিয়া স্বীকার করিতে হয়। অংশ হইতে অংশী ব্যাপক না হইলে 'অংশ' শব্দের কোন সার্থকতা হয় না। সুতরাং ইহাই স্থিরীকৃত হইতেছে যে জীব ব্রহ্মের ন্যায় সর্ব-ব্যাপক বা বিভু-স্বভাব নহেন। জীব স্বরূপতঃ বিভু হইলে, তিনি ব্রহ্মের অংশ মাত্র একথা বলা কখনও সঙ্গত হয় না। অধিকন্তু জীব স্বরূপতঃ বিভু হইলে, তাঁহার বন্ধ, মোক্ষ, পাপ-পুণ্য ভোগ প্রভৃতি অবস্থা পরিবর্তনের কোন কথাই আসিতে পারে না। অতএব জীব বিভু নহেন।

---

২৪ পরগণায়—সাগর মহারাজ

শ্রীগৌড়ীয় মঠের অন্যতম প্রচারক পরিব্রাজকাচার্য ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তি-দৈতন্য সাগর মহারাজ ২৪পরগণা জিলার বিভিন্ন স্থানে হরিকথা প্রচার করিয়া বহু জীবের সুকৃতি উৎপাদন করিতেছেন। বিগত ২০।৪।৩০ তারিখে শুকদেবপুর (পোঃ মন্দিরবাজার) নিবাসী শ্রীযুক্ত হরিপদ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের আগ্রহে এক মহতী সভার অধিবেশন হয়। সভায় বহু গণ্য মান্য শিক্ষিত সজ্জন উপস্থিত ছিলেন। বক্তৃতার বিষয় ছিল—"মনুষ্য-জন্মের কর্তব্য কি?" হরিভজনই যে একমাত্র মনুষ্যজীবনের একমাত্র কর্তব্য, তাহাতে যে মনুষ্যের বিদ্যা কুল ধন মানের যাবতীয় গৌরব প্রতিষ্ঠিত, ভজনহীন মনুষ্য লোকে তম যোনাদি-প্রাপ্ত বলিয়া তিনি ব্রাহ্মণ-বংশোদ্ভূত হইলেও ব্রাহ্মণাপসদ, অন্তাজ কথিবার যাহা হরিভজনের অনুকূল হবে তাহা গ্রহণীয়, প্রতিকূল বর্জনীয়, মহাজনানুগত শ্রৌতপন্থার পরিবর্তে অন্য পথ সম্পূর্ণরূপে পরিত্যাজ্য, প্রাণ, অর্থ, বুদ্ধি, বাক্যকে ভগবানের সেবার্পণে নিযুক্ত করাই যথার্থ বুদ্ধিমত্তার পরিচয় ইত্যাদি বিষয় বিবিধ শাস্ত্র-যুক্তি-মুখে, কীর্তন করেন। স্বামিজী মহারাজের জীব-দুঃখ-বিগলিত হৃদয়ের অন্তরঙ্গ ভাবপূর্ণ বক্তৃতা শ্রবণে শ্রোতৃবৃন্দ সকলেই চমৎকৃত হইয়াছেন।

পরদিন প্রাতে শিকন্দরপুরবাসী ভক্ত-গণ মহারাজকে নগর কীর্তন-মুখে অভিবাদন করিয়া নিজগ্রামে লইয়া যান। মহারাজ শিকন্দরপুর [illegible] পদার্পণ করিবামাত্র চতুর্দিক হইতে [illegible] শঙ্খ করতাল মৃদঙ্গ প্রভৃতির [illegible] মহাধ্বনি সহ মুহুর্মুহুঃ হরিধ্বনিতে চতুর্দিক মুখরিত হইয়া উঠে, মহিলাগণ মাঙ্গলিক হুলুধ্বনি করিতে লাগিলেন, বালক বৃদ্ধ যুবা সকলেই মহোল্লাস-ভরে মহারাজকে বেষ্টন করিয়া দাঁড়াইলেন। এমন অপূর্ব দৃশ্য দেখিয়া কি মনে হয় না তাহাদের ধর্মপ্রাণতা ক্রমেই সেবামুখ হইতেছে, তাহাদের দুর্দিন অপগত হইয়া আবার সুদিন আসিতেছে, তাহারা অচৈতন্যের সেবা ছাড়িয়া চৈতন্যের সেবায় উন্মুখ হইয়াছেন, তাহারা ভক্তের মর্যাদা বুঝিয়াছেন।

'যে স্থানে বৈষ্ণবগণ, সেই স্থানে বৃন্দাবন
সেইস্থানে আনন্দ অশেষ।'
'তুমি তথা বৃন্দাবন যদি তথা গোবর্দ্ধন
আবির্ভূতা আপনি হ্লাদিনী।'

বাস্তবিক সেই স্থান তখন ভাগ্যবানের চক্ষে বৈকুণ্ঠ বলিয়া প্রতীত হইয়াছিল। অপরাহ্ণে স্থানীয় লোকের চেষ্টায় একটী মহতী সভার আয়োজন হয়, সেই সভায় প্রায় তিন হাজার দূর হইতে সুশিক্ষিত ব্রাহ্মণ পণ্ডিত সজ্জনবৃন্দ প্রায় দুইশত জন উপস্থিত হন, স্বামীজী মহারাজ শ্রীচৈতন্যচরিতামৃত হইতে সনাতন শিক্ষা পাঠ করেন। প্রায় ৭টা হইতে ১০টা পর্যন্ত পাঠ হইয়া কীর্তনান্তে সভা ভঙ্গ হয়।

পরে ভাগবত শ্রীযুক্ত [illegible] বন্দ্যো-পাধ্যায় শ্রীযুক্ত জীবনকৃষ্ণ নায়াধিকারী, [illegible] শ্রীযুক্ত [illegible]নাথ নায়াধি-কারী, শ্রীযুক্ত [illegible] বাবু, [illegible] বাবু প্রভৃতি ভক্তবৃন্দের সেবা-চেষ্টা বিশেষ প্রশংসনীয়।

নানা কথা

নদীয়ার আবহাওয়া

নদীয়ায় মেঘ দেখা যাইতেছে বটে এবং বৃষ্টিও কিছু কিছু মধ্যে মধ্যে হয়, কিন্তু বৃষ্টিপাত না হওয়ায় অস্বস্তি দূর হয় না। যে কিছু সামান্য বৃষ্টি হয়, তাহাতে চাষের কোন সুবিধা হবে বলিয়া বোধ হয় না।

পিকেটিং

এই জেলায় পিকেটিং এখনও চলিতেছে। মাদক দ্রব্যের দোকানের সম্মুখে এখনও স্বেচ্ছাসেবকগণ দাঁড়াইয়া লোককে ঐ সকল দ্রব্য পান করিতে নিষেধ করিতেছেন।

লাহোরে পিকেটিং এক প্রকার বন্ধ হইয়াছে। শুনা যায় সমস্ত ব্যবসায়ীরা বিলাতী কাপড় আমদানি বন্ধ করিবেন বলিয়া লিখিত প্রতিশ্রুতি দান করিয়াছেন।

লাহোরের সংবাদ কাগজওয়ালাদিগের নিকট হইতে জামিন দাবী করায় ছয়টী দৈনিক স্থানীয় ভাষায় প্রকাশিত কাগজ বন্ধ হইয়াছে। প্রকাশ যে ঐ দাবীর প্রতিবাদ করিবার জন্য সংবাদ পত্রের প্রকাশকেরা ঐরূপ করিয়াছেন

এডভান্স পত্রিকার কর্তৃপক্ষ প্রেসিডেন্সি ম্যাজিষ্ট্রেটের নিকট দরখাস্ত করেন যে তাহারা জামীনের টাকা দিবেন না, সেইজন্য কার্য্যালয় বন্ধ করিয়াছেন। ম্যাজিষ্ট্রেট সাহেব বলেন যে টাকা না দিয়া ছাপাখানা বন্ধ করিলে কোন অপরাধ হইবে না, কিন্তু জামীনের টাকা একবার ধার্য্য হইবার পর কাগজ প্রকাশ করিলে আইন অনুসারে অপরাধ বলিয়া গণ্য হইবে।

বারদোলের মেলা

বারদোলের মেলা প্রায় শেষ হইয়াছে। এখনও কয়েকটী দোকান এবং নাগরদোলা একটী আছে। নদীয়া জেলার মধ্যে এই মেলাই সমধিক। এখনও অনেক লোক নাগরদোলা দেখিবার জন্য সমাগত হয়। সার্কাস, থিয়েটার প্রভৃতি চলিয়া গিয়াছে। প্রায় একমাস ব্যাপিয়া এই মেলা চলিয়াছে।

অব্যবস্থা

গোয়াড়ী এবং কৃষ্ণনগরের মধ্যে চাষাপাড়ার এই জেলার মধ্যে অনেক প্রধান ব্যক্তি বাস করেন, কিন্তু দুঃখের বিষয় এই পাড়ার ময়লা জল নিকাশের কোন বন্দোবস্ত নাই। ড্রেনগুলি ময়লাজলে এবং দুর্গন্ধ কাদায় পরিপূর্ণ থাকায় অপরিচ্ছন্নতা এবং অস্বাস্থ্যকরতার বিশেষ কারণ হইয়াছে। এই স্থানে ড্রেনের ব্যবস্থা করা বিশেষ আবশ্যক। মিউনিসিপ্যালিটির কর্তৃপক্ষ প্রস্তাব করেন যে, এক বৎসরের অতিরিক্ত ট্যাক্স দিলে ড্রেনের ব্যবস্থা হইবে। সে প্রস্তাবের কি হইল? যতদিন ঐ ব্যবস্থা না হয়, ততকাল সপ্তাহে দুইদিন করিয়া জল তুলিবার ব্যবস্থা করা উচিত।

চিতা হইতে মৃতদেহ উদ্ধার

নোয়াখালী জেলার বেগমগঞ্জ থানার অন্তর্গত গ্রামের যুধিষ্ঠির পালের ১৮ বৎসর বয়স্কা স্ত্রী শাশুড়ীর সঙ্গে ঝগড়ার ফলে নাকি আফিং খাইয়া হঠাৎ প্রাণত্যাগ করে। তখন নাকি তার স্বামী কলেরায় মৃত্যু হইয়াছে বলিয়া ঐ শবদেহ শ্মশানে লইয়া চিতায় তুলিয়া দেয়। তখন কয়েকজন গ্রামবাসী ঐ সন্ধান পাইয়া অর্দ্ধদগ্ধ শবদেহ চিতা হইতে তুলিয়া আগুন নিবাইয়া পুলিশের দ্বারা "পোষ্ট-মর্টেম" পরীক্ষা করিতে পাঠান, কিন্তু পরীক্ষার ফলে মৃত্যুর কারণ বোঝা যায় নাই। ভালভাবে পরীক্ষার জন্য ঐ শব কলিকাতায় পাঠান হইয়াছে

নারায়ণগঞ্জে ঝড়ের দৌরাত্ম্য

গত ২১ এপ্রিল তারিখে ধলেশ্বরী নদীতে নারায়ণগঞ্জের নিকটে এক দুর্ঘটনা ঘটিয়াছে। 'বিমলা' নামক সুন্দরবন ডেসপ্যাচ ষ্টিমার নারায়ণগঞ্জ ছাড়িয়া কলিকাতা অভিমুখে আসিবার সময়ে ধলেশ্বরী নদীতে আসিতেই এত প্রবল ঝড় আরম্ভ হয় যে ষ্টিমার আর ঠিক রাখিতে পারে না। নোঙ্গর ফেলিতে চেষ্টা করিয়াও বিফল হইল। তখন সারেঙ্গ নিজে উপরে উঠিয়া হালের চাকা ধরিল; কিন্তু অতি বিলম্বে তাহাকে উড়াইয়া নদীতে ফেলিয়া দিল। পরদিন ঝড় থামিলে অনুসন্ধানের পর তাহার মৃতদেহ বিক্রমপুরে মিরকাদিম গ্রামের নিকট পাওয়া যায়। ঐ সারেঙ্গের নিবাস ছিল নোয়াখালির অন্তর্গত সন্দীপে।

হাইকোর্টে নূতন জজ

কলিকাতা হাইকোর্টের জজ মিঃ জাষ্টিস পিয়ার্সনের অবসর কালে ৩ মাসের জন্য শ্রীযুত মন্মথ চন্দ্র ঘোষ আই, সি, এস তাঁহার স্থানে জজ নিযুক্ত হইয়াছেন।

প্রেস আইনে সংবাদ পত্র বন্ধ

এই নূতন প্রেস আইন অনুসারে ৫০০০৲ টাকা হিসাবে 'বসুমতী' ও 'বিজলী' কাগজের জন্য জামিন আমানত করিতে নোটিশ জারি করার ফলে প্রতিবাদ স্বরূপে ঐ উভয় কাগজই বন্ধ করা হইয়াছে। এতৎপূর্ব্বে "এডভান্স" বন্ধ হইয়াছে। গতকল্য "আনন্দবাজার" ও নাকি ঐরূপ জামিন তলব করায় বন্ধ করিয়াছে। বাঙ্গালার অন্য স্থানেও ঐরূপ ভাবে কাগজ বন্ধ হইতে আরম্ভ হইয়াছে। লাহোরেও নাকি ৩ খানি কাগজের প্রকাশ বন্ধ হইয়াছে।

গ্রেপ্তার

বরিশালের নেতা শ্রীযুক্ত বাবু দীনবন্ধু সাহা ১১৭ ধারা এবং লবণ আইনের ৯ ধারা অনুযায়ী অপরাধে লিপ্ত থাকায় তাঁহাকে গ্রেপ্তার করা হইয়াছিল। তাঁহাকে বিচারালয়ে আনিলে দেখা যায় যে পুলিসের সাব ইনস্পেক্টার এই ধারার অপরাধে দায়ী হইতে পারেন না। সুতরাং তাঁহাকে ছাড়িয়া দিয়া তৎক্ষণাৎ পুনরায় গ্রেপ্তার করা হয়।

প্রতিবাদ সভা

ঢাকার বার লাইব্রেরির মেম্বরেরা এক সভায় স্থির করেন যে আলিপুর সেণ্ট্রাল জেলে দেশের নায়কদিগকে মারাধরা করা গর্হিত কার্য্য হইয়াছে। এসম্বন্ধে একটী নিরপেক্ষ অনুসন্ধান-সমিতি গঠিত করা হউক।

ব্যবসায়ি সঙ্ঘ

অমৃতসরে ট্রেডার্স আদি ট্রেডস বোর্ড নামক ব্যবসায়ী সঙ্ঘ একটী সাধারণ সভায় বিলাতী কাপড় বর্জন আন্দোলন সম্বন্ধে আলোচনা করেন এবং বড় লাট, ছোট লাট এবং বিলাতের ভারতের সচিবকে টেলিগ্রাম করিয়া সাবধান করিয়াছেন যে যদি রাজনীতির পরিবর্ত্তন শীঘ্র না করা হয় এবং ভারতকে কিছু স্বাধীনতা না দেওয়া হয় তাহা হইলে ব্যবসায়ের অবস্থা ভীষণ দাঁড়াইবে।

অভিনব ব্যাপার

প্রেস আইনের ফলে ভারতের রাজধানী দিল্লী নগরীতে কোন খবরের কাগজ পাওয়া যাইতেছে না, সহরে নানা প্রকার মিথ্যা গুজব রটিতেছে। সংবাদপত্রহীন লোকদিগের প্রাণে অস্থির হইয়া উঠিয়াছেন। লাহোরের দেশীয় ভাষায় প্রকাশিত খবরের কাগজওয়ালারা কাগজ বন্ধ করিয়াছেন।

ময়মনসিংহ সংবাদ

গভর্ণমেণ্টের রেভিনিউ বোর্ডের মেম্বর মিঃ সাদি ঢাকা হইতে ময়মনসিংহে পরিদর্শনে গিয়াছিলেন। তিনি রাজকর্ম্মচারী বলিয়া কোন মুটিয়া তাঁহার মোট বহন করে নাই। অনেক কষ্টে তিনি জিনিষ পত্র ষ্টেসনের বাহিরে আনিলে কোন ঘোড়ার গাড়ীর গাড়োয়ানই তাঁহাকে লইয়া যাইতে সম্মত হয় নাই। মিঃ সাদি নিজে একখানি গাড়ী চালাইবার চেষ্টা করেন কিন্তু অসমর্থ হন। অবশেষে তিনি জিনিষ পত্র ফেলিয়া ম্যাজিষ্ট্রেট সাহেবের বাংলোয় যান। সেখান হইতে স্বয়ং ম্যাজিষ্ট্রেট তাঁহার নিজের খাস আর্দালী লইয়া মোটরে করিয়া ষ্টেসনে আসেন এবং সাদি সাহেবের জিনিষপত্র নিজেরাই ধরাধরি করিয়া মোটরে তুলিয়া লইয়া আসেন।


যে ইন্দ্রিয়জ-জ্ঞান লইয়া আমরা এত অধিক গর্ব্বিত, তাহাতেও অন্ধের এই প্রকার ভ্রান্তপথে পড়িয়া সর্ব্বদা পরস্পর বিবদমান, যেহেতু ইন্দ্রিয়নিচয়েই ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা ও করণাপাটব নামক দোষচতুষ্টয়ের আশ্রয়। অতএব ইন্দ্রিয়জ্ঞানের সীমা অতীব সঙ্কীর্ণ এবং প্রাকৃত জীবের পক্ষে একটী মাত্র ইন্দ্রিয়ের দ্বারা সম্যক্ জ্ঞান-লাভ কোটি জীবনেও সম্ভব হয় না। কিন্তু অনেক সময়ে আমাদের ইন্দ্রিয়গণের অপটুতা লক্ষ্যই আমরা যে ভ্রান্ত ধারণা পোষণ করি, তাহারই বলে আমরা পরস্পরের সহিত বিবাদ করিতে থাকি। কিন্তু সাধুদিগের আনুগত্য ও বিরোধাভিপ্রায় পরিহার। অতএব থাকিয়া বিবাদের পূর্ব্বে আমাদের ধারণার যথার্থ মূল্য নির্দ্ধারণ করিবার প্রয়োজন বোধ করি না। আমার যাহা না জানি তাহাকে কখনও কাহারও নিকট আমাদের ধারণার যথার্থতা পরীক্ষা করিতে চেষ্টা করি, তাহা অধিকাংশ সময়ে 'অন্ধহস্তিন্যায়ে'র অন্য আর একটী অন্ধের নিকট হইতেই সাধিত হয়। অতএব অদ্য আমরা সর্ব্বদা এই অন্ধ-হস্তিন্যায়ে বিচরণ করিতেছি, যে বিষয়ে কোন সন্দেহের অবকাশ থাকিতে পারে না।

অনেকে শ্রেষ্ঠ বৈজ্ঞানিক, মহা 'দার্শনিক' বলিয়া পরিচিত ব্যক্তিগণ আজ

যে জগতী প্রকৃত বাণী উচ্চৈঃস্বরে ঘোষণা করিলেন, আবার কিছুদিন পরে অন্য কোন মনীষী তাহার অসারতা প্রমাণ করিয়া নিজমত স্থাপন করিতে আদৌ সঙ্কোচ বা দ্বিধাবোধ করেন না। অদ্ভুত প্রকারের বৈজ্ঞানিক যে যে আবিষ্কার তাহারও পূর্বের বা পরবর্তী সময়ে পরিত্যক্ত হইয়া যাইতেছে, তাহা নিত্যনৈমিত্তিক বলিয়া লোকের বিশেষ কষ্ট জানেন। সর্বজ্ঞাভিমানী অজ্ঞতাপূর্ণ কোন ব্যক্তি অপেক্ষা জ্ঞান-চর্চাকারীগণের পক্ষে মহাজন-পথে প্রতিষ্ঠিত থাকিয়া ঐ সকলে মর্যাদা রক্ষা করিতে পারেন সত্য, কিন্তু তাঁহাদেরও জ্ঞান যে সংশোধনযোগ্য, তাহা নানাভাবে বহু পথে প্রমাণিত হইয়াছে। সুতরাং অনুমান বিষয়েও আমরা অন্ধ-ভক্তি ভাবে প্রতিষ্ঠিত নাই কি? প্রকৃত বৈকুণ্ঠাগত জ্ঞানবিজ্ঞানাদ্ধৃত পূর্ণ-সম্পন্ন মহাপুরুষ বা তাঁহার কেহ কদাপি এই বিষয়ের উপলব্ধি করিতে সমর্থ নহেন। অন্ধ মূল অন্ধগণের হস্তে পড়িয়া সর্বজীব দর্শন করাইতে তিনিই একমাত্র পারগত, যেহেতু তিনি সর্বদা জ্ঞান-ভূমিকার সর্বোচ্চ শিখরে উপবিষ্ট থাকিয়া প্রত্যেক পদার্থ যথাযথভাবে দর্শন করিতেছেন।

অক্ষজ-জ্ঞান বিষয়েই যখন আমাদের এই প্রকার মার্গ অপরিহার্য হয়, নতুবা নিয়তই অন্ধগণের চক্ষু-দর্শনের ন্যায় আপেক্ষিক-জ্ঞানের গর্তে লুপ্ত হইয়া বঞ্চিত হইতে হয় এবং চক্ষুষ্মান সর্বাঙ্গ-দ্রষ্টা মহাজনের আনুগত্যে বিষয়ের প্রাপ্তি ঘটে, তখন অধোক্ষজ অর্থাৎ যাহাতে অক্ষজ-জ্ঞান একান্ত কুণ্ঠিত হইয়া থাকে, তাদৃশ জ্ঞানগম্য বিষয়ে আমাদের অণুটুকু ইন্দ্রিয়-সাহায্যে ধারণা করিতে যাওয়া কতদূর বাতুলতা তাহা কি আমরা কদাপি অনুধাবন করিবার অবসর পাইব না? বিচারকুল জীব হইয়াও যদি আমাদের নিরন্তর সাধারণ ভ্রান্তি-বিলাসে মজ্জন-যোগ্যতা থাকে, তাহা হইলে এতাদৃশ জীবনেই বিচার রাখা উচিত মনে কি?

ব্যক্তিবাদ্যো অক্ষজেন্দ্রিয়যোগে বিচরণশীল জীবমাত্রেই অবিদ্যাযোগে যে সমস্ত প্রতীতি লাভ করে, তাহা অনিত্যপ্রতীতি ও ভ্রম মাত্র। কারণ প্রথমতঃ মহামায়া আবরণী-শক্তি দ্বারা আমাদের ইন্দ্রিয় দ্বারের সম্মুখে প্রকাশে বিঘ্ন উপস্থিত করিয়াছেন, দ্বিতীয়তঃ আমাদের কুষ্ঠিত ইন্দ্রিয়গুলির অক্ষুণ্ণ পদে পদে খণ্ডজ্ঞান বা ভ্রম আনিয়া উপস্থিত করিতেছে। তাহাদের অবস্থা হইতে নিস্তার পাইবার পর প্রকৃত জ্ঞানের সন্ধান। যেহেতু, আবার অতীন্দ্রিয় বিষয়ের ... বৈকুণ্ঠাগত মহাজনবাণী ব্যতীত আমাদের নিস্তার কোথায়? কপিল, পতঞ্জলি, গৌতম,

কণাদ ও জৈমিনি প্রভৃতি ঋষি নামে জগতে প্রতিষ্ঠিত ব্যক্তিগণ তাঁহাদের যাবতীয় যুক্তি একত্রিত করিয়া অনাদিকাল বিচার করিলেও কদাপি অধোক্ষজজ্ঞানের অনুমান লাভে সমর্থ নহেন, তখন অন্যাদৃশ কি অলৌকিক ক্ষুদ্রবুদ্ধি পাশ্চাত্য মানবের কথা কুপ-পতিত। সুতরাং নিঃশ্রেয়সসিদ্ধি লাভ করিতে হইলে প্রকৃত বিদ্বান সাধু মহাজনের অনুগত হইয়া চলিতে হইবে। একমাত্র অক্ষজ পুরুষে হৃদয়ে বিবর্ত ... লাভ করিয়াছেন, তাদৃশ বৈকুণ্ঠজন ব্যতীত কেহ না অধোক্ষজজ্ঞানের আলোক-সম্পত্তি লাভ করিবেন। মানব, যখ জ্ঞানের সর্বোচ্চ অঙ্গ ক্ষণ বিষয়ের নিত্যপ্রতীতি লাভ করিতে চাও, কালবিলম্ব না করিয়া তাদৃশ বিদ্বান অনুসন্ধান পূর্বক শরণাগত হও। না অনন্তকাল মায়ার অন্ধকূপমধ্যে নিমগ্ন হইয়া ত্রিতাপদোষে অনিবার্য হইয়া পড়িবে। বিষম-সঙ্কুল জ্ঞান-সাগরে কেবল অন্ধকূপ হইতে নিষ্কৃতি লাভের উপায় এবং তাহা নিত্য মহাজনের নিকট হইতে প্রাপ্ত বিদ্বৎপ্রতীতি দ্বারা সুলভ হইয়া থাকে। অপর কোন উপায় নাই। অতএব এক্ষণে বিবেচনা করিয়া আমাদের কর্তব্য নির্ধারণ ও সত্বর নির্ধারিত মার্গ আশ্রয় একান্ত আবশ্যক।

কাল বৈশাখী

(শ্রীপাদ রাধাচরণ গোস্বামী ভাক্তার ভাক্তশাস্ত্রী)

আকাশ ঘনঘটাচ্ছন্ন। মেঘের ঘন ঘন গর্জন, বিদ্যুতের রেখা ও অশনি পতন। শিলাবৃষ্টি সহ সন্ সন্ শব্দে প্রবল ঝটিকাবর্ত্ত। এমন সঙ্কট সময়ে আমরা সকলেই ত্রাহি ত্রাহি স্বরে প্রাণটা হাতে লইয়া কোন প্রকার কায়-ক্লেশে এ কাল-বৈশাখীটা শান্ত হওয়ার প্রতীক্ষায় আছি।

অবশ্য বৈশাখের বাহিরে, প্রকৃতি দেবীও শান্ত ভাব অবলম্বন করিবেন, আমরাও আবার সকলেই কিছুটা নিশ্চিন্ত ভাব ধারণ করিব, এ সকল বিষয়ে বেশী কোন অভাব অনুযোগ ঘটিবে না।

আমরা মানব, দেব জগতে সর্ব শ্রেষ্ঠ প্রাণী; প্রকৃত দেবীর সর্বোত্তম সন্তান। ভবসিন্ধুর পর পারে বিচরণ করিবার যোগ্যতাও আমাদিগের আছে। কিন্তু আমাদিগের হৃদয় বন্দরে সেই মায়ার প্রবেশ-পথ ভীষণ ঝটিকাবর্ত্ত-বাত আনীত নানাবিধ আবর্জনায় পরিপূর্ণ। এমন কি বাণিজ্য যাবতীয় ধন প্রাণ ও

কর্ণধারগণ সাগরে ঘাওয়ার প্রস্তুতি অবরুদ্ধ করিয়া রাখিয়াছে। তাই আমরা ইহ জগতের প্রত্যক্ষবাদ অর্থাৎ জ্ঞান বিজ্ঞান ব্যতীত আরও কিছু আছে বলিয়া দেখিতে পাই না, বিশ্বাস করিতে পারি না। অনন্ত মুক্তজীবের পথ নিরাশ্রয়।

এই কলিকালে ধর্মাকাশ চির কাল ই ঘনঘটাচ্ছন্ন থাকিয়া সত্য সূর্য দর্শনে আমাদিগের দৃষ্টি পথিকে বাধা প্রদান করিতেছে। আমরা প্রত্যক্ষবাদিগণ এই কারণেই সত্যের অস্তিত্ব থাকার কথা না ও সত্যের মর্য্যাদা রক্ষণে যত্নশীল হই না।

সম্প্রতি আমাদিগের পরম সৌভাগ্য, এমন দুর্যোগে, এমন জীবন-সঙ্কটাবস্থার যুগাচার্য্যের শ্রীল প্রভুপাদ অকূল বাত্যাপ্রবাহে ধর্মাকাশ মেঘনির্মুক্ত করিয়া শ্রীনাম-কীর্তন-বর্ষা-ধারায় প্রবল প্রেম-বন্যা-স্রোতে যাবতীয় জগজ্জনকে ভাসাইয়া দিয়া সত্য জগতের রাস্তাটি উন্মুক্ত করিয়াছেন।

এখন আর অপধর্ম, উপধর্ম, ছলধর্ম, কর্ম, জ্ঞান, যোগ, তপাদি বোকাবাহারণ কৈতবসমূহ ধর্মরাজ্যে প্রবল রূপে আর কালও তিষ্ঠিতে পারে না। এখন আর সরল প্রাণ লোকদিগকে কপটি বঞ্চকগণ কোটি কোটিবাজী বা বুজরুকি দ্বারা প্রলুব্ধ করিতে সমর্থ হয় না। এখন আর ধর্মের নামে ব্যভিচার বা অধর্ম জগতে প্রসিদ্ধি লাভ করিতে পারে না। এখন আর জগৎ অন্ধ বিশ্বাস বা প্রত্যক্ষবাদের উপর নির্ভর করিয়া কুধর্মানিকের আনুগত্যে নিজের জীবনকে বলি দেন না। এখন বাস্তবিক সুধর্মনিষ্ঠগণের প্রদর্শিত মার্গে, সকলেই গন্তব্য স্থানে পৌঁছিবার সহজ ও সুগম উপায় পাইয়া প্রাণে একটা সাড়া পাইতেছেন।

যে ধর্মহীন জীবন যাপন দ্বারা আমরা প্রত্যক্ষ দুর্বিপাক কাল-বৈশাখী হইতেও

হইতেছিলাম, সেই ভীষণতম অবস্থার মাভৈঃ মাভৈঃ বাণী হস্তে বাহু প্রসারণ করিয়া আশ্বাস দিলেন—যুগাচার্য্য ও তাঁহার শ্রীচৈতন্যবাণীর দূত ত্রিদণ্ড শ্রীমদ্ভক্তি সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর। তাঁহার কৃপা ভিন্ন ধর্মাকাশের কাল-বৈশাখী হইতে রক্ষা পাওয়ার উপায় কোথায়?

জগদীশক্ষেত্র

বিজয়ধাম হইতে সাগরতীর পর্যন্ত স্থান শ্রীশ্রীজগদীশ ক্ষেত্র বা জগন্নাথ ক্ষেত্র বলিয়া সর্বত্র পরিচিত। এই ক্ষেত্রে নিত্যকাল অপ্রাকৃত লোকের নিবাসিত বলিয়া ইহা 'শ্রীক্ষেত্র' বলিয়াও খ্যাত। পুরু-

যোত্তম শ্রীভগবান্ এই স্থানে অবস্থান করেন বলিয়া ইহা পুরুষোত্তমক্ষেত্র নামেও অভিহিত। শ্রীশ্রীজগদীশ এই স্থানেই পর্যায়ক্রমে দশবিধ অবতার হইয়া পৃথিবীর নানাস্থানে লীলা করিয়াছিলেন বলিয়া এই ক্ষেত্র 'দশাবতারক্ষেত্র' বলিয়া প্রসিদ্ধ। জগন্নাথের পুরী বলিয়া 'জগন্নাথপুরী' বা (সর্বসাধারণের নিকট) শুধু 'পুরী' বলিয়া খ্যাত। এই শেষ নামেই জগদ্বাসী সকলে এই স্থানকে অভিহিত করিয়া থাকেন। ভৌগোলিক বিচারে 'পুরী' জগন্নাথ পুরীর অন্তর্গত একটী সহর মাত্র।

জগদীশ ক্ষেত্রের আকৃতি শঙ্খবৎ। ইহা চারিখণ্ডে বিভক্ত—শঙ্খ, চক্র, গদা, পদ্ম।

নীলাচল হইতে সমুদ্রতীর পর্যন্ত পঁচক্রোশ শঙ্খমণ্ডল, মহানদী তীরস্থ ভুবনেশ্বর 'চক্রমণ্ডল', বৈতরণী তীরস্থ যাজপুর "গদা মণ্ডল" এবং চন্দ্রভাগাতীরস্থ অর্কক্ষেত্র "পদ্ম মণ্ডল" নামে খ্যাত।

শ্রীবিগ্রহ

শঙ্খক্ষেত্রে পাবন পীঠস্থানের বহুজীবগণের চিত্তবিমোচনার্থ (১) শিলাময়ী, (২) দারুময়ী, (৩) লৌহ সুবর্ণ প্রভৃতি ধাতুময়ী, (৪) মৃন্ময়ী, (৫) চিত্রপটময়ী, (৬) বালুকাময়ী, (৭) মনোময়ী ও (৮) মণিময়ী—এই অষ্ট প্রকার অর্চামূর্তিতে প্রভুকে বিরাজিত থাকেন। ভগবানের শ্রীবিগ্রহ ভগবান্ হইতে অভিন্ন এবং চিন্ময়। জগন্নাথদেব নীলাচলে বলরাম ও সুভদ্রার সহিত দারুময় শ্রীবিগ্রহরূপে অবস্থিত।

প্রচার-প্রসঙ্গ

ত্রিদণ্ডস্বামী শ্রীমদ্ভক্তি-প্রদীপ পুরী মহারাজ, শ্রীমদ্ভক্তি প্রকাশ অরণ্য মহারাজ, পণ্ডিত শ্রীপাদ সিদ্ধস্বরূপ ব্রহ্মচারী ভাক্তশাস্ত্রী প্রভু চকদিঘা (পোঃ বাসুদেবপুর, জেলা মেদিনীপুর) শ্রীভাগবতজনানন্দমঠের বার্ষিক উৎসব সমাধা করিয়া কয়েকজন ভক্তসমভিব্যাহারে অমরসী, বালপাড় (সবং পোঃ), বাজিতপুর, নারায়ণপুর, শ্রীরামপুর বা পুরুষ অমরসী, মুকুন্দপুর প্রভৃতি স্থানে মহাপ্রভুর ভক্তিসিদ্ধান্তবাণী প্রচার করিতেছেন। অমরসী নিবাসী শ্রীযুক্ত গোলোক কর ও মুরারিমোহন কর, নারায়ণপুর বাজিতপুর নিবাসী শ্রীযুক্ত বিপিন নারায়ণ দাস, বালপাড় নিবাসী শ্রীযুক্ত কেদারনাথ সামন্ত, শ্রীরামপুর নিবাসী শ্রীযুক্ত মুরলীধর পাল মহাশয়গণ প্রভৃতি সজ্জনবৃন্দ ভক্তগণে মহাপ্রভুর কথা প্রচারে বিশেষ সহায়তা করিতেছেন বলিয়া তাঁহারা আমাদের বিশেষ ধন্যবাদের পাত্র। ব্রহ্মচারী ত্রৈলোক্যনাথ প্রভু মধুর কীর্তন দ্বারা সকলেই প্রীতিলাভ করিতেছেন।

নানা কথা

তারের সংবাদ

৭.৪।৩০

পুরী—ত্রিদণ্ডিস্বামি শ্রীমদ্ ভক্তিরঞ্জন ভক্তিসার মহারাজ, মাননীয় শাসনকর্তা মিঃ এচ্. কলিন্‌স্ কর্ত্তৃক আহুত হইয়া গত কল্য তাঁহার নিকট শ্রীশ্রীমহাপ্রভুর সার্ব্বজনীন শিক্ষা, সভ্য, সনাতন প্রেমধর্ম্ম এবং শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার সভাপতি আচার্য্যবর্য্য শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ কর্ত্তৃক মহাপ্রভুর 'সকল প্রচার হইবে মোর নাম'—এই মনোভীষ্ট সম্পাদন হেতু [illegible] এবং ভারতের বাহিরে [illegible] প্রচার-বিষয় অতি সরলভাবে [illegible] করেন।

অত্র মঠ [illegible] ব্রহ্মচারী ভক্তিকুসুম মহোদয় মিঃ কলিন্‌স্ সাহেবকে ভগবদ্ ভক্তগণ যে সর্ব্বদা সর্ব্বাবস্থায় অতি প্রফুল্লান্তঃকরণে শ্রীভগবান্ কৃষ্ণচন্দ্রের সেবা করিয়া থাকেন, তাহা শ্রীল ঠাকুর হরিদাসের চরিত্র উল্লেখ দ্বারা বিশেষরূপে বর্ণন করেন। ধর্ম্মপ্রাণ মিঃ কলিন্স মহোদয় এই সমস্ত কথা শুনিয়া বিশেষ আনন্দ অনুভব করিয়াছেন।

সভা

গত মঙ্গলবার সন্ধ্যাকালে গোয়াড়ী কৃষ্ণনগরের টাউনহলে এক বিরাট সভার অধিবেশন হয়। শ্রীযুক্ত বাবু ইন্দুভূষণ চট্টোপাধ্যায় মহাশয় সভাপতির আসন অলঙ্কৃত করেন। সভায় স্থানীয় মিশনারি-দিগের মধ্যে ফাদার [illegible] সাহেব বক্তৃতা করেন। সহরের প্রায় সমস্ত গণ্যমান্য ব্যক্তি ঐ সভায় উপস্থিত হইয়াছিলেন। সভায় শ্রীযুক্ত গান্ধি মহাশয়ের গুণ-কীর্ত্তন হয় এবং তাঁহাকে গ্রেপ্তার করার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করা হয়।

কলিকাতার হরতাল

কলিকাতায় পূর্ণ হরতাল হইয়াছে। চারিদিকে কড়া পাহারার বন্দোবস্ত হইয়াছে।

নবদ্বীপে চারিদিন ব্যাপী হরতাল চলিতেছে। কোন দোকান খোলা নাই। গাড়ী চলে না।

নবদ্বীপের যোগীবিগণ পর্য্যন্ত পিকেটিং করিতেছেন। অনেক মদের দোকান ভাঙ্গিয়া দেওয়া হইয়াছে। মদ বিক্রয় প্রায় বন্ধ।

রাণাঘাটে পূর্ণ হরতাল হইয়াছে।

নদীয়ার কোথাও শান্তি ভঙ্গের সংবাদ পাওয়া যায় নাই।

নদীয়া জেলার বাবুলপুকুর গ্রামে ৭ই মে হইতে ৩ দিন বিরাট্ উৎসব হইয়াছে। বিদেশী বস্ত্রাদি বর্জ্জন সম্বন্ধে আন্দোলন চলিতেছে।

লণ্ডনে যত অধিবাসী, ট্রাম এবং মাটির নীচে রেল আছে তত আর কোথাও নাই গড়ে প্রতি বৎসরে দেড় শত কোটি লোক বাসে চড়ে, সহরতলীর রেলে পঞ্চাশ কোটি, মাটির নীচের রেলে একত্রিশ কোটি এবং ট্রামে একশত কোটি লোক চড়ে। গ্রেট বৃটেনে প্রায় সাত শত রেল ষ্টেশন আছে।

লণ্ডন কাউন্টিতে ২২১৭ মাইল রাস্তা আছে। ৩৫৩ মাইল ট্রাম রাস্তা আছে।

গত বৎসরে যে সমস্ত বিষয়ে সব চেয়ে বেশী কথাবার্ত্তা হয়, তাহার মধ্যে এই কয়টী প্রধান বলিয়া গণ্য হয়—গান্ধী-জোসেফ সহিত কলে কথা, বুদ্ধ সন্ন্যাসীর উপবাস, বিলাতের ক্রয়ডন হইতে করাচী পর্য্যন্ত বিমান পথে যাত্রা; অথচ ঐ সমস্ত বিষয় আর কাহারও বোধ হয় মনেই নাই। আগস্তিক কথায় ইহাই বিশেষত্ব। ইহার আয়ু মাত্র দুই দিনের।

কলিকাতা সংবাদ

কলিকাতায় পূর্ণ হরতাল হইয়া গিয়াছে। মিঃ গান্ধির গ্রেপ্তারের সংবাদ পৌছিবামাত্র কাতারে কাতারে সৈন্যদল, পুলিশের দল, মেশিন গান্ প্রভৃতি রাস্তায় রাস্তায় সর্ব্বত্র দৃষ্টিগোচর হইতে লাগিল। সমস্ত দোকান পাট বন্ধ হয় এবং গাড়ী চলাচল স্থগিত থাকে। নানা বিভীষিকা পূর্ণ সংবাদ বাড়ীর দেওয়ালে দেওয়ালে কাগজে লেখা এবং ছাপা দেখা যাইতে লাগিল। যেখানে যাওয়া যায় সেখানেই গোলমাল এবং চাঞ্চল্য অনুভূত হয়।

মেদিনীপুর সংবাদ

মেদিনীপুর জেলায় নদীয়া অপেক্ষা উত্তাপ কম। সেখানেও বৃষ্টি নাই, তবে ঝড় খুব বেশী। রাত্রিতে শীত অনুভূত হয়।

মেদিনীপুর জেলায় বৃষ্টির অভাবে চাষ আরম্ভ হইতেছে না। নদীয়া জেলায় ঐ কারণে আউস ধান্য প্রভৃতি ফসলের বিশেষ ক্ষতি হইতেছে।

খাল খনন

রাজনা গাড়ী খাল খনন করিয়া গভীর করিয়া বিল সকল এবং চৈতন্যনদীর জল নিকাশের ব্যবস্থা করা হইবে না কারণ স্থানীয় লোকেরা এসম্বন্ধে কোন রূপ অর্থ সাহায্য করিবেন। এসম্বন্ধে নদীয়ার কালেক্টার বাহাদুর জেলা বোর্ডের কর্তৃপক্ষকে লিখিয়াছেন। কিন্তু জেলাবোর্ড জনসাধারণের সাহায্য না পাইলে কিছু করিতে পারিবেন না বলিয়া প্রকাশ করিয়াছেন।

রাস্তা

হরিনারায়ণপুর হইতে বংশীতলা পর্য্যন্ত একটী রাস্তা প্রস্তুত করা আবশ্যক। এজন্য কুষ্টিয়া লোকাল বোর্ডের চেয়ার ম্যান বাহাদুর জেলাবোর্ডকে লিখিয়াছেন স্থির হইয়াছে যে, হরিনারায়ণপুর ইউনিয়ন ৫০০ টাকা জমা দিলে রাস্তা প্রস্তুত করিবার জন্য জমী ক্রয় করিবার ব্যবস্থা হইবে।

নাম পরিবর্ত্তন

কুষ্টিয়া সাবডিভিসনের অন্তর্গত খোক-পুর খেয়াঘাটের নাম পরিবর্ত্তিত হইয়া দৌলতপুর কামারডাঙ্গা নাম হইল। এবং পদ্মা নদীর চারকুমারিয়া খেয়াঘাটের নাম পরিবর্ত্তন হইয়া ভাঙ্গোর চরিপুর খেয়াঘাট নাম হইল।

রাণাঘাটে গ্রেপ্তার

রাণাঘাটে নানারূপ অশান্তি চলিতেছে। এক দলের সহিত পুলিশের সঙ্ঘর্ষ হয়। পুলিশ বাইশ জন আসামীকে গ্রেপ্তার করিয়া সহরে আনিয়াছে।

জলাভাব

কৃষ্ণনগরসিটি ষ্টেশনের পরবর্ত্তী ষ্টেশন বাহাদুরপুরে এবং তারকটিয় মায়াকোল গ্রামে অত্যন্ত জলাভাব, এই দুইস্থানে অন্ততঃ একটী করিয়া টিউবওয়েল বসান বিশেষ প্রয়োজনীয় হইয়া পড়িয়াছে।

আমরা পূর্ব্বে মায়াকোল গ্রামের জলাভাবের কথা প্রকাশ করিয়াছিলাম। কিন্তু এ পর্য্যন্ত কর্ত্তৃপক্ষ কোন ব্যবস্থা করেন নাই। সম্প্রতি নদীয়া প্রকাশের প্রতিনিধি স্বরূপে শ্রীযুক্ত বাবু নৃপেন্দ্রনাথ ঘোষ মহাশয় স্থানীয় লোকের বিশেষ অনুরোধে ঐ সমস্ত স্থান পরিদর্শন করিয়া আসিয়াছেন। তাঁহার মত এই যে, স্থানীয় জলাশয়সমূহ একেবারে শুষ্ক হইয়া উঠিয়াছে। টিউবওয়েলের ব্যবস্থা না হইলে শীঘ্র কলেরা প্রভৃতি আরম্ভ হইবে।

পরের সংবাদ

প্রকাশ রাণাঘাটে পুলিশ দুইজন লোককে ধরিয়া থানায় আনে। অনেক লোক যাইয়া থানায় আক্রমণকারীকে অভিযোগ করেন সেই দুই জন বালককে যেন ছাড়িয়া দেওয়া হয়। পুলিশ সে কথায় কর্ণপাত না করায় লোকে জোর করিয়া আসামী ছিনাইয়া লয়। একজন লোক একজন দারোগাকে মাথায় এক ঘুঁষ মারে এবং অপর একজন লোক দারোগা বাবুর মাথায় ইটের টুকরা মারিয়া মাথা ফাটাইয়া দেয়; ফলে দারোগা বাবুকে হাঁসপাতালে পাঠাইতে হয়। তাঁহার অবস্থা সঙ্কটাপন্ন।

গত মঙ্গলবার রাত্রিতে নদীয়া জেলায় সামান্য বৃষ্টি এবং ঝড় হইয়াছিল। বুধবার প্রাতঃকালেও মেঘ করিয়াছিল তবে ঝড় ছিল না। সন্ধ্যা হইতে প্রায় দশটা যাবৎ খুব ঝড় হয় জল খুব সামান্য হয় চাষ আবাদ কিছু কিছু চলিতেছে বটে, কিন্তু আরও কিছু বৃষ্টি হওয়া আবশ্যক হইয়া উঠিয়াছে।

ইন্‌সলভেন্সীর নোটীশ

জেলা নদীয়া ডিষ্ট্রিক্ট জজ আদালত

(১)

ইন্‌সলভেন্সী মোঃ নং ৯।৩০

দরখাস্তকারী—পঞ্চানন মুখোপাধ্যায় পিতা শ্রীকেশবচন্দ্র মুখোপাধ্যায় সাং ও পোঃ দেবগ্রাম থানা কালীগঞ্জ জেলা নদীয়া জাতি ব্রাহ্মণ পেশা মুক্তিয়ারী

যেহেতু উপরোক্ত দরখাস্তকারী দেউলিয়া হইবার জন্য এই কোর্টে আবেদন করিয়াছে এবং তাহা শ্রবণের জন্য ২৪শে মে দিন ধার্য্য আছে, অতএব এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে, ইহাতে কাহারও কোন আপত্তি থাকিলে উক্ত ধার্য্য দিবসে এই কোর্টে দর্শাইবে।

(২)

ইন্‌সলভেন্সী মোঃ নং ১০।৩০

দরখাস্তকারী শ্রীনজরালি মণ্ডল পিতা মৃত চাঁদ মণ্ডল সাং ভুলুয়িয়া থানা জীবনগর জেলা নদীয়া জাতি মুসলমান পেশা মজুর গিরি।

যেহেতু উপরোক্ত দরখাস্তকারী দেউলিয়া হইবার জন্য এই কোর্টে দরখাস্ত করিয়াছে এবং তাহা শ্রবণের জন্য ৭ই জুন দিন ধার্য্য আছে।

অতএব এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে, ইহাতে কাহারও কোন আপত্তি থাকিলে এই কোর্টে উক্ত ধার্য্য দিবসে দর্শাইবে।

দৈশিক সাময়িক-প্রকাশ

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

গ্রন্থ-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই

স্বর্ণালঙ্কৃত। চতুর্থ সংস্করণ। বিষয়বিবৃত সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সমস্ত সংস্কৃত বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টর বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই ২৲ দুইটাকা

আবাঁধা – ১৷০ দেড়টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও অনিত্য সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? দেশ, সমাজ, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য ভিক্ষা ৶০

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৶০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নবদ্বীপ-বর্ণিত। এক নব দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক স্থানের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে আলোচিত হইয়াছে। পকেট সাইজ প্রায় ১৬০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

উজ্জ্বল রেশম-বাঁধাই উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শ্রীহরিনামচিন্তামণি

৷৶০ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তগণের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে বিবৃত হইয়াছে। তথা চাহ: শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

গীতি

পকেট সাইজ অষ্টম সংস্করণ ভিক্ষা ⁄০ আনা

যে সকল গীত আনন্দপ্রদ হইয়া—উহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন অন্তরের আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাগত হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। ছাড়য়া সংস্করণও প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড ⁄০ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— ⁄০, নবদ্বীপশতক— ⁄০

অর্থপঞ্চক— ⁄০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ পঞ্চম সংস্করণ ভিক্ষা ⁄১০

আমরা প্রত্যহ নূতন অভাব ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন্ বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি ভাবে আমরা সেই কল্যাণদাতে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিকই কল্যাণের কল্পক; যদি অলোকেরে নিত্যকল্যাণ প্রদানে

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয় সংবলিত প্রায় ৮২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৷০

শ্রীবলদেব বিদ্যাভূষণ-কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোণার জলে নাম লেখা রাজসংস্করণ ৩৲ টাকা, সাধারণ সংস্করণ ১৷০, গৌড়ীয়ের গ্রাহকপক্ষে ১৷০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সাময়িকোষ কোষগ্রন্থ)

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২ চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। বিষ্ণুবৈষ্ণবসম্পর্কিত শ্রীমন্দির ও শ্রীবিগ্রহের বিবরণ, ৫। বৈষ্ণবগ্রন্থ ও গ্রন্থ-সমূহের তাৎপর্য্য ও বিবরণ, ৬। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় আকরমূলে ব্যবহার কথা। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ম খণ্ড ৸৶০, ২য় খণ্ড ৸৶০, ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড ৸৶০, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ—১ম খণ্ড ১৲ এক টাকা

২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই ষট্সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ ফর্ম্মায় ৬৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমন্মধ্বাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ⁄০ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্—শ্লোক সূচী, বিষয়সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত। ভিক্ষা, প্রতি খণ্ড সাধারণ পক্ষে ৷৶০ গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৶০

২। ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৩য় সংস্করণ) ৫৲

৩। গৌড়ীয়-গৌরব ৶০

৪। গৌড়ীয়-সাহিত্য ৷০

৫। ভজনরহস্য ৸০

৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপ-শতকম্ (বাঁধা) ১৲

" " আবাঁধা ৸০

৭। গীতা (শ্রীবলদেবভাষ্যসহ) বাঁধা ২৲ আবাঁধা ১৷০

৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি টীকা-সহ) বাঁধা ২৲ আবাঁধা ১৷০

গীতার কেবল মূল-ভাষ্য ৷০

৯। মুক্তাফলটীকা ভগবৎসন্দর্ভঃ সানুবাদ (মাসিক) ২৲

১০। বেদান্তস্যমন্তক সানুবাদ (গ্রামাপুরীর) ৷০

১১। জৈবধর্ম্ম ২৲

১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৸৶০

১৫। দীপ-বিনোদন ৶০

১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ৷৶০

১৭। আচার ও আচার্য্য ৷৶০

১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

১৯। শ্রী'কল্যাণ (নবদ্বীপ পরিক্রমা) ৶০

২০। শ্রীনবদ্বীপধাম মাহাত্ম্য ৶০

২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৶০

২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০

২৩। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা দর্পণ ৷০

২৪। শরণাগতি, গীতাবলী, সাধনকণ, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্থপঞ্চক ও সদাচারস্মৃতিঃ মোট ৷৶০

২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও অর্চ্চন-কণ ৶০

২৬। সাধককণ্ঠমালা ৷৶০

২৭। সংস্কার দীপিকা ৷০

২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲

২৯। ব্রহ্মসংহিতা ৷০

৩০। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ৸০

৩১। মাধ্যমশরী সানুবাদ ৷০

৩২। গোবর্দ্ধনোদিতঃ ৸০

৩৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট, দ্বিতীয় সংস্করণ) ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া।

বিবিধ সংবাদ

স্যার জর্জ রেনি

ইণ্ডিয়া গেজেটের বহ্নাগারে প্রকাশ যে, স্যার জর্জ রেনি বড়লাট বাহাদুরের (এক্সিকিউটিভ কাউন্সিলের) শাসন-পরিষদের ভাইস্ প্রেসিডেন্ট নিযুক্ত হইয়াছেন।

দিল্লী বিশ্ববিদ্যালয়

রায় বাহাদুর ডঃ মাধবনারায়ণ পুনরায় দুই বৎসরের জন্য দিল্লী বিশ্ববিদ্যালয়ের ভাইস্ চ্যান্সেলার নিযুক্ত হইয়াছেন।

রাজপরিণয়

বিকানীরের রাজকুমারীর সহিত কোটারেটের ভাবী মহারাজের পরিণয় গত ১০ই মে তারিখে খুব জাঁকজমকের সহিত সম্পন্ন হইয়াছে।

চট্টগ্রামে খুন

গত ৩০শে মে চট্টগ্রাম হইতে এসোসিয়েটেড প্রেসের সংবাদে প্রকাশ যে, ঐ দিন শেষ রাত্রে চট্টগ্রাম হইতে ৬ মাইল দূরে পাহাড়তলী নামক রেলওয়ে সহরে কারখানার নিকট আসাম বেঙ্গল রেলের মিঃ ক, এ, প্রাউন নামক এক জন ইঞ্জিনিয়ারকে দেখিয়া সেখানকার জনৈক পাহারাওয়ালা দূর হইতে তাহার পরিচয় জিজ্ঞাসা করে; কিন্তু মিঃ প্রাউন কোন জবাব না দিয়া একটী টেলফর ঠিক লাইট জর্জর দিকে ধরে। তখন জনৈক তাহাকে একগাদিতে হত্যা করে।

সাইমন রিপোর্ট

রয়টারের সংবাদে প্রকাশ যে বিলাতে সাইমন কমিশন এই মর্ম্মে একটী বক্তাতার দাবী করিয়াছেন যে রিপোর্টের অধিকাংশই প্রেসে দেওয়া হইয়াছে এবং শেষ সংশোধনও করিয়া দেওয়া হইয়াছে।

সাইমন কমিশনের রিপোর্ট লিখিতে অনেক জটিল এবং গুরুতর সমস্যার সমাধান করিতে হইয়াছে এবং সেন্ট্রাল বাদে ভারতীয় কমিটীর সহিত একযোগে বৈঠক করিয়া তবে রিপোর্ট লিখিতে হইয়াছে। রিপোর্ট দাখিল হইবার পর উপযুক্ত সংখ্যক পুস্তক ছাপাইতে এত দেরী হইতে পারে, তাহা ভারত-সচিব পার্লামেন্টে প্রকাশ করিয়াছেন।

কলিকাতার বাজার দর

গবর্ণমেন্ট সিকিউরিটি অর্থাৎ কোম্পানীর কাগজ— বাৎসরিক ৩৷৷০ টাকা শতকরা সুদের কাগজ—৬৯৲

গত সপ্তাহের ঐ কাগজের দর ছিল ৬৪৷৷৵০ (এ সপ্তাহের মত কম দর অনেক দিনের মধ্যে দেখা যায় নি। বোম্বাই অঞ্চলে সোনার ব্যাপারীদের প্ররোচনায় অনেকে কাগজ বিক্রয় করিয়া সোনা কিনিতেছেন। সম্ভবতঃ সেজন্য দর কমিতে পারে)

		গতসপ্তাহ	বর্তমানসপ্তাহ
১৯৪৪ ৫৫ রেলওয়ে কাগজ		১০১৲	১০০৷৷০
১৯৬০-৭০	„	৭৭৵০	৭৬৷৷৵০
১৯২৯-৩৭	„	৯৫৷৷০	৯৫৵০
১৯৩৩-৩৪	„	৯৬৷৷০	৯৬৲

[illegible]

মদন মঞ্জরী

বটিকার বল ও বাতুবিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, অজীর্ণ, অম্লশূল, বহুমূত্র, মাথাধরা, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি সকল প্রকার বিকারে আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

"নপুংসকাধারি ঘৃত"

পুরুষত্বহানি রোগে বাহ্যপ্রয়োগ দ্বারা আরোগ্য করিয়া শক্তিসম্পন্ন করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

"ব্রহ্মণবিলাসিনী বটিকা"

বীর্য্যধারণ করত সঙ্গমশক্তি স্থায়ী ও বৃদ্ধি করিতে অত্যাশ্চর্য্য। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

রাজবৈদ্য নারায়ণজী, কেশবজী,
১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের ঢোকা শিশি বাদাম তৈল

আদি ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্ব্বজন পরীক্ষিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম খোদা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জুয়াচোরগণ কমদরের খারাপ তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত

ফেরাস কুইনিন

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আইরন, হাইড্রোক্লোরেট কুইনিন, আর্সেনিক এবং স্ট্রীকনিন আছে।

এই ফেরাস-কুইনিন দ্বারা ইনজেক্‌শন করিলে একটী বা দুইটী ইনজেক্‌শনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং ছয় হইতে বারটী ইনজেক্‌শনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া দেয়। ৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ডাঃ খঃ ৷৵০ ডাক বাইও-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটারীতে প্রস্তুত। ২৯১ হরিতকী বাগান লেন, কলিকাতা

কলিকাতা করপোরেশন

কলিকাতা কর্পোরেশন, পোর্টট্রাষ্ট এবং পাটকলের মত শেয়ারের "ডিবেঞ্চার" খরিদ দরে বিশেষ পরিবর্তন নাই এবং বিক্রয়ও নাই। বেশ বড় বড় ব্যাঙ্কের শেয়ারেরও ঐ অবস্থা। কয়লার শেয়ার বেশ বিক্রয় হইতেছে, তবে দরের কোন পরিবর্তন বিশেষ নাই। কাগজ কলের শেয়ার কিছু কিছু বিক্রয় হইতেছে। চায়ের শেয়ার একদম বিক্রী নাই।

বিলাতী হুণ্ডী

লণ্ডনে খরিদ ৩ মাস টাকার ১ শিলিং ৫৵ পেনি		
„ বিক্রয়	১	৫৵১০ „
আমেরিকায় ১০০ ডলার - ২৭৭৷৷০ টাকা		
জাপানে ১০০ ইয়েন - ১৩৭ টাকা		
ফ্রান্সে ১০০ টাকায় ৯১০ ফ্রাঙ্ক		

সোনারূপা

ইংলিশ প্রতি ভরি	২২/০
কলিকাতা মিন্টের	২৩৵৫
সোনার পাত	২১৷৷৵০
রৌপ্য ১০০ ভরি	৫৬৷৵০
চুক্তি „	৫৬৷৵০

পাট

নৈহাটী নগদ পাকা গাঁট ৪০০ হইতে ৫০			
আগামী বিক্রী	..	..	৫৯৲

টীন করোগেট

কলিকাতার তৈয়ারী ২২ গেজী ১২ ৩ হন্দর		
...	২৪	১১৷৷৵০
...	২৬	১২৵০

দেশী কাপড়

শ্রীরামপুর মিল—(শ্রীরামপুর)

২০৬০নং ধুতি ৪৪ × ১০ প্রমাণ প্রতি জোড়া

৬৪২০নং শাড়ী

মোহিনী মিল, আমেদাবাদ।

২২৮১নং ধুতি

৫১০০০নং শাড়ী

বঙ্গলক্ষ্মী মিল (শ্রীরামপুর)

২০২৫নং ধুতি	২৷৷০
৯২২নং শাড়ী	৩/০

মোহিনী মিল (কুষ্টিয়া)

৭৫নং ধুতি	২৷৵

৪২০নং শাড়ী

ঢাকেশ্বরী মিল (নারায়ণগঞ্জ)

২৮৯নং ধুতি

[illegible]

[illegible] মিল (আমেদাবাদ)

[illegible] ধুতি [illegible]

৫১০০ শাড়ী ঐ ঐ ঐ ২৫

[illegible]

পর-বিদ্যাপীঠ

(প্রাচীন নবদ্বীপ শ্রীমায়াপুর শ্রীচৈতন্যমঠ)

এখানে আহার এবং বাসস্থান দিয়া ছাত্রদিগকে বিভিন্ন শিক্ষণীয় বিষয় শিক্ষা দিবার ব্যবস্থা করা হইয়াছে। অনেক ছাত্র ইতোমধ্যেই আসিয়া পাঠ আরম্ভ করিয়াছেন। বর্ত্তমান বর্ষে সকল ছাত্রই গবর্ণমেণ্ট সংস্কৃত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

প্রধান অধ্যাপক—পণ্ডিত শ্রীযুক্ত শচীশচন্দ্র কাব্য ব্যাকরণ-সাংখ্য-বেদান্ত-ষড়দর্শন-তীর্থ, সাংখ্যভূষণ, বেদান্তরত্ন, সাহিত্যশাস্ত্রী, দর্শন-বাচস্পতি।

অধ্যাপক—পণ্ডিত শ্রীযুক্ত গৌরদাস ব্রহ্মচারী ব্যাকরণতীর্থ

শ্রীধাম মায়াপুর পরবিদ্যাপীঠ, (নদীয়া)

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাঁহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, বহুমূত্র, দুঃস্বপ্ন, পাকস্থলী সংক্রান্ত পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, কৃতকা, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রাপ্ত হওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১॥০ টাকা মাত্র।

সোল এজেন্ট—ডাঃ ডি, ডি, হাজরা।

[illegible], গার্ডেনরীচ পোষ্ট, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

এখনও অপূর্ব্ব সুযোগ! পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম্, এ [illegible] (লাহোর) মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত

৮৭ খানি অপূর্ব্ব চিত্র [illegible]।

বিশ্বকোষ-সম্পাদকের পরি[illegible]

উৎকৃষ্ট (ইঃ) মরোক্কো বাঁধা ১॥০ ভিঃপিতে ২৲ দুই টাকা মাত্র।

গ্রন্থ প্রকাশ হইবামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পদ্যসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোল্ড্ অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে এন্টিক-পেপারের কাগজে ছাপা

ভিক্ষা—২॥০ টাকা

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম্‌, এ, এফ্‌, সি, এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্ব্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে যত্নপূর্ব্বক ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দূর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।

নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাসি, সর্দ্দি, যক্ষ্মা, ক্ষয়রোগ, হৃদরোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্ব্বলতা নাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, শুক্রহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপরিসীম আনন্দদায়ক রসায়ন

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত দুরারোগ্য রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

বিশুদ্ধ জল! ভয় নাই! বিশুদ্ধ জল!!

লক্ষ্মী টিউব ওয়েল কোং

২০৫নং নবাবপুর, ঢাকা

বর্ত্তমান-যুগের নব-আবিষ্কৃত সুপ্রসিদ্ধ উন্নত বৈজ্ঞানিক-খনন-প্রণালীতে নলকূপ (*Tube-well*) নির্ম্মাণ করা হয়। বঙ্গের লাট বাহাদুর, প্রাদেশিক সেক্রেটারী, জিলা-ম্যাজিষ্ট্রেট, জিলা-বোর্ডের চেয়ারম্যান, রাজা-মহারাজ, জমিদার, তালুকদার, প্রভৃতি সম্ভ্রান্ত ভদ্রমহোদয়গণ এই কোম্পানীর কার্য্য দেখিয়া প্রশংসা করিয়াছেন। রাসায়নিক পরীক্ষায় জল বিশুদ্ধ না হইলে মূল্য গৃহীত হয় না। বিস্তৃত বিবরণের জন্য পত্র লিখুন।

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ লক্ষ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্ব্বজন-বিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটীর উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটিকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটিকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। "মণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাক্‌চিক্য করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্ব্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১ টাকা।

অন্যান্য আবিষ্কৃত

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন:—

প্রাপ্তিস্থান:—আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীমায়াপুর নদীয়া প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে—ডাঃ শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী এম্, বি, এস কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে।

টেলিগ্রামের নাম ও ঠিকানা— "শ্রীধাম" নবদ্বীপ

Registered No. C 1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩।০
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার নদীয়া জেলার একমাত্র মুখপত্র।

সাহায্যের হার
অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৫

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [৬০ সংখ্যা

শ্রীচৈতন্য ৪৪৪ শ্রীধাম মায়াপুর—২৯শে বৈশাখ সোমবার ১৩৩৭ ১২ই মে ১৯৩০

তারের সংবাদ

এলাহাবাদ—স্বামী শ্রীমদ্ ভক্তিবিবেক ভারতী গোস্বামী মহারাজ সহরের বিভিন্ন স্থানে শ্রীমদ্ভাগবত ও শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও তৎসম্বন্ধে বক্তৃতা দিতেছেন। এডভোকেট ভরিমোহন দাস ও ইন্দুভূষণ বন্দ্যোপাধ্যায় এবং আরও অনেক শিক্ষিত ভদ্রমহোদয়গণ গত রবিবার অপরাহ্ণে শ্রীরূপগৌড়ীয় মঠে আসিয়াছিলেন। স্থানীয় ভদ্রমহোদয়গণ এবং মহিলাগণ সকলেই শ্রীরূপগৌড়ীয় মঠের প্রচারে অতিশয় সন্তোষ লাভ করিয়াছেন।

অনারেবল স্যার ফাজিল হোসেন দিল্লী ইউনিভারসিটির প্রো-চ্যানসেলার নিযুক্ত হইয়াছেন।

দেশবন্ধু সেনগুপ্ত মহাশয় এখন অত্যন্ত রাজবন্দী রূপে আছেন।

"রেলওয়ে পুলিশ সুপারিন্টেণ্ডেণ্টের চেষ্টায় নদীয়া জেলার রাণাঘাট ষ্টেশনের হাজতের নিযুক্তি হইয়াছে।

শ্রীযুক্ত গান্ধী এক্ষণে ইয়েরাভাদা জেলে অবস্থান করিতেছেন। তিনি সম্পূর্ণ সুস্থ আছেন।

তায়েবজি শ্রীযুক্ত গান্ধীর সত্বর কার্য্যে পরিণত করিব বলিয়া শাসাইয়াছেন।

দিল্লীর উচ্ছৃঙ্খল জনসংঘের উপর পুলিশ গুলি চালাইতে বাধ্য হইয়াছিল। ৬ জনের মৃত্যু হইয়াছে এবং ৫০ জনের উপর জখম হইয়াছে। সহরে হরতাল চলিতেছে

কৃষ্ণনগরে ২২জন গ্রেপ্তার

ভোট যুদ্ধের সৈন্য তালিকা

টাউনহলে বিরাট সভা

ভদ্র মহিলাগণের যোগদান

ব্রহ্মে ভীষণ ভূমিকম্প

হাওড়া পুলিশের গুলিবর্ষণ

গান্ধিস্থানে তায়বজী নেতা

বৈষ্ণবধর্ম্ম সাম্প্রদায়িক নহে

অতীন্দ্রিয় বাণী

শ্রীপুরুষোত্তমে ভক্ত সম্মিলন

জগদীশ ক্ষেত্র

ভক্তি ধর্ম্মের প্রচার

চট্টগ্রামের অপর পার্শ্বে বিদ্রোহী দলের সহিত পুলিশের সংঘর্ষের ফলে ৪ জন বিদ্রোহী নিহত হইয়াছে।

বোম্বে—শ্রীমতী সরোজিনী নাইডুর নেতৃত্বাধীনে গত ৭ই মে তারিখে শোভাযাত্রা করিয়া মিঃ প্যাটেলের অভ্যর্থনা করা হইয়াছে।

বিরাট—শ্রীমদ্ ভক্তি সর্ব্বস্ব গিরি মহারাজ মীরাটে শ্রীশ্রীমহাপ্রভুর প্রচারিত শুদ্ধ-বৈষ্ণবধর্ম্ম প্রচার করিতেছেন।

ঢাকা—"ঢাকা মাধ্বগৌড়ীয় মঠের সেবকগণ বঙ্গের এই অঞ্চলে মহা উৎসাহের সহিত শুদ্ধ বৈষ্ণব-ধর্ম্ম প্রচার করিতেছেন। চতুর্দ্দিকের সমস্ত লোকেই তাঁহাদের প্রচারিত বিষয় বিশেষ শ্রদ্ধাসহকারে শ্রবণ করিতেছেন।

স্থানীয় জনসাধারণ কমলাপুরে শ্রীশ্রীগৌড়ীয় মঠের একটী সুন্দর মন্দির নির্ম্মাণ করিয়া দিয়াছেন।

প্যাটেল-সংবাদ

গত মঙ্গলবারে মিঃ প্যাটেল কলিকাতা পরিত্যাগ করিয়া নাগপুর অভিমুখে গমন করিয়াছেন অদ্য দিল্লী শুনা যাইতেছে এ মিঃ প্যাটেল এবং পণ্ডিত মদনমোহন মালব্য গ্রেপ্তার হইয়াছেন। ... [illegible] ... সংবাদ সত্য নহে।

... [illegible] ... মিঃ [illegible] সৈন্যকে সেখানে আনা হইয়াছে।

বদ্ধজীব—কর্ম্মফলাধীন ভোগী।
কর্ম্মফলে ধর্ম্ম, অর্থ ও কামই প্রাপ্য।
বদ্ধজীব—জ্ঞানাধীন ত্যাগী।

ফলত্যাগে মুক্তিই জ্ঞানীর প্রাপ্য।
কৃষ্ণ কর্ম্ম বা জ্ঞানের অধীন নহেন।
ভক্তিপথ মায়াধীন নহে।

ভুক্তি মুক্তি মায়ার সেবনই অমঙ্গল-প্রসূ
গৌরধামাশ্রয়ে কৃষ্ণভক্তি হয়।
অন্যত্র প্রাকৃত-রাজ্যে শুদ্ধভক্তি নাই

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রী... প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

... মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৪ পৃষ্ঠায় দ্বাদশস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইতেছে।

সমস্ত খণ্ড ... নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ৩৫।৵০ সাধারণ পক্ষে ৩০৸৵। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।৵০।

দশম স্কন্ধের ... ১২৲, অগ্রিম দাতাগণের পক্ষে ৮৲।

৬৫ অধ্যায়পর্য্যন্ত একাদশ খণ্ড ছাপা হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে। যাঁহারা কয়েক বৎসর পূর্বে ১০৲ টাকা ভিক্ষার তৃতীয় সংস্করণ ৪৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্য উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছে। সেই ১০৲ টাকার এই বিরাট গ্রন্থের স্বল্প সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস বলিয়া যিনি ...

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫৲

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪৷৷০ টাকা

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকটও নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত ... ঘোষ—... রোড, খুলনা।

২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ...—দেওয়ানগঞ্জ, ...বাড়ী কুচবিহার।

৩। শ্রীযুক্ত রাধারমণ রায়—১৮।১নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা।

৪। মিঃ এন ডি, মুখার্জি—এম, এস, ওয়ার্কস ... কানপুর।

৫ ... কুঞ্জবিহারী ... —স্বরূপগঞ্জ, নদীয়া

৬। ...বিহারী দাস অধিকারী, নবদ্বীপ।

৭ ... দে—মনোমোহন প্রেস, নবাবপুর, ঢাকা।

৮। ... রোড, চাঁপা, ২৪ পরগণা।

শ্রী... এম, এস, ...।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে পারেন না, তাঁহাদের শ্রীমন্ মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় হরি-কথা জানিবার প্রবল সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রাপ্তব্য	।০
একত্রে ৩ খণ্ড লইলে	৸৹
সাধন পথ (শ্রীমহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রাপ্তব্য	।০
একত্রে ৩ খণ্ড লইলে	।০
কল্যাণ কল্পতরু প্রাপ্তব্য	৵০
একত্রে ৩খণ্ড লইলে	।০
গীতাবলী প্রাপ্তব্য	৴১০
একত্রে ৩ খণ্ড লইলে	৵১৫
শরণাগতি—প্রাপ্তব্য	৴০
একত্রে ৩খণ্ড লইলে	৵৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ ভিক্ষা ।৵০ মাত্র

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীধামমায়াপুর, (নদীয়া)।

২। শ্রীগোপীনাথ মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।

৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডাঙ্গা জংশন রোড, কলিকাতা

। শ্রীপুরুষোত্তম মঠ,—চটকপর্ব্বত, পুরী।

৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,— উড়িয়া বাজার, কটক।

৭। শ্রীভাগবত মঠ,—চিরুলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।

৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৪নং জঙ্গমবাড়ী, কাশী, ইউ, পি

৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—... বৃন্দাবন, মথুরা, ইউ, পি।

০। শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ পি।

১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব।

২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ, ৯০নং নবাবপুর রোড, ঢাকা।

৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।

৪। শ্রীগদাধরমঠ,—আমলাজোড়া, ...পোঃ, বর্দ্ধমান।

৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—...কোণা, ... পোঃ, মালদহ।

৬। শ্রী...গৌড়ীয় মঠ,—আলালনাথ, ...পোঃ, পুরী, উড়িষ্যা

৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০১ ... রোড, ...

মনোমোহন প্রেস

৯০নং নবাবপুর, ঢাকা

পূর্ব্ব-বাজারের সুলভে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

৯০নং নবাবপুর, ঢাকা।

অজ্ঞতা না ভজে কৃষ্ণ দুষ্ট ... বদ করে ... সেই ... পাপে ডুব ...

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

[illegible]

অতীন্দ্রিয়বাণী

তত্ত্বেক্ষিত

যাঁরা শ্রীভগবানের বিরুদ্ধ ও স্বতন্ত্র [illegible] সময় কোন জীব ভগবৎ-সেবা বর্জিত করিয়া দেয়, ভগবদ্দাসী মায়া তাহাকে সংশোধিত [illegible] বারা আচ্ছন্ন করেন ও তাহাকে স্বতন্ত্র আপাত মনোহর নশ্বর বস্তুর প্রতি সুখের আশায় উন্মত্ত [illegible] করাইতে থাকেন। সুখের আশাটী হৃদয়ে পোষণকরতঃ সেই জীব যতই ভোগ্য বস্তু সংগ্রহের জন্য যত্ন করিতে থাকে, সে ততই ত্রিতাপে দগ্ধ হয়। এইরূপভাবে ত্রিতাপে দগ্ধ হইতে থাকায় যে সময় নিজের আসিয়া তাহার হৃদয়ে উপস্থিত হয়, তৎকালে উক্ত ভগবদ্দাসীরূপ মায়া যোগমায়া স্বরূপে তাহাকে কৃপা করে ও সাধু-সঙ্গদ্বারে তাহাকে জানাইয়া দেন-যে পৃথিবীতে [illegible] জীবন্ত, [illegible], সকল স্থূল ও সূক্ষ্ম জগতের বিরাজমান আছেন তদ্বস্তু পদার্থের দর্শনে ত্রিতাপ-গ্রস্ত ভোগবুদ্ধির পরিবর্ত্তে [illegible] সেবা বা পূজাবুদ্ধি ফুটিয়া উঠে এবং যখ দুর্বি [illegible] [illegible]

আমি [illegible] তুমি এখন [illegible] [illegible] অবলোকন করিতে [illegible]

[illegible] ভোগ্য ও পূজ্যরূপে প্রতীয়মান উভয়বিধ পদার্থই আছে [illegible] সহজে যায় না। তাই ভক্তপ্রবর শ্রীকুলশেখর বামজী বলিয়াছেন—"সকল পদার্থ এ জগমাঝি। [illegible] পাওত নাহি। সংসারের মায়া-প্রতিবন্ধ যারা ভোগবুদ্ধি যখন কিছু খর্ব হয় ও হৃদয় কিছু পরিমাণে নির্মল হইয়া পড়ে, তখন সাধুসঙ্গ হইবার এবং পূজ্যভাবে প্রকাশিত বস্তুগুলির প্রতি দৃষ্টিপাতের সুযোগ উপস্থিত হয়। পরম কারুণিক ও জীবৈকবন্ধু শ্রীভগবান্ সেবা-বিমুখ অজ্ঞ জীবদিগকে উদ্ধার করিবার জন্য স্বীয় শক্তিদ্বারা তাহাদিগের নয়নগোচর হইবার জন্য এই পৃথিবীতে উপরি উক্ত পূজ্যভাবোদ্দীপক [illegible] সেই সমুদয় পবিত্র পদার্থের প্রতি অজ্ঞ জীবের দৃষ্টি আকর্ষণের বন্দোবস্ত না করিলে [illegible] হৃদয়েই ঘুচিতে পারিত না। এরূপ সুব্যবস্থা-সত্ত্বেও যাহারা এখনও ভোগবুদ্ধিকে অপসারিত করিতে পারিতেছে না, তাহারা যে অত্যন্ত অপরাধী তাহা কে না স্বীকার করিবে? ভগবদ্-নিয়মকে তাহারাও অতিক্রম করিতে পারিবে না। কোন না কোন সময়ে তাহাদেরও পূজাবুদ্ধি [illegible] হইতে হইবে এবং অবশেষে যখন বুঝিবে যে ভোগ-পথে শান্তি সুখ নাই, তখনই বিমল সুধা[illegible] [illegible] এবং ভগবৎ[illegible] সেবা না [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] সম্যক্‌ভাবে [illegible]

বৈষ্ণবধর্ম্ম সাম্প্রদায়িক নহে

(পণ্ডিত শ্রীপাদ [illegible] বিদ্যাসাগর [illegible])

বস্তুর নিজ স্বভাবকে ধর্ম্ম বলে। [illegible] প্রধান করে, অতএব তাহারা ও [illegible] নিত্যধর্ম্ম না হয়। কিন্তু [illegible] না অতিরিক্ত [illegible] বা [illegible] এবং বাহ্য ও কঠিন আকার প্রাপ্ত হয়। [illegible]

[illegible]—নিত্যধর্ম্ম অবস্থিত হওয়ায়, [illegible] [illegible] এক সময়ের মধ্যেই। কেহ অস্বীকার করিতে পারিবে না। কিন্তু [illegible] বিচারদোষে নির্দ্দিষ্ট বস্তুকে [illegible] জ্ঞান করিয়া যখন আত্মঘাত দোষের ভাব, [illegible] ঘটে। এই আশ্চর্য্য ব্যাপার দেশ, কাল, পাত্র অনুসারে নানাবিধ হওয়ায় আমা[illegible] কোন কোন উৎপাদন করিয়া বস্তু নানাকারে প্রতিষ্ঠিত করিতে লাগিল। [illegible] মূল করি। [illegible] এই [illegible] নির্দ্দিষ্ট [illegible] বাধ্য সম্পাদন করিতে প্রস্তুত নহে।

যিনি বিশ্বে ব্যাপকভাবে নিরন্তর অবস্থান করিতেছেন, তিনিই বিষ্ণু। এই বিষ্ণুই প্রাকৃত ও অপ্রাকৃত জগৎ স্বীয় শক্তি বিভাগক্রমে সৃজন করিয়া তাহাদের অন্তর্যামী আছেন; বিষ্ণুর পর-ও অপরা নামক দুইটী শক্তির কথা শ্রীমুখে উল্লিখিত হইয়াছে যথা—ভূমিরাপোঽনলো বায়ুঃ খং মনো বুদ্ধিরেব চ অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা। অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্। জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে জগৎ॥

শ্রীভগবান অর্জ্জুনের উপদেশচ্ছলে জগতে বুদ্ধিমান্ ব্যক্তিগণকে শিক্ষা দিতেছেন—আমার নিম্ন অপর-প্রকৃতি অষ্টধা বিভক্ত আছে (১) পৃথিবী, মায়া, [illegible] বা বিকৃত শক্তি। এই শক্তি সকল অন্তঃকরণের প্রবৃত্তি। তাহাতে ক্ষিতি, অপ্, তেজঃ, বায়ু ও আকাশ এই পঞ্চ মহাভূত এবং মন, বুদ্ধি, ও অহঙ্কার নামক এই অষ্টপ্রকার আছে। শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধাত্মক [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] আমার বহিরঙ্গ [illegible] (২) এতদ্ব্যতীত আমার একটী চৈতন্যরূপ জীবভূতা শক্তি [illegible] আছে। সেই জীবশক্তি [illegible] লোকসমূহের [illegible] জীবভূত [illegible] [illegible] আমার [illegible] অপরা [illegible] গ্রহণ করিয়াছে। অর্থাৎ [illegible] জীবের [illegible] তাহাদের [illegible] এই প্রকার [illegible] [illegible] [illegible]

এই [illegible] [illegible] [illegible] [illegible] অত্যন্ত আত্মার [illegible] [illegible] [illegible] [illegible] আত্মাকেই [illegible] প্রতিষ্ঠিত হইতেছে [illegible] [illegible] বিভাজনের [illegible] হইতে পারে। কি ভগবান জীবের [illegible] [illegible] আত্মার সহিত যুক্ত করিয়াছেন

শ্রীপুরুষোত্তমে ভক্ত-সম্মেলন

[illegible] চৈতন্যভক্তগণ [illegible] শ্রীচৈতন্যদেবের অনুগমন করিয়া [illegible] আচার্য্য ভাবায় উপস্থিত হয়েন। [illegible] দিন শ্রীশ্রীভগবানের [illegible]। [illegible] সময় শ্রীমহাপ্রভু [illegible] গোবিন্দ [illegible] উপস্থিত হয়েন, সেই [illegible] হইতে যান, [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]। চৈতন্য [illegible] এই [illegible] বিলম্ব এক অপূর্ব্ব দৃশ্য, এই অপূর্ব্ব সম্মিলনে—[illegible] [illegible]। [illegible] চৈতন্য [illegible]। [illegible] কি হইল আনন্দ। [illegible] সুবিমল। [illegible] আনন্দ অন্ত নাই। [illegible] [illegible]।

শ্রীজগন্নাথদেবের নৌ-বিহার

[illegible] ও শ্রীগোবিন্দ নৌবিহারে [illegible] করিলেন। [illegible] চাবর ব্যজন সেবা করিতে লাগিলেন। বঙ্গদেশীয় [illegible] (চতুর্থ পৃষ্ঠায় [illegible] দ্রষ্টব্য)

[illegible] জীবগণের কর্ম্ম [illegible] সৃষ্টি করে। অতএব এই কথা [illegible] শুদ্ধভাবে [illegible] প্রতিষ্ঠিত হয়েছে জীব[illegible], যেহেতু নিত্য বৈধ [illegible] [illegible]

[illegible] [illegible] বৈষ্ণবদের আলোচনা [illegible] পাই—এই [illegible] সর্ব্বত্র [illegible] [illegible] [illegible] (১) বৃক্ষ, তৃণ ও গুল্মাদি [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] বৈধ পরিচয় [illegible] (২) পশু, পক্ষী, [illegible], কীট, পতঙ্গাদি [illegible] জীবের আহার [illegible]

(চতুর্থ পৃষ্ঠার [illegible])

জগদীশক্ষেত্র-

মাহাত্ম্য

স্কন্দপুরাণ পাঠে আমরা অবগত হই যে, জগদীশ-ক্ষেত্র বা ক্ষেত্রমণ্ডলে মনুষ্য, পশু, পক্ষী, কীট পতঙ্গ—যে কোন প্রকার প্রাণীর মৃত্যু হইলে তাহার মুক্তি হইয়া থাকে, জীবের ভববন্ধন-বিমোচনের নিমিত্ত পুরুষোত্তম অপেক্ষা প্রশস্ততর স্থান আর কোথাও নাই। ভগবান্ শ্রীকৃষ্ণ স্বয়ং তাঁহার [illegible] নিকটে বলিয়াছেন—

সিন্ধু-তীরে বটমূলে নীলাচল নাম।
ক্ষেত্র শ্রীপুরুষোত্তম অতি রম্য স্থান॥
অনন্ত ব্রহ্মাণ্ড কালে যখন সংহারে।
তবু সে স্থানের কিছু করিতে না পারে॥
সর্ব্বকালে সেই স্থানে আমার বসতি।
প্রতিদিন আমার ভোজন হয় তথি॥
সে স্থানের প্রভাবে যোজন দশ ভূমি।
তাহাতে বসয়ে যত জন্তু, কীট, কৃমি॥
সবারে দেখয়ে চতুর্ভুজ দেবগণ।
ভুবনমঙ্গল করি কহে যে সে স্থান॥
নিদ্রায় যে স্থানে সমাধির ফল হয়।
শয়নে প্রণাম ফল যথা বেদে কয়॥
প্রদক্ষিণ ফল পায় করিলে ভ্রমণ।
কথা মাত্র যথা হয় আমার স্তবন॥
হেন সে ক্ষেত্রের অতি প্রভাব নির্ম্মল।
মৎস্য খাইলেও পায় হবিষ্যের ফল॥

(৩য় পৃষ্ঠার চতুর্থ কলমের পর)

পশুপক্ষি, কোষাদি দ্বারা চৈতন্যের পরিচয় তাহারা স্বয়ং উপলব্ধ করিতে পারে। কিন্তু তাহারা বিচারশক্তিদ্বারা তাহাদের অস্তিত্বের কারণ অনুসন্ধানে অসমর্থ। (৩) মানবজাতির বিচারবুদ্ধি প্রখর হইলেও তাহাদের চৈতন্যের বিকাশ তারতম্য অবস্থায় পরিলক্ষিত হয়। অসভ্য অবস্থায় মনুষ্যজাতিগণ অনেকস্থলে নীতিশূন্যভাবে বিচরণ করে; আবার কুত্রাপি কতকগুলি নিয়মাদি প্রচলন দ্বারা পরস্পরকে অতিহিংসাবৃত্তি হইতে মুক্ত রাখে। ইহারা ক্রমে অনৈতিক ও নিরীশ্বর নৈতিকনামে মুকুলিতচেতন অবস্থায় থাকে। (৪) নীতির সাহত ঈশ্বরের অস্তিত্ব যখন স্বীকার করে তখন আবার কেহ কেহ বৈধমার্গে ভজন প্রণালী আবিষ্কার করিতে যত্নবান্ হয়। ইহাই সেশ্বর নৈতিক ও সাধন ভক্তগণের বিকচিত চেতন অবস্থা। (৫) যাহারা ঈশ্বর স্বরূপ ও আপনাদিগের স্বরূপ বিশেষরূপে অনুভব করিয়া পরস্পর সম্বন্ধ স্থাপন করিতে পারিয়াছেন, সেই ভক্তগণেরই পূর্ণবিকচিত চেতন অবস্থায় মনুষ্যত্ব পরিণত হইয়াছে।

(ক্রমশঃ)

নিজ নামে স্থান মোর হেন বিলক্ষণ।
তাহাতে যতেক বৈসে সে আমার সম॥
সে স্থানে নাহিক যম-দণ্ড অধিকার।
আমি করি ভাল মন্দ বিচার সবার॥

—চৈতন্যভাগবত

নিম্নলিখিতভাবে জগদীশের নিত্য-পূজা সম্পাদিত হয়।

১। তূর্য্যধ্বনি ও আরতি দ্বারা জাগরণ।

২। দন্তধাবন-জন্য কাষ্ঠ প্রদান।

৩। বস্ত্র-পরিধান।

৪। বাল্যভোগ—এই ভোগে ক্ষীর, নবনীত, দধি ও নারিকেল প্রদত্ত হয়।

৫। পূর্ব্বাহ্ন ভোগ—বেলা ১০টার বেহারা ও পাইক দ্বারা সম্পাদিত হয়।

৬। মধ্যাহ্ন ভোগ—ইহাতে অন্ন-ব্যঞ্জনাদি প্রদত্ত হয়। এই ভোগের পর আরাম; তৎপর বিশ্রামার্থ বেলা ৩টা পর্য্যন্ত দ্বার বন্ধ থাকে।

৭। ৪ টার পর নিদ্রাভঙ্গ ও জলপানি ভোগ।

৮। বৈকাল ভোগ—ইহাতে খাজা, গজা, মতিচুর, দধি প্রভৃতি প্রদত্ত হয়।

৯। বড় শৃঙ্গার বা নৈশ ভোগ—নানাবিধ উপাদেয় দ্রব্য সম্পাদিত হয়।

জগদীশের শৃঙ্গার বা বেশ

জগদীশ প্রত্যহ উষঃকালে মঙ্গলারতিক বেশ, অপরাহ্নে প্রহর বেশ, বিশেষ বাধা না থাকিলে আরাম বেশ, সন্ধ্যার পর বড়শৃঙ্গার বেশ ধারণ করিয়া থাকেন। এতদ্ব্যতীত বেহারাম, ঘরাট, জগন্নাথদেব ইচ্ছানুসারে বুদ্ধ, দামোদর, পার্ব্বতী, বামন, গণেশ প্রভৃতি বেশ ও পরিগ্রহ করেন।

জগদীশের উৎসব

জগন্নাথদেবের শ্রীঅর্থে তদীয় সেবকগণ প্রতি বৎসর নিম্নলিখিত মহোৎসব সমূহের অনুষ্ঠান করিয়া থাকেন।

চন্দনযাত্রা

এই মহামহোৎসবটী অক্ষয়তৃতীয়া তিথিতে আরম্ভ হইয়া ২২ দিন থাকে। এই সময় প্রত্যহ জগদীশের শ্রীঅঙ্গে দুই বেলা চন্দনলিপ্ত ও দুইবার অভিষিক্ত মার্জন করা হয়। এই সময় বিজয়বিগ্রহ শ্রীশ্রীকৃষ্ণ বলরাম, লক্ষ্মী ও সরস্বতীর সহিত শ্রীশ্রীমদনমোহন শ্রীমন্দির হইতে সুরম্য পাল্কীতে আসাসোটা চামর ও সেবকবৃন্দ সুসজ্জিত ছত্রী, অশ্ব, প্রভৃতি দ্বারা সুশোভিত এবং শঙ্খ, ভেরী, কাহাল, ঢাক প্রভৃতি বাদ্যযন্ত্রের মধুর তালে মুখরিত দিগ্‌দিগন্ত কম্পমানকারী বিপুল হরিধ্বনির সহিত নরেন্দ্র সরোবরকূলে চন্দনযাত্রার নির্দিষ্ট গমন করিয়া থাকেন। লোকনাথ, মার্কণ্ডেশ্বর, কপোতেশ্বর, যমেশ্বর বটেশ্বর এই পঞ্চ শিব বিগ্রহ ও ৫টী দোলায় মদনমোহনের অনুগমন করিয়া থাকেন। রামকৃষ্ণ ও মদনমোহনের গমনের সময় পথিমধ্যে অনেকবার তাঁহাদের ভোগরাগ সম্পন্ন হয়। নরেন্দ্রসরোবরে পৌঁছিয়া রামকৃষ্ণ ও মদনমোহন দুইটী সুসজ্জিত নৌকায় আরোহণ করেন; কিয়ৎকাল নৌকাবিহারের পর চন্দনসরোবরের (নরেন্দ্রসরোবরে) মধ্যস্থ শ্রীমন্দিরে গমন করেন। তথায় তাঁহাদের স্নান, সন্ধ্যারাত্রিক এবং ভোগরাগাদি সুসম্পন্ন হয়। তৎপর তাঁহারা শ্রীমন্দিরে প্রত্যাবর্ত্তন করিয়া থাকেন। চন্দনযাত্রার বিস্তৃত বিবরণ শ্রীগৌড়ীয় ৭ম বর্ষ ৩৯ সংখ্যার ৬০৫ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

(৩য় পৃষ্ঠার চতুর্থ কলমের পর)

ভক্তভাবাঙ্গীকারকারী পরমদয়ালু শ্রীগৌরসুন্দর শ্রীশ্রীজগদীশের সেই বিহারদর্শনে অতিশয় আহ্লাদিত হইলেন, অতঃপর তিনি ও ভক্তগণসহ নরেন্দ্রজলে ঝম্প প্রদান করিলেন।

সভক্ত মহাপ্রভুর জলকেলি

ব্রজেন্দ্রনন্দন তাঁহার ব্রজের সপার্ষদ পরিকরসহ অভিন্নরূপ শ্রীনবদ্বীপধামে অবতীর্ণ হইয়াছেন। এক্ষণে সেই পরিকর সহ অভিন্নব্রজেন্দ্রনন্দন শ্রীগৌরসুন্দর নরেন্দ্র সরোবরের জলে অবগাহনের নিমিত্ত অবতরণ করিয়াছেন। তিনি পূর্ব্বে যমুনার জলে যে প্রকার ভাবে সখাগণসহ মণ্ডলী নির্ম্মাণ পূর্ব্বক জলক্রীড়া করিতেন, এক্ষণে স্বীয় ভক্ত বৈষ্ণববৃন্দের সহিত সেই প্রকারভাবে পরস্পর জল বর্ষণপূর্ব্বক জলকেলি আরম্ভ করিলেন। প্রথমতঃ গৌড়দেশের কয়া নামক জলক্রীড়া হইল। সবেই বালকের প্রায় 'কয়া' 'কয়' বলিয়া জল হাততালি প্রদানপূর্ব্বক জলে বাদ্য বাজাইতে আরম্ভ করিলেন। তখন—

গোকুল শিশুভাব হৈল সবার।
প্রভুও হইলেন গোকুলেন্দ্র অবতার॥
বাহ্য নাহি কারো, সবে আনন্দে বিহ্বল।
নির্ভয়ে উঠয়েছে সবে যেন জল॥
অদ্বৈত চৈতন্য দুহে জল ফেলাফেলি।
প্রথমে লাগিল দুহে মহা কুতূহলী॥
অদ্বৈত হারেন ক্ষণে, ক্ষণে বা ঈশ্বর।
নির্ঘাত মারেন জল যেন পরস্পর॥
নিত্যানন্দ, গদাধর, শ্রীপুরী-গোসাঞী।
তিন জনে জলযুদ্ধ কারো হার নাই॥
বক্রে ভঙ্গে জলযুদ্ধ লাগে বার বার।
পরানন্দে দুই জনে করেন হুঙ্কার॥
দুই সখা বিদ্যানিধি স্বরূপ দামোদর।
হাসিয়া আনন্দে জল দেন পরস্পর॥
শ্রীবাস, শ্রীরাম, হরিদাস বক্রেশ্বর।
গঙ্গাদাস, গোপীনাথ, শ্রীচন্দ্রশেখর॥
এই মত অন্যোন্যে দেন সবে জল।
চৈতন্য-উল্লাসে সবে হইলা বিহ্বল॥

রুক্মিণী হরণ একাদশী

বৈশাখী শুক্লা একাদশী তিথিতে শরণাগতরক্ষক, ভক্ত বাঞ্ছাপূর্ণকারী শ্রীশ্রীমদনমোহন গুণ্ডিচাবাড়ীতে উদ্যান হইতে রুক্মিণীকে তাঁহার ইচ্ছানুসারে হরণ করিয়া অক্ষয়বটমূলে বিবাহ করেন।

স্নানযাত্রা

জ্যৈষ্ঠ পূর্ণিমা তিথিতে স্নানবেদীর উপর শ্রীজগন্নাথ বলরাম ও সুভদ্রাদেবীকে রোহিণীকুণ্ডের জলদ্বারা স্নান করান হয়। লক্ষ্মীদেবী এই স্নানের সময় চাউনিমণ্ডপ হইতে দর্শন করিয়া থাকেন। স্নানযাত্রার বিস্তৃত বিবরণ শ্রীগৌড়ীয় সপ্তমবর্ষ ৭২১ পৃষ্ঠায় দ্রষ্টব্য। এই পুণ্যময়ী পূর্ণিমা তিথিতেই বৈকুণ্ঠনাথ শ্রীশ্রীজগন্নাথ প্রপঞ্চে অবতীর্ণ হইয়াছেন।

রথযাত্রা ও পুনর্যাত্রা

রথযাত্রা আষাঢ় মাসের শুক্লা দ্বিতীয়া এবং পুনর্যাত্রা একাদশীতে অনুষ্ঠিত হয়। এই সময়ই জগন্নাথদেব রথারূঢ় হইয়া সর্ব্বসাধারণকে বিশেষরূপে দর্শন দিয়া ধন্য করেন তাই রথযাত্রার সময় যাত্রিসমাগম সর্ব্বাপেক্ষা বেশী হইয়া থাকে প্রবন্ধান্তরে এতৎসম্বন্ধে বিস্তৃত বিবরণ লিপিবদ্ধ করিবার ইচ্ছা রহিল।

শয়ন একাদশী

এই উৎসবটী আষাঢ় মাসের শুক্লা একাদশী তিথিতে অর্থাৎ পুনর্যাত্রা দিবসে অনুষ্ঠিত হয়।

ঝুলন যাত্রা

ইহা শ্রাবণ মাসের শুক্লা একাদশী তিথিতে আরম্ভ হইয়া পূর্ণিমা পর্য্যন্ত এই পাঁচ দিন অনুষ্ঠিত হয়।

জন্মাষ্টমী—ভাদ্রমাসের কৃষ্ণাষ্টমীতে অনুষ্ঠিত হয়।

পার্শ্বৈকাদশী—ভাদ্রশুক্লা একাদশীতে অনুষ্ঠিত হয়। এই সময় জগদীশের পার্শ্ব পরিবর্ত্তন হয়; এই দিনই "বামন জনম" নামক উৎসবটী ও সম্পাদিত হয়।

(৫ম পৃষ্ঠার ১ম কলমে দ্রষ্টব্য)

ভক্তিধর্ম্মের-প্রচার

(খুলনায়)

শ্রীধাম-মায়াপুর শ্রীচৈতন্যমঠের অন্যতম প্রচারক পরিব্রাজকাচার্য্য ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ খুলনার বিভিন্ন স্থানে হরিকথা প্রচার করিয়া খুলনাবাসীর অনাদিকাল ভগবদ্বহির্ম্মুখতারূপ আবরণ খুলিয়া ভক্ত্যুন্মুখী সুকৃতি অর্জ্জনের সুযোগ দান করিতেছেন।

গত ৯ই বৈশাখ (১৩৩৭) মঙ্গলবার বাসিন্দা শ্রীযুক্ত জনার্দ্দন দাসাধিকারী মহাশয়ের বাটীতে শ্রীচৈতন্যচরিতামৃত হইতে 'গৃহস্থ বৈষ্ণবের কর্ত্তব্য' সম্বন্ধে পাঠ-ব্যাখ্যান করিয়া গৃহব্রত ও প্রকৃত গৃহস্থের

পার্থক্য জানাইয়াছেন। শুধু রৌদ্র বর্ষা হইতে ত্রাণ পাইবার জন্য গৃহ বাঁধিয়া বাস করিলে কিম্বা পৃথিবীরূপ গৃহ গ্রহণ করিয়া ভোগে আবদ্ধ থাকিলে গৃহস্থ হওয়া যায় না। যিনি সদ্গুরুর কৃপালাভ করিয়া ভক্তহৃদয়ে যেরূপ গৃহে "আমি সেবা কৃষ্ণদাস, আমার উপাস্য বস্তু কৃষ্ণ" এইরূপ সম্বন্ধজ্ঞানবিশিষ্ট হইয়া কৃষ্ণসেবা, বৈষ্ণব-সেবা ও নামসংকীর্তনে জীবন অতিবাহিত করেন তিনি সত্য সত্য গৃহস্থ। শ্রীমন্মহাপ্রভু কুলীনগ্রামবাসী সত্যরাজখানকে লক্ষ করিয়া সমস্ত বিশ্ববাসীকে এই চরম উপদেশ করিয়াছেন। শ্রোতৃমণ্ডলী প্রায় একঘণ্টা কাল ব্যাপিয়া, মহারাজের মুখে এইরূপ বহুসারগর্ভ উপদেশ শ্রবণ করিয়া বিশেষ প্রীতিলাভ করিয়াছেন। সভাতে স্থানীয় বহু শিক্ষিত ব্রাহ্মণ পণ্ডিত কর্মী, জ্ঞানী, নর-নারী প্রভৃতি উপস্থিত ছিলেন।

গত ১০ই বৈশাখ বুধবার পরিব্রাজকাচার্য ত্রিদণ্ডস্বামী শ্রীমদ্ভক্তিপ্রদীপতীর্থ মহারাজ সাতবাড়িয়া শ্রীযুক্ত রাজেন্দ্র নাথ বসু মহাশয়ের ভবনে বহুক্ষণ পর্যন্ত মনুষ্য-জীবনের কর্তব্যসম্বন্ধে শাস্ত্রযুক্তিমূলে বহুক্ষণ ধরিয়া কীর্তন করেন। বহু নর-নারী স্বামিজীর অমৃতপূর্ণ বাণী একাগ্রচিত্তে শ্রবণ করিয়া চরিতার্থ যে মানব জীবনের একমাত্র কর্তব্য তাহা সম্যগ্রূপে বুঝিতে পারিয়াছেন।

(৪র্থ পৃষ্ঠার ৪র্থ কলমের পর)

উত্থান একাদশী—কার্তিকী শুক্লা পূর্ণিমা তিথিতে অনুষ্ঠিত; এই দিবস শ্রীহরি শয়ন হইতে উত্থিত হন।

রাসযাত্রা, কুমার পূর্ণিমা বা কোজাগর পূর্ণিমা—কার্তিক মাসের পূর্ণিমা তিথিতে অনুষ্ঠিত হয়।

নব-ন্যাস—অগ্রহায়ণ মাসে অরণ্য-ষষ্ঠী তিথিতে অনুষ্ঠিত হয়।

অভিষেক—পৌষ পূর্ণিমাতে অনুষ্ঠিত। এই দিবস উত্তর পূজায় বেশ হয়।

মকর সংক্রান্তি—নূতন দ্রব্যের ভোগ দ্বারা এই উৎসবটী সম্পাদিত হয়।

দোলযাত্রা—ফাল্গুনী পূর্ণিমা তিথিতে অনুষ্ঠিত হয়। শ্রীধাম মায়াপুরে শ্রীমন্মহাপ্রভুর জন্মোৎসব উপলক্ষে এই তিথিতে যে প্রকার অসংখ্য লোকের সমাগম হয় সেই প্রকার শ্রীপুরুষোত্তমক্ষেত্রে শ্রীশ্রীজগন্নাথের দোলযাত্রা দর্শনের জন্য সহস্র সহস্র যাত্রীরা আগমন করিয়া থাকেন।

শ্রীরামনবমী—এই তিথিতে শ্রীশ্রীজগন্নাথ রামবেশ ধারণপূর্বক পূজিত হন।

দমন ভঞ্জিকা—চৈত্র শুক্লা এই মহা-মহোৎসবটী জগন্নাথধামে অনুষ্ঠিত হয়।

নানা খবর

কৃষ্ণনগরে ২২ জন গ্রেপ্তার

গত ৮ই মে বৃহস্পতিবারের রাত্রিবেলায় গোয়াড়ী এবং কৃষ্ণনগরের ভীষণ অবস্থা হইয়াছিল। চারিদিকে লোক ছুটাছুটি করিতে আরম্ভ করিল এবং ঘন ঘন "বন্দে মাতরম্" ধ্বনি দিগন্ত মুখরিত করিল। অনুসন্ধানে জানা গেল যে, স্থানীয় বাইশ জন ভদ্রসন্তানকে বেঙ্গল অর্ডিন্যান্স অনুসারে গ্রেপ্তার করা হইতেছে।

যে সকল ব্যক্তিকে গ্রেপ্তার করা হইতেছিল, রাস্তার লোক তাঁহাদিগের জয়ধ্বনি করিতে লাগিল।

[illegible] শ্রীমন্ নিত্যানন্দ [illegible] কোন [illegible] হইতেছে [illegible] অনুকরণে [illegible] উজ্জ্বল [illegible] কর্ত্তৃক মা [illegible] আছে। কিন্তু [illegible] সকলই সাধিত হইতে পারে [illegible] যাহাতে কোন [illegible] না পারে [illegible] পথ [illegible] করিয়াছেন [illegible] হয় [illegible], [illegible], শাস্ত্রীয় জ্ঞান, [illegible] বিজ্ঞান ও শাস্ত্রার্থে [illegible] আছিলা এই [illegible] কর্ম্ম। গৌড়ীয় [illegible]

৫ম পৃষ্ঠার ৩য় কলমে দ্রষ্টব্য।)

(৩য় পৃষ্ঠার ৩য় কলমের পর)

শ্রীমতীর বন্ধু হও—এই নিমিত্তই আমি তোমার সেবাকাঙ্ক্ষী।"

সকলচক্ষুশ্রেণ্য শ্রীগৌরসুন্দর বলেন,—

"ন ধনং ন জনং ন সুন্দরীং কবিতাং বা জগদীশ কাময়ে।
মম জন্মনি জন্মনীশ্বরে ভবতাদ্ভক্তিরহৈতুকী ত্বয়ি॥"

"আমি ধনজন নাহি মাগিয়া চাই না, আমি জন্মজন্ম দুঃখ ক্লেশ লাভ করিতেও মুক্তি চাই না। তোমার সেবাব্যতীত আমার অন্য কোন ভাবনা নাই। সেই সেবায় তোমাতেই প্রেম উদয় হউক।"

ভগবান্ বিষ্ণুর উপাসকসম্প্রদায়ই পারমহংসী। যাঁহারা একান্তভাবে ভগবানের চরণ আশ্রয় করিয়াছেন, তাঁহাদের কোন দুঃখ নাই। তাঁহারা অপর বিষ্ণুভক্তি-রহিত মনোধর্মজীবগণের প্রতি দয়ার্দ্রচিত্ত হইয়া সেই দুঃখ অপনোদন করিবার যত্ন করিয়া থাকেন। তজ্জন্যই সাধু বৈষ্ণবের লক্ষণে প্রাকৃত ক্ষোভের কারণ হইলে যিনি ক্ষুব্ধ হন না, তিনিই বৈষ্ণব নামে অভিহিত। দুঃখে অনুদ্বিগ্নমনা, সুখে বিগতস্পৃহ হইলে অনুরাগ, ভয় ও ক্রোধ বিমুক্ত জীবই 'মুনি' বলিয়া কথিত হন। ইহাই বৈষ্ণবের লক্ষণ। কিন্তু যিনি সম্যক্‌ভাবে নিরপেক্ষ হইলেও জীবের দুঃখের প্রতীকার লৌকিকবিষয়ে সম্ভবপর নহে। কপিল মুনি বলেন,—সাংখ্য-শাস্ত্রালোচনাফলেই জীবের ত্রিবিধ দুঃখ বিদূরিত হইবে। পতঞ্জলি ঋষি বলেন,—চিত্ত হইতে বিমুক্ত হইলে ত্রিবিধ দুঃখ হইতে অব্যাহতি লাভ ঘটিবে। গৌতমাদি-ঋষি বলেন,—"ন্যায়িক আত্মজ্ঞানের মূল-নিদান বুঝিতে পারিলেই মঙ্গল হইবে।" জৈমিনি ঋষি বলেন, সৎকর্মপ্রভাবেই জীবের মঙ্গল হয়। সুতরাং এই পাঁচ প্রকার চিত্তবৃত্তি মনোধর্মজীবিকে স্বাধ-পথে অগ্রসর হইতে বলে। কিন্তু পরে কার্যিক বিরক্তির দিয়া মাধব ও [illegible] কৃষ্ণদ্বৈপায়ন বলেন,—ভগবদ্ভক্তিব্যতীত ত্রিতাপ দুঃখ অপসারিত করা যায় না। সেই জন্য শাস্ত্রস্থলে [illegible] বলেন,—সকলপ্রকার নিত্য [illegible] মধুরের ভগবৎসেবার [illegible] দ্বারাই জীবের উদয় [illegible] সাধিত হয়, আর সেই [illegible] সেবাপরায়ণ হইতে হইলে যাহারা [illegible] সেবাপর, তাঁহাদের অনুসরণদ্বারাই জীবের [illegible] দুঃখ দূর হয়। দুঃখ দূর করিতে [illegible] [illegible] বোধের [illegible] করেন এবং যাহা জ্ঞান-যোগের "[illegible]" পড়িয়া নিজনাম লাভ করিয়া '[illegible]' নামে অভিহিত হয়, তাহারা কোন বাস্তব [illegible] আধ্যাত্মিক-দুঃখ [illegible] হয়।

প্রয়াগ-প্রসঙ্গ

শ্রীচৈতন্যমহাপ্রভুর মনোভীষ্টপ্রচারই শ্রীচৈতন্যশিষ্য শ্রীরূপদেবের কার্য। অচৈতন্যের দিকে প্রধাবিত অধুচৈতন্য জীবকুলকে চৈতন্যের দিকে আকর্ষণ করা শ্রীচৈতন্য এবং পরমারাধ্য প্রভুপাদের প্রকৃত পরিচয়।

তীর্থরাজ প্রয়াগে যখন শ্রীচৈতন্যমহাপ্রভু আগমন করিয়াছিলেন, তখন তাঁহার অলৌকিক-মূর্তি এবং ভাবাবেশাদি দর্শন করিতে লক্ষ লক্ষ লোকের সমাবেশ হইয়াছিল। সাধারণ লোকের বুদ্ধি তাঁহা না হইলেও অসাধারণ কিছু দর্শন করিলে সাধারণভাবে ধরিয়া লইতে পারে। কিন্তু যদিও অপ্রাকৃতবস্তু প্রাকৃত দৃষ্টিতে বিচার করিয়া লইতে পারা যায় না তবুও সেই অপ্রাকৃত বস্তু যখন নিজকে প্রকাশ করিবার জন্য কৃপাপূর্বক অবতীর্ণ হন তখন সকল নিয়ম নিষেধের স্বতন্ত্র সম্পত্তি না দেখাইয়া ভক্তপ্রেমের অধীন হইয়া যান।

গুরুকৃপায় ভগবানের কৃপা লাভ হয়। আবার স্বতন্ত্রাধীন ভগবানও ভক্তের ভিতর দিয়া ভক্তানুগত জীবকে কৃপা করিয়া থাকেন। তাই আজ প্রভু দয়া পড়িলেন শ্রীরূপপ্রভুর নিকট। শ্রীরূপগোস্বামি-প্রভু অনুজ শ্রীঅনুপমের সহিত প্রভুর নিকট উপস্থিত হইলেন। প্রভুও আপনজনের দর্শনে আনন্দিত হইয়া আলিঙ্গনান্তে উভয়ের মস্তকে শ্রীচরণ অর্পণ করিলেন। তখন জগতের নিকট জগন্নাথের পরিচয়

সুতরাং ভক্তিযোগপ্রভাবে কামাদি ষড়্-রিপুর হস্ত হইতে মুক্ত হইয়া সাক্ষাৎ মুকুন্দসেবার ফলে দুঃখালয়ের প্রাপঞ্চিক জীবকুল বৈকুণ্ঠে গমন করেন। মানসিক কুণ্ঠাবশ তাঁহাকে আক্রমণ করিতে পারে না। সততেশ ও সর্বৈশ্বর্য আত্মচেষ্টাকে সঙ্কুচিত করিতে অসমর্থ হয়। এই জন্য কবিকুলচূড়ামণি কৃষ্ণদাস বলেন,—"চৈতন্যচন্দ্রের দয়া করহ বিচার। বিচার করিলে চিত্তে পাবে চমৎকার॥" এই জন্য নিখিলবেদপ্রতিপাদ্যবেদ্যাচার্য শ্রীপ্রবোধানন্দ বলেন,—"অত্যো-দয়া-দয়ার ধারায় জীবের দুঃখ বিদূরিত হয় এবং উহার শ্রীদাসগোস্বামীর মতন। তিনি তাহা এই শ্লোকে ব্যক্ত করিয়াছেন,—

"যো মাং দুস্তরগেহ-নির্জন—
মহাকূপাদপারক্লমাৎ
সদ্যঃ সান্দ্রদয়াম্বুধিঃ প্রকৃতিতঃ
স্বৈরীকৃপাঃ ক্ষিপিঃ।
উদ্ধৃত্যাত্ম-সরোজনিন্দি-চরণপ্রান্তে
প্রপাদ্য স্বয়ং
শ্রীদামোদরসাচ্চকার তমহং
চৈতন্যচন্দ্রং ভজে॥"

(৩য় পৃষ্ঠার ৪র্থ কলমের পর)

স্বভাবজ কর্ম এবং কৃষি, গোরক্ষাদি বৈশ্য-স্বভাবজ কর্ম। আর ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্য—এই ত্রিবর্ণের পরিচর্যাত্মক কর্মই শূদ্র-স্বভাবজ কর্ম। (গীতা ১৮-৪২-৪৪ শ্লোক) এক্ষণে শূদ্র যদি তাঁহার স্বভাবজ কর্মে ব্রাহ্মণকে প্রবৃত্ত হইতে না দেখিয়া ক্রোধে অধীনস্থ হন এবং ব্রাহ্মণকে নিন্দা করিতে থাকেন, অথবা ব্রাহ্মণও স্ব স্ব ব্রাহ্মণোচিত স্বভাব ছাড়িয়া শূদ্রোচিত কার্যে প্রবৃত্ত হন, তাহা হইলে সমাজে অতঃপর বিশৃঙ্খলা থাকিয়া যায় না কি? শূদ্র ব্রাহ্মণকে তাঁহার কর্ম করাইতে বাধ্য করিলে পরস্পর কলি বা বিবাদ তর্কের আশ্রয়গ্রহণ ব্যতীত গত্যন্তর দেখা যায় না। এই কলিতে সিয়াই আজ সমাজ অধঃপাতে যাইতে বসিয়াছে।

শৌক্র-বিচার অত্যন্ত প্রবল হওয়ায় ব্রাহ্মণ প্রাকৃতশুক্র-শোণিতের দাস হইয়া পড়িয়া নিজস্বভাব বিস্মৃত হইয়াছেন, শূদ্রও তথাকথিত ব্রাহ্মণকে তাঁহার সমধর্মী দেখিয়া বিশুদ্ধ ব্রাহ্মণের আদর্শতা কলে ক্রমোন্নতিলাভপূর্বক বিশুদ্ধ ব্রাহ্মণত্ব লাভের প্রয়াস ছাড়িয়া কপটতাবলম্বে যাজ্ঞোপবীতে জোর করিয়া ব্রাহ্মণ সাজিতে চাহিতেছে। এরূপক্ষেত্রে ব্রাহ্মণ তাহার প্রতিষ্ঠাশাকাঙ্ক্ষায় ভীত হইয়া কোন প্রকারে ব্রাহ্মণ নামটি বজায় রাখিবার জন্য শূদ্রের তোষামোদ করা ছাড়া উপায়ান্তর দেখিতেছেন না। এবং শূদ্রবৃত্তি অবলম্বন করা উচ্চবর্ণ ব্রাহ্মণের পক্ষে কতটা মহত্ত্বের পরিচয় তাহা জানাইয়া নিজের সঙ্গে সঙ্গে শূদ্রেরও উন্নতির পথটি চির-কণ্টকিত করিয়া সমাজের সর্বনাশ সাধন করিতে বিন্দুমাত্র ত্রুটি করিতেছেন না। আমরা ব্রাহ্মণেতর বৃত্তিকে ঘৃণা করিবার কথা বলি না, কিন্তু উহাদের কর্তব্য অনুষ্ঠানকে ক্রমশঃ উন্নতির পথে টানিয়া তোলা। তাহা হইলে সত্য সত্যই গুণ-কর্মের আদর বাড়িয়া প্রকৃত দৈব-বর্ণাশ্রম প্রতিষ্ঠিত হইতে পারিবে। নিম্ন-শ্রেণীর লোক যদি দেখে যে, তাহাদের গুণানুসারে উচ্চশ্রেণীতে আরোহণের অধিকার দেওয়া হইতেছে, তখন তাহারা সেই উচ্চশ্রেণীতে আরোহণের যোগ্য-গুণাবলী সংগ্রহ করিতে উদ্যমশীল হয়, কিন্তু যখন দেখে যে, তাহাদিগকে চির-কালই নিম্নশ্রেণীতে রাখিবার ব্যবস্থা হইতেছে, তখন তাহাদের উচ্চশ্রেণীর গুণ সংগ্রহের স্পৃহা দূর হইয়া যায়, তাহারা কপটাশ্রয়ে বলপ্রকাশপূর্বক উচ্চাসন গ্রহণ করিতে চায়। ব্রাহ্মণেতর ব্যক্তির ক্রমোন্নতি-প্রথার দিকে লক্ষ্য রাখিবার যোগ্যতা অর্জন না করিয়া ব্রাহ্মণব্রুবগণ যে তাহাদের প্রতি সহানুভূতি প্রদর্শন

দিয়া প্রভুপাদ শ্রীরূপ প্রণাম করিলেন—

নমো মহাবদান্যায় কৃষ্ণপ্রেমপ্রদায় তে।
কৃষ্ণায় কৃষ্ণচৈতন্যনাম্নে গৌরত্বিষে নমঃ॥

মহাপ্রভুর আগমন সংবাদ অবগত হইয়া বিলম্বে চাহিয়েছে ডাকাইয়া পাঠান। সেকালে ত্রিবেণীর নিকট যমুনার অপর পারে আড়েলী বা আড়াইল গ্রামে ভক্ত বল্লভভট্ট বাস করিতেন। তিনি সংবাদ পাইয়া মহাপ্রভুর নিকটে উপস্থিত হইয়া দণ্ডবৎ প্রণাম করিলে প্রভু তাঁহাকে আলিঙ্গন করিলেন। কৃষ্ণকথা-প্রসঙ্গ উত্থাপিত হইল। কৃষ্ণ-বিরহকথা-শ্রবণে ভাবে বিভোর হইয়া পড়িলেন। অতঃপর অপ্রেমে সম্বরণ হইলেও প্রভু বল্লভের নিকট অতিকষ্টে ভাব সম্বরণ করিবার প্রয়াস পাইলেন। বল্লভ ভাবাবেশে মহা-চমৎকৃত হইলেন। প্রভুকে স্বভবনে লইবার জন্য সানুনয়ে নিমন্ত্রণ করিলেন।

ভট্টের মনে বর্ণাভিমান প্রবল ছিল। সর্বজ্ঞমনোহারী প্রভু সেই দোষ নিরাময়ের জন্য বল্লভের সহিত বৈরাগ্যাবতার সাধুপ শ্রীরূপপ্রভুর মিলন করাইয়া দিলেন। বৈষ্ণবদর্শনের প্রভাবে 'কৃষ্ণ শিক্ষা দিতে সর্বলোক-শিক্ষক প্রভুপাদের দূর হইতেই ভূমিলুণ্ঠিত হইয়া প্রণাম করিলেন। ভট্ট মহাশয় উভয়কে আলিঙ্গন করিতে অগ্রসর হইলে উভয়ে দূরে সরিয়া বলিলেন—

"অস্পৃশ্য পামর মুঞি, না ছুঁইহ মোরে।"

ভট্ট অবাক্ হইয়া গেলেন। এরূপ বিনয়-ব্যবহার তিনি এই প্রথম দর্শন করিলেন। তিনি ক্ষণকালের জন্য স্তম্ভিত হইলেন।

মহাপ্রভুর হৃদয়ে খুবই আনন্দ। কেননা প্রভুর অন্তরাত্মা শ্রীরূপপ্রভু আজ প্রভুর মনোভিলাষ পূর্ণ করিয়াছেন। উদ্দেশ্যসিদ্ধি পূর্ণমাত্রায় করিবার জন্য স্বয়ং বলিলেন—

ইঁহো না স্পর্শিহ, ইঁহো জাতি অতিহীন।
বৈদিক, যাজ্ঞিক তুমি কুলীন প্রবীণ॥

কৃপাবারিধি শ্রীকৃষ্ণ-চৈতন্য মহাপ্রভু আজ ভট্টকে অযাচিত কৃপা করিতে প্রস্তুত। সুতরাং ভট্টের ব্যাপার বুঝিতে বিলম্ব হইল না। তিনি বলিলেন,—প্রভো! ইহারা কি প্রকারে অধম হইলেন? যাঁহার মুখে নিরন্তর শ্রীকৃষ্ণ-নাম নৃত্য করেন, তিনি ত' অধম নহেন, সর্বোত্তম। শাস্ত্রজ্ঞ ভট্ট সঙ্গে সঙ্গে শাস্ত্রীয় প্রমাণও উদ্ধৃত করিলেন।

অহো বত শ্বপচোঽতো গরীয়ান্
যজ্জিহ্বাগ্রে বর্ততে নাম তুভ্যম্।

করিতেছেন, তাহাতে আমরা ব্রাহ্মণোচিত সরলতার লেশমাত্রও দেখিতে পাই না।

ভেগুণগণে জুহুয়ুঃ মধুস্রাবা
ব্রহ্মপুর্নিশ পূর্ণতি যে যে॥

কর্মানুসারে জীবগণ বাহিক জগতে উচ্চনীচযোনিতে জন্ম করেন। সুতরাং কোন জীবের পক্ষে কোন বিশেষকুল বার বার জন্মগ্রহণের জন্ম নির্দিষ্ট নাই। সৎকর্মফলে উচ্চকুলে এবং অসৎ বা নিকৃষ্টকর্মপ্রভাবে নীচকুলে জন্ম-লাভ হয়। কিন্তু জীব যে কুলেই না জন্মগ্রহণ করুক, সকল অবস্থাতেই তাহার বদ্ধদশা। যেমন কারাগৃহে অপরাধহিসাবে ভাল মন্দস্থানে বসতি নির্দেশ হইলেও এবং শাস্তির পরিমাণে আহার-বিহারাদির বিচারের তারতম্য থাকিলেও কারাবাসী সকলেই বন্দী।

বদ্ধদশা আর মুক্তদশা বিপরীত অবস্থাদ্বয়। দেহ ও মনের সুখানুসন্ধান-মূলে যত কিছু কার্য্য করা যায় সকলই বন্ধন-দশার সহায়ক। আর পরমাত্মা বা ভগবানের সেবার উদ্দেশ্যে যৎকিছু অনুষ্ঠান করা যায় তাহা সুখ দুঃখ-প্রদ কর্ম না হইয়া সুখ-দুঃখাতীত ভগবৎ-সেবানুভূতিপ্রদ। বেদাধ্যয়ন, তীর্থস্নান, যজ্ঞ এবং তপস্যাদি সকলই সেই পরতত্ত্ব-সেবোদ্দেশক অনুষ্ঠান। জীব এই সকল অনুষ্ঠানে অপ্রাকৃত-রাজ্যে প্রবেশের প্রথম এবং সর্ব্বাবস্থার অবলম্বন 'শ্রদ্ধা' নামক রত্নকে লাভ করেন, এবং শ্রদ্ধাফলে শ্রদ্ধা-বৃদ্ধির সঙ্গে সর্ব্বপ্রকার সাধন-সার শ্রীকৃষ্ণ-নাম-সংকীর্ত্তনে নৈষ্ঠিকী রতি লাভ করেন। এই রতিই শুদ্ধ-জীবাত্মার বদ্ধদশা-বিধ্বংসিনী-বিভ্রমহারিণী।

বদ্ধাবস্থা জীবের অপরাধময়ী অবস্থা। আবৃত-স্বরূপে জীবের উচ্চ-নীচাভিমান ভ্রান্তিময়ী ধারণা। অজ্ঞদেহে বা বিরূপে আদি-বুদ্ধিই ইহার কারণ। সুতরাং সংসারে বিধি বদ্ধাবস্থা হইতে মুক্তি না পাইয়া উত্তরোত্তর বিষম-বন্ধনে আবদ্ধ হইয়া পড়িতেছেন, তাহার সম্মান বেশী? না যিনি বন্ধমুক্ত হইয়া স্বভাব-রাজ্যের বাসী তিনি বেশী সম্মানার্হ?

কর্ম্মফলে বন্ধনের শাস্তি লাভ, আর সেবাফলে অপরাধ-বিমোচনে স্বরূপানুভূতি। তাই শাস্ত্র এবং সাধু বিচার করিয়া বদ্ধজীবগণকে বুঝাইয়াছেন যে,—যাঁহাদের মুখে শ্রীভগবানের নাম বর্ত্তমান, তাঁহারা যে কুলেই না জন্মগ্রহণ করুন—শ্রেষ্ঠ। তাঁহারাই প্রকৃত তাপস, প্রকৃত যাজ্ঞিক, প্রকৃত বৈদিক এবং যথার্থ বেদজ্ঞ। তাঁহারাই সর্ব্বোত্তম। আর ভগবদ্বিমুখ যতই শ্রেষ্ঠ হউক না কেন—সর্ব্বাধম।

(ক্রমশঃ)

নানা খবর

রবীন্দ্রনাথ

রবিবাবু আজ কাল কবিতা লেখা ত্যাগ করিয়া চিত্রাঙ্কণে মনোযোগ দিয়াছেন। তিনি ফরাসীদেশে ঐ কার্য্য করিতেছেন। তিনি আর রাজনীতি পছন্দ করেন না। ফরাসীদেশের কোন চিত্র প্রদর্শনীতে তাঁহার চিত্র প্রদর্শিত হইয়াছিল।

পুলিশের গুলি

শোলাপুরে পুলিশ বাধ্য হইয়া গুলি চালাইয়াছে। সেখান হইতে সমস্ত ইউরোপীয় এবং ফিরিঙ্গি স্ত্রীলোক এবং বালকদিগকে স্পেশাল ট্রেণ করিয়া পুনায় লইয়া যাওয়া হইয়াছে। সে স্থানের জনতা উত্তেজিত হইয়া সিভিল লাইন আক্রমণ করে। সেখানে সামরিক বিভাগে কার্য্য করেন না এমন অনেক অবস্থাপন্ন লোক বিশেষতঃ ইউরোপীয় এবং এংলো ইণ্ডিয়ান বাস করেন। সিভিল লাইনের দোকান পাট লুট করিয়া তাহারা তালগাছ কাটিবার জন্য অগ্রসর হয়। তালগাছে তাড়ি হয় বলিয়া তাহা ধ্বংস করিবার উদ্দেশ্য। জনতা আদালতের দিকে হানা দিয়া জজ সাহেবের আদালতগৃহ পুড়াইয়া দিয়াছে।

লাহোরের নেতা গ্রেপ্তার

গত ৯ই মে তারিখে রাত্রি দুইটার সময় লাহোরের নেতা মিঃ গোপীচাঁদকে ১২৪ ক ধারা অনুসারে গ্রেপ্তার করা হইয়াছে।

পাটনায় টিকেট বন্ধ

ষ্টেট্‌স্‌ম্যান বলেন যে, পাটনায় কলেরা হওয়ায় পাটনা যাত্রী কোন লোককেই কোন ষ্টেশন হইতে টিকিট দেওয়া হইতেছে না, সুতরাং রেলে চড়িয়া পাটনা যাওয়া অসম্ভব।

বঙ্গবাসী তাহার টীকা করিতেছেন "পাটনায় কলেরা হইতেছে, তাই টিকিট বন্ধ, অথচ পাটনায় কত লোক মরিতেছে তাহার কোন খবর পাওয়া যাইতেছে না। কলেরার জন্য যদি রেল টিকিট বন্ধ হয় তাহা হইলে অন্ততঃ কলেরার খবরটা প্রচার দেওয়া উচিত।

গোপনে ভারতীয় কংগ্রেসের সভা

গত ১২ই তারিখ পূর্ব্বাহ্ণ ৯ ঘটিকা হইতে এলাহাবাদ স্বরাজভবনে পণ্ডিত মতিলাল নেহেরু মিঃ জি, কে, দেওধর, শ্রীমতী সরোজিনী নাইডু, মিঃ নরিম্যান, ডাঃ মামুদ, মৌলানা আবুলকালাম আজাদ প্রভৃতি নেতৃগণ মিলিত হইয়া কংগ্রেসের কার্য্যকরী সমিতির সভা করিতেছেন। সভার কার্য্যকলাপ গোপনে হইতেছে; সংবাদদাতৃগণের প্রবেশ নিষেধ।

আদালতে গোলমাল

লাহোর ষড়যন্ত্র মামলায় বিচারাধীন আসামীগণ আদালত গৃহের মধ্যে বিচারের সময়ে বিদ্রোহাত্মক গান গাওয়ার জন্য বিচারক ট্রিবুনালের সভাপতি আসামীদিগকে হাতকড়ি দিতে হুকুম দেন। কয়েকখানি চেয়ারও নাকি ভাঙ্গিয়াছে। তারপর আদালতের আদেশে তাহাদিগকে জেলে লইয়া যাওয়া যায়। মামলা মুলতুবী আছে।

আইন অমান্য সমিতি বে-আইনী

গত ১২ই সোমবারে কলিকাতা গেজেটের বিশেষ সংখ্যায় লাটসাহেব এক ইস্তাহারে প্রকাশ করিয়াছেন যে, ভারতীয় ফৌজদারী আইনের ১৬ ধারা মতে মেদিনীপুরের, তমলুকের, ঘাটালের ও কণ্টাইয়ের আইন অমান্য সমিতিগুলিকে বেআইনী বলিয়া ঘোষণা করা যাইতেছে। কারণ উক্ত সমিতিগুলি আইন, শান্তি ও শৃঙ্খলার পক্ষে ব্যাঘাত জনক।

সংবাদপত্র-সেবিগণের সভায় গোলযোগ

গত ১১ই রবিবার সন্ধ্যাকালে কলিকাতায় সংবাদপত্র-সেবিগণের এক সভা হইয়াছিল। উহাতে শ্রীযুত তুষারকান্তি ঘোষ (অমৃতবাজার পত্রিকা) এবং শ্রীযুত সতীশচন্দ্র মুখোপাধ্যায় (বসুমতী) সংবাদপত্র চালাইবার পক্ষে, এক প্রস্তাব উপস্থিত করেন। শ্রীযুত শরৎচন্দ্র বসু (লিবার্টি) নিখিলভারত সংবাদপত্র-সেবিগণের মন্তব্য স্থির না হওয়া পর্য্যন্ত সংবাদপত্র প্রকাশ করা এক সপ্তাহের জন্য স্থগিত রাখিবার প্রস্তাব করেন। অতঃপর তীব্র তর্ক-বিতর্ক হইতে উপস্থিত সভাবৃন্দের মধ্যে ভয়ানক গোলমাল হয়। ইহাতে সভাপতি শ্রীযুত রামানন্দ চট্টোপাধ্যায় মহাশয় সভা ভঙ্গ করিয়া সভাগৃহ ত্যাগ করেন।

বিলাতে গোয়েন্দাপুলিশের বেতার বন্দোবস্ত

বিলাতে গোয়েন্দা পুলিশদিগকে একটী সভায় প্রস্তাব হইয়াছে যে, সমগ্র ইংলণ্ডের মধ্যে ৩৬টী বেতার ষ্টেশন করিলে লণ্ডনের সহিত ঐ সমস্ত স্থানে বেতারে সংবাদ আদান-প্রদানের সুবিধা হইলে চোর এবং অন্যান্য অপরাধীদিগকে ধরিবার খুব সুবিধা হইবে। এই সব বেতার বন্দোবস্তে সাধারণের কোন সংস্রব থাকিবে না, শুধু গোয়েন্দাগণের ব্যবহারের জন্যই হইবে। এ বিষয়ে কথোপকথন চলিতেছে।

মোটরের উপর অপরাধ সম্বন্ধের ও যানের যত বন্দোবস্ত হইতেছে চৌর্য্য ও অপরাধিগণেরও কৌশল তত বাড়িতেছে।

উত্তরপক্ষে রীতিমত এ [illegible] চলিতেছে।

নিখিল-উৎকল বৈদ্য অধিবেশন পুরীতে দ্বিতীয় অধিবেশন

গত কল্য পুরীর সুপ্রসিদ্ধ জগন্নাথ-বল্লভ-ভবনে নিখিল-উৎকল-বৈদ্য-সম্মেলনের দ্বিতীয় অধিবেশন হইয়াছিল। পুরীর তারকবিদ্যালয় ইন্‌ষ্টিটিউটের বর্ত্তমান সম্পাদক মহন্ত সমস্তনারায়ণ শ্রীগদাধর রামানুজ দাস মহাশয় এই অধিবেশনের সভাপতির আসন অলঙ্কৃত করেন। উৎকল-বাসীর সাহায্যে বৈদ্যশাস্ত্র শিক্ষা প্রদান হয়, তাঁহাদের বিশেষ যত্ন গ্রহণের নিমিত্ত সভায় একটী মূল্যবান প্রস্তাব গৃহীত হয়। গ্রাম্যদেশিক ভাষায় শিক্ষিত বৈদ্যগণ যাহাতে গ্রামে গ্রামে দুঃস্থগ্রামবাসিগণের সুচিকিৎসাদ্বারা উপকার করিতে পারে তদ্বিষয় উপরি উক্ত প্রস্তাবটী উত্থাপিত হইয়াছিল। উৎকলের নিকট স্থানের প্রায় শতাধিক বিচক্ষণ উৎকল বৈদ্য এই অধিবেশনে যোগদান করিয়াছিলেন। এই সম্মিলন গত বৎসর গঠিত হয়। ইহার প্রথম অধিবেশন কটকে হইয়াছে। আগামী অধিবেশন সম্বলপুরে হইবে বলিয়া সভায় স্থিরীকৃত হইয়াছে।

আসামে দাঙ্গার জের

সমগ্র ভারতের সর্ব্বত্র নিরাপদে 'বকরিদ' উৎসব সম্পন্ন হইয়াছে কিন্তু গত ৯ই তারিখে আসাম প্রদেশের দক্ষিণপূর্ব জেলার অধীন 'দিগ বৈ' নামক স্থানে হিন্দু মুসলমানে ভয়ানক দাঙ্গা হইয়াছে বলিয়া তত্রত্য ডেপুটী কমিশনার তার করিয়াছেন। ঐ দাঙ্গায় ৩ জন মারা গিয়াছে এবং ১০ জনের অবস্থা আশঙ্কাজনক। প্রায় ১০০ লোক আহত হইয়াছিল সংবাদ প্রাপ্তি মতে পুলিশ অকুস্থলে উপস্থিত হইয়া দাঙ্গাকারীগণকে শান্তি সংস্থাপন করিতে সমর্থ হয়। ২৪ জনকে গ্রেপ্তার করা হইয়াছে। আর কোন সংবাদ পাওয়া নাই।

কোরবাণ উপলক্ষে একটী গাভী লইয়া নাকি বিবাদ বাধে।

বে-সরকারী রাজনৈতিক বন্দি-তদন্ত বোর্ড

মহারাজ ঠাকুরের প্রস্তাবে ব্রিটিশ ইণ্ডিয়া এসোসিয়েশন [illegible] গভর্ণমেণ্টকে একটী [illegible] রাজনৈতিক বন্দি তদন্ত [illegible] নিয়োগ জন্য অনুরোধ করিয়াছেন। বোর্ডের সভ্যগণ বিচারাধীন রাজনৈতিক বন্দীদের সহিত জেলে গিয়া সাক্ষাৎ করিয়া তাঁহাদের অভিযোগ [illegible] শুনিবেন এবং উহা স্থানীয় গভর্ণমেণ্ট ও অর্থাৎই অপরাধের কর্তৃপক্ষের নিকট উপস্থাপিত করিবেন।

দৈনিক নদীয়া-প্রকাশ

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত
ভক্তি গ্রন্থাবলী।
উৎকৃষ্ট কাগজে বিলাতী কাপড়ে বাঁধাই
স্বর্ণাক্ষরে। চতুর্থ সংস্করণ। বিস্তারিত সূচীসহ

জৈবধর্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সাধারণ লোকের বেদ, বেদান্ত, উপনিষৎ, গীতা, শ্রীমদ্ভাগবত, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় ঐ সমস্ত গ্রন্থের মর্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অভাবটি দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টর বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্য শিক্ষামৃত

চতুর্থ সংস্করণ
সমগ্র বাঁধাই ২৲ দুইটাকা
আবাঁধা—১৷৹ দেড়টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্তব্য ও অন্যান্য সাময়িক কর্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থে প্রাকৃতিক সনাতন শাস্ত্রবাক্য দ্বারা যথার্থত প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম কি? বর্ণাশ্রম, সমাজ, ন্যায়, সত্য কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, একবার পড়িতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য ভিক্ষা ৷৵৹

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৷৵৹

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নয়টি দ্বীপ-মণ্ডল। এক এক দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—মাহাত্ম্য প্রভৃতি বিষয় বিশেষভাবে অনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৫০ পৃষ্ঠা।

নবদ্বীপ ভাবতরঙ্গ

উজ্জ্বল ডবল-ক্রাউন ৩২ পেজি কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

সাধনপথ

।৵৹ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী ও শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুর উপদেশচ্ছলে যে সকল গ্রন্থ প্রকাশ করিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তগণের অনুকূল ও প্রাকৃত ভাবে অতি সুন্দরভাবে লিখিত হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে [illegible] হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!
শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :-

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা /৹ আনা

দেহ ও মনের চেষ্টা পরিত্যাগ করিয়া—জীব যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন প্রকার আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। উক্ত সংস্করণও প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড /৹ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— /৹, নবদ্বীপশতক— /৹
অর্থপঞ্চক—/৹

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা /১৹

আমরা এতদ্ দুর্ব্বল মনের ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে কিরূপ যথার্থ কল্যাণ প্রদানে সমর্থ এবং কোন বস্তু আমাদের নিত্য কল্যাণকর এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতগ্রন্থ বাস্তবিকই কল্যাণের কল্পতরু, ইহা প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদান করিবে।

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত অনুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয় সংবলিত প্রায় ৫২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৷৹

শ্রীবলদেব বিদ্যাভূষণ-কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোনার জলে নাম লেখা রাজসংস্করণ ২৲ টাকা, সাধারণ সংস্করণ ১৷৹, গৌড়ীয়ের গ্রাহকপক্ষে ১৷৹

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সাম্প্রদায়িক অভিধান)

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। বিশুদ্ধবৈষ্ণবগণের শ্রীবাণীর ও প্রাতঃস্মরণীয় বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও প্রবন্ধ-সমূহের তাৎপর্য্য ও বিবরণ, ৫। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় আকরমূলে যাবতীয় তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ম খণ্ড ৸৹, ২য় খণ্ড ৸৵৹, ৩য় খণ্ড ৸৹, ৪র্থ খণ্ড ৷৵৹, চারিখণ্ড একত্রে ৩৲ (যে খণ্ড যায়)।

শ্রীভক্তিসন্দর্ভ—১ম খণ্ড ১৲ এক টাকা
২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷৹ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীজীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই ষট্সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ পেজায় ৬৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমধ্বাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা /৹ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক-সূচী, বিষয়-সূচী প্রভৃতিসহ খণ্ডে খণ্ডে প্রকাশিত। ভিক্ষা, প্রতি খণ্ড সাধারণ পক্ষে ।৶৹ গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৶৹
২। ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৪র্থ সংস্করণ) ৫৲
৩। গৌড়ীয়-গৌরব ৷৵৹
৪। গৌড়ীয়-সাহিত্য ।৹
৫। তত্ত্বসূত্রম্ ৷৹
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপ-শতকম্ (বাঁধা) ১
" " আবাঁধা ৸৹
৭। গীতা (শ্রীবলদেবভাষ্যসহ) বাঁধা ২৲ আবাঁধা ১৷৹
৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি টীকা-সহ) বাঁধা ২৲ আবাঁধা ১৷৹
গীতার কেবল মূল-শ্লোক ৷৹
৯। ঐকান্তিকী ভগবদ্ভক্তি সাধনা (মাধ্ব) ২৲
১০। বেদান্তসূত্রের শাস্ত্রভাষ্য (গ্রামাচার্য্য) ৷৹
১১। বৈষ্ণবধর্ম ২৲
১২। শ্রীগৌরপার্ষদচরিতাবলি (চতুর্থ সংস্করণ) ৸৹
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১৪। প্রেমাবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৸৵৹
১৫। দীপ-দর্শন ৵৹
১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ।৵৹
১৭। আচার ও আচার্য্য ।৵৹
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸৹
১৯। চৈতন্যচন্দ্রিকা (নবদ্বীপ পরিক্রমা) ৶৹
২০। শ্রীনবদ্বীপধাম মাহাত্ম্য ৶৹
২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৶৹
২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।৹
২৩। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা-দর্পণ ।৹
২৪। শরণাগতি, গীতাবলী, গীতমালা, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্থপঞ্চক ও সদাচারস্মৃতিঃ মোট ।৶৹
২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও অর্থপঞ্চক ৵৹
২৬। সাধককণ্ঠমালা ।৵৹
২৭। সংস্কার-দীপিকা ।৹
২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲
২৯। প্রবন্ধাবলী ৷৹
৩০। শ্রীমহাপ্রভুর শিক্ষা ৸৹
৩১। মণিমঞ্জরী সাধুবাদ ।৹
৩২। গৌরকৃষ্ণোদয়ঃ ৸৹
৩৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট দ্বিতীয় সংস্করণ)

শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া।

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়মঠ হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৪ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইতেছে।

১ম খণ্ড গ্রন্থ নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৫৷৶০ সাধারণ পক্ষে ২০৸৶০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।/০।

দ্বাদশ স্কন্ধের ভিক্ষা ১২৲, অগ্রিম সাধারণের পক্ষে ৮৲।

৬২ অধ্যায়পর্য্যন্ত একাদশ খণ্ড ছাপা হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষায় তৃতীয় সংস্করণ ৪৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উৎকৃষ্ট সংস্করণ প্রকাশিত হইয়াছে। সেই ১০৲ টাকার এই বিরাট গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আখ্যা

শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫৲

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪৷০ টাকা

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকটও

নদীয়া প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত বৃন্দাবন ঘোষ—৭৫ নং কে রোড, খুলনা;

২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—দেওয়ানগঞ্জ, কলাবাড়ী কুচবিহার।

৩। শ্রীযুক্ত প্রমথনাথ-বসু—১৭।২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা

৪। মিঃ এন্ ডি, মুখার্জ্জি—এম, এস, ওয়ার্কস ইং মল, কানপুর

৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী জ্যোতির্ভূষণ—স্বরূপগঞ্জ, নদীয়া

৬। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।

৭। শ্রীবিরজামোহন দে—মনোমোহন প্রেস, নবাবপুর, ঢাকা।

৮। শ্রীব্রজেন্দ্রনাথ গুহ—কোটাগো, ৯০ পুরুলিয়া।

শ্রীপ্রকাশ চট্টোপাধ্যায় এ, এম, বস্, বাবনার।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাঙ্গলা পড়িতে জানেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার সুবর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দমঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে বাংলা গ্রন্থের অনুবাদ-উড়িয়া গ্রন্থের ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রথমখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	৸০
সাধন পথ (শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টক), প্রথমখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	।০
কল্যাণ কল্পতরু প্রথমখণ্ড	৶০
একত্রে ৩ খণ্ড লইলে	।০
গীতাবলী প্রথমখণ্ড	৵১০
একত্রে ৩ খণ্ড লইলে	৶১৫
শরণাগতি—প্রথমখণ্ড	৴০
একত্রে ৩ খণ্ড লইলে	৶৫

প্রাপ্তিস্থান,—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ। ভিক্ষা ।৶০ মাত্র

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ শ্রীমায়াপুর, (নদীয়া)।

২। শ্রীগৌরগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।

৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

৪। শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংশন রোড, কলিকাতা।

৫। শ্রীপুরুষোত্তম মঠ,—গোবর্দ্ধন, পুরী।

৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।

৭। শ্রীমধ্বগৌড় মঠ,—চিৎপুর, বাসুদেবপুর, মেদিনীপুর।

৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৪০নং অগস্ত্যকুণ্ড, কাশী, ইউ, পি

৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিপাড়া, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।

১০। শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ, পি।

১১। শ্রীপ্রপন্নাশ্রম,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব।

১২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—৯০নং নবাবপুর রোড, ঢাকা।

১৩। শ্রীগদাই গৌরাঙ্গ মঠ,—বালিয়াটী, ঢাকা।

১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাজোড়া, রণগ্রাম পোঃ, বর্দ্ধমান।

১৫। শ্রীচৈতন্য গৌড়ীয় মঠ,—টুঙ্গাবাগান, বেঙ্কটগিরি পোঃ, মাদ্রাজ।

১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা

১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১।১৫ রমনা রোড, দিল্লী

মনোমোহন প্রেস

৯০নং নবাবপুর, ঢাকা

পূর্ব্ব-বাঙ্গালায় সুলভে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কার্য্য চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

৯০নং নবাবপুর, ঢাকা।

অজ্ঞান-অন্ধের জন্য কৃষ্ণ দুই নাম করে পুন সেই মত বায়া পাপে ডুব দিবে

পর-বিদ্যাপীঠ

(প্রাচীন নবদ্বীপ শ্রীমায়াপুর শ্রীচৈতন্যমঠ)

এখানে আহার এবং বাসস্থান দিয়া বিদ্যার্থিগণকে বিভিন্ন শিক্ষণীয় বিষয় শিক্ষা দিবার ব্যবস্থা করা হইয়াছে। অনেক ছাত্র ইতোমধ্যেই আসিয়া পাঠ আরম্ভ করিয়াছেন। বর্ত্তমান বর্ষে সকল ছাত্রই গবর্ণমেণ্ট সংস্কৃত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

প্রধান অধ্যাপক—পণ্ডিত শ্রীযুক্ত শচীন্দ্রচন্দ্র কাব্য-ব্যাকরণ-সাংখ্য-বেদান্ত-ষড়দর্শন-তীর্থ, সাংখ্যভূষণ, বেদান্তরত্ন, সাহিত্যশাস্ত্রী, সুদর্শনবাচস্পতি।

অধ্যাপক—পণ্ডিত শ্রীযুক্ত গৌরদাস ব্রহ্মচারী ব্যাকরণতীর্থ

শ্রীধাম মায়াপুর পরবিদ্যাপীঠ, (নদীয়া)

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি একত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ বাতুলোদ্যম, বায়ুবেক চঞ্চলতা, বহুমূত্র, হৃৎকম্প, পাকস্থলীর পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদিগের মধ্যে বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটোন সাহেবের আবিষ্কৃত ইলেক্‌ট্রিক বাড়িউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত শত প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ৸০ টাকা মাত্র।

সোল এজেণ্ট—ডাঃ ডি, ডি, হাজরা।

জয়পুর, গাড়েশ্বর পোষ্ট, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

এখনও অপূর্ব্ব সুযোগ! পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম, এ প্রাক্ত (লাহোর)

মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত।

৪৭ খানি অপূর্ব্ব চিত্র সম্বলিত।

বিশ্বকোষ-সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইং) মরোক্কো বাঁধা ১৸০ ভিঃপিতে ২৲ দুই টাকা মাত্র।

এক প্রকাশ হইবামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পত্রসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোল্ড অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে টীকা-খণ্ডের কাগজে ছাপা

ভিক্ষা—২৸০ টাকা

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৫৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত। নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাসি, সর্দ্দি, যক্ষা, স্বরভঙ্গ, ক্ষয়রোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্ব্বলতা নাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, শুক্রহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত দুরারোগ্য রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

বিশুদ্ধ জল! ভয় নাই! বিশুদ্ধ জল!!

ওয়েল কোং

২০৫নং নবাবপুর, ঢাকা

বর্ত্তমান-যুগের নব-আবিষ্কৃত যন্ত্রপাতি দ্বারা উন্নত বৈজ্ঞানিক-প্রণালীতে নলকূপ (*Tube-well*) নির্ম্মাণ করা হয়। বঙ্গের লাট বাহাদুর, প্রাইভেট সেক্রেটারী, জিলা ম্যাজিষ্ট্রেট, জিলা-বোর্ডের চেয়ারম্যান, ইঞ্জিনিয়ার, জমিদার, তালুকদার প্রভৃতি উচ্চপদস্থ কর্ম্মচারিগণ এই কোম্পানীর কাজ দেখিয়া প্রশংসা করিয়াছেন। রাসায়নিক পরীক্ষায় জল বিশুদ্ধ না হইলে মূল্য গৃহীত হয় না। বিস্তৃত বিবরণের জন্য পত্র লিখুন

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ লক্ষ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্ব্বজনবিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটির উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটিকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের জ্বালা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটিকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। "মণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাকচিক্য করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্ব্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন, গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১ টাকা।

অন্যান্য আবিষ্কার

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন।

প্রাপ্তিস্থান:—আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট,

কলিকাতা

... ১৮০ নং ... ষ্ট্রীট ... প্রেস হইতে—শ্রী... ব্রহ্মচারী এম, এস, এম কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইতেছে।

টেলিগ্রামের নাম ও ঠিকানা— "শ্রীধাম" নবদ্বীপ

Registered No. C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অৰ্দ্ধ কলম ৩৷০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

[illegible]

বৰ্ত্তমান-বাৰ্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [৬৮ সংখ্যা

শ্রীচৈতন্য মঠ শ্রীধাম মায়াপুর—৪ঠা জ্যৈষ্ঠ ১৩৩৭ শনিবার ১৭ই মে ১৯৩০

সংবাদ

মিঃ তায়েবজীর কারাদণ্ড

ভারতের দ্বিতীয় নেতা, মহাত্মা গান্ধীর নির্ব্বাচিত উত্তরাধিকারী মিঃ তায়েবজীর ৬ মাস বিনাশ্রমে কারাদণ্ডের আদেশ হইয়াছে।

কৃষ্ণনগরে মোটর দুর্ঘটনা

কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটির বন্দোবস্ত অনুসারে মোটরে করিয়া সরকারি বড় বড় রাস্তার উপর জল সেচন করা হয়। মিউনিসিপ্যালিটির এই জলের গাড়ী যখন গোয়াড়ীর হাইষ্ট্রীট দিয়া উত্তর দিকে আসিবার সময় শ্রীবৃন্দাবন মঠের দক্ষিণ দিকের গলির মুখে উপস্থিত হয়, সেই সময় একজন দশম বর্ষ বয়স্ক বালক গলির ভিতর হইতে সাইকেলে করিয়া হাইষ্ট্রীটে আসিবার সময় একেবারে মোটরের সম্মুখে আসিয়া পড়ে, মোটরের ড্রাইভার এবং এই বালকের মধ্যে কেহই সময়ে গাড়ী থামাইতে পারে নাই। সাইকেলের উপর দিয়া মোটরের দুই চাকা চলিয়া যায় এবং বালক মোটরের নীচে পড়িয়া যায়; তবে বালকটী চাকার নীচে না পড়িয়া দুই চাকার মধ্যে পড়ে। সে বলে যে তাহার বুকে অত্যন্ত আঘাত লাগিয়াছে। মোটর ড্রাইভার ধীরেই চালাইতেছিল। সে বলে যে মোটর ও সাইকেল বেশী বেগে যায় নাই। একখানি মোটর গাড়ীতে করিয়া একজন ভদ্রলোক আসিতেছিলেন তিনি বালককে তাহার বাড়ীতে পৌঁছাইয়াছেন। গত বুধবার বেলা ৮টার সময় এই দুর্ঘটনা হ।

রেল দুর্ঘটনা

সহর নবদ্বীপের একজন ডেলি প্যাসেঞ্জার কলিকাতা হইতে মাল খরিদ করিয়া সন্ধ্যার ট্রেণে হাবড়া ষ্টেশনে গাড়ীতে

তায়েবজীর কারাদণ্ড

কৃষ্ণনগরে মোটর দুর্ঘটনা

নবদ্বীপে কনষ্টেবল গ্রেপ্তার

রেল দুর্ঘটনা, ঢাকায় গ্রেপ্তার

ম্যাজিষ্ট্রেটের এজলাস দগ্ধ

ভারত আক্রমণের উদ্যোগ—সীমান্তে গোলযোগ

বিলাতে ভারত কথা

ভারতে কমিউনিষ্ট কাঁথিতে একশত গ্রেপ্তার

এজেণ্ট চাই

নবদ্বীপ, শান্তিপুর, রাণাঘাট, চাকদহ, মেহেরপুর, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, কুমারখালি ও বীরনগরে স্থানীয় সংবাদ-সংগ্রহের জন্য এজেণ্ট চাই। এজেণ্টগণের নিয়মাবলী জানিতে হইলে, "নদীয়া প্রকাশ" কার্য্যাধ্যক্ষের নিকট আবেদন করুন।

এজেণ্টদিগের অতি প্রয়োজনীয়-সংবাদ প্রকাশ করিবার তারযোগে সংবাদ পাঠাইতে হইবে।

[illegible]

নবদ্বীপে কনষ্টেবল গ্রেপ্তার

[illegible]

বিবিধ সংবাদ

জনতায় অনবেধ

শিয়ালদহ স্টেশন [illegible], নাগেরবাজার, বেলেঘাটা, মৌলালি, [illegible] ইত্যাদি স্থানে অত্যধিক কোন জল জমিয়া [illegible] জনসাধারণের [illegible] কয়েকজন [illegible] ক্ষতি করে। [illegible] মরিয়া যায়। [illegible] নাই। ডেপুটী [illegible] চাহিয়া যাইতে এবার আরও অনেকে [illegible] লোক সেখানে [illegible] না যাওয়ায় ডেপুটী [illegible] সাহেবের আদেশ অনুসারে জলস্রোতের উপর [illegible] জীবনরক্ষা [illegible] না হয়। [illegible] পাওয়ার জন্য মরিয়া যায়। [illegible] তাহার জন্য কলিকাতায় প্রায় ৫০। [illegible] আছে।

খুনের দায়ে ফাঁসী

[illegible] খুন [illegible] হাইকোর্ট [illegible] দুইজন লোককে খুন করিয়া খুন করেন এবং অপর [illegible] করেন, অতঃপর [illegible] প্রকাশ করেন যে [illegible] খুন করিয়া [illegible] কাটিয়া দিয়াছে। [illegible] ফাঁসী [illegible] আসামীকে [illegible] কথা বলিয়াছেন। [illegible] কোন অধিকার ছিল না। সেশন [illegible] কথা কাটিয়া দিয়াছেন। বিচার চলিতেছে।

ভাড়িখানায় খণ্ড যুদ্ধ

দুইজন হত

[illegible] ভাড়িখানায় [illegible] বিবাদ হয়। [illegible] লোক [illegible] আক্রমণ করে। ভাড়িখানার লোকগণ [illegible] চেষ্টা করে। [illegible] দুইজন লোক [illegible] আঘাত [illegible] হাসপাতালে [illegible] মরে। এখন [illegible] ভাড়িখানার লোক আটক হয়।

মিথ্যা গুজব

[illegible] আদালতে [illegible] একটী [illegible] হয়। [illegible] কলিকাতায় [illegible] লাগিলেন— [illegible] আরম্ভ [illegible]।

ই, বি, রেলওয়ে

[illegible] উপর খুব আছে। [illegible] দাঁড়াইয়া ছোট [illegible] পড়িয়া [illegible] হইতে [illegible] দিকে না [illegible] সম্ভাবনা [illegible] চলিয়াছে।

কৃষ্ণনগর ১৪৪ধারা

গত ১৪৪ মে [illegible] হইতে কৃষ্ণনগর ১৪৪ ধারার মেয়াদ আরও ৬ মাস [illegible]। বিস্তারিত বিবরণ পরে প্রকাশ্য।

আবহাওয়া

গত বৃহস্পতিবার সন্ধ্যাকালে নদীয়া জেলার কোন কোন স্থানে [illegible] বৃষ্টি [illegible] পাওয়া গিয়াছে।

মিউনিসিপ্যালিটির পানীয় জলের

[illegible] মিউনিসিপ্যালিটির সদস্যগণ ও কর্মচারিগণ সকলে সমবেত [illegible] পানীয় জলসরবরাহ ও ব্যবস্থা করিয়াছেন। [illegible] যাঁহারা উপস্থিত তাঁহারা [illegible] আপত্তি [illegible] করেন। [illegible] হিন্দু মুসলমানের সমর্থ উপস্থিত হয়।

নির্ব্বাচনে মারামারি

[illegible] বলেন :—

[illegible] সভানির্ব্বাচনের সময় [illegible] দল যখন দেখিলেন যে, [illegible] আর প্রধান [illegible] নষ্ট করিবার জন্য দুই তিন শত [illegible] লোক সঙ্গে লইয়া [illegible] আক্রমণ করেন। [illegible] ছিলেন। তিনি [illegible] লোকের সহিত [illegible] আশ্রয় গ্রহণ করেন। দাঙ্গাকারী [illegible] তাঁহাদিগকে [illegible] বাহির [illegible] তাঁহারা [illegible] করিলেন, কারণ তাঁহারা স্বদেশী এবং বিলাতী বস্ত্র ব্যবহার করেন।

নিরপেক্ষ বিচারে জজের জরিমানা

লক্ষ্ণৌর ছোট আদালতের জজ [illegible] মোটর চালানোর অভিযোগে আসামীরূপে মিঃ ম্যাজিষ্ট্রেট [illegible] এজলাসে উপস্থিত হন।

তাঁহার বিরুদ্ধে [illegible] ছিল যে, তাঁহার [illegible] মোটর চালাইবার ফলে দুইজন লোক [illegible] পড়িয়া যায়।

আসামী বলেন যে, [illegible] কোম্পানী এবং একজন পথিককে [illegible] দেখা [illegible] আকস্মিক বিপদ হয়। তিনি আরও বলেন যে, তাঁহার বিরুদ্ধে আনীত অভিযোগ [illegible]।

ম্যাজিষ্ট্রেট [illegible] আদেশ দেন যে আসামীর লাইসেন্স [illegible] বাতিল থাকিবে এবং আসামী ২৫ টাকা জরিমানা দিবেন।

দৌড় রেকর্ড

[illegible] হইতে [illegible] সেকেণ্ডে ১০০ গজ দৌড়াইয়াছেন। পৃথিবীর [illegible] রেকর্ড হইল।

সিগারেটের মহার্ঘ্যতা

[illegible] ১০১২ [illegible] নবদ্বীপ [illegible] বাজারে [illegible] সিগারেট পাইয়া [illegible] আর একজনের দোকানে [illegible] দেখিতে পাইয়াছিল উহাও অগ্নিতে অর্পণ করে।

সিগারেটের একবারে বন্ধ হইয়া গিয়াছে। নবদ্বীপ সহরে [illegible] প্রায়। কেবল কিছু কিছু আছেন [illegible] হইতেছে। [illegible] টাকার [illegible] টাকা [illegible] হইতেছে। [illegible] বিশেষ কষ্ট হইয়াছে।

ডাক্তার শশিভূষণ [illegible] আবিষ্কৃত
বেহালার পাচন
সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ
মফঃস্বলের সুবিধার জন্য ৩ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় হোমিওপ্যাথিক [illegible] ডাকে পাঠান হয়। ইহাতে ঔষধের কোন পরিবর্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ৪০ আনা, পাইণ্ট ৮/০ আনা বোতল ৮/০ আনা।
বড়িষা-১১নং গড়া রোড, পোঃ বেহালা, কলিকাতা

আয়ুর্ব্বেদীয়
মদন মঞ্জরী
ধাতুর দোষ ও ধাতুবিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, [illegible] শুক্রপাত, স্বপ্নদোষ, মাথাঘোরা, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি সকল দোষ নির্দ্দোষ আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।
"নপুংসকারি ঘৃত"
পুরুষত্বহানি রোগে বাহ্যপ্রয়োগ দ্বারা আরোগ্য করিয়া শক্তিসম্পন্ন করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।
"রমণবিলাসিনী বটিকা"
বীর্যধারণ করে ও রমণশক্তি স্থায়ী ও বৃদ্ধি করিতে অত্যাশ্চর্য্য। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।
রাজবৈদ্য নারায়ণজী, কেশবজী
১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন
সাবধান! সাবধান!! সাবধান!!!
জে, বি, দত্তের ছোট শিশি বাদাম তৈল
আদি ও অকৃত্রিম এবং উপকারিতার সম্যক পরিচিত ও বহু প্রশংসিত।
আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নচেৎ জুয়াচোরগণ কমদরের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।
ম্যানেজার—জে, বি, দত্ত

কেরার্স কুইনিন্
নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম
ইহাতে উপযুক্ত মাত্রায় আর্সেনিক, বাইহাইড্রোক্লোর কুইনিন, আসেনিক এবং ইউরিথেন আছে।
এই কেরার্স-কুইনিন্ দ্বারা ইনজেকশন করিলে একটী বা দুইটী ইনজেকসনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং জ্বর ছাড়িতে বাকী ইনজেকসনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া দেয়। ৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ১২টী ৩৲ টাকা
বাই ও-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরীতে প্রস্তুত। ২৯১ [illegible] লেন, কলিকাতা

দৈনিক-নদীয়া-প্রকাশ পারমার্থিক পত্র

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর—৩১শে জ্যৈষ্ঠ শনিবার—১৩৩৭

অ তী ন্দ্রি য় বা ণী
শ্রৌ ত প ন্থা
ত প ন তা প
প্রয়াগ প্রসঙ্গ

অতীন্দ্রিয়বাণী

তত্ত্বোদিত

১। ভগবদ্বিমুখ কলিকাল-গ্রস্ত জড়-জীবের উদ্ধারার্থে শ্রীভগবান শ্রীগৌরসুন্দর-রূপে অবতীর্ণ হইয়া স্বয়ং আচরণ করতঃ শ্রীনাম-কীর্ত্তনের উপদেশ দিয়াছেন। তিনি বলিয়াছেন যে, কলিহত ও অল্পায়ু-বিশিষ্ট জীবের শ্রীনাম-কীর্ত্তন ব্যতীত উদ্ধার লাভ করিবার উপায়ান্তর নাই। "হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে হরে রাম হরে রাম রাম রাম হরে হরে" উক্তাকার শ্রীতারকব্রহ্ম নামই তাঁহার মতে সদা কীর্ত্তনীয়।

২। "ঈশ্বরঃ পরমঃ কৃষ্ণ", "একলা ঈশ্বর কৃষ্ণ" ইত্যাদি প্রকার শাস্ত্রোক্তি হইতে জানা যায় যে, ব্রজেন্দ্রনন্দনরূপে প্রসিদ্ধ শ্রীকৃষ্ণচন্দ্র পরমেশ্বর তত্ত্ব। তিনিই সকলের সেব্য ও লীলাবিহারী। জীব উদ্ধারকল্পে এই লীলাবিহারী শ্রীশ্রীকৃষ্ণচন্দ্র তদীয় অভিন্নমূর্ত্তি শ্রীশ্রীমদ্ গৌরসুন্দর নিত্যানন্দ জগদ্গুরুরূপে যুগপৎ প্রকট আছেন। জগদ্-গুরুরূপী শ্রীশ্রীমদ্ গৌরসুন্দর ধরাধামে জীব উদ্ধারার্থে যখন প্রকট থাকেন, সে সময় তিনি শ্রীনামরূপে জীবকে আহ্বান করিবার জন্য ব্যক্ত করেন যে, শ্রীনাম ও শ্রীকৃষ্ণ কোন ভেদ নাই এবং শ্রীকৃষ্ণই শ্রীনাম অর্থাৎ শব্দ ব্রহ্মরূপে পৃথিবীতে অবতীর্ণ হইয়াছেন। শ্রীশ্রীমদ্ গৌরসুন্দরের শিক্ষা হইতে আরও অবগত হওয়া যায় যে, শ্রীনামমন্ত্রের অনুষ্ঠানকারী ভক্তগণের হৃদয় হইতে স্বয়ং নির্গত হইয়া তাঁহাদিগের জিহ্বাপ্রাঙ্গণে শ্রীকৃষ্ণচন্দ্র শ্রীহরে-কৃষ্ণাদি অনেক ব্রজনাম শব্দরূপে অনুক্ষণ নৃত্য করিয়া থাকেন। শ্রীনামের এরূপ সামর্থ্য যে, তাঁহার নৃত্য যে সমুদয় ভক্তের হৃদয়-প্রাঙ্গণে সিদ্ধ হয়, তাঁহারা যদি স্থিরচিত্তে উহা অনুভব করেন, তাহা হইলে তাঁহাদিগের হৃদয় নিশ্চয়ই আনন্দে আপ্লুত হওয়া যায় এবং আনন্দভরে তাঁহাদিগের দেহকালও শ্রীনামের নৃত্যের সহিত তালে তালে নৃত্য না করিয়া স্থির থাকিতে সক্ষম হয় না। ভক্তের কা কথা, শ্রীনামমন্ত্রের শিক্ষা দিবার জন্য ধরাধামে আগত শ্রীকৃষ্ণাভিন্নমূর্ত্তি শ্রীশ্রীমদ্ গৌরসুন্দরও নিজ শ্রীকৃষ্ণাদিরূপ নামোচ্চারণকালে আনন্দে অধীর হইয়া উদ্দণ্ড নৃত্য করিতে বাধ্য হইতেন। তাই ভক্তাগ্রগণ্য শ্রীল কবিরাজ গোস্বামী বর্ণন করিয়াছেন যে, শ্রীনাম আপনি নাচেন, ভক্তকে নাচান ও শ্রীভগবানকেও নাচাইয়া থাকেন।

৩। শ্রীনামের কৃপা না হইলে কেহ শ্রীনাম-কীর্ত্তনে ও শ্রীনামরস আস্বাদনে সমর্থ হয় না। অতএব শ্রীনাম-প্রভু কৃপাপূর্ব্বক আমার হৃদয়ে উদয় হইয়া তথা হইতে আগমন করতঃ আমার জিহ্বা-প্রাঙ্গণে নৃত্য করিতেছেন এবং আমাকে সম্মুখে রাখিয়া তদীয় নর্ত্তনরূপ হৃদ্রোগ-বিধ্বংসি লীলা দর্শনের সাহায্য করিতেছেন বলিয়া যে সকল সাধক অনুভব করেন, তাঁহারা সত্য সত্যই শ্রীনামরস আস্বাদনের যোগ্যতা লাভ করিয়াছেন বলিয়া বুঝিতে হইবে। যাহারা অভিমান বশতঃ যে সমুদয় ভাগ্যহীন ব্যক্তি মনে করেন যে, তাঁহারা স্বীয় চেষ্টায় শ্রীনাম-গ্রহণ করিতেছেন, তাঁহারা শ্রীনামকে সামান্য শব্দমাত্র মনে করেন এবং তদ্ধেতু তাঁহারা শ্রীনাম-রস আস্বাদনে বঞ্চিত হন। এক শ্রেণীর লোককে লক্ষ্য করিয়া শ্রীল কবিরাজ গোস্বামী লিখিয়াছেন—"কোটী জন্ম করে যদি নাম-সঙ্কীর্ত্তন।" "তথাপি না পায় কৃষ্ণপদে প্রেমধন॥" শ্রীনাম সেব্য বস্তু। তাঁহার সেবা না করিয়া তাঁহাকে যথেচ্ছা নাচাইতে চাহিলে সেব্যবস্তুর উপর আধিপত্য করা হয় এবং শালগ্রাম দ্বারা বাদাম ভাঙ্গিবার মত ব্যাপার হইয়া পড়ে।

৪। শ্রীশ্রীমদ্ গৌরসুন্দররূপে যে শব্দব্রহ্মের ধ্বনি আবিষ্কার করিয়াছেন, তাহা তদীয় শ্রীকৃষ্ণরূপের সহিত অভিন্ন-পদার্থ। ঐ ধ্বনি পূর্ণ, শুদ্ধ ও নিত্যমুক্ত। আম্নায় পারম্পর্য্যক্রমে ঐ নামব্রহ্মের ধ্বনি যদি কাহারও কর্ণকুহর দিয়া তাহার হৃদয়-মন্দিরে প্রবেশ করেন, তাহা হইলে চেতনাময় হৃদয় হইতে নির্গত হইয়া তাহার জিহ্বা-প্রাঙ্গণে নৃত্য করিতে পারেন। যাহার জিহ্বা-প্রাঙ্গণে এই শব্দব্রহ্মরূপী শ্রীনাম প্রভু নৃত্য করেন, সে ব্যক্তি অন্যমনস্ক না থাকিলে শ্রীনামের নর্ত্তনলীলা দর্শন করিতে ও লীলাদর্শন-জনিত বিমল সেবানন্দ আস্বাদন করিতে সুযোগ পাইতে পারেন। অবৈষ্ণব মুখে উদ্গীর্ণ কৃষ্ণনামের ধ্বনি কেবল বাহ্য আকাশোত্থ শব্দ ও নশ্বর জড়পদার্থ মাত্র। সেই প্রকার ধ্বনিশ্রবণে হৃদ্রোগ ক্ষয়প্রাপ্ত না হইয়া বরং বৃদ্ধিপ্রাপ্ত হয়, যাহার ফলে ভগবদিতর পদার্থে উত্তরোত্তর রুচি ঘনীভূত হইতে থাকে। সদ্গুরুর নিকট দীক্ষার অভিনয় করিয়া যে সকল ব্যক্তি শ্রীনামে শব্দ সামান্যবুদ্ধি করিতে থাকেন, তাঁহারা যদি শ্রীগুরুদেবের নিকট জিজ্ঞাসা করে শ্রীনাম-ভজনের প্রণালী জানিয়া না লন ও অবহেলাপূর্ব্বক শ্রীনামের চরণে অপরাধ করিতে থাকেন, তাহা হইলে তাঁহারাও পদস্খলিত হইয়া বিষয়াভিমুখ-গতিকে বৃদ্ধি করিতে থাকিবেন।

শ্রৌতপন্থা

(ত্রিদণ্ডিস্বামি শ্রীমদ্ভক্তিবিলাস গভস্তিনেমি মহারাজ)

ভগবান্ বাসুদেবে ভক্তিযোগ প্রযুক্ত হইলে, উপনিষদ্ স্বাভাবিক অহৈতুক জ্ঞান ও বৈরাগ্যের পথ উদ্ঘাটিত করিয়া থাকে। অন্যথা যাহা ধর্ম্ম বলিয়া প্রসিদ্ধ তাহা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হইলেও যদি কৃষ্ণকথায় রতি তদ্দ্বারা উৎপাদিত না হয়, তাহা হইলে উহা ধর্ম্মাচরণ কেবলমাত্র শ্রমেই পর্য্যবসিত হইয়াছে বুঝিতে হইবে।

"ধর্ম্মঃ স্বনুষ্ঠিতঃ পুংসাং বিষ্বক্সেন-
কথাসু যঃ।
নোৎপাদয়েদ্ যদি রতিং শ্রম
এব হি কেবলম্॥"
(ভাঃ ১।২।৮)

উপরি উক্ত শ্লোকের টীকায় স্বামিপাদ বলেন—"নহু মোক্ষার্থত্বমপি ধর্ম্মস্য শ্রূয়তে ... তার মত আহ কেবলম্ বিষ্বক্সেনম্ ইত্যর্থঃ। পর্য্যন্ত তথাপি স্বর্গাদিফলবিনাশিত্বাৎ এবকারেণ নিরাকরোতি অভিপ্রায়ঃ ইহ সম্ভবিতার্থঃ।"

অতএব ভক্তিহীন দধীচি ও কর্ণাদি দানবীরগণের দধ্যর্থ যে ত্যাগ বা বিরাগ তাহা, যেহেতু হরিকথায় রতি উৎপাদন না করিয়া অন্য ফল উৎপাদন করিতেছে তখন উহা বিরাগ নাম বাচ্য না হইয়া কেবলমাত্র শ্রমবাচ্য হইবে, কারণ শুদ্ধভক্তের অনুষ্ঠিত ধর্ম্ম, ভগবৎকথায় রতি উৎপাদন করিবে; যদি তাহা না করে, তাহা হইলে সে ধর্ম্মানুষ্ঠান কেবল বৃথা পরিশ্রম।

"বাসুদেবে ভগবতি ভক্তিযোগঃ
প্রযোজিতঃ।
জনয়ত্যাশু বৈরাগ্যং জ্ঞানঞ্চ
যদহৈতুকম্॥"
(ভাঃ ১।২।৭)

ধর্ম্ম সুষ্ঠুরূপে অনুষ্ঠিত হইলেই যে জ্ঞান, বৈরাগ্য উদিত হইবে, এমন নহে, সদ্গুরু চরণাশ্রয় প্রভৃতি ভক্তি ভিন্ন জ্ঞান ও বৈরাগ্য অনুভব উদিত হয় না। অন্ধকার তিরোহিত হইলেই সূর্য্যের উদয় হইবে এমন নহে, পরন্তু সূর্য্যের উদয় হইলে অন্ধকার স্বতঃই তিরোহিত হইবে। ইহাই সৎ সিদ্ধান্ত, শ্রৌতসিদ্ধান্ত।

তপন তাপ

(শ্রীযুক্ত কিশোরীমোহন দাস অধিকারী পণ্ডিতভূষণ পুরাণরত্ন)

মধ্যাহ্ন তপনের খরকরতাপে সন্তপ্ত-বাসী জীবকুল সন্তপ্ত-জর্জ্জরিত। ঘরে বাহিরে—জলে স্থলে আকাশে বাতাসে—বৃক্ষ লতা-গিরিগহ্বরে—কুটীরে—প্রাসাদে কোথাও শান্তির শীতল ছায়ার লেশমাত্র নাই। মনুষ্য-পশু-পক্ষি-কীট-পতঙ্গ, বৃক্ষ-লতা-গুল্ম, এমন কি আচ্ছাদিত-চেতন পদার্থ-সমূহও তপন-তাপে ঘোরতর ক্লিষ্ট। চারিদিকে জল—জল—জলরবে কাতর আর্ত্তনাদ। কূপে পুষ্করিণীতে জল নাই—মেঘে বৃষ্টি নাই—আকাশে মেঘের লেশ নাই। গগন-মার্গে কদাচিৎ মেঘসঞ্চার লক্ষিত হইলেও সঙ্গে সঙ্গে প্রতিকূল বাতাস আসিয়া নীল আকাশে বিলীন করিয়া দেয়। এক লোটা—এক অঞ্জলি—একবিন্দু শীতল জল আজ সর্ব্বসাধারণে দুর্লভ। পানীয়—পানীয় বিশুদ্ধ জল দুষ্প্রাপ্য। বাংলার লোক কাদামাটি খাইয়া বাঁচিয়া কোনরূপে জীবন-ধারণ করিতেছে—অন্যান্য দেশে তাহাও সহজপ্রাপ্য নহে। বাংলা-পল্লীর প্রতি স্বার্থ প্রকাশের দিকটা, অনুরাগ সহানুভূতিরও অধিক সদ্ব্যবহার করে নাই।

(৬ষ্ঠ পৃষ্ঠার ৩য় কলমে দ্রষ্টব্য)

অতএব অনুক্ষণ লভ্য জ্ঞান ও বৈরাগ্যাদি অর্জ্জন প্রচেষ্টা দূরে পরিত্যাগ করিয়া বাস্তবের ভক্তিযোগ প্রয়োজন হেতুই একমাত্র শ্রৌতপন্থা। ভক্তি প্রয়োজন হইলে, যাঁহার ভক্তি আছে এরূপ সদ্গুরু চরণাশ্রয় সুতরাং কর্ত্তব্য। যেমন দীপ্ত শিখা ব্যতীত অপর প্রদীপ জ্বালাইবার উপায় নাই। যাঁহার নিজের ভক্তি নাই, এরূপ 'ব্যবহারী' গুরুর পাদে দুর্ধিগমন বিপথ-গমন মাত্র, শ্রৌত-পথে সুগমন নহে।

কলিযুগ পাবনাবতার অখিল রসামৃত-মুরতি শ্রীশচীনন্দন সেই শ্রৌতপন্থার তোরণ দ্বার উদ্ঘাটন পূর্ব্বক বলিয়াছেন,—

জ্ঞানে প্রয়াসমুদপাস্য নমন্ত এব
জীবন্তি সন্মুখরিতাং ভবদীয়বার্ত্তাং
স্থানে স্থিতাঃ শ্রুতিগতাং তনুবাঙ্মনোভি-
র্যে প্রায়শোঽজিত জিতোঽপ্যসি তৈস্ত্রিলোক্যাম্

(ভাগবত)

অর্থাৎ জ্ঞানাদির প্রয়াস দূরে পরিত্যাগ করিয়া সাধুমুখ হইতে স্বতঃ প্রকটিত ভগবন্নামাদি শ্রবণ করাই শ্রৌতপন্থা, উহা আমাদিগকে শ্রীমন্মহাপ্রভু "ইহা শ্রৌতপন্থা হয়" বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। "ভবদীয়বার্ত্তাং শ্রুতিগতাং" অর্থাৎ ভগবৎসম্বন্ধীয় কথা শ্রবণ করিতে হইবে, কিন্তু তাহা 'ব্যবহারী' পাত্র হইতে শ্রবণ করিতে হইবে না, তজ্জন্য শ্লোকে 'ভবদীয়বার্ত্তাং' শব্দকে 'সন্মুখরিতাং' শব্দ দ্বারা বিশিষ্ট করিয়াছেন; ভবদীয়বার্ত্তাং বিশেষণ সন্মুখরিতাং অর্থাৎ যত্র তত্র যাহা 'ব্যবহারী' লোকের মুখ হইতে ভগবদ্বার্ত্তা শ্রবণ করিতে হইবে না, পরন্তু সাধুমুখ হইতে শ্রবণ করিতে হইবে। ইহাই 'সন্মুখরিতাং' এর বিশেষ ব্যাখ্যা যাহা দ্বারা ইহা বিশিষ্ট করা হইয়াছে যে, ব্যবহারী তথাকথিত গুরুমুখ হইতে ভগবদ্বার্ত্তা—বৈকুণ্ঠবার্ত্তা শ্রবণ না করিয়া কেবলমাত্র সাধুমুখ হইতেই শ্রবণ করিতে হইবে, ইহাই শ্রবণপন্থা বা শ্রৌতপন্থা। যাঁহারা এই শ্রৌতপন্থা উদ্দিষ্টবৈশিষ্ট্য অবহেলা পূর্ব্বক কেবলমাত্র যদৃচ্ছ স্থান হইতে ব্যবহারী লোক প্রমুখাৎ বৈকুণ্ঠবার্ত্তা শ্রবণপূর্ব্বক বৈকুণ্ঠবার্ত্তা শ্রবণ করিয়াছি বলিয়া মনে করিতেছেন—কল্পনা করিতেছেন, তাঁহারা বস্তুতে আত্মসুখ প্রাপ্ত হইতেছেন; তজ্জন্য সেই সব ভণ্ড ব্যবহারী লোক প্রমুখাৎ শ্রুত নামাদি ফল প্রদান করিতেছে না। যেমন অগ্নি নহে বলিয়া খদ্যোত তুলারাশি দগ্ধ করিতে পারে না।

অতএব শ্রীমদ্ভাগবতে উক্ত বিশিষ্ট স্থান হইতে একান্ত মায়াশ্রিত আচার্য্য মুখ হইতে শ্রীনাম মন্ত্র শ্রবণ না করিলে যে, তাহা সুফল প্রদান করে এবং সমুদ্র-শ্রিত অর্থাৎ একান্ত মায়াশ্রিত আচার্য্য মুখ নিঃসৃত নাম মন্ত্র শ্রবণ কর্ণ অনুসন্ধানে স্বাভাবিক দুঃখ নিবৃত্তিরূপ মুক্ত অর্থাৎ আনন্দ নিবৃত্তি বিহিত হয়, তাহা সকলে প্রত্যক্ষ করিয়া চক্ষু কর্ণের বিবাদ মীমাংসা করিয়া লইতে পারেন।

(ক্রমশঃ)

(৩য় পৃষ্ঠার ৪র্থ কলমের পর)

আর বাবু বলিলে আয়ুবৃদ্ধি হয়—না বলিলে দণ্ড বাড়ে, মানকষ্ট উপস্থিত হয়।

কেন এমন হয়?—বৃদ্ধেরা বলেন, রৌদ্রের এমন প্রখর তেজ তাঁহারা অনেক দিন দেখেন নাই। অদ্ভুত মাধব মাস। মাধব হরির পরম-প্রিয় মাস। প্রখর রৌদ্র-তপ্ত এই বৈশাখ পুণ্যময়ত্বে দুর্ল্লভ। পদ্ম-পুরাণে পাতালখণ্ডে নারদাম্বরীষ সংবাদে লিখিত আছে,—

"ন মাধবসমো মাসো ন মাধবসমো বিভুঃ।
পোতোঽহবিহার্ভবাম্ভোধৌ মজ্জমানজনস্য যঃ॥"

যেরূপ ভগবান্ শ্রীহরির সমান ঈশ্বর নাই, তদ্রূপ পাপ-সাগরে নিমগ্ন ব্যক্তির পক্ষে বৈশাখের সদৃশ তরণীও আর দৃষ্ট হয় না। পুণ্যপ্রদ মাসসমূহের মধ্যে কার্ত্তিক মাস শ্রেষ্ঠ, মাঘমাস তদপেক্ষা শতগুণ অধিক ফলপ্রদ, বৈশাখ মাস তাহা অপেক্ষাও শতগুণ অধিক ফলপ্রদান করেন। উক্ত পুরাণে আরও কথিত আছে,—

দুর্ল্লভং ভারতে বর্ষে জন্ম তত্র মনুষ্যতা।
মানুষ্যে দুর্ল্লভং লোকে স্বধর্ম্মপ্রবর্ত্তনম্।
ততোঽপি ভক্তির্দুর্ল্লভা বাসুদেবেঽতি-
দুর্ল্লভা।
তত্রাপি দুর্ল্লভো মাসো মাধবো
মাধবপ্রিয়ঃ॥

পুণ্যভূমি ভারতবর্ষে অবলাত্ত পশু-পক্ষি-কীট-পতঙ্গ যেন কি সুকৃতাঙ্কুররূপে জন্মলাভও দুর্ল্লভ, মনুষ্যজন্মলাভ সুদুর্ল্লভ, মনুষ্যজন্ম পাইলেও স্বধর্ম্মাচারী হওয়া আরও দুর্ল্লভ, আবার বাসুদেবে ভক্তিযোগ একান্তই সুদুর্ল্লভ, তাহাতেও হরিপ্রিয় মাধব মাস অর্থাৎ বৈশাখ-নামক মাসটি অতীব দুর্ল্লভ।

এতেন দিবসে তাপত্রয়-নিবর্ত্তক-মাধব কথা কাহারও আলোচ্যবিষয় হইয়াছেন কি? ভগবান্ মাধবনাম কাহারও স্মৃতিপথে উদিত হইতেছেন কি? তপন-তাপে তপ্ত জীবকুলের বদনে 'ত্রাহি' রব শ্রুত হইলেও 'ত্রাহি মাং মধুসূদন কৃষ্ণ-কেশব কৃষ্ণকেশব কৃষ্ণকেশব ত্রাহি মাং' বলিয়া কেহ কি নিরপরাধে প্রার্থনা করিতেছেন?

—না। তৎপরিবর্ত্তে মায়াধন-সেবিকার বাহিক কৃপাপাত্র কেহ কেহ বহুবিধ কৃত্রিম উপায় উদ্ভাবন করিয়া তপন-তাপ-প্রতিরোধে সচেষ্ট হইয়াছেন—কেহ বা তপন-শাসন-শিথিল শিলং শিমলা দার্জ্জি-লিঙ্ আদি শীত-পাসিক্ত স্থানে পলায়ন করিয়া আত্মরক্ষার সুযোগ অন্বেষণ করিতেছেন, কেহ কেহ সাধিকের অধিকার সংরক্ষণ মানসে ভূ-বরুণোদক বাক্যবাণে অভাব অভিযোগ জানাইয়া প্রতিকার প্রত্যাশা করিতেছেন, আবার কতক ব্যক্তি 'স্ব-স্থানে আর নাহি প্রতিকার' সাব্যস্ত করিয়া বাক্যব্যয় প্রচারেই অধিকার মনোনিবেশ করিয়াছেন, অপর সকলে অনন্যোপায় হইয়া সর্ব্বৈশ্বর্য্যাধিপতি জগৎকর্ত্তা ভগবান্ শ্রীপতি মাধবের অকরুণ পক্ষপাতদোষ আবিষ্কার করিয়া গাত্রদাহ নিবারণে প্রয়াসী হইয়াছেন। আবার এই সকল জনসঙ্ঘের মধ্যে সংখ্যায় অল্প এমন কতক-গুলি মানব আছেন যাঁহারা এই সময়টিকে পরম পুণ্যপ্রদ জানিয়া বহুপুণ্যজনক শুভকর্ম্ম সম্পাদনে অগ্রসর হইয়াছেন বস্তুতঃ সকলেই স্ব-স্ব চিত্তবৃত্তি-তাৎপর্য্যবিধানেই বদ্ধপরিকর। কিন্তু এবম্বিধ তাপের কারণ কি এবং কিরূপেই বা ইহা হইতে পরিত্রাণ পাওয়া যায় তাহা নির্ণয় করিবার জন্য কাহাকেও ব্যস্ত দেখা যায় না।

আত্মতত্ত্ববিস্মৃত আত্মকল্যাণবিধানে উদাসীন ও অসমর্থ অজ্ঞ-জীবকুলের এবম্বিধ শোচ্যাবস্থা দর্শনে বিগলিত হৃদয় পরদুঃখ-দুঃখী নিষ্কিঞ্চন ত্রিকালজ্ঞ বিদ্বদ্গণ জগজ্জীবকে লক্ষ্য করিয়া অভয়গম্ভীরস্বরে বলিতেছেন,—

ভাই সব! তুচ্ছ তপন-তাপে তাপিত হইয়া আজ আমরা যেরূপ বিব্রত হইয়া পড়িয়াছি তাহাতে মনে হয়, আমরা যেন চিরদিনই সুখের সমুদ্রে সাঁতার দিতেছিলাম, আজ দৈবক্রমে সহসা-আগত দুঃখোর্ম্মির সামান্য একটি আঘাত তাই আমাদের নিকট অসহ্য হইয়া পড়িয়াছে। কিন্তু বাস্তবিক ত' তাহা নয়। আমাদের জীবন যাত্রার ইতিহাসটি পর্য্যালোচনা করিলে আমরা জানিতে পারি এইভাবে যখন যে দুঃখটি আমাদের সম্মুখে আসিয়া উপস্থিত হয়, আমরা সেই সময়টির মত তাহাতেই অভিভূত হইয়া পড়ি এবং মনে করি—এই দুঃখটির হাত হইতে কোন প্রকারে নিষ্কৃতি পাইলেই বা ত আমরা নিশ্চিন্ত হইতে পারি। তখন পূর্ব্বস্মৃতি উদিত হইয়া শান্তিভঙ্গের সূচনা করিলে 'গতস্য শোচনা নাস্তি'—প্রভৃতি বাক্য আবৃত্তি করিয়া অতীতের ক্ষতগুলিতে প্রলেপ দিবার প্রয়াস করি এবং ভবিষ্যৎ সুখের কাল্পনিক পথে আলোক জ্বালিয়া দিয়া আমাদের বেশ একটু বেড়াইয়া লই। কিন্তু কল্পনা-রাজ্যের প্রবঞ্চক এই অবস্থাটি আমাদের ভাগ্যদোষে অধিক ক্ষণ স্থায়ী হয় না। দেখিতে দেখিতে নূতন নূতন দুঃখতরঙ্গমালা আসিয়া আমাদিগকে অধিকতর নিষ্ঠুরভাবে পীড়ন করিতে থাকে। ক্রমে অভিজ্ঞ আমরা এক সময় বুঝিতে পারি—

সুখস্যানন্তরং দুঃখং দুঃখস্যানন্তরং সুখম্।
চক্রবৎ পরিবর্ত্তন্তে সুখানি চ দুঃখানি চ॥

সুতরাং এই তাপ এই দুঃখ আমাদের ভাগ্যে নূতন নয়। লক্ষ লক্ষ কোটি কোটি

(৫ম পৃষ্ঠার ১ম কলমে দ্রষ্টব্য)

নীলাচল প্রসঙ্গ

শ্বেত-মাধব

ইনি শ্বেতগঙ্গা সন্নিধানে বিরাজিত। কথিত আছে, ত্রেতাযুগে শ্বেতরাজ শত বৎসর অনশনে থাকিয়া মহারাজ ইন্দ্রদ্যুম্ন সহ শ্রীশ্রীজগন্নাথদেবের আরাধনা করেন। শ্রীশ্রীজগদীশ তাঁহার (শ্বেতরাজের) পূজায় সন্তুষ্ট হইয়া বর প্রদান করিতে ইচ্ছা প্রকাশ করিলে শ্বেতরাজ সারূপ্য-মুক্তি প্রার্থনা করেন। নীলাচলচন্দ্র তাহা প্রদান করিলে তিনি শ্রীভগবানের আদি অবতার মৎস্য-মূর্ত্তির সহিত শ্বেতমাধবরূপে বিরাজ করিতেছেন। ইঁহার দর্শনে মহাপুণ্য হয়।

শ্বেত গঙ্গা

অক্ষয়বট ও সমুদ্রতীর মধ্যে যে সরোবর আছে তাহাকে শ্বেত গঙ্গা বলে। শ্বেতমাধবের নামানুসারে ইনি খ্যাত। শ্বেত গঙ্গায় স্নান করিয়া ভগবানের মৎস্য-রূপ ও শ্বেতমাধব মূর্ত্তিদর্শনে মোক্ষপ্রাপ্তি ঘটে।

লোকনাথ মহাদেব

কথিত আছে যে ইনি ভগবান্ শ্রীরামচন্দ্রকর্ত্তৃক প্রতিষ্ঠিত হ'ন। প্রতি বৎসর শিবরাত্রিতে এখানে মেলা হয়।

জগন্নাথ বল্লভ

নরেন্দ্র সরোবরের নিকট শ্রীশ্রীজগদীশের একটী প্রাচীরবেষ্টিত মনোরম উদ্যান আছে—ইহাই জগন্নাথ বল্লভ নামে খ্যাত।

পুরীর এক রাজা ভ্রমক্রমে বামহস্তে মহাপ্রসাদ গ্রহণ করিয়াছিলেন বলিয়া সত্বরচিত্তে উহা কর্ত্তন করিয়া ফেলেন। জগন্নাথদেবের কৃপায় ঐ কর্ত্তিত হস্ত [illegible]র আকৃতি ধারণ করিয়া এই উদ্যানে বৃক্ষরূপে বিরাজিত।

অপ্রাকৃত-রস-রসিক শ্রীরায় রামানন্দ শ্রীমন্মহাপ্রভুর আদেশে জগন্নাথ-বল্লভে অবস্থান করিয়া নিরন্তর কৃষ্ণকথালাপনে কৃষ্ণ-প্রেম-রস আস্বাদন করিতেন।

চক্রতীর্থ

ইহা পুরী ষ্টেশন হইতে অতি সন্নিকটে অবস্থিত। এই স্থানে শ্রীচক্রনারায়ণ ঠাকুর বিরাজিত। এখানে যাত্রিগণ আহারের

বালুকাপিণ্ড প্রদান করিয়া থাকেন। চক্রতীর্থে একটী [illegible] নির্ম্মিত হইয়াছে।

ইন্দ্রদ্যুম্ন সরোবর

ইহা গুণ্ডিচাবাটীর সন্নিকটে অবস্থিত। রথযাত্রার পূর্ব্বদিবস বাজিগণ শ্রীশ্রীগৌরসুন্দরের অনুগমনে গুণ্ডিচাগৃহ মার্জ্জনান্তে এই পূত সরোবরে স্নান করিয়া থাকেন। উহার দৈর্ঘ্য ৩৮৬ ফুট এবং প্রস্থ ৩৯৬ ফুট।

মহারাজ ইন্দ্রদ্যুম্ন সহস্রবর্ষব্যাপী অশ্বমেধ যজ্ঞানুষ্ঠানের সময় ব্রাহ্মণগণকে কোটি কোটি গাভী প্রদান করিয়াছিলেন। ঐ সকল গাভী যে স্থানে রাখা হইয়াছিল সেই স্থান হইতে তাহাদের ক্ষুরের দ্বারা মৃত্তিকা খনন হইতে ঐ সরোবরটী প্রস্তুত হয়। গাভী সকল উৎসর্গীকৃত হইলে তৎকালে সংকল্প জল দ্বারা উহা পূর্ণ হয়, সুতরাং ইহা একটী পবিত্র সরোবর।

আবহাওয়া

পাঠকগণ অবগত আছেন, গত কল্য বেলা ১টার সময় পুরীতে বেশ একটী নৈসর্গিক দুর্য্যোগ হইয়া গিয়াছে। তাহাতে বৃক্ষাদি ধূলিধূসরিত হইয়াছিল। অদ্য প্রাতঃ ৭টা হইতেই অনবরত বৃষ্টিপাত হইতেছে। বাতাস প্রায় বন্ধ কিন্তু গুমোট বিষয় তথাপি গরম অনুভূত হইতেছে না বৃক্ষাদি এই বারিপাতে বেশ উজ্জ্বল সবুজবর্ণ ধারণ করিতেছে। আশা করা যায় এই বৃষ্টিতে কৃষকগণের বিশেষ উপকার হইবে।

(৩য় পৃষ্ঠার ৩য় কলমের পর)

জন্ম আমরা নানা যোনিতে ভ্রমণ করিয়া এতদপেক্ষা সহস্র সহস্রগুণ অধিক দুঃখ পাইয়াছি—পাইতেছি এবং পাইতে থাকিব। পুনঃ পুনঃ জন্মপরিগ্রহের নাম 'ভব'। আমরা স্বেচ্ছায় এই ভবসংসারে জন্ম-কর্ম্ম-জরা-মৃত্যু-শোকমালাসূত্রে চিরতরে আবদ্ধ হইয়া পড়িয়াছি। যেদিন কৃষ্ণ-পাদারবিন্দযুগল বিস্মৃত হইয়া চিরলীলাবিধুরের সেবানন্দ ত্যাগ করিয়া জগবহির্ম্মুখ [illegible] ভোগ করিবার দুষ্প্রবৃত্তিপরায়ণ হইয়াছি সেই দিন হইতে আমাদের এই দুর্দ্দশার সূচনা। তারপর কত লক্ষ কত কোটি জন্ম অতীত হইয়া গিয়াছে, কত রৌদ্র, কত বৃষ্টি, কত শিলা কত ঝঞ্ঝা, কত বজ্র আমাদিগের মাথার উপর দিয়া চলিয়া গিয়াছে—কত শোক, কত দুঃখ, কত জরা কত মৃত্যু, কত মহামারী আমাদিগকে কাঁদাইয়া কাঁদাইয়া অন্ধ করিয়া তুলিয়াছে, তবুও আমি সেই ভিখিরি সেই

নানা খবর

নদে ভেসে যায়

নদীয়ার সর্ব্বত্রই একটা বিরাট ঝড় বহিয়া যাইতেছে। বোধ হয় বিগত চারি শত বৎসরের মধ্যে এরূপ ঝঞ্ঝাবাত আর কখনও হয় নাই। চারিদিকে এত হরতাল এবং আইন অমান্য করিয়া সভা ও ধরপাকড় চলিতেছে যে, তাহার সংখ্যা বা বর্ণনা করা অসম্ভব। এক মাসের মধ্যে তিনটী বড় বড় হরতাল হইল। প্রথম হরতাল মিঃ সেন, এম সেন গুপ্তের গ্রেপ্তারে। দ্বিতীয় হরতাল গান্ধির গ্রেপ্তারে এবং বর্ত্তমান হরতাল গান্ধির উত্তরাধিকারী মিঃ আব্বাস তায়াবজীর গ্রেপ্তারে। কৃষ্ণনগরে মহলবাবে, নবদ্বীপে বুড়াশিববাবে এইরূপে ভিন্ন ভিন্ন অসংখ্য স্থানে অসংখ্য হরতাল হইতেছে।

ভিখিরি! এতকেও আমার পূর্বরূপের স্তব লেশমাত্র পরিবর্তন সাধিত হয় নাই আশ্চর্য্য! এখনও কি সকলতাপহর কল্যাণময় চৈতন্যবাণী আমাদের কর্ণকুহর বিদ্ধ মর্ম্মগুহায় ধ্বনিত হইবে না? অহো! এখনও কি আমরা আমাদের যাবতীয় দুঃখের মূল ও স্বরূপ দুষ্ট ভোগপ্রবৃত্তিগুলি বিসর্জন দিয়া প্রকৃত সুখ—প্রকৃত শান্তি—নিত্য আনন্দ লাভের জন্য ব্যাকুল হইয়া উঠিব না?

ঐ শোন—বীচিমালাবিক্ষুব্ধ অনন্ত ভাবময় [illegible] মহাসাগরতটে জগন্মঙ্গলকর হৃৎকর্ণরসায়ন সুমধুর চৈতন্যবাণী। আতপক্লিষ্ট—ভবদাবাগ্নি-দগ্ধ—ত্রিতাপজর্জ্জরিত ব্যাকুলিত [illegible] মানব। যদি প্রকৃত [illegible] আনন্দের সন্ধান পাইতে [illegible] আর কালবিলম্ব না করিয়া ছুটিয়া [illegible] ঐ মহামহিম সাগরতটে। নীলাচলোত্তর নীলাচলনাথ তোমার দুর্দ্দশাদর্শনে কৃপা-পরবশ হইয়া করুণাপ্রবাহ অনিমিষনয়নে চাহিয়া আছেন তোমার পানে। ঐ দেখ—প্রেমময় [illegible] ৮'টি বাহু পতিত জীবের উদ্ধারের জন্য অনুক্ষণ প্রসারিত। আরও পরিজ্ঞাত হও—সেই করুণাময় জগন্নাথের আত্মপ্রকাশবিগ্রহ জগদ্গুরু আচার্য্যদেব জীবের ত্রিতাপনাশক নিত্য ও বাস্তব বস্তুজ্ঞান শিক্ষা দিবার জন্য শ্রীপুরুষোত্তমমঠে শ্রীচৈতন্য-[illegible] যজ্ঞের অনুষ্ঠান করিয়াছেন। ত্রিতাপিত মানবের নিত্য শান্তি—নিত্য-কল্যাণবিধানের জন্য সর্ব্ববিধ সদুপাদের আয়োজন প্রচুর পরিমাণে তথায় সন্নিবিষ্ট হইয়াছে। এখনও কি আমরা হেলায় এ সুবর্ণ-সুযোগ উপেক্ষা করিব।

বিলাতে ভারত কথা

বিলাতের লোক ভারত সম্বন্ধে বেশী খবর রাখা "প্রয়োজনীয় মনে করে না। কিন্তু বর্ত্তমান আন্দোলনের ফলে ব্যাপার এরূপ দাঁড়াইয়াছে যে, অনেককে ভারত সম্বন্ধে ভাবিতে হইতেছে। [illegible] বলিতেছেন,—"বর্ত্তমানে ভারতের [illegible] অবস্থা তাহাতে উত্তেজনার দ্বারা কোন ফল হইবে না। তাহাতে [illegible] প্রচারিত কথা লোকে বিশ্বাস করে না।"

[illegible] বলেন [illegible] শ্রমিক মন্ত্রিদল ভারতের সম্বন্ধে যে নীতি অবলম্বন করিতেছেন তাহা সমীচীন। এ সম্বন্ধে কাহারও কিছু বলিবার নাই।

ভারতে কম্যুনিষ্ট

শ্রীযুক্ত বেন সাহেব পার্লামেণ্টে বলিয়াছেন যে, ভারতে সম্প্রতি যে সমস্ত গোলমাল হইয়াছে উহা কম্যুনিষ্ট কর্ত্তৃক অনুষ্ঠিত এরূপ কোন প্রমাণ পাওয়া যায় নাই।

স্যার উইলিয়াম বার্ডউড্ নানাস্থান পরিদর্শন করিয়া অভিমত প্রকাশ করিয়াছেন যে, ভারতীয় সৈন্যেরা সম্পূর্ণ রাজভক্ত।

বৃটিশগবর্ণমেণ্টের প্রধান মন্ত্রী ভারতের কোন কোন্ প্রতিষ্ঠানের মুখপত্রস্বরূপ কোন্ কোন প্রতিনিধিকে বিলাতের গোল বৈঠকে পাঠান প্রয়োজন তাহা নির্দ্ধারণ করিবার জন্য ভারতের বড়লাট সাহেবকে লিখিয়াছেন।

একশত গ্রেপ্তার

কাঁথিতে লবণ সত্যাগ্রহ ব্যাপার ভীষণ হইতে ভীষণতর হইতেছে। সত্যাগ্রহীদের স্থানীয় কার্য্যালয় পুলিশ কর্ত্তৃক আক্রান্ত হয়। এক শত স্বেচ্ছাসেবক গ্রেপ্তার হইয়াছেন।

ম্যাজিষ্ট্রেটের এজলাস দগ্ধ

শোলাপুরের অবস্থা বাস্তবিকই অবর্ণনীয়। দাঙ্গা হাঙ্গামার শেষ নাই। পুরঃ [illegible] সাহেবের আদালত এবং ছয়টী পুলিশ চৌকি পুড়াইয়া দেওয়ার কথা প্রকাশিত হইয়াছে।

বর্ত্তমানে সংবাদ পাওয়া যাইতেছে যে শোলাপুরে ম্যাজিষ্ট্রেট সাহেবের আদালত ও পুড়াইয়া দেওয়া হইয়াছে। এতদঞ্চলে কাহারও এখনও ভয় নাই। কাহারও জীবন নিরাপদ নহে। সহরের কোন কোন অংশ ধ্বংস প্রায়

গত বুধবার সন্ধ্যার সময় হইতে শোলাপুরে সামরিক আইন জারি হইয়াছে। কত কাল সামরিক আইন বলবৎ থাকিবে তাহা এখনও জানা যায় নাই

এখানে নরহত্যা, ঘর বাড়ী ধ্বংস, লুটপাট এত বেশী হইতেছিল এবং দুষ্ট লোকের অত্যাচার, মারামারি প্রভৃতি এত ভয়ানক হইতেছিল যে, পুলিশ শান্তি রক্ষায় অসমর্থ হওয়ায় সরকার পক্ষ হইতে সৈন্যদল আনয়ন করিতে বাধ্য হইয়াছেন। এখন সহর সৈন্যদলের দখলে।

কলিকাতার অবস্থা এখন অত্যন্ত ভীষণ। হতাহতের সংখ্যা ঠিক [illegible] হিসাব রাখা অসম্ভব। গত বুধবার সন্ধ্যার পর সহর [illegible] গ্রেপ্তার করা হইয়াছে।

ভারত আক্রমণের উদ্যোগ
সীমান্তে গোলযোগ

[illegible] উত্তর পশ্চিম সীমান্তে তুরঙ্গ জাইদের হাজি [illegible] সৈন্য সংগ্রহ করিয়াছেন। তিনি [illegible] উদ্দেশ্য করিতেছেন মনে করিয়া ভারত সরকার তাঁহাকে চরম পত্র দান করিয়াছেন।

এই চরম পত্র অনুসারে যদি হাজি সাহেব সমস্ত লোকজন সরাইয়া লইয়া যাইতে অস্বীকার করেন তাহা হইলে ভারত সরকার বিহিত বিধান করিবেন। বৈদেশিক সেক্রেটারি মিঃ হাউয়েল গত ১১ই মে তারিখে বিমানপোতযোগে সিমলা যাত্রা করিয়াছেন।

চরম পত্রানুসারে হাজি সাহেব কাজ না করায় বৃটিশ গবর্ণমেণ্ট সীমান্তে কতকগুলি [illegible]। ফলে হাজির লোক পুরের যাবতীয় সৈন্যদল পর্ব্বতের গুহায় লুকাইয়া আত্মরক্ষা করে।

কাটোয়াই গ্রামের লোকদিগকে বৃটিশ সৈন্যদল অবরোধ করে এবং তাহাদিগের অস্ত্র শস্ত্র কাড়িয়া লয়। সীমান্তের অশান্তি [illegible] জন্য ডেপুটি কমিশনার সাহেব [illegible] জেলা হইতে পেশোয়ারে [illegible] গিয়াছেন

ঢাকায় গ্রেপ্তার

ঢাকা মিউনিসিপালিটির চেয়ারম্যান সতীশ [illegible] শ্রীমান শচীন্দ্র এবং [illegible] শ্রীমান [illegible] সহ মতিলাল অভিযানে যোগদানে গ্রেপ্তার হইয়াছেন।

লোহার [illegible]
করগেট টীন, [illegible]
[illegible] ইত্যাদি
সুলভে বিক্রয় করি
[illegible]

শ্রীচৈতন্য মঠের

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত
[illegible] গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই
স্বর্ণালঙ্কৃত। চতুর্থ সংস্করণ। বিস্তৃত বিষয়সূচীসহ

শ্রীজৈবধর্ম্ম
বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

[illegible] বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অভাব দূরীকৃত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

[illegible] শিক্ষকগণের [illegible] পাইয়া, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর তৎ সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ
সমগ্র বাঁধাই ২৲ দুইটাকা
আবাঁধা—১৸০ দেড়টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও আনন্দ সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? বর্ণ, আশ্রম, [illegible], ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পৃষ্ঠা হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য ভিক্ষা ৶০

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৶০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাস্থান নবটী দ্বীপ-[illegible]। [illegible] প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—[illegible] ইত্যাদি বিষয় বিশেষভাবে [illegible] প্রায় ১৭০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

[illegible] উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার! ভিক্ষা চারি আনা।

শ্রীহরিনামচিন্তামণি
।৵০ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী ও শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভৃতি [illegible] যে সকল কথা [illegible], তাহা এই গ্রন্থে [illegible] অতি সুন্দরভাবে বিবৃত হইয়াছে। [illegible] শ্রীশ্রীমন্মহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে [illegible] হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!
শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :-

শরণাগতি
পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা /০ আনা

[illegible] চেষ্টা অনিত্যাবস্থ হইয়া—উহা যখন জীব [illegible] পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি [illegible] আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বতোভাবে নিষ্কপটে [illegible] প্রকারে শরণাপন্ন হইতে হয়, [illegible] প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্মসমর্পণমূলক গান। [illegible] সংস্করণ প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা প্রতি খণ্ড /০ এক আনা
প্রেমভক্তিচন্দ্রিকা—/০, নবদ্বীপশতক—/০
অর্থপঞ্চক—/০

কল্যাণকল্পতরু
পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা /১০

আমরা [illegible] কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য ও যথার্থ কল্যাণ প্রদানে সমর্থ এবং কোন বস্তু আমাদের নিত্য কল্যাণপ্রদ এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিগ্রন্থ [illegible] কল্যাণের আকর; ইনি [illegible] নিত্যকল্যাণ প্রদানে

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্‌ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত [illegible]। টীকাকারের জীবনী, শ্লোকসূচি, [illegible] বহু প্রয়োজনীয় বিষয় সম্বলিত প্রায় ৮২৫ পৃঃ। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৸০

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ-কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোনার জলে নাম লেখা রাজসংস্করণ ২৲ টাকা, সাধারণ সংস্করণ ১৸০, গৌড়ীয়ের গ্রাহকপক্ষে ১৷০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (শাস্ত্রভোমকোষগ্রন্থ)

বিষয়:—১। [illegible] ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। বহুবৈষ্ণবসম্পর্কিত শ্রীমন্দির ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও গ্রন্থসমূহের [illegible] ও বিবরণ, ৫। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় [illegible] ব্যবহার তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ম খণ্ড ৸৵০, ২য় খণ্ড ৸৵০, ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড ৸০. চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ—১ম খণ্ড ১৲ এক টাকা ২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীজীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই ষট্‌সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ পেজীয় ৭৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমন্মধ্বাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতি
ভিক্ষা /০ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্—শ্লোক-সূচী, বিবৃতি [illegible] খণ্ডে খণ্ডে প্রকাশিত। ভিক্ষা, প্রত্যেক খণ্ড সাধারণ পক্ষে ।৶০ গৌড়ীয় ও নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৶০
২। অনু-সং শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৩য় সংস্করণ) ৩৲
৩। গৌড়ীয়গৌরব ৶০
৪। গৌড়ীয়সাহিত্য ।০
৫। ভজনরহস্য ।০
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
,, ,, আবাঁধা ৸০
৭। গীতা (শ্রীবলদেবভাষ্যসহ) বাঁধা ২৲ আবাঁধা ১৸০
৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲ আবাঁধা ১৸০
গীতার কেবল মূল-ভাষ্য ।০
৯। [illegible] সানুবাদ (বাঁধা) ২৲
১০। [illegible] সানুবাদ (রামানুজীয়) ।০
১১। [illegible] ২৲
১২। শ্রীনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৸৵০
১৫। দ্বীপ-বিবরণ ৶০
১৬। [illegible] (৩য় সংস্করণ) ।৵০
১৭। আচার ও আচার্য্য ।৵০
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
১৯। [illegible] (নবদ্বীপ পরিক্রমা) ৶০
২০। শ্রীল [illegible] ৶০
২১। [illegible]-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৶০
২২। [illegible] ভাবতরঙ্গ ।০
২৩। শ্রী[illegible] দর্পণ ।০
২৪। শরণাগতি, গীতাবলী, [illegible], প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্থপঞ্চক ও সদাচারস্মৃতি মোট ।৵০
২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও [illegible] ৶০
২৬। সাধককণ্ঠমালা ।৵০
২৭। সংস্কার-দীপিকা
২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲
২৯। ব্রহ্মসংহিতা ।০
৩০। শ্রীমহাপ্রভুর শিক্ষা ৸০
৩১। মণিমঞ্জরী সানুবাদ ।০
৩২। গোবর্দ্ধনোদয়ঃ ৸০
৩৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট, দ্বিতীয় সংস্করণ)

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া।

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়মঠ হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৪ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইতেছে।

৪৬শ খণ্ড প্রাপ্ত নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৫।./০ সাধারণ পক্ষে ২০৸./০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।/০।

দশম স্কন্ধের ভিক্ষা ১২৲, অগ্রিম দাতাগণের পক্ষে ৮৲।

৬২ অধ্যায়পর্যন্ত একাদশ খণ্ড ছাপা হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষায় তৃতীয় সংস্করণ ৪৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার চতুর্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০৲ টাকার এই বিরাট্ গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্যলীলার ব্যাস আদিকবি

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫৲

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪॥০ টাকা

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকটও

নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—বহু দক্ষ রোড, খুলনা।

২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—দেওয়ানগঞ্জ,

জনাইবাড়ী কুচবিহার।

৩। শ্রীযুক্ত রামরতন রায়—৭৩।২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা।

৪। মিঃ এন ডি, মুখার্জি—এম, এস, ওয়ার্কস ডি মল, কানপুর

৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী গোস্বামী বল—কৃষ্ণনগর, নদীয়া

। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।

৭ শ্রীবিরাজমোহন দে—মনোমোহন প্রেস, নবাবপুর, ঢাকা।

৮। শ্রীদেবেন্দ্রনাথ গড়গড়ি বেড়াচাঁপা, ২৪ পরগণা

শ্রীনন্দলাল চট্টোপাধ্যায় এ, এম, এস, বামনগাছি

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে পারেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় হরি-কথা জানিবার স্বর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	৷০
একত্রে ৩ খণ্ড লইলে	১৲
সাধন পথ (শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	৷০
একত্রে ৩ খণ্ড লইলে	১০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৶০
একত্রে ৩ খণ্ড লইলে	৷০
গীতাবলী প্রতিখণ্ড	৴১০
একত্রে ৩ খণ্ড লইলে	৶১৫
শরণাগতি—প্রতিখণ্ড	৴০
একত্রে ৩ খণ্ড লইলে	৶৪

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার

ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ

ভিক্ষা ।৶০ মাত্র

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীমায়াপুর, (নদীয়া)।

২। শ্রীগৌরগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।

৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড্, কলিকাতা

। শ্রীপুরুষোত্তম মঠ,—পোঃ চটকপর্ব্বত, পুরী।

৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।

৭। শ্রীভাগবত মঠ,—চিরাইদহ, বালিঘাই, মেদিনীপুর।

৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৪নং অগস্ত্যকুণ্ড, কাশী, ইউ, পি

৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ডিপ্লোমা, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।

১০। শ্রীপরমহংস মঠ—নৈমিষারণ্য পোঃ, সীতাপুর, ইউ পি।

১১। শ্রীবাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব।

১২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—১০নং নবাবপুর রোড্, ঢাকা।

১৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।

১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাযোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।

১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—ঝুমরকোণা, চিরকুণ্ডা পোঃ, মানভূম।

১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা

১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ কুতব রোড্, দিল্লী

মনোমোহন প্রেস

১০নং নবাবপুর, ঢাকা

পূর্ব্ব-বাঙ্গালায় সুলভে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা।

অন্যথা না হলে কৃষ্ণ তুষ্ট নহ করে পুন সেই মত করা পাপে দুব হৈতে

পর-বিদ্যাপীঠ

(প্রাচীন নবদ্বীপ শ্রীমায়াপুর শ্রীচৈতন্যমঠ)

এখানে আহার এবং বাসস্থান দিয়া বিদ্যার্থিগণকে বিভিন্ন শিক্ষণীয় বিষয় শিক্ষা দিবার ব্যবস্থা করা হইয়াছে। অনেক ছাত্র ইতোমধ্যেই আসিয়া পাঠ আরম্ভ করিয়াছেন। বর্ত্তমান বর্ষে সকল ছাত্রই গবর্ণমেণ্ট সংস্কৃত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

প্রধান অধ্যাপক—পণ্ডিত শ্রীযুক্ত শচীন্দ্রচন্দ্র কাব্য-ব্যাকরণ-সাংখ্য-বেদান্ত-ষড়দর্শন-তীর্থ, সাংখ্যভূষণ, বেদান্তরত্ন, সাহিত্যশাস্ত্রী, স্মৃতিবাচস্পতি।

অধ্যাপক—পণ্ডিত শ্রীযুক্ত গৌরদাস ব্রহ্মচারী ব্যাকরণতীর্থ

শ্রীধাম মায়াপুর পরবিদ্যাপীঠ, (নদীয়া)

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাঁহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, বহুমূত্র, ধ্বজভঙ্গ, পাকস্থলীজাত পীড়া, ঋণ এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাঁহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, হিষ্টিরিয়া, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটার সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১॥০ টাকা মাত্র।

সোল এজেণ্ট—ডাঃ ডি, ডি, হাজরা।

কড়েপুর, পাতিপুকুর পোষ্ট, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

এখনও অপূর্ব্ব সুযোগ! পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম, এ প্রাজ্ঞ (লাহোর)

মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত।

৫৭ খানি অপূর্ব্ব-চিত্র সমন্বিত।

বিশ্বকোষ-সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইঃ) মরোক্কো বাঁধা ১৸০ ভিপিতে ২৲ দুই টাকা মাত্র।

গ্রন্থ প্রকাশ হইবামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পদসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত

মোটা অক্ষরে ডবল ক্রাউন,

আটপেজী আকারে টীটাগড়ের কাগজে ছাপা

ভিক্ষা—২॥০ টাকা

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ. এফ.সি.এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্ব্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে যত্নপূর্ব্বক ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত। নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাসি, সর্দি, যক্ষ্মা, ক্ষয়রোগ, জ্বররোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্ব্বলতা নাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, শুক্রতারল্য, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত দুরারোগ্য রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

বিশুদ্ধ জল! ভয় নাই! বিশুদ্ধ জল!!

কোং

২০৫নং নবাবপুর, ঢাকা

বর্ত্তমান-যুগের নব-আবিষ্কৃত যন্ত্রপাতি দ্বারা উন্নত বৈজ্ঞানিক-খনন-প্রণালীতে নলকূপ (*Tube-well*) নির্ম্মাণ করা হয়। বঙ্গের লাট বাহাদুর, প্রাইভেট সেক্রেটারী, জিলা-ম্যাজিষ্ট্রেট, জিলা-বোর্ডের চেয়ারম্যান, ইঞ্জিনিয়ার, জমিদার, তালুকদার, প্রভৃতি সম্ভ্রান্ত ভদ্রমহোদয়গণ এই কোম্পানীর কার্য্য দেখিয়া প্রশংসা করিয়াছেন। রাসায়নিক পরীক্ষায় জল বিশুদ্ধ না হইলে মূল্য গৃহীত হয় না। বিস্তৃত বিবরণের জন্য পত্র লিখুন

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ ২ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্ব্বজনবিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটির উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটিকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটিকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। "মণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাকচিক করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্ব্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১ টাকা।

—অন্যান্য আবিষ্কৃত—

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান :—আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

---

৯ নং বাগাচর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে—ডাঃ শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী এম, এস, এর দ্বারা মুদ্রিত ও প্রকাশিত হইতেছে।

টেলিগ্রামের নাম ও ঠিকানা— "শ্রীধাম" নবদ্বীপ

Registered No. C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩৷০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

সাহায্যের হার
অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৷০
মাসিক ১৲
নগদ প্রতি সংখ্যা ৫

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র।

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [৬৬ সংখ্যা

শ্রীচৈতন্য মঠ শ্রীধাম মায়াপুর- ৫ই জ্যৈষ্ঠ ১৩৩৭ সোমবার ১৯শে মে ১৯৩০

সংবাদ

পল্লীগ্রামে হরতাল

কৃষ্ণনগর থানার অধীন, সহর হইতে বহুদূরে, বর্ত্তমান সভ্য জগতের দৃষ্টির বাহিরে, নিরক্ষর মুসলমান-প্রধান পোলডাঙ্গা গ্রামেও মিঃ আব্বাস তায়াবজীর গ্রেপ্তারের জন্য পূর্ণ হরতাল হইয়া গিয়াছে। এই কথা বলিলেই যথেষ্ট হইবে যে, কেহ লাঙ্গল পর্য্যন্তও ধরে নাই, যদিও ষোল আনা লোকেরই উপজীবিকা চাষ।

বাদকুল্লুর গ্রামেও পূর্ণ হরতাল হয়। সেখানে হাট বাজার সমস্ত বন্ধ থাকে এবং জাতীয় পতাকা উড্ডীন হয়: এখনও জাতীয়-পতাকা লাইব্রেরীতে উড়িতেছে।

এ অঞ্চলে বহু সম্রান্ত উচ্চবংশ-সম্ভূত মুসলমান আছেন। তাঁহারাও বিশেষ উৎসাহের সহিত হরতালের কর্ত্তৃত্ব গ্রহণ করিয়াছেন।

বিদেশে ৭৭ লক্ষ লোক বেকার

লণ্ডনের রয়টারের সংবাদে প্রকাশ, ১৯৩০ সালের প্রথম কোয়ার্টারেই বৃটিশ-সাম্রাজ্যের বাণিজ্য শতকরা ৩ ভাগের উপর কমিয়া গিয়াছে এবং বিলাতে প্রায় ১৭ লক্ষ বেকার লোক আছে। এজন্য অনেকেই বাণিজ্য-শুল্ক একেবারে তুলিয়া দিয়া অবাধ-বাণিজ্য-প্রথার পক্ষপাতী হইয়াছেন।

ডেলি-নিউজ প্রকাশ করিয়াছেন যে আমেরিকার যুক্তপ্রদেশেও শুল্ক ক্রমাগত বৃদ্ধির কারণে এরূপ ব্যবসায়ের ক্ষতি হইতেছে যে, তথায় বর্ত্তমানে ৬০ লক্ষ বেকার লোক বসিয়া আছে।

ভারতে বিদেশী-দ্রব্যের আমদানী বন্ধ হওয়ায় ৭৭ লক্ষ লোকের বেকার অবস্থা।

পল্লীগ্রামে হরতাল

সর্ব্বদল সম্মেলন, বিদেশে ৭৭ লক্ষ লোক বেকার

মৃত্যুতে ট্যাক্স আদায়

পুলিশের কার্য্য ত্যাগ, সংবাদপত্র সেবিগণের সভা

শোলাপুরে শোচনীয় অবস্থা

লবণ আইন ভঙ্গে কারাদণ্ড, বরদৌলিতে কর বন্ধ

কুষ্টিয়ায় ১৪৪ ধারা অমান্য

বারবার উকীলের দণ্ড,কাঁকিনাড়ায় বিদ্যুত-বাতি

ময়মনসিংহে ভীষণ ব্যাপার

আসামে ১৪৪ ধারা অমান্যে মারপিট

নাইডু গ্রেপ্তার

আইন অমান্যে মহিলাগণের কারাদণ্ড

কৃষ্ণনগরে হুলুস্থুলু কাণ্ড

রাস্তা মানে কি। গুড়গুড়িয়া খাল সংস্কার

প্রেস অর্ডিনেন্স, নদীয়ার আবহাওয়া

কৃষ্ণনগরে ১০৭ ধারা, মুচলেকা পর্ব্ব

শান্তিপুর মিউনিসিপ্যালিটি

পুলিশের কার্য্যত্যাগ

শ্রীযুক্ত গান্ধীর গ্রেপ্তারের প্রতিবাদকল্পে নদিয়া পুলিশের দারোগা শ্রীযুক্ত তারাকুমার মুখোপাধ্যায় এবং জমাদার সারদাপ্রসাদ উভয়েই সরকারি-কার্য্যে ইস্তফা দিয়াছেন।

আইন অমান্যে মহিলার কারাদণ্ড

মাদ্রাজের এসোসিয়েটের সংবাদে প্রকাশ, শ্রীমতী রুক্মিণী লক্ষ্মীপতি (ডাঃ লক্ষ্মীপতির স্ত্রী) গত ১৬ই মে লবণ-সত্যাগ্রহ সম্পর্কে পুলিশ-কর্তৃক গ্রেপ্তার হইয়া এক বৎসরের জন্য বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিতা হইয়াছেন। মাদ্রাজে মহিলার কারাবরণ এই প্রথম।

শান্তিপুর মিউনিসিপ্যালিটি

শান্তিপুর মিউনিসিপ্যাল অফিসের লোহার সিন্দুক হইতে যে ১০২০৲ টাকা চুরি হইয়া গিয়াছে এ পর্য্যন্ত তো চুরির কোন কিনারা না, [illegible] করিয়া [illegible] উঠিতে পারেন নাই। [illegible] এই বিষয় চুপ [illegible] করিতেছে।

শান্তিপুর মিউনিসিপ্যালিটিতে [illegible] দিন হইতে [illegible] নাই। [illegible] নূতন [illegible] [illegible] ছিলেন। [illegible] [illegible] পদ শূন্য আছে।

অধিকাংশ [illegible] দিন [illegible] [illegible] হয়। [illegible] দুর্গন্ধ [illegible] যায়। [illegible] এই দুর্গন্ধ [illegible] ভোগ করেন। অথচ [illegible] কোন প্রতিকার নাই।

বিবিধ সংবাদ

শোলাপুরের শোচনীয় অবস্থা

শোলাপুরে [illegible] সম্পূর্ণ শান্ত হয় নাই। সহর সৈন্যগণ দ্বারা রক্ষিত হইতেছে। সামরিক আইন জারি হইয়াছে। [illegible] সামরিক আইনের [illegible] প্রতিপালন করিতে বাধ্য [illegible]। প্রায় ১০০ জন লোক গ্রেপ্তার হইয়াছে। [illegible] খানাতল্লাস হইতেছে। [illegible] অস্ত্রশস্ত্র পাওয়া যাইতেছে বলি[illegible]। পুলিশ কনেষ্টবলকে হত্যা করার অপরাধে [illegible] গ্রেপ্তার করা হইয়াছে। মহারাষ্ট্র [illegible] কমিটির সভাপতি শোলাপুরের অবস্থা আলোচনার জন্য এক জরুরি সভা করিয়া মহারাজের গভর্ণর বাহাদুরকে সামরিক আইন রদ করিবার ও সৈন্যদল তুলিয়া লইবার জন্য অনুরোধ করিয়াছেন এবং নিরস্ত্র নিরাশ্রয় সহরবাসীকে সাহায্য করিবার জন্য এককক টাকা টাকা [illegible] প্রস্তাব করিয়াছেন। জানা গিয়াছে যে [illegible] এক সপ্তাহকাল শোলাপুর নগর সৈন্যবিভাগের কর্তৃত্বাধীনে থাকিবে এবং এই সময় মধ্যে যাহাকে সন্দেহ হইবে তাহাকেই গ্রেপ্তার করা হইবে এবং [illegible] সামরিক আইন মতে বা [illegible] আদালতে বিচার হইবে। যে সমস্ত [illegible] শোলাপুর ত্যাগ করিয়া পুনাতে গিয়া আশ্রয় লইয়াছেন তাহারা এখনও শোলাপুরে ফিরিয়া আসেন নাই।

লবণ আইনভঙ্গে কারাদণ্ড

বোম্বাই কংগ্রেসের সভা নেতাগণ [illegible], [illegible] দাস, বি, এন, [illegible], [illegible] এবং [illegible] ১৪৫ [illegible] ধারার সহিত সংযুক্ত লবণ আইনের [illegible] ধারা অনুসারে [illegible] গ্রেপ্তার করা হইয়াছিল। [illegible] মিঃ [illegible] টাকা জরিমানা অনাদায়ে [illegible] বিনাশ্রম কারাদণ্ডের আদেশ হইয়াছে। [illegible] আরও [illegible] সশ্রম কারাবাসের আদেশ হইয়াছে।

বারদৌলিতে করবন্ধ

নদীয়া-প্রকাশের পাঠকগণকে আমরা পূর্ব্বে জানাইয়াছি যে, বারদৌলিতে [illegible] গান্ধীজী [illegible] অধিবাসিগণ সরকার বাহাদুরকে কর দিবে না। কিন্তু [illegible] আন্দোলন [illegible] কার্যকরী সভা করিয়া স্থির করিয়াছে যে, [illegible] আর কোনও খাজনা দেওয়া হইবে না এবং [illegible] কর্মচারীগণের [illegible] সরকারী বাহাদুরের [illegible] সম্বন্ধ সম্পূর্ণভাবে ত্যাগ করিবেন। এই সভায় আরও স্থির হইয়াছে যে, [illegible] নিষেধ [illegible] দ্বারা [illegible] করিয়া [illegible] হইবে এবং কেহই আইন [illegible] মানিবেন না।

সিদ্ধুর লবণগোলা আক্রমণে ১৫৮ জন গ্রেপ্তার

প্রায় ৫০০ শত স্বেচ্ছাসেবক [illegible] লবণগোলা আক্রমণ ও লুণ্ঠন করিয়াছে। পুলিশ [illegible] উপস্থিত হইয়া লুণ্ঠনে বাধাদান করিবার চেষ্টা করে। অনেক চেষ্টার পর পুলিশ ১৫৮ জন স্বেচ্ছাসেবককে গ্রেপ্তার করিয়াছে। পুলিশের সহিত সংঘর্ষে ১৬ জন স্বেচ্ছাসেবক আহত হইয়াছে।

কুষ্টিয়ায় ১৪৪ ধারা অমান্যে মহিলাগণ

কুষ্টিয়ায় ১৪৪ ধারা আইন অমান্য করিয়া একটী মিছিল [illegible] এই ঘোষণা করিয়া বাহির হয়, তাহাতে স্থানীয় ভদ্রমহিলাগণ [illegible] যোগদান করেন, [illegible] তাহাদের উপর বহু বাধা ও অত্যাচার সত্ত্বেও শোভাযাত্রা নির্দ্দিষ্ট পথে অপ্রতিহতভাবে চলিয়া গিয়াছে, তবে কয়েক জন গ্রেপ্তার হইয়াছে।

অদ্য কৃষ্ণনগর হইতে পুলিশ সুপারিন্টেণ্ডেণ্ট [illegible] পুলিশসহ তথায় গিয়াছেন।

ধরসনায় ২৮ ঘণ্টা পর নাইডু গ্রেপ্তার

ধরসনার লবণগোলা আক্রমণে স্বেচ্ছাসেবকগণ খুব দৃঢ়তার সহিত পুলিশকে এড়াইয়া ধরসনাতে উপস্থিত হইয়াছিল, কিন্তু ২৮ ঘণ্টা অপেক্ষার পর পুলিশ বলপূর্ব্বক মিসেস নাইডুকে ৫০ জন স্বেচ্ছাসেবক সহ গ্রেপ্তার করিয়াছে।

ময়মনসিংহে লোমহর্ষণ কাণ্ড

ময়মনসিংহের এ, ডি, এম, ৪০ জন পুলিশ সঙ্গে [illegible] গরুর গাড়ীতে আনিতেছিলেন। সত্যাগ্রহীরা রাস্তায় শুইয়া পড়ে, [illegible] উঠিতে স্বীকার না করায় পুলিশ সাহেব মিঃ [illegible] ১৫ জন পুলিশ সঙ্গে লইয়া তাহাদিগকে গুলি ছুঁড়িয়া আক্রমণ করেন। ৭ জন মারা গিয়াছে, ৩০ জন ভীষণ আহত এবং আরও ১৫০ জন আহত হইয়াছে।

মুচলেকা পর্ব্ব

নদীয়া [illegible] দোকানে পিকেটিং করার জন্য এই কয়জন [illegible] বিনাশ্রম কারাদণ্ডের আদেশ পাইয়াছেন। শ্রীমান্ [illegible] সরকার, শ্রীমান্ [illegible] চৌধুরী, শ্রীমান্ কৃষ্ণচন্দ্র চট্টোপাধ্যায়, শ্রীমান্ নিত্যানন্দ দত্ত, শ্রীমান্ কুমুদরঞ্জন সেন গুপ্ত, শ্রীমান জ্যোতিষ পাল, শ্রীমান্ [illegible] সরকার, শ্রীমান্ [illegible] ঘোষ।

বারবার উকিলের সম্পত্তি

[illegible] নির্ব্বাচন-[illegible] নিয়মাবলী বিরুদ্ধ কথার জন্য [illegible] উকিল [illegible] বৎসর কাল [illegible] রাখিবার জন্য হাইকোর্ট-[illegible] জারি করিয়াছেন।

কাঁকিনাড়ায় বৈদ্যুতিক আলো

কাঁকিনাড়াতে বৈদ্যুতিক আলোর ব্যবস্থা হইতেছে। সম্প্রতি মিউনিসিপ্যালিটীতে ৬০০ শত বৈদ্যুতিক আলো মঞ্জুর হইয়াছে। [illegible] পাওয়ার-হাউস হইতে বিদ্যুৎ সরবরাহ হইবে। এই জন্য মিউনিসিপ্যালিটী ২১৬০০৲ টাকা দিতেছেন।

প্রেস-অর্ডিন্যান্স

প্রেস-অর্ডিন্যান্সের ফলে এলাহাবাদের "[illegible] সমাচার" নামক দৈনিক হিন্দী-কাগজ প্রকাশ হওয়া বন্ধ হইয়াছে। কানপুরের 'প্রতাপ' নামক পত্রিকা ও বেনারসের "আজ" নামক পত্রিকার প্রকাশ ইতঃপূর্ব্বেই বন্ধ হইয়াছে।

নদীয়ার আবহাওয়া

গত শনিবার সন্ধ্যা ৭টার সময় নদীয়া-বিভাগে ভয়ানক ঝড় হইয়া গিয়াছে। দুই ঝড়ের আনুপাতে অতি অল্প হইয়াছিল। ঝড়ের মাত্রা এবার এত বেশী যে, দরিদ্র চাষীরা একবার ঘর নূতন করিয়া তুলিতে না তুলিতে পুনরায় ঝড় আসিয়া ঘর দুয়ার ভাঙ্গিয়া দিতেছে। এবার এ অঞ্চলে সর্ব্ব-নিম্নেই ঝড় বহিয়া যাইতেছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠভরণের

জ্বরাঙ্কুশ পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

মফঃস্বলের সুবিধার জন্য ৬ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের সমপরিমাণ ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন হওয়ার আশঙ্কা নাই। মূল্য প্রতি শিশি ৷৷০ আনা, পাইট ৷৷৵০ আনা, বোতল ১৷৵০ আনা।

অফিস—১১নং [illegible] রোড, পোঃ [illegible], কলিকাতা।

রেজেষ্টার্ড

মদন মঞ্জরী

[illegible]

"[illegible]"

[illegible] মূল্য ১৲ টাকা।

"[illegible] নাটিকা"

[illegible] এক টাকা।

[illegible], [illegible]

[illegible] রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের [illegible] বাদাম তৈল

আদি ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্ব্বজন পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা জনসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Dutta & Co.* নাম দেখিয়া খরিদ করিবেন। নতুবা জুয়াচোরগণ কমদরের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

[illegible]—জে, বি, দত্ত

ফেরাস কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আয়রণ, হাইড্রোক্লোর কুইনিন, আর্সেনিক এবং [illegible] আছে।

এই ফেরাস-কুইনিন্ দ্বারা ইন্‌জেক্সান করিলে একটী বা দুইটী ইনজেক্সনেই সকলপ্রকার জ্বর ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং ছয় হইতে বারটী ইন্‌জেকসনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া দেয়। ৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ডাঃ ব্যঃ [illegible] বাইও-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরীজ্ প্রস্তুত। ২৯। [illegible] লেন, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর - ৩রা জ্যৈষ্ঠ সোমবার - ১৩৩৭

সাময়িক প্রসঙ্গ

সুদর্শন সনাতনের অনুসরণ

শ্রৌত পন্থা

অতীন্দ্রিয়বাণী—তত্ত্বেঙ্গিত

প্রতিবাদ

প্রচার প্রসঙ্গ

সাময়িক প্রসঙ্গ

গত ২৪'বিদ্বিক্রম ৩রা জ্যৈষ্ঠ, ১৭ই মে শনিবার শ্রীচৈতন্যমঠে, শ্রীগৌড়ীয়মঠে ও শ্রীপুরুষোত্তম মঠে বিরহমহোৎসব সুসম্পন্ন হইয়া গিয়াছে। যে মহাত্মা উৎকলদেশ ধন্য করিয়াছেন, গৌড়দেশ ধন্য করিয়াছেন, ভারতবর্ষ ধন্য করিয়াছেন, পৃথিবী ধন্য করিয়াছেন, তাঁহারই অপ্রকট দিন। যাঁহার নাটক-গীতি পাঠ করিয়া শ্রীচৈতন্যদেবের প্রমবিলাস স্ফূর্ত্তি লাভ করিত, সেই শ্রীল রামানন্দের অপ্রকট তিথি।

এই দিনাদের দিনে প্রচণ্ড রবিকর ভারতের নানাস্থানে জীবকুলের প্রাণান্তকর তাপ দিতেছে। বিলাসীদের নিমুলাগিরি সুখ সেইরূপ রবিকর-তপ্ত জনগণের জুড়াইবার স্থান। আচার্যদের প্রতিনিধি-প্রমুখ মহোদয়গণ তথায় অবস্থান করিয়া রাজ্যের হিত চিন্তা করেন। তাঁহার সঙ্গাধিগণও তথায় অনেকেই আছেন। অর্থাভুক্তির কথায় অনেক সময়ে বাস্তবিক রাজ্যে অবসর নাই। সেই অভাব দূরীকরণের জন্য শ্রীল গিরি মহারাজ সিমলা শৈলে গিয়াছিলেন এবং তথায় কতকদিনের জন্য হরিকথা প্রচারের কেন্দ্র রচনা করিবার ইচ্ছা করিয়াছেন।

ধূমপানের দ্বারা শরীরের কল্যাণ-লাভ হয় না। কেহ কেহ বলেন,—মানসিক পরিশ্রম লাঘবের জন্য ধূমপান অনেকস্থলে উপযোগী হয়। এরূপ মতদ্বৈধের অভাব নাই। স্বদেশ প্রেমিকগণ বলেন,—বৈদেশিক দ্রব্যের আদর করিয়া স্বদেশের অমঙ্গল করা উচিত নহে। এমন সিগারেটের বদলে দেশীয় তামাকের ধূমপান অধিক হিতকর। নবদ্বীপ সহরে এমন বৈদেশিক সিগারেট আর পাওয়া যাইতেছে না। আর প্রায় দোকানগুলিও নবদ্বীপবাসী স্বদেশপ্রেমিকদের দ্বারা প্রশ্রয় লাভ করিতেছে না। মাদক দ্রব্য সেবনে যতই বর্জিত হয়, ততই পরমার্থপথে অগ্রসর হইবার অধিক সুযোগ উপস্থিত হয়।

প্রাকৃত-সহজিয়াদিগের আনুষ্ঠানিক ক্রিয়াকলাপে অনেকে না বুঝিয়া বৈষ্ণবের কৃত্য বলিয়া মনে করেন। সাধারণতঃ এই ভ্রান্তি ব্যাপক হইয়া অনুসন্ধানরহিত জনগণের মধ্যে আদর লাভ করে। তাহার ফলে ধর্ম্মপ্রচ্ছন্নবিক্রয়, অন্নের ব্যবসায়, তীর্থযাত্রা, হরিসভা, সভাসমিতি প্রভৃতি নানাপ্রকার অর্থকরী আপাতসুখ হিতসাধনের পরিবর্ত্তে অকল্যাণ প্রসব করিতেছে। সেইজন্য পারমার্থিক সমাজের

সুদর্শন সনাতনের অনুসরণ

(শ্রীপাদ মহাবীর ভক্তিশাস্ত্রী এম, এ,বি,এল)

সত্য প্রকাশের পাশাপাশি অসত্যের পরিহাসের প্রয়োজন আছে—সত্যের স্বরূপ ও মহিমা সম্যক্ পরিস্ফুট করিবার জন্য। যেমন ধর্ম্ম ও ছায়া, আলোক ও অন্ধকার, দিন ও রাত্রি।

এইরূপ পরস্পর দুই বিপরীত বস্তু বিদ্যমান থাকার আরও প্রয়োজন আছে—চেতন ও বিবেকবান্ জীবের তারতম্য বিচার-ক্ষমতার পরীক্ষার জন্য এবং স্বাধীনতার উচিত ব্যবহারের জন্য। সেই কারণে জগৎ জীবের পরীক্ষাস্থল।

যে বোকা, সে সত্যের নকলটা নেবার জন্য ছুটবে। নকল নিয়ে ঠকবে এবং ঠেকে শিখবে। বুদ্ধিমান্ ঠকে শিখবে না, দূরে থেকে দেখেই শিখবে এবং সাবধানে চলবে।

জগ আবাহনের পিপাসা সকলেরই স্বভাবতঃ আছে। কিন্তু কোন্‌টি কুজন কোন্‌টী—তাহা বিচার করবার দৈব্য হিতাকাঙ্ক্ষিগণ এই সকল কথা বিশ্লেষণপূর্ব্বক দেখাইয়া দিতেছেন। অসতের অর্থ ও সদর্থের আবাহন কেহই আদর করেন না।

ও প্রয়োজন জ্ঞান নাই। সুজন কুজন বিচার করার যোগ্য বিচারবুদ্ধিও খুব কম লোকেরই দেখিতে পাওয়া যায়। কারণ সর্ব্বদাই দেখিতে পাওয়া যায় জগতের তথাকথিত অতি উচ্চশিক্ষিত বিচক্ষণ লোকেরাও প্রসঙ্গক্রমে কুজনই আবাহন করে এবং তাহাতে মজিয়া থাকে।

অদূরদর্শন, অন্ধকারাসমুহ মনোধর্ম্মী জীবের মনেরকল্পনা অল্পনা যায়। সুজনের অর্থাৎ অপ্রাকৃতজনের জ্ঞান না থাকার দরুণ কুজনের অর্থাৎ প্রাকৃতজনের আবাহনের সহায় সমর্থনের উদ্দেশ্যে অদূরদর্শন এবং অন্ধকারের সৃষ্টি।

মানুষ জ্ঞানী ও সদসদ্ বিচার পরায়ণ বলিয়া খুব অহঙ্কার করে, এবং জগতের অন্যান্য সকল জীব বা পশু অপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া অভিমান করে। কিন্তু একটু নিরপেক্ষভাবে সূক্ষ্ম বিচার করিলে দেখা যায় যে মানুষের যে টুকু বুদ্ধি বিচার আছে, তৎসমস্তই সে তাহার পশুত্বের পরিপোষণে ও সমর্থনে নিয়োগ করিয়া থাকে। জ্ঞানবত্তার অভিমান দ্বারা সে তাহার পশুত্বটাকে কোন প্রকারে আবরণ করিয়া রাখে মাত্র। তাই বলিয়া সে সুদর্শনের চোখে ধূলি দিতে পারে না। যে জ্ঞানবুদ্ধি পশুত্বের পরিপোষক, তাহা শুদ্ধ জ্ঞান বা বুদ্ধি নহে। তাহা মনোধর্ম্ম মাত্র—পশুত্বেরই প্রকারান্তর।

(৩য় পৃষ্ঠার ২য় কলমে দ্রষ্টব্য)

শ্রৌত পন্থা

(পূর্ব্বপ্রকাশিত ৬৫ সংখ্যার পর)

(ত্রিদণ্ডিস্বামি শ্রীমদ্ভক্তিবিলাস গভস্তি-নেমি মহারাজ)

রামদাস, কানুদাস প্রভৃতি মায়ার দাসগণের কথদাস চরণদাস প্রভৃতি তাহার দাসগণের মুখ-নিঃসৃত—মুখ হইতে শ্রুত হরিনাম নাম মন্ত্রের চতুঃপাদক জীব অনুসন্ধানের সে, তদুদ্দেশ্যে চরার অন্ধ শোষ লাগাইয়া প্রাকৃত বিকার সত্ত্বেও প্রচুর কামিনীরাজ দৃষ্ট হয় এবং এমন কি অবৈধ স্ত্রী-সঙ্গাদি ব্যভিচার কোনপ্রকারে অল্পও পরিত্যাগ করিতে পারে না, ইহা যিনি দেখিতে চাহেন, প্রত্যক্ষ দেখিতে পারেন; আর তাহারই অপর পারে গৌরজন্মস্থান শ্রীমায়াপুরস্থ চৈতন্যমঠ-সংস্থাপক গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্যবর্য্য ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের মুখাব্জ-বিগলিত শ্রীনামামৃত শ্রবণকারিগণের মধ্যে এমন বহুসংখ্যক অকৈতব-প্রেমে-শ্রীরূপ গোর বিপ্রলম্ভরসানুগগণের নিষ্কপটতা দিবাকালের মত দীপ্তমান হইতেছে। ইহাও অনায়াসে চক্ষুষ্মানগণ প্রত্যক্ষ করিতে পারেন এবং সাধু ও অসাধু এতদুভয়ের মুখনিঃসৃত শ্রীনাম-মন্ত্র শ্রবণের ফলাফল স্বয়ং বিচার করিয়া উপলব্ধি করিতে পারেন।

এতদ্দেশে 'বাধা চাপা দেওয়া' পন্থা শ্রৌতপন্থা বলিয়া চলিতেছে। তিনি সাধু হউন বা না হউন, ভক্তিরাজ্যের কোন সংবাদ রাখুন বা না রাখুন, কেবলমাত্র পুরাতন মন্ত্রশিষ্য-কুলে উদ্ভব হইয়াছেন—এইমাত্র কারণে বহুস্থলে কুলগোরবগণে কুলকর্ম্মাচরণ পদ্ধতি চলিয়াছে যে তাঁহার নিকট হতে নাম-মন্ত্র গ্রহণ করিতে হইবে; ইহা সজ্জনসম্মত 'সদাচার বা শ্রৌত-পন্থা' নহে। ইহারই নামান্তর 'বাধা-চাপা দেওয়া' পন্থা।

'বাধা চাপা দেওয়া' শব্দ ব্যুৎপত্তি এই যে, কোন এক গৃহস্থের একটী সন্দেশ রাখা ছিল, গৃহস্থের কন্যার বিবাহোৎসবকালে দেশাচারোচিত আদির দধি দুগ্ধ-ক্ষীরাদি তোলা সংগৃহীত হইয়াছিল। দুগ্ধ-ক্ষীরাদি মার্জ্জার পাছে তথাকথিত ও অন্য বৈষ্ণবাদির তোলা সেই সকল দ্রব্য উচ্ছিষ্ট করে, তজ্জন্য গৃহস্থ পালিত মার্জ্জারটীকে ধাবরাইয়া একটী ঝাঁকা চাপা দিয়া রাখিলেন। পরে বিবাহ সমাধা হইলে এবং সমাগত অতিথিগণ তোলাদ্রব্য গ্রহণে গৃহস্থ মার্জ্জারটীকে বাধা হইতে বাহির করিয়া দিলেন। গৃহস্থের নবাগতা বালিকা-পুত্রবধূ বিবাহের পূর্ব্বে 'বাধা-চাপা দেওয়া' ব্যাপারটী লক্ষ্য করিল।

(চতুর্থ পৃষ্ঠার তৃতীয় কলমে দ্রষ্টব্য)

অতীন্দ্রিয়বাণী

ভক্তোক্তি

ভালবাসিবার প্রবৃত্তি প্রাণিমাত্রেই বর্ত্তমান। কি পশু, কি মানব, কি শিশু, কি বৃদ্ধ সকলের ভিতরেই ভালবাসিবার প্রবৃত্তিকে লক্ষ্য করা যাইতে পারে।

যখন কেহ কোন বস্তুর গুণের দ্বারা আকৃষ্ট হন, তখন তিনি তাহাকে ভালবাসিবার জন্য প্রবৃত্তি-বিশিষ্ট হন। সুতরাং স্পষ্টই বুঝা যাইতেছে যে, ভালবাসিবার প্রবৃত্তিটী সুপ্ত থাকে এবং পদার্থান্তরের গুণের দ্বারা আকৃষ্ট হইলে পর ঐ সুপ্ত ভালবাসিবার প্রবৃত্তিটী জাগ্রত হইয়া ক্রিয়াশীল হইতে থাকে।

যাহার যেরূপ স্বভাব, তিনি তাহার অনুকূল পদার্থকে ভালবাসেন, কারণ সেই অনুকূল পদার্থের গুণ তাঁহার চিত্তকে আকর্ষণ করিতে সমর্থ। প্রতিকূল বিষয়ের গুণ তাঁহার চিত্তকে আকর্ষণ করিতে না পারায় তিনি সেই প্রতিকূল বিষয়কে ভালবাসিতে পারেন না।

জন্ম-সংস্কার তারতম্য অনুসারে স্বভাবের পার্থক্য পরিদৃষ্ট হয়। যাহারা স্থূল বা সূক্ষ্মদেহে আত্মবুদ্ধি-বিশিষ্ট জীবগণ ভোগ বা ত্যাগ প্রবণ স্বভাব-সম্পন্ন। ভোগ-প্রবণ স্বভাব-সম্পন্ন জীবগণ নিজ নিজ রুচির অনুকূল ভোগ্য বিষয়ের গুণে আকৃষ্ট হয় ও তাহাকে ভালবাসিবার জন্য প্রবৃত্তি দেখাইয়া থাকে। যে সকল ব্যক্তি ত্যাগ-প্রবণ স্বভাব-বিশিষ্ট, তাঁহারা ভোগ্য বস্তুর ত্যাগ-বুদ্ধি প্রণোদিত হইয়া নিরাকার ও নিঃশক্তিক ব্রহ্ম পদার্থের কল্পনা করেন ও সেই কল্পিত আকাশকুসুম সদৃশ ব্রহ্ম-পদার্থকে নিজ সুখ-স্বরূপ মনে করিয়া তাহাকে ভালবাসিতে প্রবৃত্তি-বিশিষ্ট হন। এই দুই শ্রেণীর মনুষ্যই ভগবানের মায়ার বশ হইয়া আধিভৌতিক, আধিদৈবিক ও আধ্যাত্মিক তাপে মুহুর্মুহুঃ দগ্ধ হইতে থাকে। জীব প্রকৃতপক্ষে স্থূল ও সূক্ষ্ম দেহদ্বয় হইতে ভিন্ন চিৎকণ-স্বরূপ আত্মবস্তু। বিভুচিৎ বস্তু ও সর্ব্বশক্তিমান্ শ্রীভগবান্ই জীবের একমাত্র সর্ব্বগুণ-সম্পন্ন পদার্থ এবং কেবলমাত্র তাঁহারই মধুর শ্রীনাম-রূপ-গুণ ও লীলার দ্বারা জীবের ভালবাসিবার প্রবৃত্তি নিত্যকাল পূর্ণরূপে উদ্দীপ্ত হইবার সম্ভাবনা।

ভগবান ব্যতীত জীব ভগবদ্বস্তুর গুণের পরিচয় পাইতে সমর্থ হয় না। যাবৎ না কেহ ভগবদ্ভক্তের গুণের সম্যক্ পরিচয় পাইতে সমর্থ হন, তাবৎকাল পর্য্যন্ত তিনি শ্রীভগবান্কে একমাত্র ভালবাসিবার পাত্র বলিয়া বুঝ [illegible] করিয়া [illegible] লাভ করিতে পারেন না। শ্রীভগবান্ নিরাকার, বস্ত্র-অলঙ্কারাদির ন্যায় তিনি ভোগ্য পদার্থ নহেন। যে সকল মনীষিগণ তাঁহার গুণাবলী স্মরণ করিতে করিতে তাঁহাকে একমাত্র ভালবাসিবার পাত্র বলিয়া বুঝিতে এবং তাঁহাকে কায়-মন ও বাক্য-দ্বারা সর্ব্বকাল তৈল-ধারাবৎ অবিচ্ছিন্নভাবে ভালবাসিতে ও তাঁহার সেবার দ্বারা চালিত হইয়া তাঁহার প্রীতি-কামনা করিতে করিতে জীবনের শেষ কয়েকটী দিন কাটাইবার ভাগ্য লাভ করেন, তাঁহারাই ধন্য ও নিত্যকাল অনুক্ষণ বর্দ্ধনশীল পরম উপাদেয় সুখ সচ্চিদানন্দময় ভালবাসা-জনিত আনন্দ অনুভব করিবার পাত্র।

ভোগ বা ত্যাগ-প্রবণ স্বভাব-সম্পন্ন অজ্ঞ ব্যক্তি সকল কল্পনা-সুখে যে সুখ-স্বপ্ন দেখেন, কার্য্যকালে তাঁহারা দেখিতে পান যে, তাঁহাদিগের ভালবাসার বস্তুগণ তাঁহাদিগকে সুখের পরিবর্ত্তে অজস্র দুঃখেই নিক্ষেপ করিয়া থাকে। এবম্প্রকার অজ্ঞ ভোগত্যাগবুদ্ধি-সম্পন্ন ব্যক্তিগণকে দুঃখ-সাগর হইতে উদ্ধার করিবার নিমিত্ত বেদ বলিতেছেন, "উত্তিষ্ঠত, জাগ্রত, প্রাপ্য বরান্ নিবোধত"। "রসো বৈ সঃ"। "রসং হ্যেবায়ং লব্ধ্বানন্দী ভবতি"। অতএব হে ভোগ ও ত্যাগ-প্রবণ স্বভাব-সম্পন্ন বন্ধুগণ! আপনারা বেদ-মাতার ঐ উক্তি মনোনিবেশ পূর্ব্বক শ্রবণ করুন এবং উপযুক্ত ভাগবত-পাত্রগণকে ভালবাসিয়া জীবনকে সার্থক করুন। ইহা ব্যতীত পরম প্রেম লাভের আর দ্বিতীয় পন্থা নাই।

(৩য় পৃষ্ঠার ৩য় কলমের পর)

আহার, নিদ্রা, ভয়, মৈথুন এই চারিটীই পশুর ধর্ম্ম বা বৃত্তি। পশুজীবনে এই চারিটী উদ্দেশ্য ভিন্ন অন্য কোন উচ্চতর উদ্দেশ্য পরিলক্ষিত হয় না। বিংশ-শতাব্দীর সভ্য জগতে স্ফীত মানবসমাজে এই তিনটী পশুবৃত্তির চরিতার্থতা ব্যতীত অন্য কোন উচ্চতর উদ্দেশ্য দেখা যায় কি? বর্ত্তমান সভ্যজগতে শিক্ষা-দীক্ষা-বিজ্ঞানের যাবতীয় চেষ্টা উক্ত তিনটী পশুবৃত্তির পরিপূর্ণ বিকাশে, এবং চরিতার্থ করিবার নূতন নূতন বিচিত্র উপায় উদ্ভাবনে, এবং উপায় সকলের গৌরব ও পরিপূর্ণতা সম্পাদনেই নিয়োজিত, বিচার-বিশ্লেষণ করিলে পশুত্বে অর্থাৎ ভোগধর্ম্মে নিপুণতা ও পরিপূর্ণতা লাভের উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যই বর্ত্তমান সভ্য জগতে আর দেখিতে পাওয়া যায় না।

বর্ত্তমান তথাকথিত সভ্যজগতের সভ্যতার মাপকাঠি হইতেছে—পশুত্বের বা ভোগধর্ম্মের বিকাশ ও বিস্তার এবং গৌরব সাধন। পশুত্বের বিকাশেই মনুষ্যত্বের পরিপূর্ণতালাভ—ইহাই বর্ত্তমান সভ্যতার মূলমন্ত্র। কি ব্যক্তিগত ভাবে, কি সমাজগতভাবে যে যত বড়, যত উচ্চ, যত শিক্ষিত হউক না কেন, সকলেরই লক্ষ্য এক, ভোগ বা পশুত্ব। তফাতের মধ্যে এই—কাহারও বা লক্ষ্য, দেহের ভোগ, কাহারও বা লক্ষ্য মনের ভোগ; কিন্তু অধিকাংশ লোকেরই—অন্ততঃ শিক্ষিতদের অনেকেরই লক্ষ্য—দেহ-সুখ ভোগ অর্থাৎ আত্মমিশ্র পশুত্ব; আর যত কিছু সমস্তই উহার পোষক, আবরণ, চাকচিক্য বিধান। এক কথায় পশুত্বের কদর্য্যতার বিচিত্র আচ্ছাদন মাত্র যাহা নগ্ন সমক্ষে অনাবৃত ও মুগ্ধ করে, লোকের দৃষ্টিকে প্রতারিত করে, সহজে পশুত্বের স্বরূপকে বুঝিতে দেয় না। কিন্তু ইহার নাম যদি সভ্যতা হয় তবে বর্ব্বরতা কোন্টী? ইহার নাম যদি মনুষ্যত্ব হয়, তবে পশুত্ব কোন্টী?

(ক্রমশঃ)

(৩য় পৃষ্ঠার ৪র্থ কলমের পর)

কয়েক বৎসর পরে গৃহিণী ও তাঁহার পালিত মার্জ্জারটী ইহলোক পরিত্যাগ করিলে বধূমাতা তখন সংসারে গৃহিণী হইলেন। বধূমাতার একটী কন্যার বিবাহ-বাসরে কন্যা-সম্প্রদানের কাল উপস্থিত হইলে, বধূমাতা নিকটাত্মীয়দের সহিত কিছুকাল অপেক্ষা করিতে বলিলেন, কারণ এই যে, কৌলিক ক্রিয়া সমাপ্ত না হইয়া বিবাহ হইলে কন্যা-জামাতার অকল্যাণ হইবে; আমাদের বংশে কন্যা বিবাহকালে একটী বিড়াল লইয়া ঝাঁপা চাপা দিতে হয়, ইহা আমার শ্বশ্রূ ঠাকুরাণীর আচরিত দেখিয়াছি। সদের মার্জ্জারটী মরিয়া গেলে বধূমাতার সখ না থাকায় মার্জ্জার পালন করেন নাই; সুতরাং তাঁহার গৃহে পালিত মার্জ্জার ছিল না। আসন্নকালে মার্জ্জারাভাবে নবগৃহিণী বধূমাতা ব্যাকুল হইয়া উঠিলেন। কোন প্রতিবেশিনী তাঁহার সখী পরামর্শ দিলেন, ঐ পার্শ্বের বড়দের বাড়ী হইতে একটী বিড়াল আজকের মত ধার করিয়া আনিয়া চাপা দেওয়া যাউক। তখন বধূমাতা সখীর উপদেশে কৃতজ্ঞতা জানাইয়া এক দৌড়ে প্রতিবাসী বসু-বাড়ীতে গিয়া তাঁহাদের বিড়ালটী আজের মত চাহিয়া আনিয়া ঝাঁপা চাপা দিয়া তবে কন্যা সম্প্রদানে বসিলেন। আর হাঁপ ছাড়িয়া বলিলেন, বাপরে! আমার শ্বশ্রূ ঠাকুরাণী যা করিয়াছেন, আমি কি তাহা না করিয়া কন্যা সম্প্রদান করিতে পারি? অবোধ বধূমাতা ইহা বুঝিতে পারেন না যে "আছে বস্তু মনে বিচার"। তাঁহার শাশুড়ীর সময়ে গৃহে একটী পালিত বিড়াল ছিল দুগ্ধ-লোলুপা লোভী মার্জ্জার-জাতি-বালা [illegible] উচিত হইবার সম্ভাবনা ছিল বলিয়াই বুদ্ধিমতী প্রাচীনা গৃহিণী বিড়ালটিকে একটী ঝাঁপা চাপা দিয়া বিবাহ-কার্য্য সমাধা করাইয়াছিলেন। নব গৃহিণী বধূ মাতার আমলে বিড়াল নাই, সুতরাং ভোজ্য উচ্ছিষ্ট করিবার ভয় না থাকায় চাপা দিবারও প্রয়োজন নাই। এই অবোধ বধূমাতার আদর্শে অধুনা অবোধ হিন্দুসমাজ অজ্ঞতাবশতঃ বাঙ্গালী কুলক্রমাগত লোকাচারের সম্মানিত করিতেছে।

ভারতে এককালে এমন সুদিন ছিল যে, ভৃগুকুলে বেদ না পড়িয়া আবির্ভূত হইতেন। অতএব তখন কুল-পরম্পরায় গুরুপ্রসঙ্গের প্রথা ছিল। এখন সেই গুরুকুলে সেরূপ যোগ্যপুরুষের প্রায়শঃ আবির্ভাব হয় না, সুতরাং গুরুপরম্পরার সেই প্রাচীন কৌলিকপ্রথা এখন শোভন ফলপ্রদ নহে। প্রাচীন গৃহিণীর কালে বিড়াল ছিল, তাই চাপা দিবারও প্রয়োজন ছিল, বধূর আমলে বিড়াল নাই, তাই চাপা দিবারও প্রয়োজন নাই।

(ক্রমশঃ)

প্রতিবাদ

(পূর্ব্বপ্রকাশিতের ৬৪ সংখ্যার পর)

অনাদ্য-তত্ত্বে স্বয়ং ভোগাদি-পরিপীড়িত মূষকে শাস্ত্রে নির্দেশ সেবার বিধান দিয়াছেন, কিন্তু কুলের মুরুব্বী আর্য্যধর্ম্ম মুখোপাধ্যায়কে মূষকের সেবা করিয়া নিজের কুলোজ্জ্বল করিতে বলেন নাই বা নিজের মূর্খতার থাকিলেও গলদেশে উপবীত ঝুলাইয়া ব্রাহ্মণ হইবার স্পর্দ্ধা করিতে বলেন নাই। স্মৃতি-বিচার উল্লঙ্ঘনকারিদিগের এরূপ স্বেচ্ছাচারিতা অজ্ঞতামূলক আদরণীয়া হইলেও শুদ্ধ-বৈষ্ণবধর্ম্মের আশ্রয়কারী শ্রীশ্রীরূপানুগ গৌড়ীয়গণ তাহাকে কখনই আদর করেন না। "বাগ্‌যৌদ্ধী" কাহাকে বলে, তাঁহাদের বিচারপ্রণালী কি, তাহা না জানিয়া হঠাৎ একটি সম্প্রদায়কে গর্হণ করিতে যাওয়া কতদূর যোগ্যতার পরিচয়, তাহা মনীষিগণের বিচার্য্য বিষয় হউক। জগতে অনেক ধর্ম্ম-সম্প্রদায় আছেন, তাঁহারা প্রাকৃত দেহ ও মনের বিচারে আবদ্ধ হইয়া তৎপ্রতি আত্ম বহুবহু 'পরোপকার' শব্দে অভিহিত করিয়া থাকেন। কিন্তু যাঁহারা গীতা (৭।৪।৫) পাঠ করিয়াছেন, তাঁহারা জানেন,—ক্ষিত্যপ্‌তেজোমরুদ্ব্যোমাত্মক স্থূল দেহ ও মনোবুদ্ধ্যহঙ্কারাত্মক সূক্ষ্মদেহ শ্রীভগবানের অপরা প্রকৃতি, এই স্থূল ও সূক্ষ্মদেহের অতিরিক্ত শ্রীভগবানের চৈতন্য-স্বরূপা ও জীবভূতা একটি পরাপ্রকৃতি আছে, যাহা হইতে সমস্ত জীব নিঃসৃত হইয়া এই জড়জগতকে চৈতন্য-বিশিষ্ট

করিয়াছে। সেই চিন্ময় বস্তু জীব-বস্তুগণের একটী কৃত্য আছে, তাহা জড়ের অনুশীলন নহে; পরন্তু চেতনের অনুশীলন। নিত্য সনাতন বিভুচিৎ ভগবানের অংশ অণুচিৎ জীবাত্মা (গীতা ১৫।৭ শ্লোক দ্রষ্টব্য) ভগবদনুশীলন ব্যতীত অন্য কার্য্য আছে যাঁহারা মনে করেন, তাঁহারা আর প্রমত্ততা বা প্রাকৃততার বড়াই করিতে পারেন না। স্বয়ং চিদনুশীলনে প্রবৃত্ত হইয়া অপরকেও তাহাতে প্রবৃত্ত করাই বস্তুতঃ 'পরোপকার' শব্দ-বাচ্য, এবং তাদৃশ পরোপকারই শুদ্ধ ব্রহ্মবত্তার। বর্ত্তমানে 'জীবে দয়া' বা 'পরোপকার' শব্দে যাহা উদ্দিষ্ট হয়, তাহা সদনুশীলন-সম্বন্ধী না হওয়ায় পারমার্থিকগণ তাহার আদৌ আদর করেন না। যেহেতু তাহাতে নাস্তিকতা বৃদ্ধি পাওয়া ব্যতীত জীবের ভগবদনুশীলনের কোন অনুকূল ভাব নাই। "আমি জীবের দুঃখ-দৈন্য দূর করিব, আমি জীবের অন্নবস্ত্রের অভাব মিটাইব, আমি জীবকে পরাধীনতা-শৃঙ্খল হইতে মুক্ত করিব।' ইত্যাকার আমিত্বাভিমানই জীবের সর্ব্বনাশ সাধন করে—ভগবানে আত্মনির্ভরতা বা শরণাগতির আকাঙ্ক্ষা সমূলে বিনাশ করিয়া দেয়; জীব কর্ত্তৃত্ব প্রতিষ্ঠার দাস হইয়া 'মনুষ্য' নামের অযোগ্য হয়। কৃষ্ণবহির্ম্মুখ সঙ্গজ পাপপঙ্কে প্রমত্ত হইয়া কৃষ্ণানুশীলন-ফলেই জীবের যাবতীয় অভাব অসুবিধার উপলব্ধি বা দূরত্ব অন্তর্হিত হয়, ইহাই পারমার্থিকগণ বিশ্বাস করিয়া থাকেন। শ্রীভগবানের জগৎকর্ত্তৃত্বটী নিজেরা লইয়া তাঁহার ইচ্ছামত জগৎ চলিতে না দিয়া আমার ইচ্ছামত জগৎকে পরিচালিত করার বুদ্ধি কখনই আস্তিকতা-জ্ঞাপক নহে। দ্বিতীয়াভিনিবেশবশতঃ জীব ভয়, শোক, মোহাদির বশবর্ত্তী হইয়া দুঃখ কষ্ট পাইয়া থাকে। একান্তভিনিবিষ্ট বা একায়নপন্থী না হওয়া ব্যতীত তাহার তাদৃশ দুঃখকষ্টের ভোগ হইতে নিষ্কৃতিলাভের বিন্দুমাত্র উপায় নাই। দুঃখকষ্টের সাময়িক নিবৃত্তিকে সুখভ্রমে মোহপ্রাপ্ত হইয়া, সেই সুখ যে তাহার অনন্ত দুঃখের সম্মেলনাত্মক মাত্র, তাহা সে কিছুতেই বুঝিতে পারে না। তাই দেহাত্মবুদ্ধিচালিত হইয়া 'আমি কর্ত্তা' এই অভিমানবশে 'পরোপকার', 'জীবে দয়া', 'সৎকর্ম্মাদি'র নামে তাহার এক এক সময় এক একটী নাস্তিক্যভাবের উদয় হয়। তখন তাহার একটি প্রধান কৃত্য হইয়া পড়ে, পারমার্থিককে পরমার্থানুশীলনে নানাপ্রকারে বাধা প্রদান করা। নাস্তিক নিজে শান্তচিত্ত হইতে পারে না বলিয়া আস্তিকের শান্তিভঙ্গ করা তাহার একটী প্রধান কৃত্য হইয়া দাঁড়ায়।

মহাজনগণ বলিয়াছেন—"দ্বৈতে ভদ্রাভদ্রজ্ঞান সব মনোধর্ম্ম। এই ভাল, এই মন্দ এই সব ভ্রম॥" "শ্রীভগবান্ আমার নিত্য প্রভু, আমি তাঁর নিত্যদাস, তাঁহার নিত্য সেবাই আমার নিত্য কৃত্য" এরূপ সম্বন্ধ জ্ঞানের অভাবেই জীবের দ্বৈতাবস্থা, তদবস্থ জীবের নিজ মঙ্গলামঙ্গল-নির্ণয় প্রভৃতি সকলই মনস্বিকল্পাত্মক মনোধর্ম্ম। তাদৃশ মনোধর্ম্মী জীব অজ্ঞতাবশে যে তারতম্য বিচার করেন, তাহা নানাপ্রকার ভ্রম উৎপাদন করে। এইরূপ ভ্রান্ত জীব মাধ্বগৌড়ীয়বৈষ্ণব-সম্প্রদায়ের শুদ্ধভক্তিমতের বিচারক হইতে গেলে যে পাশ্চাত্য 'সাধুনিন্দা' রূপ পরমপাতক বরণ করিয়া বসিবেন, তাহাতে আর সন্দেহ কি আছে?

মুখোপাধ্যায় মহাশয় "ধর্ম্মের নাম নিয়া" কথাটী ব্যবহার করায় মনে হয় তিনিই যেন ধর্ম্ম সব বুঝিয়া লইয়াছেন অথবা ধর্ম্মের একজন দণ্ড-মুণ্ড-বিধাতা হইয়া পড়িয়াছেন। ধর্ম্মের কোন কথা না বুঝিয়া নিতান্ত অর্ব্বাচীনের মত তিনি যে 'ঘৃণা' প্রকাশ করিয়া বসিয়াছেন, তাহাতে সুধীসমাজে তিনি নিতান্ত কৃপাস্পদ হইলেন, সন্দেহ নাই। নিজের প্রতিষ্ঠা জাহির করিবার জন্য মহাজন-প্রবর্ত্তিত ধর্ম্মমতকে 'ঘৃণা' করিবার মত কতটা মার্জিকতা তিনি সঞ্চয় করিয়াছেন, তাহা আমরা জানিতে চাই। এরূপ অনধিকারচর্চ্চা বা বাচালতা করিবার স্পর্দ্ধা তিনি কেন রাখেন, আমরা তাহা জানিতে চাই। তাঁহার অকল্যাণ-বাণী অনায়াসে নির্ব্বাকে "বাংলার বাণী" সম্পাদক মহাশয় বা কোন্ সাধু উদ্দেশ্যের বশবর্ত্তী হইয়া প্রশ্রয় দিলেন, আমরা তাহারও সদুত্তর প্রার্থনা করি।

শুদ্ধভক্তি-মার্গাবলম্বিগণ কোন ফলভোগবাদী কর্ম্মী বা নির্ব্বিশেষবাদী জ্ঞানীর 'মত'কে আদর করেন না বলিয়া তাঁহাদিগকে ঘৃণা করিবার কোন আবশ্যকতা মনে করেন না। তাঁহারা জানেন—

তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা।
মৎকথা শ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে॥

—অর্থাৎ যতদিন পর্য্যন্ত জীবের কর্ম্মফল-ভোগে বিরক্তি না হয়, ততদিন পর্য্যন্তই তাহার কর্ম্ম-প্রবৃত্তি প্রবলা থাকে। ভগবদ্ভক্তের কর্ম্মীদিগের কোন প্রয়োজন নাই। কর্ম্মী তাঁহার অধিকারে থাকিয়া কর্ম্ম করুন, তাহাতে ভক্তগণ তাঁহাকে সদুপদেশ দান রূপ কৃপা করা ব্যতীত 'ঘৃণা' করিতে চান না। কিন্তু কর্ম্মী ভক্তকেও কর্ম্মে প্রবৃত্ত না হইলে 'সর্ব্ব সেরা ঘৃণা'র চক্ষে দেখিবেন, ইহা কিরূপ সরল হৃদয়ের পরিচয়, তাহা সুধীগণেরই বিবেচ্য। আমরা সন্তোষ বাবুর

ভক্তিধর্ম্মের প্রচার

খুলনায়

শ্রীচৈতন্য-সরস্বতীর অপরিহার্য্যান্দোলন-কারিণী শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী [illegible] নওয়াপাড়াতে বিশেষভাবে প্রচারিত হয়, তজ্জন্য উক্ত গ্রামবাসী ভক্তিমান্ শ্রীযুক্ত হীরালাল ঘোষ মহাশয় সর্ব্বক্ষণ সর্ব্বতোভাবে প্রচারের সহায়তা করায় ত্রিদণ্ডিস্বামী শ্রীল তীর্থমহারাজ-প্রমুখ প্রচারকগণের বিশেষ প্রীতিভাজন হইয়াছেন। তাঁহার নিষ্কপট বৈষ্ণব-সেবায় অকৈতব-প্রীতি সজ্জনমাত্রেরই আদর্শস্থানীয়। শ্রীভক্তবৈষ্ণবে তাঁহার সেবা-প্রবৃত্তি উত্তরোত্তর বর্দ্ধিত হউক শ্রীগৌরসুন্দরের-চরণে ইহাই আমাদের একমাত্র প্রার্থনা।

গত ১৬ই বৈশাখ মঙ্গলবার নওয়াপাড়া নিবাসী শ্রীযুক্ত সারদাচরণ বসু মহাশয়ের বাটীতে শ্রীল তীর্থমহারাজ শ্রীচৈতন্যচরিতামৃত হইতে অঘোষ-উদ্ধার ও সর্ব্বাত্ম সার্ব্বভৌম-প্রীতি উপাখ্যান পাঠ ও ব্যাখ্যা করিয়া শ্রোতৃবৃন্দকে চেতনরাজ্যের সন্ধান দিয়াছেন। আমরা বহু নরনারী সভাতে উপস্থিত থাকিয়া শাস্ত্রীয় পাঠ ও কীর্ত্তন

চিত্তবৃত্তি দেখিয়া অতীব আশ্চর্য্যান্বিত হইয়াছি। কাহারও বিচার শ্রবণ না করিয়া তাহার সম্বন্ধে দুষ্ট আক্রমণ প্রকাশ করা কিরূপ বুদ্ধিমত্তার পরিচয়, তাহা আমরা বুঝি

সন্তোষ বাবুর জানা উচিত ছিল যে, মাধ্বগৌড়ীয় মঠের সেবকবৃন্দের বা শ্রীচৈতন্যদেবের আশ্রিত সেবক-সম্প্রদায়ের জীবে-দয়ার আদর্শ মেথরবৃন্দ হওয়ামাত্র নহে। তাঁহারা জীবের আত্যন্তিক কল্যাণ সাধন করেন এবং ভগবৎসেবাকামী ও সেবোন্মুখ ব্যক্তিগণকেই সর্ব্ববিধভাবে সেবা করিয়া থাকেন। শ্রীমাধ্বগৌড়ীয় মঠের সেবকবৃন্দ [illegible] প্রায় অনেক দিবস যাবৎ তাহাকে ভগবৎ-[illegible] দানে তাহার আত্মিক কল্যাণবিধানের যত্ন করিয়াছিলেন। [illegible] যাঁহারা সেবা মনে করেন এবং সেইরূপ সেবোন্মুখের [illegible] অধিকার, তাহাদের উপর [illegible] সম্পূর্ণ করিতে না পারিলে বা সন্তোষবাবু হরিবিমুখ-[illegible] বা অপরাধিগণকে যাঁহারা 'সেবা' বলিতে প্রস্তুত নহেন, উহাদের উপর সাবেক রাগ ঝাড়িতে বসিলেন কোন্ অভিসন্ধিতে? আশা করি, সন্তোষবাবু, একটু সহিষ্ণু হইয়া ভোগধর্ম্ম, ত্যাগধর্ম্ম ও সেবাধর্ম্মের মধ্যে যে পার্থক্য আছে, তাহা প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবা-বুদ্ধি লইয়া আলোচনা করিবেন।

সন্ধ্যা হইতে রাত্রি দশ ঘটিকা পর্য্যন্ত শুনিয়াও তৃপ্তিলাভ করিতে পারেন নাই। আরও শুনিবার জন্য বিশেষ আগ্রহ প্রকাশ করিয়াছিলেন।

গত ২১শে বৈশাখ হইতে ২৩শে বৈশাখ পর্য্যন্ত ত্রিদিবস কাল স্বামিজী মহারাজ আলাইপুর নিবাসী শ্রীযুক্ত চন্দ্রকান্ত ঘোষ মহাশয়ের বাড়ীতে স্থানীয় হরিসভায় শ্রীমদ্ভাগবত পাঠ ব্যাখ্যা করেন। স্বামিজী ১ম দিবস শ্রীমদ্ভাগবতের স্বরূপ কি, প্রতিপাদ্য বিষয় কি, পাঠের অধিকারী কে এবং শ্রোতার যোগ্যতা কিরূপ হওয়া উচিত প্রভৃতি বিষয় শাস্ত্রযুক্তি-মূলে শ্রোতৃমণ্ডলীর নিকট বিশদভাবে কীর্ত্তন করেন।

২য় দিবস—পুরাণ রাজ শ্রীমদ্ভাগবত শ্রীকৃষ্ণচন্দ্রের অভিন্ন বিগ্রহ বলিয়া শাস্ত্রে উক্ত হইয়াছেন, সেই গ্রন্থরাজকে [illegible] শ্রীমদ্ভাগবতকে কলির [illegible] পাঠকগণ তাঁহাদের ধনলিপ্সা চরিতার্থ করিবার জন্য অপরের কিরূপ সর্ব্বনাশ করিতেছেন এবং তাহাদের ভোগ[illegible] শ্রোতা [illegible] বহু মনে করিয়া হাটে বাজারে পণ্যদ্রব্যের ন্যায় বিক্রী করিয়া কিরূপ গুরুতর অপরাধ সঞ্চয় করিতেছে, স্বামিজীর সু-স্পষ্ট উক্তির [illegible] তাহারা সকল ব্যক্তি [illegible] তাহাদের কর্ত্তব্য বুঝিতে পারিয়াছেন। স্বামিজী বলেন যে, এইরূপ ভাবে অনধিকারী ভক্ত পাঠকের নিকট শ্রীমদ্ভাগবত শ্রবণ করিয়া জীব ভাগবত না হইয়া আউল, বাউল, প্রাকৃত সহজিয়া প্রভৃতি কৃষ্ণকার্ষ্ণবিরোধ পাষণ্ড মত-সমূহের পথে গমন করিতেছে।

৩য় দিবস—স্বামিজী মহারাজ আলোচনা-মুখে 'বৈষ্ণব কে'? 'অবৈষ্ণব কে'? 'গুরু কে'? পূজ্য বস্তু কি? পূজ্য বস্তুর সহিত পূজকের সম্বন্ধ কি, অনুকরণকারীর স্বরূপ, অনুসরণকারীর স্বরূপ, [illegible] শাস্ত্রযুক্তি-মূলে বহু গভীর গবেষণাপূর্ণ উপদেশ দ্বারা শ্রোতৃবৃন্দের [illegible] আলোচনা করিয়াছেন। [illegible] প্রকাশ করিয়াছেন।

—— ০০০ ——

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

পারফালিন

টনিক ও সালসা। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার আরাম হয়। 'কলেজ পরিচালকে'

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না।

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ২।৪ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকার ঔষধ খাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং আপনারা রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ বিষের জল খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে হয়রান হবেন কেন? সুতরাং ॥০ আনার পারফলিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট, এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ৷৵০ আনা, ডজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসারস্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কলিকাতা

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা
সর্ব্বত্র পাওয়া যায়।

আসল ও আদি
শিশি ৸০ আনা, ডজন ৮৲
ভিঃ পিঃ ও রেলওয়ে পার্শেল স্বতন্ত্র।

যুগল-মূর্ত্তি মার্কা এবং বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

গবর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

গত ১৯শে মে অপরাহ্ণে নবদ্বীপে শ্রীমান্ অনিলকৃষ্ণ গোস্বামী ও শ্রীমান্ শৈলেন্দ্রনাথ সান্যাল নামক দুইজন স্বেচ্ছাসেবক গ্রেপ্তার হইয়া কৃষ্ণনগর কোর্টে আনীত হন। পুলিসের সবইন্সপেক্টর মীরের নামে একজন হেড্ কনষ্টেবলের সাক্ষ্য লইবার পর মোকদ্দমা ২৯শে মে তারিখ পর্য্যন্ত মুলতুবি হয়। তাহারা এক্ষণে জামীনে খালাস আছে।

কৃষ্ণনগর ফৌজদারী আদালত

স্বেচ্ছাসেবকগণের বিচার

যে কয়েকজন [illegible] বাণী গ্রহণ করিয়া নবদ্বীপ হইতে [illegible] করিতেছিল, তাহাদিগকে ২০শে [illegible] তারিখে কৃষ্ণনগরের সাবডিভিসনাল অফিসার বাহাদুরের আদালতে হাজির করা হয়। সে পুলিশের বিরুদ্ধে নানারূপ অভিযোগ করে। তাহাকে বিলাতী কাপড় পরান এবং তাহাকে পরিধান করাইয়া আদালতে আনার জন্য আপত্তি প্রকাশ করে। তাহার বিরুদ্ধে ঐদিন কোন প্রমাণ উপস্থিত না থাকায় তাহার বিরুদ্ধে মোকদ্দমার দিন ২১শে তারিখে ধার্য্য হয়। সে হাঁটিয়া জেলে যাইতে অস্বীকার করে।

২০শে মে তারিখে একজন কৃষ্ণনগরের স্বেচ্ছাসেবককে আইন অমান্য অপরাধের অভিযোগে সদর সাবডিভিসনাল অফিসার বাহাদুরের আদালতে হাজির করা হয়। তাহাকে নিজের জামীনে মোকদ্দমার ধার্য্য দিন পর্য্যন্ত ছাড়িয়া দেওয়া হয়।

তারের সংবাদ—শ্রীধাম, নবদ্বীপ

আন্দোলনের জন্য সভা হয় বাবাচক্র [illegible] ব্যক্তি, রাজেন্দ্র নির্মল চন্দ্র বন্দ্যোপাধ্যায়, মুকুন্দ বৈষ্ণব মুখার্জ্জী প্রভৃতি বহু [illegible] কংগ্রেস [illegible] শুভাগমন করিয়াছিলেন। সংকীর্ত্তনের পর সকলকে প্রসাদ [illegible] বিতরণ মহাপ্রসাদ সম্মান করান হইয়াছে। [illegible] শ্রীমন্মহাপ্রভুর বিগ্রহাদির পাদপীঠ স্থাপনের সাহায্যকল্পে ১০০৲ টাকা দিয়াছেন। রায় বাহাদুরের ন্যায় ব্যক্তি [illegible] সভা সত্যই শ্রীমন্মহাপ্রভুর কৃপা প্রাপ্ত হইবার যোগ্য এবং সমস্ত লোকের ধন্যবাদের পাত্র। আগামী কল্য মিঃ সেনের ৭ টায় প্রচারকগণের আহ্বান আছে।

হিমালয়ের নূতন চূড়া

কিছু দিন পূর্ব্বে হিমালয়পর্ব্বতের অন্তর্গত আমনেরিয়াচেন নামক শৈলমালার মধ্যে এভারেষ্ট অপেক্ষা উচ্চতর একটী চূড়া আবিষ্কার হইয়াছে বলিয়া প্রকাশ হইয়াছিল। কিন্তু আবিষ্কারক [illegible] বলেন যে, ঐ চূড়া ২৮,০০০ ফুটের বেশী হইবে না। অথচ এভারেষ্ট ২৯,০০২ ফুট উচ্চ। কিন্তু সম্প্রতি [illegible] হইয়াছে যে এভারেষ্ট ২৯,১২৩ ফুটের অধিক উচ্চ। এবার

স্বরাজ নেতাদের মত

সহজে ধরা দেওয়া চলিবে না

কংগ্রেস নেতৃগণ ঠিক করিয়াছেন যে, তাঁহারা ইচ্ছা করিয়া পুলিশে ধরা দিবেন না। কারণ তাঁহাদিগকে বহু গঠন কার্য্যের নেতৃত্বের জন্য প্রয়োজন। এই মতের অনুযায়ী তাঁহারা সকলে গা-ঢাকা দিয়াছেন এবং সত্যাগ্রহের আগমন হবে নাই—এরূপ সাধারণ লোকদিগকে [illegible] প্রবোধিত করিতেছেন।

লাহোরের ব্যবসায়িগণের পত্র

যাঁহারা বিদেশ হইতে ভারতে মাল চালান দেন এবং যাঁহারা বিদেশে সামগ্রি প্রস্তুত করেন, তাঁহাদিগকে এবং তাঁহাদের স্থানীয় প্রতিনিধিগণকে লাহোরের ব্যবসায়িগণ যে পত্র দিয়াছেন, তাহার সংক্ষিপ্ত বিবরণ যথা ঃ—

"ভারতবর্ষে বিদেশী প্রধানতঃ বিলাতী মাল বর্জ্জন লইয়া তুমুল আন্দোলন উপস্থিত হইয়াছে এবং এই আন্দোলন সাফল্যলাভ করিয়া দাঁড়াইয়াছে। সর্ব্বব্যাপী আন্দোলন পূর্ব্বে কখনও হয় নাই এবং হবে কোনও দিন হইবে বলিয়া মনে হয় নাই। বিদেশী মাল বিক্রয় একরকম বন্ধ হইয়া গিয়াছে এবং সরকার বাহাদুর যদি তাঁহার দমননীতি সমানভাবে পরিচালনা করেন, তাহা হইলে অবস্থা ক্রমশঃই গুরুতর হবে সুতরাং তাঁহারা [illegible] চিন্তা করিয়া আমাদের মাল আমদানির চুক্তি রদ্দ করা আবশ্যক বা পুনরায় মাল চালান দিতে নিষেধ করিতেছি। আপনাদের ক্ষতি করা আমাদের উদ্দেশ্য নয়। মাল চালান দিলে এবং তাহা লইতে অস্বীকার করিলে আরও বেশী ক্ষতি হইবে এইজন্য পূর্ব হইতে সমস্ত সংবাদ জ্ঞাত করা হইল। বর্ত্তমান [illegible] সাধারণের মানসিক পরিবর্ত্তন সম্বন্ধে আমরা [illegible] [illegible] বিশেষ উদ্বিগ্ন হইয়াছেন।

লবণগোলা আক্রমণ

ধরসনায় লবণ গোলা আক্রমণ চলিতেছে। শ্রীমতী সরোজিনী নাইডু বোম্বাই গিয়াছেন তিনি বলেন যে প্রত্যেক সত্যাগ্রহী দলের সঙ্গে তাঁহার লবণগোলা আক্রমণ করিতে যাইবার প্রয়োজন নাই; তবে যখনই আবশ্যক বিবেচিত হইবে তখনই তিনি সত্যাগ্রহীদিগের নেত্রী হইয়া লবণগোলা আক্রমণ করিবেন। আক্রমণকারী সত্যাগ্রহীদিগকে পুলিশ ঘিরিয়া আছে।

জার্ম্মান ইঞ্জিনিয়ারগণ হিমালয়ের নূতন চূড়া আবিষ্কার মানসে দুর্দ্ধর্ষ [illegible] করিতেছেন। দেখা যাউক কতদূর কি হয়।

লবণগোলা আক্রমণ

ধরসনায় ২২৩জন গ্রেপ্তার

মিসেস নাইডু ও কয়েকজন ভলেণ্টিয়ারকে গ্রেপ্তার করিয়া কিছু দূর লইয়া গিয়া ছাড়িয়া দেওয়ার বিষয় পূর্ব্বেই প্রকাশ হইয়াছে। মিসেস নাইডুর গ্রেপ্তারের পরেই আরও ৩ দল স্বেচ্ছাসেবক গ্রেপ্তার করা হয় এবং লবণের কারখানা হইতে ৪০ গজ তফাতে লইয়া গিয়া ছাড়িয়া দেওয়া হয়। এই তিন দল স্বেচ্ছাসেবক কিছুক্ষণ পরামর্শ করিয়া পুনরায় ভিন্ন ভিন্ন পথে লবণগোলা অভিমুখে অগ্রসর হয়। পুলিশ এদলকে আটক করে কিন্তু দুই দল ১০ জন করিয়া শ্রেণী ভাগ করিয়া লবণের স্তূপের চারি ধারে যে তারের বেড়া আছে সেখানে উপস্থিত হয়। পুলিশ আসিয়া আটক করে। সেই সময় নানাদিক হইতে ছোট ছোট স্বেচ্ছাসেবকের দল সেই স্থানে জমায়েৎ হয়। [illegible] হইতে আগত একদল স্বেচ্ছাসেবক একটী লবণের স্তূপের নিকট যাইয়া সেখান হইতে কিছু লবণ লইয়া যখন চলিয়া যাইতেছিল সেই সময় পুলিশ লাঠি লইয়া তাহাদিগকে আক্রমণ করে। অনেক স্বেচ্ছাসেবক আহত হইয়াছে। তন্মধ্যে ২জন মূর্চ্ছিত হইয়া পড়িয়াছিল। অতঃপর তাহাদিগকে পুলিশ ডাক্তারের আড্ডায় লইয়া যায়। পরে সেখান হইতে তাহাদিগকে সত্যাগ্রহ হাসপাতালে স্থানান্তরিত করা হইয়াছে। বৈকালে দ্বিতীয় দফা পুনরায় ৩০ জন স্বেচ্ছাসেবক লবণ গোলা আক্রমণ করিতে যায় কিন্তু পুলিশ তাহাদের সকলকেই গ্রেপ্তার করিয়াছে। শুক্রবার সন্ধ্যা পর্য্যন্ত ২২৩ জন স্বেচ্ছাসেবক গ্রেপ্তার হইয়াছে এবং রাত্রিতে তাহাদিগকে পুলিশের আড্ডায় আটক রাখা হইয়াছিল। শনিবার সকালে আমেদাবাদ হইতে ৫০ জন এবং বোম্বাই হইতে ১০০ জন স্বেচ্ছাসেবক পৌঁছিয়াছে। মিসেস নাইডু তাহাদিগকে বলেন যে পূর্ব্বের দল যেরূপ ধৈর্য্যের পরিচয় দিয়াছে সকলকেই ঐরূপ করিতে হইবে। বোম্বাইয়ের স্বেচ্ছাসেবকগণকে তিনি জানাইয়াছেন যে উপস্থিত ২০ দিন তাহাদিগকে আবশ্যক হইবে না। নগর ও গ্রামবাসিগণকে সত্যাগ্রহের নীতি যে কিরূপ তাহার আদর্শ দেখাইবার জন্য স্বেচ্ছাসেবকগণকে তিনি উপদেশ দিয়াছেন। একজন স্থানীয় বেনিয়াদের মাথাপিছু ৵০ আনা হিসাবে লইয়া স্বর্ণকগণকে খাদ্য সরবরাহ করিতেছেন।

বোমা নিক্ষেপে একজন গ্রেপ্তার

শিবপুরের দারোগার বাড়ীতে বোমা নিক্ষেপ ব্যাপারে একজন কংগ্রেসের কার্য্যকারক গ্রেপ্তার হইয়াছে এবং তাহাদের বাড়ী খানাতল্লাস হইয়া বহু কাগজপত্র লইয়া যাওয়া হইয়াছে।

বিলাতে ব্যবসায়ীদের মত

ভয় দেখাইয়া চুক্তি প্রত্যাহার

ম্যানচেষ্টার চেম্বার অফ কমার্সের প্রেসিডেণ্ট মিঃ চেম্বার-লেইন প্রকাশ করিয়াছেন যে ভারতবর্ষের ব্যবসায়ীদের চুক্তি রদ করা হইবে না। তিনি প্রকাশ করিয়াছেন যে অনেক ভারতবাসী ব্যবসায়ী বিদেশী বস্ত্র বর্জ্জন নীতির পোষকতা করেন না। কেবল কংগ্রেসের ব্যবসায়ীকে জোর করিয়া চুক্তি রদ করিবার জন্য লিখিতে বাধ্য করা হইয়াছে। ইংলণ্ডের ব্যবসায়ীগণকে ভয় দেখাইয়া সরকার বাহাদুরকে ভারতবর্ষের দাবী পূরণ করিবার জন্য বলিতে বাধ্য করিবার চেষ্টাকে তিনি উপহাস করিয়াছেন এবং বলিয়াছেন যে ভারতবর্ষের ব্যবসায়ীগণকে রক্ষা করিবার জন্য সমস্ত আবশ্যক উপায় অবলম্বন করা হইবে।

অধ্যাপকের উপর আদেশ

এলাহাবাদে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদিগের উপর আদেশ হইয়াছে যে তাঁহারা যেন বর্ত্তমান ভারতব্যাপী আন্দোলন হইতে দূরে থাকেন, রাজার বিরুদ্ধে কোন কথা প্রচার না করেন এবং বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে বিবাদ সৃষ্টি হইতে পারে এরূপ কিছুই প্রচার না করেন।

ধরসনায় ধরপাকড়

গত শনিবার পর্য্যন্ত ধরসনায় ২২৩ জন স্বেচ্ছাসেবক গ্রেপ্তার হইয়াছেন। গত রবিবারে আরও দুই শত স্বেচ্ছাসেবক অগ্রসর হইয়াছেন। সেখানে কোন নেতা উপস্থিত না থাকিলেও কোন গোলযোগ নাই।

বর্ত্তমান আন্দোলনে আফ্রিদী

পেশোয়ারে পথে ১০০ গ্রেপ্তার

একদল আফ্রিদী বর্ত্তমান আইন অমান্য নীতির আন্দোলনে যোগদান করিবার জন্য অনেক দূর হইতে পেশোয়ারে আসিতেছিল। গ্রেনার মাইল দিকে পূর্ব্ব হইতে যে পুলিশ মোতায়েন রাখা হইয়াছিল তাহারা ঐ আফ্রিদীগণকে বাধা দেয় এবং তাহাদের দলকে ফেরাইয়া আনার জন্য তাহাদিগকে হুকুম দেয়। চলিয়া যাইতে বলে কিন্তু আফ্রিদীগণ তাহাতে স্বীকার না হওয়ায় পুলিশ সকলকেই গ্রেপ্তার করিয়াছে এবং আটক রাখিয়াছে। আফ্রিদীগণের দ্বিতীয় দল অন্য স্থান হইতে পেশোয়ার অভিমুখে যাত্রা করিয়াছে। প্রকাশ যে আফ্রিদীগণ সভা করিয়া প্রতি বাজারে ১০০ জন করিয়া আফ্রিদী পেশোয়ারের আন্দোলনে যোগদান করিবার জন্য [illegible] যাত্রা করিবে।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর ৮ই জ্যৈষ্ঠ বৃহস্পতিবার—১৩৩৭

সাময়িক প্রসঙ্গ

অদ্য ত্রিবিক্রম মাসের নবম দিবস। শাস্ত্রসংহিতা বলেন,—যে তিথি ও মাসকে "বৃহস্পতিবার" বলেন, উহাই "আদিবার"। 'আদি'-শব্দে যাঁহারা ব্রহ্মসংহিতা আলোচনা করিয়াছেন, তাঁহারাই জানেন যে, উহা সর্ব্বকারণকারণ শ্রীকৃষ্ণের নামান্তর। শ্রীভক্তিবিনোদের আলোচনা যাঁহাদের আছে, তাঁহারাই বৃহস্পতিবারের পরিবর্ত্তে "আদিবার" ব্যবহার করিয়া শ্রীকৃষ্ণনামের উদ্দীপনে দীপ্ত থাকুন।

বঙ্গ ও আসামের পোষ্টমাষ্টার জেনারেল বাহাদুর নদীয়া-প্রকাশের সংক্ষিপ্ত-নামের তালিকায় "শ্রীধাম"-শব্দ যোগটি করিয়াছেন, নবদ্বীপ পোষ্ট ও টেলিগ্রাফ অফিসের পোষ্টমাষ্টার তাঁহার ঐ আদেশ অমান্য করিতেছেন এবং মধ্যে মধ্যে কতকগুলি টেলিগ্রাম বিলি করিতেছেন না; যাহাতে তাহার সংবাদগুলি অতি শীঘ্র যথাকালে দৈনিক সাময়িক পত্রে প্রকাশিত হইতে পারে, তাহাতে নবদ্বীপের পোষ্টমাষ্টার বাধা দিতেছেন। আমরা আশা করি—উহার প্রতীকারের ব্যবস্থা পোষ্টমাষ্টার জেনারেল বাহাদুর অচিরেই করিবেন। ইহা কি বিরুদ্ধদলের প্ররোচনায় সাধিত হইতেছে?

যাঁহারা বিশ্বাস করেন যে, মানবজাতির সম্পূর্ণ জ্ঞানই বেদের বাণী, তাঁহারাই নিজের বিচারকে ও অন্য জনমত-সংগ্রহ করেন, আর স্বেচ্ছা-তন্ত্রের বিচারে সাধারণ জনমতে যে যে স্থানে প্রবেশ করিয়াছে, তাহা গ্রহণীয় নহে—প্রচার করেন। কিন্তু এই উভয় মতই মনোধর্ম্মজীবীর দুইপ্রকার চেষ্টার অন্তর্গত। পাশ্চাত্যের বিচারকগণ জনমত বা স্বেচ্ছাতন্ত্রের মত, উভয় মতকেই লোকহিত বলিয়া জানেন। ত্রিগুণ বর্জ্জিত যাঁহারা বাস করিয়া সর্ব্বসদ্গুণ ও বাস্তব-সত্যকে কাল্পনিক বাসনা মনে করা রোগ-বিশেষ।

পাশ্চাত্য বস্তুবাদের মূল অধিকারী-সূত্রে বাস্তব-সত্যের আশ্রিত। অনেক ইতর-জগতে যে পরস্পরের অর্থবিনিময়ে ক্রয়াধিকার, তাহা বাস্তব-সত্যের অধীন হয়ে প্রতিষ্ঠিত হওয়ায় উহা সাময়িক নৈতিক বিধির অন্তর্গত মাত্র। যাঁহারা এ স্বতন্ত্রতাপ্রবাসী অমান্য করেন, তাঁহারাই মনোধর্ম্মী হইয়া দর্শন-দৈন্যচেষ্টা অবলম্বনপূর্ব্বক মতভেদ করিয়া থাকেন। প্রত্যেক ব্যবহারের প্রাচীন ব্যবহার অনুসরণ করিয়া বিচার যাঁহাদের প্রবল তাঁহারা বাস্তব সত্য অনুসন্ধান করেন না।

সাময়িক প্রসঙ্গ

চয়ন—শ্রীধাম মায়াপুর

প্রয়াগ প্রসঙ্গ

নীলাচল ঋষভদেব কথা, ভক্তিধর্ম্মের প্রচার

চয়ন

(তাম্বুলি পত্রিকা ১৫শ বর্ষ ১২শ সংখ্যায় প্রকাশিত শ্রীনগেন্দ্রনাথ ঘোষ কর্ত্তৃক লিখিত "প্রচারের পথে" শীর্ষক প্রবন্ধের অংশ—শ্রীধাম মায়াপুর-প্রসঙ্গ)

শ্রীধাম মায়াপুর

এই সেই স্থান, আর এই সেই সময় এই স্থানে এমনই দোলপূর্ণিমার রাত্রে শ্রীশ্রীচৈতন্য মহাপ্রভুর জন্ম হইয়াছিল। সেদিনও এমন সাধক জন—মহাপুরুষের উদ্দেশে সমস্ত জনতা স্তব্ধ হইয়া পড়িল। ঐ সেই নিম্ববৃক্ষ—আজ সাড়ে চারিশত বৎসর ধরিয়া সাক্ষ্য দিয়া আসিতেছে—উহার তলে মহাপ্রভুর জন্ম হইয়াছিল। মায়াপুর আজ লোকে লোকারণ্য, মাঠে ঘাটে রাস্তায় কোথায়ও তিল ধারণের স্থান নাই—ধর্ম্মোৎসবের উপলক্ষে বহু লোক এত দূর হইতে ছুটিয়া আসিয়াছে। মন সেই বহু পূর্ব্বেকার দিকে ছুটিয়া গেল। মহাপ্রভুর নীলাচল সে গঙ্গা কোথায়? কাল তাহা অনেক দূরে সরাইয়া লইয়া গিয়াছে। গঙ্গার চড়া পড়িয়া মায়াপুর হইতে গঙ্গা এখন এক মাইল দূরে হটিয়াছে। চড়ায় এখন চাষ আবাদ চলিতেছে। কিন্তু মায়াপুর পল্লী এখনও মহাপ্রভুর স্মৃতি ভুলিতে পারে নাই। সে ভিটা, শ্রীবাস অঙ্গন, যোগপীঠের ও শ্রী-অদ্বৈত প্রভুর টোল, ব্রজপত্তন এখনও পুণ্যজনের স্মৃতি বহন করিতেছে। চাঁদকাজীর বাড়ী, তাঁহার সমাধি, বল্লালদীঘি, বল্লালের প্রাসাদের ভগ্ন শেষ এখনও মায়াপুরের অঙ্গে শোভিত রহিয়াছে। পুরাতনের স্মৃতি মনকে মুগ্ধ করিয়া ফেলিল। এইখানে আমাদের মন্দিরের কথা একটু বলা আবশ্যক। শ্রীচৈতন্য-মহাপ্রভুর আবির্ভাবসময়ে এই মায়াপুরে কাজির বাড়ীর নিকট তাম্বুলিদের বাস ছিল—চৈতন্যভাগবতে শ্রীমহাপ্রভুর সমসাময়িক তাহার উল্লেখ আছে, যথা—

মালাকার প্রতি প্রভু শুভদৃষ্টি করি।
উঠিলা তাম্বুলি-ঘরে গৌরাঙ্গ শ্রীহরি॥

শ্রীচৈতন্যদেব পাড়াপ্রতিবেশীদিগকে বড় ভালবাসিতেন। তিনি মধ্যাহ্ন আহারাদির পর প্রতিবেশীদের বাড়ীতে যাইতেন, এইরূপ তাম্বুলিদের বাড়ীতেও যাইতেন। জানিতে উৎসুক হইলাম, মায়াপুরে তাম্বুলিদের আর কেহ আছেন কি না, কিন্তু এখন আর কেহই তথায় নাই। কালের আবর্ত্তনে মায়াপুরের অনেক ওলট পালট হইয়া গিয়াছে। এমন কি মহাপ্রভুর বাড়ীর নিকটেও বহু মুসলমানের বাস হইয়া গিয়াছে।

তারপর মায়াপুরে বর্ত্তমানের কার্য্যকলাপ দেখিলাম, তাহাও অতুলনীয়। গৌড়ীয়মঠের সন্ন্যাসিগণ এখানে এক রাজসূয় ব্যাপার করিয়া তুলিয়াছেন। মহাপ্রভুর বাড়ীর নিকটে অনেক নূতন নূতন ধর্ম্মশালা নির্ম্মিত হইয়াছে। বহু যাত্রী তথায় আশ্রয় লইয়াছেন। মায়াপুরের যে স্থানকে বল্লালপোতা বা ব্রজপত্তন বলে, সেখানে এক বৃহৎ মেলা বা প্রদর্শনী বসিয়াছে। এখানে কৃষি, শিল্প, ধর্ম্মসম্বন্ধীয় নানাপ্রকার ব্যাপার দৃষ্টিগোচর হইল। পুঙ্খানুপুঙ্খ বর্ণনা করিতে এক বৃহৎ পুস্তক হইয়া পড়ে। সভাপতি মহাশয় এইগুলি ঘুরিয়া ঘুরিয়া আগ্রহের সহিত দেখিতে লাগিলেন।

প্রয়াগ-প্রসঙ্গ

(পূর্ব্বপ্রকাশিত ৫৪ সংখ্যার পর)

মহাপ্রভুর আদেশে ভট্ট মহাশয় পাদ্য সেবা করিয়া শীঘ্র প্রভুর নিকট উপস্থিত হইলেন। এমন সময় ত্রিহুত বা মিথিলা দেশবাসী বৈষ্ণব পণ্ডিত রঘুনাথ উপাধ্যায় প্রভুকে আসিয়া দণ্ডবৎ প্রণাম করিলেন। "কৃষ্ণে মতি রহু" বলিয়া প্রভু আশীর্ব্বাদ করিলেন।

মহাপ্রভুর নিকট হইতে আশীর্ব্বাদ পাইয়া উপাধ্যায় বড়ই প্রীত হইলেন। প্রভু তাঁহাকে শ্রীকৃষ্ণের বর্ণনার জন্য আদেশ করিলে ভক্ত উপাধ্যায় স্বকৃত কৃষ্ণলীলার শ্লোক পড়িলেন।

শ্রী ঐশ্বর্য্যে [illegible]
[illegible]।
[illegible]
[illegible]।

মহাপ্রভুর মহাপ্রেমাবেশ উপস্থিত। সর্ব্বজীবভাবময়ী এ প্রকারে পড়িল। সে অপূর্ব্ব দৃশ্য দেখিয়া লোকগণ মুগ্ধ হয় নাই। [illegible] দেখিয়া বুঝিতে পারায় সুসাধ্য ব্যাপার নহে। [illegible]

এখানে আর একটী বিষয় লক্ষ্য করিবার আছে। দেশের নামে এখানে যাত্রীদের উপর কোন পীড়ন নাই, যাত্রা বা ইচ্ছা [illegible] থাকে। অধিকন্তু ঠাকুরের প্রসাদ, ভক্ত বা নিজ্ঞ সকলেই পাইয়া থাকেন। মঠের সন্ন্যাসিগণ বিশেষ যত্ন করিয়া থাকেন—কাহারও খাওয়া হইল কি না সে দিকে অনুসন্ধান করেন। শুনলাম প্রত্যহ ২৫,৩০ মণ চাউল সিদ্ধ করা হয় [illegible] একযোগে চলিতেছে। [illegible] সন্ন্যাসীদের [illegible] প্রীত [illegible] করিলাম। মনে হইল, প্রভুর [illegible] না হইলে এত বড় বৃহৎ কার্য্য সম্ভব হইত না।

[illegible] এবং চৈতন্যদেবের সমাধি, বল্লালদীঘি প্রভৃতি দেখিয়া বিদায় লইলাম। মায়াপুরের মাঠের হাওয়া [illegible] "[illegible]"। মায়াপুর [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]।

[[illegible] প্রকাশিত সভাপতি হইবে [illegible] চৌধুরী [illegible] কার্য্যকরী [illegible] [illegible]] —[illegible]

ভক্তের নিকট শ্রীভগবানের কোনও কথা গোপন থাকিতে পারে না। তাই আজ উপাধ্যায় মহাশয় প্রভুকৃপায় নির্দ্ধারণ করিলেন যে, ইনি মনুষ্য নহেন, কৃষ্ণ। কৃষ্ণকথা আলোচিত হইতে লাগিল। ভাব বৃদ্ধির সঙ্গে সঙ্গে উত্তর হইতে উত্তরতর রসের আলোচনা করিয়া যখন প্রভু, ভক্তের নিকট হইতে মনোনীত তত্ত্বের সন্ধান পাইলেন তখন গদগদ স্বরে পড়িতে লাগিলেন ;—

শ্যামমেব পরং রূপং পুরী মধুপুরী বরা।
বয়ঃ কৈশোরকং ধ্যেয়মাদ্য এব
পরো রসঃ ॥

গোস্বামী শ্রীগৌরসুন্দর উপাধ্যায়ের পাণ্ডিত্য ও ভক্তিরসের প্রশংসা করিয়া তাঁহাকে আলিঙ্গন করিলেন। প্রভুস্পর্শে প্রেমোন্মত্ত রঘুনাথ নৃত্য আরম্ভ করিয়া দিলেন।

অদ্বৈত হৃদয়ে বিস্ময়ের আগমন হইল। তিনি অবসর বুঝিয়া পুত্রদ্বয়কে প্রভুর চরণে আনিয়া দিলেন। অনতিবিলম্বেই গ্রামে প্রভু-আগমন-বার্ত্তা প্রচারিত হইল। প্রভুকে দেখিবার জন্য সকলেই ভক্ত-গৃহে উপস্থিত হইল। প্রভু-দর্শনে সকল লোকেই গৌরকৃষ্ণের ভক্ত হইয়া গেল।

সে আজ ৪১৮ কিম্বা ৪১৯ বৎসরের কথা যখন মহাপ্রভু এখানে ভক্তের গৃহে শুভাগমন করিয়াছিলেন। কালের পরিবর্ত্তনের সঙ্গে কালাতীত বাক্যের স্বরূপ পরিবর্ত্তন অবশ্যম্ভাবী। তবে এই জগতে গুরুজনের বস্তু, যাঁহা কৃপা করিয়া অবতীর্ণ হন, তাহার পরিবর্ত্তন না হইলে নিগুণ ইচ্ছাময় শ্রীভগবানেরই ইচ্ছায় সেই সকল বস্তু ভক্তজনের অন্তরালে থাকিয়াই লীলা প্রকাশ করেন। তবে তাহাদের জীবগণ সে লীলা দর্শনে বঞ্চিত হন না।

শ্রীমৎ শ্রীধরশ্রীগৌড়ীয় মঠ হইতে গত ১৭ই বৈশাখ সকালে শ্রীশ্রীল বৃন্দাবন বিরচিতাঙ্গী শ্রীমদ্ভক্তিবিবেক ভারতী মহারাজ, পণ্ডিত শ্রীপাদ রামেশ্বর ভট্টাচার্য্য বি, এ, বিদ্যানন্দ অধিকারী এবং ব্রহ্মচারী কুঞ্জেশ্বর দাস সহ এ পত্রিকার সঙ্ঘ "শ্রীভক্তগোষ্ঠীর মঠ" প্রভৃতির আড়াইল গ্রামে যাত্রা করেন।

এক্সাইল গমনের পর সকলে যমুনার কূলে উপনীত হইলেন। যথা সময়ে নৌকায় আরোহণ করিলেন। পণ্ডিত রামেশ্বর ভট্টাচার্য্য বৈষ্ণবের বন্দনার পর শ্রীচৈতন্যভাগবত হইতে মহাপ্রভুর আড়াইল-আগমন পাঠ করিতে লাগিলেন। পণ্ডিতগণ সকলে মনোযোগের সহিত শ্রবণ করিতে লাগিলেন। যমুনাকে বুঝিয়া বিশেষ প্রকাশে প্রকাশ করিলেন যমুনাবক্ষে ভ্রমণের মধ্যে শ্রীচৈতন্যচরিতামৃত বক্ষে লইয়া তরণী দুলাই লাগিতে লাগিলেন।

নৌকা ঘাটে লাগিলে সকলে "জয় পরমহংস পরিব্রাজকাচার্য্য শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুরকী 'জয়।'" বলিয়া পরপারে নামিলেন। অদূরে আদি বেণীমাধবের মন্দির। প্রয়াগ দশাশ্বমেধ ঘাটের অনতিদূরেও শ্রীবেণীমাধবের শ্রীবিগ্রহ বিরাজিত আছেন। কিন্তু সকলেই আড়াইলের বেণীমাধবকে আদি বেণীমাধব বলেন।

শ্রীবেণীমাধবকে দর্শন করিয়া ভক্তগণ শ্রীবল্লভভট্টের গদীর দিকে গমন করিতে লাগিলেন। এক্সাইল উত্তরে 'দেওরক' গ্রামে উক্ত গদী অবস্থিত। অনুসন্ধানে জানা গেল যে, শ্রীচৈতন্যমহাপ্রভুর আগমন ঐ স্থানেই হইয়াছিল, সুতরাং গদী পূর্ব্ব স্থানেই আছে। তবে গ্রামের নাম আড়াইল নহে, আড়াইল পরগণার অন্তর্গত। এবিষয়ে অনুসন্ধানে আর অধিক কিছু সংবাদ পাওয়া গেল না।

প্রাচীন বটবৃক্ষের তলে শ্রীবল্লভভট্ট, শ্রীগোপীনাথ ও শ্রীবিঠ্ঠলেশ্বরের গদী গদী নিত্য পূজিত হইতেছেন। তবে সেবাবেষ্টন পৃথক। সুতরাং গদী বসত বাটীর ভিতরে পড়িয়াছে। সাধারণের সব সময় সাক্ষাৎকার সুবিধা নাই।

শ্রীচৈতন্য মঠের সেবকগণ যে সময় সেখানে উপস্থিত হইয়াছিলেন, সে সময় এলাহাবাদ সহর হইতে এক ধনী সপরিবারে পুত্রের মানসিক পালনোদ্দেশ্যে জন্য আসিয়াছিলেন। পুত্রের মস্তক মুণ্ডন, হোমাদি ও শ্রীগন্ধী চাদি গানে ব্যস্ত থাকায় প্রথমে ভিতরে যাওয়ার সুবিধা হয় নাই। আগন্তুকদিগের নির্দিষ্ট সময় নাই। প্রথমে শুনা যায়, বৈকাল ৫টায় দরজা খুলে, পরে শুনা গেল ৭টা এবং অবশেষে জানা গেল, রাত্রি ৯টা র খুলিবে। বর্ত্তমান সেবক মাধব দাসের পুত্র বসন্ত দাস ক্ষেত্রী।

শুনা গেল ইহাদিগকে সেবায়েৎ না বলিয়া সেবক বলিতে হয়। আর গদীর সেবা অগ্রাদি বাদ না দিয়া কদাপি বাহাই হইয়া থাকে। এই সম্প্রদায়ে নক্ষী ধারণ করিলেই সম্প্রদায়ভুক্ত বৈষ্ণব বলিয়া কথিত হন বটে কিন্তু দীক্ষিতের আভিজাত্য প্রবল। কেহ কাহারও সংস্পর্শে খাওয়া দাওয়া করেন না।

শ্রীচৈতন্য মহাপ্রভুর স্মৃতি উদ্ধার করে শ্রীচৈতন্যমঠের আবির্ভাব। সুতরাং অচিরেই সর্ব্বত্র শ্রীচৈতন্যস্মৃতি জাগরূক হইবে চৈতন্যভাগবত বলিয়াছেন।

নীলাচল-প্রসঙ্গ

অক্ষয়বট

পাঠকগণ অবগত আছেন, ক্ষেত্রমণ্ডলের অন্তর্গত 'নীলাচল'এর আকৃতি শঙ্খের ন্যায় বলিয়া এই নীলাচলক্ষেত্র শঙ্খক্ষেত্র বলিয়া পরিচিত। অক্ষয়বট এই শঙ্খের নাভিদেশে বিরাজিত, ইনি শ্রীভগবানের বপুস্বরূপ। পুরাণে কথিত আছে যে, মহাপ্রলয়ের সময় চরাচর বিনাশপ্রাপ্ত হইলে বালিকা মহাবিষ্ণু মুখস্বরূপী শ্রীঅনন্তদেব শাখায় হইতে উৎপত্ত হইয়া এই অক্ষয়বটরূপে অবস্থিত হইয়াছেন। শ্রীশ্রীজগন্নাথদেবের মন্দির-প্রদক্ষিণ সময়ে অক্ষয়বট স্পর্শ করিতে হয়। যিনি যে কামনায় এই বটবৃক্ষের পূজা করেন, বটরাজ তাঁহার সেই কামনা পূর্ণ করেন। কামী ব্যক্তিগণ বর-স্বরূপে বটবৃক্ষের ফলপ্রাপ্ত হইলে তাহা ভক্ষণ এবং মাদুলী করিয়া গলদেশে ধারণ করেন।

অক্ষয়বট দর্শনান্তে ব্যক্তিগণ তৎসন্নিহিত গণেশ, সত্যনারায়ণ, সত্যভামা, লক্ষ্মীদেবী প্রভৃতি শ্রীমূর্ত্তি দর্শন ও প্রণাম করেন।

কপাল-মোচন শিব—ইঁহাকে দর্শন ও পূজা করিলে ব্রহ্মহত্যার পাপ বিনষ্ট হয়।

অর্দ্ধাশনী শক্তি—ইনি কপালমোচন শিব ও অক্ষয়বটের মধ্যবর্ত্তী স্থানে অবস্থিতা। শ্রুতির আদিতে মহাপ্রলয়কালীন প্রলয়ের অর্দ্ধাংশ জল পান করিয়াছিলেন বলিয়া ইঁহার নাম অর্দ্ধাশনী। ইঁহাকে দর্শন ও প্রণাম করিলে শাশ্বত সুখ লাভ হয়।

নৃসিংহদেব—বিমলাদেবীর মন্দির ও অক্ষয়বটের মধ্যস্থলে অবস্থিত। নৃসিংহদেব বীর নখদ্বারা হিরণ্যকশিপুকে সংহার করিয়াছিলেন। তাঁহাকে দর্শন ও তাঁহার পূজা করিলে অনন্ত প্রকার পাপ বিনষ্ট হয়।

অন্তর্ব্বেদী—সমুদ্রতীর হইতে অক্ষয়বট মূল পর্য্যন্ত স্থানকে অন্তর্ব্বেদী কহে। অন্তর্ব্বেদীর অন্তর্গত যে-কোন স্থানে মৃত্যু হইলে প্রাণিগণ মুক্তিলাভ করিয়া থাকেন।

বটেশ্বর বিশেশ্বর—ইঁহারা চতুর্ব্বর্গ-রূপ বাসনা সম্বন্ধবাধ্য বটের মধ্যে বাহু করিয়া 'বটজয় নিবারক'-রূপে সমুদ্রতীরে অবস্থান করিতেছেন। ইঁহাকে দর্শন ও পূজা করিলে কোটি শিবলিঙ্গের পূজা-ফল পাওয়া যায়।

বটকৃষ্ণ—যখন মার্কণ্ডেয় অক্ষয়বটোপরি ইঁহাকে বালগোপাল-মূর্ত্তিতে দর্শন করিয়াছিলেন, ঐ সময় তিনি মার্কণ্ডেয়কে বিস্মিত করিয়া বটবৃক্ষের অভ্যন্তরে প্রবেশ করিয়াছিলেন এবং পুনঃ বহির্গত হইয়াছিলেন। বটকৃষ্ণ পাষাণমূর্ত্তি পরিগ্রহ করিয়া অক্ষয়বটের নিম্নে অবস্থান করিতেছেন। তাঁহার দর্শনে কালভয় চিরতরে দূর হয়।

মুক্তিমণ্ডপ—ইহা নৃসিংহদেবের নিকটে অবস্থিত। এই স্থানে অনুষ্ঠিত পুণ্যকার্য্যে কোটিগুণ ফল পাওয়া যায় এবং এই স্থানে মৃত্যু হইলে ব্রহ্মসাযুজ্য-মুক্তি লাভ হয়।

মার্কণ্ডেশ্বর সরোবর—ভগবান্ শ্রীহরি-কর্তৃক দীর্ঘ-নিশ্বাসে আবদ্ধ হইয়া মহর্ষি মার্কণ্ডেয় অক্ষয়বটের বায়ুকোণে সুদর্শন চক্রদ্বারা এই পূত সরোবরটি নির্ম্মিত করিয়াছিলেন। এই জন্য ইহা 'শ্রীচক্র-তীর্থ'-নামেও অভিহিত। প্রতি বৎসর তথায় বারুণী-উপলক্ষে স্নান হইয়া থাকে।

মার্কণ্ডেশ্বর মহাদেব—ইঁনি মার্কণ্ডেশ্বর সরোবরতীরে বিরাজিত। মহারাজ ইন্দ্রদ্যুম্ন কর্তৃক ইঁহার পাষাণময় মন্দির নির্ম্মিত হইয়াছিল। ইঁহার দর্শনাদিতে অশ্বমেধ যজ্ঞের ফল লাভ হয়।

রৌহিণকুণ্ড—এই পবিত্র কুণ্ড শঙ্খমণ্ডলের নাভি দেশে অবস্থিত এবং পূততম কারণ-বারিতে পরিপূর্ণ। প্রলয়কালে সাগরের জল অতিশয় বর্দ্ধিত হইলে রৌহিণ-কুণ্ডের কারণবারিও বর্দ্ধিত হইয়া শেষে কুণ্ডেই বিলীন হইয়াছে। এতন্নিবন্ধন ইহার নাম রৌহিণকুণ্ড। বর্ত্তমান সময়ে এই পূত কুণ্ডবরের জলে স্নান করিবার উপায় নাই। ইঁহার জল স্পর্শ, পান এবং মস্তকে ধারণ করিতে হয়। ইঁহার জল পান করিয়া একটি বৃদ্ধ কাকপক্ষী শঙ্খ-চক্র-গদা-পদ্ম চতুর্ভুজ মূর্ত্তি প্রাপ্ত হইয়াছিলেন।

কপোতেশ্বর—ইনি বিমলামণ্ডপ ও নীলাচলের মধ্যস্থিত কুশস্থলীতে অবস্থিত। এই কুশস্থলী এক সময় বলাশয় বৃক্ষলতাদি-যুক্ত ভীষণ দুর্গম স্থান ছিল। শঙ্কর জগন্নাথের তপস্যার নিমিত্ত তথায় অবস্থানের মানসে ঐ স্থানে অনেক বৎসর যাবৎ ও নানাপ্রকার বৃক্ষের সুরম্য উদ্যান প্রস্তুত করেন। কঠোর তপঃক্লেশে তিনি কপোতাকার ধারণ করেন, ও বিস্মিত জগদীশের প্রসাদে কপোতেশ্বর নামে পূজিত হ'ন।

গম্ভীরা—এই পূততম প্রকোষ্ঠটি রাধাকান্তমঠে অবস্থিত। এই স্থানে স্বয়ং ব্রজেন্দ্রনন্দন শ্রীশ্রীমন্মহাপ্রভুর নীলাচল-লীলা প্রকাশের সময় অবস্থান করিতেন। রাধাকান্তমঠ শ্রীজগদীশের মন্দির হইতে দক্ষিণে সামান্য দূরে অবস্থিত।

সিদ্ধবকুল—এই স্থানে নামাচার্য্য শ্রীশ্রীহরিদাস ঠাকুর অবস্থান করিয়া ভজন করিতেন। এই বৃক্ষটির রাধাকান্তমঠ হইতে কিঞ্চিৎ দক্ষিণে। ইহার নামানুসারে প্রসিদ্ধ সিদ্ধবকুলমঠ অবস্থিত।

স্বর্গদ্বার—ইহা শ্রীশ্রীজগন্নাথদেবের মন্দির হইতে দুনাধিক এক মাইল দূরে

শ্রীঋষভদেব কথা

(পূর্ব-প্রকাশিত ৬া সংখ্যার পর)

শ্রীগুরুসেবাই বদ্ধজীবের মুক্তির এবং মুক্তজীবের নিত্য স্বভাবসংরক্ষণের কারণ। শ্রীগুরুসেবার উদাসীন-সম্প্রদায় নাস্তিক। আবার বাহারা তাৎকালিক শ্রীগুরুসেবার প্রয়োজনীয়তা স্বীকার করিয়া পরিণামে সেবাত্যাগী বা বিরোধী তাহারাও অপরাধী।

স্ত্রিয়া বস্তু এবং প্রতিষ্ঠাশা ত্যাগ করিয়া শ্রীগুরুসেবা করিবেন। কেননা গুরুরূপাই তাঁহার প্রার্থনীয় বস্তু। যাঁহার প্রসাদে শ্রীভগবানের প্রসাদ এবং যাঁহার অপ্রসাদে আর কোনও গতি নাই—সেই শ্রীগুরুদেবই আমার দ্বিতীয় স্বরূপ।

(২) বিষয়-ভোগাদিতে বিতৃষ্ণা শ্রীগুরুসেবারই ফল। বিতৃষ্ণা শব্দে অনেকে ঘৃণা বুঝিয়া থাকেন। বাস্তবিক তাহা নহে—কেননা, বিষয়ে রাগ বা আসক্তি এবং ত্যাগ বা বিরক্তি উভয়েই জীবের বন্ধন। অনুকূল এবং প্রতিকূল উভয়কালেই জীবের বিষয়ভোগ অনিবার্য। তবে সে-পরিমাণে সেবাপ্রবৃত্তি জীবহৃদয়ে প্রবলা হয়, ভোগ-প্রবৃত্তি সেই পরিমাণেই কমিয়া যায়। আর বিষয়গণ জীবভোগ্য হইলে দুষ্ট না হইয়া শ্রীভগবানের সেবোপকরণ-রূপে প্রতীত হয়।

বাহিরে কর্মেন্দ্রিয়ের স্বাধীনতা প্রদান অথবা তাহাদিগকে সংযম করিয়া মনে মনে বিষয়ভোগকে কপটাচার বলে। ভোগে বা ত্যাগে বিষয়, জীবকে কিছুতেই ছাড়িবে না। একমাত্র সেবাই বিষয় বিতৃষ্ণা আনয়ন-কারিণী।

(৩) শীতোষ্ণাদি দ্বন্দসহিষ্ণুতা স্বধর্ম প্রতি নিষ্ঠিতার সহায়ক। সহিষ্ণুতা জীবহৃদয়ের সদ্গুণাবলীর মধ্যে অন্যতম। ইহার অপর নাম তিতিক্ষা।

সংসারে আগত সকল জীবই কর্ম-ফলাধীন সুতরাং কর্মের ফল—সুখ ও দুঃখ সকলেই পাইবেন। কিন্তু সুখ-লাভে জীবের যত উল্লাস, দুঃখ লাভ ও দুঃখের কথা, মাত্র শুনিলেই তদপেক্ষা অধিক ত্রাস। কিন্তু বুদ্ধিমান জনগণ বিহিত দুঃখকে সাদরে গ্রহণ করিয়া সন্তুষ্ট চিত্তে সহ্য করেন। দুঃখ না চাহিলেও প্রাপ্য বিচারে জীবের ভাগ্যে অবশ্যই সমাগত হইবে। অতএব বিবেচক, দুঃখ ভোগকে দুষ্কর্মের ফলকারক জানিয়া এবং আমার সংশোধনের জন্য দৈববিহিত দান বলিয়া গ্রহণ করিবেন।

(৪) এই সংসার কর্মময়। সুতরাং কর্মবদ্ধ জীবের আবাস-স্থলীতে বাস করিয়া কর্মব্যতীত কাহারও অবস্থিতি সম্ভবপর নহে। সুতরাং কর্ম-নিষ্ঠিত লোক সত্য। কেহ কেহ বলেন যে, ইহজগতে অবিচ্ছন্ন সুখলাভ না হইলেও সৎকর্মাদি অনুষ্ঠানে পরলোকে গমন এবং তথায় সুখাদির চেষ্টা করা কর্তব্য। কিন্তু বাস্তবিক, ঘটনা তাহা নহে। কারণ স্বর্গাদি লোকও কর্মনির্মিত। ভোগের দ্বারা যেমন পাপ ক্ষয় হয়, পুণ্যের বিচারও তাই। সুতরাং পুণ্যের পরিমাণ হিসাবে পুণ্যবানের স্বর্গে স্থিতি হয়, আবার পুণ্যক্ষয়ে অনিচ্ছা-সত্ত্বে তাঁহাকে সেই লোক হইতে অন্য লোকে পতিত হইতে বাধ্য হইতে হয়।

ইহলোকে যেমন শ্রেষ্ঠ মধ্যম, সম দে হীন এবং নিকৃষ্ট অবস্থা বিদ্যমান, পরলোক বা স্বর্গাদিরাজ্যে সেইরূপ প্রতি-দ্বন্দ্বিতাদি বিদ্যমান। অতএব বুদ্ধিমান জন্মমরণমালা পরিবারের সহায়ক পাপ পুণ্যাদি কর্মের ফলস্বরূপ সুখদুঃখাদির অবস্থিতি কর্মনির্মিত নশ্বর ইহলোক ও পরলোকের স্বরূপ বিচারে লোক-কামনা পরিত্যাগ করিবেন।

(৫) জিজ্ঞাসাই জীবকে অজ্ঞতার হাত হইতে নিষ্কৃতি প্রদান করে। তবে জিজ্ঞাস্য বিষয় বিচারে সৎ ও অসৎ ভেদে দুইটী পন্থা আছে। নিত্য বস্তুই সৎ এবং

অবস্থিত। এখানে বর্তমানযুগের শুদ্ধভক্তি-প্রচারের মূলপুরুষ ঠাকুর শ্রীশ্রীসচ্চিদানন্দ ভক্তিবিনোদের ভজনস্থলী শ্রীভক্তিকুটী বিরাজমানা। মুক্তভিক্ষুগণ জনগণ এই নিত্যশুদ্ধভক্তিপ্রদা ভক্তিকুটীরে পুতধূলা অঙ্গে সংলগ্ন দিয়া ধন্য হ'ন। ভক্তি-কুটী এবং নামাচার্য শ্রীশ্রীহরিদাস ঠাকুরের সমাধিস্থল একই স্থানে অবস্থিত। শ্রীশ্রীমহাপ্রভু ঠাকুর হরিদাস দ্বারা জগতে নাম-মহিমা প্রচার করিয়াছেন; কালক্রমে দুর্ভাগ্য জগদ্বাসী জীবগণ সেই নামমূল্যের অমল কিরণ দর্শনে বঞ্চিত হইলে শ্রীশ্রীমহাপ্রভুর প্রেরণাক্রমে ঠাকুর শ্রীশ্রীসচ্চিদানন্দ ভক্তিবিনোদ তাহা 'শ্রীশ্রীহরিনাম-চিন্তামণি,' 'জৈবধর্ম' প্রভৃতি গ্রন্থে এবং নানাবিধভাবে প্রচার করেন।

এতদ্ব্যতীত স্বর্গদ্বারে (১) নিমাই-চৈতন্যমঠ, (২) বিদ্যুতাশ্রম মঠ ও মুকুন্দ দাস বাবাজীর মঠ, (৩) স্বর্গদ্বার সাক্ষী, (৪) কাণপাতা হনুমান (৫) সুদামাপুরী, (৬) নানকপন্থী মঠ, (৭) কবীরপন্থীমঠ, (৮) সাতলহরীমঠ বিদ্যমান।

টোটা-গোপীনাথ—ইঁহার

শ্রীমন্দির ভক্তিকুটী হইতে অর্দ্ধ মাইল দূরে অবস্থিত। অন্তর্ধানের সময় শ্রীমহাপ্রভু নীর অর্জাবিগ্রহ শ্রীগোপীনাথে প্রবেশ করিয়া তিনিই যে সাক্ষাৎ ব্রজেন্দ্রনন্দন, তাহা আমাদের ন্যায় অজ্ঞ ব্যক্তিকেও জানাইয়া গিয়াছেন।

ভক্তিধর্ম্মের প্রচার

গত ১৮ই বৈশাখ শ্রীল তীর্থ মহারাজ দ-পাড়িরদিয়া নিবাসী শ্রীযুক্ত উপেন্দ্রনাথ দাসাধিকারী মহাশয়ের আমন্ত্রণে তদীয় ভবনে শুভাগমন করিয়া সন্ধ্যায় শ্রীচরিতামৃত হইতে সূক্ষ্ম ও সূক্ষ্মতর পাঠকা-প্রদর্শনমূলক পাঠ, ব্যাখ্যা ও কীর্ত্তনাদি করেন। স্বামিজী সংসারস্থ গৃহস্থ-বৈষ্ণবের কর্তব্য-সম্বন্ধে বহু গবেষণা-পূর্ণ উপদেশ-দানে শ্রোতৃমণ্ডলীর আনন্দ বর্দ্ধন করেন।

শ্রীচৈতন্য-বাণী-প্রচারক শ্রীগুরু-দেবের আনুগত্যে অকৈতবৈকান্তিক-বিপ্র ত্রিদণ্ডিপাদগণ দেশে দেশে দ্বারে দ্বারে গিয়া ভক্তিসিদ্ধান্তবাণী কীর্তন করিতেছেন। পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহা-রাজের কৃপায় আজ বিশ্বে বিশ্বম্ভরের বাণী সর্বত্রই বিঘোষিত হইতেছে। 'পৃথিবীতে আছে যত নগরাদি গ্রাম। সর্বত্র প্রচার হইবে মোর নাম॥' শ্রীমহাপ্রভুর এই ভবিষ্যৎ বাণীর যথার্থতা আজ সকলেই উপলব্ধি করিতেছেন, কিন্তু হায় বাঙ্গালা এই পরম সুযোগ পাইয়াও দুর্দৈব বশতঃ শ্রোতপন্থার এই কল্যাণকল্পতরুর শরণ গ্রহণ করিল না, তাহাদের ভাগ্য ও বুদ্ধিকে আমরা গঙ্গাতীরে বাস করিয়া তৃষ্ণার্ত্তের জল পানের ন্যায় প্রশংসা করিতে পারি না।

এ বস্তার যে না ভাসে সেই জীব ছার।
কোটি কল্পে তবে তার নাহিক নিস্তার॥

—চৈঃ চঃ

গত ১৮ই মে কটকের বক্সীবাজারের দুর্গামণ্ডপে একটী বিরাট সভাতে কলি-কাতার শ্রীগৌড়ীয়মঠের প্রচারক ত্রিদণ্ডি স্বামী ভক্তিপ্রদীপ বন মহারাজ ও শ্রীরাধেন্দু সুন্দর ভট্টাচার্য্য বি, এ, ভক্তিশাস্ত্রী মহাশয় শ্রীচৈতন্যদেবের শিক্ষা-সম্বন্ধে এবং তাঁহার প্রচারিত সম্প্রদায়কে মর্মস্পর্শী বক্তৃতা দিয়াছেন। বহু শিক্ষিত লোক এই বক্তৃতা শুনিয়া যথেষ্ট আনন্দানুভব করিয়াছেন

অনিত্য বস্তুই অসৎ। অনিত্যের জিজ্ঞাসু অনিত্যের সন্ধানে অভিজ্ঞতা-লাভের পরিবর্তে ক্রমশঃ অন্ধকারা সমুদ্রের অতলতলে পতনের সুবিধা অর্জ্জন করে। অতএব সম্যক্ বিচারে, তত্ত্বান্বেষ বিচারে অন্যাভিলাষ ছাড়িয়া—

"তত্ত্ব বস্তু কৃষ্ণ, কৃষ্ণভক্তি প্রেমরূপ।
নামসংকীর্ত্তন সব্ব আনন্দস্বরূপ॥"—ইহাই জিজ্ঞাসা করিবেন।

(ক্রমশঃ)

এবং এই সভার উদ্যোক্তা শ্রীযুক্ত রাধিকাপ্রসাদ নন্দী এবং শ্রীযুক্ত ... স্বামিজিকে বিশেষ ধন্যবাদ দিয়াছেন।

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিবেক ভারতী মহারাজ গত ২৫শে বৈশাখ চাকদহ কোলার অন্তর্গত উদুরেঘিয়া মহকুমার অধীন ... পুর গ্রামে শুভবিজয় করেন, তথায় স্থানীয় লোকের আগ্রহে ঐ দিনই একটী বিদ্বজ্জনমণ্ডলীমণ্ডিত সভা সভার ব্যবস্থা হয়। স্বামিজী মহারাজ ঐ সভায় নামাচার্য ঠাকুর হরিদাসের আবির্ভাব ও প্রচারিত নাম মহিমার বিষয় বক্তৃতা করেন। নামাপরাধ ও নামাভাস সম্বন্ধে আলোচিত হয়। শ্রোতৃবৃন্দ ঐ সম্বন্ধে সকল সূক্ষ্ম কথা জানিতে পারিয়া বিশেষ উপকৃত এবং শুদ্ধ নামাদির সদ্গুরুপাদাশ্রয়ের প্রয়োজনীয়তা উপলব্ধি করেন। অতঃপর স্বামিজী ১৯শে বৈশাখ তারিখে ...পুর গ্রামের নিকট শ্রী মাধাইবাস গ্রামে শ্রীযুক্ত ... দাস অধিকারীর গৃহে হরি-কথা কীর্ত্তন করেন। গ্রামবাসী বহু লোক গুরুগণের শ্রীমুখে হরিকথা শ্রবণ করিয়া বিশেষ আনন্দিত হইয়াছেন।

কুচবিহারে বোম্বে মহারাজ

কলিকাতার শ্রীশ্রীগৌড়ীয়মঠের পরমহংস আচার্য্যবর্য্য শ্রীশ্রীমদ্ ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী মহারাজের কৃপাপাত্র ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিবিলাস গভস্তিনেমি মহারাজ তাঁহার দলবল ও আসাম হইতে রওনা হইয়া কুচবিহারে পৌঁছিয়াছেন। তথায় বাবু শরৎ কুমার ঘোষ প্রমুখ ভদ্রমহোদয়গণ মহা সমাদরে স্বামীজির অভ্যর্থনা করিয়া-ছেন। স্বামীজী আজিমগঞ্জ-ভবনে স্থানীয় বহু শিক্ষিত ভদ্রমহোদয়ের এবং অন্যান্য বহু লোকের সাক্ষাতে শ্রীচৈতন্যমহাপ্রভুর বাণী প্রচার করিয়া সকলকে পবিত্র ও ধন্য করিতেছেন। স্বামীজী ১৩ই মে ল্যান্সডাউন হলে সনাতন ধর্ম সম্বন্ধে একটী সুদীর্ঘ বক্তৃতা দিয়াছেন। চতুর্দিক হইতে বহু সহস্র ব্যক্তি তথায় সমাগত হইয়া-ছিলেন। মিঃ নন্দী সর্বতোভাবে এবং সকল সময়ে সভানুষ্ঠানে বিশেষ সহায়তা করিতেছেন। ... ... বহু প্রাণ উদারচেতা লোক ... ... তিনি বাস্তবিকই ধন্যবাদের পাত্র।

বন মহারাজের পুরী যাত্রা

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ বন মহারাজ সদলে কটক পৌঁছিয়াছেন। তথায় কিছু-কাল ... ... প্রচার করিয়া তিনি শ্রীক্ষেত্র জগন্নাথ পুরী যাত্রা করিবেন এবং তথায় শ্রীমহাপ্রভুর প্রচারিত শুদ্ধ বৈষ্ণব-ধর্ম প্রচার করিবেন।

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

ভাব-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই

বধালঙ্কৃত। চতুর্থ সংস্করণ। বিস্তারিত সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সাধারণ বঙ্গবাসীর বেদ, বেদান্ত, উপনিষৎ, গীতা, শ্রীমদ্ভাগবত, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর আর অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের নিশ্চয় পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই ২৲ দুইটাকা

আবাঁধা - ১৷৷০ দেড়টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও আবশ্যক সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? বর্ণের, সমাজ, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এবং সুশৃঙ্খলভাবে সুন্দরভাবে আলোচিত হইয়াছে যে, প্রথম পরিচ্ছেদ হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য

ভিক্ষা ৵০

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৶০

শ্রীচৈতন্য মহাপ্রভুর লীলা ও লীলাভূমি নবদ্বীপ-মণ্ডল। এক নব দ্বীপের প্রাচীন বিবরণ – প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৬০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

উত্তম রেশমী কাপড়ে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শন করিয়া দর্শনকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শ্রীহরিনামচিন্তামণি

৷৵০

দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী এবং শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুর উপদেশামৃতে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তিপথের স্বরূপ ও প্রকৃত বিচার অতি সুন্দরভাবে বিবৃত হইয়াছে। তথা চারি শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা /০ আনা

দেহ ও মনের চেষ্টা অনিত্যবস্তু লইয়া—ইহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন আত্যন্তর আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। তাহারা সংস্করণ প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড /০ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— /০, নবদ্বীপশতক— /০

অর্থপঞ্চক—/০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা /১০

আমরা এতাদৃশ পুরুষ বস্তুর ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাঁহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য ও যথার্থ কল্যাণ প্রদানে সমর্থ এবং কোন্ বস্তু আমাদের নিত্য কল্যাণপ্রদ, এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিক কল্যাণের আকর; ইহা প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদানে

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয় সংবলিত প্রায় ৪২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৷৷০

শ্রীবলদেব বিদ্যাভূষণ-কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোনার জলে নাম লেখা রাজসংস্করণ ২৲ টাকা, সাধারণ সংস্করণ ১৷৷০, গৌড়ীয়ের গ্রাহকপক্ষে ১৷০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সাম্প্রদায়িক কোষগ্রন্থ)

বিষয়:- ১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২। চারি সম্প্রদায় ও বৈষ্ণবগণের চরিত্র, ৩। বিশুদ্ধবৈষ্ণবসম্প্রদায়ের শ্রীমঠের ও প্রাচীনগ্রন্থের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও প্রবন্ধ-সমূহের তাৎপর্য্য ও বিবরণ, ৬। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় আকরমূলে বাংলায় তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ম খণ্ড ৸০, ২য় খণ্ড ৸৵০, ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড ৸৵০, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ

—১ম খণ্ড ১৲ এক টাকা ২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই বঙ্গদেশের অধিক প্রয়োজনীয় অঙ্গ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ পেজি ৭৪ পৃষ্ঠা আকারে বাহির হইতেছে।

শ্রীমন্মধ্বাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা /০ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্—শ্লোক সূচী, বিষয়-সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত। ভিক্ষা, প্রতি খণ্ড সাধারণ পক্ষে ।৵০ গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৵০
২। ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৩য় সংস্করণ) ৫৲
৩। গৌড়ীয়-গৌরব ৶০
৪। গৌড়ীয়-সংহিতা ।০
৫। ভজনরহস্য ৷৷০
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপ-শতকম্ (বাঁধা) ১৲
„ „ আবাঁধা ৸০
৭। গীতা (শ্রীবলদেবভাষ্যসহ) বাঁধা ২৲ আবাঁধা ১৷৷০
৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲ আবাঁধা ১৷৷০
গীতার কেবল মাত্র-ভাষ্য ৷৷০
৯। মুক্তাফলটীকা ভগবৎসারজ্ঞঃ সানুবাদ (যন্ত্র) ২৲
১০। বেদান্তসূত্রের সানুবাদ (রামানুজীয়) ৷৷০
১১। বৈষ্ণবদর্শন ২৲
১২। শ্রীজগন্নাথচন্দ্রাবলি (চতুর্থ সংস্করণ) ৸০
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১৪। প্রেমাম্ভোজ (তৃতীয় সংস্করণ) ৸৵০
১৫। দীপ-দিগ্দর্শন ৵০
১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ।৵০
১৭। আচার ও আচার্য্য ।৵০
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷৷০
১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
২০। শ্রীনবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড, ৶০
২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
২৩। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা দর্পণ ।০
২৪। শরণাগতি, গীতাবলী, সাধনকণ, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্থপঞ্চক ও সদাচারস্মৃতিঃ মোট ।৵০
২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও অর্চ্চনকণ ৵০
২৬। সাধককণ্ঠমালা ।৵০
২৭। সংস্কার-দীপিকা ।০
২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲
২৯। ব্রহ্মসংহিতা ৷৷০
৩০। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ৸০
৩১। মণিমঞ্জরী সানুবাদ ।০
৩২। প্রেমবিবর্ত্ত ৸০
৩৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট, দ্বিতীয় সংস্করণ)

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া

দৈনিক বসুমতী প্রকাশ

মিথ্যা সংবাদে ম্যাজিষ্ট্রেটের ইস্তাহার

ব্যাঙ্ক ও পোষ্টাফিসসমূহের টাকা লুণ্ঠিত হওয়া মিথ্যা

'দেশীয় ও ব্রিটিশ সৈন্যের মধ্যে লড়াই হওয়া সংবাদ মিথ্যা

"স্ত্রীলোকদিগকে উলঙ্গ করিয়া পুলিসের বেত্রাঘাত" মিথ্যা

গবর্ণমেণ্ট রাজদ্রোহ-প্রতিক্রিয়া দমনের পক্ষপাতী নহেন

হরতাল করা সর্ব্বসাধারণের পক্ষে অনিষ্টকর

এতদ্বারা জানান যাইতেছে যে নিম্নলিখিত সংবাদসমূহ যাহা সাধারণে প্রচারিত হইতেছে তাহা সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন।

১। ব্যাঙ্ক ও পোষ্টাফিসসমূহ লুণ্ঠিত হইয়াছে, সুতরাং ব্যাঙ্ক ও পোষ্টাফিসে টাকা রাখা নিরাপদ নহে—এই সংবাদ সম্পূর্ণ মিথ্যা। কোনও ব্যাঙ্ক, ট্রেজারি বা পোষ্টাফিস লুণ্ঠিত হয় নাই এবং এই সকল ব্যাঙ্ক ইত্যাদি বিশেষ সতর্কতার সহিত রক্ষিত হইতেছে সুতরাং এই সমুদয় স্থানে টাকা রাখা সম্পূর্ণ নিরাপদ।

২। ভারতীয় সৈন্যগণ চাকুরীতে ইস্তফা দিয়েছে এবং ব্রিটিশ সৈন্যের সহিত লড়াই করিতেছে; ইহা সম্পূর্ণ মিথ্যা। কোনও স্থলে বা জাহাজে ভারতীয় সৈন্যগণ কার্য্যে ইস্তফা দেয় নাই, কিম্বা ভারতীয় ও ব্রিটিশ সৈন্যের সহিত লড়াইও হয় নাই।

৩। নরসিংদী, মীরা এবং কাশিতে স্ত্রীলোকদিগকে উলঙ্গ করিয়া পুলিশ বেত্রাঘাত করিয়াছে বলিয়া যে সংবাদ প্রচারিত হইয়াছে তাহা সম্পূর্ণ মিথ্যা। এরূপ ঘটনা কোথায়ও হয় নাই। পুলিশ স্ত্রীলোকদিগের সহিত সর্ব্বদাই সদয় ব্যবহার করিয়া আসিতেছে।

৪। গবর্ণমেণ্টের আদেশে ভারতীয় সংবাদপত্রসমূহের প্রচার বন্ধ হইয়াছে বলিয়া যে সংবাদ রটিয়াছে, তাহা একেবারেই মিথ্যা। প্রকৃত ঘটনা এই, সমুদয় সংবাদপত্র ইচ্ছাপূর্ব্বক ভোমাকর মিথ্যা সংবাদ প্রচার দ্বারা জনসাধারণকে আইন ভঙ্গে উত্তেজিত করিয়াছিল, সেই সমুদয় সংবাদপত্রকে সদ্ভাবে পত্রিকা পরিচালন জন্য গবর্ণমেণ্ট জামিন চাহিয়াছেন, তাহাতেই কয়েকটী সংবাদপত্র স্বেচ্ছাপূর্ব্বক উহার প্রচার বন্ধ করিয়াছে। গবর্ণমেণ্ট কখনও পত্রিকা দমনের পক্ষপাতী নহেন, কিন্তু যাহারা মিথ্যা সংবাদ প্রকাশ করিয়া গবর্ণমেণ্টের প্রতি দোষারোপণ করে তাহাদিগকে সংযত করাই কেবল গবর্ণমেণ্টের উদ্দেশ্য। কাহারও উপর জুলুম করা গবর্ণমেণ্টের ইচ্ছা নহে, প্রজাবর্গের ধনজন ও শান্তিপ্রিয় নাগরিকগণের প্রতি গবর্ণমেণ্ট সর্ব্বদাই সদয় থাকিয়া তাহাদিগকে আপদবিপদ হইতে রক্ষা করিবেন, কিন্তু যাহারা গোলযোগ এবং বিশৃঙ্খলা সৃষ্টি করে কিংবা তাহা করিতে অপরকে উত্তেজিত করে তাহাদের বিরুদ্ধে সর্ব্বপ্রকার কঠোর উপায় অবলম্বন করিবেন এবং তাহাদিগকে দমন করিবার জন্য ঢাকায় পুলিশের যথেষ্ট বন্দোবস্ত আছে। সাধারণ প্রজাগণ সাধ্যমতে গবর্ণমেণ্টকে সাহায্য করুন।

হরতাল, স্কুলে ধর্ম্মঘট প্রভৃতি বহুরূপ কার্য্য সাধারণের পক্ষে অনিষ্টকর। জনসাধারণ উহাতে যোগদান না করিয়া নির্ভয়ে তাহাদের স্ব স্ব কার্য্যকর্ম্ম সম্পাদন করিতে থাকুন, গবর্ণমেণ্ট তাহাদিগকে সর্ব্বপ্রকার সাহায্য করিবেন।

ই, ডাব্লিউ হল্যাণ্ড,
জেলা ম্যাজিষ্ট্রেট ঢাকা।

অর্ডিনেন্সের অসুবিধার তদন্ত

সংবাদপত্রসেবীর লাট সাহেবের সহিত পরামর্শ

বাঙ্গালার লাট সাহেব সংবাদপত্র-সেবিগণের সহিত যে পরামর্শ করিবেন বলিয়া যে ঘোষণা করিয়াছিলেন তৎসম্পর্কে একজন সংবাদপত্রসেবী দার্জ্জিলিঙে আহূত হইয়াছিলেন। লাটসাহেবের সহিত পরামর্শে স্থির হইয়াছে যে, গবর্ণমেণ্ট একজন অফিসার নিযুক্ত করিবেন, তিনি সংবাদপত্রসেবিগণের বর্ত্তমান অর্ডিন্যান্স আইনে কিরূপ অসুবিধা হইতেছে, তাহা পর্য্যবেক্ষণ করিবেন।

কৃষ্ণনগর-সংবাদ

কৃষ্ণনগরের ১৯শে এবং ২০শে আগষ্টে বেলা ৫টা পর্য্যন্ত কোন দুর্ঘটনার সংবাদ পাওয়া যায় নাই।

চুঁচুড়ার ৩৬ জনের কারাদণ্ড

চুঁচুড়ার ১৮ই আগষ্ট তারিখে ১৪৪ ধারার আদেশ অমান্য করিবার অভিযোগে ৩৬ জন গ্রেপ্তার হইয়াছিলেন। গত ১৯শে যে তারিখে তাঁহাদিগের উপর একমাস বিনাশ্রম কারাদণ্ডের আদেশ হইয়াছে।

বীরনগরে রায়বাহাদুরের পল্লী

মহিলাগণের জোর পিকেটিং

বীরনগরে রায় বাহাদুর শ্রীযুক্ত বাবু নগেন্দ্রনাথ বন্দ্যো পাধ্যায়ের পল্লীর সন্নিকটেই এক মহিলা সভার অধিবেশনে খদ্দর প্রচার, পিকেটিং প্রভৃতির প্রস্তাব গৃহীত হইয়াছে; খুব জোর পিকেটিং চলিতেছে। দুইজন মহিলা মদ পিকেটিং করিতেছেন।

ওয়াদালার লবণ গোলা লুঠ

দর্শকগণেরও চুরির সুযোগ

ওয়াদালাতে বিভিন্নদলে বিভক্ত হইয়া স্বেচ্ছাসেবকগণ (প্রায় ১৫০ জন) চারিদিক হইতে একই সময় লবণের গোলাগুলি আক্রমণ করিয়া গত ১৮ই তারিখে খুব লবণ লুঠ করিয়াছে। চতুর্দ্দিকে যে সমস্ত দর্শকবৃন্দ দাঁড়াইয়াছিলেন তাঁহারাও অনেক লবণ চুরি করিয়া পলাইয়াছে।

গত ১১শে তারিখ হইতে পুলিশের আর একটু কড়া পাহারার বন্দোবস্ত হওয়ায় পূর্ব্ব দিনের মত লবণ চুরি হয় নাই।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

মফস্বলের সুবিধার জন্য ৩ নং শিশিতে ঘনীভূত অবস্থায় বোতলে সকলবিধাণ ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ৷০ আনা, পাইট ৷৵০ আনা, বোতল ১৶০ আনা।

অফিস—১১নং ঠনঠনিয়া রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা

বেঙ্গলীত

মদন মঞ্জরী

ধাতুর দৌর্ব্বল্য ও ধাতুদিগের, ইন্দ্রিয়শক্তির হ্রাস, স্বপ্নদোষে শুক্রক্ষয়, মেহ, বহুমূত্র, রক্তের দোষ, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি সকল রোগ বিশেষ আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় ঔষধ। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

"নপুংসকারি ঘৃত"

পুরুষত্বহানি রোগে ব্যবহার দ্বারা আরোগ্য করিয়া শক্তিসম্পন্ন করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

"রমণবিলাসিনী বটিকা"

বীর্য্যধারণ করত সঙ্গমশক্তি বৃদ্ধি ও বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

রাজবৈদ্য নারায়ণজী কেশবজী

১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের তোকা শিশি বাদাম তৈল

আদি ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্ব্বজন পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জুয়াচোরগণ কমদরের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত

কেরাসর্গ কুইনিন

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আইরণ, হাইড্রোক্লোরেট কুইনাইন, আর্সেনিক এবং কঁণ্ডিশেন আছে।

এই কেরাস-কুইনিন দ্বারা ইন্জেকসন করিলে একটী বা দুইটী ইন্জেকসনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর আরোগ্য করে এবং রক্ত হইতে বাহাটী ইন্জেকসনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া দেয়।

৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ডাঃ ম্যাঃ টাকা

হাইড্রো-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরীতে প্রস্তুত। ৯১ হরিতকী লেন, কলিকাতা

পর-বিদ্যাপীঠ

(প্রাচীন নবদ্বীপ শ্রীমায়াপুর শ্রীচৈতন্যমঠ)

এখানে আহার এবং বাসস্থান দিয়া বিদ্যার্থিগণকে বিভিন্ন শিক্ষণীয় বিষয় শিক্ষা দিবার ব্যবস্থা করা হইয়াছে। অনেক ছাত্র ইতোমধ্যেই আসিয়া পাঠ আরম্ভ করিয়াছেন। বর্ত্তমান বর্ষে সকল ছাত্রই গবর্ণমেণ্ট সংস্কৃত পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

প্রধান অধ্যাপক—পণ্ডিত শ্রীযুক্ত শচীন্দ্রচন্দ্র-কাব্য-ব্যাকরণ-সাংখ্য-বেদান্ত-ষড়দর্শন-তীর্থ, সাংখ্যভূষণ, বেদান্তরত্ন, সাহিত্যশাস্ত্রী, দর্শনবাচস্পতি।

অধ্যাপক—পণ্ডিত শ্রীযুক্ত গৌরদাস ব্রহ্মচারী ব্যাকরণতীর্থ

শ্রীধাম মায়াপুর পরবিদ্যাপীঠ, (নদীয়া)

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাহারা নানারূপ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, বহুমূত্র, ধ্বজভঙ্গ, পাকস্থলীর পীড়া, স্ত্রী এবং বালকবালিকাদের মধ্যে যাহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, হিষ্টিরিয়া, শ্বেত ও রক্তপ্রদর, ফিটব্যারাম প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক ম্যাজিক্স ব্যবহার করায় বাঁচিতে পারেন, তাঁহার শত সহস্র প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী শিশি ঔষধ ডাকমাশুল সহ ১।০ টাকা মাত্র।

সোল এজেন্ট—ডাঃ ডি, ডি, হাজরা।

ফতেপুর, গার্ডেনরীচ পোষ্ট, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

এখনও অপূর্ব্ব সুযোগ। পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম, এ প্রাক্ত (লাহোর)

মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত।

৪৭ খানি অপূর্ব্ব-চিত্র সমন্বিত।

বিশ্বকোষ-সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইঃ) মরোকো বাঁধা ১৷০ ভিপিতে ২৲ দুই টাকা মাত্র।

গ্রন্থ প্রকাশ হইবামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পদসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত

বোল্ড্ অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে টীটাগড়ের কাগজে ছাপা

ভিক্ষা—২৷০ টাকা

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ, এফ.সি.এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে বহুদর্শিত ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দূর)

(বিশুদ্ধ ও ষড়্গুণবলিজারিত) তোলা ৮৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।

নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাসি, সর্দ্দি, যক্ষ্মা, ক্ষয়রোগ, জ্বররোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্ব্বলতা নাশক আশ্চর্য্য পুষ্টিকর মহৌষধ ও খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, শুক্রতারল্য, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপার্থিব আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত যাবতীয় রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

বিশুদ্ধ জল! ভয় নাই! বিশুদ্ধ জল!!

লক্ষ্মী টিউব-ওয়েল কোং

২০৫নং নবাবপুর, ঢাকা

বর্ত্তমান-যুগের নব-আবিষ্কৃত যন্ত্রপাতি দ্বারা উন্নত বৈজ্ঞানিক-খনন-প্রণালীতে নলকূপ (*Tube-well*) নির্ম্মাণ করা হয়। বঙ্গের লাট বাহাদুর, প্রাইভেট সেক্রেটারী, ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট, জিলা-বোর্ডের চেয়ারম্যান, ইঞ্জিনিয়ার, জমিদার, তালুকদার, প্রভৃতি সম্ভ্রান্ত ভদ্রমহোদয়গণ এই কোম্পানীর কার্য্য দেখিয়া প্রশংসা করিয়াছেন। রাসায়নিক পরীক্ষায় জল বিশুদ্ধ না হইলে মূল্য গৃহীত হয় না। বিস্তৃত বিবরণের জন্য পত্র লিখুন

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ লক্ষ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্ব্বজন-বিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটীর উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটীকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটীকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। "মণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাক্‌চিক্য করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্ব্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১ টাকা।

—অন্যান্য আবিষ্কৃত—

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান :—আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

প্রিন্টিং ওয়ার্কস্ হইতে—ডাঃ শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী এম, এস, এফ কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইতেছে

টেলিগ্রামের নাম ও ঠিকানা— শ্রীধাম নবদ্বীপ

Registered

১৫৪

বিজ্ঞাপনের হার
প্রান্তভাগে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩৷০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র।

সহর ও মফঃস্বল ... অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৷০
মাসিক ১৲
নগদ প্রতি সংখ্যা ৴৫

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী ৭০ সংখ্যা

শ্রীচৈতন্য মঠ শ্রীধাম মায়াপুর ৯ই জ্যৈষ্ঠ ১৩৩৭ শুক্রবার ২৩শে মে ১৯৩০

৫০০ মণ লবণ লুঠ

ঝিলামে স্বেচ্ছাসেবকগণের উপর গুলি

নাইডু ধরসনায় গ্রেপ্তার

বন্দীগণের উপযুক্ত আহার ব্যতীত অনশন ব্রত

মহেন্দ্র মাইতীর কারাবাস

ইউরোপীয়দের মদের গাড়ী দগ্ধ

প্রথম খণ্ড সাইমন রিপোর্ট

দিল্লীর দুর্ঘটনায় উকীলদের তদন্ত রিপোর্ট

পার্লামেণ্টে গান্ধী সঙ্গে সন্ধি

সাইমন ও শ্রীনিবাস শাস্ত্রী, মাদ্রাজে গুলি

আকাশযানে বোমা নিক্ষেপ

জার্ম্মানীতে বৃটিশ দূতের প্রতি আক্রমণ

স্মরণ চিহ্ন উৎপাটন

কুষ্টিয়া হইতে তিন গাড়ী চালান, রবীন্দ্রনাথ

১৫ বয়স্ক ছেলেদের বেত্রাঘাত

চাটগাঁয়ের লুণ্ঠনে কলিকাতা খানাতল্লাস

৫০০ মণ লবণ লুঠ

বোম্বাইয়ের অন্তর্গত ওয়াদালাতে লবণ গোলা লুঠের জন্য প্রায় ১০।১২০ হাজার লোক সমবেত হয় এবং প্রায় ৫০০ মণ লবণ লুট হইয়াছে। স্বেচ্ছাসেবক ব্যতীত অনেক বাহিরের লোকে ঐ লুণ্ঠনে যোগদান করিয়াছে। গবর্ণমেণ্ট টেক্স বাবে [illegible] সত্যাগ্রহীগণকে [illegible] হইয়াছে।

কৃষ্ণনগরের অবস্থা

গত মঙ্গলবারে ও বুধবারে কৃষ্ণনগরে কোন স্বেচ্ছাসেবককে আইন অমান্য করিবার জন্য গ্রেপ্তার করা হয় নাই। আন্দোলনের কার্য্য ধীরে-ভাবে চলিতেছে। সহরে কোন গোলযোগ নাই, কেবলমাত্র পুলিশ [illegible] কৃষ্ণনগর [illegible] যেমন [illegible] বাজার [illegible] লাল পাগড়ীর সারি মধ্যে মধ্যে দৃষ্টিগোচর হয়।

কুষ্টিয়া হইতে তিন গাড়ী চালান

গত [illegible] তারিখে কুষ্টিয়া হইতে তিন গাড়ী [illegible] করিয়া স্বেচ্ছাসেবকদিগকে [illegible] লওয়া হইয়াছে। সকলেই "বন্দে মাতরম্" ধ্বনি করিয়া স্ফূর্ত্তির সহিত আসিয়াছিলেন। কাহারও মুখে বিষাদের চিহ্ন মাত্র ছিল না।

পুলিশের উপর ইটপাটকেল

গত ১৮ই তারিখে ঢাকার নবাবপুর রোডে একজন সাইকেল আরোহীকে একটি পুলিশে আটকায়। ঐ ব্যাপার লইয়া অনেক লোক জমিয়া যায় এবং পুলিশও অনেকগুলি জমায়েত হয়। লোকেরা পুলিশের উপর ইটপাটকেল ছুঁড়িতে আরম্ভ করে। পুলিশ লাঠির দ্বারা জনতা হটাইয়া দেয়। কয়েকজন পুলিশ কর্ম্মচারী এবং কয়েকটি লোক আহত হইয়াছে।

সীমান্ত যুদ্ধ

আকাশযানে বোমা নিক্ষেপ

[illegible] সীমান্ত [illegible] হইয়াছেন।

[illegible] অবস্থা [illegible]

বর্ত্তমান আন্দোলনে যোগ দেওয়ায় কারাদণ্ড

[illegible] কারাদণ্ড [illegible] তাহার [illegible] হয়।

ওয়াদালা ও ধরসনার লবণ গোলা আক্রমণ

ওয়াদালায় ৪০০ স্বেচ্ছাসেবক গ্রেপ্তার

পুলিশ সেপাইদের উপর লবণ বৃষ্টি

লবণের গাদার উপর স্বেচ্ছাসেবক

গত ১৯শে মে ... ওয়াদালা ... স্বেচ্ছাসেবকগণ ... [illegible]

... পর্যন্ত ... [illegible] ... লবণ আনিবার ... বিচার হইবে ... ছাড়িয়া দেওয়া ...

লবণ গাদার উপর স্বেচ্ছাসেবক নাইডুর পরামর্শ

... [illegible] ... পুলিশ ... দেহ ঘিরিয়া দাঁড়াইয়াছিল। কেহ কেহ তাহাদের বেষ্টনের মধ্যে ... ছিল। ১৯শে মে সকালে ২০০ শত স্বেচ্ছাসেবক ... ২০০ স্বেচ্ছাসেবক আসিয়া বাধা দিয়া ... লবণের গাদার উপর গিয়া ... তাহারা সেখানে পাহারা থাকিবে বলিয়া প্রচার করিয়াছে। ... বর্তমান। শ্রীমতী নাইডু ... কিছু দূরে একটা ... তাঁহার পরামর্শ ... তিনি ... আগামী কল্য প্রায় ১০০০ স্বেচ্ছাসেবক এই কার্যে যোগদান করিবে। ... স্বেচ্ছাসেবক আহার্য ও পানীয় অভাবে মূর্ছিত হইয়া পড়িয়াছিলেন। ... অবস্থ আছেন। পর পর ... প্রকাশ করিব।

নোয়াখালির স্বেচ্ছাসেবক

১৩ই মে ... সংবাদদাতা ১৯শে তারিখে ... হইতে সংবাদ দিয়াছেন ... স্থানীয় ... নদীর তীরে ... করেকটী ... দিয়াছেন।

পার্লামেণ্টে বৃটিশের মন্ত্রী

গান্ধির সহিত মিটমাটের প্রস্তাব

বিলাতে গত সোমবারে পার্লামেণ্টের সভায় বৃটিশসাম্রাজ্যের প্রধানমন্ত্রী শ্রীযুত র‍্যামজে ম্যাকডোনাল্ড বলিয়াছেন যে, আমেরিকার ১০২ জন পাদ্রী বা ধর্ম্মযাজকেরা শ্রীযুত গান্ধীর সহিত মিটমাট করিতে অনুরোধ করিয়া যে পত্র দিয়াছেন, এখনও তাহার কোন জবাব দেওয়া হয় নাই।

সর্বদল সম্মিলনার সভ্যপদ ত্যাগ

... [illegible] ... দেশের বর্তমান যে অবস্থা ... সম্মিলনের ... সভাপতির ... হইতে বিদায় গ্রহণ করিতেছেন।

মাদ্রাজে গুলি

মাদ্রাজ হইতে ২০শে ... এসোসিয়েটেড প্রেসের সংবাদে প্রকাশ মাদ্রাজে ... ১৪৪ ধারা অমান্য করিয়া ... একটা সভা হয়। পুলিশ অন্য কোন উপায়ে জনতা হটাইতে না পারিয়া গুলি চালাইয়াছে। ফলে কতকগুলি লোক আহত হইয়াছে।

ভারতবর্ষ হ'তে সরে পড়

গত ১৯শে তারিখের কলম্বো হইতে রয়টারের সংবাদে প্রকাশ, প্রায় ২৫০০ জন ... বৃটিশ দূতাবাসের প্রতি ... নিক্ষেপ করিয়া ... এবং ... চত্বরের উপর লিখিয়া রাখিয়াছে "ভারতবর্ষ হইতে সরিয়া পড়"। পুলিশ আসিবার পূর্বেই সকলে ... পলায়ন করিয়াছেন।

চাটগাঁয়ের লুণ্ঠনে কলিকাতা খানাতল্লাস

চাটগাঁয়ের অস্ত্রাগার লুণ্ঠন ব্যাপারে কলিকাতায় খানাতল্লাসী হইতেছে। কয়েকটী বাড়ী খানাতল্লাস হইয়া এবং একজনকে গ্রেপ্তার করা হইয়াছে। অস্ত্র আইনের বিধানানুযায়ী ... মামলা দায়ের করা হইতেছে।

রাজা হরনাথ সিং

বর্দ্ধমানের পরলোকগত মহারাজা ... বাহাদুরের দ্বিতীয় পুত্র ... সিং গত ২০শে মে সিমলাতে ... দিয়াছেন। তিনি বহুদিন ব্যবস্থাপক সভার সদস্য ছিলেন। তিনি যৌবনকালে খৃষ্টধর্ম্ম গ্রহণ করিয়া একটী খৃষ্টানের কন্যার পাণিগ্রহণ করেন। গবর্ণমেণ্ট তাঁহাকে কে, সি, আই, ই, এবং রাজা উপাধি দিয়াছিলেন।

সাইমন রিপোর্ট

প্রথমখণ্ড ১০ই জুন

সাইমন্ কমিশনের রিপোর্টের প্রথম খণ্ড ১০ই জুন একসঙ্গে ইংলণ্ডে ও ভারতবর্ষে প্রকাশিত হইবে। রিপোর্টের দ্বিতীয় খণ্ড ও ছাপাইবার উপযুক্ত হইয়াছে এবং তাহা ২৪ জুন প্রকাশিত হইবে। ইহাতে সাইমন কমিশনের প্রস্তাবিত বাকী সকল লিপিবদ্ধ আছে।

সাইমন ও শ্রীনিবাস শাস্ত্রী

ভারত আয়ারলণ্ডের মতই অধিকার

... সাইমন গত ১৯শে তারিখে ... পার্লামেণ্টে ... শ্রীযুত শ্রীনিবাস শাস্ত্রীকে একটী ভোজ দিয়াছেন। অনেক পার্লামেণ্টের মেম্বর উপস্থিত ছিলেন। শ্রীযুত শাস্ত্রী বলিয়াছেন যে, ... আয়ারলণ্ডের মতই অধিকার চাহে। তাহাকে ... করা কর্তব্য।

মাদ্রাজের বিরাট সভা পুলিশের উপর বোমা

পুলিশ ... আপিস হইতে হাইকোর্টের নিকট সভা হওয়ার পুলিশ ... আবদুল্লাকে গ্রেপ্তার করেন এবং ... একজন ... সার্জেণ্টের নেতৃত্বে ৫০ জন পুলিশ লাঠি লইয়া জনতাকে আক্রমণ করে। তাহাদিগকে তাড়াইয়া লইয়া যাইবার সময় হঠাৎ একটী বোমা ফাটিয়া সার্জেণ্ট সাহেবের ঘোড়ার মাথায় ... করিয়াছে। সেই সময় একজন ... দিক দিয়া ... সময় ... আঘাত প্রাপ্ত হয়। পুলিশ আরও ৭ জনকে গ্রেপ্তার করিয়াছে।

রবীন্দ্রনাথ

লণ্ডন হইতে ২০শে তারিখের রয়টারের সংবাদে প্রকাশ শ্রীযুত রবীন্দ্রনাথ ঠাকুর অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে "মানবের ধর্ম্ম" সম্বন্ধীয় তিনটি লেকচারের প্রথম লেকচার দিয়াছেন। বক্তৃতায় তিনি মানবের ... এবং মিলনের স্বর্গীয় নীতির বিকাশ প্রদর্শন করিয়াছেন। মানবের প্রকৃত উন্নতি কিসে এবং বাস্তবিক মিলনের নীতি কি, সে বিষয়ে রবীন্দ্রনাথকে জীবনের শেষ ক'দিন একটু আলোচনা করিতে দেখিলে আমরা বড়ই আনন্দিত হইতাম।

দৈনিক নদীয়া প্রকাশ পরিবর্ত্তিত পাক্ষিক পত্র

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

প্রকা[শ]

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্তাবহ

শ্রীধাম মায়াপুর—৯ই জ্যৈষ্ঠ শুক্রবার—১৩৩৭

সাময়িক প্রসঙ্গ

মহাজনবাক্য, মঙ্গলাচরণ

প্রয়াগ প্রসঙ্গ

সাময়িক প্রসঙ্গ

আগামী কল্য একাদশীর উপবাস হইবে। সাধারণে যাহাকে 'গুরুবার' বলেন, পারমার্থিকগণ সাধুসঙ্গের বিচার অবলম্বন করিয়া উহাকে "নির্জ্জল" নামে সংজ্ঞা প্রদান করেন। নবদ্বীপস্থিত "মধুসূদন" তিথি-পত্রে মায়াবিদ্ধ মতগণ আদর করেন। সাধারণ পাঠকগণ এই সকল কথায় উদাসীন বলিয়া শ্রীনবদ্বীপ-পঞ্জিকায় উহার উল্লেখ থাকিবে না—এরূপ বিচার করা উচিত নহে।

—

উপরিউক্ত ক হইতে চ চিহ্ন-নির্দ্দিষ্ট ব্যক্তিগণ অন্তিমঃ নাস্তিক। অজ্ঞানের দ্বারা তাহারা এতদূর আচ্ছন্ন যে, সর্ব্বশক্তিমান শ্রীভগবানের কথঞ্চিৎমাত্র পরিচয় পাইলেও কিন্তু চ চিহ্ন-নির্দ্দিষ্ট ব্যক্তিগণ মুখে পরমেশ্বরের অস্তিত্ব স্বীকার করেন, কিন্তু সেই পরমেশ্বরকে নিরাকার রূপে অর্থাৎ জীবরূপে অনুভব করা হেতু

তাঁহারা প্রকৃত নাস্তিক মধ্যে গণ্য হইবার যোগ্য।

যে সকল ব্যক্তি পরব্রহ্মকে শক্তিমান বলিয়া বুঝেন, তাঁহারাই কেবল আস্তিক পদবাচ্য। আস্তিকতার উন্মেষের তারতম্যানুসারে কেহ শ্রীবাসুদেব-স্বরূপে, কেহ শ্রীলক্ষ্মী-নারায়ণরূপে, কেহ শ্রীরাম-সীতারূপে ও কেহ শ্রীরাধাকৃষ্ণরূপে পরতত্ত্বের পরিচয় লাভে সমর্থ হন। পরতত্ত্ব সম্বন্ধে পরিচয়ের তারতম্য থাকিলেও ইঁহারা সকলেই আস্তিক এবং সেই জন্য উপরিউক্ত '২' সংখ্যক দলকে আস্তিক মধ্যে গণ্য করা হইতেছে।

পরব্রহ্মে অসীম শক্তি আছে এবং সেই শক্তি-দ্বারে তিনি জগদতীত স্থানে থাকিয়া সর্ব্বদা আনন্দ সম্ভোগ করেন ও ইহজগতের সৃষ্টি ও পালনক্রিয়া করিয়া থাকেন বলিয়া শ্রীভগবানকে পরব্রহ্মকে ক্লীব না বলিয়া পুরুষোত্তম বলা হয়। শ্রীমান মুসলমান ও এরূপ সম্প্রদায়ভুক্ত মানবগণ এইপ্রকার পরতত্ত্বের উপাসক। শাক্ত বা বৈষ্ণবসম্প্রদায়ে এবম্প্রকার ঈশ্বরের ভগবত্তত্ত্বের সর্ব্বশক্তিমত্তার দ্যোতক এবং শ্রীবাসুদেব-রূপেই প্রকাশিত হয়।

পরতত্ত্বকে ক্লীব বলিয়া না বুঝিয়া পুরুষতত্ত্ব বলিয়া বুঝিলে যদি সেই পুরুষে তাঁহার স্ত্রীরূপে শক্তিকে না দেখা যায় তাহা হইলে শক্তির পরিচয় বিশেষরূপে পাওয়া যায় না। শক্তি থাকিলেই ক্রিয়া হইবে এবং ক্রিয়া দেখিলেই শক্তির অস্তিত্ব বুঝা যায়। সুতরাং শক্তিরূপা লক্ষ্মী বা শ্রীরূপা শক্তিসহ পরতত্ত্বের দর্শন একক পুরুষোত্তমস্বরূপ পরতত্ত্বের দর্শন অপেক্ষা অধিক পরিস্ফুট দর্শন বলিয়া স্বীকার করিতে হয়। বৈষ্ণবশাস্ত্রে এইজন্য শ্রীলক্ষ্মীনারায়ণের উপাসনাকে পুরুষোত্তমরূপ শ্রীবাসুদেবতত্ত্বের উপাসনা অপেক্ষা শ্রেষ্ঠ বলা হইয়াছে। যাঁহারা লক্ষ্মীনারায়ণের উপাসনা-রত, তাঁহারা লক্ষ্মীদেবীকে আদর্শ করিয়া নিজ নিজ সেবোন্মুখতা উত্তরোত্তর বাড়াইতে সমর্থ। শ্রীনারায়ণের উপাসকগণ আদর্শ দেখিবার অভাবে সেবোন্মুখতাকে বাড়াইবার কোন বিশেষ উপায় দেখিতে না পাইয়া উন্নতির পথে অগ্রসর হইতে অক্ষম।

শ্রীনারায়ণ স্বয়ং ঐশ্বর্য্যভাবাপন্ন। ঐশ্বর্য্যের প্রভাবে একমাত্র লক্ষ্মীদেবীই তাঁহার পদসেবা করিতে সাহসী হন। শ্রীনারায়ণের অন্যান্য উপাসকগণ ভয়ে ভীত হইয়া ঐ লক্ষ্মীদেবীর আনুগত্যে দূর হইতে সেবা করিতে বাধ্য হইয়া সকল উপাসনার বিধিত করিয়া ভগবান যখন ... পদে সেবা করেন, তখন সাধক শ্রীনারায়ণ দর্শনের ভয় হতে ভীত হন না। কিন্তু এবম্প্রকার শ্রীরাম-রূপী ভগবান্‌ স্বয়ং যেহেতু একপত্নী-ব্রত-ধৃক, সেজন্য সীতাদেবী কোন সাধককে শ্রীরামচন্দ্রের অন্তঃপ্রকোষ্ঠে সেবার্থে যাইতে দেন না। অতএব দেখা যাইতেছে যে, ভয় না থাকিলেও শ্রীরামচন্দ্রের পদসেবা সাক্ষাদ্ভাবে তাঁহার সেবকগণ লাভ করিতে পারেন না।

ব্রজপুরবাসী শ্রীকৃষ্ণ মাধুর্য্যের পরাকাষ্ঠা দেখাইয়া। শ্রীমতী রাধিকা অনেক সময় তাঁহার সখী বা মঞ্জরীদিগকে শ্রীকৃষ্ণের সেবার্থে অন্তঃপ্রকোষ্ঠে পাঠাইয়া থাকেন এবং শ্রীকৃষ্ণ সাগ্রহে ইঁহাদিগের সেবা গ্রহণ করিয়া থাকেন। এজন্য শ্রীরামসীতার উপাসনা অপেক্ষাও শ্রীরাধাকৃষ্ণের উপাসনা শ্রেষ্ঠতর। কৃষ্ণনামের অর্থ হইতে জানা যায় যে যিনি সকলের চিত্তকে সেবার্থে আকর্ষণ করেন, তিনিই কৃষ্ণ। অতএব শ্রীরাধাকৃষ্ণের উপাসনা জীব মাত্রের স্বীকার করা কর্ত্তব্য। এটী শিখাইবার জন্য শ্রীকৃষ্ণ শ্রীগৌরাঙ্গ-রূপ ধরিয়া ধরাধামে অবতীর্ণ হইয়া বলিয়া গিয়াছেন, যথা—

চেতো দর্পণ-মার্জ্জনং
ভব-মহা-দাবাগ্নি নির্ব্বাপণং
শ্রেয়ঃ কৈরব-চন্দ্রিকা-বিতরণং
বিদ্যা-বধূ জীবনং।
আনন্দাম্বুধি-বর্দ্ধনং প্রতিপদং
পূর্ণামৃতাস্বাদনম্
সর্ব্বাত্মস্নপনং পরং বিজয়তে
শ্রীকৃষ্ণসংকীর্ত্তনম্॥

ব্যবসাদার গুরু

(প্রশ্ন পত্র)

পরম ভাগবত

শ্রীপাদ নিত্যানন্দ ব্রহ্মাধিকারী

মহাশয়ের শ্রীশ্রীচরণকমলেষু।

প্রভো,

• • বৃন্দাবনীয়া গোঁসাই শ্রীযুক্ত যুগলচরণ বাবাজী মহাশয়ের জনৈক শিষ্য তাঁহার আচরণ সম্বন্ধে আমাদের নিকট অনেক কথা বলেন। তিনি প্রত্যেক শিষ্যের নিকট হইতে মন্ত্র দানের জন্য ২৲ টাকা, কৌপীন দানের জন্য ১৫৲ টাকা, ও তাঁহার পাঠ্যীষদের জন্য ৫৲ টাকা গ্রহণ করেন। এই অর্থ না দিলে তিনি কাহাকেও মন্ত্র প্রদান করেন না। মন্ত্র গ্রহণ করিয়া এই অর্থ দিতে না পারিলে তিনি তাহাকে পতিত রাখেন। দয়া করিয়া জানাইবেন ইহা শাস্ত্রসম্মত আচার কিনা।

• • • •

নিবেদন ইতি।

টিহ, আসাম সেবক

২৩শে মে, ৩০ শ্রীঅম্বিকাচরণ দাস

উত্তর

শাস্ত্রসিদ্ধান্তে জ্ঞানপূর্ণ বৈষ্ণবাচার্য্যগণ নদীয়া প্রকাশের মারফতে এ সম্বন্ধে সময়ে সময়ে বহু আলোচনা করিয়া থাকেন, তাহা আপনারা নিশ্চয় লক্ষ্য করিয়া থাকিবেন। সুতরাং এসম্বন্ধে আমার কিছু না বলিলেও চলে। তবুও আপনাদের সেবা করিবার লোভ সম্বরণ করিতে পারিলাম না।

শ্রীমদ্ভাগবতের পঠন পাঠন, শ্রীনাম-মন্ত্রের যজন-যাজন ও শ্রীবিগ্রহের সেবা করা ও করান গুরুমাত্রেরই কার্য্য। কিন্তু অর্থাদির বিনিময়ে এই সমস্ত পারমার্থিক কার্য্যের অনুষ্ঠান গুরুর পক্ষে পরম অশোভনীয়। গুরু কখনও অর্থ লইয়া ভাগবত পাঠ, অর্থ লইয়া মন্ত্রদান, ভেট লইয়া ঠাকুর সেবার কার্য্যগুলি করিবেন না। বর্ত্তমানে বৃন্দাবন ও নবদ্বীপে এই গর্হিতাচারগুলি প্রতিষ্ঠিত হইয়া অত্যন্ত প্রসার লাভ করিয়াছে। এই সমস্ত স্থানের গুরুগণকে এক একটা দোকানদার বলিলেই হয়। অর্থের দায়ে ব্যবসায়—যেনতেনপ্রকারেণ বিষয়ভোগ করিয়া অভিমত হইলেও শাস্ত্রের অভিমত নহে;

আমাদের আসামের বিভিন্ন বৈষ্ণব-সম্প্রদায়গুলিতেও এই ব্যবসায় যথেষ্ট প্রসারলাভ করিয়াছে। বলিতে বড় দুঃখ হয় এই সমস্ত লোভী মন্ত্রব্যবসায়িগণ হিন্দু-সমাজকে প্রতিষ্ঠিত থাকিয়া অনুন্নত দুর্ব্বল জনসাধারণের উপর এইরূপ প্রভাব বিস্তার করিয়া রহিয়াছেন যে, তাঁহাদের কবল হইতে ইহাদিগকে উদ্ধার করাও একপ্রকার অসম্ভব হইয়া দাঁড়াইতেছে।

আজ আমাদের বড় সৌভাগ্যের কথা কলির ব্রজেন্দ্রনন্দন শ্রীকৃষ্ণচৈতন্যের নিজ জনগণ পুনরায় এই ধরাধামে অবতীর্ণ হইয়া যদৃচ্ছ এই ব্যভিচার-স্রোতকে প্রতিরোধ করিবার মানসে নানাস্থানে মঠ ও স্থাপন পূর্ব্বক প্রকৃত বৈষ্ণবাচার পদ্ধতি শিক্ষা প্রদান করিতেছেন; কিন্তু পন্থা পারতন্ত্রের দিক, এই সমস্ত গুরুগণ, পাছে তাঁহাদের অর্থ ও প্রতিষ্ঠা সংগ্রহে বাধা উপস্থিত হয়, এই ভয়ে তাঁহাদের শিষ্যগণকে শুদ্ধবৈষ্ণবগণের নিকট হরিকথা শ্রবণেও অনুমতি দিতে পারিতেছেন না। মূর্খ শিষ্যগণ পাছে গুরুর বাক্য লঙ্ঘন করিয়া নরক গমন করেন, এই ভয়ে তাঁহাদের এই অনুশাসন-বাক্য শিরোধার্য্য করিয়া গুরুর সঙ্গে নরকের পথের পথিক হইতেছেন। কেবল ইহাই নহে, এইসমস্ত ব্যবসাদার গুরুগণ শুদ্ধবৈষ্ণবগণের প্রচারকার্য্যে নানাপ্রকারে বিঘ্ন উৎপাদনের চেষ্টাও যথেষ্ট করিতেছেন। এই সমস্ত ঘটনা আপনারা অবশ্যই দেখিতেছেন ও শুনিতেছেন।

মন্ত্র ও ভাগবত-ব্যবসায় শাস্ত্র-বিগর্হিত আচার বলিয়াই সর্ব্বত্র অত্যন্ত সম পরিদৃষ্ট হয়। আমরা ভাগবতের একটী শ্লোকের মহাজনোপদেশিত ব্যাখ্যা হইতেই এইরূপ চিন্তা-স্রোতের অলৌকিকতা প্রতিপাদন করিতে প্রয়াস করিব। ভাগবত বলেন—

ন শিষ্যাননুবধ্নীত গ্রন্থান্ নৈবাভ্যসেদ্বহূন্।

ন ব্যাখ্যামুপযুঞ্জীত নারম্ভানারভেৎ ক্বচিৎ॥

ভাঃ ৭।১৩।৮

—প্রলোভন দেখাইয়া কাহাকেও শিষ্যত্বে গ্রহণ করিবে না। জীবিকা নির্ব্বাহের উপায়-স্বরূপে শাস্ত্র ও মন্ত্রাদির ব্যাখ্যা করিবে না। বহু গ্রন্থ পাঠ ও আড়ম্বরাদির উদ্যম পরিত্যাগ করিবে।

আমাদের পূর্ব্ববর্ত্তী আচার্য্যগণও এইরূপ প্রথার আদর করেন নাই। তাঁহারা কেহই অর্থের বিনিময়ে মন্ত্রাদিদানের কার্য্য করেন নাই এবং তাঁহারা তাঁহাদিগকে অর্থদ্বারা বশীভূত করিবার অবসর শিষ্যদিগকে কখনও প্রদান করেন নাই। অবশ্য সৎ শিষ্য গুরুকে কায়, বাক্য, মন, অর্থ প্রভৃতি দ্বারা সেবা করিবেন, তাহাতে দোষের কথা কিছুই নাই। কিন্তু লোভপরতন্ত্র হইয়া অর্থের বিনিময়ে মন্ত্রাদি দান করিলে পাতিত্য-দোষ গুরুকে স্পর্শ করে। পতিত গুরুর নিকট হইতে মন্ত্র গ্রহণে শিষ্যেরও পাতিত্য ঘটে। সুতরাং বুদ্ধিমান ভক্তগণ এই সমস্ত অবৈষ্ণব হইতে মন্ত্রাদি গ্রহণ করিবেন না।

অবৈষ্ণব কাছে মন্ত্র করিলে গ্রহণ।
হরিভক্তি বৃদ্ধি নাহি হয় কদাচন॥
অতএব সঙ্গে যত্ন করে আলাপন।
বুদ্ধি ছাড়ি শুদ্ধভাবে করিবে গ্রহণ॥

এই সমস্ত বিষয় আপনারা আমা হইতে অধিক জ্ঞাত আছেন, সুতরাং এই বিষয় আপনাদিগকে কিছু বলিতে যাওয়া নিজের ধৃষ্টতা প্রকাশ ছাড়া আর অন্য কিছুই নহে। ক্ষমা করিবেন। প্রণাম। ইতি।

বন মহারাজ ও মিঃ গান্ধি

(তারের সংবাদ)

পুরী, ৩০।৬।৩০

কলিকাতা শ্রীগৌড়ীয় মঠের অন্যতম প্রচারক 'ভক্তিশাস্ত্রী' শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ শ্রীধাম পুরীর জেলা ম্যাজিষ্ট্রেট মিঃ এন্‌, পি, গাঙ্গুলীর সহিত মহাত্মা গান্ধীর সহিত ভগবদ্ভক্তি সম্বন্ধে তাঁহার সঙ্গে বহুক্ষণ ধরিয়া স্বাধীনভাবে ভক্তিসিদ্ধান্তের আলোচনা করেন। মিঃ গান্ধি বলেন যে জগতে সকলই ঈশ্বরের এবং সকলই সৎ; স্বামীজি তাঁহার ঐ উক্তির উত্তরে বলেন যে মিঃ গান্ধি কি বলিতে চাহেন যে সতী স্ত্রীলোক ও বেশ্যা এক সমপর্য্যায়ভুক্ত? স্বামীজি তাঁহাকে যুক্তির দ্বারা বুঝাইয়া দিয়াছেন যে ঈশ্বরের জ্ঞান অপ্রাকৃত ও মায়িক বস্তু হইতে সম্পূর্ণ অপ্রাকৃত ও অতীত। মিঃ গান্ধি আগামী ৮ই জুন শ্রীপুরুষোত্তম মঠ দর্শনার্থে আসিবেন বলিয়া স্বীকৃত হইয়াছেন।

নিলাম ইস্তাহার

মোঃ কৃষ্ণনগরের

প্রথম মুন্সেফ আদালত

নিলামের দিন ৯ই জুন ১৯৩০

(১)

৩৫৬, খাজানী ৩০ দাবি ৭৬২৶০

ডিঃ নগেন্দ্রনাথ মজুমদার মোঃ কৃষ্ণনগর পোঃ ঐ জেলা নদীয়া

দেঃ ক্ষিতীশচন্দ্র মুখোপাধ্যায় ভিং মোঃ দামুরহুদা পোঃ ও থানা ঐ জেলা ঐ

১। জেলা নদীয়া থানা দৌলতপুরের সামিল ৮৯নং মৌজা শিকারপুর গ্রামে আও মুখার্জি সেরেস্তার ৮৯ ও তায়দাদ খং ৬৪-২৫ দাঃ জমি ৯৶০ পাই মৌরসী মোকররি জমা মূল্য ২০৲

২। ঐ মৌজায় ৬৩৮ ও তায়দাদ খং ৬০ ৪১ দাঃ মৌরসী মকররি জমা ৬৸৶০ দাইকের ৶৩ – অংশ মূল্য আঃ ৩০৲

৩। ঐ মৌজায় ৩২৫ খং ৬-৭১ দাঃ মৌরসী মকররি জমা ৶৩ – নিজাংশে ২৷৶০ মূল্য আঃ ১০৲

৪। ঐ মৌজায় ৭ ও তায়দাদ খং ৫২-৬৩ দাঃ জমি মৌরসী মকররি জমা নিজ ঐ অংশে ৬৸৩ মূল্য আঃ ২০৲

৫। ঐ মৌজায় ২৩৮ ও তায়দাদ খং ৬২-৫৭ দাঃ জমি মৌরসী মকররি জমায় দাইকের ঐ অংশে ৮/০ মূল্য আঃ ৩০৲

৬। ঐ থানায় তালসপুর মৌজায় ৩৮ ও তায়দাদ খং ১৮।০ মৌরসী মকররি জমা দাইকের ঐ অংশে জমি ১৬-১৬ মূল্য আঃ ৩০৲

৭। ঐ মৌজায় ১২৭৬ ও তায়দাদ খং ১১৲ মৌরসী মকররি জমা ঐ অংশে মূল্য আঃ ১০৲

৮। ঐ মৌজায় ২০২।২২২ খং ৬৶৯ × ১১।৶৮ পাই জমায় মৌরসী মকররি জমা ঐ অংশে মূল্য আঃ ২৫৲

৯। ঐ থানায় শিকারপুর গ্রামে ৫০০ ৫৯৫ খংভুক্ত ও শীতলাই চণ্ডীপুরের ২৩ ও তায়দাদ খংভুক্ত ৫২৷৶৬ পাই জমা দাঃ ঐ অংশে মূল্য আঃ ৩০৲

১০। ঐ গ্রামে ৫৯৫ ও তায়দাদ খং ১৫৸৶০ টাকার মৌরসী মকররি জমায় দাঃ ঐ অংশে মূল্য আঃ ৫০৲

১১। ঐ মৌজায় ৫৫৫ খং ১৬৸৶৮ মৌরসী মকররি জমা দাঃ ঐ অংশে জমি ৩০-৭৫ দাঃ মূল্য আঃ ৩০৲

১২। ঐ মৌজায় ২৯০ খং ১৬৶১ মৌরসী মকররি জমা ঐ অংশে জমি ১২-১০ মূল্য আঃ ২০৲

১৩। ঐ মৌজায় ৮১৬ খং ২১৷৶ মৌরসী মকররি জমা ঐ অংশে জমি ৫৬-৭০ মূল্য আঃ ৩০৲

১৪। ঐ মৌজায় ৫৫০ ও তায়দাদ খংভুক্ত ৫৶৬ মৌরসী মকররি জমা ঐ অংশে জমি ৫ ২৮ দাঃ মূল্য আঃ ১০৲

১৫। থানা দৌলতপুর হাসনপুর মৌজায় ২৮৬ খংভুক্ত ১৮৸৶৮ মৌরসী মোকররি জমা ৶৩ – অংশ মূল্য ৫০৲

১৬। থানা গাংনীর সামিল গাড়াডোব মৌজায় ১৫৮ খংভুক্ত হরসুন্দরী কোর্ফা জোত জমি ১৪-১৭ দাইকের ৷৶০ অংশ মূল্য ৪৫৲

১৭। ঐ মৌজায় ১৮৭ খংভুক্ত এনায়েত মৌজায় ৪৩৫ খংভুক্ত চাঁদপুর মৌজায় ১০৷৶৪ মৌরসী মকররি জমা দাইকের ৷৶ অংশ মূল্য আঃ ৩০৲

১৮। ঐ মৌজায় ১৯৭ খংভুক্ত মৌরসী মকররি জোত এনায়েত গ্রামে ৪৪১ খং মোট জমা ৯৷৶ জমি ৪-১০ দাইকগণের ৷৶০ অংশ মূল্য আঃ ১০৲

১৯। ঐ মৌজায় ২৯৫ খংভুক্ত ৩০৸৶ মধ্যস্বত্ব চিরস্থায়ী মোকররি জমা ৯১ ৪১ দাঃ জমি দাইকের ৷৶ অংশ মূল্য আঃ ১০০৲

২০। নদীয়া কালেক্টরীর তৌজীর ২১৬নং মহাল গোপালপুরের ১নং দাইকের ৫৷০ অংশ সদর খাজনা ৬৭৸৶৫ মূল্য ২০৲

২১। থানা দৌলতপুর শঙ্করপুর মৌজায় ১৭৬ খংভুক্ত মৌরসী মোকররী জমা ৩০৷৬ জমী ১১-৫৫দাঃ দাইকের ৷৶ অংশ মূল্য ২০৲

(২)

৬৪১ খাজানী ৩০ দাবী ৩১৬৸৶৬

ডিঃ সৈয়দ বিবি ভিং সাং কৃষ্ণনগর চৌধুরী পাড়া [illegible]

দেঃ [illegible] কাজী সাং উম্মরপুর থানা কোতোয়ালী

জেলা নদীয়া থানা কোতোয়ালীর সামীল উমরপুর গ্রামে ডিক্রীদার সেরেস্তার ৮৮৷৶ বিঘা জমী ৬৭৶ টাকার যে জমা তাহার জমী বাকী পড়া দরুণ ওজুদ মূল্য আঃ ২০০৲

(৩)

১৩২৮ খাজানী ২৯ দাবী ৪৷৶৩

ডিঃ শ্রীগুণপ্রসাদ পালচৌধুরী সাং চকলাভিপাড়া থানা মাঝদিয়া জিঃ নদীয়া

দেঃ নফিজানেছা বিবি ভিং সাং [illegible] থানা কালীগঞ্জ জিঃ ঐ

জেলা নদীয়া থানা কালীগঞ্জের সামীল [illegible] গ্রামে ডিক্রীদার সেরেস্তার ১৫১ খংভুক্ত ৩০দাঃ জমী ৶১৷ মধ্যে ৷৶৩ জমা অপর সরিকানের ৷৶১৮৷ বাদবাকি উচিত্মত জমা যায় আতর আলায় মূল্য আঃ ৫৲

(৪)

১৭৮ খাজানী ৩০ দাবী ১০৷৶

ডিঃ সত্যেন্দ্রনাথ পালচৌধুরী সাং চকলাভিপাড়া থানা মাঝদিয়া

দেঃ কাবিলী দাদী সাং শিবপুর থানা ঐ

জেলা নদীয়া থানা কালীগঞ্জের সামীল [illegible] গ্রামে ডিক্রীদার সেরেস্তার ৬৫৮ খংভুক্ত ৩৫দাঃ জমী ১৶১৫ জমা যায় আতর আলায় মূল্য আঃ ৫৲

পুরীতে প্রচার

স্বামী বনের ওজস্বিনী বাণী

পুরী ১।৬।৩০

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ গত ২৭শে মে শ্রীপাদ জগদানন্দ ব্রজবাসী কীর্ত্তন সম্রাট্ প্রভু, বিদ্যার্ণব শ্রীপাদ [illegible] দাস ব্রজবাসী ভক্তিশাস্ত্রী (বি,এ) প্রভু, শ্রীপাদ [illegible] ব্রহ্মচারী প্রভু সহ শ্রীপুরুষোত্তম মঠে শুভাগমন করিয়া সন্ধ্যার পর শ্রীচৈতন্যচরিতামৃত পাঠ ও ব্যাখ্যা করিতেছেন। প্রাতে বিদ্যার্ণব প্রভু শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। দুই বেলাই শ্রীপাদ কীর্ত্তন-সম্রাট্ প্রভু তাঁহার স্বভাবসুলভ সুললিত স্বরে পাঠের পূর্ব্বে এবং পরে ঠাকুর নরোত্তম ও ঠাকুর ভক্তিবিনোদ প্রমুখ মহাজন-পদাবলী কীর্ত্তন করিয়া থাকেন। বহু উচ্চ-শিক্ষিত ভদ্রলোক ও ভদ্রমহিলা পাঠ কীর্ত্তনে নিয়মিতভাবে যোগদান করিয়া থাকেন।

গত ২৮শে মে বুধবার [illegible] এবং শ্রীরামপুর কলেজের অধ্যাপক মিঃ [illegible] বি, এ (অক্সফোর্ড) মহোদয়দ্বয় শ্রীপুরুষোত্তম মঠে আগমন করিয়া স্বামী শ্রী শ্রী ভক্তিহৃদয় বন মহারাজের শ্রীমুখ-নিঃসৃত অমৃত বৈষ্ণব দর্শনের বিচার-সমূহ শ্রবণ করিয়া অত্যন্ত প্রীত হইয়াছেন। স্বামীজী তাঁহাদিগকে সাধনহীন বৈষ্ণব-দর্শন এবং খৃষ্টধর্ম্মের বিচারের মধ্যে যে যে স্থলে পার্থক্য রহিয়াছে এবং যে যে কারণে বৈষ্ণব মত সর্ব্বশ্রেষ্ঠ এবং প্রত্যেক জীবের একমাত্র ধর্ম্ম বলিয়া সার্ব্বজনীন আখ্যা প্রাপ্ত হইয়াছে তাহা অতি প্রাঞ্জল ভাষায় অতি সুচারুরূপে বুঝাইয়া দিয়াছেন। উভয় উক্ত মহোদয়দ্বয় আমাদের সকলের স্বামীজীকে এবং [illegible] সকলকেই যুক্তকরে অভিবাদন করিয়াছেন এবং যাইবার সময়ও পুনরায় ঐ প্রকার ভাবে অভিবাদনান্তর পুনরায় স্থানের নিমিত্ত আসিবার ইচ্ছা বিজ্ঞাপন করিয়া বিদায় লইয়াছেন।

গত কল্য ৩১শে মে [illegible] ঘটিকার সময় ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজ বক্তৃতান্তে [illegible] উকীল শ্রীযুক্ত বাবু কামিনী [illegible] সেন মহোদয়ের আগ্রহে পুরীর [illegible] শ্রীচৈতন্যচরিতামৃত অন্ত্যলীলা ৬ষ্ঠ পরিচ্ছেদের—

"কৃপাগুণৈর্যঃ কুগৃহান্ধকূপাদুদ্ধৃত্য
ভঙ্গ্যা রঘুনাথদাসম্।
ন্যস্য স্বরূপে বিদধেঽন্তরঙ্গং
শ্রীকৃষ্ণচৈতন্যমমুং প্রপদ্যে॥"

—এই প্রথম শ্লোকটীর ব্যাখ্যা করেন। স্বামিজীর অপূর্ব্ব ব্যাখ্যাশ্রবণে উপস্থিত [illegible] সকলেই তাঁহার ভূয়সী প্রশংসা করিয়াছেন। পাঠের পূর্ব্বে এবং পরে কীর্ত্তন-সম্রাট্ প্রভুর সুমধুর পদাবলী কীর্ত্তন হইয়াছে।

স্থানীয় সংবাদ

বামনপুকুরের [illegible]

নবদ্বীপ থানার অধীন বামনপুকুরের নিকট [illegible] উন্নত করিবার জন্য [illegible] করিয়া দিয়াছেন। [illegible] ও [illegible] তৈয়ারী হইলেই [illegible] প্রাপ্তির পর পুনরায় এই বিষয় আলোচনা হইবে।

জেলাবোর্ডের সাহায্য

[illegible] থানার [illegible] বাবু [illegible] কুমার চক্রবর্ত্তী আমেরিকার উষ্টার পলিটেকনিক ইন্‌ষ্টিটিউটে পূর্ত্ত কার্য্য বিষয়ক উচ্চশিক্ষা লাভ করিবার কারণ [illegible] সাহায্যের জন্য মাসিক ১০০৲ টাকা করিয়া সাহায্য জেলাবোর্ডের নিকট চাহিয়াছিলেন। তিনি [illegible] জন্য সম্মত ও জেলাবোর্ড [illegible] লইবেন এবং [illegible] জেলাবোর্ডের [illegible] টাকা পরিশোধ করিবেন এই সর্ত্তে জেলাবোর্ড তাঁহাকে মাসিক ৫০৲ হিসাবে দিতে স্বীকৃত হইয়াছেন।

মধ্যইংরাজী বিদ্যালয়ের সাহায্য

জেলাবোর্ড ১৯৩০-৩১ সাল জন্য নিম্নলিখিত বিদ্যালয়ে পূর্ব্বের নির্দ্দিষ্ট টাকা সাহায্য পুনরায় মঞ্জুর করিলেন, যথা চাঁচড়া [illegible] মাসিক ৩৫৲, [illegible] মাসিক ২০৲, [illegible] মাসিক ২০৲, [illegible] মাসিক ১৮৲, [illegible] মাসিক ১৮৲, কৃষ্ণনগর মাসিক ২০৲, [illegible] মাসিক ১৮৲, [illegible] মাসিক ২২৲, [illegible] মাসিক ২০৲, [illegible] মাসিক ২০৲, [illegible] মাসিক ৩০৲, [illegible] মাসিক ২০৲

কূপখনন

[illegible] কূপ নির্ম্মাণ জন্য [illegible] জেলাবোর্ড কর্ত্তৃক মঞ্জুর হইয়াছে। শীঘ্র কার্য্য আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়।

যক্ষ্মায় হতাশ হইবেন না

[illegible] সম্পূর্ণ আরোগ্য [illegible] রোগী [illegible] জানিবার জন্য এক [illegible] উকীল [illegible]

[illegible] নদীয়া। অথবা [illegible] নদীয়া।

[illegible] আমার [illegible] কঠিন [illegible] ঢাকার [illegible] মহাশয়গণ [illegible] মহাশয়ের [illegible] আরোগ্য লাভ করিয়াছি।

[illegible] চৌধুরী

মরা মানুষ বাঁচাইবার উপায়



[illegible] প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন [illegible] ব্যবহার করিয়া [illegible] এবং নানা প্রকার মেহ, প্রমেহ [illegible] উপদংশ [illegible] রক্তদুষ্টি [illegible] হইয়াছেন, তাঁহার আমে [illegible] ঢাকার [illegible] সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার [illegible] প্রমাণ [illegible] হইয়াছে। যাঁহারা [illegible] ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটি ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী [illegible] টাকা মাত্র।

[illegible]—ডাঃ ভি, ভি, হাজরা।

[illegible], কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া [illegible]

এখনও অপূর্ব্ব সুযোগ ! পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রায় [illegible] শ্রীযুক্ত [illegible] রায় এম্. এ প্রাজ (লাহোর ;

[illegible] কর্ত্তৃক সঙ্কলিত।

শত খানি অপূর্ব্ব চিত্র সমন্বিত।

[illegible] পরিচয় [illegible]

উৎকৃষ্ট (ইঃ) [illegible] ২৲ দুই টাকা মাত্র

[illegible] প্রকাশ [illegible] হইয়াছে।

[illegible]

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তি [illegible] সরস্বতী গোস্বামী প্রভু-পাদ-সম্পাদিত ভূমিকা ; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি [illegible] ও খণ্ডের কথাসার; শব্দসূচী, [illegible]সূচী, পাঠসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পত্রসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোর্ড অক্ষরে ডবল ক্রাউন আটপেজী আকারে [illegible] পত্রের কাগজে ছাপা

ভিক্ষা—[illegible] টাকা

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ. এফ.সি.এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্ব্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে [illegible] প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে [illegible] ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা [illegible] টাকা

উৎকৃষ্ট [illegible], পারদ ও আমলাসার গন্ধক [illegible] প্রস্তুত।

নিত্য প্রয়োজনীয় [illegible] মহৌষধ

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, [illegible] প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাশি, সর্দ্দি, যক্ষ্মা, [illegible] প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্ব্বলতা নাশক [illegible] পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, শুক্রতারল্য, স্বপ্নদোষ, প্রমেহ ও [illegible] সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত [illegible] রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

বিশুদ্ধ জল ! ভয় নাই ! বিশুদ্ধ জল !!

লক্ষ্মী টিউব-ওয়েল কোং

২০৫নং নবাবপুর, ঢাকা

বর্ত্তমান-যুগের নব-আবিষ্কৃত [illegible] বৈজ্ঞানিক-খনন-প্রণালীতে নলকূপ (*Tube-well*) নির্ম্মাণ করা হয়। বঙ্গের [illegible], গোর্ভমেণ্ট সেক্রেটারী, ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট, ডিষ্ট্রিক্ট-বোর্ডের চেয়ারম্যান, [illegible], জমিদার, তালুকদার, প্রভৃতি সম্রান্ত ভদ্রমহোদয়গণ এই কোম্পানীর কার্য্য দেখিয়া প্রশংসা করিয়াছেন। রাসায়নিক পরীক্ষায় জল বিশুদ্ধ না হইলে মূল্য গৃহীত হয় না। [illegible] বিবরণের জন্য পত্র লিখুন

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ লক্ষ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্ব্বত্র [illegible]। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটীর উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটিকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটিকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। "মণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাক্‌চিক করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্ব্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১ টাকা।

—অন্যান্য আবিষ্কৃত—

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান :—আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

গৌরীপুর নদীয়া প্রকাশ [illegible] হইতে—ডাঃ শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী এম্, এস্, এফ কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হই

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়প্রিন্টিং ওয়াকস হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে, সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৪৭ খণ্ড গ্রন্থ নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৩॥৶০ সাধারণ পক্ষে ১১।৶০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৵০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।/০।

দশম স্কন্ধের ভিক্ষা ১২৲, অগ্রিম সাহায্যকারীর পক্ষে ৮৲।

৭১ অধ্যায়ের কিয়দংশ পর্যন্ত দ্বাদশ খণ্ড ছাপা হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

শ্রীচৈতন্যচরিতামৃত

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্বে ১০৲ টাকা ভিক্ষার তৃতীয় সংস্করণ ৪৲ টাকায় না পাইয়া অপূর্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০৲ [illegible] এই বিরাট গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্যলীলার ব্যাস আদিকবি

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫৲

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪॥০ টাক

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব গ্রন্থ

ভিক্ষা ।৶০ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব বাঙ্গালায় সুলভে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে জানেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার স্বর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে। বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	৸৲
সাধন পথ (শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	॥০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৵০
একত্রে ৩খণ্ড লইলে	।০
গীতাবলী প্রতিখণ্ড	৴১০
একত্রে ৩ খণ্ড লইলে	৶১৫
শরণাগতি—প্রতিখণ্ড	৴০
একত্রে ৩খণ্ড লইলে	৶৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্য:—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীধামমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগৌরগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড্, কলিকাতা।
শ্রীপুরুষোত্তম মঠ,—চটকপর্বত, পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,— উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চকদীঘা, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৪নং অগস্তকুণ্ড, কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ. পি।
১০। শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ পি।
১১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব।
১২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—৯০নং নবাবপুর রোড্, ঢাকা।
১৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।
১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাযোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।
১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—ডুমুরকোণা, [illegible] পোঃ, মানভূম।
১৬। শ্রীব্রজগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্যালয় ১০।১ হনুমান রোড্, নিউদিল্লি

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দন ঘোষ—বসু লক্ষ্মী রোড, খুলনা;
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—দেওয়ানগঞ্জ, জনাদিবাড়ী কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামরঞ্জন রায়—৭৬।২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা।
৪। মিঃ এন্ ডি, মুখার্জ্জি—এম, এস, ওয়ার্কস দি মল, কানপুর।
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী [illegible]—কৃষ্ণনগর, নদীয়া
। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।
৭ শ্রীবিরাজমোহন দে—মনোমোহন প্রেস, নবাবপুর, ঢাকা।
৮। শ্রীশৈলেন্দ্রনাথ গড়গড়ি [illegible]
৯। শ্রীপঞ্চানন চট্টোপাধ্যায় এ, এম. ই, [illegible]
১০। [illegible]
১১। শ্রীপ্রাণ [illegible] অধিকারী ঐ

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

পারফালেন

টনিক ও সালসা। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার ধ্বংস হয়। 'কলেজ পরিচালিত'

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ২।৪ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ খাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ বিষের জল খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে হয়রান হবেন কেন? সুতরাং ॥০ আনার পারফালিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট, এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ৷৵০ আনা, ডজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসারস্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কলিকাতা

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

যুগল-মূর্ত্তি মার্কা সর্ব্বত্র পাওয়া যায়।

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা এঃ বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

গবর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা-

মহর্ষি চরক প্রোক্ত ভৈষজ্য উপাদানে খাটী কাচা তিল তৈলে মৃগনাভি, কস্তুরী, গোলাপ, চামেলী, হেনা, চন্দন, খসখস, বেলা, প্রভৃতি মূল্যবান মহার্ঘ দ্রব্য সংমিশ্রণে প্রস্তুত বিধায় ছয় ঋতুতেই সমভাবে ইহার অতুলোপম গুণ ও গন্ধ উপলব্ধি হইয়া থাকে। ফলতঃ এই সর্ব্বগুণসম্পন্ন পরম পবিত্র ত্রিগুণ তৈল নিত্য ব্যবহারে সাধারণতঃ দৈহিক ও মানসিক অবসাদ নিশ্চয় দূর হইয়া থাকে।

পরন্তু সকলপ্রকার স্ত্রী বা পুরুষের জননেন্দ্রিয় বায়ুর দূষিত জন্য, জটিল ব্যাধি, মেহ, প্রমেহ, প্রদর, কটিবেদনা, বাধক, বায়ুবিকার, মূর্চ্ছা, মাথাধরা, মাথাঘোরা, আধকপালী, নিদ্রাহীনতা এবং সকলপ্রকার বাতরোগ ও নানা প্রকার ব্যাধির কীটাণু ধ্বংসকারী অব্যর্থ মহৌষধ।

বলা বাহুল্য, ইহা এরূপ মস্তিষ্ক স্নিগ্ধকারী ঠাণ্ডা তৈল যে, পাগল ভাল হয়। যে কোন স্থানে তৈল ক্রয়কালীন শিশির গায়ের লেবেলের উপর বড় ২ অক্ষরে আসল যুগল মূর্ত্তি মার্কা এজেণ্ট বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন, অন্যথায় প্রতারক দোকানদার জাল বা নকল তৈল বিক্রয় করিয়া আপনাকে ঠকাইবে। স্মরণ রাখিবেন বাজে জিনিষ বিক্রয় করিয়া ঠকাইতে পারিলেই খুব লাভ হয়।

এজেণ্ট—বটকৃষ্ণ পাল এণ্ড কোং ২৩নং বনফিলড লেন, কলিকাতা।

টেলিগ্রামের নাম ও ঠিকানা – "শ্রীধাম" নবদ্বীপ

Registered No. C 1544

বিজ্ঞাপনের হার
প্রান্তবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩॥০
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

সাধারণের জন্য অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষান্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ০৫

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [৮২ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—২৯শে জ্যৈষ্ঠ ১৩৩৭ শুক্রবার ১৩ই জুন ১৯৩০

স্থানীয় সংবাদ

আবহাওয়া

গত কল্য কৃষ্ণনগর ইত্যাদি স্থানে বৈকাল বেলায় খুব মেঘ করিয়াছিল। মেঘ ভাব দেখিয়া অনেকে প্রচুর বৃষ্টি হইবার আশা করিয়াছিলেন, কিন্তু সামান্য মাত্র বৃষ্টি হইয়াই ক্ষান্ত হইয়া গেল। বৃষ্টি অভাবে এই সমস্ত স্থানে শস্যের বিশেষ ক্ষতি হইবে।

পুষ্করিণী খনন ও পুষ্করিণীর পঙ্কোদ্ধার করিতে টাকা কর্জ্জ দিবার জন্য সরকার বাহাদুরকে লিখিবার জন্য জেলা বোর্ড জেলা ম্যাজিষ্ট্রেটকে অনুরোধ করিবেন।

কৃষ্ণনগর টেকনিক্যাল স্কুলের ব্যবস্থাপক সভার পুনর্গঠন হইয়া নিম্নলিখিত সভ্যগণ সভ্য নিযুক্ত হইলেন। ১। মিঃ এস পি এন চৌধুরী ২। মিঃ এ পাল চৌধুরী ৩। মিঃ আর পাল চৌধুরী ৪। ডিষ্ট্রিক্টবোর্ড চেয়ারম্যান ৫। জেলাবোর্ডের ভাইস চেয়ারম্যান—সেক্রেটারী ৬। বাবু যোগেন্দ্র নাথ সরকার ৭। রায় সতীশ চন্দ্র চাটার্জ্জী ৮। কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যান বা তাহার কোনও প্রতিনিধি ৯। জেলা ম্যাজিষ্ট্রেট বাহাদুর।

সারওয়ার্দ্দির অভিমত

ডঃ এ, সারওয়ার্দ্দি বলেন যে যদি কংগ্রেসপক্ষ গোলটেবিল বৈঠক বর্জ্জন করেন, তাহা হইলে গোলটেবিল বৈঠক না বসাইয়া কংগ্রেসপক্ষকে বর্জ্জন করিয়া একটী নূতন পার্লিয়ামেণ্টারি কমিটী বসান হউক। হায়দ্রাবাদের নিজামও হিন্দুদিগকে সহযোগ করিতে বলেন।

কৃষ্ণনগর-সংবাদ ; নবদ্বীপ বঙ্গবিবুধ জননী সভার উপাধি পরীক্ষার ফল

ট্রামবাস ধাক্কা

মেহেরপুরে ১৪৪ ধারার হুকুম প্রত্যাহার

সম্রাটের জন্মোৎসব উপলক্ষে উপাধি বিতরণ

রেল সমিতি

কলিকাতার মহরমে পুলিশ কমিশনারের আদেশ

ঢাকা এবং রেঙ্গুণ দাঙ্গার জের

বোম্বায়ে সার্জ্জেণ্ট কর্ম্মচ্যুত

কংগ্রেস সম্বন্ধে সারওয়ার্দ্দির অভিমত

লাহোর বোমা

নায়াগ্রা জল-প্রপাত উত্তীর্ণ

অনুতাপে আত্মহত্যা

কংগ্রেস সেক্রেটারীর দণ্ড ; লবণ শুল্ক

ইউনিয়নবোর্ডের সভাপতি

জেলা ম্যাজিষ্ট্রেট সাহেব বাহাদুরের সুপারিস অনুসারে বানপুর মাটিয়ারী ইউনিয়নবোর্ডে বাবু দুর্গাকান্ত চৌধুরী সভাপতি নিযুক্ত হইলেন।

সার্জ্জেণ্ট কর্ম্মচ্যুত

বোম্বাই অঞ্চলের একজন সার্জ্জেণ্ট দাঙ্গা হাঙ্গামায় লিপ্ত থাকায় এবং উৎকোচগ্রহণ করার অপরাধে কর্ম্মচ্যুত হইয়াছে।

লাহোরে বোমা

লাহোরের [illegible] কয়েকজন [illegible] করিয়াছেন। [illegible] তাঁহাদের বাসায় একটী [illegible] [illegible] বোমা পাওয়া গিয়াছে। [illegible] [illegible] কিছু [illegible] যায়।

১৪৪ ধারার হুকুম প্রত্যাহার

[illegible] পত্রিকা বলিতেছেন যে মেহেরপুরে ১৪৪ ধারা মতে যে হুকুম [illegible] [illegible] [illegible] মেহেরপুর [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible]

[illegible]

নানা খবর

[illegible]

[illegible] একজন মুসলমান [illegible] হইয়াছে। একজন [illegible] হইয়াছে। পুলিশ [illegible] জন লোককে [illegible] গ্রেপ্তার করিয়াছে। [illegible] হিন্দু ব্যবসায়ীরা মুসলমান [illegible] করিতে অস্বীকার করে। [illegible] আরম্ভ হয় এবং হিন্দু [illegible] করে।

রেল-সমিতি

[illegible] অক্টোবর তারিখে সিমলায় [illegible] এসোসিয়েশনের বার্ষিক [illegible] হইবে। রেলওয়ে কর্তৃপক্ষের [illegible] সম্পর্ক, অটোমেটিক, ট্রেনের উপর [illegible] আলোচনা করিবে। ইঞ্জিনিয়ারিং, [illegible] এবং সিগন্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ হইতে যে [illegible] পাওয়া গিয়াছে সে সমস্ত সম্বন্ধে বিবেচনা হইবে।

লবণ গোলা আক্রমণ

[illegible] হাজার লোক [illegible] লবণ গোলা [illegible]। [illegible] পুলিশ এবং হাঙ্গামাকারী [illegible]।

ঢাকার দাঙ্গা

ঢাকার অবস্থা অত্যন্ত শঙ্কাজনক। সেখানে মুসলমানেরা আইন ভঙ্গ করিবার জন্য দৃঢ় প্রতিজ্ঞ হইয়াছে। তাহারা [illegible] পুড়াইয়া দিতেছে এবং লুণ্ঠন করিতেছে। ঢাকা শহরে [illegible] একজনকে বেআইনী ভাবে আক্রমণ [illegible] কোন প্রকার যোগাযোগ নাই, তবে সাধারণ অবস্থা [illegible] কোন লক্ষণ দেখা যায় নাই। [illegible] এবং দোকানপাট বন্ধ। পুলিশ সুপারিন্টেন্ডেন্ট [illegible] সংবাদদাতাকে বলেন [illegible] মুসলমান বেআইনী ভাবে দলবদ্ধ হইয়া [illegible] সমস্ত দোকান লুট করিয়াছে। [illegible] সমস্ত দিন ধরিয়া লুট পাট চলে এবং [illegible] লুণ্ঠিত হয়। [illegible] হিন্দুদিগের [illegible] এবং সমস্ত টাকা কড়ি লুট করিয়া লয়। স্ত্রীলোক এবং বালকবালিকারা ভীত হইয়া [illegible] এবং মুসলমানেরা [illegible] তাহাদের [illegible] পুলিশ সুপারিন্টেন্ডেন্ট [illegible] জন কনষ্টেবল [illegible] গ্রেপ্তার করেন। তাহাদিগের মধ্যে একজন চৌকিদার ছিল। [illegible] প্রায় [illegible] লক্ষ [illegible] লুণ্ঠিত হইয়াছে।

[illegible] একজন [illegible] টাকার সরকারি [illegible] লুট করে। [illegible] ঐ [illegible] করিতে যান। উক্ত [illegible] এবং তাঁহার [illegible] টাকা আছে [illegible] যে

বাবোগা বাবুর নিকট টাকা পয়সা নাই, তখন তাহারা তাঁহাকে ছাড়িয়া দিল।

এই সমস্ত ব্যাপারের পর হইতে কড়া পুলিশ পাহারা চলিতেছে [illegible] লুট করিতে আসে; কিন্তু [illegible] পুলিশ দেখিয়া পলায়ন করে।

কলিকাতায় মহরম

মহরমের সময় কলিকাতার কোন অংশে হাসপাতাল, চার্চ, মন্দির কিম্বা অন্য কোন সাধারণের পূজার স্থানে পূজার সময় বাদ্য ধ্বনি বন্ধ করিতে হইবে। মিছিলের কোন লোক তরবারি, [illegible] অথবা অন্য কোন অস্ত্র সঙ্গে [illegible] পারিবে না কিম্বা কোন প্রকার বাদ্যি [illegible] পারিবে না, কোন [illegible] ১০ ফুটের অধিক উচ্চ হইবে না—[illegible] কলিকাতার পুলিশ কমিশনারের আদেশ।

উপাধি

নদীয়া জেলার নবদ্বীপ সহরের পণ্ডিত শ্রীযুক্ত চণ্ডীদাস [illegible] উপলক্ষে [illegible] উপাধিতে ভূষিত হইলেন। [illegible] সাহেব বি, সি, এস, আই হইলেন।

শ্রীহট্ট

একটী এংলো ইণ্ডিয়ান সংবাদ পত্র দুঃখ করিতেছেন যে [illegible] বিরাজ করিলেও শ্রীহট্ট বাংলাদেশের নিকটবর্ত্তী বলিয়া ছাত্রদের মধ্যে অশান্ত প্রকৃতির বালকগণ "মহাত্মা গান্ধি কি জয়" বলিয়া একত্র জড় হয় ও গোলমাল করে। এই সমস্ত গোলমালে ছেলেদের পড়াশুনার অত্যন্ত ক্ষতি হইতেছে। তবে [illegible] লোককে ঠাট্টা তামাসা করিয়াই কাজ হয়, অন্য কোন প্রকার ক্ষতি করে না

ট্রাম-বাস-দুর্ঘটনা

কলিকাতা হাইকোর্টের জজ মিঃ সি, সি, ঘোষ এবং মিঃ [illegible] আদালতে [illegible] নামক একজন ট্রাম কণ্ডাকটারের আপীল চলিতেছে। নালিশের বর্ণিত ঘটনা এই যে গত ২৪শে ফেব্রুয়ারি তারিখে একখানা [illegible] বাস [illegible] দিয়া উত্তর দিকে যাইতে ছিল। [illegible] বাসটী [illegible] গেটের নিকট থামে। [illegible] ট্রাম লাইনের উপরেই দাঁড়াইয়া [illegible] ট্রাম, বাসের পশ্চাতে আসিতেছিল। সঙ্কেত এবং চীৎকার অগ্রাহ্য করিয়া [illegible] বাসের উপর ট্রাম ধাক্কা মারে, ফলে বাসের অনেকটা অংশ বিচ্ছিন্ন হইয়া পড়ে এবং অনেক আরোহী আহত হয়; একজন আরোহী গুরুতর আঘাত প্রাপ্ত হয়। আসামী পক্ষ বলিতেছেন যে বাস [illegible] ট্রামকে পিছনে ফেলিয়া যাইতে চেষ্টা করে, এমন সময় অপর দিক হইতে অপর একটী ট্রাম আসিয়া পড়ায় এই দুর্ঘটনা ঘটে। আসামী জামিনে খালাস আছে।

রেঙ্গুন দাঙ্গার জের

[illegible] ফলে যে তাদের মেথরেরা কাজে যোগ দিতেছে না। তাহারা বলে যে তাহাদিগের সহিত [illegible] উপস্থিত থাকিলে তবে তাহারা কাজ করিতে পারিবে। [illegible] ৩০০ চর ও ১০০০ আহত হয়।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

[illegible] শিশিতে ঘনীকৃত অবস্থায় [illegible] ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন হয় নাই। মূল্য প্রতি শিশি ১০ আনা, প্যাকেট ৮/০ আনা, বোতল ১৮/০ আনা।

অফিস—১১নং [illegible] রোড, পোঃ [illegible], কলিকাতা।

[illegible]

মদন মঞ্জরী

[illegible] অগ্নিমান্দ্য, অজীর্ণ, [illegible] বিশেষ আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

"অপুংসকারি স্বত"

পুরুষত্বহানি রোগে [illegible] ব্যবহার করিয়া [illegible] করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

"প্রমদা-বিলাসিনী বটিকা"

[illegible] বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১৬ বটী ১৲ এক টাকা।

রাজবৈদ্য নারায়ণজী, কেশবজী

১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের ঢোকা শিশি বাদাম তৈল

আদি ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্ব্বজন পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী J. B. Datta & Co. নাম খোদা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জোয়াচোরগণ কয়েকের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত

ফেরার্স কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আইরণ, বাইহাইড্রোক্লোর কুইনিন, আর্সেনিক এবং ইউরিথেন আছে।

এই ফেরার্স-কুইনিন্ দ্বারা ইনজেকসন করিলে একটী বা দুইটী ইনজেকসনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং ছয় হইতে বারটী ইনজেকসনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া দেয় [illegible] প্রতি বাক্স—মূল্য ২৲, ৩৲, ৫৲ টাকা

বাই-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরীতে প্রস্তুত। ২৪১ [illegible] লেন, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

২০৪

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর—২৩শে জ্যৈষ্ঠ শুক্রবার—১৩৩৭

যাত্রিগণ, গৌরজন্মস্থলী শ্রীধাম-মায়াপুর দর্শন করিয়া জীবন সার্থক করুন

ধামবাসী শুদ্ধভক্তবৃন্দের নিকট গঙ্গামাহাত্ম্য শ্রবণ করিয়া গঙ্গাস্নানের যথার্থ ফল লাভ করুন

গঙ্গাদেবী যাঁহার প্রেমপ্রার্থিনী, তাঁহার প্রেম-প্রার্থনা-মুখে গঙ্গাপূজাই যথার্থ গঙ্গাপূজা

কৃষ্ণ কার্য্যের প্রীতিবিধানেই কৃষ্ণপাদ-সম্ভূতা গঙ্গাদেবীর প্রীতি

শুদ্ধবৈষ্ণবের কৃপাপেক্ষা ব্যতীত কোটি কল্প গঙ্গাস্নানেও গঙ্গার সাক্ষাৎ কৃপা-স্বরূপা কৃষ্ণভক্তি লাভ সম্ভব হইবে না

পাপমুক্তি ও ক্ষয়িষ্ণু পুণ্যকামনা গঙ্গাস্নানের সাক্ষাৎ ফল নহে

কৃষ্ণ হইতে স্বতন্ত্র বুদ্ধিতে গঙ্গাপূজা নামাপরাধ

বৈষ্ণবই জলে তীর্থ বা তীর্থে জল-বুদ্ধিরূপ নিরয়-প্রাপিকা বুদ্ধি হইতে উদ্ধার করেন

গঙ্গার পশ্চিমে যমুনা, মধ্যে সরস্বতী ও পূর্ব্বে গঙ্গা প্রবাহিতা

রস-বিচার

ভাবনাবর্ত্ম পরিত্যাগপূর্ব্বক অপ্রাকৃত শুদ্ধসত্ত্বময় ভূমিকাই অপ্রাকৃত রসের অধিষ্ঠান-ক্ষেত্র

সাময়িক প্রসঙ্গ

অদ্য দশমী. শ্রীশ্রীগঙ্গামাতা গোস্বামিনীর আবির্ভাব-তিথি—দশহরা: আগামী কল্য পাণ্ডবা নির্জ্জলৈকাদশীর উপবাস। শ্রীশ্রীগৌর-গঙ্গা দর্শনের জন্য শ্রীধাম নবদ্বীপ ও তাহার নিকটবর্ত্তী এবং দূরবর্ত্তী বহু স্থান হইতে আজ বহু যাত্রিসমাগম হইয়াছে। শ্রীশ্রীগৌর-জন্মস্থান শ্রীধাম মায়াপুর হইতে কোলদ্বীপ (বর্ত্তমান সহর নবদ্বীপ) আজ লোকে লোকারণ্য। শ্রীধামে এইরূপ লোক-সমাগম দেখিয়া আজ মনে হয় সেই চারিশত বৎসরের পূর্ব্বের কথা, যখন মহাপ্রভুকে এই শ্রীধাম মায়াপুরে দেখিবার জন্য লক্ষ লক্ষ লোকের সমাগম হইত। মহাপ্রভু সন্ন্যাসলীলার পর যখন একবার কোলদ্বীপে আসিয়াছিলেন, তখন গৌর-গতপ্রাণ লক্ষ লক্ষ নদীয়াবাসী কিরূপ উন্মত্তের ন্যায় হইয়া গঙ্গার পূর্ব্বপার হইতে পশ্চিমে ছুটিয়াছিলেন, সেই কালের কুলিয়-পল্লীতে সে কেহ সে সব কথা আর এখন কিছুই আলোচনার বিষয় নাই! তখন গঙ্গার পূর্ব্বপারে মহাপ্রভুর নিজঘাট, মাধাইর ঘাট, বারকোণা ঘাট প্রভৃতি ঘাটে ও গঙ্গার পশ্চিমপারে কুলিয়ার (বর্ত্তমান সহর নবদ্বীপের) ঘাটসমূহে লক্ষ লক্ষ লোক কিরূপ আনন্দে কৃষ্ণকোলাহল করিতে করিতে গঙ্গাস্নান করিতেন, এখন হইয়াছে তাহা যেন একটী গল্পের কথা!

আমরা ক্রমেই এই বিষয়ে একটু অভিনিবিষ্ট হইয়া লক্ষ্য করিতেছি যে, আজ প্রায় চারিশত বৎসর পূর্ব্বে যে ভাবাবেশে এই নদীয়ায় কলিযুগপাবনাবতারী স্বয়ং ভগবান্ অবতীর্ণ হইয়া এখানে একটা সমগ্র বিশ্ব প্লাবিত করিয়াছিলেন, যে নদীয়াবাসীর গৌর প্রাণ, গৌর মন, গৌরই যথা-সর্ব্বস্ব ছিলেন, যে নদীয়াবাসী গৌরাবির্ভাব-ক্ষেত্রের অধিবাসী বলিয়া কতই না গৌরব অনুভব করিতেন, 'আমাদের গৌরাঙ্গ' বলিতে যে নদীয়াবাসী আনন্দে আত্মহারা হইতেন, আর আজ সেই নদীয়ায় নাই গৌর-কথা—এ দুঃখ রাখিবার স্থান কোথায়!

কোথায়-সর্ব্বেন্দ্রিয় দিয়া গৌরেন্দ্রিয়-তর্পণ আর কোথায় গৌরেন্দ্রিয় দিয়া নিজেন্দ্রিয়-তোষণ! হা হতভাগ্য নদীয়াবাসি, তোমাদের হইল কি আজ তোমাদের গৌর-প্রীতি? যে নদীয়ার ঘরে ঘরে আজ হরি-কোলাহল উঠিয়াছে, আজ সেই জাহ্নবী বহিয়া গিয়াছে, যে নদীয়া মহাপ্রভুর আদর্শনে প্রাণ রাখিবার জন্য ব্যাকুল হইয়াছে, আর আজ সেই নদীয়ায় নাই

মহাপ্রভুর কথা। যাঁহারা আছে তাহাতে কথা মহাপ্রভুর প্রতি বিদ্বেষ্টাও প্রীতিব ছড়াইতেছে?

নদীয়ায় মহাপ্রভুর নিত্যলীলা বর্ত্তমান। অদ্যাপি মহাপ্রভু তাঁহার অন্তরঙ্গ-পার্ষদ-সঙ্গে সেই অমার্জিত নাম-প্রেম-বিতরণ লীলা করিতেছেন, অদ্যাপি অভিন্ন শ্রীনবদ্বীপ পুরী শ্রীমায়াপুর যোগপীঠে শচী মাতা তাঁহার নিমাইকে আদর করিয়া নিমাই বলিয়া ডাকিতেছেন, মাতা স্তন্যদান করিয়া খাওয়াইতেছেন, অদ্যাপি মহাপ্রভু তাঁহার অন্তরঙ্গ পার্ষদগণসহ অভিন্ন-ব্রজধামী শ্রীবাসঅঙ্গনে নৃত্যকীর্ত্তন করিতেছেন, অদ্যাপি অদ্বৈতের টোলগৃহে আসিয়া মহাপ্রভু ভক্তিমাহাত্ম্য কীর্ত্তন করিতেছেন, অদ্যাপি আজও শ্রীগোবর্দ্ধন ও রাধাকুণ্ডাদি উপবন শ্রীচন্দ্রশেখরাচার্য্যভবনে মহাপ্রভু সপার্ষদে ব্রজলীলাভিনয় করিতেছেন, অদ্যাপি মহাপ্রভু সগণে সর্ব্ব নবদ্বীপে নৃত্য করিয়া বেড়াইতেছেন। তাঁহার যে নিত্যলীলার বিরাম নাই, কেবল বিষয় ধূলিতে আবৃত চক্ষু আমাদের, তাই আমরা নবদ্বীপে আসিয়া গৌরলীলা দর্শন করিয়া জীবন সার্থক করিতে পারিতেছি না

আজ নবদ্বীপে মহাপ্রভুর শুদ্ধভক্তি-সিদ্ধান্তবাণীর কীর্ত্তনকারী ও শ্রবণকারী উভয় পক্ষেরই লোকাভাব হইয়া পড়িয়াছে শুদ্ধভক্তির কথা কীর্ত্তন করিতে গেলে অপস্বার্থপর ধর্মব্যবসায়ী বণিকের দল কীর্ত্তন বন্ধ করিবার জন্য ছুটিয়া আসে, বলে শুদ্ধভক্তিকথার দরকার নাই, ভক্তির নামে কপটতাই আমরা চালাইব, নিজেদের সঙ্গে সঙ্গে লোকেরও সর্ব্বনাশ সাধন করিব। হা গৌরসুন্দর, হা নিত্যানন্দ, হা অদ্বৈতাচার্য্য, হা গদাধর, হা শ্রীবাসাদি ভক্তবৃন্দ! আজ তোমাদের সেবার নাম করিয়া, তোমাদের নামাশ্রয় কীর্ত্তনের নাম করিয়া নদীয়ায় কতই না উৎপাতের সৃষ্টি হইতেছে! হে মহাপ্রভো! তুমিই আজ কলিহত জীব আমাদের দুর্ব্বুদ্ধি দূর করিয়া সদ্বুদ্ধি দাও, আমাদের সমস্ত নামাপরাধ ও সেবাপরাধ দূর করিয়া তদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতীর পাদপদ্মে আমাদের অহৈতুকী রতি বিধান কর।

মায়াপরাধিগণ তাহাদের ব্যভিচার-ক্ষেত্রকে 'শ্রীধাম' বলিয়া কতই না ঘোষণা করিতেছে, হে প্রভো, তুমিই ইহার প্রতিবিধান কর। বেশ্যালয়—ব্যভিচারিতর্পণ্য-বাস—অচিদ্বিলাস-ভূমিকাকে 'শ্রীধাম' বলিয়া বাস্তব ধাম-বিরোধ যে কি ভীষণ পাষণ্ডতা, মহামূর্খতা, কৃষ্ণবহির্ম্মুখতা, তাহা তুমিই তোমার নিজজন দ্বারা জগতে প্রচার করিয়া দাও, জগতের লোককে আত্মবঞ্চনা ও আত্মবিনাশ হইতে রক্ষা কর। হে প্রভো! তোমার এবং তোমার নিজজন-গণের শ্রীপাদ-পদ্ম আমাদের হৃদয়ক্ষেত্রে উদিত করাইয়া আমাদিগকে আজ বাস্তব শ্রীধাম-দর্শনের সুযোগ প্রদান কর।

পাপ-মুক্ত হইয়া পুণ্য-প্রাপ্তির আশায় আজ লক্ষ লক্ষ লোক গঙ্গাস্নানের যাত্রী। তাঁহারা যদি পুনঃসংসার প্রাপক ক্ষয়িষ্ণু-পুণ্যকামী না হইয়া কৃষ্ণ-ভক্ত্যুদ্দেশে শুদ্ধভক্তিলাভোদ্দেশে পতিতপাবনী বিষ্ণু-শক্তি গঙ্গার শরণাপন্ন হন, তাহা হইলেই তাঁহারা গঙ্গাস্নানের বাস্তব ফললাভে সমর্থ হন। গঙ্গাদেবী সর্ব্বক্ষণ গৌরসুন্দরের পরমপ্রীতি-প্রদাত্রী, চিৎসলিলস্বরূপা; তিনি জীবের নিখিলাবিদ্যানাশিনী, কৃষ্ণভক্তি-প্রদায়িনী। কেবল পাপনাশ ও কাম-কামী হইয়া গঙ্গাস্নান করিলে গঙ্গাদেবীর সাক্ষাৎ কৃপা লাভ হয় না। অবিদ্যা হইতে জীবের পাপ-বাসনার উদয় হয় এবং সেই পাপবাসনা হইতেই পাপকর্ম্মে রুচি হয়। গঙ্গাস্নানে পাপসমূহ তাৎকালিকভাবে অপগত হইলেও অবিদ্যা দূর না হওয়া পর্য্যন্ত জীবের পুনরায় পাপ-প্রবৃত্তি আসে, ক্ষয়িষ্ণু পুণ্যকামনায় ও পুণ্যের অপচয়ে পুনরায় পাপাসক্তির উদয় হয়, সুতরাং পাপপুণ্য উভয় বাসনা ছাড়িয়া বিষ্ণুভক্তির জন্য বিষ্ণুপাদোদ্ভবা জ্ঞানে বিষ্ণুনির্ম্মাল্য-দ্বারা গঙ্গাপূজার বিধেয়। গঙ্গাদেবীকে বিষ্ণু হইতে স্বতন্ত্র জ্ঞানে পূজা-দ্বারা জীবকে আত্মবঞ্চনাই লাভ করিতে হয়। আপাতঃ সুখের জন্য কর্ম্মীর ফলভোগানুসন্ধানরূপ ত্রিবর্গ বা ধর্মার্থকাম ও জ্ঞানীর নির্ভেদ-ব্রহ্মানুসন্ধানরূপ চতুর্বর্গ বা মোক্ষ-কামনা দ্বারা বাধিত হওয়া অপেক্ষা পরমপুরুষার্থ শ্রীকৃষ্ণ-প্রেম-প্রার্থী হওয়াই যথার্থ বুদ্ধিমত্তার পরিচয়। গঙ্গাদেবী যাঁহার প্রেম-প্রার্থিনী, তাঁহার প্রেমাকাঙ্ক্ষাই গঙ্গাদেবীর সর্ব্বাপেক্ষা সুখবিধান। যাত্রিগণ এই সকল বিষয়ের বিচার সাধুমুখে শ্রবণ করিয়া গঙ্গা পূজায় রত হইলেই যথার্থ লাভবান্ হইতে পারিবেন। শ্রীশ্রীগৌরসুন্দরী

শ্রীধাম-মায়াপুরের ভক্তভিক্ষিত ব্যবিৎ মহাজনগণ নিত্যমঙ্গলপ্রার্থী শ্রীধামবাসিগণকে এবিষয়ে যথেষ্ট সাহায্য করিতে পারেন।

তর্পনাদি-পার্বের আড়ম্বরে গঙ্গায় কতকগুলি ডুব দিয়া ঠাকুর দেখিয়া বেড়াইলেই শ্রীধামে আসিবার সার্থকতা সম্পাদিত হয় না। ধামবাসী ভক্তগণের আনুগত্য ব্যতীত শ্রীধাম, শ্রীবিগ্রহ ও শ্রীগঙ্গার দর্শনাদি লাভ হয় না। ধামবাসী ভক্তের শ্রীমুখনিঃসৃত অনর্থনাশিনী ভক্তিসিদ্ধান্তবাণী শ্রবণে চিত্ত শুদ্ধ করাই ধামে আসার উদ্দেশ্য। হরিকথা শ্রবণ না করিয়া ধর্মব্যবসায়ী বণিক্ সম্প্রদায়ের উদরপূর্তির সহায়তা করিয়া গেলে কি লাভ হইবে?

ঈশ্বরের অচিন্ত্যশক্তিতেই গঙ্গার প্রকাশ। শ্রীশ্রীমহাপ্রভু বলিয়াছেন—

জলজমপি বারিজং কদাপি ন বারি-
জমুদ্ভবম্।
মুরভিদি তদিদমুভয়ং পাদাম্ভোজাদ্দহা-
নদী জাতা॥

অর্থাৎ জলেই পদ্ম জন্মে, পদ্ম হইতে কখনও জলের জন্ম হয় না, কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, শ্রীকৃষ্ণে ইহার বিপরীত দেখা যায়, তাঁহার পাদপদ্ম হইতেই মহানদী গঙ্গা জন্মলাভ করিয়াছেন।

গঙ্গার পশ্চিমে যমুনা ও পূর্ব্বে গঙ্গাধারা প্রবাহিতা হয়। মহাপ্রভু সন্ন্যাস করিয়া রাঢ়দেশে তিন দিন ভ্রমণ করিয়া মহাপ্রেমাবেশে দিগ্‌বিদিক্‌জ্ঞান-শূন্য হইয়া বৃন্দাবন চলিলেন। মহাপ্রভুর পাছে পাছে নিত্যানন্দ, আচার্য্যরত্ন চন্দ্রশেখর ও মুকুন্দ—এই তিন জন। প্রভু নিত্যানন্দ প্রেমে মত্ত মহাপ্রভুকে শান্তিপুরে শ্রীঅদ্বৈতভবনে লইয়া যাইবার যুক্তি করিয়া আচার্য্যরত্নকে অদ্বৈতভবনে পাঠাইলেন, বলিয়া দিলেন- তিনি যেন গঙ্গাতীরে নৌকা লইয়া থাকেন, তারপর তুমি মায়াপুরে গিয়া শ্রীশচীমাতা ও ভক্তবৃন্দকে লইয়া আসিও। আচার্য্যরত্নকে পাঠাইয়া দিয়া নিত্যানন্দ মহাপ্রভুর সম্মুখে আসিয়া নিজ পরিচয় দিতে মহাপ্রেমাবেশে মহাপ্রভু জিজ্ঞাসা করিলেন—শ্রীপাদ, তুমি কোথায় যাইবে? নিত্যানন্দ বলিলেন, এই তোমার সহিত বৃন্দাবন যাইব, ঐ সম্মুখে যমুনা দর্শন কর। নিত্যানন্দ গঙ্গাকে যমুনা বলিয়া দিলে, মহাপ্রভু আনন্দে তাঁহা, যমুনার দর্শন পাইলাম বলিয়া যমুনার স্তব করিতে লাগিলেন—

চিদানন্দভানোঃ সদানন্দসূনোঃ
পরপ্রেমপাত্রী দ্রবব্রহ্মগাত্রী।
অঘানাং লবিত্রী জগৎক্ষেমধাত্রী
পবিত্রীক্রিয়ান্নো বপুর্মিত্রপুত্রী॥

—চিদানন্দসূর্য্যস্বরূপ নন্দনন্দনের সর্ব্বদা প্রেমের পাত্রী, ব্রহ্মস্বরূপিণী, পাপনাশিনী, জগতের মঙ্গলকারিণী, সূর্য্যপুত্রী যমুনা আমাদের শরীরকে পবিত্র করুন। এই বলিয়া নৃত্য করিয়া গঙ্গার পশ্চিমধারে স্নান করিলেন। এমন সময় অদ্বৈতাচার্য্য কৌপীন বহির্বাস লইয়া নৌকারোহণে আসিয়া উপস্থিত। আচার্য্য নমস্কার করিলেন, তখন মহাপ্রভুর বাহ্য হইল, মহাপ্রভু বলিলেন, তুমি ত অদ্বৈতাচার্য্য, তুমি এখানে কেন? অর্থাৎ আমি বৃন্দাবনে আসিলাম, তুমি এখানে কোথা হইতে আসিলে? আচার্য্য বলিলেন—প্রভো, তুমি আমারই ভাগ্যে গঙ্গাতীরে আসিয়াছ। মহাপ্রভু বলিলেন, নিত্যানন্দ আমাকে বঞ্চনা করিয়াছে, গঙ্গাকে যমুনা বলিয়া দিয়াছে। তখন অদ্বৈত বলিলেন প্রভো, শ্রীপাদ সত্যই বলিয়াছেন, কেননা—

'গঙ্গায় যমুনা বহে হঞা একধার।
পশ্চিমে যমুনা বহে, পূর্ব্বে গঙ্গাধার॥
পশ্চিমধারে যমুনা বহে তাঁহা কৈলে স্নান।

অর্থাৎ মহাপ্রভুই তাঁহার অভিন্নবিগ্রহ শ্রীঅদ্বৈতাচার্য্যের শ্রীমুখ দিয়া গঙ্গা ও যমুনার অভেদত্ব কীর্ত্তন করিয়া উভয়কেই কৃষ্ণের পরম প্রেমপাত্রী বলিয়াছেন। গঙ্গাতে পূর্ব্বে গঙ্গা, পশ্চিমে যমুনা এবং মধ্যে সরস্বতী এই ত্রিধারা মিলিতা।

গঙ্গাদেবী সর্ব্বক্ষণ কলকল-নিনাদে গৌরকৃষ্ণমহিমা কীর্ত্তন করেন, শ্রীভগবান্ এবং তাঁহার নিজজনের পাদপদ্ম বক্ষে ধারণ করিবার জন্য গঙ্গা সতত উন্মুখিনী। গৌরকৃষ্ণ এবং তাঁহার নিজজনে নিষ্কপট প্রীতিবিশিষ্ট হইলেই গঙ্গাদেবীর উল্লাস। গঙ্গাদেবী কার্ষ্ণ্য ভক্ত দেখিলেই তাঁহার আনন্দ, বহির্ম্মুখ লোকসকলকে স্নানাদি দ্বারা বঞ্চনা করিয়া তিনি সর্ব্বদা শুদ্ধভক্তের বাঞ্ছা করেন। সুতরাং গঙ্গাপূজার একমাত্র উদ্দেশ্য কৃষ্ণপ্রীতি হইলেই যথার্থ গঙ্গার পূজা অর্থাৎ গঙ্গার সম্বর্দ্ধন হয়। স্নানার্থিগণ গঙ্গাপূজার এই নিগূঢ় রহস্য অবগত না হইয়া কেবল পাপপুণ্য বিচারের বশবর্ত্তী হইলে কখনই নিত্যমঙ্গল লাভ করিতে পারিবেন না। আমরা কৃষ্ণপাদোদ্ভবা গঙ্গার পবিত্র বারি মস্তকে ধারণপূর্ব্বক তাঁহার নিকট কৃষ্ণকার্ষ্ণ্যে ভক্তি প্রার্থনা করিয়া আজ গঙ্গাপূজা সমাধা করিতেছি।

শ্রীধামবাসী শুদ্ধবৈষ্ণবের পাদোদকে কোটিতীর্থ বিরাজিত, তাঁহার পদরজে আনন্দিত হইতে পারিলেই কোটিতীর্থে কোটিস্নান করিয়া কোটিতীর্থস্নান ফলের চরম ফল লাভ হয়। সুতরাং স্নানাদি ক্রিয়াকাণ্ডের মূলে বৈষ্ণবের পদধূলি, বৈষ্ণবের সম্বন্ধ এবং বৈষ্ণবের কৃপাকণার আশ্রয় একমাত্র আশ্রয়ের বস্তু হউন। বৈষ্ণবের পাদোদক লাভ করিয়াও যাঁহারা তীর্থস্নানের জন্য ব্যাকুল হন, তাঁহারা বৈষ্ণবকে জলাদিমাত্র বুদ্ধি করিয়া নিরয়গামী হন। গঙ্গাকে সাক্ষাৎ বিষ্ণুপাদোদ্ভবা রূপে দর্শন করিবার শক্তি যিনি দিতে পারেন তাঁহার পাদাশ্রয় ব্যতীত গঙ্গাজলের সম্মান করিলে কোন ফল হইবে না, প্রাকৃতে অপ্রাকৃতত্বের আরোপ বা জলে তীর্থ-বুদ্ধিরূপ আত্মবিনাশই বরণ করিতে হইবে। সুতরাং সর্ব্বাগ্রে সদ্‌গুরুপাদাশ্রয় করিয়া গুরুদেবের আনুগত্যে তীর্থভ্রমণ ও তীর্থস্নানাদি ভক্ত্যঙ্গযাজনে প্রবৃত্ত হওয়াই নিত্যমঙ্গলের পথ, অন্যথা সবই ভস্মে ঘৃতাহুতি, ইহা উত্তমরূপে উপলব্ধির বিষয়।

রস

(ভাঃ ১।১।৩ শ্লোকের বিবৃতি হইতে গৃহীত)

চতুর্দ্দশ ব্রহ্মাণ্ডবর্ত্তি বদ্ধজীবগণ প্রত্যক্ষ ও অনুমানাদি অবলম্বন করিয়া জড়ভোগকে রস জ্ঞান করেন; বস্তুতঃ রসবস্তু অক্ষেন্দ্রিয়ভোগসম্বন্ধী নশ্বর ভাবমাত্র নহে। রসের স্বরূপ নির্ণয়ে শ্রীল রূপগোস্বামী স্বকীয় অমৃতময় 'ভক্তিরসামৃতসিন্ধুতে লিখিয়াছেন—

"ব্যতীত্য ভাবনাবর্ত্ম যশ্চমৎকারভার-
ভূঃ।
হৃদি সত্ত্বোজ্জ্বলে বাঢ়ং স্বদতে স
রসো মতঃ॥"

প্রাকৃত অক্ষেন্দ্রিয়ের ভোগাকাঙ্ক্ষামতে যে ভাবনা ভাবকাঙ্গক ভাবে উদিত হয়, তাহা অতিক্রমপূর্ব্বক চমৎকারাতিশয্যের আধার-স্বরূপ যে স্থায়িভাব শুদ্ধসত্ত্ব পরিমার্জ্জিত উজ্জ্বল-হৃদয়ে আস্বাদিত হয় তাহাই 'রস'-সংজ্ঞায় অভিহিত। এই রস আবৃত্তি নিপুণ-সেবাদ্বারা যত অধিক আস্বাদিত হয়, ততই ইহার উৎকর্ষ বৃদ্ধিপ্রাপ্ত হয়। সুতরাং রসিক ভক্তগণই এই রসের মালিক।

স্বয়ং শ্রীকৃষ্ণচন্দ্র রসিকচূড়ামণি। তাঁহার পরিকরগণও রসিক; এই রসিকগণ—শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য ও মধুর—এই পাঁচ প্রকারে কৃষ্ণবিষয় রস আস্বাদনে সমর্থ। মধুররসের আশ্রয়জাতীয় শ্রীবৃষভানুনন্দিনী-প্রমুখ যূথেশ্বরীবর্গ ও তদনুগা অনঙ্গমঞ্জরী প্রভৃতি প্রিয়নর্ম্ম সখীগণ, বাৎসল্যরসের নন্দযশোদাদি পিতামাতৃগুরুগণ, সখ্যরসের শ্রীল সুবল দাম বসুদামাদি সখাগণ, দাস্যরসের চিত্রক পত্রকাদি দাসগণ এবং শান্ত রসে গো বেত্র বিষাণবেণু প্রভৃতি নিত্যপরিকরগণ আশ্রয়সমূহ— এই পঞ্চবিধ মুখ্য রসিকগণ রসস্বরূপ নিত্য চিদানন্দে অবস্থিত। যে সকল সাধনসিদ্ধ ভক্ত এই নিত্যসিদ্ধ পার্ষদগণের একান্ত আনুগত্য করিয়া সাধন দ্বারা বর্দ্ধিতভাব আদর্শ হইয়াছেন, তাঁহারাও রসিকানুগত রসিক। এই রসিকভক্তগণের প্রকৃত সেবক-সম্প্রদায়ও শুদ্ধভক্তগণ 'রসিক' শব্দে সমাদৃত। শুদ্ধ জীবাত্মার স্বভাবে আবরণ অভিমান না থাকিলে তিনি কখনও প্রাকৃত রসাদির ন্যায় জড় ভোগময় বৈরস্যকে রস বলিয়া ভ্রম করিতে পারেন না। শুদ্ধ রসিকগণের মন নব নব রসের আলয় শ্রীকৃষ্ণপাদপদ্মে রমণ করিয়া থাকে, তাই প্রাকৃত, হেয়, তুচ্ছ বৈরস্যের কথা তাঁহাদের স্মৃতিপথে উদিত হইলে তাঁহারা অত্যন্ত ঘৃণা-কুঞ্চিত মুখে থুৎকার করিয়া থাকেন, যথা—

"যদবধি মম চেতঃ কৃষ্ণপাদারবিন্দে
নবনবরসধামন্যুদ্যতং রন্তুমাসীৎ।
তদবধি বত নারী-সঙ্গমে স্মর্য্যমাণে
ভবতি মুখবিকারঃ সুষ্ঠু নিষ্ঠীবনঞ্চ॥"

(ভঃ রঃ সিঃ দঃ বিভাগ ৫।৩৯)

চতুঃষষ্টি ভক্ত্যঙ্গের মধ্যে পাঁচ প্রকার অঙ্গের বিশেষ আছে। সেই পাঁচ প্রকার বিশেষ ভক্ত্যঙ্গের মধ্যে নাম-ভজনই সর্ব্বশ্রেষ্ঠ। যাঁহ সঙ্গ নিপিষ্ট হইয়া সাধুগণ সাধনভজনে অগ্রসর হন সেই ভাবের আবির্ভাব হয়। তখন তাঁহারা সাধনপথ অতিক্রম করিয়া সিদ্ধির পথে ভাব লাভ করেন। এই ভাব ঘনীভূত হইয়া প্রেমভক্তি-রসে পর্য্যবসিত হয়। ভাবরতি যাঁহার উদয় হইবে তাঁহারাই অধিকারী, তাহাতে নিষ্ঠার পূর্ব্বাবস্থায় কোন অংশ স্ফুরিত হয় না। সেই ভাবুকগণ স্থায়ী ভাব হইতে সামগ্রী চতুষ্টয়ের যোগে রসে নিমগ্ন হন।

দ্রষ্টব্য

দশহরা উপলক্ষ্যে অত্র প্রেস বন্ধ থাকায় আগামী কল্য শনিবারে নদীয়া-প্রকাশ প্রকাশিত হইবেন না।

বিবিধ সংবাদ

নবদ্বীপ বঙ্গবিবুধ-জননী সভার উপাধি পরীক্ষার ফল

গুণানুসারে

নব্য ন্যায় (ক)

দ্বিতীয় বিভাগ—

২৪। শ্রীসর্ব্বানন্দকুমার গোস্বামী   গৌরীপুর টোল

ন্যায় (খ)

২৫। শ্রীগিরীশ্বর ভট্টাচার্য্য   নবদ্বীপ

বেদান্ত

দ্বিতীয় বিভাগ—

২৬। শ্রীপূর্ণচন্দ্র ভট্টাচার্য্য   নবদ্বীপ

সাংখ্য

দ্বিতীয় বিভাগ—

২৭। শ্রীহরিনাথ চক্রবর্ত্তী   ভাটপাড়া

২৮। শ্রীমহেন্দ্রমোহন চৌধুরী   ঐ

পুরাণ

দ্বিতীয় বিভাগ—

২৯। শ্রীনীলমণি দাস মহান্ত   নবদ্বীপ

৩০। শ্রীনন্দলাল অধিকারী   ঐ

সাধারণ দর্শন

দ্বিতীয় বিভাগ—

৩১। শ্রীহেমেন্দ্রনাথ কাব্যব্যাকরণ সাংখ্য পুরাণতীর্থ, তোটালাল

স্মৃতি

দ্বিতীয় বিভাগ—

২০। শ্রীগোবিন্দপ্রসাদ অধিকারী, বর্দ্ধমান, বিজয় চতুষ্পাঠী

২১। শ্রীগণেশকুমার ভট্টাচার্য্য   গৌরীপুর

২২। শ্রীকুঞ্জবিহারী কাব্যব্যাকরণ বিদ্যারত্ন,   নবদ্বীপ

২৩। শ্রীগিরিজাপ্রসন্ন শর্ম্মা পণ্ডিত, আঠারবাড়ী কাদম্বা চতুষ্পাঠী

কাব্য

দ্বিতীয় বিভাগ—

১১। শ্রীদুর্গাদাস গোস্বামী   সিয়ারসোল

১২। শ্রীনিত্যানন্দ দাস   নবদ্বীপ

১৪। শ্রীসুরেশকুমার গোস্বামী   নূতনগঞ্জ বর্দ্ধমান

১৩। শ্রীঅবিনাশচন্দ্র নাথ   পিলজঙ্গ খুলনা

১৮। শ্রীশশধরদেব ভট্টাচার্য্য   নবদ্বীপ

১৫। শ্রীকৈলাসনাথ ভট্টাচার্য্য   নূতনগঞ্জ বর্দ্ধমান

ব্যাকরণ

দ্বিতীয় বিভাগ—

শ্রীগোবিন্দপ্রসাদ মজুমদার   রামপুরহাট

শ্রীশৈলজানন্দ খাঁ   নবদ্বীপ

শ্রীগোকুলানন্দ চক্রবর্ত্তী   সিয়ারসোল

শ্রীঅনন্ত দাস   নবদ্বীপ

শ্রীআশুতোষ চক্রবর্ত্তী   ঐ

শ্রীহরিদেব শর্ম্মা   ঐ

শ্রীশিবকিঙ্কর ভট্টাচার্য্য   কীর্ণাহার

শ্রীসুরেন্দ্রকুমার শর্ম্মা   নবদ্বীপ

শ্রীশ্যামাপদ মিশ্র   কাঁকোড়া

শ্রীবিশেশ্বর মিশ্র   নবদ্বীপ

নায়াগ্রার জলপ্রপাত উত্তীর্ণ

টরন্টোর হিল নামক এক ব্যক্তি নায়াগারা জলপ্রপাত পার হইয়াছেন। সেখানে জলের বেগ এত বেশী যে ঐ স্থান পড়িবামাত্র ভীষণ বেগে কঠিন প্রস্তরের উপর ধাক্কা লাগিয়া চূর্ণ হইয়া যায়। হিল সাহেব আপনার দেহ একটী লৌহ পাত্রে প্রবিষ্ট করাইয়া জলপ্রপাতের নীচে ঘূর্ণী জলের ভিতর পতিত হন এবং বিদ্যুৎবেগে বহু ক্রোশ বাহিত হইয়া অনাহত অবস্থায় তীরে উঠেন।

ব্যবসায়ের সন্ধি

বুখারেষ্ট সহরে রুমানিয়া এবং ইংলণ্ডের মধ্যে ব্যবসায় সংক্রান্ত সন্ধিস্থাপনের চেষ্টা চলিতেছে। ইংলণ্ডের পক্ষে মিঃ মাইকেল পেলেটেট এবং রুমানিয়ার পক্ষে টিলিয় সন্ধির কথা বার্ত্তা করিতেছেন।

দীপশলাকার উপর অতিরিক্ত কর.

সুইডেনের দিয়াশলাইয়ের উপর আতিরিক্ত কর বসানর জন্য বৃটিশ সাম্রাজ্যে ব্যবসায় চালান বড় অসুবিধাজনক হইয়াছে। এই জন্য তাহারা বিলাতে ব্রায়ান্ট কোম্পানী নামক একটী কোম্পানীর সৃষ্টি করিয়াছে এবং বৃটিশ সাম্রাজ্যের অন্তর্গত অষ্ট্রেলিয়াতে দুইটী কারখানা খুলিয়েছে।

চীন এবং জাপানের মধ্যে নানকিং সহরে ব্যবসায়ের সন্ধি স্বাক্ষর হইয়াছে।

অনুতাপে আত্মহত্যা

মেক্সিকোর রোমান ক্যাথলিক গীর্জ্জায় একটী বাক্স আছে। তাহাতে দর্শকগণ টাকা কড়ি দিয়া থাকে। সেই টাকা দরিদ্রগণকে দান করা হয়। এক ব্যক্তি ঐ টাকা চুরি করিয়া ধরা পড়ে। তাহার এরূপ ভয়ানক অনুতাপ উপস্থিত হয় যে, সে অনুতাপে আত্মহত্যা করে। কারাগারে তাহার মৃত দেহ দোদুল্যমান অবস্থায় পাওয়া যায়।

ঘোড়গাছির খুন

পাঠক অবগত আছেন যে বসিরহাট মহকুমার অন্তর্গত ঘোড়গাছি গ্রামের বিজয় লাল নন্দী নামক একব্যক্তি খুন হইয়াছেন। তিনি ধর্ম্মপ্রাণ সৎলোক ছিলেন, কিন্তু বিন্দুমাত্র অন্যায় সহ্য করিতে পারিতেন না বলিয়া অনেকের সহিত তাঁহার মনোমালিন্য ঘটে। তিনি বিষয় সম্পত্তি দেখা শুনা করিতেন, এজন্য অনেক লোকের সহিত তাঁহার মামলা, মোকর্দ্দমা বিবাদ বিসম্বাদ হয়। তিনি কখনও মোকর্দ্দমায় পরাজিত হন নাই। অনেকেরই তাঁহার উপর আক্রোশ ছিল। তিনি প্রায় প্রতি সন্ধ্যায় বেলগড়িয়া গ্রামে একজন ডাক্তারের বাড়ীতে আড্ডা দিতে যাইতেন। ঘোড়গাছিতে একটী সখের যাত্রার দল আছে। বেলগড়িয়া গ্রামের ভদ্রলোকেরা অনেকেই প্রতি সন্ধ্যায় যাত্রার দলের আখড়ায় আসেন। একদিন রাত্রিতে প্রায় এগারটার সময় তাঁহারা বাড়ী যাইবার সময় রাস্তার উপর বিজয় বাবুর লাস দেখিতে পান, তাঁহার মাথা কোমর এবং বুকে আঘাতের চিহ্ন ছিল এবং গলা কাটা অবস্থায় দেখা যায়। পুলিশ সন্দেহক্রমে একজন মুসলমানকে ধরিয়াছে।

সংবাদ পত্রের সম্পাদকগণের সভা

সমস্ত সাম্রাজ্যের সংবাদ পত্র সমূহের প্রতিনিধিগণ লণ্ডনে বৈঠক করিতেছেন। বিগত কুড়িবৎসরের মধ্যে এরূপ ধরণের সভা হয় নাই। প্রতিনিধিগণ গত মঙ্গলবারে ওয়েষ্টমিনিষ্টার হলে এক ভোজে যোগদান করিয়াছিলেন।

লবণ শুল্ক

অনেকের ধারণা এই যে লবণের উপর শুল্ক কোন দেশে নাই এবং এই শুল্ক কোন দেশে ছিল না এমন কি ভারতেও ছিল না। তাঁহাদের ধারণা এই ইংরেজেরাই লবণের উপর শুল্ক বসাইয়াছে।

এই ধারণা অমূলক। ঐতিহাসিকেরা বলেন যে খৃষ্ট পূর্ব্ব ৩২২—১৮৫ অব্দে মৌর্য্যরাজগণের সময় লবণের উপর শুল্ক ছিল। অর্থশাস্ত্রে লবণ রাজ্যের একচেটিয়া ব্যবসায় ছিল। দাক্ষিণাত্যের শতবাহন রাজগণ এবং গুপ্তরাজগণের সময়ে এবং দুর্ভাগ্যে লবণ রাজগণের একচেটিয়া ব্যবসায় ছিল। আইনীআকবরিতে লিখিত আছে যে আকবরের সময়ে লবণের উপর শুল্ক ছিল পরবর্ত্তী মোগলদিগের সময় লবণের উপর শুল্ক আদায় হইত।

গাড়োয়ান ধর্ম্মঘটের জের

৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী দাস—কৃষ্ণনগর, নদীয়া

৬। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।

৭। শ্রীবিরজামোহন দে— ৯নং শ লেন, নবাবপুর, ঢাকা।

৮। শ্রীদেবেন্দ্রনাথ পাঠক— চ্যা. ২৪ পরগণা

৯। শ্রীনন্দলাল চট্টোপাধ্যায় এ, এস, এম, বালুরঘাট

১০। শ্রীপাদ সতীপ্রসাদ ভক্তিভূষণ দাসাধিকারী।

১১। শ্রীপাদ নরোত্তম দাসাধিকারী ঐ.

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা, লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

পারফলিন

টনিক ও সালসা। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার ধ্বংস হয়। 'কলেন পরিচারকে'

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ২।৩ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ খাওয়া উচিত নয় কি? একণে সাবধান হউন এবং আনিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ বিষের জল খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে হয়রান হয়েন কেন? সুতরাং ॥০ আনায় পারফলিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট, এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর ছাড়িলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ৷৵০ আনা, ডজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসার্স্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ড্ লেন, কলিকাতা।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা সর্ব্বত্র পাওয়া যায়।

মূল্য ৩ আনা
ডিঃ পিঃ ৮০ আনা, ডজন ২৻
ডিঃ পিঃ ৩ বোতলের মাশুল লাগে না।

যুগল-মূর্ত্তি মার্কা এঃ বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

গবর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

মহর্ষি চরক শাস্ত্রোক্ত বৈদ্য উপাদানে খাটী কাঁচা তিল তৈলে মৃগনাভি, কস্তুরী, গোলাপ, চামেলী, হেনা, চন্দন, বকুল, বেলা, প্রভৃতি মূল্যবান্ মহামূল্য দ্রব্য সংমিশ্রণে প্রস্তুত বিধায় ইহা সুগন্ধেই সমভাবে ইহার অনুলেপন গুণ ও গন্ধ উপলব্ধি হইয়া থাকে। ফলতঃ এই সর্ব্বগুণসম্পন্ন পরম পবিত্র ত্রিগুণ তৈল নিত্য ব্যবহারে সাধারণতঃ দৈহিক ও মানসিক অবসাদ নিশ্চয় দূর হইয়া থাকে।

পরন্তু সর্ব্বপ্রকার স্ত্রী বা পুরুষের জননেন্দ্রিয় শক্তির দূষিত অবস্থা, জটিল ব্যাধি, মেহ, প্রমেহ, প্রদর, অর্শ, বাধক, বস্তিবিকার, মূর্চ্ছা, মাথাধরা, মাথাঘোরা, আধকপালী, নিদ্রাহীনতা এবং সর্ব্বপ্রকার বাতরোগ ও নানা প্রকার ব্যাধির কীটাণু ধ্বংসকারী যথার্থ মহৌষধ।

বলা বাহুল্য, ইহা একরূপ শক্তি বৃদ্ধিকারী ঠাণ্ডা তৈল যে, পাগল ভাল হয়। যে কোন স্থানে তৈল ক্রয়কালীন শিশির গায়ের লেবেলের উপর বড় ২ অক্ষরে আসল যুগল মূর্ত্তি মার্কা এবং বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন, অন্যথায় স্বার্থপর দোকানদার জাল বা নকল তৈল বিক্রয় করিয়া আপনাকে ঠকাইবে। যাহা রাখিবেন বাজে জিনিষ বিক্রয় করিয়া ঠকাইতে পারিলেই খুব লাভ হয়।

এজেণ্ট—বটকৃষ্ণ পাল এণ্ড কোং ২৩নং বনফিল্ড লেন, কলিকাতা।

টেলিগ্রামের নাম ও ঠিকানা "শ্রীগৌরাঙ্গ" নবদ্বীপ

Registered No. C 1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩।০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

সাহায্যের হার অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ প্রতি সংখ্যা ৵৫

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নাবতালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্র [৮৬ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—২৯শে জ্যৈষ্ঠ ১৩৩৭ বৃহস্পতিবার ১২ই জুন ১৯৩০

প্রকাশিত সাইমন রিপোর্ট

প্রথম খণ্ড সাত অধ্যায়ে ৪০৯ পৃষ্ঠা

প্রথম অধ্যায়ে শাসন সমস্যা গুলির অবস্থা

২য় অধ্যায়ে প্রচলিত শাসন-পদ্ধতি, ৩য়ে শাসন-পদ্ধতির পরিচালনা

৪র্থে শাসন-তন্ত্র, ৫মে রাজস্ববিষয়ক, ৬ষ্ঠে শিক্ষা প্রসার, ৭মে ভারতের মতামত

কৃষ্ণনগরে বজ্রাঘাত, নদীয়া জেলায় মহরম, পঙ্গপালের উৎপাত, নবদ্বীপে আবার গ্রেপ্তার

সাইমন রিপোর্ট

গত সোমবার সাইমন রিপোর্টের প্রথম খণ্ড প্রকাশিত হইয়াছে। এক পক্ষ কাল পরে দ্বিতীয় খণ্ডে শাসন সংস্কারের নূতন পদ্ধতির বিবৃতি বাহির হইবে।

কমিশনের মেম্বরগণ বলিতেছেন উক্ত খণ্ডেরই সমস্ত মৌলিক বিষয়ে তাঁহারা সকলেই একমত।

প্রথম খণ্ডে ৪০৯ পৃষ্ঠায় ৭টী বিভিন্ন অধ্যায় আছে। প্রথম অধ্যায়ে শাসন বিষয়ক সমস্ত সমস্যাগুলির অবস্থা বিবৃত হইয়াছে; ২য় অধ্যায়ে বর্ত্তমান প্রচলিত শাসন পদ্ধতি গুলির বিবরণ, ৩য় অধ্যায়ে বর্ত্তমান শাসন পদ্ধতির কার্য্যতঃ প্রচলন বিষয়ের বিচার; ৪র্থ অধ্যায়ে বর্ত্তমান শাসন তন্ত্রের আলোচনা; ৫ম অধ্যায়ে রাজস্ব বিষয়ক বিবরণ; ৬ষ্ঠ অধ্যায়ে শিক্ষার প্রসারের আলোচনা এবং ৭ম অধ্যায়ে ভারতের জনসাধারণের মতামত বিষয়ে কমিশন যে অভিজ্ঞতা সঞ্চয় করিয়াছেন তাহার বিবরণ প্রদত্ত হইয়াছে। ভূমিকায় ভারত শাসনের চরম লক্ষ্যের বিষয় আলোচনা করিতে গিয়া শ্রীযুত মণ্টেগু প্রবর্ত্তিত ১৯১৭ সালের ২০শে আগষ্ট তারিখের ঘোষণাটি সাইমন কমিশন গ্রহণ করিয়াছেন এবং বলিয়াছেন সমস্ত আলোচনাতেই সরলতা এবং সৌম্যভাব অবলম্বন করা প্রয়োজন।

ভারতের পরিমাণ, লোক সংখ্যা, ভাষা প্রভৃতি আলোচনা করিতে গিয়া কমিশন বলিয়াছেন যে ইংরাজী শিক্ষার প্রভাবেই বর্ত্তমানে জাতীয় দল পৃথিবীতে ভারতের অন্য অন্যান্য দেশের সহিত সমান স্থান দাবী করিতেছেন। তবে সাধারণ লোকের এই সব আন্দোলনে কোন সংবাদ না থাকিলেও সমগ্র ভারতময় একটা আত্ম সম্মান বোধের সাড়া পড়িয়াছে। তাহা হইলেও পল্লীবাসী প্রায় অশিক্ষিত কৃষক সম্প্রদায়ের মধ্যে তাহাদের পুরুষানুক্রম দৈনন্দিন কার্য্য কলাপ ছাড়া অন্য কোন রাজনৈতিক জাগরণ অতি অল্পই কার্য্যকরী হইবে। শিল্প বাণিজ্যের উন্নতির সঙ্গে সঙ্গে লোকেরা সহরবাসী হইতেছে এবং সেখানে তাহাদের অবস্থা ভালই। শিক্ষিত লোকেদের মধ্যে পাশ্চাত্য সভ্যতা এবং চিন্তাধারা বদ্ধমূল হইলেও সাধারণ লোকের সহিত তাহাদের একটা একতার ভাবের অভাব নাই। অর্থশালী লোকেদের ভারতে প্রভাব খুব বেশী।

হিন্দু মুসলমান, বৌদ্ধ খ্রীষ্টান প্রভৃতি ধর্ম্মাবলম্বীদের প্রসঙ্গে কমিশন বলিয়াছেন যে হিন্দু ও মুসলমানে বৈষম্য খুব গভীর এবং সকল বিষয়ে উভয় পক্ষের ভয়ানক প্রতিদ্বন্দ্বিতা। উভয় দলের সংঘর্ষের বিবাদ লাগিয়াই আছে, ইহাই ভারতের উন্নতির একটী প্রধান অন্তরায়। এজন্য প্রতিনিধি নির্ব্বাচনে যাহাতে প্রত্যেক প্রদেশে উভয় দলের ক্ষমতা হইতে পারে সেরূপ বিধি প্রচলিত করা আবশ্যক।

হিন্দু মুসলমানে পরস্পরে শাসন বিষয়ক প্রভূত ক্ষমতা লইয়া ধর্ম্মের ধুয়া পাইলেই বিবাদ বাধাইয়া বসে। তবে বর্ত্তমান প্রচলিত শাসন বিধির উভয় দলের পৃথক নির্ব্বাচন পদ্ধতি এই বিবাদের কোন কারণই নহে। কিন্তু অনেকের ধারণা যে উভয় পক্ষের সম্মিলিত নির্ব্বাচন প্রণালী প্রচলিত হইতে পারে এরূপ দিন আসন্ন।

ভারতের মহিলাদের মধ্যে শিক্ষাদির অভাব থাকিলেও তাহাদের শাসন পদ্ধতির বিষয়ে আলোচনা করিতে গেলে তাহাদের বাদ দেওয়া চলে না!

ভারতের সৈন্যদল গঠন ও পরিচালন বিষয়টী অত্যন্ত গুরুতর হইলেও চাপা দিলে চলিবে না। সীমান্ত প্রদেশে সর্ব্বদাই আশঙ্কা। স্বদেশীয় সৈন্য দ্বারা ভারতে জাতীয় সৈন্যদল গঠন করিতে গেলে অনেক বিপদ আছে। লেজিস্‌লেটিভ কমিটি এ বিষয়ের মীমাংসা টা আবশ্যক। তবে বর্ত্তমান সৈন্য গঠন পদ্ধতি কিছু কিছু পরিবর্ত্তিত হইতে পারে।

জনসাধারণকে শাসন কার্য্যে প্রতিনিধি নির্ব্বাচনে ভোট অধিকার দেওয়া বিপজ্জনক। ধর্ম্মবিষয়ের দল ছাড়া বর্ত্তমানে যে সকল দল আছে তন্মধ্যে স্বরাজ্য দল ইহাদের মধ্যে শ্রেষ্ঠ কিন্তু সম্প্রতি মুসলমানগণ ঐ দল ত্যাগ করায় তাহারা এক পক্ষীয় হইয়া পড়িয়াছে।

বর্ত্তমান শাসন পদ্ধতিতে মন্ত্রীদের অবস্থা গবর্ণমেণ্ট ও সাধারণ লোকের যুগপৎ দুইটী দিকের কার্য্যের চাপে বড়ই শোচনীয় হইয়াছে। ব্যবস্থা পরিষদে সাধারণতঃ গবর্ণমেণ্টকে আক্রমণ প্রবণতার ভাবই দেখা গিয়াছে। এত অধিক পরিমাণে স্থান লইয়া একজন প্রতিনিধি নির্ব্বাচন হয় যে প্রতিনিধি এতগুলি ভোটারের খবর রাখিতে পারেন না এবং নির্ব্বাচনের পরে তিনি তাঁহার নির্ব্বাচন স্থানের বা তত্রত্য লোকের ইচ্ছার সহিত কোন সম্পর্কই রাখেন না। তিনি সংবাদ পত্রের মতামতের দিকেই বেশী লক্ষ্য করেন। ব্যবস্থাপকগণ অনেকগুলি গঠনমূলক বিষয়ে গবর্ণমেণ্টের সহিত সহযোগিতা করিলেও তাঁহাদের নির্ব্বাচন ক্ষেত্র প্রায় প্রায়ই কোন দায়িত্ব জ্ঞান রাখেন না কিন্তু অপর পক্ষে শাসক (এক্সিকিউটিভগণ) ব্যবস্থাপকগণের উপদেশের প্রতি অবহিত থাকেন।

শাসনকার্য্যে জেলা কর্ত্তৃপক্ষগণ খুব সরলতা ও সুবিচারের পরিচয় দিয়াছেন। তবে স্বায়ত্তশাসনের প্রথা গুলির পরিবর্ত্তন সাধারণতঃ লোকে বুঝিতে পারে নাই।

শিক্ষাবিষয়ে হার্টগ কমিটির রিপোর্ট গৃহীত হইয়াছে। কমিশন বলিয়াছেন শিক্ষাবিষয়ে খুব পরিবর্ত্তন আবশ্যক। এবং সকলেই শিক্ষার প্রসার আকাঙ্ক্ষা করেন। ডাইরেক্টরগণ শাসন বিষয়ে উদাসীন। সামাজিক ও অর্থনৈতিক অনেক পরিবর্ত্তন আবশ্যক কিন্তু সেগুলি প্রাদেশিকগণের উপরেই নির্ভর করিতেছে।

নানা খবর

বজ্রাঘাতে মৃত্যু

কৃষ্ণনগর এগ্রিকালচার অফিসের নিকট গত ২৪ জুন একটী শিশু গাছের উপর বজ্রপাত হওয়ায় গাছটী দুই খণ্ড হইয়া জ্বলিয়া গিয়াছে। নিকটে তিনটী বালক ছিল। বজ্রাঘাতে উত্তাপে দগ্ধ হইয়া একটী মৃত্যু মুখে পতিত হইয়াছে। অপর দুটি বালক কিছু দূরে থাকায় মাত্র অজ্ঞান হইয়া পড়িয়াছিল এবং এখন কিছু ভাল আছে।

নবদ্বীপে আবার গ্রেপ্তার

গত ২৪ জুন আবার নবদ্বীপ সহরে গাঁজা আফিমের দোকানে পিকেটিং করার জন্য দুইজন গ্রেপ্তার হইয়াছে।

কৃষ্ণনগরে পিকেটিং

কৃষ্ণনগরে গাঁজা ও মদের দোকানে বালক বালিকারা পিকেটিং আরম্ভ করিয়াছে।

নদীয়া জেলায় মহরম

নদীয়া জেলার বিভিন্ন স্থানে মহা সমারোহে মহরম সম্পন্ন হইয়াছে কিন্তু কোনও স্থানে কোনও প্রকার গোলমাল বা অশান্তি হয় নাই।

ঝড় বৃষ্টি

গত ২৪ জুন নবদ্বীপ থানার অন্তর্গত শ্রীরাম-মায়াপুর প্রভৃতি স্থানে খুব ঝড় বৃষ্টি হইয়া গিয়াছে। বৃষ্টি অপেক্ষা ঝড় ও মেঘ গর্জ্জন শব্দ অনেকটা বেশী।

রেল চাপায় মৃত্যু

গত মঙ্গলবার বেলা দ্বিপ্রহরের সময় যখন ডাউন ট্রেন ঘাট প্যাসেঞ্জার পলাশী ষ্টেশনের প্লাটফর্মের নিকট পৌঁছিয়াছিল সেই সময় একজন লোক রেল লাইন পার হইতে চেষ্টা করে, সেই সময় তাহার শরীরে ইঞ্জিনের ধাক্কা লাগিয়া সে পড়িয়া যায়, তাহার বাম পদ ভাঙ্গিয়া পশ্চাদিকে চলিয়া যায় এবং কপাল ভাঙ্গিয়া যায়। সে তৎক্ষণাৎ মারা যায়।

দেওয়ান চমনলালের প্রত্যাগমন

দেওয়ান চমনলাল শীঘ্রই ভারতবর্ষে ফেরৎ আসিবেন এবং মিঃ ভি, জে প্যাটেলের সহিত কার্য্যক্ষেত্রে অবতীর্ণ হইবেন।

ধরমজাতে আবার গ্রেপ্তার

কুমপুর কো-অপারেটিভ কাউন্সিলের মেম্বর মিঃ মাহমুদ মুরাদ কতকগুলি স্বেচ্ছাসেবকসহ পীচমারী হইতে ধরমজা আসিয়াছিলেন। গত ৩০ জুন মিঃ মাহমুদ মুরাদকে ফৌজদারি আইনের ১০৭ ধারা মতে গ্রেপ্তার করা হইয়াছে। স্বেচ্ছাসেবকগণকে অর্থ দ্বারা সাহায্য করার অপরাধে উক্ত ত্রিবেণী গ্রামের একজন প্রধান লোককে ফৌজদারি কার্য্যবিধি আইনের ৮ অধ্যায়ের ১১০ ধারা মতে গ্রেপ্তার করা হইয়াছে। উক্ত বিভাগের ভাবপ্রাপ্ত সাহেব, কালেক্টর সাহেব, পুলিশ সাহেব ও ডেপুটি ইন্স্পেক্টর জেনারেল অব পুলিশ ৩০ জুন ধরমজা পরিদর্শন করিয়াছেন। ডি, এস, পি ষ্টেশনে এক এলাকা পিশ সৈন্য স্থাপিত করা হইয়াছিল তাহারাও চলিয়া গিয়াছে।

স্বেচ্ছাসেবক গ্রেপ্তার

সংবাদ পাওয়া যায় যে, নাগপুর হইতে ধরমজা অভিমুখে যে ১৮ জন স্বেচ্ছাসেবক যাত্রা করিয়াছিল তাহাদিগকে ৩০ জুন কুমারখালি গ্রামে বিনা গ্রেপ্তার করা হইয়াছে। সঠিক বিস্তারিত সংবাদ এখনও পাওয়া যায় নাই।

ওয়াধালা বন্দিগণের কারাবাস

ওয়াধালার লবণগোলা আক্রমণ ব্যাপারে যে সকল লোক বন্দী হইয়াছে তন্মধ্যে ৯ জুন ১০৩ জনের ফৌজদারি আইনের ১৪৩ ধারা মতে দণ্ড হইয়াছে। ৮৫ জনের জরিমানা করিয়া ছেড়ে এবং বালক আসামীগণের ১ দিন করিয়া জেল হইয়াছে।

মিস্ ইভা ডিক্সনের পদত্যাগ ও সম্মান প্রত্যাখ্যান

মিস্ ইভা ডিকসন বৃটিশ সরকার বাহাদুরের দমন নীতির প্রতিবাদ স্বরূপ বোম্বাই বাণিজ্য সভার সদস্য পদ এবং বোম্বাই একজন অধিনায়ক সদস্য পদ ত্যাগ করিয়াছেন এবং তাঁহার জন্মদিনের সম্মানার্থে তাঁহাকে যে কাইজার ই হিন্দ মেডেল দেওয়া হইয়াছিল তাহাও প্রত্যাখ্যান করিয়াছেন।

পঙ্গপালের উৎপাত

নানা স্থানে পঙ্গপালে তুলার চাষের ক্ষতি করিতেছে, উহা নিবারণ করিবার উপযুক্ত চেষ্টা চলিতেছে। সিন্ধু প্রদেশেও পঙ্গপালের উৎপাত দেখা দিয়াছে তবে ফসলের কোনও ক্ষতি হওয়া এখনও প্রকাশ নাই। উত্তর পশ্চিম সীমান্তে কোহাট জেলার কুরাম নামক স্থানে পঙ্গপাল গিয়াছে তবে বিশেষ ক্ষতি করিতে পারে নাই।

গুলির আঘাতে মন্ত্রী হত্যা

জাপানের নিপ্পন হইতে সংবাদ পাওয়া যায় যে জাপানের মন্ত্রী কোইনিগ সুগার্ণ নামক জাহাজ ত্যাগ করিবার সময় কোনও এক অজ্ঞাত ব্যক্তি তাঁহাকে রিভলভার দ্বারা গুলি করে এবং সেই আঘাতের ফলে তাঁহার কিছুক্ষণ পরে মৃত্যু হয়।

মান্দ্রাজে ১৪৪ ধারা জারী

মান্দ্রাজে ফৌজদারি কার্য্যবিধি আইনের ১৪৪ ধারার আদেশ অমান্য জন্য ৭জন স্বেচ্ছাসেবককে গ্রেপ্তার করা হইয়াছে।

ইণ্ডিয়ান মার্চেণ্টস্ চেম্বারের তার

ইণ্ডিয়ান মার্চেণ্টস্ চেম্বার ভাইসরয়কে তার যোগে এমবার জ্ঞাপন করিয়া জানাইয়াছেন যে একণে তাঁহারা আর গবর্ণমেণ্টের তাঁহাদের উক্তি লইয়া বিরক্ত করিতে ইচ্ছা করেন না। তাঁহারা বলেন যে ১০ই মে তারিখের পরে যে সমস্ত ঘটনা ঘটিয়াছে তাহাতে অবস্থা আরও গুরুতর হইয়া দাঁড়াইয়াছে এবং আর্থিক ব্যাপারের অবস্থা ক্রমেই খারাপ হইতেছে। এই সমিতি সরকার বাহাদুরকে পুনরায় বর্ত্তমান নীতি সংশোধন করে যাহাতে দেশব্যাপী অসন্তোষ নিবারণ হয় তজ্জন্য চেষ্টা করিবার জন্য অনুরোধ করিয়াছেন।

লোহার কারবার

করগেট টীন, জানালার গরাদে দালানের ফুলদার রেলিং ও থাম ভেড়ঘেরা কাঁটাতার ইত্যাদি সুলভে বিক্রয় করি

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠভরণের

জ্বরাশনীর পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

মফঃস্বলের গ্রাহকগণ জন্য ৩ আঃ শিশিতে বন্দীকৃত অবস্থায় ডাকযোগে সর্ব্বত্র ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ।০ আনা, পাইট ৸৵০ আনা, বোতল ১৸০ আনা।

অফিস—১১নং শ্রীকান্তাজা রোড, পোঃ আজম কলিকাতা

মদন মঞ্জরী

বটিকায় বল ও বাধুর্য্যোর, ইন্দ্রিয়শক্তির হ্রাস, অম্বল, অজীর্ণ, অজীর্ণ বমন, মাথাঘোরা, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি সকল রোগ নির্দ্দোষ আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বড়ি ১৲ এক টাকা।

"অপূর্ব্ব সঞ্জীবনী ঘৃত"

পুরুষত্বহানি রোগে বহুপ্রয়োগে ১.৪ আরোগ্য করিয়া পরিক্ষেপন করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

"মন্মথবিলাসিনী বটিকা"

বীর্য্যবর্দ্ধক ও স্মরণশক্তি রক্ষা ও বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১০ বড়ি ১৲ এক টাকা।

রাজবৈদ্য নারায়ণজী, কেশবজী

১৭৭নং হারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন.

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের ছোকা শিশি বাদাম তৈল

খাঁটি ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্ব্বজন পরীক্ষিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জোয়াচোরগণ কর্ত্তৃক কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত.

কেরাস কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার জ্বর

উহাতে উপযুক্ত মাত্রায় আইরন, হাইড্রোক্লোর কুইনিন্, আর্সেনিক এবং ষ্ট্রিকনিন আছে।

এই কেরাস-কুইনিন্ দ্বারা ইনজেকসন করিলে একটী বা দুটী ইনজেকসনেই সকলপ্রকার-ক্রনিক ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং ছয় হইতে বারটী ইনজেকসনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া দেয় ও রক্তপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ১২ ৩৲ টাকা

নাইড-কেমিক্যাল এণ্ড ফ্রিমিক্যাল ম্যানুফ্যাকচারিং ওয়ার্কস। ২৩১ হ্যারিসন রোড, কলিকাতা

সাময়িক প্রসঙ্গ

জাগতিক সংবাদপত্রসমূহ একটু পুরাতন হইয়া গেলে তাহার আর আদর থাকে না, এমন কি তাহাকে একেবারেই দূরে নিক্ষেপ হইয়া গেলেই তাহা 'বাজে কাগজে'র মধ্যে পরিগণিত হইয়া থাকে। কিন্তু পারমার্থিক সংবাদপত্র সম্বন্ধে বর্ত্তে—যুগযুগান্তরেও পুরাতন হইলেও তাহা নিত্য নূতন আদরের বস্তু। শ্রীভগবান্ এবং শ্রীভগবৎকথা অভিন্ন-বস্তু। শ্রীভগবান্ নিত্য নূতন প্রাচীন পুরাণ পুরাতন সনাতন বস্তু, তাঁহার কথাও সুতরাং তাহাই। ভগবৎ কথা পুনঃ পুনঃ অভ্যাস বা অনুশীলন করিলেও তাহার নূতনত্ব বিগত হইবার নহে, বরং যতই আলোচনা করা যায়, ততই তাহাতে আনন্দের সমুদ্র নিত্য বর্দ্ধমান হইয়া বৃদ্ধি পাইতে থাকে। নদীয়া-প্রকাশ, গৌড়ীয় ও ভাগবত-নিষ্ঠ সাধক দৈনিক, সাপ্তাহিক ও মাসিক পারমার্থিক পত্রের পাঠকের নিকট পুরাতন হইবার বস্তু নহে, এমন কি তাহা নিত্যকাল সাদরে সংরক্ষণীয়। বর্ত্তমানে অভিজ্ঞাভিজ্ঞোপরত্ত জনগণ তাঁহাদের কথার নিগূঢ় উপলব্ধি না হইলেও এমন একদিন আসিবে, যখন আমরা তাঁহাদের কথা আস্বাদনের জন্য একান্ত লালায়িত হইব।

আমরা "সাধু ও মহতের বাক্যের মর্য্যাদা না বুঝিবার ভাব" বর্ত্তমানে অতিমর্ত্ত্য যুগপ্রবর্ত্তক মহাপুরুষের বাণীর মূল্য বুঝিতে না পারিয়া তাহা সংরক্ষণের জন্য সেরূপ যত্ন করিতেছি না, কিন্তু পরিণামে আমাদের তজ্জন্য যথেষ্ট অনুশোচনা ভোগ করিতে হইবে। এই কোটি কণ্টকাকীর্ণ ভক্তিপথে চলিবার সময় মহাপুরুষের বাণী আমাদিগকে নানা বিপদ হইতে রক্ষা করিয়া থাকেন। বর্ত্তমানে ভোগোন্মুখ ইন্দ্রিয়বেগে বশীভূত হইয়া আমরা ভক্তিপথে অগ্রসর হইবার কোন প্রয়োজন না বুঝিয়া 'যত মত তত পথ' প্রভৃতি বলিয়া মনকে সান্ত্বনা প্রদান করি বটে, কিন্তু একদিন আমাদের এই বিষম ভুলটি ভাঙ্গিবে, একদিন আমরা জানিব যে একমাত্র ভক্তিপথানুসরণ ব্যতীত গত্যন্তর নাই। যখনই সেই পথ-প্রদর্শক, সুতরাং তাঁহার বাণীর মূল্য তখনই উপলব্ধির বিষয় হইবে। বুদ্ধিমান জনগণ পূর্ব্ব হইতেই সাবধান হইয়া নিজের ও পরের মঙ্গলের জন্য গ্রন্থে ও সাময়িক পত্রাদিতে মহাজনোপদেশ লিপিবদ্ধ করিয়া রাখেন, তাহা যতই আলোচনা করা যায়, ততই চিত্ত নির্ম্মল হইতে থাকে এবং ভগবদ্ভজনের জন্য আগ্রহ বর্দ্ধিত হয়।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

১০১

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর ·২৯শে জ্যৈষ্ঠ বৃহস্পতিবার—১৩৩৭

বৈকুণ্ঠবার্ত্তাবহ গ্রাম্য বার্ত্তাবহের ন্যায় অপ্রয়োজনীয় বোধে পরিত্যাজ্য নহে

বৈকুণ্ঠবার্ত্তা অতি পুরাতন হইলেও নিত্য নূতন, তাহা ভক্তগণেরই আস্বাদ্য বিষয়

মহাপুরুষের বাণী গ্রন্থ ও সাময়িক পত্রে অতি যত্নে সংরক্ষণীয়, তাহাই শ্রেয়ঃপন্থীর নিত্যালোচ্য বিষয় ভগবদারাধনাই জীবের চেতনের পরিচয়; তদ্ব্যতীত জীব—জীবন্মৃত বা জীবন্মৃত

যদি টাম পাউলের মত মহাজনানুমোদিত না হইলে তিনি তাহা প্রচারের অধিকারী নহেন

সদ্গুরু-কৃপালব্ধ শুদ্ধভক্তিসিদ্ধান্তবিৎ আচারবান্ পুরুষই গুর্ব্বাদিষ্ট হইয়া প্রচার-কার্য্যে ব্রতী হইবেন, নতুবা জগদ্বিনাশ অবশ্যম্ভাবী

কৃষ্ণেতর বিষয়াসক্ত জড়েন্দ্রিয়তর্পণারামী, কর্ম্মী, জ্ঞানী ও প্রাকৃত সহজিয়ার ভাগবত পাঠাধিকার নাই

শ্রীচৈতন্যপাদপদ্ম একান্তভাবে আশ্রয়পূর্ব্বক শ্রীচৈতন্যভক্ত বা শুদ্ধ-চিদ্বৃত্তির অনুশীলনকারীর আনুগত্যে তন্মুখ-নিঃসৃত ভাগবত-শ্রবণ-ফলে শুদ্ধভক্তি-সিদ্ধান্ত-জ্ঞান লাভ, তাহাই বিদ্যা ও পাণ্ডিত্যের ফল

ভক্তিসিদ্ধান্তবিৎ পণ্ডিত ব্যতীত কৃষ্ণের স্বরূপলীলা বর্ণনে আর কেহই সমর্থ নহেন

মহাত্মা তোতা-কথিত ত্রয়োদশ অপসম্প্রদায়ের সঙ্গ শ্রেয়োলাভার্থীর পক্ষে সর্ব্বতোভাবে বর্জ্জনীয়

সাধকের অনর্থযুক্ত অবস্থায় রাগমার্গে প্রবেশাধিকার নাই

সদ্গুরু-কৃপায় প্রাকৃতকাম-কথায় পরিশূন্য মুক্তাদর্শের গোপীভাবে কৃষ্ণানুশীলনের লোভ শুদ্ধচিত্তে স্বতঃপ্রকাশিত হয়

নিত্যসিদ্ধ অপ্রাকৃত সহজভাবের অনুধরে কৃত্রিমভাবে তদ্ভাব-ভাবিতের ন্যায় চেষ্টা প্রদর্শনকারীই কপট প্রাকৃত সহজিয়া

নড়াইল মহকুমায় শুদ্ধভক্তি প্রচার-প্রসঙ্গ

নড়াইল—শুদ্ধভক্তি মন্দাকিনীর ভগীরথ শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের পদাঙ্কপূত (১৮৭৮-১৮৮০ খ্রীষ্টাব্দ) বৈকুণ্ঠবার্ত্তাবহ সজ্জনতোষণীর প্রথম প্রচার-ক্ষেত্র, সুতরাং এই স্থান ভক্তগণের বিচারে মহাতীর্থ-স্বরূপ

জীবের স্থূল ও লিঙ্গসত্তার জ্ঞান চিজ্জগতের সংবাদ-সংগ্রহে উপযুক্ত নহে, স্বরূপসত্তার জ্ঞান বা আত্মজ্ঞানই তাহাতে উপযুক্ত

বর্ত্তমানে অধিকাংশ বালক-বালিকা, যুবক-যুবতী, বৃদ্ধ ও বৃদ্ধাগণের চিত্তে এ একটী ভগবদ্বহির্ম্মুখী বাসনা অত্যন্ত প্রবলা হইয়া উঠিয়াছে যে, 'আগে বাঁচ' ! পরে ভগবানের নাম ইহার যে কি অর্থ তাহা আমরা বুঝি না। ভগবদ্বিমুখ হইয়া বাঁচিয়া থাকায় কি সার্থকতা আছে? পশুত্ব হইতে মানবত্বে কি কিছুমাত্র পার্থক্য থাকিবে না? ভগবদারাধনাই জীব মাত্রের চেতনতার পরিচয়, তাহা না থাকিলে জীব 'ত' জীবন্মৃত বা জীবন্মৃত। ভগবদ্-বিমুখভাবে প্রচার করিয়া জগজ্জীবের কি মঙ্গল সাধিত হইবে, তাহা আমরা বুঝিয়া উঠিতে পারিতেছি না।

কুমিল্লাউন ও ডাক্তার বাউনদের সম্প্রদায়—"নবীন সেবকগণকে বক্তৃতা শিক্ষার উপদেশ দিয়া দেশ দেশে প্রচারার্থ প্রেরণ।" সর্ব্বাগ্রে নবদীক্ষিত সেবকগণেই কিরূপ অলৌকিক আছেন, তাহা জগৎকে না জানাইয়া সেই নবদীক্ষিত সেবকগণকে বক্তৃতা শিক্ষা দিয়া দেশে দেশে প্রচার করাইয়া কিরূপ ফল হইবে, বুঝা যায় না। কুমিল্লাউন-সম্প্রদায় বক্তৃতা শিক্ষা দিয়া তাঁহাদের সেবকগণকে ভক্তির পরিকূল আচরণ শিখাইয়াছেন, সেইরূপ শিক্ষাদান সর্ব্বতোভাবে গর্হণীয়।

"আপনি আচরি' ধর্ম্ম জীবেরে শিখায়। আপনে না কৈলে ধর্ম্ম শিখান' না যায়॥" ইহাই মহাপ্রভুর উপদেশ। এক্ষণে, দেখিতে হইবে, আমি নিজে যাহা আচরণ করি, তাহা আদৌ মহাপ্রভুর অনুমোদিত শুদ্ধভক্তিসিদ্ধান্ত-সম্মত কিনা, যদি হয়, তাহা হইলে তাহার প্রচারে জগন্মঙ্গল সাধিত হইতে পারে; কিন্তু যদি তাহা মহাজনানুমোদিত না হয়, পরন্তু তাহা ভক্তিসিদ্ধান্ত-বিরুদ্ধ হয়, তাহা হইলে তাহার প্রচার সর্ব্বতোভাবে বন্ধ করাই বাঞ্ছনীয়। কতকগুলি সংস্কৃত শ্লোক ও বাঁধা গদ মুখস্থ করাইয়া দিলেই যদি বক্তা হওয়া যাইত, তাহা হইলে আর কথা ছিল না। বক্তার আদর্শ চরিত্রময় জীবন চাই, বক্তার কথা এবং কার্য্য পৃথক্ হইলে চলিবে না, বক্তা স্বয়ং নিষ্কপট হইলে তিনি মনুষ্যমাত্র ত্রাণ হইলে তিনি বহুলোকের সর্ব্বনাশ ঘটাইয়া বসিবেন। বক্তাকে সদ্গুরু-পদাশ্রিত হইয়া শুদ্ধভক্তিসিদ্ধান্তে পারঙ্গত হইতে হইবে এবং শ্রীগুরুদেবের আদেশ-ক্রমে বক্তৃতায় প্রবৃত্ত হইতে হইবে; নতুবা কনক, কামিনী, প্রতিষ্ঠার্জ্জনের পন্থা-স্বরূপ হইলে, তাহা নরকগমনের সহজ উপায় হইল। আদৌ শুরু-মুখ নিঃসৃত বাক্য শ্রবণ করিয়া পশ্চাতে সেই শ্রুত বিষয়ের কীর্ত্তনই বিধেয়। কে সদ্গুরু, কে সৎশিষ্য, কে শ্রৌতপথানুসরণে শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী কীর্ত্তনে রত হইয়াছেন, তাহা বিচার না করিয়া আমরা যে সে লোককে বক্তা সাজাইতে প্রস্তুত নহি। শ্রীমদ্ভাগবত মধ্যস্থ হউন, বক্তার ব্যাখ্যা বিচার হউক, বক্তা শুদ্ধভক্তিসিদ্ধান্তসম্মত শ্রীগুরুর আনুগত্যে কীর্ত্তন করেন কিনা দেখা হউক, পরে তাঁহাকে মহাপ্রভুর কথা কীর্ত্তনে অধিকার দেওয়া হইবে।

সহজিয়ার ভাগবত পাঠ

(পণ্ডিত শ্রীপাদ নিত্যানন্দ সেবাতীর্থ ভক্তিশাস্ত্রী বি, এ বি, টি,)

আসাম প্রদেশের ঠিক কাছে স্থানে অবস্থিত "বৃন্দাবনীয়া ধর্ম্ম সভা" নামে পরিচিত একজন সহজিয়া সম্প্রদায়ের সামান্য কিছু লোক সংস্পৃষ্ট এই পরিকার স্বাক্ষর করা হইয়াছে; অদ্য অসমর্থ হয় আরও কিছু করা হইতেছে। তাঁহার ও তাঁহার শিষ্যবর্গের চরণে

আমাদের এই নিবেদন, তাঁহারা যেন অসত্যের পক্ষপাতী হইয়া আমাদের এই লেখাকে উপেক্ষা না করেন।

[illegible] বাবাজির [illegible] ভাগবত-পাঠ [illegible] [illegible] বৈষ্ণব বলিয়াছেন। [illegible] বলিয়াছি। [illegible] পাঠে কোন [illegible] নিবেদনা [illegible] পাঠ প্রবণে [illegible] নাই। অধিকার [illegible] ভাগবতের পাঠ যে বক্তা ও [illegible] নরকের পথের যাত্রী [illegible] তাঁহারা তাঁহাকে [illegible] পারিবেন। ইহাতে অদ্বয়-জ্ঞানী বাবাজি মহাশয়ের তাঁহাদের উপর আক্রোশ ছিল এবং তাহা তিনি আমার নিকট অতি অসংযত ভাষায় প্রকাশও করিয়াছিলেন।

ভাগবত পাঠের অধিকার নির্ণয় সম্বন্ধে শাস্ত্র [illegible] কি বলিয়াছেন, তাহার অতি সামান্য মাত্র আমরা আজ এখানে আলোচনা করিব।

শ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থে দেখিতে পাই—

"যাহ ভাগবত পড় বৈষ্ণবের স্থানে।
একান্ত আশ্রয় কর চৈতন্য-চরণে॥
চৈতন্যের ভক্তগণের নিত্য কর সঙ্গ।
তবে ত' জানিবা সিদ্ধান্ত-সমুদ্র-তরঙ্গ॥
তবে পাণ্ডিত্য তোমার হইবে সফল।
কৃষ্ণের স্বরূপ-লীলা বর্ণিবা নির্মল॥"

উপরিউক্ত বাক্যাবলী প্রমাণিত হইতেছে যে ভাগবত প্রধানতঃ বৈষ্ণবের স্থানে শ্রবণ করিতে হইবে, শ্রবণের পর [illegible] নিরন্তর কীর্তন করিতে হইবে। এই চৈতন্যদেবের একান্ত আশ্রয় না হইলে এই শ্রবণ কার্যটি হয় না। অন্যাভিলাষ [illegible] প্রবল থাকে। কামিনী কাঞ্চন প্রভৃতি কৃষ্ণেতর বস্তুর প্রতি যে প্রীতি এই অন্যাভিলাষ রোগের কারণ। [illegible] কৃষ্ণের চিন্ময়ী কৃপা [illegible] বুদ্ধিতে যে কৃষ্ণের কীর্তন, উহা [illegible] কীর্তন। অতএব কীর্তন দ্বারা বক্তা ও শ্রোতার উভয়ের অহংকারেরই উত্তেজনা হইয়া থাকে। এই অহংকার জীবকে স্থূল ও লিঙ্গদেহকে আশ্রয় করিয়া চতুর্দশ ভুবনাত্মক ব্রহ্মাণ্ডে পরিভ্রান্ত হয়। একমাত্র [illegible] আত্মার অপ্রাকৃত বৈকুণ্ঠলোকে বসতি স্থাপনে থাকিতে পারে না। অতএব তখনও [illegible] ভোগ্য জগতের লালসায় উত্তেজিত করে; [illegible] ভোক্তা সাজিয়া, অন্ত ইন্দ্রিয়তর্পণ—এই পার্থিব মর্ত্য-চতুষ্টয়ে আবদ্ধ থাকিয়া [illegible] অনির্দিষ্ট করে, আবার কখনও তাহাকে আত্ম [illegible] দুঃখনিবৃত্তিরূপ ব্রহ্মভূত-ভোগ-লালসা চরিতার্থের জন্য নির্বিশেষবাদ আলোচনায় নিয়োজিত করে। এই দুই শ্রেণীর কেহই ভাগবত পাঠের অধিকারী নহেন। উহারা সকলেই অবৈষ্ণব।

কৃষ্ণমন্ত্রগ্রহণকারী ব্যক্তি মাত্রেই বৈষ্ণব বলা যাইবে না। তিনি অনর্থ-নিবৃত্ত হওয়া মাত্র বৈষ্ণব হইতে পারিবেন [illegible] মন্ত্রগ্রহণ পূর্বক হরির সেবায় নিযুক্ত থাকেন, তাঁহাকে বৈষ্ণব বলা যাইবে। [illegible] বৈষ্ণবের [illegible] ভক্তি বহুকাল হইতে আছে। [illegible] যখন বৈষ্ণব-সমাজে [illegible] লাভ করিয়া বিমল বৈষ্ণবধর্মের গৌরব বিনষ্ট করিতেছিল, তখন ভক্ত-সমাজকে রক্ষা করিবার জন্য শ্রীল গোস্বামী নামে একজন বৈষ্ণবাচার্য বঙ্গে আবির্ভূত হন। [illegible] প্রায় [illegible] বৎসরের কথা। তিনি [illegible] সম্প্রদায়ে বিভক্ত দেখিয়া বৈষ্ণবগণকে উহাদের সঙ্গ হইতে দূরে অবস্থান করিতে আজ্ঞা করেন, যথা,—

আউল, বাউল, কর্তাভজা, নেড়া,
দরবেশ, সাঁই।
সহজিয়া, সখীভেকী, স্মার্ত, জাত-
গোসাঞি
অতিবাড়ী চূড়াধারী, গৌরাঙ্গ-নাগরী।
তোতা কহে, এ তেরর সঙ্গ নাহি

শ্রীচৈতন্য-প্রতিষ্ঠিত গৌড়ীয় বৈষ্ণব-সম্প্রদায়ের চিহ্ন এই জগতে আছে শ্রীল নরোত্তম ঠাকুর হইতে আরম্ভ করিয়া শ্রীল গৌরকিশোর বাবাজি মহারাজ, বৈষ্ণব-সার্বভৌম শ্রীল জগন্নাথ বাবাজি মহারাজ, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর, বর্তমান যুগাচার্য ও বিষ্ণুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ সকলেই এই সমস্ত অপসম্প্রদায়ের কুৎসিৎ মতকে খণ্ডন করিয়াছেন।

এই সমস্ত অপ-সম্প্রদায়ের মধ্যে সহজিয়া সম্প্রদায়টি বঙ্গ ও আসামের কোন কোন স্থানে বিস্তৃতি লাভ করিয়াছে। বাবাজি মহাশয় এই সম্প্রদায়ভুক্ত এবং তাঁহার চিত্ত-প্রণালীও ঐ প্রকার। সহজিয়ারা স্বয়ং শ্রীরাধাকৃষ্ণের ভজন করেন বলিয়া অভিমান করেন। প্রকৃত প্রস্তাবে দেহে, আমি পুরুষ, সে স্ত্রী, ইত্যাকার বুদ্ধি বর্তমান থাকা কালে কাহারও পরমার্থে প্রবেশাধিকার ঘটে না। কেবল 'পরমার্থ' 'পরমার্থ' বলিয়া চীৎকার করিলে জীব অনর্থনির্মুক্ত হয় না। তাই প্রেমবিবর্ত গ্রন্থে শ্রীল জগদানন্দ ঠাকুর লিখিয়াছেন—

গোপী ভাব যদি, চিত্তে আচরি
শ্রীহরি পাইবে সেই।
স্ত্রী পুং ব্যবহার, মানিক যাহার
চিত্তে গোপিনী সেই॥

উহার তাৎপর্য এই যে তাহার যে জড়জগতে প্রাকৃত-লিঙ্গ অভিমান প্রবল, বিকার-পর্যায়ে গণ্য করিয়া উহার অত্যন্ত নিবৃত্তি না হইলে সাধক নিজের চিত্তকে বাসনা হইতে দূরে রাখিতে পারিবেন। অনর্থ-নিবৃত্তির সহিত জীবের সমস্ত প্রকার প্রাকৃত বাসনার নিবৃত্তি হইলে সে স্বরূপে কৃষ্ণানুশীলনের যোগ্যতা স্বতঃ প্রকাশিত হয়।

শুদ্ধভক্তি প্রচার

গত ২২শে মে হইতে ৩০শে মে পর্যন্ত ত্রিদণ্ডি স্বামি শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ বিনোদনগর, [illegible], কুচবিহার, [illegible] ও [illegible] প্রভৃতি স্থানে কীর্তন-মুখে শুদ্ধভক্তির কথা প্রচার করিয়া গত ৩০শে মে ১৬ই জ্যৈষ্ঠ শুক্রবার [illegible] উকীল শ্রীযুক্ত বিধু ভূষণ ভৌমিক মহাশয়ের বাসায় শুভাগমন করেন। সেই দিন ও তৎপর দিবস (১লা জুন) আশ্রয় কলেজ হলে সনাতন ধর্ম সম্বন্ধে বক্তৃতা করেন। স্থানীয় সব-ডিভিসনাল অফিসার-প্রমুখ বহু শিক্ষিত গণ্যমান্য লোক সভাতে উপস্থিত ছিলেন। বক্তৃতায় স্বামিজী উহার কৃপালু প্রভু ও বিষ্ণুপাদ শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের পাদপদ্ম, এই স্থানের কথা উল্লেখ করিয়া বলেন যে, এই স্থান তীর্থ-স্বরূপ। কারণ ওঁবিষ্ণুপাদ শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর ১৮৭৮ ১৮৮ সাল পর্যন্ত [illegible] সজ্জনতোষণী নামে একটি মাসিক বৈষ্ণব-পত্রিকা প্রকাশ করেন। তৎকালে বৈষ্ণব-জগতে তাহাই একমাত্র [illegible] পত্রিকা ছিল। বর্তমানে [illegible] প্রায় জগতের সর্বত্র প্রচারিত হইতেছে, শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরই সেই শুদ্ধভক্তি ধর্মের [illegible] স্বামিজী শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের এইরূপ অনেক অলৌকিক লীলার কথা উল্লেখ করিয়া [illegible] প্রচার করিয়া শ্রীমন্মহাপ্রভুর [illegible] 'কীর্তনীয়ঃ সদা হরিঃ' এই শ্রীচৈতন্য-বাণীর প্রচার করেন। পরে বহুক্ষণ পর্যন্ত বৃন্দাবনী ও নবদ্বীপী অনেক উপদেশ প্রদানে শ্রোতৃবৃন্দের আনন্দ বর্ধন করেন। সকলেই অতিশয় চিত্তে প্রত্যহ তিন ঘণ্টাকাল স্বামিজীর গম্ভীর গবেষণা পূর্ণ বক্তৃতা শ্রবণ করেন। পরে কীর্তনান্তে সভা ভঙ্গ হয়।

বিগত ২০শে জ্যৈষ্ঠ মঙ্গলবার ও ২১শে জ্যৈষ্ঠ বুধবার স্থানীয় [illegible] অফিসার শ্রীযুক্ত কিরণ চন্দ্র ঘোষ মহাশয়ের আমন্ত্রণে তদীয় সেরেস্তায় দুই দিন সভায় শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। সভাতে সব্‌-ডিভিসন্যাল অফিসার শ্রীযুক্ত বাবু [illegible] [illegible] ও তাঁহার ব্যাসেবার, [illegible] প্রভৃতি বহু উচ্চ-শিক্ষিত গণ্যমান্য লোক উপস্থিত ছিলেন। সকলেই স্বামিজীর মুখে নির্মৎসর সাধুগণের পরম নিধি অমল পুরাণ পরমহংস-বিজ্ঞান শ্রীমদ্ভাগবতের অপূর্ব অদ্ভুত ব্যাখ্যা শ্রবণে পরমানন্দিত হইয়াছেন। শ্রোতৃবর্গ স্পষ্টই বুঝিতে পারিয়াছেন যে, [illegible] এবং [illegible] প্রভৃতি দুর্বোধ্য সত্যের সমস্ত কথা [illegible] করিয়াছিলেন; অপর দিকে [illegible] পুরাণরাজ শ্রীমদ্ভাগবত [illegible] ব্যাখ্যা করিয়া সমাজের কত অমঙ্গল আনয়ন করিয়াছে ও করিতেছে, তাহাও সভার সভ্যবৃন্দ সকলেই বেশ বুঝিতে পারিয়াছেন। এবং [illegible] শ্রীগৌড়ীয় মঠের আচারবান প্রচারকগণের মুখে এইরূপ [illegible] কথা শুনিবার সৌভাগ্য পান, তজ্জন্য স্বামিজীর নিকট বিশেষ আগ্রহ প্রকাশ করেন। পর দিবস মঠের [illegible] স্বামিজী সদলবলে কলিকাতা গৌড়ীয় মঠে প্রত্যাবর্তন করেন।

তত্ত্ব কথা

(শ্রীপাদ সুদর্শন সনাতন দাস ভক্তিশাস্ত্রী)

মানবের বদ্ধ ও মুক্ত ভেদে দুই প্রকার অবস্থা। বদ্ধ জীব সত্ত্বরজস্তমো-গুণ ত্রিগুণাত্মক প্রাকৃত বিকারের অধীন। এই অবস্থায় জীবের স্বরূপ, লিঙ্গরূপ ও স্থূলরূপ-বিশেষে তিনটী পৃথক্ পৃথক্ সত্তা থাকে।

চক্ষু কর্ণ নাসিকা জিহ্বা ত্বক্ এই পঞ্চেন্দ্রিয় বিষয় সংস্পর্শে যে জ্ঞান সংগ্রহ করে তাহার নাম স্থূল জ্ঞান। এই স্থূল জ্ঞান মানবের স্থূল সত্তার আবদ্ধ থাকে।

স্থূল জ্ঞান যখন সঙ্কল্প-বিকল্পাত্মক মনোযোগে মনে নীত হয় ও কল্পনা বিভাবনা প্রভৃতি বিবিধ মানস-বৃত্তিতে নূতন একটী জ্ঞানের অবস্থায় পরিণত হয়, তখন সেই জ্ঞানকে লিঙ্গসত্তার জ্ঞান বলে।

যোগসিদ্ধ পুরুষগণ যে লিঙ্গ জগতের সূক্ষ্ম জ্ঞান লাভ করেন, তাহাও জীবের লিঙ্গ সত্তার জ্ঞান মাত্র। স্থূল ও লিঙ্গরূপাত্মক মায়াতীত জ্ঞান প্রাকৃত চিদ্ধর্ম জ্ঞান নহে, সুতরাং চিদ্গতের সংবাদ সংগ্রহে সম্পূর্ণ অক্ষম।

জীবের স্বরূপ-সত্তার যে জ্ঞান আছে এবং উদিত হয়, তাহাই চিদ্গত মায়াতীত জ্ঞান। উহাই শুদ্ধ অপ্রাকৃত জ্ঞান। অষ্টাঙ্গ যোগ, জ্ঞানযোগ প্রভৃতি মানবের যোগবাদ আশ্রয়ে জ্ঞানের কোন উপকার হয় না।

গৌড়ীয় মঠ-প্রকাশ

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

কাব্য-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাপড়ে বিলাতী ধরণে বাঁধাই স্বর্ণালঙ্কৃত। চতুর্থ সংস্করণ। বিস্তৃতবিষয় সূচীসহ

জৈবধর্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

[illegible] বেদ, বেদান্ত, উপনিষৎ, গীতা, শ্রীমদ্ভাগবত, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প লোকের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার সাহেব ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই—২৲ দুইটাকা

আধবাঁধা—১॥০ দেড়টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্তব্য ও নৈতিক সামাজিক কর্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম কি? ধর্ম, সমাজ, নীতি, ধর্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসংকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য

ভিক্ষা ৵০

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৵০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নবটী দ্বীপ-সমন্বিত। এই নব দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৬০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

উজ্জ্বল রোয়্যাল কার্টিজ উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উদ্গম হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শ্রীহরিনামচিন্তামণি

ঐ ।৵০ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী এবং শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে বিবৃত হইয়াছে। ইহা দ্বারা শ্রীশ্রীমন্মহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা ⁄০ আনা

দেহ ও মনের চেষ্টা অনিত্যবস্তু লইয়া—ইহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাহার কোন কাতর আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাগত হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্মসমর্পণমূলক গান। অষ্টম সংস্করণ প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড ⁄০ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— ⁄০, নবদ্বীপশতক— ⁄০

অর্থপঞ্চক—⁄০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা ⁄১০

আমরা প্রত্যহ নূতন অভাব ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন বস্তু আমাদের নিত্য কল্যাণপ্রদ এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিকই কল্যাণের কল্পতরু; ইনি প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদান [illegible]

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত অনুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয় সংযোজিত প্রায় ৯২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজের বাঁধা ১৷০

শ্রীবলদেব বিদ্যাভূষণ-কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোণার জলে নাম লেখা রাজসংস্করণ ২৲ টাকা, সাধারণ সংস্করণ ১৷০, গৌড়ীয়ের গ্রাহকপক্ষে ১৷০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সাম্প্রদায়িক কোষগ্রন্থ)

[illegible]—১। ভাগবতের বাহ্য ও [illegible], ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের [illegible], ৩। [illegible] ও শ্রীমধ্বের ও শ্রী [illegible] বিবরণ, ৪। [illegible] ও প্রবন্ধ-সমূহের [illegible] ও বিবরণ, ৫। [illegible] [illegible] তথ্য। [illegible] হইয়াছে। [illegible] খণ্ড ৸০, ২য় খণ্ড ৸৵০, ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড ৸৵০, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ

১ম খণ্ড ১৲ এক টাকা

২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ৸০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই বঙ্গানুবাদের অধিক প্রয়োজনীয় অংশ। [illegible] খণ্ড [illegible] ৬ সংখ্যায় ৯৬ পৃষ্ঠা [illegible] হইয়াছে।

শ্রীমন্মধ্বাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ⁄০ আনা

১। শ্রীমদ্ভাগবত—[illegible] ৫০
[illegible] গৌড়ীয় বা [illegible] গ্রাহক পক্ষে ⁄০
২। [illegible] শ্রীচৈতন্যচরিতামৃত (২য় সংস্করণ) ৫
৩। গৌড়ীয় গৌরব ৫০
৪। গৌড়ীয়-[illegible] ০
৫। [illegible] ৷০
৬। [illegible] ও শ্রী[illegible] (টীকা) ১
[illegible] ৷০
৭। [illegible] ৷৵০
৮। [illegible] ১৸০
[illegible] ৷০
৯। [illegible] (খাতা) ২৲
১০। [illegible] (প্রচারার্থ) ৷০
১১। [illegible] ২
১২। [illegible] (চতুর্থ সংস্করণ) ৸১
১৩। গৌড়ীয়-[illegible] ২৲
১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৸৵০
১৫। [illegible] ৶০
১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ৶০
১৭। [illegible] ৷০
ঐ ঐ [illegible] ৷০
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷০
১৯। [illegible] ([illegible]) ৶০
২০। [illegible] ৫০
২১। নবদ্বীপ [illegible] ৫০
২২। [illegible] ০
২৩। [illegible] ০
২৪। [illegible] ৫০, [illegible]
২৫। কল্যাণকল্পতরু ([illegible]) ৷০
২৬। [illegible] ৷৵০
২৭। [illegible]
২৮। [illegible] (প্রথম [illegible])
২৯। [illegible]
৩০। [illegible] ৸০
৩১। [illegible] ৷০
৩২। [illegible] ৸০
৩৩। শ্রীচৈতন্যভাগবত (দ্বিতীয় সংস্করণ) ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈব-প্রাপ্ত একমাত্র মহৌষধ, পনরদিনে যক্ষ্মা বা ক্ষয় কাশ সম্পূর্ণ আরোগ্য হইবে। বহু লোক যে শ্রী মৃত্যুমুখ হইতে রক্ষা পাইয়াছেন। (গরীব রোগীগণকে বিনা মূল্যে ঔষধ দিয়া চিকিৎসা করা হয়) বিস্তারিত জানিবার জন্য নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র উকীল পোঃ [illegible], জেলা [illegible]।

নদীয়া জেলার ও নিম্ন ঠিকানায় অনুসন্ধান করিতে পারেন—

[illegible] শ্রীযুক্ত মহানন্দ ব্রহ্মচারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রীযুক্ত [illegible], জেলা নদীয়া।

একখানি পত্র

[illegible] জানাইতেছি যে আমার ভ্রাতুষ্পুত্র কঠিন যক্ষ্মা রোগে আক্রান্ত [illegible] এবং কলিকাতার বহু প্রসিদ্ধ ডাক্তার মহাশয়গণ তাঁহার আশা একেবারে ত্যাগ করিয়াছিলেন, কিন্তু বাবু ক্ষিতীশচন্দ্র উকিল মহাশয়ের ঔষধ মাত্র [illegible] ব্যবহারে কাশী সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছে।

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী

জমিদার, জিলা ফরিদপুর।

মরা মানুষ বাঁচাইবার উপায়



যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাঁহারা নানাবিধ অনিয়মিত উপায়ে জীবনীশক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ স্নায়ুদৌর্বল্য, স্নায়বিক দুর্বলতা, বহুমূত্র, দুঃস্বপ্ন, পারদ-সংক্রান্ত পীড়া, স্বপ্ন এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, হাড়কা, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটান সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহারে আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১৷৹ টাকা মাত্র।

সোল এজেন্ট—ডাঃ ডি, ডি, হাজরা।

কতেপুর, গার্ডেনরিচ পোষ্ট, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

এখনও অপূর্ব্ব সুযোগ! পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম, এ প্রাজ্ঞ (লাহোর) মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত।

৫৭ খানি অপূর্ব্ব চিত্র সমন্বিত।

বিশ্বকোষ-সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইঃ) মরোক্কো বাঁধা ১৷৹ ডাকমাশুলে ২৲ দুই টাকা মাত্র।

গ্রন্থ প্রকাশ হওয়ামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পত্রসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোল্ড অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে টিটাগড়ের কাগজে ছাপা

ভিক্ষা—২৷৹ টাকা

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ. এফ.সি.এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্ব্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে ঠিক ব্যবস্থামতে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে বহুপুরুষ ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়

মকরধ্বজ (স্বর্ণসিন্দূর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আয়ুর্ব্বেদের গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।

নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাশি, সর্দ্দি, হাঁপানি, ক্ষয়রোগ, প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্ব্বলতা নাশক অত্যন্ত পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে স্নায়ুদৌর্ব্বল্য, শুক্রহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপার্থিব আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত দুরারোগ্য রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

বিশুদ্ধ জল! ভয় নাই! বিশুদ্ধ জল!!

লক্ষ্মী টিউব-ওয়েল কোং

২০৫নং নবাবপুর, ঢাকা

বর্ত্তমান-যুগের নব-আবিষ্কৃত যন্ত্রসাহায্যে উন্নত বৈজ্ঞানিক-খনন-প্রণালীতে নলকূপ (*Tube-well*) নির্ম্মাণ করা হয়। বঙ্গের লাট বাহাদুর, প্রাইভেট সেক্রেটারী, ডিস্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট, জিলা-বোর্ডের চেয়ারম্যান, ইঞ্জিনিয়ার, জমিদার, তালুকদার, প্রভৃতি সম্ভ্রান্ত ভদ্রমহোদয়গণ এই কোম্পানীর কাজ দেখিয়া প্রশংসা করিয়াছেন। রাসায়নিক পরীক্ষায় জল বিশুদ্ধ না হইলে মূল্য গৃহীত হয় না। বিস্তৃত বিবরণের জন্য পত্র লিখুন

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ লক্ষ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্ব্বত্র বিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটীর উল্লেখ করা হইল।

১। “আতঙ্ক-নিগ্রহ বটীকা”—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটীকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। “মণিতৈল”—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাকচিক করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্ব্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১৲ টাকা।

অন্যান্য আবিষ্কৃত

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান :—আতঙ্ক নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীরামপুর [illegible] প্রিন্টিং ওয়ার্কস্ হইতে— ডাঃ [illegible] ব্রহ্মচারী এম, এস, এফ কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইতেছে

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়মিশন হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে, সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৪৭শ খণ্ড প্রথ নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১০।৵০ সাধারণ পক্ষে ১১।৵০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।৵০।

দশমস্কন্ধের ভিক্ষা ১২৲, অগ্রিম সাহায্যদাতার পক্ষে ৮৲।

৭১ অধ্যায়ের কিয়দংশ পর্য্যন্ত বাদশ খণ্ড ছাপা হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষায় তৃতীয় সংস্করণ ৪৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০৲ টাকার এই বিরাট গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস-আদিকবি

শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫৲

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪।০ টাকা

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ ভিক্ষা ।৶০ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব্ব বাঙ্গালায় সুলভে সর্ব্বপ্রকার ছাপার জন্য বিখ্যাত বৈদ্যুতিক মেশিনে নিয়মমত কাজ চলিতেছে বিশেষ জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে পারেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত শুদ্ধ উপদেশ ভক্তি-কথা জানিবার সুবর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে:—

বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষা ও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	৷৲
সাধন পথ (শ্রীমহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	৷০
একত্রে ৩ খণ্ড লইলে	।০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৵০
একত্রে ৩খণ্ড লইলে	।০
গীতাবলী প্রতিখণ্ড	৶১০
একত্রে ৩ খণ্ড লইলে	৶১৫
শরণাগতি—প্রতিখণ্ড	৴০
একত্রে ৩খণ্ড লইলে	৶৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া—প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্য:—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীধামমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগৌরগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ,—গোড়াকুটী, পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিরুলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৩নং জগজ্জীবনপুরা, কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
১০। শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ পি।
১১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব।
১২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—১০নং নবাবপুর রোড, ঢাকা।
১৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।
১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাযোড়া, মানকর পোঃ, বর্দ্ধমান।
১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—কুমুরকোন্দা, চিরকুণ্ডা পোঃ, মানভূম।
১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ হনুমান রোড, নিউদিল্লি

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—৭নং দক্ষ লেন রোড, খুলনা।
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিশাস্ত্রী—রেঙ্গুনগঞ্জ, চন্দননগর ফুলবাড়ী কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামরঞ্জন রায়—৭৬।২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা
৪। মিঃ এন্ ডি, কুলাঙ্কি—এম, এস, অফিস দি মল, কানপুর।
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী গোস্বামী বন্দ্য—স্বরূপগঞ্জ, নদীয়া
৬। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।
৭ শ্রীবিধুভূষণ দে—মনমোহন প্রেস, নবাবপুর, ঢাকা।
৮। শ্রীদেবেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় বেড়াচাঁপা, ২৪ পরগণা
৯। শ্রীজানকীনাথ চট্টোপাধ্যায় এ, এম্, এস্, বালেশ্বর
১০। শ্রীপাদ খড়্গজিৎ ভক্তিপ্রভাকর বালেশ্বর।
১১। শ্রীপাদ নরোত্তম দাসাধিকারী ঐ

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

সারফালিন

টনিক ও সালসা পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার বসে হয়। "কলের পরিচায়ক"

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ৩।৪ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ খাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ বিষের জল খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে হয়রান হয়েন কেন? সুতরাং ।০ আনার সারফালিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট; এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ৷৵০ আনা, ডজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসারস্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কালকাতা।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা
সর্ব্বত্র পাওয়া যায়।

আসল ও খাঁটি
শিশি ৸০ আনা, ডজন ৮৲
ভিঃ পিঃ ও মোড়কের মাশুল স্বতন্ত্র।

যুগল-মূর্ত্তি মার্কা এবং বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

গবর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

মহর্ষি চরক শাস্ত্রোক্ত ভৈষজ্য উপাদানে খাটী কাচা রুকতিল তৈলে মৃগনাভি, কস্তুরী, গোলাপ, চামেলী, হেনা, চন্দন, কামস, বেলা, প্রভৃতি মূল্যবান্ মহাসুগন্ধি দ্রব্য সংমিশ্রণে প্রস্তুত বিধায় ছয় ঋতুতেই সমভাবে ইহার অনুলেপন গুণ ও গন্ধ উপলব্ধি হইয়া থাকে। ফলতঃ এই সর্ব্বগুণসম্পন্ন পরম পবিত্র ত্রিগুণ তৈল নিত্য ব্যবহারে সাধারণতঃ দৈহিক ও মানসিক অবসাদ নিশ্চয় দূর হইয়া থাকে।

পরন্তু সর্ব্বপ্রকার স্ত্রী বা পুরুষের ধমনীজ্বির ধাতুর দূষিত গুণ, জটিল ব্যাধি, মেহ, প্রমেহ, প্রদর, কটীশূল, বাধক, বহুবিকার, মূর্চ্ছা, মাথাধরা, মাথাঘোরা, আধকপালী, নিদ্রাহীনতা এবং সর্ব্বপ্রকার বাতরোগ ও নানা প্রকার ব্যাধির কীটাণু নাশকারী অব্যর্থ মহৌষধ।

বলা বাহুল্য, ইহা এরূপ শক্তি হিতকারী ঠাণ্ডা তৈল যে, পাগল ভাল হয়। যে কোন বাজে তৈল ক্রয়কালীন শিশির গায়ের লেবেলের উপর বড় ২ অক্ষরে আসল যুগল মূর্ত্তি মার্কা এজেণ্ট বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন, অন্যথায় ঠকিয়া দোকানদার জাল বা নকল তৈল বিক্রয় করিয়া আপনাকে ঠকাইবে। স্মরণ রাখিবেন বাজে জিনিষ বিক্রয় করিয়া ঠকাইতে পারিলেই খুব লাভ হয়।

এজেণ্ট—বটকৃষ্ণ পাল এণ্ড কোং ২৩নং বনফিল্ড লেন, কলিকাতা

টেলিগ্রামের নাম ও ঠিকানা— প্রকাশক / নবদ্বীপ

Registered No. C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩।০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

সাহায্যের হার অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ প্রতি সংখ্যা ৫

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [৮৭ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—৩০শে জ্যৈষ্ঠ ১৩৩৭ শুক্রবার ১৩ই জুন ১৯৩০

বিবিধ সংবাদ

সাইমন কমিশন হইতে গৃহীত বিলাতী সংবাদপত্রসমূহের মত

টাইমস বলেন—সাইমন রিপোর্টে প্রকাশ যে (১) ভারতবর্ষে বিভিন্ন ধর্ম ও মতাবলম্বী এত লোকের বাস যে বৃটিশ পার্লিয়ামেন্ট স্থাপন বা তদ্বারা সমগ্র ইউরোপ পরিচালিত হইতে পারে, কিন্তু এই সমস্ত ভিন্ন ভিন্ন শ্রেণী হইতে প্রতিনিধি গ্রহণ করিয়া সেই সমস্ত প্রতিনিধির উপর স্থাপিত একটী শাসন-তন্ত্রের দ্বারা ভারতবর্ষ পরিচালিত করা যায় না, (২) ভারতবাসীরা তাহাদের অসন্তোষ ও সুহবিধার জন্য তাহাদের নেতৃগণকে দাবী করিতে না শিখিলে তাহাদের শাসন-প্রণালী সম্বন্ধে উপযুক্ত জ্ঞান লাভ হইবে না।

ডেলি-হেরাল্ড সাইমন রিপোর্ট পাঠ করিয়া বলেন যে—ভারতবর্ষে স্বরাজ স্থাপনের সম্ভাবনা সম্বন্ধে কোনও আলোচনা দরকার নাই। বৃটেন স্বরাজ দিতে স্বীকার করিয়াছেন, তবে বাধা-বিঘ্ন অপসারিত করিবার জন্য বৃটেন ভারতবর্ষের নেতৃগণের সহযোগিতা পাইবার দাবী করিতে পারেন।

মর্ণিং পোষ্ট বলেন যে—সাইমন রিপোর্টে ভারতবর্ষের পর্য্যবেক্ষণ এত সাবধানে বর্ণন করা হইয়াছে এবং ইহা এত বিজ্ঞতার সহিত স্পষ্ট করা হইয়াছে যে ইহা হইতে কোনও সিদ্ধান্তে উপনীত হওয়া যায় না। তবে ভারতবর্ষকে সাহায্য করিবার প্রতিশ্রুতি রক্ষা করিতে গিয়া যদি ভারতবর্ষ ও ইংলণ্ড উভয়েরই ক্ষতি হয় তাহা হইলে সেটা ভাল নয়।

'ডেলি নিউজ' ও 'ক্রনিকাল' বলেন—

সাইমন কমিশন হইতে গৃহীত বিভিন্ন মত

সাহায্য সমিতি; ভাগলপুরে হৈ চৈ; বিচার ও দণ্ড, অনেক দোকান দগ্ধ; অদ্ভুত সাহেব চুরি; ওয়ালাজায় বন্দীগণের জেল; হোম মেম্বরের সহিত বোম্বায়ের প্রসিদ্ধ ব্যবসায়ীদের পরামর্শ

ভাইসরয়ের অভিমত

এই রিপোর্ট পাঠে জানা যায় যে, ভারতবাসীদের কল্পনা ত্যাগ করিয়া বাস্তবের জন্য পরিশ্রম করা আবশ্যক। ১৯১৯ সালের ব্যবস্থাপন সম্পূর্ণরূপে কার্য্য না করিলেও তাহা কার্য্যকারী হইয়াছে সুতরাং ভারতবর্ষ স্বায়ত্তশাসনের অনুপযুক্ত একথা বলা নিষ্ফল।

ডেলি টেলিগ্রাফ জানিয়াছেন—এই রিপোর্টে প্রকাশ যে, ভারতবর্ষে অবিলম্বে সম্পূর্ণ স্বরাজ দেওয়া সম্ভব না হইলেও ভারতবর্ষের অধিবাসিগণের মতামতের উপর ও তাঁহাদের স্ব স্ব স্বার্থের উপর বিশেষ ভাবে সহানুভূতি করা উচিৎ এবং তাহা হইলে ভারতবর্ষের প্রধান ব্যক্তিগণের ও লোকদের পরিবর্তন হইবে।

ম্যানচেষ্টার গার্ডিয়ান বলেন যে রিপোর্ট হইতে জানা যায় যে ভারতবর্ষ স্বাধীনভাবে স্বরাজ পাইবার অনুপযুক্ত নহে এবং ইংরাজ শাসন সম্পূর্ণভাবে সরাইয়া লইবার এখনও সময় হয় নাই।

কংগ্রেস দলের সম্পাদক মিঃ নলিনী রঞ্জন সরকারের সাইমন রিপোর্ট সম্বন্ধে অভিমত

মিঃ সরকার বলেন যে 'সাইমন কমিশন রিপোর্টের প্রথম খণ্ডে ভারতবর্ষ ও ইংলণ্ডের মধ্যে যাহা বিচার্য্য বিষয় তৎসম্বন্ধে কোনও কথাই নাই। বরং উক্তি ও সিদ্ধান্ত সকল আমাদের যে মীমাংসা আবশ্যক তাহার সাহায্য না করিয়া প্রতিবন্ধক হইবে। যদি ইংলণ্ড-পার্লিয়ামেন্টের ভারতবর্ষে স্বরাজ দিবার সম্বন্ধে কি কি বাধা আছে তাহা একত্রীভূত করিবার ইচ্ছা ছিল তাহা হইলে স্যার জন সাইমন সে বিষয়ে যথেষ্ট পারদর্শিতা দেখাইয়াছেন। স্যার জন সাইমন ও তাঁহার সহকারিগণ এই বিষয় সরল ভাবে আলোচনা করিলে তাঁহারা স্বরাজ দিবার প্রতিবন্ধক স্বরূপ যাহা নির্দ্দেশ করিয়াছেন সে সব স্বরাজ স্থাপনের পর আলোচনা হইলে ইহার ব্যর্থতা লক্ষ্য করিতে পারিবেন, কতকগুলি অবৈতনিক প্রচারকারী ও সাইমন রিপোর্টের বেসরকারি ক্ষমাপ্রার্থী ভিন্ন ভারতবর্ষে কোনও লোকই অদ্যকার প্রকাশিত সাইমন রিপোর্ট সম্বন্ধে উৎসাহশীল হইতে পারিবেন না।

সাইমন কমিশন সম্বন্ধে বিপিন চন্দ্র পালের মত

মিঃ বিপিন পাল বলেন যে প্রাথমিক পর্য্যালোচনা দ্বারা অনুমান হয় যে সাইমন কমিশনের সুপারিস ভারতবর্ষের বর্তমান অবস্থার যাহা আবশ্যক তাহা পূরণ করিবার পক্ষে পোষকতা করিবে না।

সাইমন কমিশন সম্বন্ধে উদারনীতি অবলম্বিগণের মত

লিবারেল ফেডারেশনের সভাপতি স্যার ফিরোজ সেটনা বলেন যে সাইমন কমিশনের সাত জন মধ্যে সকলেই বা কেহ কেহ যেরূপ ভাবেই হউন না, তাঁহারা সকলেই ভারতবর্ষকে যত কম দিতে পারা যায় এবং ইংলণ্ডের আধিপত্য যত বেশী দিন রক্ষা করিতে পারা যায় তৎসম্বন্ধে এক মত। এই রিপোর্ট ভাল করিয়া আলোচনা করিলে তাঁহাদের সিদ্ধান্তের উপরিউক্ত মত হইবে তাহা বেশ বুঝা যায়। স্যার চিমনলাল সেটালভাড় বলেন যে প্রকৃত উদ্দেশ্যের উপর আবরণ এত পাতলা যে সাইমন কমিশনের সুপারিস যে কি হইবে তাহা সহজেই অনুমান করা যায় তাঁহাদের সুপারিস ভারতবাসিগণের জাতীয় উচ্চাশা পূর্ণ করিতে অসমর্থ হইবে, তাহা স্পষ্টই বুঝা যায়।

কলের মালিকগণের সমিতির সভাপতি মিঃ এইচ পি মোদি বলেন যে সাইমন কমিশনের সিদ্ধান্ত সম্বন্ধে অনুমান করিবার জন্য প্রাথমিক রিপোর্ট বিশেষভাবে পর্য্যালোচনা করিতে চেষ্টা করা উচিত নহে। তবে একথা নিশ্চয় যে, ভারতবর্ষে অতি সামান্যমাত্র আশা পাইতে হইলেও তাঁহাদের সুপারিস আরও অনেক উদার হওয়া আবশ্যক।

নানা খবর

অদ্ভুত সাহেব চুরি

পাঠক অবগত আছেন যে চন্দন নগর হইতে কোয়েটা যাইবার রাস্তায় কাপ্তেন ও বিবি ক্রেয়ার এবং মেজর স্পার্ক সীব কেহ কতিপয় অজ্ঞাত লোকের দ্বারা অপহৃত হন। স্পার্ক সাহেবের মোটর চালক এই অপহরণের বিশদ বিবরণ প্রকাশ করিয়াছে। একদিন মেজর স্পার্ক চমন হইতে কোয়েটা যাইবার রাস্তার উপর মোটর চালাইয়া যাইতেছিলেন। হঠাৎ দেখা গেল যে রাস্তায় বড় বড় পাথর রহিয়াছে, সে সমস্ত এমন ভাবে সাজান যে অগ্রসর হবার উপায় নাই। মোটর থামাইবা মাত্র বারজন বিকটাকার লোক গাড়ী ঘিরিয়া ফেলিল। তাহারা সাহেব এবং মোটরচালককে গাড়ীতে বসিল এবং মোটরের চাবী লইলে বন্ধ করিয়া ফেলিল এবং সাহেব ও মোটর চালককে বাঁধিয়া রাখিল। এমন সময় কাপ্তেন এবং বিবি ক্রেয়ারের মোটর আসিয়া উপস্থিত হইল। দুর্বৃত্তরা তাঁহাদিগকেও বাঁধিয়া ফেলিল। তাহারা ড্রাইভারকে মোটর পাথর নদমায় ফেলিতে বলে কিন্তু তাহারা নিজ অসামর্থ্য জানাইল।

অবশেষে তাহারা সাহেবদ্বয় এবং মেমকে নিজেদের দেশের দিকে লইয়া চলিল। মেম সাহেব পথে অজ্ঞান হইয়া পড়েন। সাহেবদের একজন আক্রমণকারীরা একটী উট সংগ্রহ করে। তাহার উপর সাহেবদ্বয় এবং মেম সাহেব চড়িয়া যান।

যখন তাহারা দেশে পৌঁছিল, তখন তাহারা প্রকাশ করিল যে তাহাদের দেশীয় কয়েকজন লোককে ইংরাজেরা বন্দী করায় তাহারা এই কার্য্য করিয়াছে। তাহারা সাহেবদের নিকট হইতে দশ হাজার টাকা চায়। সাহেবেরা অস্বীকার করিলে, তাঁহাদের মুক্তির মূল্য পাঁচ হাজার টাকার মধ্যে একজন সাহেব কর্জপত্র লিখিয়া দেন। সাহেবদিগের নিকট হইতে ১০২ টাকা কাড়িয়া লইয়াছে, একটী ঘড়ি এবং মেমদের ও কাড়িয়া লয়, তবে ঘড়িটি ফেরৎ দিয়াছে।

স্ত্রীলোকের মুখবন্ধ

মেদিনীপুর হইতে সংবাদ পাওয়া গিয়াছে যে স্থানীয় কংগ্রেস-সেবী শ্রীমতী চারুশীলা দেবীর উপর ফৌজদারি কার্য্য বিধি আইনের ১৪৪ ধারা মতে নোটিশ দেওয়া হইয়াছে।

রায় সাহেবের দুঃখ

বাহাদিপুর কংগ্রেস কমিটীর সভাপতি রায় সাহেব গিরীন্দ্র নাথ রায় চৌধুরী মহোদয় গ্রেপ্তার হইয়া ফরিদপুরে আনীত হন। যাহা হউক, তিনি মুক্ত হইয়াছেন, তবে তাঁহাকে এই প্রতিশ্রুতি পত্র দিতে হইয়াছে "আমি গিরীন্দ্র নাথ রায় চৌধুরী, ফরিদপুর জেলার বাহাদিপুরের মোক্তার, ভারতীয় দণ্ডবিধি আইনের ১১৭ ধারায় অপরাধে আসামী। আইন অমান্য সম্পর্কীয় বর্ত্তমান আন্দোলনে অংশ গ্রহণ করিয়াছি তাহার জন্য আমি দুঃখ প্রকাশ করিতেছি। আমি বলিতেছি যে বর্ত্তমান আন্দোলন যতদিন চলিবে কিম্বা সরকার বাহাদুরের বিরুদ্ধে অন্য যে কোন বেআইনী আন্দোলন হইবে তাহাতে আমি যোগদান করিব না। দোহাই বাবার সবার। (অনু বাই অবার)

শিবির দখল

পুলিশ তমলুক শিবির দখল করিয়া সেখান হইতে অনাদি বাবুকে নিবৃত্তি ও গ্রেপ্তার করিয়াছে

কৈফিয়ত দাও

শান্তিপুরের মোক্তার, শ্রীযুক্ত বাবু অমূল্যচরণ মুখোপাধ্যায়, শ্রীযুক্ত বাবু বীরেন চন্দ্র বন্দ্যোপাধ্যায় এবং শ্রীযুক্ত বাবু ফণিভূষণ চক্রবর্ত্তী মহাশয় দিগের উপর নোটিশ দেওয়া হইয়াছে যে গত বৎসর যে তারিখে শ্রীমতী সরোজিনী নাইডু গ্রেপ্তারের দিনে হরতাল উপলক্ষে তাঁহারা মক্কেলদের কাজ করিবার জন্য আদালতে উপস্থিত হন নাই বলিয়া কেন লিগাল প্র্যাকটিশনার্স এক্ট অনুসারে তাঁহাদিগের বিরুদ্ধে কার্য্য করা হইবে না তাহার কারণ দর্শাইতে হইবে।

ওয়াডালার বন্দিগণের জেল

১৮ই জুন ওয়াডালা লবণ গোলা আক্রমণ জন্য বন্দীদের মধ্যে আর একদলের ১০১ জনের বিচার হইয়া ৭৮ জনের সশ্রম কারাদণ্ড হইয়াছে তন্মধ্যে ৪১ জনের ৩ মাস করিয়া এবং ৩৬ জন বালক বিধায় তাহাদের ১ দিন করিয়া কারাবাসের আদেশ হইয়াছে। বাকী আসামীগণ দণ্ড মাত্র থাকায় উক্তি করায় খালাস পাইয়াছেন।

হোম মেম্বারের সহিত বোম্বাইয়ের প্রসিদ্ধ ব্যবসায়ীদের পরামর্শ

ভাইসরয়ের অভিমত

ইণ্ডিয়া গভর্ণমেণ্টের হোম মেম্বার মিঃ এইচ. জি, হেগ বোম্বাই গভর্ণমেণ্টের হোম মেম্বর মিঃ হটসনের সহিত বোম্বাইয়ের প্রসিদ্ধ ব্যবসায়ী সর্দ্দার সুলেমান কাসিম মিটা, মিঃ বিকাভাই প্রেমচাঁদ, স্যার চুনীলাল মেটা এবং মিঃ এইচ, পি, মুডির সহিত সাক্ষাৎ করেন। ব্যবসায়ীগণ সরকার বাহাদুরকে বাংলার সাধারণের সহিত সরকার বাহাদুরের মিল হয় তজ্জন্য সরকার বাহাদুরকে যত্নবান হইবার জন্য অনুরোধ করেন। ভাইসরয়ের নিকটও এই বিষয়ে ইণ্ডিয়ান চেম্বার অব কমার্স পক্ষ হইতে আবেদন করা হইয়াছিল তাহার উত্তরে ভাইসরয় জানাইয়াছেন যে বর্ত্তমানে যে পন্থা অবলম্বিত হইয়াছে ইহাই বস্তুতঃ মিলনস্থা এবং ইহা পরিবর্ত্তন করিবার কোনও কারণ নাই।

সাহায্য-সমিতি

ঢাকার দাঙ্গায় যাহারা বিপন্ন ও দুঃস্থ হইয়া পড়িয়াছেন তাঁহাদের সাহায্য-কল্পে কলিকাতায় একটী সাহায্য-সমিতি গঠিত হইয়াছে। রাজা শ্রীজানকীনাথ রায় সমিতির সভাপতি নির্ব্বাচিত হইয়াছেন।

ভাগলপুরে হৈ চৈ

ভাগলপুরের বিহপুর নামক স্থানের শান্তি-আশ্রম পুলিশ দখল করিয়া লয়—ইহা পাঠক অবগত আছেন। এক আট স্বেচ্ছাসেবক উক্ত আশ্রম পুনর্দখল করিবার জন্য সত্যাগ্রহ করেন। পুলিশ ঐ স্বেচ্ছাসেবককে গ্রেপ্তার করে এবং তাঁহাদের সহিত যে মিছিল আসিতেছিল, সেই মিছিলের লোকদিগকে লাঠির দ্বারা আক্রমণ করে। নূতন কংগ্রেস আফিসের নিকটে বাজারে যে সমস্ত লোক অধিষ্ঠিত ছিল পুলিশ তাহাদিগকেও আক্রমণ করে। লাঠির আঘাতে অনেক লোক আহত হয়। প্রসিদ্ধ অধ্যাপক রাজেন্দ্র প্রসাদ এবং বলদেব সহায় গুরুতর আঘাত পাইয়াছেন।

ভাগলপুর কংগ্রেস কমিটীর সভাপতি এবং সম্পাদক গ্রেপ্তার হইয়াছেন।

পুলিশের অত্যাচারের প্রতিবাদকল্পে ভাগলপুর সহরে পূর্ণ হরতাল হয় এবং বাজারহাট বন্ধ থাকে।

(এ, পি)

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠভূষণের

হেলার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ

মফঃস্বলের সুবিধার জন্য ৬ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। ... প্রতি শিশি ... আনা। বড় ৮/ আনা বোতল ... আনা।

১১নং উল্টাডাঙ্গা মেন রোড

মদন মঞ্জরী

বটিকার ধ্বজ ও বাতুলিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, অকালে ভগ্নাঙ্গ, মনোবল, মাথাঘোরা, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি সকল সত্বর নির্দোষ আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

"অপূর্ব্ব সম্ভাবনাদি ঘৃত"

পুরুষত্বাদি যে যে বাহ্যপ্রয়োগ দ্বারা আরোগ্য করিয়া থাকে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

"কামিনীবিলাসিনী বটিকা"

বীর্য্যধারণ করত সম্ভোগশক্তি স্থায়ী ও বৃদ্ধি করিতে অত্যাশ্চর্য্য। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

রাজবৈদ্য সাতাপ্রসাদ, কেশবজী

১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের তোলা শিশি বাদাম তৈল

আদি ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্ব্বজন পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী J. B. Datta & Co. নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জোয়াচোরগণ অনায়াসে কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত

কেম্রার্গ কুইনিন.

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার জন্য ইহাতে উপযুক্ত মাত্রায় কুইনিন, হাইড্রোক্লোর কুইনিন, আর্সেনিক এবং ইউরিয়েন আছে।

এই কেমার্গ-কুইনিন্ দ্বারা ইনজেকশন করিলে একটী বা দুইটী ইনজেকশনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং ছয় হইতে বারটী ইনজেকশনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া দেয়

৩ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ডাঃ ৩৲ মাত্র

বাইওকেমিক্যাল এণ্ড কেমিক্যাল ল্যাবরেটরিজ কর্ত্তৃক প্রস্তুত। —২২।১, মহেন্দ্রলাল লেন, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

— ০ —

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর—৩০শে জ্যৈষ্ঠ শুক্রবার—১৩৩৭

স্বেচ্ছাচার সন্ন্যাসী-দলের কোন প্রস্তাবই সাধু-শাস্ত্রানুমোদিত নহে

হিন্দুমাত্রকে পূজাধিকার দিবার অধিকার শুদ্ধভক্তিসিদ্ধান্তবিৎ আচার্য্যের, অন্যের পক্ষে তাহা অনধিকার-চর্চ্চা মাত্র

ভগবৎপূজা করাইতে গিয়া জড়েন্দ্রিয়ের পূজা শিক্ষা দিলে শ্রীচৈতন্য-মন্দিরের পরিবর্ত্তে অচৈতন্য-মন্দিরই স্থাপিত হইবে

নিজে সদ্গুরুপাদাশ্রয়ে শুদ্ধভক্তিসিদ্ধান্ত-সম্মত পূজা করিতে শিখিয়া অন্যকে তাহা শিখাইলেই যথার্থ পূজা হইয়া জগন্মঙ্গল বিহিত হয়

নদীয়া-প্রকাশ প্রিন্টিং-ওয়ার্কসে শ্রীমদ্ভাগবত ১১শ স্কন্ধের মুদ্রণারম্ভ

আগামী ২০শে শ্রাবণ হইতে বাগবাজারস্থ নবনির্ম্মিত শ্রীগৌড়ীয়মঠের বার্ষিক মহামহোৎসব আরম্ভ

শ্রীগৌড়ীয়মঠে বিশ্ববৈষ্ণব-মহাসম্মেলন, ভক্তিপ্রদর্শনীর দ্বারোদ্ঘাটন এবং কোটি নাম-সংকীর্ত্তন-যজ্ঞের অনুষ্ঠান

শ্রীধাম-মায়াপুর-প্রদর্শনী সম্বন্ধে ডাঃ মোরেণোর পত্র

দাস্যভাবের শ্রেষ্ঠতা

কৃষ্ণদাসাভিমানোত্থ আনন্দ কোটি ব্রহ্মানন্দকেও ধিক্কার করে

প্রাকৃত সহজিয়ার রাগমার্গে কৃষ্ণভজনাভিনয় পরস্ত্রী-সম্ভোগের একটী ছল মাত্র

মহাপ্রভু প্রকৃতিসম্ভাষী বৈরাগীর মুখদর্শন করেন না

জীবন্মুক্ত বাবাজীর দল সেবাদাসের পরিবর্ত্তে সেবাদাসীর পক্ষপাতী হইয়া ইন্দ্রিয়তর্পণ করাকে পরকীয় রসাস্বাদনের নামে চালাইবার দুর্ব্বুদ্ধি-বিশিষ্ট হয়

অসৎসঙ্গ-ত্যাগই বৈষ্ণবাচার; কৃষ্ণাভক্ত, স্ত্রীসঙ্গী, এমন কি তাহার সঙ্গীর সঙ্গ পর্য্যন্তও পরিত্যাজ্য উহারা সকলেই অসৎ

অসৎসঙ্গ লোলুপ অবৈষ্ণব যতই না কেন বৈষ্ণবতা প্রদর্শন করুক, তাহাদের নিকট মন্ত্রাদি গ্রহণ, হরিকথা শ্রবণাদি বিষবৎ পরিত্যাজ্য

অবৈষ্ণবের মুখ হইতে কখনই ভাগবতের ভক্তিসিদ্ধান্তবাণী নির্গত হইতে পারেন না

অবৈষ্ণব বা অসদ্গুরুকে পরিত্যাগ করিয়া সদ্গুরু গ্রহণই জীবের প্রকৃত মঙ্গলের পন্থা

সাময়িক প্রসঙ্গ

স্বেচ্ছাচার সন্ন্যাসী মহাশয়ের দলের নব প্রস্তাব—হিন্দুমাত্রকে পূজাধিকার দিবার জন্য শ্রীকৃষ্ণচৈতন্য-মন্দির-স্থাপন। শ্রীচৈতন্যমন্দির-স্থাপন কে করিবেন? অবৈধভাবে পূজাধিকার দেওয়া কর্ত্তব্য কি না? পূজা করিতে গিয়া ভোগের আবাহন শিক্ষা দিলে শ্রীচৈতন্য-মন্দির স্থাপিত হইবার পরিবর্ত্তে জড় ভোগ-মন্দির হইয়া যাইবে। অচৈতন্য জড়বিলাসের তাণ্ডব নৃত্য সেখানে দেখা যাইবে। সাধারণ ব্যক্তিগণ অবশ্যই এই সকল কথা বিবেচনা করিয়া "অসিদ্ধান্তচ্ছলবাদি"র দলের লোকের সহিত মিশিবেন।

শ্রীধাম মায়াপুরে নদীয়া-প্রকাশ প্রিন্টিং-ওয়ার্কস্ হইতে শ্রীমদ্ভাগবত ১১শ স্কন্ধের মুদ্রণ কার্য্য আরম্ভ হইয়াছে। গৌড়ীয় প্রিন্টিং-ওয়ার্কসে প্রথম হইতে নবমস্কন্ধ পর্য্যন্ত ৭টী খণ্ড ৩৭ খণ্ডে সম্পূর্ণ হইয়া দশমস্কন্ধের পূর্ব্বার্দ্ধে ৭১ অধ্যায়ের কিয়দংশ প্রকাশিত হইয়াছে। দশমস্কন্ধে ৯০ অধ্যায়। যত সত্বর সম্ভব কার্য্য সমাধা করিবার জন্য বিশেষ চেষ্টা চলিতেছে।

আগামী ২০শে শ্রাবণ হইতে শ্রীগৌড়ীয়মঠের বাগবাজারস্থ নবনির্ম্মিত বিরাট মন্দিরে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর অধিষ্ঠান ও মঠ-প্রবেশ-মহোৎসব হইবে। ঐ দিবস হইতেই শ্রীগৌড়ীয় মঠের বার্ষিক মহোৎসব আরম্ভ। এবারকার উৎসবের বিশেষত্ব এই যে—শ্রীল প্রভুপাদের মনোভীষ্টানুসারে শ্রীগৌড়ীয়মঠে বিশ্ববৈষ্ণব-মহাসম্মেলন ও ভক্তি-প্রদর্শনীর দ্বারোদ্ঘাটন এবং কোটি নাম-সংকীর্ত্তনযজ্ঞের অনুষ্ঠান হইবে। তদুপলক্ষে শ্রীগৌড়ীয় মঠ-রক্ষক শ্রীল আচার্য্যদেব প্রভু বিশেষ সমুদায় বৈষ্ণবাচার্য্য এবং নিরপেক্ষ বাস্তবসত্যানুসন্ধিৎসু সজ্জনগণকে অতি বিনীত ভাবে শ্রীগৌড়ীয়মঠে আহ্বান করিতেছেন। শ্রেষ্ঠাচার্য্য শ্রীল জগদ্বন্ধু ভক্তিরঞ্জন মহোদয় দিবারাত্র অক্লান্ত পরিশ্রম-সহকারে শ্রীমন্দিরের কার্য্য সম্পন্ন করাইবার যত্ন করিতেছেন। গৌড়ীয়মঠের নবনির্ম্মীয়মাণ শ্রীমন্দির দর্শনের জন্য এখন হইতেই বহু দেশ-বিদেশের লোক-সমাগম হইতেছে।

'সেঞ্চুরি রিভিউ' নামক ইংরেজী পত্রিকার জনসম্প্রতিষ্ঠ সম্পাদক ডাঃ এইচ, ডব্লিউ, বি, মোরেনো পি, এইচ, ডি, এম, এস, সি মহোদয় শ্রীধাম-মায়াপুর-নবদ্বীপ-প্রদর্শনী ও শ্রীগৌড়ীয়মঠের প্রচারের বৈশিষ্ট্য উপলব্ধি করিয়া গত ২৫শে মে (১৯৩০) তারিখে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদকে যে পত্র লিখিয়াছেন, তাহার বঙ্গানুবাদ নিম্নে প্রকাশিত হইল। ঐ পত্রখানা অবিকল 'হারমনিষ্ট' পত্রিকায় মুদ্রিত হইয়াছে।

টেলিফোন্—কলিঃ ২৭৬১
২নং ওয়েলেসলি স্কোয়ার,
কলিকাতা ২৫শে মে ১৯৩০

শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ সমীপেষু—

পাবনবিগ্রহেষু কিছুদিন পূর্ব্বে অনুষ্ঠিত শ্রীধাম-মায়াপুর-প্রদর্শনী সম্পর্কে অপর বহু ব্যক্তির মধ্যে আমিও একজন আপনাকে আমার আন্তরিক আনন্দ জ্ঞাপন করিতে পারি কি? ভারত হইতে পারমার্থিকতা যে এখনও লুপ্ত হইয়া যায় নাই এবং বর্ত্তমানেও লোক যে এইরূপ প্রদর্শনীতে যোগদান করিতে আগ্রহবান—শ্রীধাম-মায়াপুর-প্রদর্শনী তাহার প্রত্যক্ষ প্রমাণ। শাস্ত্র-শিক্ষা-দ্বারা আমাদের 'ব্রহ্মাণ্ড' জগদ্বিখ্যাত সত্তাকে সজীব করিবার উদ্দেশ্যে এইরূপ সুযোগ ও অনুষ্ঠান আমাদের প্রয়োজন। এইরূপ প্রদর্শনী যাহাতে সময়ে সময়ে অন্ততঃ দুই বৎসরে একবার এবং পরে সম্ভবপর হইলে প্রতি বৎসর অনুষ্ঠিত হয়, তজ্জন্য আপনাকে অনুরোধ করিতে পারি কি? এরূপ হইলে প্রদর্শনী বৎসরের পর বৎসর লোকের নিকট খুব প্রিয় হইয়া উঠিবে।

আপনার বিনীত প্রণতিকীর্ত্তনকারি-গণের অন্তরঙ্গরূপে আমি এখন নিঃস্বার্থপর কার্য্যাবলী বিশেষতঃ ভারতের এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্য্যন্ত বাস্তব-সত্য-প্রচারের জন্য বিশেষভাবে আপনার সহিত কলিকাতায় শ্রীগৌড়ীয়মঠে আপনার যে সদনুষ্ঠান, তাহা জয়যুক্ত হউক—তজ্জন্য অন্তরের সহিত অভিনন্দন করি।

আপনার ও আমার উভয়ের স্বদেশ ভারতভূমির কল্যাণার্থ আপনার সাধন অনুষ্ঠান ও আমার প্রতি আপনার নিত্য আশীর্ব্বাদ বর্ষিত হউক, এই ভিক্ষা করিতেছি। ইতি

আপনার একান্ত সুহৃৎ—
(স্বাক্ষর) এইচ, ডব্লিউ. বি, মোরেনো

অতীন্দ্রিয়বাণী

শ্রীচৈতন্য ভাগবতের মধ্যখণ্ড সপ্তদশ অধ্যায়ে শ্রীগৌরসুন্দরের প্রতি শ্রীশ্রীঅদ্বৈতপ্রভুর উক্তি যথা,—

"মোরে তুমি নিরন্তর লওয়াও কুমতি।
অহঙ্কার দিয়া মোরে করহ দুর্গতি॥
সবাকারে উত্তম দিয়াছ দাস্য ভাব।
আমারে দিয়াছ প্রভু যত কিছু পাপ॥
প্রাণ ধন দেহ মন সব তুমি মোর।
তবে মোরে দুঃখ দাও ঠাকুরালি তোর॥
হেন কর প্রভু মোরে দাস্য ভাব দিয়া।
চরণে রাখহ দাসী-নন্দন করিয়া॥"

২। শ্রীশ্রীঅদ্বৈত প্রভু সাক্ষাৎ মহাবিষ্ণুর অবতার অর্থাৎ ঈশ্বর বস্তু। দাস্যভাবের শ্রেষ্ঠতা যে কথা করিবার জন্যই তিনি নিজ অভিন্ন-বস্তু শ্রীশ্রীগৌরসুন্দরের প্রতি উক্ত প্রকার প্রার্থনার অভিনয় করিয়াছিলেন। ভগবদ্দাস্য বা ভগবদ্দাসের পদবী যে কত উচ্চ তাহা নিম্নলিখিত শ্রীচৈতন্যভাগবতের উক্তিসমূহ হইতে স্পষ্ট ভাবে বুঝিতে পারা যায়।

"অল্প করি না মানিহ দাস হেন নাম।
অল্প ভাগ্যে দাস নাহি করে ভগবান্॥
আগে হয় মুক্ত তবে সর্ব্ববন্ধ নাশ।
তবে সে হইতে পারে শ্রীকৃষ্ণের দাস॥
অতি শিক্ষিত প্রণয় করিতে পারে যাঁর।
চৈতন্যদাসের বহি বড় নাহি আর॥
(মধ্য সপ্তম)

দাস নামে ব্রহ্মা শিব হরিষ সবার।
ধরণী-ধরেন্দ্র চাহে দাস অধিকার॥
(মধ্য একাদশ)

অনন্ত ব্রহ্মাণ্ড নিজ দাস ভাবে।
সবে হুঁ দাস যাঁর হেন দাস্য মাগে॥
(মধ্য অষ্টবিংশ)

সর্ব্বভাবে যে ঈশ্বর করিলেন রক্ষা।
তাঁহার প্রসাদে হৈল বুদ্ধিজ্ঞান শিক্ষা॥

যাঁর প্রাপ্ত লাগি সেব অজ ভব রমা।
সাহিত্য ও বিলাপ করেন কামনা॥

(অন্যা তৃতীয়)

ধর্ম অর্থ কাম মোক্ষ আপনি আইসে।
তথাপিহ না চাহ না লয় মোর দাসে॥
মোর সুদর্শন চক্রে রাখে মোর দাস।
মহা প্রলয়েও যার নাহিক বিনাশ॥
যে মোহার দাসেরেও করয়ে স্মরণ।
তাহারেও করি মুঞি পোষণ পালন॥
সেবকের দাস মোহার প্রিয় বড়।
অনায়াসে সেই সে মোহার প্রিয় বড়॥
অল্প ধন প্রভু তুমি বুঝি মোর দাস।
কিবা জীউ এই বড় মোর আশ॥

(অন্যা পঞ্চম)

৩। ঈশ্বর ভাগবত বস্তুর সঙ্গ হইতে জাত দৈবধিক সুখ অনন্তকালে ও দুঃখের অভাবকারী। এই দৈবধিক সুখ অপেক্ষা দুঃখের উচ্ছেদকারী ক্ষীণাকারে আত্মারামা ও দীর্ঘকালস্থায়ী শান্তানন্দ গুণ ব্রহ্মানন্দ কোটী গুণ শ্রেষ্ঠ। বৃদ্ধ-তেজঃ সম্পন্ন শান্তামস্বরূপ ব্রহ্মানন্দকে ধিক্কার করিতে পারে যে ভগবদাস্বাদের সেবানন্দ সুখ এবং যাঁহার উদয়ে ব্রহ্মানন্দ খাটো হওয়ায়, তাহা যে ব্রহ্মানন্দ অপেক্ষা অনন্তগুণে শ্রেষ্ঠ ইহা নিঃসন্দিগ্ধ মহাজন-বাক্য হইতে স্পষ্ট প্রতীয়মান হয়ঃ—

প্রভুদাস আস্বাদনে যে আনন্দ-সিন্ধু।
কোটি ব্রহ্মানন্দ নহে তার এক বিন্দু॥

সহজিয়ার ভাগবত পাঠ

(পূর্বপ্রকাশিত ৮৮ সংখ্যার পর)

প্রাকৃত প্রভাবে সহজিয়ারা তথাকথিত রামদাসাদির কৃষ্ণভজন করেন না; গোপীর আনুগত্যে কৃষ্ণভজনের সন্ধান অবগত না হইয়া তাঁহারা নিজেই কৃষ্ণ সাজিয়া একটি প্রকৃতি নারীর সহিত প্রাকৃত রসাস্বাদনে ব্যস্ত হন। রসাস্বাদনের মালিক কেবলমাত্র কৃষ্ণ, জীব নহে। আবার কৌপীনের বাসনা রাখিয়া এ প্রভেদ অনুভব করিতে পারে না। এই আশ্রমীর বৌদ্ধ কৌপীনের মর্য্যাদা লঙ্ঘন করে এবং কৌপীনধারীকে 'বাবাজী' অভিধায় আখ্যাত হইবার যোগ্যতা বিধান করে। গৃহে স্ত্রী ছাড়িয়া যদি স্ত্রী গ্রহণ করিলে বৈরাগী বাবাজী হয়, যাঁহার ঐরূপ প্রবৃত্তি থাকে, তিনি কৌপীন বস্ত্রের ধারণের অধিকারী নহেন। তিনি সংসারে থাকিয়াই কৃষ্ণ ভজন করিবেন।

কৌপীনের সহিত এইরূপ উভয়-সমর্থনের ব্যবস্থা আছে বলিয়াই আজ এক সম্প্রদায়ী ভিক্ষু-সমাজের নীচ শ্রেণীর অনাচারের ভিতরে ব্যাপক প্রচার লাভ করিয়াছে।

বাবাজি মহাশয় বলেন যে, তিনি তাঁহার বৈরাগিণীর সহিত নির্বিকার ভাবে থাকেন। প্রথম, তিনি কৌপীনধারী, অতএব তাঁহার দাস দাসীর কোনই প্রয়োজন নাই। যদি প্রয়োজনই হয়, তাহা হইলে তিনি একটী বৈরাগিণীকে সেবাদাসী রূপে না রাখিয়া, একটী বৈরাগীকেও ত সেবাদাসরূপে রাখিতে পারেন? তাঁহার সেবাদাসীর উপর এইরূপ পক্ষপাতিত্ব কেন? আমরা কৌতুলোক, তিনি আমাদের নিকট কেনই বা সেবাদাসীর সহিত ঐরূপ নির্বিকারে থাকিবার লীলা প্রদর্শন করিবেন? তাহা হইলে ত আমরাও বলিতে পারি যে আমাদেরও নির্বিকার ভাবে থাকিবার জন্য একটি সেবাদাসীর প্রয়োজন। ফলে হইয়াছেও তাহাই। আজ এই পতিত ও পতিতাগণের ব্যভিচার-স্রোত যেরূপ ভাবে নবদ্বীপ ও বৃন্দাবন ধামকে কলুষিত করিয়াছে, তাহা ভাষায় ব্যক্ত করিবার নহে।

অবৈষ্ণবের মুখে ভাগবত-শ্রবণ নিষিদ্ধ। যথা,—

অবৈষ্ণব-মুখোদ্গীর্ণং পূতং হরিকথামৃতম্।
শ্রবণং নৈব কর্তব্যং সর্পোচ্ছিষ্টং যথা পয়ঃ॥

অবৈষ্ণবের মুখে হরিকথা শ্রবণকে সাপের উচ্ছিষ্ট দুগ্ধের ন্যায় পরিত্যাগ করিবে।

অসৎসঙ্গ ত্যাগই—বৈষ্ণবাচার।
স্ত্রীসঙ্গী এক অসাধু, কৃষ্ণাভক্ত আর॥
অসৎ সঙ্গে ভাই নাম নাহি হয়।
নাম বাহিরায় বটে নাম কভু নয়॥

চৈতন্যচরিতামৃত

স্ত্রীসঙ্গীর সঙ্গ, এমন কি তাহার সঙ্গীর সঙ্গ পর্যন্ত ত্যাগ করিবে। তাহারা সকলেই অসাধু। তাহাদের আশ্রয়ে হরিকথার শ্রবণ হইতে পারে না।

সাধারণতঃ লোকে বলে যে বক্তার মনোভাব যেরূপই থাকুক না কেন, শ্রোতার যদি ভক্তি থাকে এবং কৃষ্ণকথা যদি সে ভক্তিভাবেই শ্রবণ করে, তাহা হইলে সে নিশ্চয়ই ভজনে অগ্রসর হইতে পারিবে। এইরূপ ধারণা সিদ্ধান্ত মূর্খতা হইতেই জন্মলাভ করে এবং মূর্খতাতেই প্রবর্দ্ধিত হয়। অসৎসঙ্গ ত্যাগ করিবারই উপদেশ শাস্ত্রে দেখিতে পাওয়া যায় এবং সাধুগণও বলেন। বাবাজি মহাশয় ভক্তিসিদ্ধান্তে দেখিতে পাইবেন—

অবৈষ্ণবোপদিষ্টেন মন্ত্রেণ নিরয়ং ব্রজেৎ।
পুনশ্চ বিধিনা সম্যক্ গ্রাহয়েদ্বৈষ্ণবাদ্ গুরোঃ॥

অর্থাৎ উপদিষ্ট অবৈষ্ণব হইতে কৃষ্ণমন্ত্র গ্রহণ করিলে নরক-গমন হয়। সুতরাং যথাশাস্ত্র পুনরায় বৈষ্ণবের নিকট হইতে মন্ত্র গ্রহণ করিবে।

অবৈষ্ণবের নিকট মন্ত্র গ্রহণও না, আর তাহার মুখে ভাগবত-শ্রবণও না। কারণ চিত্তে সামান্য ভক্তি থাকিলেও উহা অবৈষ্ণব সঙ্গে নাশ প্রাপ্ত হয়। অবৈষ্ণবের কৃষ্ণগুণ ও ভাগবত ব্যাখ্যা মুখের অনুভব। সুতরাং তাহার প্রসঙ্গ শ্রোতার চিত্তে কৃষ্ণভক্তি পরিবর্তে বিষয়বুদ্ধিই উদ্দীপন করিবে। এই জন্য ভক্তিকামিগণ ঐ প্রকার মুখে কৃষ্ণকথাশ্রবণের লালসা পরিত্যাগ করিতে পারিলেই ভক্তিলাভের অধিকারী হইবেন।

ভাগবত শাস্ত্র একখানি ভক্তিসিদ্ধান্ত গ্রন্থ। যে বক্তা ভক্তিসিদ্ধান্তে অভিজ্ঞ না কপটচারী, ভাগবতের যে সিদ্ধান্ত তাঁহার আচারকে সমর্থন না করে, তিনি তাহার ব্যাখ্যা শ্রোতৃমণ্ডলীর ভিতরে কিরূপে করিবেন? দৃষ্টান্তস্থলে বলা যাউক—

সত্যং শৌচং দয়া মৌনং
বুদ্ধির্হ্রীঃ শ্রীর্যশঃ ক্ষমা।
শমো দমো ভগশ্চেতি যৎসঙ্গাদ্
যাতি সংক্ষয়ম্॥
তেষ্বশান্তেষু মূঢ়েষু খণ্ডিতাত্মস্বসাধুষু।
সঙ্গং ন কুর্য্যাচ্ছোচ্যেষু যোষিৎ-
ক্রীড়ামৃগেষু চ॥

ভাঃ ৩।৩১।৩৩-৩৪

ইহার মর্মার্থ—স্ত্রীসঙ্গে রত ব্যক্তিগণ শোচনীয়, অশান্ত ও অসাধু। উহাদের সঙ্গ করিলে লোকের সত্য, শৌচ, দয়া, মৌন, বুদ্ধি, লজ্জা, যশঃ, সহিষ্ণুতা, শম, দম ও উন্নতি সমস্ত নাশ হয়। (ক্রমশঃ

নিসর্গের প্রভাব

বিলাতের টমাস সাহেব অত্যন্ত শিকারপ্রিয় ছিলেন। উক্ত বিষয়ে তিনি অনেক অর্থব্যয় করিতেন। একদা আফ্রিকার গহন অরণ্যে তিনি শিকার করিতে যান। জঙ্গলের গভীরতম প্রদেশে এক প্রকাণ্ড বৃক্ষতলে কতকগুলি শাবকসহ ক্রীড়ানিরত এক ভাল্লুককে লক্ষ্য করেন। অব্যর্থ সন্ধানে ভাল্লুকের উক্ত দলের সকল গুলোর অবসান সাধন করিয়া তিনি সুকৌশলে শাবকগুলিকে হস্তগত করেন। আশ্চর্যের বিষয় এই ভাল্লুক-শাবকদলে মানব-শিশুর মত আকৃতি-বিশিষ্ট এবং সর্বাঙ্গ লোমে ঢাকা পশু-প্রকৃতি-সম্পন্ন এক অপূর্ব জীবকে পাওয়া যায়। তাহার গায় কতকটা লোমাবৃত, চলাফেরা, শোয়াবসা, খাওয়া দাওয়া সকল বিষয়ে তাহার ভাল্লুকের ন্যায় প্রকৃতি। টমাস সাহেব এই অপূর্ব জীবটিকে মনুষ্য-সমাজে আনিয়া তাহার পশুজীবনকে মনুষ্য-পদবীতে উন্নীত করিবার জন্য বিশেষ চেষ্টা করিয়াছিলেন। স্পষ্টই মনে হয়, কোন মানব-শিশু দৈব-দুর্বিপাকে এই ভাল্লুকের সংসারে আসিয়া পড়িয়াছিল। বাৎসল্য আকর্ষণে ভল্লুকী তাহাকে নিজ শাবক জ্ঞানে লালন পালন করিয়া আসিতেছিল। অল্প বয়সের মধ্যে সঙ্গ-প্রভাবে মানব-শিশু ভাল্লুক-স্বভাবে পরিণত হইয়া উঠিয়াছিল। নিসর্গের কি অপূর্ব প্রভাব! অভ্যাস-বলে প্রকৃতির কি অদ্ভুত পরিবর্তন! অনুষ্ঠের সঙ্গাকর্ষণ! হে মানব! আজ তোমার অবস্থা কি? তুমি অনাদি বহির্মুখ! তুমি নিজ স্বরূপ পরিত্যাগ পূর্বক প্রকৃতির কবলে মায়া-শৃঙ্খলে আবদ্ধ। তুমি তোমার স্বদেশ পরিত্যাগ করিয়া চির-প্রবাসী সাজিয়া বসিয়া আছ, তুমি অনাদি কাল হইতেই মায়ার অধীনতা স্বীকার করিয়াছ। তোমার কৃষ্ণদাসস্বরূপ ধর্ম আজ তোমার নিকট স্বপ্নের মত অদ্ভুত হইতেছে। প্রকৃতিসঙ্গের নিসর্গ যাহা কত বড় প্রভাব তোমার উপর বিস্তার করিয়া রহিয়াছে। তোমার কি উদ্ধারের আশা নাই? অবশ্যই আছে। নিত্য সত্য সনাতন ভাগবতের পুনরাশ্রয়ই তোমার উদ্ধারের একমাত্র উপায়।

পুরী কুষ্ঠাশ্রমে ভাগবত কথা

পুরী ২-৬-৩০

অদ্য প্রাতঃ ৮ ঘটিকার সময় ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিরঞ্জন ভক্তিসার মহারাজ সমভিব্যাহারে কীর্তন-সম্রাট্ শ্রীপাদ ভবানন্দ ব্রহ্মচারী প্রভু, শ্রীপাদ রাধাগোবিন্দ অধিকারী বি. এ এবং ডাঃ কৃষ্ণকান্তি ব্রহ্মচারী ভক্তিভূষণ এল্. এম্. এফ্. সহ লোকনাথ মন্দিরের সন্নিকটস্থ গবর্ণমেন্ট কুষ্ঠাশ্রমের কম্পাউণ্ডার শ্রীযুক্ত রামাইলাল মিত্র মহাশয়ের বাসায় গমন করিয়া বঙ্গ-কবি লোচনদাসকৃত শ্রীচৈতন্য-মঙ্গল মধ্যখণ্ড অষ্টম অধ্যায়োক্ত শ্রীবাসপণ্ডিত কর্তৃক সংসারের কুষ্ঠ ব্যাধিগ্রস্ত বিপ্রকে শ্রীবাসের নিকট ক্ষমা প্রার্থনা করাইয়া তাহাকে বৈষ্ণবাপরাধ হইতে মোচন, তিন্তেরে তাহার কুষ্ঠব্যাধির নিবৃত্তিকরণ এবং তাঁহাকে দিব্যদেহ ও প্রেম প্রদান লীলাটী অতি প্রাঞ্জল ভাষায় ব্যাখ্যা করেন। পাঠের পূর্বে ও পরে কীর্তন-সম্রাট্ প্রভুর পদাবলী কীর্তন হয়। উপস্থিত ভদ্রমণ্ডলী ব্যতীত অনেক কুষ্ঠরোগীও পাঠ-কীর্তন শ্রবণ করিয়াছেন। তাঁহারা সকলেই অবগত হইয়াছেন যে, অস্ত্র-চিকিৎসা বিদ্যা রোগের উৎপত্তির কারণ যাহাই নির্ণয় করুন না কেন, ইহজন্ম বা পূর্বজন্মের বৈষ্ণব অপরাধ অথবা কোনও জীব অপরাধ-ফলেই কুষ্ঠব্যাধির উৎপত্তি হইয়া থাকে এবং এই দুশ্চিকিৎস্য ব্যাধি এবং অন্যান্য উৎকট রোগ এমন কি ভবরোগ পর্যন্ত চিরতরে নির্মুক্ত হইতে পারে যদি কেহ সত্য সত্যই সদ্গুরুর পাদাশ্রয় পূর্বক অকৈতবভাবে করিয়া নিরপরাধে নিরন্তর হরিকীর্তন করেন। যাঁহার প্রচুর ভগবানের এই মনোবৃত্তি প্রকট হইয়া উপস্থিত জনমণ্ডলী এবং সকলেই মহাপ্রভুর উচ্চৈঃস্বরে জয়ধ্বনি করিয়া তাঁহার শ্রীচরণে প্রণতি জ্ঞাপন করেন।

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

ভক্তি-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী বস্ত্রে বাঁধাই স্বর্ণাক্ষরে। চতুর্থ সংস্করণ। বিস্তৃত বিষয়সূচীসহ

জৈবধর্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সাধারণ বাঙ্গালায় বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর শক্তি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় ঐ সমস্ত গ্রন্থের মর্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য. এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই—২৲ দুইটাকা

আবাঁধা—১৷০ দেড়টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্তব্য ও দৈনিক সাময়িক কর্তব্য নির্দ্ধারিত হইয়াছে। প্রত্যেক প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম কি? বর্ণ, আশ্রম, নীতি, ধর্ম কি? ইত্যাদি বিষয় শিক্ষাপ্রণালীর এমন সুন্দরভাবে যুক্তিসংকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত না পড়িয়া বিরত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য

ভিক্ষা ৶০

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৶০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাস্থলি নবটি দ্বীপ-সমষ্টি। এই নব দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে সরোকছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৬০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

ডবল ক্রাউন কাগজে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

সাধনপথ

৷৶০ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী এবং শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে ব্যক্ত হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ!!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা ৴০ আনা

দেহ ও মনের চেষ্টা অনিত্যবস্তু লইয়া—ইহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাহার কোন জাতীয় আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। ইহার সংস্করণও প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা প্রতি খণ্ড ৴০ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— ৴০, নবদ্বীপশতক— ৴০

অর্থপঞ্চক—৴০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা ৴১০

আমরা আমাদের স্কুল শরীর ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন বস্তু আমাদের নিত্য কল্যাণপ্রদ এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল ভাবে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিক কল্যাণের কল্পতরু, যদি প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদানে

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত [illegible]। টীকাকারের জীবনী, শ্লোক-সূচী, বিষয়সূচী প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয় সংযোজিত প্রায় ৪২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৷০

শ্রীবলদেব বিদ্যাভূষণ কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোনার জলে নাম লেখা রাজসংস্করণ ১৲ টাকা, সাধারণ সংস্করণ ১৷০, গৌড়ীয়ের গ্রাহকপক্ষে ১৷০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি

(সাম্প্রদায়িক [illegible])

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের তালিকা, ৩। বিষ্ণুবৈষ্ণবগণের [illegible] শ্রীমাধব ও শ্রীগ্রন্থের বিবরণ, ৫। বৈষ্ণবগ্রন্থ ও গ্রন্থসমূহের তালিকা ও বিবরণ, ৬। বিষয় বিশেষে বহু শ্লোক ও শাস্ত্রীয় আকরমূলে ব্যবহৃত তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ম খণ্ড ৸০, ২য় খণ্ড ৸০, ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড ৸০. চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ

—১ম খণ্ড ১৲ এক টাকা ২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীশ্রীজীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই বঙ্গানুবাদের অধিক প্রয়োজনীয় অংশ। [illegible] ডবল ক্রাউন ৮ পেজি সুন্দর আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমন্মধ্বাচার্য্য সংকলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ৴০ মাত্র

১। শ্রীমদ্ভাগবত—শ্লোক সূচী, বিষয়-সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। ভিক্ষা, প্রতি খণ্ড সাধারণ পক্ষে ॥৴০ গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৴০

২। ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (২য় সংস্করণ) ৫৲

৩। গৌড়ীয়-গৌরব ৶০

৪। গৌড়ীয়-সাহিত্য ০

৫। ভজনরহস্য ।০

৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপ-শতকম্ (বাঁধা) ১৲

" " আবাঁধা ৷০

৭। গীতা (শ্রীবলদেবভাষ্যসহ) বাঁধা, ২৲ আবাঁধা ১৷০

৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি টীকা-সহ) বাঁধা ২৲ আবাঁধা ১৷০

গীতার কেবল মূল-শ্লোক ।০

৯। শ্রীকৃষ্ণচৈতন্যোপনিষৎ সাত্ত্বতাম্ (বাঁধা) ২৲

১০। প্রেমবিবর্ত্ত [illegible] (বাঙ্গালার) ৷০

১১। বৈষ্ণব [illegible] ২৲

১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৸৴০

১৫। দীপ-নির্দ্দেশন ৶০

১৬। সাধনপথ (২য় সংস্করণ) ৷৶০

১৭। শ্রী স্বামী [illegible] ৷৶০

ঐ ঐ বাঁধা ।০

১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৶০

২০। শ্রীনবদ্বীপধাম মাহাত্ম্য ৶০

২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য প্রমাণখণ্ড ৶০

২২। শ্রীনবদ্বীপ-ভাবতরঙ্গ ০

২৩। শ্রীগৌড়মণ্ডল-পরিক্রমা [illegible] ০

২৪। শরণাগতি, গীতাবলী, গীতমালা, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্থপঞ্চক ও সদাচারস্মৃতি প্রত্যেক ৵০

২৫। কল্যাণকল্পতরু (৫ম সংস্করণ) ও অর্চনপদ্ধতি ৵০

২৬। সাধনকণ্ঠমালা ৶০

২৭। সংস্কৃত-দীপিকা ০

২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲

২৯। [illegible] ।০

৩০। [illegible] ৸০

৩১। [illegible] ।০

৩২। [illegible] ৸০

৩৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট দ্বিতীয় সংস্করণ) ৫৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈব-ঔষধ একমাত্র [illegible], [illegible] যক্ষ্মা বা ক্ষয় কাশ সম্পূর্ণ আরোগ্য হইবে। [illegible] (গরীব রোগীদিগকে [illegible] চিকিৎসা করা হয়।) বিস্তারিত জানিবার জন্য [illegible] অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র [illegible]

[illegible] করিতে পারেন—

[illegible] ব্রহ্মচারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রীযুক্ত [illegible], কৃষ্ণনগর পোঃ, জেলা নদীয়া।

একখানি পত্র

[illegible] আনাইতেছি যে আমার [illegible] কঠিন [illegible] এবং কলিকাতার এক প্রসিদ্ধ ডাক্তার [illegible] কিন্তু বাবু ক্ষিতীশচন্দ্র [illegible] মহাশয়ের ঔষধ মাত্র ১৫ দিন ব্যবহার করিয়া সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছে।

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী

[illegible], ফরিদপুর।

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও [illegible] প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাহারা নানাবিধ [illegible] অপরিমিত শক্তি নষ্ট করিয়া আছে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ, [illegible], স্নায়বিক দুর্বলতা, বহুমূত্র, [illegible], [illegible] এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, [illegible], [illegible] ইত্যাদি প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাস সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক অলিউমল ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১৷০ টাকা মাত্র।

সোল এজেন্ট—ডাঃ ডি, ডি, হাজরা।

[illegible], [illegible] পোষ্ট, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

এখনও অপূর্ব্ব সুযোগ! পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত [illegible] রায় এম্, এ প্রণীত (লাহোর)

[illegible]

২৭ খানি অপূর্ব্ব চিত্র সমন্বিত।

[illegible] পরিচয় সহ

উৎকৃষ্ট (ইং) [illegible] বাঁধা ১৷০ ভিপিতে ২৲ দুই টাকা মাত্র।

[illegible] প্রায় নিঃশেষিত হইয়াছে।

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভু-পাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, [illegible] প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, [illegible]সূচী, পাদসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, [illegible]সূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত [illegible] অক্ষরে ডবল ক্রাউন, [illegible] আকারে টীট-পত্রের কাগজে ছাপা

ভিক্ষা—২৷০ টাকা

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

যোগেশচন্দ্র ঘোষ এম,এ, এফ,সি,এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্বেদীয় ঔষধ [illegible] ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। [illegible] ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে [illegible] ব্যবস্থা দেওয়া হয়। [illegible]

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৮৲ টাকা

[illegible] পাণ ও [illegible] যথাশাস্ত্র প্রস্তুত। [illegible] মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

[illegible] আমলকী, [illegible] যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কাশ, কাস, [illegible], যক্ষ্মা, [illegible] প্রভৃতি রোগের মহৌষধ। [illegible]

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে [illegible], [illegible], [illegible], প্রমেহ ও [illegible] সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপাৰ্থিব [illegible] রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি [illegible] ও যোনিগত দুরারোগ্য রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

বিশুদ্ধ জল! ভয় নাই! বিশুদ্ধ জল!!

লক্ষ্মী টিউব-ওয়েল কোং

২০৫নং নবাবপুর, ঢাকা

[illegible] (*Tube-well*) [illegible] করা হয়। [illegible], প্রাইভেট সেক্রেটারী, [illegible] ম্যাজিষ্ট্রেট, জিলা বোর্ডের চেয়ারম্যান, [illegible] প্রভৃতি [illegible] এই কোম্পানীর কাজ দেখিয়া প্রশংসা করিয়াছেন। [illegible] জল বিশুদ্ধ না হইলে মূল্য গৃহীত হয় না। [illegible] লিখুন

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ ২ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্ব্বত্র বিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটীর উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটিকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটিকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। "মণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাকচিক করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্ব্বলতা নাশ করিয়া শক্তি সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১৲ টাকা।

—[illegible] আবিষ্কৃত—

[illegible] কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান :—[illegible] ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

[illegible] শ্রীযুক্ত কালিদাস হালদার এম্, এস্, এফ কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইতেছে।

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়প্রিণ্টিং ওয়ার্কস্ হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৪৭শ খণ্ড এবং নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৭৸/০ সাধারণ পক্ষে ২১৸/০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ৷৵০, গৌড়ীয় নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ৷/১।

দশমস্কন্ধের ভিক্ষা ১২৲, অগ্রিম সাধারণের পক্ষ ৮৲।

৭১ অধ্যায়ের কিয়দংশ পর্য্যন্ত ছাপা খণ্ড ছাপা হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষার তৃতীয় সংস্করণ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০৲ এই বিরাট্ গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আদিকবি

শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীচৈতন্যভাগবত

ভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫৲

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪৷০ টাকা

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার

ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ

ভিক্ষা ৷৵০ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব্ব বাঙ্গালায় স্বল্পতে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে নিত্যমাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

৯০নং নবাবপুর, ঢাকা।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে পারেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার স্বর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে; বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষা ও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থ-নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	৷০
একত্রে ৩ খণ্ড লইলে	১৲
সাধন পথ (শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	৷০
একত্রে ৩ খণ্ড লইলে	৸০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৵০
একত্রে ৩খণ্ড লইলে	৷০
গীতাবলী প্রতিখণ্ড	৴১০
একত্রে ৩ খণ্ড লইলে	৵১৫
শরণাগতি—প্রতিখণ্ড	/০
একত্রে ৩খণ্ড লইলে	৵৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীধামমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগৌরগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ,—চটকপর্ব্বত, পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিরুলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৫নং অগস্ত্যকুণ্ড, কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ পি।
১১ শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব।
১২ শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—৯০নং নবাবপুর রোড, ঢাকা।
১৩ শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।
১৪ শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাযোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।
১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—কুমুদকোলা, চিরকুণ্ডা পোঃ, মানভূম।
১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ হনুমান রোড, নিউদিল্লি

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—৩৩, লয় কে রোড, খুলনা;
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—দেবীগঞ্জনগর, বলদিবাড়ী কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামরঞ্জন রায়—৭৩।২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা
৪। মিঃ এন্ ডি, মুখার্জ্জি—এম, এস, অ্যাকাউন্ট দি মল, কানপুর।
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী জ্যোতিভূষণ—বড়গাছ, নদীয়া
৬। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।
৭ শ্রীবিধুভূষণ দে—মনোমোহন প্রেস, নবাবপুর, ঢাকা।
৮। শ্রীশৈলেন্দ্রনাথ সরকার বেড়াচাঁপা, ২৪ পরগণা
৯। শ্রীভবানন চট্টোপাধ্যায় এ, এস, এম, বানপুর
১০। শ্রীপাদ অতীন্দ্রিয় ভক্তিশাস্ত্রের দানবাদ।
১১। শ্রীপাদ মনোহর ব্রহ্মচারী ঐ

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

পারফলিন

টনিক ও জোলাপ। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার কমে যায়। "কমেন পরিচালকে"

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ২।৩ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ খাওয়া উচিত নয় কি? একনে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ বিষের বল খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে হয়রান হবেন কেন? সুতরাং ১০ আনায় পারফলিনই একটী জ্বর রোগীর পক্ষে যথেষ্ট, এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই! সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকতে হয় না। মূল্য প্রতি শিশি ৵০ আনা, ডজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসার্স্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কলিকাতা

যুগল-মূর্ত্তি মার্কা
সর্ব্বত্র পাওয়া যায়।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা এবং বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

গবর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

মহর্ষি চরক শাস্ত্রোক্ত বৈদ্য উপাদানে খাঁটি কাঁচা তিলের তৈলে মৃগনাভি, কস্তুরী, গোলাপ, চামেলী, বেলা, চন্দন, কাবাব, বেলা, প্রভৃতি মূল্যবান্ মহামূল্যবতি দ্রব্য সংমিশ্রণে প্রস্তুত বিধায় হয় বস্তুতেই সমভাবে ইহার অনুলেপন গুণ ও গন্ধ উপলব্ধি হইয়া থাকে। ফলতঃ এই সর্ব্বগুণসম্পন্ন পরম পবিত্র ত্রিগুণ তৈল নিত্য ব্যবহারে সাধারণতঃ দৈহিক ও মানসিক অবসাদ চিন্তা দূর হইয়া থাকে।

পরন্তু সর্ব্বপ্রকার স্ত্রী বা পুরুষের অমনোজ্ঞ বায়ুর দূষিত অঙ্গ, অজীর্ণ আদি, মেহ, প্রমেহ, প্রদর, কটিবাত, বাবত, বাতবিকার, মূর্চ্ছা, মাথাঘোরা, মাথাধরা, আধকপালী, নিদ্রাহীনতা এবং সর্ব্বপ্রকার বাতরোগ ও নানা প্রকার ব্যাধির কীটাণু ধ্বংসকারী অব্যর্থ মহৌষধ।

বলা বাহুল্য, ইহা এরূপ শক্তি বিস্তারী ঠাণ্ডা তৈল যে, পাকিলে জানা যায়। যে কোন স্থানে তৈল ক্রয়কালীন শিশির গায়ের লেবেলের উপর বড় ২ অক্ষরে আসল যুগল মূর্ত্তি মার্কা এজেণ্ট বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন, অন্যথায় শঠকারী দোকানদার জাল বা নকল তৈল বিক্রয় করিয়া আপনাকে ঠকাইবে। পাল মহাশয়ের নামে বিশেষ বিজ্ঞাপন ঠিকানায় পাঠাইলেই সুখ লাভ হয়

এজেণ্ট—বটকৃষ্ণ পাল এণ্ড কোং ২৩নং বনফিল্ড লেন, কলিকাতা।

গ্রাহকদিগের নাম ও ঠিকানা— শ্রীধাম নবদ্বীপ

Registered No. C 1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অৰ্দ্ধ কলম ৩৷৹
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

সাহায্যের হার অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸৹
মাসিক ১৲
নগদ প্রতি সংখ্যা ১৫

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [৮৮ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর। ৩১শে জ্যৈষ্ঠ ১৩৩৭ শনিবার ১৪ই জুন ১৯৩০

বিবিধ সংবাদ

সাইমন কমিশন সম্বন্ধে মতামত

গত ১১ই ও ১২ই তারিখের কাগজে সাইমন কমিশনের রিপোর্ট ও তৎসম্বন্ধে মতামত কতক প্রকাশিত হইয়াছে। উপস্থিত এই বিষয়ে নূতন যে সংবাদ পাওয়া যাইতেছে তাহাই প্রকাশ করা হইল। আজিমগঞ্জের রাজা বি, এস, দুধোরিয়া বলেন যে এই রিপোর্টে ভারতবর্ষের শাসন প্রণালী সম্বন্ধীয় অবস্থা বেশ নিরপেক্ষ ভাবে আলোচিত হইয়াছে। স্বরাজিষ্ট পক্ষ হইতে কলিকাতার ডিপুটী মেয়র মিঃ সন্তোষ কুমার বোস বলেন যে এই রিপোর্ট শাসন প্রণালী লইয়া যাহারা আলোচনা করেন তাঁহাদের পক্ষে আশাপ্রদ নহে। যেখানে ভারতবর্ষের উন্নত রাজনৈতিক মত স্পষ্ট প্রকাশিত হইয়াছে সেইখানেই কমিশনার-গণের সিদ্ধান্ত উন্নতি প্রতিরোধক হইয়াছে। রিপোর্টে দেশবাসী বিশেষতঃ গ্রামবাসীর রাজনৈতিক জ্ঞান সম্বন্ধে যাহা উক্ত হইয়াছে বর্ত্তমান আইন অমান্য নীতির আন্দোলনের পর সে সমস্ত উক্তির আর কোনও সার্থকতা নাই। যাহা হউক এই রিপোর্টে একটী উপকার হইয়াছে। যখন এই কমিশন গঠিত হয় এবং ভারতবর্ষে উহা বাধা পায় তখন রাজনীতিজ্ঞ ব্যক্তিগণের মধ্যে যে একতা ছিল এই রিপোর্ট দ্বারা পুনরায় সেই একতা সাধিত হইয়াছে।" বেঙ্গল প্রাদেশিক কংগ্রেস সভার কার্য্যকারক সভাপতি মিঃ নির্ম্মল চন্দ্র চন্দ্র বলেন যে এই রিপোর্ট সম্পূর্ণরূপে প্রত্যাখ্যান করাই তাঁহার মনের ভাব। কলিকাতার ভূত-

সাইমন কমিশনে মতামত

স্বেচ্ছাসেবকের শাস্তি ; জেল ও জরিমানা

য়্যাংলো ইণ্ডিয়ানের কীর্ত্তি

ভেলোরের নিকট দাঙ্গার জের, মদের দোকান দগ্ধ

পুলিশের উপর আক্রমণ

ঢাকায় আবার দাঙ্গা ; বিচার ও দণ্ড

দাঙ্গায় ৪০০জন আহত

জাহাজ সংঘর্ষে ৪৮জন দগ্ধ

পূর্ব্ব মেয়র মিঃ বি, কে, বসু বলেন এ রিপোর্টে বৃটিশ গভর্ণমেণ্টের প্রতিশ্রুতির বিষয় যেরূপ পুনঃ পুনঃ উল্লেখ করা হইয়াছে তাহাতে মনে হয় ভারতবাসী যে আকাঙ্ক্ষা প্রতি মন্তাগুর্ত্ত বিষয়ে মণ্টেগু চেমস্‌ফোর্ড রিপোর্টের সহিত উহার তুলনা হয় না। মিঃ বোস বলেন যে পূর্ণ স্বরাজ ভিন্ন কমিশনের অন্য কোনও সুপারিশ কেহই গ্রাহ্য করিবে না। এই দেশের লোকের গোল টেবিল বৈঠকের ফলাফল পর্য্যন্ত অপেক্ষা করিবার ধৈর্য্য নাই।

মুসলমানদের কলিকাতার ভূতপূর্ব্ব মেয়র বলেন যে এই রিপোর্টে সমস্ত রাজনৈতিক অবস্থা প্রকৃত ভাবে বর্ণিত হইয়াছে। ব্যবস্থাপক সভার সদস্য ও ভূতপূর্ব্ব ডীন মিঃ এন. সি. সেন বলেন যে এই রিপোর্ট ভারতবর্ষের জটিল অবস্থা সমূহের আলোচনা করিবার যে চেষ্টা হইয়াছে তাহা প্রশংসনীয় হইলেও তাহা-দের মতামত ঠিক বলা যায় না। ভিন্ন ভিন্ন জাতির বা সম্প্রদায়ের ভিন্ন ভিন্ন প্রতিনিধি নির্ব্বাচিত হলে জাতিগত বা সম্প্রদায়গত বিরোধ দূর হইবে না বলিয়া রিপোর্টে যে মন্তব্য প্রকাশ করা হইয়াছে তাহা ভুল। জাতীয় সংরক্ষণ বিষয়ে সেনেদের মত সম্বন্ধে রিপোর্টের মন্তব্য ঠিক হয় নাই। লর্ড লেমিংটন বলেন যে এই রিপোর্ট ভারতবর্ষে বাহির শাসন বা কোনও প্রকার সংস্কার বিস্তার অনুকূল নহে। মিঃ এস সত্যমূর্ত্তি বলেন এই কমিশন কোনও কোনও অংশে ভারতবাসীর প্রতি সহানুভূতি প্রকাশ করিবার চেষ্টা করিয়াছেন। পৃথক প্রতিনিধি নির্ব্বাচন বিষয়ে কমিশনের উক্তি ঠিক নহে। মিঃ ডি রাজারাম পাণ্ডে বলেন যে এই কমিশন সমস্ত বিষয় সম্বন্ধে কাজ দেখাইয়াছেন কিন্তু রিপোর্ট ঠিক হয় নাই এবং তাহা নিরপেক্ষ নহে। পুনায় সাইমন কমিশনের রিপোর্ট সম্বন্ধে প্রতিবাদ স্বরূপ আংশিক হরতাল হইয়াছে।

ভেলোরের নিকট দাঙ্গার জের

গত রবিবার ভেলোরের নিকট যে হাঙ্গামা হয় তাহার ফলে হিন্দু মুসলমান উভয়ের দোকান পসারি সমস্ত বন্ধ হইয়া গিয়াছে এবং সমস্ত কারবার বন্ধ আছে। সোমবার বেলা ১টার সময় হিন্দুরা একজন মুসলমান স্ত্রীলোককে আক্রমণ করিয়াছে বলিয়া রব উঠায় মুসলমানগণ একটি পাঠশালায় প্রবেশ করিয়া আসবাবপত্র ভাঙ্গিয়া দিয়াছে। হিন্দুদের বাড়ীতেও আক্রমণ করিয়াছে। ভেলোর উপকণ্ঠে হিন্দুদের বাড়ী পোড়াইয়া দিয়াছে।

সীমান্তে যুদ্ধ

পেশোয়ারের নিকট আফ্রিদিরা ব্রিটিশ ফাঁড়ি আক্রমণ করেন ; কিন্তু ভারত গভর্ণমেণ্টের উড়োজাহাজ আক্রমণকারীদিগকে পুনরাক্রমণ করায় তাহারা ছত্রভঙ্গ হইয়া পড়িয়াছে। তাহাদের অনেকে হাতিয়ার পরিত্যাগ করিয়া চলিয়া গিয়াছে।

নানা খবর

স্বেচ্ছাসেবকের শাস্তি

বড়বাজার কংগ্রেস কমিটির স্বেচ্ছাসেবক আনন্দী ভারনী কাপড়ের দোকানে পিকেট করে এবং জেড্ কনষ্টেবলের নিকট হইতে এক পাতি কাড়িয়া লইবার চেষ্টা করে—এই অভিযোগে কলিকাতা কোর্টবাগানের অতিরিক্ত প্রধান প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট খাঁ বাহাদুর আসামীকে ২ মাস সশ্রম কারাদণ্ড ও জরিমানা করেন। জরিমানার টাকা না দিলে তাহাকে আরও দিন বিনা শ্রমে কারাদণ্ড ভোগ করিতে হইবে।

পুলিশের উপর আক্রমণ

০ সংবাদ আসিয়াছে ১৭ মাইল দূরে পাঠলা নামক গ্রামে মুসলমানেরা মসজিদ লুণ্ঠন করিয়াছে এই সংবাদ পাইয়া পুলিশ তদন্ত করিতে যায়। উচ্চপদস্থ পুলিশের লোকদিগকে চতুর্দ্দিকে ঘিরিয়া ফেলে। প্রধান কর্ম্মচারী আত্মরক্ষার্থ গুলি চালনার আদেশ করেন। একটী গুলিতে একজন মুসলমান মারা যায়, তাহাকে হাসপাতালে লইয়া যাইবার পথে সে প্রাণত্যাগ করে।

সমস্ত পুলিশ দলের আওয়াজ করে, তাহাদের অনেকে জখম হইয়া পড়ে।

কাঁকপাড়া গ্রামে একটী লুণ্ঠনের অপরাধে আসামী গ্রেপ্তার করিবার জন্য একজন পুলিশ কর্ম্মচারী দুইজন সিপাহী লইয়া গমন করেন। একদল মুসলমান লাঠি, সোঁটা এবং বর্শা লইয়া পুলিশকে আক্রমণ করে। আসামীকে মুক্ত করিবার জন্য মুসলমানেরা পলাইয়া যায়। পুলিশের লোকেরা স্থানীয় গ্রেপ্তারকৃত আসামীদের বাটীতে আশ্রয় লয়। এই সংবাদ পাইয়া অতিরিক্ত পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট ডেপুটি সুপারিণ্টেণ্ডেণ্ট এবং ম্যাজিষ্ট্রেট সাহেব সশস্ত্র পুলিশ লইয়া ঘটনাস্থলে উপস্থিত হন। যখন তাঁহারা তদন্ত করিতেছিলেন, সেই সময় একজন বালক ও আসামী একজন সিপাহীকে আক্রমণ করে। পুলিশকে বাধা দেওয়া ইত্যাদি অপরাধে এবং আরও দুইজন মুসলমানকে গ্রেপ্তার করা হইয়াছে।

আবার ঢাকায় দাঙ্গা

ঢাকায় একটী মোটর দুর্ঘটনা লইয়া দাঙ্গা হইয়া গিয়াছে। হিন্দু মুসলমানের মধ্যে আর একদফা দাঙ্গা হইয়া গিয়াছে।

একটী মুসলমান যুবক আহত হয় কিন্তু কোন ক্ষতি হইবার পূর্ব্বেই আরোগ্য হয়। কিন্তু পরেই রটনা হয় যে অনেক মুসলমান জড় হইয়া বাসাবাড়ীর হিন্দুদিগের গৃহ ইত্যাদি লুটিতে থাকে। হিন্দুরাও প্রতিরোধ করে। এইরূপে দাঙ্গা বাধিয়া যায়। পুলিশ যথাসময়ে আসিয়া পড়ায় এই দাঙ্গা বিস্তৃত হইতে পারে নাই।

এই দাঙ্গার জন্য অধিক লোক আহত হইতে সাহস করে নাই।

২জন হিন্দুকে গ্রেপ্তার করা হইয়াছে। তাহারা জামিনে খালাস আছে।

মদের দোকান বন্ধ

মেদিনীপুর হইতে সংবাদ এই যে গতবৎসর থানার রামপুরে মদের দোকান কে বা কাহারা পুড়াইয়া দিয়াছে। তদন্ত চলিতেছে, কিন্তু কেহ গ্রেপ্তার হয় নাই।

হ্যাংলো ইণ্ডিয়ানের কীর্ত্তি

জেম্‌স্ ঘোষ নামক একজন অ্যাংলো ইণ্ডিয়ান নাগপুরের বাজার হইতে টাকা মূল্যের জহরৎ আত্মসাৎ করার অপরাধে কলিকাতায় ২ বৎসর জেল হয়। তাহার খালাসের পর অবৈধভাবে আফিং চালান দেওয়ার অপরাধে নাগপুরে ১ বৎসর জেল হয়। তাহার জেল খাটিবার কালে অপর একজন ব্যবসায়ীর তাহার বিরুদ্ধে প্রতারণার অভিযোগ উপস্থিত করে এবং তাহাকে বিচারার্থ যে সময় নাগপুর কোর্টে লইয়া যাওয়া হইয়াছিল সেই সময় সে পলায়ন করিয়াছিল। গত মঙ্গলবার কলিকাতার সি আই ডি পুলিশ তাহাকে লিণ্ডসে ষ্ট্রীটের উপর পুনরায় গ্রেপ্তার করিয়াছে।

জেল ও জরিমানা

আইন অমান্য সমিতির সম্পাদক পূর্ণচন্দ্র দাসের ১৪৭ ধারা মতে জেল হইল অনাদায় জন তাড়া করা স্বেচ্ছাসেবকগণকে আশ্রয় দেওয়ার অপরাধে ৩ মাস সশ্রম কারাদণ্ডের আদেশ হইয়াছে। বাগেরহাটের নিধুভূষণ বোসের ৫ মাস জেল ও ২০০ টাকা জরিমানা হইয়াছে। ইহার বিরুদ্ধে লবণ আইন ভঙ্গ করার অভিযোগ ছিল। ফরিদপুরে পিকেটিং জন্য ১৫ জন স্বেচ্ছাসেবকের জেল হইয়াছে। রাজদ্রোহমূলক বক্তৃতা দেওয়ার অপরাধে বেঙ্গল প্রাদেশিক কংগ্রেস সভার সম্পাদক অশ্বিনীকুমার গঙ্গুলীর আলিপুরের ম্যাজিষ্ট্রেটের বিচারে ১ বৎসর জেল ও ৩০০ টাকা জরিমানার আদেশ হইয়াছে।

৫৮জন দগ্ধ

আমেরিকা হইতে সংবাদ আসিয়াছে যে ফোর্ট জেকস্ নামক একটী জাহাজের সহিত ধাক্কা লাগিয়া একটী তৈলের জাহাজ এবং তাহার আরোহী ৪০ জন লোক এবং জেটার জেটের ১৮ জন লোক পুড়িয়া মারা যায়। অনেকে পরে সমুদ্রে লাফাইয়া পড়ে, কিন্তু সেখানে জ্বলন্ত তৈলতরঙ্গে আসিয়া তাহাদিগকে দগ্ধ ও নিমজ্জিত করিয়া দেয়।

দাঙ্গায় ৪০০ আহত

বরোদা সহরে এবং কাটাহড় গ্রামে ভীষণ দাঙ্গা হইয়া গিয়াছে। সেখানে মুসলমানদিগের তাবুতে অজ্ঞাত কে বা কাহারা প্রস্তর নিক্ষেপ করায় মুসলমানেরা হিন্দুদিগকে আক্রমণ করে। তাহারা পুলিশকেও আঘাত করিতে থাকে। বরোদা সহরের পুলিশ কমিশনার আরও পুলিশ লইয়া শান্তি স্থাপন করিতে আসেন, কিন্তু তাঁহারাও আক্রান্ত হন। গোলাবারুদ লোকদিগকে বিক্ষিপ্ত করিয়া দেওয়া হয়; কিন্তু দলে দলে মুসলমান হিন্দুদিগকে আক্রমণ করিতে থাকে। ২০ জন হিন্দু গুরুতর আঘাত প্রাপ্ত হয়। ছয়টী হিন্দুগৃহ পুড়াইয়া দিয়াছে। সশস্ত্র পুলিশ রাস্তায় রাস্তায় পাহারা দিতেছে। এ পর্য্যন্ত ৩ জনকে গ্রেপ্তার করা হইয়াছে।

বরোদা সহরের নিকট কাটাহড় নামক গ্রামে ঐরূপ আর একটী দাঙ্গা হয়। তাহাতেও ৪০০ লোক আহত হয়।

বিচার ও দণ্ড

বোম্বাই হইতে সংবাদ এই যে, স্পেশাল ম্যাজিষ্ট্রেটের এজলাসে ৬৬জন ধরাশালার লবণ সত্যাগ্রহীর বিচার হইয়া গিয়াছে। আসামীদিগের মধ্যে ৩জনের তিন মাস সশ্রম কারাদণ্ড, ৩ জনের দুইমাস সশ্রম কারাদণ্ড, বাকী সকলে অপ্রাপ্ত বয়স্ক বালক বলিয়া একদিন করিয়া সশ্রম কারাদণ্ড হয়।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের
[illegible] পাচন
সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।
মফঃস্বলের সুবিধার জন্য ৬ আং শিশিতে ঘনীকৃত অবস্থায় ছোটবোতলের মধ্যস্থিত ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ।০ আনা, পাইট ৷৵০ আনা, বোতল ১৷৵০ আনা।
অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা।

মদন মঞ্জরী

রতিশক্তির হ্রাস ও ধাতুবিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, প্রমেহ, মূত্রকৃচ্ছ্র, স্বপ্নদোষ, বহুমূত্র, মাথাঘোরা, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি সকল রোগ নিশ্চয় আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বড়ি ১৲ এক টাকা।

"অপুংসকাশানি ঘৃত"

পুরুষত্বহানি যে যে কারণেই হউক আরোগ্য করিয়া শক্তিসম্পন্ন করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

"রমণবিলাসিনী বটিকা"

বীর্য্যধারণ ক্ষমতা ও বোধশক্তি স্থায়ী ও বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১০ বড়ি ১৲ এক টাকা।

রাজবৈদ্য নারায়ণজী, কেশবজী,
১৭৭নং হারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!
জে, বি, দত্তের ছোট শিশি বাদাম তৈল
খাঁটি ও অকৃত্রিম এবং উপকারিতার সর্ব্বজন পরীক্ষিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জোয়াচোরগণ কমদামের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত

কেরাস কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম
ইহাতে উপযুক্ত মাত্রায় আইরণ, হাইড্রোক্লোরেট কুইনিন, আর্সেনিক এবং ইউরিয়েন আছে।

এই কেরাস-কুইনিন্ দ্বারা ইন্‌জেক্সন করিলে একটী বা দুইটী ইন্‌জেক্সনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং ছয় হইতে বারটী ইন্‌জেক্সনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া দেয়।
৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ডাঃ ৵০, টাক মাই ও-কোরসান এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরীজ প্রস্তুত। ২৯।১, হরিতকী বাগান লেন, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর—৩১শে জ্যৈষ্ঠ শনিবার—১৩৩৭

(১)
নিত্যবস্তু পরমেশ্বরই চেতনাচেতন যাবতীয় পদার্থের
একমাত্র আশ্রয়-স্থল
স্ত্রীপুত্রাদি অনিত্যবস্তু নিত্যকালের জন্য আশ্রয় দানে অসমর্থ
(২)
শ্রীশ্রীগুরুদেবের আনুগত্যে শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তনই ভবমহাদাবাগ্নি
নির্ব্বাপণের একমাত্র সুস্নিগ্ধ বারি
(৩)
কৃষ্ণ-কৈঙ্কর্য্যই শান্তির পরমোপায়
যাবতীয় অশান্তির মূল কারণ অবিদ্যা বা কৃষ্ণবহির্ম্মুখতা
(৪)
মৎস্যভোজী সর্ব্বমাংসভোজী, মৎস্যাদি অমেধ্যবস্তু তমোগুণ প্রধান
লোকের খাদ্য, নির্গুণ কৃষ্ণভজনের পক্ষপাতী জনগণের পক্ষে
উহা সর্ব্বতোভাবে বর্জ্জনীয়
জিহ্বোদরোপস্থবেগজয়ী, পরাপেক্ষা-শূন্য ও মধুকর-ব্রতী হইয়া
সর্ব্বদা নাম-সংকীর্ত্তনই বৈরাগীর কৃত্য
বৈরাগ্যের ভাণ লইয়া জড়েন্দ্রিয়-তর্পণাভিলাষী মর্কট বৈরাগী
আচার-ভ্রষ্ট গুরু শিষ্যকে কখনও সদাচার শিক্ষা দিতে পারেন না
আসান-বরপেটার টাকা প্রাপ্তে সহজিয়া ভাগবত পাঠকের
নাম বৈচিত্র্যের অদ্ভুত ব্যাখ্যা
ভক্তিসিদ্ধান্ত-জ্ঞানহীন মূর্খের নিকট ভাগবত শ্রবণ মহা-মূর্খতার পরিচয়
সশিষ্য বৃন্দাবনীয়া গোঁসাইর স্ব-পর-বঞ্চনাকাঙ্ক্ষা পরিত্যাগ পূর্ব্বক
সদ্গুরু-পাদাশ্রয়ই শ্রেয়ঃপন্থা, নতুবা নরক অনিবার্য্য
(৫)
বৈষ্ণবতা সাম্প্রদায়িক ধর্ম্ম নহে, পরন্তু জীবমাত্রেরই
নিত্য-সত্য-সনাতন আত্মধর্ম্ম

আশ্রয়-বিচার

এই সুবিশাল পৃথিবী-বক্ষে মানব একা বাস করিতে পারে না। সেইজন্য কেহ স্ত্রীপুত্রাদিকে এবং কেহ বা পরমেশ্বর বস্তুকে আশ্রয় করিবার জন্য ধাবিত হন।

স্ত্রীপুত্রাদির জীবনের স্থিরতা নাই; সুতরাং তাহারা নিত্যকালের জন্য আশ্রয় দিতে অসমর্থ। ইহা ব্যতীত, আমরা যে কারণে তাহাদিগকে আশ্রয় করি, তাহারাও সেই নিমিত্ত আমাদিগকে আশ্রয় করিয়া থাকে; সুতরাং তাহারা বস্তুতঃ আশ্রয়-লিপ্সু অর্থাৎ আশ্রয়-জাতীয় বস্তুরূপে পরিগণিত হইবার অযোগ্য।

শাস্ত্র বলিতেছেন যে পরমেশ্বর নিত্য-বস্তু এবং চেতনাচেতন যাবতীয় পদার্থের একমাত্র আশ্রয়স্থল। অতএব যে সকল ব্যক্তি নিত্য আশ্রয় জাতীয় বস্তুরূপী পরমেশ্বর তত্ত্বকে অবলম্বন না করিয়া নশ্বর স্ত্রীপুত্রাদিকে আশ্রয়রূপে গণ্য করিয়া তাহাদিগের সেবা-ব্যাপারে সুখে বাস করিবার জন্য কৃতসঙ্কল্প, তাহারা ভ্রান্ত। ভ্রান্ত জীবগণ কল্পিত আশ্রয় বস্তুর নাশে মর্ম্মান্তিক বিরহ বেদনার অধীন হন, কিন্তু যে সকল বিজ্ঞ মানবগণ বাস্তবিক আশ্রয় জাতীয় বস্তুরূপী পরমেশ্বর তত্ত্বকে আশ্রয় পদে বরণ করেন, তাঁহারা মর্ম্মান্তিক বিরহ বেদনার পরিবর্ত্তে অভয় পদে প্রতিষ্ঠিত হইয়া নিত্যকাল পরমানন্দপূর্ণ ভগবৎসেবা-জনিত বিমল রস আস্বাদন করিবার সৌভাগ্য লাভ করেন।

সংসার-দাবানল

মহতী অরণ্যানীসমূহে কোন কোন সময় বৃক্ষসমূহের পরস্পর ঘর্ষণফলে বিদ্যুত প্রকাশিত হইয়া ভীষণ অগ্নির সৃষ্টি করিয়া থাকে। এই অগ্নিকে দাবাগ্নি বলে। দাবাগ্নি প্রজ্জলিত হইলে বন ভস্মীভূত হইয়া শ্মশানে পরিণত হয়। পাদপগণ নিশ্চল বলিয়া স্বস্থানে দণ্ডায়মান হইয়াই অগ্নির লেলিহান জিহ্বায় নীরবে আত্ম-বিসর্জ্জন করে, শ্বাপদসকল প্রাণভয়ে ইতস্ততঃ ছুটাছুটি করিয়া আত্মরক্ষার প্রয়াস পায়, কিন্তু অগ্নি যখন সমগ্র বনপ্রদেশে বিস্তৃত হইয়া পড়ে, তখন কাহারও নিস্তার নাই—স্থাবর জঙ্গম সকলেই তখন অসহ্য যন্ত্রণাভোগ করতঃ মৃত্যুমুখে পতিত হয়।

একটু স্থিরচিত্তে চিন্তা করিলে আমরা দেখিতে পাই—এই সংসারও একটী দাবানল। এখানে কেহ মদনানলে, কেহ বা শোকানলে দগ্ধীভূত। মৎসরতা ও শোক—এই দুইটী সংসার-দাবাগ্নির দুইটী বৃহতী শিখা। এতদ্ব্যতীত এই দাবানলের আর একটী বৃহতী শিখা আছে, তাহাকে ত্রিতাপ বলা যাইতে পারে। তাহা আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক—এই ত্রিবিধ তাপের সমষ্টি। এই শিখাটীর হস্ত হইতে সংসারাবদ্ধ কোনও ব্যক্তির নিস্তার নাই। উক্ত তিন প্রধান শিখা ব্যতীত কামানল, ক্রোধানল, লোভানল, মোহানল এবং মদানলেও সংসারের জীব দগ্ধ হইতেছে।

শ্রীগুরুদেব করুণাবতার। তিনি সংসার-দাবানলে দহ্যমান দুর্ভাগ্য জীবকুলের দুঃখে দুঃখিত হইয়া তাহাদিগকে চিরতরে উহার হস্ত হইতে উদ্ধার করিবার নিমিত্ত জগতে আগমন করেন।

শ্রীকৃষ্ণ-সংকীর্ত্তন-রূপ স্নিগ্ধবারিই সংসার-দাবানল-নির্ব্বাপণে একমাত্র সমর্থ, কিন্তু এ বারি যেখানে সেখানে পাওয়া যায় না। একমাত্র সদ্গুরুদেবের শ্রীমুখ-বারিধিতে ঐ বারির ঊর্ম্মিমালা অনুক্ষণ নৃত্য করিতে থাকে। তিনি ঐ হরিনাম-স্নিগ্ধধারা জীবের হৃদয়ে প্রজ্জলিত ভবমহাদাবানল নির্ব্বাপণ করিতে সমর্থ এবং করিয়া থাকেন। তাই আমাদের পূর্ব্বগুরু শ্রীশ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী মহোদয় গাহিয়াছেন—

> 'সংসার-দাবানল-লীঢ়-লোক-
> ত্রাণায় কারুণ্যঘনাঘনত্বম্।
> প্রাপ্তস্য কল্যাণ-গুণার্ণবস্য
> বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্॥'

শান্তির উপায়

বর্ত্তমানে ৫০৩১ কল্যব্দ চলিতেছে। কলি যুগের পরিমাণ ৪৩২০০০ সৌর বর্ষ। সুতরাং আয়ুর তুলনায় তিনি এখন কচি শিশু মাত্র। কিন্তু এই শৈশব বিস্থাতেই তিনি যে প্রকার বিক্রম প্রকাশ করিতেছেন, তাহাতে জীবনের পরবর্ত্তী সময়ে আমরা তাঁহার কি প্রকার রূপ দর্শন করিব, তাহা ভাবিলে শরীর শিহরিয়া উঠে।

কলি-শব্দের অর্থ বিবাদ। কলিযুগ শব্দে বিবাদের যুগ। এই যুগে ত্রিচতুর্থাংশ ধর্ম্মের লোপ প্রাপ্তি হইয়াছে, মাত্র এক পাদ ধর্ম্ম অবশিষ্ট আছে। তাই সর্ব্বত্রই বিবাদ চলিতেছে—রাজায় রাজায় বিবাদ, রাজায় প্রজায় বিবাদ, প্রজায় প্রজায় বিবাদ, প্রতিবাসীদের মধ্যে বিবাদ, ঘরে ঘরে বিবাদ, ভ্রাতায় ভ্রাতায় বিবাদ, এমন কি পিতায় পুত্রে বিবাদ। তদুপরি কলির প্রাণিগণ অল্পায়ুঃ ও নানাবিধ-ব্যাধিতে প্রপীড়িত। দুর্ভিক্ষ, মহামারী অরাজকতা প্রভৃতির তাণ্ডব-নৃত্যও জগতের চতুর্দ্দিকে দেখা চলিতেছে। সুতরাং কলির জীবকুল কি ভাবে জীবন-যাপন করিতেছেন, তাহা সুধীগণের বিবেচ্য।

পৃথিবীর অশান্তির কারণগুলি নিরাকরণের নিমিত্ত কত চেষ্টা চলিতেছে। উদ্ভব-মস্তিষ্ক চিকিৎসকগণ ব্যাধিসমূহ সমূলে উৎপাটন করিবার জন্য অক্লান্ত পরিশ্রমদ্বারা কত গবেষণা করিয়াছেন, কিন্তু ফলে দেখা যাইতেছে যে রোগ-সমূহের তীব্রতা ক্রমশঃ বৃদ্ধি পাইয়াছে এবং নূতন নূতন রোগের প্রাদুর্ভাব হইয়াছে। সমাজহিতকারীগণ সমাজের সর্ব্ববিধ হিতসাধনের নিমিত্ত জন্ম আগ্রহের সহিত নানা উপায় উদ্ভাবন করিয়াছেন, কিন্তু চতুর্দ্দিকে প্রজ্জলিত অশান্তি-অনল হ্রাস পাইতেছে না, কোথায়ও আপাতদৃষ্টিতে অগ্নির একটু অবসান দৃষ্ট হইলেও অপরদিকে উহার লেলিহান জিহ্বা দাউ দাউ করিয়া জ্বলিয়া উঠিতেছে। সুতরাং দেখা যাইতেছে—জগতে শান্তি-স্থাপনের যাবতীয় প্রয়াস 'ভস্মে ঘি ঢালা'র ন্যায় নিষ্ফল হইতেছে। ইহার কারণ কি? তবে কি জগদ্বাসি-জনগণের ভাগ্যে শান্তি নাই? তাহারা কি অনন্ত কালই অশান্তির অনলে পুড়িয়া মরিবে?

রোগীর রোগ-নির্ণয় না করিয়া অজ্ঞ হাতুড়ে চিকিৎসকগণ যে প্রকার স্বেচ্ছায় নানাবিধ অনুপযুক্ত ঔষধাদি প্রয়োগ দ্বারা রোগের মাত্রা অনেক সময় বৃদ্ধি করিয়া থাকেন, আমাদের সংসারে শান্তি-স্থাপন-প্রয়াসও অশান্তির প্রকৃত কারণ অব-ধারণের অসামর্থ্য-প্রযুক্ত ঠিক বিপরীত ফল প্রসব করে। বিজ্ঞ চিকিৎসক রোগীর রোগ ও তাহার উৎপত্তির কারণ নির্ণয় করিয়া রোগীর শারীরিক অবস্থা উত্তমরূপে পর্য্যবেক্ষণ পূর্ব্বক তাহার উপযুক্ত ঔষধ পথ্যাদির ব্যবস্থা করেন। তাহাতে অচিরেই রোগী আরোগ্য লাভ করে। রোগের রোগ নির্ণয় হইলেও রোগী সহ্য করিতে পারেন এই প্রকার ঔষধ

ও শান্তির ব্যবস্থা না হইলে তাঁহার অনিষ্ট সাধিত হয়

সাধু ও শাস্ত্র বলেন জগতের যাবতীয় অশান্তির মূল কারণ অবিদ্যা। এই অবিদ্যাই মায়া। সংসারবদ্ধ জীব-গণ চিত্তমুকুর মলাবৃত্ত, অন্তরে গগন স্পর্শী এবং ভোগলোলুপ হয় বলিয়া বৈরাগ্য—এই দেবতার কোন না কোনও একটী ধারা অবলম্বন করে। তাহাদের চিত্তদর্পণে তাঁহাদের প্রকৃত স্বরূপ প্রতিফলিত হইতেছে না। চিত্তদর্পণ মার্জ্জিত হইলে সৌভাগ্যবান্ পুরুষ দেখিতে পান—কৃষ্ণ-নৈষ্কর্ম্যই তাঁহার প্রকৃত স্বরূপ, তখন তাঁহার যাবতীয় চেষ্টা কৃষ্ণসেবায় প্রযুক্ত হয়, অচিরেই সংসার-বাসনা সমূলে বিনষ্ট হয় এবং তিনি অপ্রাকৃত প্রেমানন্দ আস্বাদন করেন। সুতরাং তাঁহার নিকট আর অশান্তির স্থান কোথায়? সূর্য্য উদিত হইলে যেরূপ যাবতীয় অন্ধকার আপনা হইতেই পলায়ন করিতে বাধ্য হয়, সেই প্রকার জীবের শুদ্ধ চিত্ত-গগনে কৃষ্ণ-চৈতন্য-স্বরূপ সূর্য্যের উদয়ের সঙ্গে সঙ্গে যাবতীয় অশান্তির উপদ্রব সম্পূর্ণ কাটিয়া যায়।

কলিযুগের জীবের চিত্ত দর্পণ মার্জ্জনের একমাত্র উপায় শ্রীনাম-কীর্ত্তন। কলির অল্পায়ুঃ প্রাণিগণের অবিদ্যা-রোগ নিরাকরণের শ্রীনাম-কীর্ত্তন ব্যতীত অন্য কোনও ঔষধ নাই—অবিদ্যা একমাত্র মহৌষধ। তাই বৃন্দাবনদাস ঠাকুর বলিতেছেন—

"হরেনাম হরেনাম হরেনামৈব কেবলম্।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা॥"

শ্রীচৈতন্যচরিতামৃতে শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু বলিতেছেন—

এত সব ছাড়ি আর না মানে সবে তাঁর নাম।
সে না মানে সেই পাপে হয় তাঁর নাশ॥

কলিহত-জীব প্রাণিগণের চিত্ত-দর্পণ মার্জ্জনে চৈতন্য-দেব অভিন্ন-ব্রজেন্দ্রনন্দন শ্রীগৌরসুন্দর স্বয়ং ভগবান অবতীর্ণ হইয়াও লোকের অনুকরণপূর্ব্বক তাঁহার শ্রীমুখে শ্রীনাম সঙ্কীর্ত্তন না করিয়া স্বরূপ উদ্বোধন করিতে পারে, তদ্বিষয়ে স্বয়ং আচরণে প্রকটিত হইয়া স্বরূপ রামানন্দ প্রভৃতি ভক্ত পার্ষদগণের সহিত শ্রীনাম সঙ্কীর্ত্তন ও অবশেষে দিব্যোন্মাদ প্রভৃতি দ্বারা আদর্শ পূর্ব্বক জগৎবাসীকে শিক্ষা প্রদান করিয়াছেন।

শ্রীগুরুদেব শ্রীগৌরসুন্দরের প্রকাশ-বিগ্রহ। তিনি স্বীয় আচরণ দ্বারা শিষ্যগণকে শ্রীকৃষ্ণ-সেবায় শিক্ষা প্রদান করিয়া থাকেন। সঙ্কীর্ত্তন, নৃত্য, গীত ও বাদ্যাদি দ্বারা উদ্বুদ্ধ শ্রীশ্রীগৌরসুন্দরের প্রেমরসে শ্রীগুরুদেবের অপ্রাকৃত দেহে রোমাঞ্চ, কম্প, অশ্রুপ্রভৃতি সাত্ত্বিক বিকার উদ্গত হয়। আমাদের পরমগুরু শ্রীশ্রীমদ্ গৌরকিশোর দাস বাবাজী মহারাজ শ্রীচৈতন্য-চরিতামৃত তৎকালে তাহা বর্ণন করিয়াছেন—

মহাপ্রভোঃ কীর্ত্তন-নৃত্যগীত-
বাদিত্রমাদ্যন্মনসো রসেন।
রোমাঞ্চ-কম্পাশ্রু-তরঙ্গভাজো
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্॥

সহজিয়ার ভাগবত পাঠ

(পূর্বপ্রকাশিত ৮৭ সংখ্যার পর)

যো যস্য মাংসমশ্নাতি স তন্মাংসাদ উচ্যতে।
মৎস্যাদঃ সর্ব্বমাংসাদস্তস্মান্মৎস্যান্ বিবর্জ্জয়েৎ॥

মনুসংহিতা ৫।১৫

উহার সরলার্থ—মৎস্য ভোজনে সর্ব্বমাংস ভোজন করা হয়। ইহা অত্যন্ত অপবিত্র এবং তামসিক প্রকৃতির লোকের খাদ্য। সুতরাং নির্গুণ কৃষ্ণভজনের পক্ষপাতী জনগণ মৎস্যাহার সর্ব্বতোভাবে পরিত্যাগ করিবেন।

বৈরাগী করিবে সদা নাম-সংকীর্ত্তন।
মাগিয়া খাঞা করে জীবন রক্ষণ॥
বৈরাগী হঞা যেবা করে পরাপেক্ষা।
কার্য্যসিদ্ধ নহে, কৃষ্ণ করেন উপেক্ষা॥
বৈরাগী হঞা যেবা করে জিহ্বার লালস।
পরমার্থ যায় আর হয় রসের বশ॥
জিহ্বার লালসে সেই ইতি উতি ধায়।
শিশ্নোদরপরায়ণ কৃষ্ণ নাহি পায়॥
প্রভু কহে বৈরাগী করে প্রকৃতি-সম্ভাষণ।
"[illegible] বটিকা"

[illegible] মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

রাজবৈদ্য নারায়ণজী, কেশবজী
১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের ঢাকা শিশি বাদাম তৈল

স্বাদ ও গন্ধে এবং উপকারিতায় [illegible] পাইবেন ও বহু প্রশংসিত।

আমরা সর্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল ক্রয়ের কালে [illegible] শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নচেৎ জুয়াচোরগণ [illegible] কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত

ফেরাম্‌ কুইনিন্‌

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার জন্য ইহাতে উপযুক্ত মাত্রায় আইরন, হাইড্রোক্লোর কুইনিন, আর্সেনিক এবং স্ট্রিকনিন আছে।

এই ফেরাম্‌-কুইনিন্‌ দ্বারা ইনজেকসন করিলে একটী বা দুইটী ইনজেকসনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং ছয় হইতে বারটী ইনজেকসনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া দেয়।

৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ডাঃ মাঃ [illegible]

[illegible] কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটারীতে প্রস্তুত। [illegible] লেন, কলিকাতা।

শ্রীস্নানযাত্রা মহোৎসব

গত ১১ই জুন ১৯৭০ বুধবার শ্রীধাম পুরীতে শ্রীশ্রীজগন্নাথদেবের স্নানযাত্রা-মহোৎসব মহাসমারোহের সুসম্পন্ন হইয়াছে। প্রাতঃ ৮ ঘটিকার সময় ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ, শ্রীমদ্ ভক্তিকুমুদ সন্ত মহারাজ এবং শ্রীমদ্ ভক্তিকেবল ঔড়ুলোমি মহারাজ প্রায় ৭০।৮০ জন ভক্ত সমভিব্যাহারে শ্রীধাম পুরী পুরুষোত্তম মঠ হইতে এক বিরাট সঙ্কীর্ত্তন-শোভাযাত্রা করিয়া শ্রীশ্রীজগন্নাথ-গৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর বিপুল জয়-ধ্বনিসহ উদ্দণ্ড নৃত্যকীর্ত্তন করিতে করিতে ৯টার সময় শ্রীশ্রীজগন্নাথদেবের মন্দিরের সিংহদ্বারে উপনীত হইয়া তথায় ভূমিষ্ঠ প্রণাম করেন অতঃপর বড় রাস্তার মধ্যে শ্রীবিগ্রহের ঠিক সম্মুখভাগে ১১টা পর্য্যন্ত নৃত্য কীর্ত্তন করিয়া মহোৎসব সমাধা হইবার পর ভক্তগণ সকলে শ্রীমঠে প্রত্যাবর্ত্তন করেন এবং শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের বিপুল জয় ধ্বনি সহ মহাপ্রসাদ সম্মান করেন।

"কুবুদ্ধি"

বিষয়ানন্দ-মগ্ন প্রত্যেকেই আপনাকে বুদ্ধিমান্ বলিয়া বিবেচনা করেন। কিন্তু যিনি নিখিল নিত্য লোকের লোক, যিনি স্বয়ংভগবান্ রূপে ইহলোকে অবতীর্ণ হন, তিনি মানুষকে বিচার, বুদ্ধি প্রভৃতি দান করিয়া বুদ্ধিমানের বুদ্ধি প্রদান করেন।

যে কারণে কোন রোগের উৎপত্তি হয়, রোগী যদি সেই রোগের মূল উৎপাটিত করিবার প্রযত্ন না করিয়া কালবৃদ্ধির ব্যবস্থা করে, তবে তাহার ফলে রোগ নিরাময় হয় কি ?

ভগবদ্বহির্ম্মুখতার ফলে নিত্য ভগবানের দাস ভুলিয়া জীবের জগতে আগমন সুতরাং আধ্যাত্মিক রোগাক্রান্ত জীবকে জগতে কর্ম্মফলেই স্থান প্রদান করে। জীব যে সুখের জন্য সংসারে আসিয়াছে, যে সুখের পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইতেছে, সে সুখ যে সুখ নহে, তাহা দেখিয়া, শুনিয়া ও বুঝিয়াও যদি পুনরায় তাহারই অনুসন্ধান করে তবে কি তাহার বুদ্ধি 'কুবুদ্ধি' নহে ?

যিনি নিজের মঙ্গল স্থাপন করিয়া লইতে পারেন, তিনিই বুদ্ধিমান্। অথচ সংসারিক সুবিধা করিবার জন্য সকলেই যুগ যুগ কাটাইয়াছেন, কাটাইতেছেন ও কাটাইবেন সত্য, কিন্তু সে যত্নের ফলে সুবিধা পান নাই, পাইতেছেন না বা পাইবেনও না।

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর—২০শে আষাঢ় মঙ্গলবার—১৩৭৭

(১)

পুরী স্নানযাত্রা মহোৎসবে পুরুষোত্তম মঠ

(২)

ভগবদ্বৈমুখ্যই কুবুদ্ধি, তাহা ছাড়িয়া সাধুসঙ্গে কৃষ্ণনাম শ্রবণ কীর্ত্তনই সদ্বুদ্ধি

(৩)

অদ্বয়জ্ঞান শ্রীকৃষ্ণের ব্রহ্ম, পরমাত্মা ও ভগবৎ প্রতীতিতে দ্বৈতত্বের আশঙ্কা নিরাস

(৪)

নবনির্ম্মীয়মাণ গৌড়ীয়মঠ-দর্শনে জোড়হাট টেক্নিক্যাল ইন্‌ষ্টিটিউটের অধ্যক্ষ প্রকাশ বাবু ও সশিষ্য শ্রীশ্রীপ্রভুপাদ

ইহলোকে যে দিন পরলোকের বার্ত্তা আগমন করেন, সেই দিনই শুভদিন। পরলোক হইতে পরলোক বা বৈকুণ্ঠ বার্ত্তাবহ বৈকুণ্ঠপ্রিয় জনগণ বৈকুণ্ঠসেবা-বিমুখদিগকে উন্মুখ করিবার জন্য শ্রীভগবানেরই ইচ্ছায় জগতে অবতীর্ণ হন। জীবের বন্ধুতা বৃদ্ধি করিবার বন্ধুর অভাব বিশ্বে নাই, কিন্তু বন্ধুতার বিমূর্তি করিতে সেই একমাত্র আশ্রয়, সত্য এবং সকল বৈকুণ্ঠগণ।

নিজ প্রিয় মহৎগণকে নিস্তারের দিবার জন্য প্রভুপ্রিয়জনগণ প্রপঞ্চে অবতীর্ণ হইলেও অনেকে আমরা দুর্ভাগ্যক্রমে তাঁহাদিগের পদনখের জ্যোতি-দর্শনের সৌভাগ্য হইতে বঞ্চিত হই। আবার কেহ কেহ তাঁহাদিগের কৃপাকর্ষণে আকৃষ্ট হইয়াও কুবুদ্ধি বশে কৃপাগ্রহণে বিমুখ হই।

সংসারে আমাদিগের অভিভাবকগণ সাংসারিক উন্নতির জন্য আমাদিগকে বিশেষভাবে নিযুক্ত করেন। কখনও বা আদর, কখনও বা শাসনের দ্বারা আমাদিগকে নিয়ন্ত্রণ করিয়া থাকেন তাহা সকলেই আমরা জানি, কিন্তু আমাদিগের তায় মুখমধ্যে কৃপাভিক্ষাদিগকে নিত্যমঙ্গলের নিমিত্ত প্রবৃত্ত করাইবার জন্য বৈষ্ণবগণের অকৃত্রিমভাবে যা চেষ্টা করিতে হয়, তাহা আমরা বুঝিতে পারি কি ? বহুপূর্বে, কাম-ক্রোধাদির পীড়নে প্রপীড়িত অথচ সেই পীড়নের বহুমানন করিয়া পুনরায় তাহাদের সেবা-নিরত বিপুলভাবে হইতে মুক্ত করিয়া উন্মুখ করিতে হইলে কিরূপ কি করিতে হয়, তা আমাদের চিন্তার ধারণার বিষয় নহে।

পরমদয়াল বৈষ্ণবঠাকুরগণ আমাদিগের দুঃখে দুঃখী হইয়া সকরুণ আমাদিগকে নিকটে রাখিয়া শ্রীভাগবতামৃত পান করাইতেছেন আর মনের বিক্ষিপ্তি বিদূরিত করিবার জন্য মৃতসঞ্জীবনী হরিকথা-মধুর ক্ষমিতাগুণাবলী শ্রবণ করাইতেছেন। তাঁহারা স্বভাবতঃ সকরুণ ও সেবানিযুক্ত। আমার ন্যায় মায়া-মত্ত মূঢ় ব্যক্তিকে কপটতাবে না প্রবৃত্ত করিয়া হরিসেবানিষ্ঠা উদ্বোধনের সাহায্য করিতেছেন। কিন্তু আমার বুদ্ধি, সুবুদ্ধি নহে—কুবুদ্ধি। বাহিরে লোক-দেখান বা বাগাড়ম্বর হরিসেবাকৃতি করিলেও অন্তরে কনক-কামিনী-প্রতিষ্ঠা-লাভের বাসনা। সুচতুর গুরুপাদ বা বৈষ্ণবগণ আবার আমা বিশেষভাবে জানেন। কিন্তু বেশী চাপিলে পাছে আমার বেধান ভাঙ্গিয়া ছুটিয়া যাই এবং আমাকে কৌশলে রাখিয়াছেন। আবার আমার বাহ্যপূজার পরিমাণ বেশী দেখিলে আমার উদ্ধারের জন্য সর্ব্বদাই তাঁহারা আমাকে শাসন করিতে উদ্যত হন। কিন্তু হায়! হায়! যাঁহারা আমাকে আপন বলিয়া জানেন, তাঁহাদিগকে আমি আপন বলিয়া না করায় সে শাসন—শাসন নয়, আমার পরম মঙ্গলবিধান, আমার নিকট অশনি স্বরূপ হয়। মন, তোমার দাসত্বে কত জীবন না সমর্পণ করিয়াছি। তোমার কথায় কামক্রোধাদির নিকট আত্মসমর্পণ করিয়াছি। তাহাদিগের প্রভুত্ব হইতে শত সহস্রবার লাঞ্ছিত, অপমানিত হইয়াও সেই দাসত্ব করিতে পরম সুখ বোধ করি। আর যাঁহারা আমার নিত্যকালের আপনজন তাঁহাদের শাসন আমার জীবন ও পরমপ্রীতির পরিচয় সে শাসন গ্রহণে বিমুখতা, বরং তাহা দেখিয়া বড়ই ক্রোধ হইয়াছে।

হে প্রভো, হে প্রভুগণ! আপনারা পতিতপাবন, পরদুঃখদুঃখী! আপনাদের নিকট না মানিয়া অজ্ঞানতাবশতঃ অনেক অপরাধ করিয়াছি। রোগ-মগ্ন ব্যক্তি রোগযন্ত্রণায় প্রপীড়িত হইয়া রোগনাশকারী বৈদ্যের প্রতি অনেক কুবাক্য প্রয়োগ করিয়া থাকে, আমিও সেইরূপ ভবরোগ-যন্ত্রণায় অসংখ্য রোগযন্ত্রণার আকুল হইয়া তাঁহার আপনাদিগকে কত না কটুবাক্য বলিয়াছি, কত প্রতিবন্ধকতা দিয়াছি। যদি আপনারা আমাকে উদ্ধার করিতে আসিয়া যদি আমার প্রতি বিমুখ হইয়া যান, তবে আর ত আমার কেহ নাই, উপায় নাই। আমার সমস্ত অপরাধ আপনারা কৃপা করিয়া ক্ষমা করিয়া আশ্রয় প্রদান করুন। আপনাদের অহৈতুকী [illegible] পাদপদ্মাশ্রয়ে অবস্থিত ... করুন। আর আপনাদের ... ...

... ... শ্রবণ কীর্ত্তন।
... পাদে মম কৃপাপ্রার্থন॥

অদ্বয় জ্ঞান শ্রীকৃষ্ণের বিভিন্নাবির্ভাবে দ্বৈতত্বের আশঙ্কা নিরাস

(পণ্ডিত শ্রী... বন্দ্যোপাধ্যায় বেদান্ত...)

অদ্বয়জ্ঞান ... শ্রীকৃষ্ণের স্বরূপ ... শ্রীকৃষ্ণ ... সম্বন্ধে ... সম্বন্ধে ... প্রকাশ ... সম্বন্ধে ... প্রকাশ ...

লোকের নিকট বিবিধ প্রকাশ, উহা উক্ত ব্যক্তিগণের অধিকারানুসারে হইয়া থাকে। যেমন প্রথম ব্যক্তির অনুভব অসম্পূর্ণ, তাহা অপেক্ষা দ্বিতীয় ব্যক্তির অনুভূতি পূর্ণতর এবং তৃতীয় ব্যক্তির অনুভব সম্পূর্ণ। যে প্রকার কোন স্থলে সঙ্গীত আলাপ হইতে থাকিলে ত্রিবিধ অধিকারী সেই সঙ্গীতকে তিন প্রকারে অনুভব করিয়া থাকেন, একজন সাধারণ ব্যক্তি কতকগুলি শব্দ উচ্চারিত হইতেছে বুঝিতে পারেন, অপেক্ষাকৃত জ্ঞানী ব্যক্তি সেই শব্দের অর্থ বুঝিতে পারেন এবং সঙ্গীতবিদ্যায় নিপুণ ব্যক্তি সেই সঙ্গীতের শব্দ ও শব্দের অর্থকে অতিক্রম করিয়া রাগরাগিণীর মূর্ত্তি সন্দর্শন করিতে সমর্থ হয়েন—ইহাই পরিপূর্ণ দর্শন, তদ্রূপ জ্ঞানের স্তরানুসারেও সেই অদ্বয়জ্ঞান শ্রীকৃষ্ণ ত্রিবিধ অধিকারীর নিকট ব্রহ্ম, পরমাত্মা ও শ্রীভগবদ্রূপে প্রকাশ পাইয়া থাকেন. যেমন ভক্তের নিকট যে প্রকাশ তাহাই অদ্বয়জ্ঞান-তত্ত্বের পরিপূর্ণতম প্রকাশ বুঝিতে হইবে। যেমন সঙ্গীতবিদ্যায় নিপুণ ব্যক্তি সঙ্গীতের শব্দের বা রাগিণীর মূর্ত্তির অনুভূতি ও সঙ্গীতের অর্থ ও শব্দতত্ত্বের পরিচয় পান, যিনি শ্রীভগবানকে জানেন, তিনি পরমাত্মা ও ব্রহ্মকে জানেন। কিন্তু সঙ্গীতের শব্দ ও অর্থের পরিচয় যাঁহারা মাত্র পাইয়াছেন, তাঁহারা যে প্রকার সঙ্গীতের মূর্ত্তির পরিচয় পান না, তদ্রূপ ব্রহ্ম ও পরমাত্মা অনুসন্ধানকারী ব্যক্তিগণও শ্রীভগবদ্রূপের সন্ধান পাইবেন না।

যস্য প্রভা প্রভবতো জগদণ্ডকোটি-কোটিষ্বশেষবসুধাদিবিভূতিভিন্নম্।
তদ্ ব্রহ্ম নিষ্কলমনন্তমশেষভূতং
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি॥

তদ্রূপ অদ্বয়জ্ঞানতত্ত্বক ভগবান্ নিজের কোটি কোটি অংশের মধ্যে তাঁহার অঙ্গকান্তি দ্বারা ব্রহ্মকে প্রকাশ করেন, ব্রহ্ম ও পরমাত্মা তাঁহাকে অংশ মাত্র; তিনি তাঁহার পরিপূর্ণ প্রকাশ।

নির্বিশেষ ব্রহ্ম নির্গুণ বস্তু অপর শ্রীকৃষ্ণের অঙ্গকান্তি মাত্র। সুতরাং এ প্রকার সাধারণ দৃষ্টিতে যাঁহারা জ্যোতির্ময়রূপেই তুষ্ট হয়েন, মূর্ত্তরূপে তুষ্ট হয়েন না, তদ্রূপ স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ জ্ঞানীর নিকট সেই জ্যোতিরূপেই তুষ্ট হয়েন, মূর্ত্তরূপে তুষ্ট হয়েন না; সুতরাং জ্ঞানীর পরব্রহ্ম সম্বন্ধে যে দর্শন তাহা পরিপূর্ণ দর্শন নহে, পরন্তু অসম্পূর্ণ দর্শন।

'যস্য প্রভা প্রভবতো জগদণ্ডকোটি-
কোটিষ্বশেষবসুধাদিবিভূতিভিন্নম্।
তদ্ ব্রহ্ম নিষ্কলমনন্তমশেষভূতং
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি॥

অর্থাৎ যাঁহার কোটি কোটি ব্রহ্মাণ্ডে অশেষ বসুধাদি বিভূতি ভেদে ভিন্ন হইয়াছেন, সেই নিষ্কল, অনন্ত ও অশেষভূত ব্রহ্ম যে প্রভুর অঙ্গকান্তি, আমি সেই আদিপুরুষ গোবিন্দকে ভজনা করি।

পরমাত্মা স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণের এক অংশ। শ্রীকৃষ্ণ স্বয়ং আত্মারও আত্মা, সর্ব্বশ্রেষ্ঠ।

'কৃষ্ণমেনমবেহি ত্বমাত্মানমখিলাত্মনাম্।
জগদ্ধিতায় সোঽপ্যত্র দেহীবাভাতি মায়য়া॥'

এই কৃষ্ণকে আত্মার আত্মা বলিয়া বিদিত হও। তিনি জগতের হিতার্থ যোগমায়া দ্বারা দেহধারী জীবের ন্যায় প্রকাশ হয়েন।

গীতায়ও শ্রীভগবান অর্জুনকে বলিয়াছেন তোমার অধিক জানিবার আবশ্যক কি, আমি একাংশ দ্বারা অর্থাৎ আমার একাংশরূপ পরমাত্মা দ্বারা আমি এই সমস্ত জগৎ ব্যাপিয়া আছি।

সুতরাং দেখা যাইতেছে জ্ঞান ও যোগাধিকারী ব্যক্তিগণের অধিকারানুসারে শ্রীভগবানের বিশেষ বিশেষ শক্তিসমন্বিত অপূর্ণ বা আংশিক আবির্ভাবের অনুভব হয়, কিন্তু একমাত্র আত্মার নিত্যবৃত্তি ভক্তিদ্বারাই সেই অদ্বয়জ্ঞানতত্ত্বের পরিপূর্ণ সকলশক্তিসমন্বিত স্বরূপের অনুভব হইয়া থাকে এবং সেই অদ্বয়জ্ঞানতত্ত্বই সকলশক্তিসমন্বিত পরিপূর্ণ চিদ্বস্তু স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ।

তবে এস্থানে প্রশ্ন হইতে পারে যে, কৃষ্ণের ন্যায় রাম, নৃসিংহ, বামন, বরাহাদি প্রভৃতিও 'ভগবান্' শাস্ত্রে কথিত হইয়াছে; কিন্তু ইহাদিগকেও 'ভগবান্' বলিয়া শাস্ত্রে কথিত হইয়াছে, তবে শ্রীকৃষ্ণের কি প্রকার বৈশিষ্ট্য হইতে পারে? তদুত্তরে বলা যায় যে এই অদ্বয়জ্ঞানতত্ত্ব স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ অনন্তরূপে প্রকাশ পাইলেও তাঁহার মূর্ত্তিভেদ স্বীকৃত হয় না, কারণ তাঁহার একই মূর্ত্তিতে ভক্তের যোগ্যতানুসারে অনন্তমূর্ত্তির প্রকাশ স্বীকৃত হইয়া থাকে। তিনি অনন্ত প্রকারে অনন্ত মূর্ত্তি হয়েন না, পরন্তু তাঁহার একই মূর্ত্তি অনন্ত মূর্ত্তিতে দৃষ্ট হয়েন। তাঁহার একই মূর্ত্তিতে বিবিধ আকার, বিবিধ বর্ণ, বিবিধ অঙ্গ, বিবিধ বেশ ও বিবিধ ভাবাদি এবং বিবিধ নাম দৃষ্ট হয়। সুতরাং স্বয়ংভগবান্ শ্রীকৃষ্ণ ব্রহ্ম, পরমাত্মা, নৃসিংহ, রাম, প্রভৃতি যে ভাবে ও রূপে ভক্তের যোগ্যতানুসারে অনুভূত বা দৃষ্ট হউন তাঁহার স্বরূপবৈশিষ্ট্য তাঁহার অদ্বয়ত্বের বাধক নহে, পরন্তু সমস্তই একই অদ্বয়জ্ঞানতত্ত্বেরই অন্তর্গত ব্যাপার আর স্বয়ংভগবান্ শ্রীকৃষ্ণ সেই অদ্বয়জ্ঞানতত্ত্বস্বরূপ।

শ্রীশ্রীগৌড়ীয় মঠ দর্শনে

[দ্বিতীয় বার]

(পণ্ডিত শ্রীপাদ রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন ভক্তিশাস্ত্রী)

পরমারাধ্যতম শ্রীল প্রভুপাদের আদেশ মত শ্রীধাম পুরী শ্রীপুরুষোত্তম মঠে উৎসবে যাইবার পথে গত ২৩শে চৈত্র শনিবার কলিকাতা শ্রীগৌড়ীয় মঠে উপস্থিত হই। কোন কার্য্য-গতিকে দুই দিবস বিলম্ব হওয়ায়, ২৫শে চৈত্র রবিবারে অপরাহ্ণ চারি ঘটিকার সময় শ্রীল প্রভুপাদের নির্দ্দেশ মত আমরা কয়েক জন বাগবাজারে নবনির্ম্মীয়মাণ শ্রীগৌড়ীয় মঠ দর্শনার্থী হইয়া শ্রীল প্রভুপাদের অনুগমন করি। শ্রীপাদ কুঞ্জ দাদা, ত্রিদণ্ডি স্বামী শ্রীপাদ তীর্থ মহারাজ, শ্রীপাদ অপ্রাকৃত প্রভু, শ্রীপাদ কীর্ত্তনানন্দ ব্রহ্মচারী প্রভু, শ্রীপাদ নিশিকান্ত সান্যাল এম, এ, ভাগবতশাস্ত্রী প্রফেসার কটক রেভেন্স কলেজ, শ্রীপাদ ব্রজ মোহন গোস্বামী প্রভু, শ্রীযুক্ত প্রকাশ চন্দ্র দত্ত কোচবিহার টেক্‌নিক্যাল ইনষ্টিটিউসনের প্রিন্সিপাল-প্রমুখ সকলেই দর্শনার্থী। আমিও তাঁহাদের অনুগামী একজন।

শ্রীমঠের সমস্ত স্থান ভ্রমণ

শ্রীল প্রভুপাদের ও শ্রীপাদ কুঞ্জ দাদার অনুগত্যে সকলে নবনির্ম্মীয়মাণ শ্রীমন্দির ও চতুস্পার্শ্বস্থ গৃহাদি ও নবরত্ন স্থানের কারুকার্য্য-সমন্বিত স্তম্ভ চারি প্রভৃতি দর্শন করিতে থাকিলাম। বিগত তিন মাস পূর্ব্বে যাহা দর্শন করিবার সৌভাগ্য হইয়াছিল, বর্ত্তমানে শ্রীমঠের কার্য্য তাহা অপেক্ষা বহু দূর অগ্রসর হইয়াছে দেখিলাম যাহা কল্পনারও অতীত। প্রিন্সিপাল মহাশয় বিশেষ মনোযোগের সহিত পুঙ্খানুপুঙ্খরূপে অনুসন্ধান দ্বারা পর্য্যবেক্ষণ করিতে লাগিলেন এবং শ্রীপাদ কুঞ্জদাদার শ্রীমুখে সমস্ত তথ্য অবগত হইতে থাকিলেন। যেখানে যেখানে শ্রীবিগ্রহের সিংহাসন হইবে সেই সেই স্থানে প্রবেশ করিয়া শ্রীপাদ তীর্থ মহারাজ শ্রীল প্রভুপাদের জয়ধ্বনি-সহ শ্রীগৌরসুন্দরের জয়ধ্বনি করিতে থাকিলেন। যেন সকলেই এক অভূতপূর্ব্ব আনন্দ-রসে নিমজ্জিত হইয়া শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্ব্বিকাগিরিধারীর বিজয় ঘোষণা করিতেছেন। শ্রীল প্রভুপাদ মন্দির দেখাইয়া বলিলেন শ্রীমন্দিরের সম্মুখে এমন একটী নাটমন্দির হইবে যেন যাত্রীর ভিড় উত্তীর্ণ হওয়ার সময় রেল-যাত্রিগণ শ্রীগৌড়ীয় মঠ দর্শন ও স্মরণ করিবার সুযোগ পান।

ভক্তিরঞ্জন মহোদয়ের আগমন—

কিছুক্ষণ পরে মঠনির্ম্মাণকারী আদর্শ সেবক শ্রেষ্ঠী শ্রীল জগবন্ধু ভক্তিরঞ্জন মহোদয় আগমন করিলেন ও শ্রীশ্রীপ্রভুপাদের শ্রীচরণে সাষ্টাঙ্গ দণ্ডবৎ প্রণতি বিধান করিলেন। তখন শ্রীল প্রভুপাদ ও আমরা সকলে বিশ্রামার্থী হইয়া শ্রীমন্দিরের সম্মুখের বারান্দায় উপবিষ্ট হইলাম। প্রিন্সিপাল বাবু সমস্ত মঠের শিল্প-কলার বিচিত্রতা দর্শন করিয়া এত মুগ্ধ হইয়াছেন যে, তিনি পুনঃ পুনঃ প্রকাশ করিতে লাগিলেন, "এই প্রকার মজবুত এবং শিল্পকলার নৈপুণ্য আধুনিক জগতে এক অত্যাশ্চর্য্য ব্যাপার। কোন ইঞ্জিনিয়ার তাঁহার অধীত-বিদ্যা-বলে এরূপ বিবিধ প্রকার শিল্প-চাতুর্য্য প্রদর্শন করিতে সমর্থ হইবেন না; যাহা এই আদর্শ-সেবক জগবন্ধু বাবু করিলেন। হৃদয়ে প্রেম নিহিত হয়, তাঁহার হৃদয়ে শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের নিত্য আবাস-মন্দিরটী যাহা আছে, তাহাকেই আদর্শ জগজ্জীবের কল্যাণার্থে তিনি বাহিরে প্রকাশিত করিলেন। এই মঠটী ভারতের একটী মহাতীর্থ-স্বরূপ। শুধু ভারতবাসী কেন, বিশ্ববাসী সকলে এই মহাতীর্থে আগমন করিয়া মনুষ্য-জন্ম সার্থক করিবেন।

জগবন্ধু বাবু বাঙ্গালী জাতির গৌরব রক্ষার্থে এই অতুলনীয় শ্রীমন্দির নির্ম্মাণ করিয়া অক্ষয় কীর্ত্তি স্থাপনা করিলেন। কারণ এই কলিকাতা সহরে, কলিকাতা কেন ভারতের আর কোথাও বাঙ্গালী জাতির গৌরব ঘোষণা করিতে পারে এমন কোন অদ্ভুত দেব মন্দির নাই যাহা তিনি শ্রীগৌড়ীয় মঠ রূপে প্রকাশ করিলেন।" প্রিন্সিপাল বাবুর ঐসকল বাক্যে ভক্তিরঞ্জন মহোদয় যেন আত্মহারা লজ্জিত হইয়া বলিলেন—এই মঠ মন্দির যাহা কিছু কার্য্য দেখিতেছেন, ইহাতে আমার নিজের কৃতিত্ব কিছুই নাই। শ্রীগুরুগৌরাঙ্গের কার্য্য তাঁহারাই করাইয়া লইতেছেন। আমি একটী উপলক্ষ্য মাত্র! আমি মঠ মন্দির করিয়া দিতেছি ইহা নহে, শ্রীগুরুগৌরাঙ্গের একটী নগণ্য ক্রীতদাস আমি, তাঁহাদের কিছু সেবাধিকার পাইয়া জীবনকে ধন্য জ্ঞান করিতেছি মাত্র। এই মঠ মন্দিরাদি যাবতীয় বিষয়, ইহা সমস্তই শ্রীগুরুগৌরাঙ্গের চিদ্-বৈভব, ইহা দ্বারা প্রভুর মনোভীষ্ট সম্পাদিত হইলেই আমি ধন্য হই। আমার জীবন যেন শ্রীগুরুগৌরাঙ্গের সেবা করিতে করিতে অতিবাহিত হয়, আপনারা এই আশীর্ব্বাদ করিবেন। শ্রোতাগণ ভক্তিরঞ্জনের এই সকল কথা শ্রবণ করিয়া প্রিন্সিপাল বাবু খুবই আনন্দ লাভ করিলেন। (ক্রমশঃ)

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

ভক্তি-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই স্বর্ণাক্ষিত। চতুর্থ সংস্করণ। বিস্তৃতবিধ প্রসূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

আজন্ম বহুশাস্ত্র বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই ২৲ দুইটাকা

আবাঁধা- ১॥০ দেড়টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও আনন্দ সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? বর্ণ, সমাজ, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসংকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য ভিক্ষা ৵০

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৵০

শ্রীচৈতন্য মহাপ্রভুর লীলাভূমি নবটী দ্বীপ-আবিত। এই নব দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা, প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ভাবে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৬০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

উত্তম রোজ-এর কাগজে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের তরঙ্গ হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শিক্ষাষ্টক

৷৵০

দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী এবং শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তগণের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে লিখিত হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয় বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ!!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা ⁄০ আনা

দেহ ও মনের চেষ্টা অনিত্যবস্তু লইয়া—জীব যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন কারণে আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাগত হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্মসমর্পণমূলক গান। নবম সংস্করণ প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড ⁄০ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— ⁄০, নবদ্বীপশতক— ⁄০

অষ্টপদক—⁄০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা ⁄১০

আমরা অজ্ঞান বুঝব করাব ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন্ বস্তু আমাদের নিত্য কল্যাণপ্রদ এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতগ্রন্থ বাস্তবিক কল্যাণের কল্পতরু; যাঁর প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদানে

শ্রীল চক্রবর্ত্তি ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচী, বিষয়সূচী প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয় সংবলিত প্রায় ৮২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৷০

শ্রীবলদেব বিদ্যাভূষণ কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোণার জলে নাম লেখা রাজসংস্করণ ২৲ টাকা, সাধারণ সংস্করণ ১৷০, গৌড়ীয়ের গ্রাহকপক্ষে ১৷০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সাক্ষোত্তরকোষগ্রন্থ)

প্রথম— ১। ভক্তগণের বাবহৃত শব্দাবলীর অর্থ, ২। ভক্তি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত, ৩। বৈকুণ্ঠ-বৈষ্ণবসম্প্রদায় শ্রীমদ্ভাগবত ও প্রমাণসহ বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও গ্রন্থকর্ত্তৃগণের পরিচয় ও বিবরণ, ৫। বিভিন্ন দেশের লৌকিক ও শাস্ত্রীয় আবশ্যক বিবরণ তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ম খণ্ড ৸০, ২য় খণ্ড ৸৵০, ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড ৸৵০, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ—১ম খণ্ড ১৲ এক টাকা ২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীজীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই বঙ্গানুবাদের সহিত প্রকাশিত অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ পেজি ২৫ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমদ্গোপালভট্টগোস্বামী সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ⁄০ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক সূচী, বিষয়-সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইল, প্রতি খণ্ড সাধারণ পক্ষে	৷৵০
গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে	⁄০
২। ভাষ্য-সহ শ্রীচৈতন্যচরিতামৃত (৪র্থ সংস্করণ)	৫৲
৩। গৌড়ীয় গৌরব	৶০
৪। গৌড়ীয়-সাহিত্য	০
৫। ভজনরহস্য	৷০
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপ-শতকম্ (বাঁধা)	১৲
ঐ ঐ আবাঁধা	৸০
৭। গীতা (শ্রীবলদেবভাষ্যসহ), বাঁধা	২৲
আবাঁধা	১৷০
৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি টীকা-সহ) বাঁধা	২৲
আবাঁধা	১৷০
গীতার কেবল মূল-ভাষ্য	৷০
৯। দুঃসঙ্গত্যাগ উপদেশঃ সারার্থ (মাধ্ব)	৭৲
১০। বেদান্তসূত্রের সারার্থ (রামানুজীয়)	৷০
১১। জৈবধর্ম্ম	২৲
১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)	৸০
১৩। গৌড়ীয়-কণ্ঠহার	১৲
১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ)	৸৵০
১৫। দীন-দর্প্পণ	৵০
১৬। সাধনপথ (৩য় সংস্করণ)	৵০
১৭। গোস্বামী রঘুনাথ দাস অবাঁধা	৷৵০
ঐ ঐ বাঁধা	৷০
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা	৸০
১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা)	৶০
২০। শ্রীনবদ্বীপধাম মাহাত্ম্য	৶০
২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড)	৶০
২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ	৷০
২৩। শ্রীগোদ্রুমকল্পতরু, দর্পণ	০
২৪। শরণাগতি, গীতাবলী, গীতমালা, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অষ্টপদক ও সদাচারস্মৃতিঃ মোট	৸০
২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও আত্মনিক্ষেপ	৵০
২৬। সাধককণ্ঠমালা	৸৵০
২৭। সংস্কার দীপিকা	০
২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড)	৩৲
২৯। ব্রহ্মসংহিতা	৷০
৩০। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা	৷০
৩১। মণিমঞ্জরী সম্বন্ধে	৷০
৩২। গোবিন্দভাষ্যঃ	৸০
৩৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট দ্বিতীয় সংস্করণ)	৫৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া।

রক্ষায় হতাশ হইবেন না

[illegible]

[illegible] অনুসন্ধান করিতে পারেন—

[illegible] কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রীযুক্ত [illegible] জেলা নদীয়া।

একখানি পত্র

[illegible] আমার [illegible] কিন্তু [illegible] দিন ব্যবহার করিয়া সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছি।

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী

[illegible]

মরা মানুষ বাঁচাইবার উপায়

[illegible] মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ [illegible] কিন্তু [illegible] নানা প্রকার মেহ, প্রমেহ [illegible] ধাতুদৌর্বল্য, স্নায়বিক দুর্বলতা, বহুমূত্র, [illegible] এবং স্ত্রীলোকদের মধ্যে [illegible] প্রদর [illegible] ইঁহারা [illegible] জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা [illegible] ব্যবহার করিয়া [illegible] প্রমাণ প্রাপ্ত হইয়াছেন [illegible] তাঁহারা একবার এই ঔষধটি ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী [illegible] ডাকমাশুল সহ ১॥০ টাকা মাত্র।

[illegible]—ডাঃ ভি, ডি, হাজরা।

[illegible] কলিকাতা।

[illegible]

[illegible] দাম! পড়ে পাওয়া [illegible]

।৵ শ্রী নবদ্বীপ

[illegible] রায় এম, এ প্রণীত (লাহোর)

[illegible]

এব খানি [illegible] চিত্র সম্বলিত।

[illegible] পরিচয় সহ

[illegible] ১৷০ [illegible] ২৲ দুই টাকা মাত্র।

[illegible] হইয়াছে।

[illegible]

শ্রী [illegible] ঠাকুর কৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, [illegible] ও গণের কথাসার, শব্দসূচী, [illegible] পাদসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, [illegible] প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত [illegible] অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে টীকা-[illegible] কাগজে ছাপা

[illegible] ২॥০ টাকা

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ. এফ.সি.এস. (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্বেদীয় ঔষধ [illegible] প্রস্তুত হয়। [illegible] পাঠান হয়। [illegible] ব্যবস্থা দেওয়া হয়। [illegible] গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দূর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৮৲ টাকা

[illegible] প্রস্তুত।

[illegible] মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

[illegible] যথাশাস্ত্র প্রস্তুত। [illegible] হৃদরোগ [illegible] প্রভৃতি রোগের মহৌষধ। [illegible]

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে [illegible] নাশিয়া যায়। [illegible] রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি [illegible] রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

বিশুদ্ধ জল! ভয় নাই! বিশুদ্ধ জল!!

লক্ষ্মী টিউব-ওয়েল কোং

২০৫নং নবাবপুর, ঢাকা

[illegible] (Tube-well) [illegible] জল বিশুদ্ধ না হইলে মূল্য গৃহীত হয় না। [illegible] লিখুন

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অত্যন্ত কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ লক্ষ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্ব্বত্র বিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটির উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটিকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটিকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। "রমণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাক্‌চিক করিতে ও চুলের অকাল-পক্বতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্ব্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১ টাকা।

অন্যান্য আবিষ্কার

[illegible] কার্ড লিখুন:—

প্রাপ্তিস্থান: আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার স্ট্রীট, কলি[illegible]

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়প্রিন্টিং ওয়ার্কস্ হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০্ চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে, সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৪৭শ খণ্ড প্রায় নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৫৸৶০ সাধারণ পক্ষে ২১৸৶০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ৷৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।/০।

দশমস্কন্ধ সম্পূর্ণ ভিক্ষা ১২্, অগ্রিম সাধারণের পক্ষে ৮্।

৭১ অধ্যায়ের কিয়দংশ পর্যন্ত দ্বাদশ খণ্ড ছাপা হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্বে ১০্ টাকা ভিক্ষার তৃতীয় সংস্করণ ৪্ টাকায় না পাইয়া অপূর্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০্ টাকার এই বিরাট্ গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫্ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্যলীলার ব্যাস আদিকবি

শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮্ স্থলে অগ্রিম ভিক্ষা ৫্

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪৷০ টাক

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব গ্রন্থ

ভিক্ষা ৷৶০ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব্ব বাঙ্গালায় স্থলভে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে দিনরাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

৯০নং [illegible] পুর, ঢাকা।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে জানেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় তত্ত্ব-কথা জানিবার সুবর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে। বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	১্
সাধন পথ (শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	।০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৶০
একত্রে ৩খণ্ড লইলে	।০
গীতাবলী প্রতিখণ্ড	⁄১০
একত্রে ৩ খণ্ড লইলে	৶১৫
শরণাগতি প্রতিখণ্ড	/০
একত্রে ৩খণ্ড লইলে	৶৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগোদ্রুমদ্বীপ মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ,—পো চটকপর্বত, পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,— উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিরুলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৪নং অগস্ত্যকুণ্ড, কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
১০। শ্রীপরমহংস মঠ—নৈমিষার পোঃ, সীতাপুর, ইউ পি।
১১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব।
১২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—৯০নং নবাবপুর রোড, ঢাকা।
১৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।
১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাযোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।
১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—ভুবনেশ্বর, চিরুকুটা পোঃ, মানভূম।
১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০১ রেঙ্গুন রোড, দিল্লী

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ —বড় বাজার রোড, খুলনা;
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—মেহেরবানগঞ্জ, মলিকবাজী মুদিখানা।
৩। শ্রীযুক্ত রামরঞ্জন রায় —১৭২নং শ্রীগোপাল দাস লেন, কালনা
৪। মিঃ এন ডি, মুখার্জ্জি এম, এস, ওয়াইস নিবাস, কানপুর।
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী গোস্বামী,—স্বরূপগঞ্জ, নদীয়া
৬। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ
৭ শ্রীবিরাজমোহন দে —মনোমোহন প্রেস, নবাবপুর, ঢাকা।
৮। শ্রীদেবেন্দ্রনাথ পাড়ুই বেড়াচাঁপা, ২৪ পরগণা
৯। শ্রীনন্দনন্দন চট্টোপাধ্যায় এ, বি, এম, [illegible]
১০। শ্রী [illegible]
১১। শ্রী [illegible]

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

ম্যারফাইন

টনিক ও সালসা   পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার কমে হয়। "কলেন পরিচারকে"

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ২।৪ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ খাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ বিষের জল খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে হয়রান হয়েন কেন? সুতরাং ৷৹ আনায় ম্যারফাইনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট; এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ৷৴৹ আনা, ডবল ৷৷৹ আনা।

এজেণ্ট—মেসারস্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কালকাতা।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

যুগল-মূর্ত্তি মার্কা সর্ব্বত্র পাওয়া যায়।

ত্রিগুণ তৈল

আসল ও খাঁটি
শিশি ৸৹ আনা, ডবল ১৲
ভিঃ পিঃ ও প্যাকেজের পাৰ্সেল খরচ।

যুগল-মূর্ত্তি মার্কা এঃ বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

মহর্ষি চরক শাস্ত্রোক্ত ভৈষজ্য উপাদানে খাঁটী কাঁচা কৃষ্ণতিল তৈলে মৃগনাভি, কস্তুরী, গোলাপ, চামেলী, বেলা, চন্দন, পদ্ম, বেনা, প্রভৃতি মূল্যবান সুগন্ধি দ্রব্য সংমিশ্রণে প্রস্তুত বিধায় ছয় ঋতুতেই সমভাবে ইহার অমূল্য গুণ ও গন্ধ উপলব্ধি হইয়া থাকে। ফলতঃ এই সর্ব্বগুণসম্পন্ন পরম পবিত্র ত্রিগুণ তৈল নিত্য ব্যবহারে সাধারণতঃ দৈহিক ও মানসিক অবসাদ নিশ্চয় দূর হইয়া থাকে।

পরন্তু সর্ব্বপ্রকার স্ত্রী বা পুরুষের জননেন্দ্রিয় ধাতুজ দূষিত রক্ত, জটিল ব্যাধি, মেহ, প্রমেহ, প্রদর, শুক্রক্ষয়, বাধক, গর্ভবিকার, মূর্চ্ছা, মাথাধরা, মাথাঘোরা, আধকপালী, নিদ্রাহীনতা এবং সর্ব্বপ্রকার বাতরোগ ও নানা প্রকার ব্যাধির কীটাণু ধ্বংসকারী অব্যর্থ মহৌষধ।

বলা বাহুল্য, ইহা এরূপ মস্তিষ্ক স্নিগ্ধকারী ঠাণ্ডা তৈল যে, পাগল ভাল হয়। যে কোন স্থানে তৈল ক্রয়কালীন শিশির গায়ের লেবেলের উপর বড় বড় অক্ষরে আসল যুগল মূর্ত্তি মার্কা এজেণ্ট বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন, অন্যথায় শঠকারী দোকানদার জাল বা নকল তৈল বিক্রয় করিয়া আপনাকে ঠকাইবে। স্মরণ রাখিবেন বাজে জিনিষ বিক্রয় করিয়া ঠকাইতে পারিলেই খুব লাভ হয়।

এজেণ্ট—বটকৃষ্ণ পাল এণ্ড কোং ২৩নং বনফিলড লেন, কালকাতা।

প্রেরিতাপনের নাম ও ঠিকানা— শ্রীধাম নবদ্বীপ

Registered No. C 1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১
প্রতি কলম ৬
অর্দ্ধ কলম ৩॥০
সিকি কলম ২
চুক্তির হার
স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

সাহায্যের হার
অগ্রিম দেয়।
বার্ষিক ৯
ষাণ্মাসিক ৫
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১
নগদ
প্রতি সংখ্যা ৫

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [৯১ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর— ৩রা আষাঢ় ১৩৩৭ বুধবার ১৮ই জুন ১৯৩০

বোম্বাইয়ে লোমহর্ষণ কাণ্ড

আলিপুর বোমার মামলার রায়

মেদিনীপুরে ভীষণ ব্যাপার

সাইমন কমিশনে গোলটেবিল বৈঠকের আধিপত্য

খয়রায় গুলবর্ষণের জের

জেল জরিমানা গ্রেপ্তার ; প্রফেসারের শাস্তি

বাঙ্গালী রমণীর বীর

ফুটবল পরিত্যাগ ; ভীষণ ব্যাপার

কলিকাতায় হুলস্থুল

বিবিধ সংবাদ

বোম্বাইয়ে লোমহর্ষণ কাণ্ড

বোম্বাইয়ের ব্যাপার এত গুরুতর হইয়া দাঁড়াইয়াছে যে পিকেটিং বন্ধ করিবার জন্য সেকেন্দ্রাবাদ হইতে ৫০০ শত সৈন্য আনীত হইয়াছে। আরও অন্যান্য স্থান হইতে বহু সৈন্য আমদানী হইবার বন্দোবস্ত হইতেছে।

ম্যাঞ্চেষ্টার রেজিমেন্ট নামক সৈন্যদলকেও সেকেন্দ্রাবাদ হইতে বোম্বাই পাঠাইবার বন্দোবস্ত হইয়াছিল। সম্ভবতঃ এই সৈন্যদল শীঘ্রই প্রেরিত হইবে।

বোম্বাইয়ের লাট সাহেব এবং হোম মেম্বার মহোদয়ের সহিত কলওয়ালাদের সমিতির কয়েকজন সদস্য এবং ব্যবসায়ী-সমিতির ভূতপূর্ব্ব সভাপতি মহোদয় সাক্ষাৎ করিয়াছিলেন এবং বর্ত্তমানে পিকেটিং সম্বন্ধীয় অর্ডিনান্স কার্য্যকরী করা উচিত কিনা সে সম্বন্ধে পরামর্শ করেন। ফল এখনও জানা যায় নাই।

মেদিনীপুরে ভীষণ ব্যাপার

পাঠকগণ মেদিনীপুরের ভীষণ ব্যাপারের বিষয় কতক অবগত আছেন। চিচুরা ঘাটে একজন দারোগা গিয়াছিলেন কিন্তু তাঁহাকে পাওয়া যাইতেছে না। এই বিষয় তদন্ত করিবার জন্য অনেক উচ্চ পদস্থ কর্মচারী গিয়াছিলেন। তাঁহাদিগের মধ্যে এডিসনাল জেলা ম্যাজিষ্ট্রেট বাহাদুর এবং পুলিশের ডেপুটী ইন্স্পেক্টার জেনারেল বাহাদুর এখনও ঘটনা স্থলে উপস্থিত আছেন।

প্রকাশ যে ভোলানাথ ঘোষ নামক দাসপুর থানার দারোগা মহাশয় খুন হইয়াছেন। এই ঘটনা সম্পর্কে একটী নালিশ চলিতেছে এবং অনেককে গ্রেপ্তার করা হইয়াছে। কোন কোন বন্দী পুলিশের নিকট এজাহার করিয়াছে, এ পর্য্যন্ত ৪০ জনকে গ্রেপ্তার করা হইয়াছে। তাহাদের মধ্যে ১২ জন পুলিশের গুলিতে আহত।

গুলিতে আহত পাঁচজনকে মেদিনীপুরে আনা হইয়াছিল। প্রকাশ যে তাহারা পরবার দাদায় পুলিশের গুঁতোতে আহত। একজনকে সরকারি হাসপাতালে ভর্ত্তি করা হয়। সেখানে সে গ্রেপ্তার হইয়াছে। অপর চারিজনকে রামকৃষ্ণ মিশনের দ্বারা পরিচালিত সেবাশ্রমে পাঠান হয়।

পূর্ব্বে প্রকাশিত হয় [illegible] ৭ইজন হত হয়। শুধন [illegible] হওয়াতে, সেই [illegible] পরীক্ষা এত সহজে সম্ভব নহে। হয় নাই সম্ভব. দুর্বল [illegible]।

আলিপুর বোমার মামলার রায়

আলিপুর স্পেশাল ট্রাইবিউনালে অবৈধ উদ্দেশ্যে বিস্ফোরক প্রস্তুত করিবার ষড়যন্ত্র করার জন্য যে সকল আসামীর বিচার চলিতেছিল তন্মধ্যে ১৭ জন আসামীর ৩০ বৎসর করিয়া সশ্রম কারাবাসের আদেশ হইয়াছে। ৮ জনকে খালাস দেওয়া হইয়াছিল কিন্তু সেশন, অডিনেন্স অনুসারে তাহাদের মধ্যে ৪ জনকে পুনরায় গ্রেপ্তার করা হইয়াছে। নি [illegible] সেন [illegible] আদালত দলপতি বলিয়া নির্দ্দেশ করিয়াছেন।

ফুটবল পরিত্যাগ

মেদিনীপুর সংবাদদাতা লিখিতেছেন যে মেদিনীপুর এবং খড়্গপুরের ফুটবল খেলোয়াড়গণ অতঃপর ফুটবল খেলিবে না, তাহারা অসহযোগ আন্দোলনের অনুসরণে ফুটবল খেলা পরিত্যাগ করিয়াছে।

বাঙ্গালী রমণীর বীরত্ব

দিন [illegible] জেলার অন্তর্গত [illegible] গ্রামে [illegible] ভট্টাচার্য্যের [illegible] জন অজ্ঞাত ডাকাত [illegible] প্রাচীরের দরজা ভাঙ্গিয়া [illegible] উঠানে প্রবেশ করে। উঠান [illegible] মধ্যে বল দ্বারা ডাকাতেরা প্রবেশ করিবার সময় ভট্টাচার্য্য মহাশয়ের স্ত্রী বড় একখানা দা লইয়া প্রবেশদ্বারের সম্মুখে দাঁড়াইয়া ডাকাতগণকে কাটিতে থাকে। [illegible] গ্রামের লোক একত্র হইয়া ডাকাতগণকে তাড়াইয়া দেয়। [illegible] জন ডাকাত [illegible] দুই জন একজন মুসলমান [illegible] বাড়ী হানা দিয়াছিল। [illegible] প্রবেশ করিয়াছিল। নিজীব [illegible] এখনও এই সব রমণীর [illegible] হিন্দু জাতির অতীত গৌরবের স্মৃতি জাগাইয়া দেয়।

নানা খবর

পিকেটিং-এর ঠেলা

[illegible] চলিতেছে। [illegible] সেখানে [illegible] [illegible] নবাব [illegible] করে নাই। [illegible] দিন, চরস, সিদ্ধি গাঁজা বিক্রয় একেবারে বন্ধ হইয়া গিয়াছে।

কচুরীপানার আক্রমণ

ফরিদপুর জেলার [illegible] নদী এক সময়ে লোকের [illegible] মিটাইয়া কৃষি গ্রাম সমূহকে সমৃদ্ধিশালী করিয়া রাখিয়াছিল, কিন্তু কচুরীপানার আক্রমণে নৌকা চলাচল বন্ধ হওয়া লোকের দুর্দশার একশেষ হইয়াছে। নদীর অবস্থা ক্রমশঃ যেরূপ খারাপ হইয়া যায় তাহা হইলে [illegible] প্রধান সমস্যা। গভর্ণমেন্ট এ বিষয়ে মনোযোগ দিলে সুফল [illegible] হয়। আশা করা যায় কর্তৃপক্ষ শীঘ্রই এ বিষয়ে উত্তম ব্যবস্থা করিবেন।

চিত্তিভেনামে আবার গুলি বর্ষণ

চিত্তিভেনামে (কুম্ভকোনম) ২ জন লোক সত্যাগ্রহীর দল ও জনতার [illegible] লাঠি পাথর ইত্যাদির দ্বারা পুলিশকে আক্রমণ করে। তাহাতে পুলিশ তাহাদের উপর গুলি চালায়। আর এক দল লোক জেলা কংগ্রেস আপীস ভাঙ্গিয়া অনেক দলিল পত্র নষ্ট করিয়া দিয়াছে।

কলিকাতায় হুলস্থুল কাণ্ড

গত রবিবারে কলিকাতা বেশ সাদাসিধে ছিল। আবার ১২৪ জনকে গ্রেপ্তার করা হইয়াছে। ভোর ৪টা হইতে সন্ধ্যা পর্য্যন্ত কলিকাতায় পুলিশ ঐ কার্য্যই করিয়াছে। মধ্য এবং উত্তর কলিকাতার কংগ্রেস স্বেচ্ছাসেবক, আইন অমান্য সমিতির স্বেচ্ছাসেবক, সাইক্লোষ্টাইল মেশিন, ঝাণ্ডা, টুপি, ডাইরেক্টর, টাইপ করিবার কল, বাজেয়াপ্ত পুস্তক এবং উত্তেজক সাহিত্য পুস্তক প্রভৃতি সজীব ও নির্জীব পদার্থ কেহই বাদ যায় নাই, সকলকেই পুলিশ ধরিয়া লইয়া গিয়াছে।

অনেক পুলিসের লোক, যথা ইন্‌স্পেক্টার, ইউরোপীয় সার্জেন্ট, কনষ্টেবল এই কার্য্যে যোগদান করিয়াছিলেন। তাঁহারা সকলে মিলিয়া তল্লাস এবং গ্রেপ্তারের কার্য্য সম্পন্ন করেন।

নিম্নলিখিত স্থান সমূহ খানাতল্লাস হয়:—(১) বহুবাজারে বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেস কমিটি কার্য্যালয়।

(২) কলেজ স্কোয়ারে আইন অমান্য সমিতির কার্য্যালয়।

(৩) কলেজ ষ্ট্রীট মার্কেটের নিকট অস্থায়ী আশ্রম।

(৪) মেছুয়া বাজার ষ্ট্রীটে বড় বাজার কংগ্রেস কমিটীর কার্য্যালয়।

(৫) হ্যারিসন রোডে আইন অমান্য কমিটীর অফিস।

খড়গপুরে গুলিবর্ষণের জের

মেদিনীপুর জেলার খড়গপুর নামক গ্রামে জনতার উপর যে স্থানে গুলি বর্ষণ হইয়াছিল তাহাতে আহতগণের মধ্যে ৫ জনকে মেদিনীপুর হাসপাতালে আনা হইয়াছিল এবং পরে তাহাদিগকে মেদিনীপুর জেলে লইয়া যাওয়া হইয়াছে।

সাইমন কমিশনের উপর
গোলটেবিল বৈঠকের আধিপত্য

ভোগ মেয়ার মিঃ বেন সিমলা ত্যাগ করিয়াছেন। মিঃ জিন্না বড়লাটের সহিত দেড় ঘণ্টা কথাবার্ত্তার পর বোম্বাই যাত্রা করিয়াছেন। এই সময় বৈঠকের দ্বারা স্থির হইয়াছে যে গোলটেবিল বৈঠকে কি আলোচনা হইবে তাহার প্রস্তাব কেবলই গ্রহণ করা যায় না। গোল টেবিল বৈঠকের কার্য্য সাইমন রিপোর্ট দ্বারা নিয়ন্ত্রিত বা পরিবর্ত্তিত হইবে না। সাইমন কমিশন কেবল তথ্য সংগ্রহের জন্য গঠিত হইয়াছিল। গোলটেবিল বৈঠকে সাইমন রিপোর্ট সংশোধিত ও প্রত্যাখ্যাত হইতে পারে। এই বৈঠকের আলোচনা সাইমন রিপোর্ট প্রভৃতির উপর দৃষ্টি রাখিয়া নিরপেক্ষভাবে প্রকাশিত হইবে। এই গোলটেবিল বৈঠকের সদস্যগণের কোনও পক্ষ অবলম্বন না করিয়া সমস্ত বিষয় উদারভাবে আলোচনা করা উচিৎ, সুতরাং কোনও নির্দ্দিষ্ট বিষয়ে বৈঠকের আলোচনা সীমাবদ্ধ করিলে তাহা এই বৈঠকের প্রতিকূল হইবে। [illegible] যে উক্তি করিয়াছেন যে ভারতবর্ষে স্বরাজ দেওয়াই ইংরাজ নীতির স্বাভাবিক গতি এই উক্তিকে মূল করিয়া এই বৈঠক তাহার সিদ্ধান্ত স্থির করিবেন। রাজনৈতিক অপরাধীগণকে ছাড়িয়া দেওয়া সম্বন্ধে মিঃ বেজউড বেন বলেন যে আইন অমান্য নীতির আন্দোলন বন্ধ করিলে সরকার গান্ধিজির দরুণ ব্যবস্থা ত্যাগ করিবেন এবং উভয় পক্ষে সদ্ভাব স্থাপন জন্য বিবিধ উপায় অবলম্বন করিবেন নচেৎ যে সমস্ত নেতৃগণকে গোলটেবিল বৈঠক সম্বন্ধে বন্দোবস্ত করিবার জন্য ছাড়িয়া দেওয়া হইবে তাহারা পুনরায় বর্ত্তমান আন্দোলনের সাহায্য করিবেন এবং আবার তাঁহাদিগকে জেলে আবদ্ধ করা আবশ্যক হইবে।

জেল জরিমানা গ্রেপ্তার

কলিকাতা রাধাবাজারের মদের দোকানে পিকেটিং করার অপরাধে শিবনারায়ণ সিংহের ৫০৲ টাকা জরিমানা হইয়াছে।

জলন্ধরের প্রধান কংগ্রেস কার্য্যকারক পণ্ডিত মূলরাজের জামিন না দেওয়া জন্য ১ বৎসর জেল হইয়াছে।

তারের সংবাদ

সামরিক বিচারে ১৭ গাড়োয়ালী সৈন্যগণের গুরুতর দণ্ড হইয়াছে।

৩৬ জন বঙ্গীয় ব্যবস্থাপক সভার সদস্য স্পেশাল সেসন জন্য প্রার্থনা করিয়াছেন।

ছাত্ররা যাহাতে কোনও রাজনৈতিক আন্দোলনে যোগদান করিতে না পারে তৎসম্বন্ধে ব্যবস্থা হইয়াছে। বিস্তারিত বিবরণ পরে প্রকাশ হইবে।

লোহার বরগা কড়ি

জানালার গরাদে

দালানের ফুলদার রেলিং থাম

বেড়াঘেরা কাঁটাতার ইত্যাদি

সুলভে বিক্রয় করি

কান্তিচন্দ্র মুখার্জ্জি এণ্ড সন্স

[illegible]

[illegible]

মদন মঞ্জরী

বটিকার বল ও বাজীকরণ, ইন্দ্রিয়শক্তির হ্রাস, প্রস্রাবে ধাতুপাত, স্বপ্নদোষ, মাথাঘোরা, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি সকল প্রকার মেহরোগ নিশ্চয় আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

“অপূর্ব্ব অশ্বগন্ধাদি ঘৃত”

পুরুষত্বহানি রোগে ব্যবহারে দ্রুত আরোগ্য করিয়া শক্তিসম্পন্ন করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

“রমণীবিলাসিনী বটিকা”

বীর্য্যধারণ করত সম্ভোগশক্তি স্থায়ী ও বৃদ্ধি করিতে অত্যাশ্চর্য্য। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

রাজবৈদ্য নারায়ণজী, কেশবজী

১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের চোকা শিশি বাদাম তৈল

আদি ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্ব্বজন পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী J. B. Datta & Co. নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জোয়াচোরগণ কমদরের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত।

কেরার্স কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম!

[illegible] উপাদান মাত্রায় আইরন, হাইড্রোক্লোর কুইনিন, আর্সেনিক এবং ষ্ট্রিক্‌নিন আছে।

এই কেরার্স-কুইনিন দ্বারা ইন্‌জেক্‌সন করিলে একটী বা ২টী ইন্‌জেক্‌সনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং জ্বর হইতে বারটী ইন্‌জেক্‌সনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া দেয়। ৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ১২ ৬৲ টাকা। বাই-ও-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরী দ্বারা প্রস্তুত। ২৯১ বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা

ভগবান্ ভক্তের অপরাধ লন না

শ্রীচৈতন্যভাগবতের [illegible] অধ্যায়ের [illegible] —
"জীব-অপরাধ ভক্তের না লয় ভগবান। [illegible]
[illegible] প্রমাণ।"

শ্রীল বৃন্দাবন [illegible] শিশু নামক [illegible] বিপ্র [illegible] বর্ণন করিয়াছেন, যথা,—
"[illegible]
[illegible]
[illegible]
শ্রীধর [illegible]"

অর্থাৎ [illegible] প্রবেশ [illegible] ইহাই [illegible] অপরাধ [illegible] করেন না। [illegible] শ্রীকৃষ্ণ [illegible] অপরাধ [illegible] করেন। [illegible] শ্রীগৌরসুন্দর [illegible] তাঁহার [illegible] করিয়া [illegible] পরিষ্কার করেন।

পুরুষোত্তমে রাজর্ষি

শরদিন্দু নারায়ণ

আমা [illegible] রাজর্ষি [illegible] শ্রীযুক্ত শরদিন্দু নারায়ণ রায় এম এ [illegible] শ্রীপুরুষোত্তম ক্ষেত্রে পৌঁছিয়াছেন। তিনি [illegible] নিয়মিত ভাবে প্রাতঃ ও সন্ধ্যায় শ্রীপুরুষোত্তম মঠে ত্রিদণ্ডিস্বামী গোস্বামী শ্রীমদ্ ভক্তি [illegible] তীর্থ মহারাজের শ্রীমুখ-নিঃসৃত পাঠ কীর্ত্তন শ্রবণ করিতেছেন। তাঁহার [illegible] কাইয়োশর্ণ শ্রী [illegible] সত্যতা [illegible] এবং বৈষ্ণব-সেবায় আন্তরিক অনুরাগ বিশেষ প্রশংসনীয়। বিদ্যায় যেরূপ তিনি উন্নত হইয়াও শুদ্ধভক্তগণের চরণে প্রণত হইয়া আত্ম উহাদের প্রকৃত সার্থকতা সম্পাদন করিতেছেন। [illegible] মহাজনগণ বলিয়া থাকেন—

"দীনেরে অধিক দয়া করেন ভগবান্।
কুলীন পণ্ডিত ধনীর বড় অভিমান॥"
"[illegible] না মানে।
বিদ্যা, কুল, ধন মদে বৈষ্ণব না চিনে॥"

'দীন' অর্থে বিদ্যা-ধনাদির [illegible] অহঙ্কার ছাড়িয়া, 'বৈষ্ণব [illegible] উচ্চ।' জানিয়া শুদ্ধ বৈষ্ণবের পাদাশ্রয়ে [illegible]। আমরা রাজর্ষি মহোদয়ে তাদৃশ দীনতা দেখিতে পাইয়া বড়ই আনন্দ লাভ করিতেছি। শ্রীশ্রী-গৌরসুন্দর তাঁহাকে [illegible] উত্তরোত্তর [illegible] করুন, তাঁহার দ্বারা জগতে [illegible] প্রচারিত হউক, ইহাই মহাপ্রভুর পাদ-পদ্মে আমাদের [illegible]।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তা

শ্রীধাম মায়াপুর [illegible]

(১)

ভগবান্ ভক্তের অপরাধ লন না

(২)

পুরুষোত্তমে রাজর্ষি শরদিন্দু নারায়ণ

(৩)

(ক) [illegible] বৈরাগ্য, [illegible] বিদ্যা এবং [illegible] মহাপ্রভুর আচরিত ও প্রচারিত বৈরাগ্যের [illegible] নিরস্ত [illegible]

(খ) বিষয়সমূহ [illegible] সম্বন্ধে [illegible] ভাবে কৃষ্ণ-কৃপা জ্ঞানে থাকা [illegible] যুক্ত বৈরাগ্য [illegible] মহাপ্রভুর শিক্ষা।

(গ) হরিসম্বন্ধি বস্তুকে প্রাপঞ্চিক জ্ঞানে পরিত্যাগ করার নামই ফল্গুবৈরাগ্য; ইহা নির্বিশেষবাদিগণে [illegible]

(ঘ) শুদ্ধভাবোদয়ে কৃষ্ণেতর বিষয়-বিরাগ [illegible]

(ঙ) বেশ [illegible] জীবন [illegible] কৃষ্ণানুশীলনপরায়ণ [illegible]

(চ) অপ্রাকৃত উন্নতোজ্জ্বল শৃঙ্গাররসই মহাপ্রভুর [illegible], এই রসোপদেশই মহাপ্রভুর [illegible]।

(৪)

ভগবদ্রূপাদিই জীবের পঞ্চজ্ঞানেন্দ্রিয়ের আকর্ষক

(৫)

ব্রহ্মের স্বরূপ এবং জীব ও জগতের সহিত তাঁহার সম্বন্ধ কি ?

(৬)

হাওড়া জেলার শিবপুরে ছায়াচিত্রযোগে মহাপ্রভুর কথা-প্রচার

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা

নিখিল চেতনের [illegible] সুহৃদ্ ভগবান্ শ্রীগৌরসুন্দর [illegible]

[illegible] জগতে [illegible] শিক্ষকের [illegible] না। শ্রীমন্মহাপ্রভু [illegible] পূর্বক শ্রীগৌরসুন্দর [illegible] ছিলেন, [illegible] ও বৈদান্তিক পণ্ডিতগণের [illegible] প্রভুকে [illegible] তাঁহাকে বেদান্ত শিক্ষা [illegible]। লোকশিক্ষক শ্রীমন্মহাপ্রভু [illegible] বৈদ্যের [illegible] পূর্বক [illegible] সার্বভৌমের নিকট [illegible] শ্রবণের লীলাভিনয় করিলেন। [illegible] যখন [illegible]

[illegible] করিলেন, [illegible] গোপীনাথ [illegible] সার্বভৌম [illegible] শ্রীমন্মহাপ্রভু [illegible] শ্রীমন্মহাপ্রভু [illegible] বলিলেন,—

[illegible] বলিলেন, তিনি [illegible] তিনি [illegible] শ্রীমন্মহাপ্রভুকে [illegible] বেদান্ত [illegible] হইয়া [illegible] তাঁহাকে [illegible] উপদেশ [illegible] করিলেন [illegible] শ্রীমন্মহাপ্রভু [illegible] বলিলেন। তাঁহার [illegible] কথা [illegible]

বিপ্রলম্ভময় কৃষ্ণভজনের আদর্শ শিক্ষা প্রদান করিতে গিয়া স্বভাবতঃ কৃষ্ণের বিষয়-বৈরাগ্যের কথা জানাইয়াছেন। তাঁহার আচরিত ও প্রচারিত বৈরাগ্যের অপর নাম বিপ্রলম্ভ অর্থাৎ সর্বেন্দ্রিয়ে কৃষ্ণানুসন্ধান, কৃষ্ণকে পূর্ণ ভাবে পাইবার অতৃপ্তিতে যে কৃষ্ণেতর ভোগ্যবস্তুতে অনাসক্তি তাহাকেই তিনি সর্বশ্রেষ্ঠ বৈরাগ্য বা যুক্ত বৈরাগ্য বলিয়া শিক্ষা দিয়াছেন। অপরাপরের বৈরাগ্য শুষ্ক-বৈরাগ্য, তাহাতে কৃষ্ণভজনের আদর্শ নাই বলিয়া সেগুলি যুক্ত বৈরাগ্য। শুধু তাহাই নহে, কেন, অষ্টাঙ্গযোগী, কর্মী, জ্ঞানী, যোগী, তপস্বী, নিষ্কামক ও প্রাকৃত সহজিয়াগণের বৈরাগ্যও ফল্গু। শ্রীমন্মহাপ্রভু নিম্নোক্ত শ্লোকে যুক্ত-বৈরাগ্যের কথা জানাইয়াছেন।

অনাসক্তস্য বিষয়ান্ যথার্হমুপযুঞ্জতঃ।
নির্বন্ধঃ কৃষ্ণসম্বন্ধে যুক্তং বৈরাগ্যমুচ্যতে॥

রাগ-রূপা ভক্তি স্বাভাবিকভাবে উদিতা হইলে কৃষ্ণেতর বিষয়-বিরাগ স্বতঃই আসিয়া পড়ে। কৃষ্ণবিমুখ অনর্থযুক্ত জীব যেমন কৃষ্ণবিমুখতা-নিবন্ধন ভোগ্যবস্তুতে শয়নে, স্বপনে, অশনে, ভ্রমণে, সর্বক্ষণ ভোগানুসন্ধান করেন, তদ্রূপ ভগবদ্ভক্তগণের সম্ভোগ-লিপ্সা কৃষ্ণের সেবায় পরিপূর্ণ উদ্দীপনা উদিত হইলে শয়নে, স্বপনে, অশনে, ভ্রমণে সর্বক্ষণই কৃষ্ণকে ভোগ করাইবার জন্য লোভ হয় ও স্বাভাবিকভাবে কৃষ্ণেতর বিষয়ে বৈরাগ্য আসিয়া পড়ে। কৃষ্ণানুরাগই আরাধনার মূর্তবিগ্রহ কৃষ্ণের আরাধিকার মহাভাব-চিন্তামণি শ্রীমতী বার্ষভানবীর চরিত্রেই এই বিপ্রলম্ভ যুক্তবৈরাগ্যের আদর্শ দেখিতে পাই। শ্রীস্বরূপাদি এবং রূপানুগ গণ। দামোদর, রঘুনাথ, সনাতন, প্রবোধানন্দাদি সদ্ভক্ত পার্ষদগণের চরিত্রে ঐ প্রকার যুক্তবৈরাগ্যের আদর্শ দেখিতে পাই। তদ্ভিন্ন আত্মশ্লাঘা ব্যতীত যাঁহারা বৈরাগ্যের ভাণ দেখাইতে চান, তাঁহাদের বৈরাগ্য ফল্গু বৈরাগ্য। শাস্ত্র বলেন—

প্রাপঞ্চিকতয়া বুদ্ধ্যা হরিসম্বন্ধি বস্তুনঃ।
মুমুক্ষুভিঃ পরিত্যাগো বৈরাগ্যং
ফল্গু কথ্যতে॥

তিনি সর্ববিদ্যাবধূর জীবনস্বরূপ হইয়াও জগজ্জীবের বিশুদ্ধভাবে বিদ্যাচর্চার চেষ্টা প্রবর্তিত করিয়া পরবিদ্যা বা আত্মতত্ত্ববিদ্যা অনুশীলনের আদর্শ প্রদর্শন করিয়াছিলেন। ভগবত্তত্ত্ব-বিষয়ক জ্ঞানের নাম বিদ্যা, তাই তিনি বলিয়াছেন—

কৃষ্ণভক্তি বিনা বিদ্যা নাই আর।

ভগবদ্-রূপাদিই জীবের পঞ্চজ্ঞানেন্দ্রিয়ের আকর্ষক

ভগবান্ ভুবনমোহনরূপধৃক্। তাঁহার অঙ্গ-স্পর্শে জীবের যাবতীয় অন্তর-গ্লানি নিমেষেই দূর হইয়া যায়। তিনি যে বেণু বাদ্য করেন, তাহার ধ্বনি শ্রবণমাত্রে চেতন ও অচেতন উভয়বিধ পদার্থ তদভিমুখে ঊর্দ্ধ্বশ্বাসে ছুটিতে বাধ্য হয়। তদীয় অঙ্গ-সৌরভ মনঃপ্রাণ মুনিগণেরও ধ্যান ভঙ্গ করিতে সমর্থ। তাঁহার ভুক্তাবশেষ মহাপ্রসাদ নামে খ্যাত এবং এতাদৃশ প্রসাদ ও তদীয় নাম ভাগ্যবশতঃ উচ্চার করা মাত্র প্রবণকারী ব্যক্তি নিত্যকাল পরমানন্দে বাস করিবার যোগ্যতা লাভ করিয়া থাকেন। সুতরাং ভগবত্তত্ত্বগত রূপ রস গন্ধ স্পর্শ ও শব্দই পরম সুন্দর ও রমণীয় বিষয় এবং সেই সকলই আমাদিগের জ্ঞানেন্দ্রিয়গুলিকে নিত্যকাল আকর্ষণ করিতেছেন। যথাহি শ্রীগোবিন্দলীলামৃতে—"সৌন্দর্যামৃতসিন্ধুভঙ্গ ললনাচিত্তাদ্রিসংপ্লাবকঃ, কর্ণানন্দি সনর্মরম্য বচনঃ কোটীন্দুশীতাঙ্গকঃ। সৌরভ্যামৃত সংপ্লাবৃতজগৎ পীযূষরম্যাধরঃ শ্রীগোপেন্দ্রসুতঃ স কর্ষতি বলাৎ পঞ্চেন্দ্রিয়াণ্যালি মে।"

২। ভাগ্যহীন ব্যক্তিগণ উপরিউক্ত ভগবদ্রূপ-রসাদির আকর্ষণীকে বুঝিতে অক্ষম হইয়া বহির্মুখ সর্বস্বের ন্যায় মনে করে যে উহা নশ্বর ও তুচ্ছ বস্তুর রূপগুণাদির আকর্ষ। এবং এইরূপ ইন্দ্রিয়গুলিকে বাহ্যপদার্থের প্রতি ধাবিত করাইয়া নিত্যানন্দপ্রদ ভগবৎসৌন্দর্যাদির পরিবর্তে ক্ষণিকসুখ ও দীর্ঘকালব্যাপী দুঃখপ্রদ বাহ্য বিষয়-গত রূপরসাদি সংগ্রহে নিযুক্ত হয়। সদ্গুরুচরণাশ্রয় ব্যতীত তাহাদিগের এই মোহ কাটিবার নহে।

ব্রহ্মের স্বরূপ
এবং
জীব ও জগতের সহিত তাঁহার সম্বন্ধ

(শ্রীপাদ অতীন্দ্রিয় বন্দ্যোপাধ্যায়
বেদান্ত বাচস্পতি)

আমরা শ্রুতি আলোচনা দ্বারা ব্রহ্মের স্বরূপ সম্বন্ধে এই জানিতে পারি যে, তিনি চিদানন্দস্বরূপ, সর্বশক্তিমান্, অদ্বিতীয়, স্বতন্ত্র। তাঁহার আনন্দ-স্বরূপের কথা তৈত্তিরীয়োপনিষদের ভৃগুবল্লীতে উপদিষ্ট হইয়াছে, যথা;—"আনন্দো ব্রহ্মেতি ব্যজানাৎ।" তাঁহার চিৎ (জ্ঞান) স্বরূপের কথাও উক্ত তৈত্তিরীয়ের ব্রহ্মানন্দবল্লীর প্রারম্ভেই কীর্তিত হইয়াছে; যথা:—"সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম।" তাঁহার সর্বশক্তিমত্তাও "বহুঃ বহু স্যাম্।" প্রভৃতি শ্রুতি বাক্যে প্রমাণিত হয়। জগৎ ব্রহ্মেরই স্বরূপগত আনন্দশক্তির পরিণতি এবং জীবও তাঁহার স্বরূপগত চিদংশের পরিণতি অর্থাৎ জগৎ ব্রহ্মের আনন্দশক্তিরই প্রকাশ-ভেদ এবং জীবও তাঁহার চিচ্ছক্তির প্রকাশ-ভেদ, সুতরাং জীব ও জগৎ এতদুভয়ই ব্রহ্মের নিত্য অংশ।

ব্রহ্ম যেমন চিৎ অর্থাৎ জ্ঞানস্বরূপ, জীবও তদ্রূপ জ্ঞানস্বরূপ, বেদান্তদর্শনের ২য় অঃ ৩য় পাদে ১৮ সূত্রে তাহা কথিত হইয়াছে যথা:—

"জ্ঞোঽত এব।" অবশ্য এস্থানে পূর্বপক্ষ হইতে পারে যে জীব ও ব্রহ্ম উভয়েই 'জ্ঞ' স্বরূপ হইলে শ্রুতিতে যে তাঁহাদের অংশাংশী সম্বন্ধ উপদিষ্ট হইয়াছে, তাহা কি প্রকারে সম্ভব হয়। এই প্রকার পূর্বপক্ষের উত্তরে শ্রুতি বলিতেছেন, যথা:—"জ্ঞাজ্ঞৌ দ্বাবজাবীশানীশাবজা হ্যেকা ভোক্তৃভোগ্যার্থযুক্তা" অর্থাৎ ব্রহ্মের স্বরূপে তিনি "জ্ঞ" অর্থাৎ সর্বজ্ঞ স্বভাব আর তাঁহার যে শক্তি জীব রূপে প্রকটিত, তিনি 'অজ্ঞ' অপূর্ণজ্ঞানস্বরূপ।

অর্থাৎ ব্রহ্মেরই শক্তি পরিণতি যে জীব-রূপ অংশ এবং স্বয়ং ব্রহ্ম এই উভয় রূপই তাঁহার নিত্য। এতদ্ব্যতীত তাঁহার আর একটি প্রকাশ আছে, উহা ব্রহ্মের মায়া-শক্তির পরিণতি জীব-রূপ অংশের ভোগ-সাধক এই জগৎ। ইহাও নিত্য, কিন্তু পরিবর্তনশীল। ব্রহ্মের যে চিচ্ছক্তি তাহার—দ্বিবিধ ভেদ আছে। পূর্ণজ্ঞ ও অপূর্ণজ্ঞ। পূর্ণ চিচ্ছক্তি-সমন্বিত বৃহৎ বস্তুই ব্রহ্ম, তিনি সর্বজ্ঞ। অপর চিচ্ছক্তি পরিণতি অর্থাৎ ব্রহ্মের অপূর্ণ অংশ জীব-রূপে তিনি অল্পজ্ঞ। তবে অল্পজ্ঞত্ব বলায় জ্ঞান-রহিত বুঝিতে হইবে না, পরন্তু যুগপৎ সর্ববিষয়ের জ্ঞানাভাব বুঝিতে হইবে অর্থাৎ জীব কেবল বিশেষ বিশেষ বস্তুর জ্ঞাতা সুতরাং বেদান্ত-দর্শনে এবং শ্রুতিতে যে জীবকে জ্ঞাতা বলা হইয়াছে তাহার অর্থ এই যে জীব নিয়তই বিশেষজ্ঞ, সর্বজ্ঞ নহে, ইহা অণু হয় মাত্র। যেমন কোন ঘরে একটি উজ্জ্বল আলোক দিলে সেই ঘরের সমস্ত বস্তুই দৃষ্ট হইয়া থাকে, কিন্তু আমরা একটী প্রদীপ জ্বালিলে সেই প্রদীপটি কোন বিশেষ বস্তুর নিকটে লইয়া যাইলে তবে সেই বস্তুটি দৃষ্টি-পথে আইসে, তদ্রূপ ব্রহ্ম ও জীব উভয়েই চেতন হওয়ায় 'জ্ঞ' স্বরূপ হইলেও চেতনের অংশাংশতে জীবের জ্ঞান সীমাবিশিষ্ট, কিন্তু স্বয়ং-ব্রহ্মের জ্ঞান সীমা-বিশিষ্ট নহে কাজেই তিনি সর্বজ্ঞ স্বয়ং শ্রুতি ব্রহ্ম ও জীবের স্বরূপ সম্বন্ধে এই পার্থক্য বর্ণনা করিয়াছেন এবং উভয়কেই নিত্য বলিয়াছেন। সুতরাং এ বিষয়ে বিরুদ্ধানুমানের স্থান হইতে পারে না।

মুক্তাবস্থাতেও জীবের ব্রহ্মের ন্যায় সর্বজ্ঞতা লাভ হয় না, অবশ্য শ্রুতি কোন কোন স্থলে জীবকে সর্বজ্ঞ বলিয়াছেন বটে কিন্তু তাহার অর্থ এই যে জীব ধ্যানমাত্র যে কোন বিশেষ বস্তুর জ্ঞান লাভ করিতে পারেন। মুক্ত পুরুষের অবস্থা বর্ণন-প্রসঙ্গে ছান্দোগ্য শ্রুতি বলিয়াছেন;—"সর্বেষু লোকেষু কামচারো ভবতি" অর্থাৎ ইচ্ছা মাত্রই তিনি যে কোন বিশেষ লোকে যাইতে পারেন; অর্থাৎ ব্রহ্মের ন্যায় তিনি সর্বগ নহেন; পরন্তু ইচ্ছানুসারে যে কোন লোকে যাইতে পারেন। যথা:—

"স যদি পিতৃলোককামো ভবতি, সঙ্কল্পাদেবাস্য পিতরঃ
সমুত্তিষ্ঠন্তি, তেন পিতৃলোকেন সম্পন্নো
মহীয়তে"
[ছাঃ উঃ]

সুতরাং দেখা যাইতেছে যে মুক্তাবস্থাতেও জীবের স্বরূপগত বিশেষজ্ঞত্বের পরিবর্তন হয় না। জীবের স্বরূপগত বিশেষজ্ঞত্ব হেতুই তাহার অবস্থা পরিবর্তনের অর্থাৎ প্রপঞ্চে বদ্ধদশা হইতে নিগুণ মুক্তি-দশা লাভের সম্ভাবনা হয়। বদ্ধাবস্থায় জীব কেবল অবিদ্যাত বস্তু বিশেষই স্বীয় জ্ঞানের বিষয়ীভূত করিতে পারেন, কিন্তু সদ্গুরু-কৃপা-বলে জ্ঞানস্বরূপ জীব যখন নিজ-স্বরূপগত চিত্ত পর এবং বিকারশূন্যতার অন্তর্গত আশ্রয়-স্থানীয় মূল উপাদান ব্রহ্ম স্বরূপেরও দর্শন করেন, তখনই তাঁহার মুক্তাবস্থা এবং কেবল এই মুক্তাবস্থাতেই ধ্যানমাত্র তিনি যে কোন বিশেষ লোকে গমন করিতে বা কোন বিশেষ বিষয় সম্বন্ধে জ্ঞান লাভ করিতে পারেন এবং এই কারণেই জীবকে 'জ্ঞ' বলা হইয়াছে। সুতরাং জীব ও জগৎ উভয়ই ব্রহ্মের নিত্য অংশ হওয়ায় ব্রহ্ম নিত্য ঈশ্বর, জীব ও জগদ্রূপে বর্তমান আছেন। আনন্দ ও চিচ্ছক্তির পরিণতিরূপ ভগবদ্যোগ্য শক্তি ও চিচ্ছক্তি পরিণত হইয়া জগৎ ও জীব রূপে প্রকটিত হওয়ায় জগৎ ও জীব কিন্তু স্বরূপতঃ ব্রহ্ম নহেন।

প্রচার প্রসঙ্গ

গত ১৩ই এবং ১৪ই পৌষ নিত্যানন্দ স্বরূপ শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিপ্রজ্ঞান কেশব স্বামী ভক্তশাস্ত্রী মহোদয় হাওড়া জেলার শ্যামপুর গ্রামে ছায়ানটে কলিযুগপাবনাবতারী শ্রীশ্রীগৌরসুন্দরের লীলা, আচার প্রচার প্রভৃতি বক্তৃতামুখে বর্ণন করিয়াছেন। শ্রোতৃবর্গ ভাগবতী কথা শ্রবণে ও শ্রবণে পারমার্থিকতাকেও সম্যক সন্ধান পাইয়াছেন।

কলিকালে ধর্মবিহীন যুগে ধর্মকথার দুর্ভিক্ষ হইলেও বহু ধর্মব্যবসায়ী ধার্মিকের বেশে সরল গৃহস্থগণকে বঞ্চনা করিতে বিরত নহে। কেহ কেহ আকুমার ব্রহ্মচারী নামে পরিচিত হইয়া সর্বদা যুবতীগণের সঙ্গে বসবাস করিয়া বৈষ্ণব-ধর্ম ও বেদাদি শাস্ত্রকে কলঙ্কিত করিবার লীলা করিতেছে। শ্রীগুরু সেবা না করিলে, বৈষ্ণব সঙ্গ না করিলে, বেশভূষা না করিয়া দিলে সদা-সর্বদা ব্রহ্মচারী মহাশয়ের মনোরঞ্জন লাভ হয় না।

শ্রীপাদ গোস্বামী প্রভু দুই দিবস ধরিয়া উক্ত শাস্ত্র-বিরুদ্ধাচারকে সদ্যুক্তি প্রমাণমূলে খণ্ডন করিয়া শ্রীমন্মহাপ্রভু-আচরিত ও প্রচারিত ধর্মের শ্রেষ্ঠতা, উজ্জ্বলতা প্রমাণ করিয়াছেন।

শ্রীচৈতন্যবাণী শ্রবণে অচৈতন্যের দিকে প্রধাবিত গ্রামবাসিগণ বহু সৌভাগ্যফলে বাধা পাইয়া চিন্তা করিবার অবসর পাইয়াছে।

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

ভক্তি-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই স্বর্ণাক্ষরে। চতুর্থ সংস্করণ। বিস্তৃতবিষয়সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সমস্ত শাস্ত্রের বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টর বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই ২৲ দুইটাকা

আবাঁধা—১৷৹ দেড়টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও অনিত্য সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা যথাযথ ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? বর্ণ, আশ্রম, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া বিরত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য

ভিক্ষা ৷৹

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৷৹

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম লেখা দেখিয়া খরিদ করিবেন । নতুবা জুয়াচোরগণ কর্দ্দমের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে ।

বিনীত—জে, বি, দত্ত

ফেরাম্ কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আইরন, হাইড্রোক্লোরাইড কুইনিন্, আর্সেনিক এবং ইউরিথেন আছে ।

এই ফেরাম্-কুইনিন্ দ্বারা ইন্‌জেক্‌সন করিলে একটী বা দুইটী ইন্‌জেকসনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং ছয় হইতে বারটী ইন্‌জেকসনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া দেয়

৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২্, ১২ ৩্ টাকা

বায়ো-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরীতে প্রস্তুত । ২৯।১ হরলাল মিত্র লেন, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর--১০ই আষাঢ় বুধবার—১৩৩৭

(১)

ক) শ্রীশ্রীঠাকুর ভক্তিবিনোদের ষোড়শ বার্ষিক বিরহ-মহোৎসবে আহ্বান

(খ) অনবসরকালে মহাপ্রভুর পুরী হইতে আলালনাথে যাত্রা ;
আলালনাথ ব্রহ্মগৌড়ীয় মঠে যাত্রা মহোৎসবাদির অনুষ্ঠান

(গ) ওঁ বিষ্ণুপাদ শ্রীল প্রভুপাদের সপার্ষদে পুরী ও
আলালনাথে শুভবিজয়

(ঘ) ত্রিদণ্ডিস্বামী বন মহারাজ ও মিঃ টি, অষ্টিন্ আই, সি, এস কালেক্টার

(ঙ) পুরী টোটাগোপীনাথের মন্দিরে ভেটপ্রথার প্রতিবাদ আবশ্যক

(২)

(ক) বিষ্ণুভক্তিপ্রতিকূলাচরণকারী বৈষ্ণববেষিগণই, পাষণ্ডী শব্দ-বাচ্য

(খ) পাষণ্ডী অপেক্ষা অপাষণ্ডী সংখ্যায় অল্প হওয়ায় জনমতগ্রহণ দ্বারা
সত্য বিচার করিতে গেলে পাষণ্ডীর মতই প্রচার হইয়া পড়ে

(গ) পঞ্চোপাসনা-পদ্ধতি মঙ্গল-প্রদ নহে

(ঘ) শ্রীঅদ্বৈত-সন্তান মধ্যে অচ্যুতানন্দের মতই গৃহীত আর সকল মত
অসার জ্ঞানে পরিত্যক্ত

(ঙ) অধীতবিদ্য বৈষ্ণববিদ্বেষীই "পাষণ্ডী পড়ুয়া"

(চ) পাষণ্ডী অপেক্ষা সৎকর্ম্মী, তদপেক্ষা ব্রহ্মজ্ঞ জ্ঞানী, তদপেক্ষা প্রেম-
নিষ্ঠ ভক্ত শ্রেষ্ঠ, সুতরাং ঐকান্তিক ভক্তগণের সংখ্যা কম হইলেও
পাষণ্ডী হিন্দুরা তাঁহাদের অপেক্ষা শ্রেষ্ঠ নহে

(ছ) শ্রীচৈতন্যসেবক পরিচয় দিয়াও ত্রয়োদশ অপসম্প্রদায় ভুক্ত হওয়ায়
বৈষ্ণব-বিদ্বেষ-বশতঃ 'পাষণ্ডী হিন্দু' আখ্যা

(৩)

(ক) পুরীতে গোস্বামী ভক্তিসারঙ্গপ্রভু ও ছায়াচিত্র-যোগে বক্তৃতা

(খ) আচার ও আচার্য্য-গ্রন্থের ২য় সংস্করণ প্রচার-কার্য্যে
ধাধ.ব গ্রাহকের সহৃদয়তা

(৪)

শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের বিরহ-বাসরে ভক্তিগীতি-কুসুমাঞ্জলি

(৫)

পুরীতে গৌরাঙ্গ লীলা

সাময়িক-প্রসঙ্গ

আগামী কল্য (১১ই আষাঢ় বৃহস্পতি-বার, ১৩৩৭) বর্ত্তমানকালে শুদ্ধভক্তি-প্রচারের মূল-মহাপুরুষ শ্রীশ্রীমদ্রূপানুগ-বর গৌরনিজজন ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ ভক্তিবিনোদ ঠাকুরের ষোড়শ বার্ষিক বিরহ তিথি-পালন-দিবস। এতদুপলক্ষ্যে শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার আকর মঠরাজ শ্রীধাম-মায়াপুর শ্রীচৈতন্যমঠের যাবতীয় শাখা-মঠে বিশেষতঃ শ্রীশ্রীমহাপ্রভুর বিপ্রলম্ভলীলাপ্রকটন-ক্ষেত্র শ্রীপুরুষোত্তম ধামে শ্রীপুরুষোত্তম মঠে এবং শ্রীল ঠাকুরের ভজনস্থলী শ্রীগোদ্রুম স্বানন্দ-সুখদকুঞ্জে বিশেষভাবে মহোৎসবের অনুষ্ঠান হইবে। ঐ দিনই আবার মহাপ্রভুর নিজশক্তি শ্রীল গদাধর পণ্ডিত গোস্বামী ঠাকুরেরও তিরোভাব তিথি। সুতরাং গৌড়ীয়বৈষ্ণবগণের পক্ষে উহা একটী বিশেষ স্মরণীয় দিবস। ভারতের বহু ভক্তিমান্ সজ্জনগণ অদ্য হইতেই শ্রীপুরুষোত্তমমঠে এবং শ্রীস্বানন্দসুখদ-কুঞ্জে শ্রীল ঠাকুরের বিরহ-তিথি পালনজন্য যোগদান করিতেছেন। শ্রীগ্রন্থ-পাঠ, নাম-সংকীর্ত্তন ও মহাপ্রসাদ-বিতরণ-মুখে উৎসব সুসম্পন্ন হইবে। আমরা শুদ্ধভক্তি-পিপাসু সজ্জন-সাধারণকে এই মহোৎসবে যোগদান করিবার জন্য আহ্বান করিতেছি।

—

পুরী শ্রীপুরুষোত্তমমঠ হইতে আচার্য্য শ্রীপাদ পরমানন্দ ব্রহ্মচারী বিদ্যারত্ন মহোদয় জানাইয়াছেন,—"আগামী ৮ই আষাঢ় বাসন্তী তিথিতে শ্রীগৌরবিজয়-বিগ্রহকে বিশেষ সমারোহের সহিত আলালনাথে লইয়া যাওয়া হইবে। শ্রীপুরুষোত্তমমঠ হইতে মধ্যাহ্নকালে বহির্গত হইয়া সন্ধ্যার পূর্ব্বে সঙ্কীর্ত্তন-শোভা-যাত্রার সহিত শ্রীমন্মহাপ্রভু আলালনাথে পৌঁছিবেন। সপ্ত-সম্প্রদায়-সঙ্কীর্ত্তনমণ্ডলী পতাকা, ছত্র, বীজন-ব্যজন-চামরাদি দ্বারা মহাপ্রভুর সেবা করিতে করিতে মহাপ্রভুকে উৎকৃষ্ট বিমানে স্থাপন করিয়া আলালনাথে লইয়া যাইবেন। পুরী হইতে বহুশত লোক এই সঙ্কীর্ত্তনে যোগদান করিবেন। আলালনাথে পৌঁছিলে সেই-দিন সন্ধ্যাকালে স্থানীয় আরও তিন চারি-শত লোক নানাপ্রকার জীবন জীবন মূর্ত্তি সাজিয়া (অর্থাৎ কেহ তাণ্ডব-নৃত্য-কারী হর, কেহ চতুর্ম্মুখ ব্রহ্মা, কেহ নারদার্জ্জুন প্রভৃতি সাজিয়া) শ্রীমন্মহাপ্রভুর পশ্চাতে মিলিত হইয়া ব্রহ্মগিরির চতুষ্পার্শ্বে রাত্রি ১০টা পর্য্যন্ত ভ্রমণ করিবেন। তদনন্তর রাত্রিতে তথায় উচিত-বাসা হইবে। আলালনাথের মন্দির-সংস্কার-কার্য্য ও ব্রহ্মগৌড়ীয়মঠের সেবকগণের কার্য্য অগ্রসর হইতেছে।"

—

গত ৭ই আষাঢ়, ১৩৩৭ শনিবার সন্ধ্যায় পুরী এক্সপ্রেসে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল প্রভুপাদ সপার্ষদে শ্রীশ্রীপুরুষোত্তম ধামে বিজয় করিয়া তথা হইতে গত সোমবারে মহাপ্রভুর বিরহ বিপ্রলম্ভ-ক্ষেত্র আলালনাথে শুভবিজয় করিয়াছেন। পুরী ষ্টেশনে সপার্ষদ শ্রীল প্রভুপাদকে সম্বর্দ্ধনার জন্য বিরাট্ আয়োজন হইয়াছিল। শ্রীল প্রভুপাদকে দর্শন এবং তাঁহার শ্রীমুখে হরিকথা শ্রবণের জন্য প্রত্যহ বহু লোকের সমাবেশ হইতেছে।

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিহৃদয় বন মহারাজের গত ৯।৬।৩০ তারিখের পত্রে জানা গেল, তাঁহারা পুরী জেলায় বংশম পুরে মহাপ্রভুর বাণী প্রচার করিয়া মাণ্ডালা ও পাবলাপেরিতি হইয়া জাজপুরে যাত্রা করিতেছেন। তত্রত্য বহু শিক্ষিত সম্ভ্রান্ত সজ্জনগণ মহাপ্রভুর কথা শ্রবণে পরম আনন্দ লাভ করিতেছেন।

মিঃ টি, অষ্টিন আই, সি, এস্ কলেক্টর মহোদয় শ্রীপাদ বন মহারাজের নিকট মহাপ্রভুর কথা শ্রবণ করিয়া বিশেষ আনন্দ লাভ করিয়াছেন। তিনি আমাদের যাবতীয় ইংরাজী গ্রন্থগুলির গ্রাহক হইয়াছেন এবং বন মহারাজের নিকট একঘণ্টার উপরও হরিকথা শ্রবণ করিয়াছেন। কলেক্টার সাহেব বড়ই সরল প্রকৃতির এবং ধার্ম্মিক লোক। শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত সার্ব্বজনীন ধর্ম্মের কথা শুনিয়া তিনি বিশেষ প্রীত হইয়াছেন। আমরা তাঁহার সত্যানুসন্ধিৎসা যাহাতে উত্তরোত্তর বৃদ্ধি প্রাপ্ত হয়, তজ্জন্য ভগবচ্চরণে প্রার্থনা জানাইতেছি।

—

আমরা শুনিয়া অত্যন্ত দুঃখিত হইলাম যে, শ্রীপুরুষোত্তমে শ্রীশ্রীটোটা গোপীনাথের শ্রীমন্দিরে এক গোস্বামিকব সমরনবীশের ন্যায় ভেটপ্রথার প্রবর্ত্তন করিয়াছে। মহাপ্রভুর বিপ্রলম্ভলীলা-ক্ষেত্র শ্রীপুরুষোত্তম ধাম হইতে এইরূপ অবৈধ প্রথা যাহাতে আদৌ প্রশ্রয় না পাইতে পারে, তজ্জন্য ধার্ম্মিক মাত্রেরই যত্ন করা বিশেষ আবশ্যক।

পাষণ্ড হিন্দুমত

শ্রীচৈতন্যভাগবতের পাঠকগণ অবগত আছেন যে, যাহারা নৈতিক বিষ্ণুভক্তির প্রতিকূলে চেষ্টা করিয়া আপনাদিগকে কর্ম্মকাণ্ডী, বহুদেববাদী প্রভৃতি অভিধান পূর্ব্বক অবৈষ্ণব বলিয়া বিচার করে এবং বৈষ্ণবের সহিত কায়মনোবাক্যে বিদ্বেষ করাই যাহাদের ধর্ম্ম, তাহারা 'পাষণ্ডী' শব্দবাচ্য। এইরূপ শ্রেণীর বহু ব্যক্তি হিন্দুসমাজের আশ্রয়ে প্রতিপালিত হইতেছে। তাহাদের সংখ্যা অধিক। যদি কোন স্থানে নির্ব্বোধ ও বুদ্ধিমানের সংখ্যা সুমারি করা হয়, তাহা হইলে দুই জন, নির্ব্বোধের সংখ্যাই বেশী। এই দুই সম্প্রদায়ের সুমারীর মধ্যে অপাষণ্ডী হিন্দু ও পাষণ্ডী হিন্দুরও ভেদ আছে। অপাষণ্ডীর সংখ্যা পাষণ্ডী হিন্দু অপেক্ষা কম। সুতরাং এখানে যদি জনমতও গ্রহণ করা হয়, তাহা হইলে বিচারগণ বিপন্ন হইয়া পড়েন। অশিক্ষিত সমাজকে হিন্দু-সমাজের অন্তর্ভুক্ত করিবার জন্য যে পঞ্চোপাসনা-পদ্ধতি প্রবর্ত্তিত হইয়াছে, সেই ভক্তির মধ্যে বহু আবর্জ্জনা আছে। শ্রীচরিতামৃত-গ্রন্থে শ্রীঅদ্বৈতপ্রভুর সন্তানদিগকে 'হিন্দু' বলিয়া গণনা করিয়া পরে তাঁহাদের মধ্যেও পরস্পর বৈষম্য সংসূচিত হইয়াছে। কলির প্রাবল্যে পাষণ্ডীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় শ্রীচৈতন্যদেবের প্রতিও তাঁহাদের আক্রমণের কথা শুনা যায়। 'পাষণ্ডী-পড়ুয়া' শব্দে অধীতবিদ্য বৈষ্ণব বিদ্বেষীকে বুঝায়। ভক্তির অবান্তর-স্থানে অনভিজ্ঞ অশিক্ষিত-সম্প্রদায় আপনাদের মধ্যে 'অদ্বৈত সন্তান', 'নিত্যানন্দ-সম্প্রদায়ের আশ্রম' এবং 'কুকর্ম নাই' বলিতে দিয়া 'সংস্কৃত' অভিমান করেন। যাহারা দুঃখের "কারণ" লোক আলোচনা করিয়াছেন, তাঁহারাই জানেন

যে, গায়ত্রী অপেক্ষা মন্ত্রের বিন্দু-উপাসক অধিকতর পবিত্র। তদপেক্ষা জ্ঞানী নির্বিশেষব্রহ্মানুসন্ধিৎসু, তদপেক্ষা শ্রেষ্ঠ প্রেমনিষ্ঠ ভক্ত। সুতরাং গায়ত্রী সম্বন্ধ হইলে অর্থাৎ ভগবদ্-বৈমুখ্যক্রমে তাহাদের সংখ্যা অত্যধিক হইয়া পড়ে। তাই বলিয়া ঐকান্তিক ভাগবতগণের সংখ্যায় অল্পতা-নিবন্ধন গায়ত্রী বিন্দুদিগকে ঐকান্তিক বিন্দু অপেক্ষা শ্রেষ্ঠ জ্ঞান করিতে হইবে—এরূপ কোন যুক্তি পাওয়া যায় না। গায়ত্রী বিন্দুগণ শ্রীচৈতন্যের সেবক বলিয়া পরিচয় দিয়াও ভেদ প্রকার অপস্বার্থ পোষণ করিতে গিয়া শ্রীচৈতন্যদেবের অনুগত জনগণকে শত্রু জ্ঞান করেন।

পুরীতে গোস্বামী অপ্রাকৃত প্রভু

ও ছায়াচিত্রে বক্তৃতা

পুরী ১৮।৪।৩০

পুরীবাসী, অধিবাসিবৃন্দের বিশেষ সৌভাগ্যের ফলে প্রাচীন নবদ্বীপ শ্রীধাম-মায়াপুরস্থ শ্রীচৈতন্য মঠের অন্যতম প্রচারক গোস্বামী শ্রীপাদ অপ্রাকৃত ভক্তি সারঙ্গ প্রভু গত প্রাতে পুরীতে শুভ বিজয় করিয়া বিশুদ্ধ ভাগবত-ধর্মের স্বরূপ অতি সহজে সকলের বোধগম্য করিবার নিমিত্ত গত হইতেই পুরীর বিভিন্ন স্থানে ছায়াচিত্র-যোগে বক্তৃতাদি করিতেছেন। পাঠকবর্গ অবগত আছেন, তিনি ইতঃপূর্বে বঙ্গের বিভিন্ন জেলায় ঐ প্রকার বক্তৃতা দ্বারা অসংখ্যলোকের বিশুদ্ধ বৈষ্ণব-ধর্মসম্বন্ধে বিকৃত ধারণা সংশোধিত করায় তাহাদের অশেষ মঙ্গল সাধন করিয়াছেন। রথযাত্রা উপলক্ষে ভারতের বিভিন্ন স্থান হইতে পুরীতে লক্ষ লক্ষ যাত্রীর সমাগম হইয়া থাকে। সুতরাং গোস্বামী প্রভুর এই বক্তৃতায় তাঁহাদের যে যথেষ্ট মঙ্গল হইবে তাহাতে কোন সন্দেহ নাই।

পুরীতে রাজর্ষি প্রাজ্ঞ

শ্রীনবদ্বীপধামপ্রচারিণী-সভার সম্পাদক রাজর্ষি কুমার শ্রীযুক্ত শরদিন্দু নারায়ণ রায় প্রাজ্ঞ মহোদয় কয়েক দিবস পূর্বে পুরীতে শুভ বিজয় করিয়াছেন। তিনি শ্রীপুরুষোত্তম মঠের পার্শ্ববর্তী বাটীতে অবস্থান করিয়া সপরিবারে শ্রীমঠের প্রচারকবৃন্দের সহিত পরমার্থ বিষয়ে আলোচনা করিতেছেন। তিনি "আচার ও আচার্য্য" পাঠ করিয়া শুদ্ধভক্তি প্রচারে এতদূর উৎসাহান্বিত হইয়াছেন যে তিনি ঐ গ্রন্থের দ্বিতীয় সংস্করণ-মুদ্রাঙ্কণের যাবতীয় ব্যয়-ভার গ্রহণেচ্ছু হইয়া সজ্জন-মণ্ডলীর বিশেষ ধন্যবাদার্হ হইয়াছেন। জনসাধারণ সকলেই তাঁহার মানব জাতির মাঙ্গলিক কার্য্যে দানশীলতার বিষয় অবগত আছেন। তিনি তাঁহার ধনাঢ্য পূজ্যপাদ পরলোকগত গোপীমোহন সিংহ মহাশয়ের স্মৃতিরক্ষার্থে হাওড়াজেলায় বাগনান পোষ্টাফিসের অন্তর্গত খালোর গ্রামে এক সংস্থাবিক মূল্যবান্‌ গোপীমোহন হাইস্কুল স্থাপন করিয়াছেন।

ভক্তিকৃপায়

শ্রীশ্রীমদ্ ভক্তিবিনোদ ঠাকুরের ষোড়শ বার্ষিক বিরহ-মহোৎসব উপলক্ষ্যে—

'ভক্তিগীতি কুসুমাঞ্জলি'

(পণ্ডিত শ্রীপাদ রাধাচরণ গোস্বামী ভক্তিসম্বন্ধ ভক্তিশাস্ত্রী)

জয় জয় জয় ভকতি বিনোদ
গৌর-পারিষদ-বর।
আবির্ভূত হয়ে শিখালেন প্রভু
প্রেমভক্তি-রস পর ॥ ১
তোমার তুলনা তুমিই তো প্রভো
অসমোর্দ্ধ-গুণাকর।
সর্ব্বগুণগণ তব গুণ-গানে
বিরাজিত নিরন্তর ॥ ২
হিম শৈল হ'তে কুমারিকাবধি
উঠি শুদ্ধভক্তি-গান।
সকল জীবের দ্বারে দ্বারে
হয় তব জয় গান ॥ ৩
হ'য়ে অপ্রকট নিজ জন দিয়া
বিতরিলে রস-ধারে।
করিছ প্রচার শুদ্ধভক্তি-রস
অপার করুণা ক'রে ॥ ৪
(তুমি) গৌর-নিজজন গৌর-প্রিয়জন
গৌর-প্রেষ্ঠ প্রচারক।
কৃপানুগবর নিত্যানন্দবর
শুদ্ধভক্তি-মূলপ্রবর্ত্তক ॥ ৫
সঙ্গিতের সার কৃষ্ণনামে জানী
গৌর-ভকতি-বিনোদ।
সঙ্গিনীর সার বিষয়ে বিরক্ত
সচ্চিদানন্দ-আমোদ ॥ ৬
শতাধিক গ্রন্থ করিলা প্রকাশ
পত্রিকা প্রচার আদি।
জীবন্মুক্তি-ভয়ো করিছ বিনাশ
নাশিছ ভবের ব্যাধি ॥ ৭
বেদ-অগোচর শুদ্ধভক্তি মহে
কেহই না জানিত আগে।
জ্ঞান, যোগ, কর্ম্ম কভু ভক্তি নহে,
মহে তোগে আর ত্যাগে ॥ ৮
কভু আর যুক্ত কভু আর যুক্ত
আকাশ পাতাল ভেদ।
কেহ না জানিত তব কৃপা বিনা
ভাবিত সব অভেদ ॥ ৯
লুপ্ত তীর্থ কত থাকিত পড়িয়া
যদি না দেখাতে তুমি।
গৌর-জন্মস্থলী কেহ না জানিত
অপ্রাকৃত চিদ্‌ভূমি ॥ ১০
গৌরবন ধাম ব্রজে এখন
অভেদ মহিমা তত্ত্ব।
মায়াপুর ধাম মাধুর মণ্ডল
অভিন্ন বলয় নিত্য ॥ ১১
এ গূঢ় রহস্য করি উদ্ঘাটিত
কত কৃপা প্রকাশিলা।
নহিলে মোদের কি দশা ঘটিত
কত না হইত জ্বালা ॥ ১২
তব গুণ-গাথা পশে যার কাণে
আন কথা সে না শোনে।
ভকতি-সিদ্ধান্ত- বিহীন বারতা
(তাঁর) শেলসম বাজে কাণে ॥ ১৩
তব পদ-নখ- সৌন্দর্য্য-মাধুর্য্য
যাঁর ভাগ্যে হৃদে জাগে।
জগতের যত অনিত্য সৌন্দর্য্য
মতত্ত্বে সকল ত্যাগে ॥ ১৪
তোমার সেবক তব গ্রন্থ পাঠে
সোণার অক্ষর ভনে।
তাঁরা যোগ আনা দীপ কৃষ্ণ-পদে
বিশ্ব-মাঝে অবহেলে ॥ ১৫
শিক্ষিত সমাজ বৈষ্ণব বলিতে
করিত কতই ঘৃণা।
বৈষ্ণব বলিয়া জানিত কেবল
মূর্খ লম্পট জনা ॥ ১৬
ধিক্ ধিক্ ধিক্ যেন মরণ
না যায় এদের কাছে।
মান খুঁজিয়া মনে-বনে-কোণে
ধ্যানে মত্ত হব পাছে ॥ ১৭
এদের ঘুচিলে তুমিত ঠাকুর
মান-চক্রে কাতুরায়।
পরিচয়ে তুমি ক'রে পরিচিত
যেখানে মহিমা-সার ॥ ১৮
কৃপাবশে শিক্ষা আপনি আচরি
শিক্ষিত সমাজ-মাঝে।
বৈষ্ণব—বৈষ্ণব- ধর্ম্ম সনাতন
যেখানে বিশ্ব-সমাজে ॥ ১৯
মহাবিষ্ণু বলি নিত পরিচয়
যুগল কৃষ্ণ এক যোগী।
তুমিত ঠাকুর সে যেন পারবে
মলেছ জীবের লাগি ॥ ২০
কণ্টক নামক মহা-বৃত্তিজীবী
জীবেরে হিংসিত হবে।
কুপথ ছাড়িয়া সুপথে আইল
তোমার করুণা লাভে ॥ ২১
(তব) দৈববর্ণ খানি সকল গোস্বামী-
প্রবের সিদ্ধান্ত-সার।
ভজন-রহস্য রসামৃত-পান
যায় পর নাহি আর ॥ ২২
আমার হৃদয় ভবদুঃখ আদি
দেহ-মুকুর বিমল।
মহাপ্রভু-শিক্ষা গৌরকথামৃত
জগতে বিতরণ ॥ ২৩
শ্রীচৈতন্য-শিক্ষা অমৃত-বারিধি
তুলনা নাহিক যার।
অত্যন্ত নাস্তিক (যে'ও) পড়ে মন দিয়া
বহিবে ভকতি-ধার ॥ ২৪
সজ্জন-তোষণী তোষিছে সজ্জনে
দুর্জ্জনে দলিছে নিত্য।
তুমিই তো প্রভো! প্রচার 'আচরি'
নিরত-কুহক সত্য ॥ ২৫
কুলীন কয়ালী কল আবেষ্টিয়া
চীন প্রশিয়া জাপান।
তিব্বত তাতার সব বিশ্ববাসী
তোমার মহিমা গান ॥ ২৬
শ্রীশচীনন্দন জয় ব'লে তারা
গৌর কীর্ত্তনে নাচে।
দুবাহু পসারি ভক্ত-সঙ্গে মিলে
প্রেম-আলিঙ্গন যাচে ॥ ২৭
(কেবল) মোদের পামর, কিছু না বুঝিয়া
রয়েছে অনেক দূরে।
তুমিত ঠাকুর দয়ার সাগর
বিতর' করুণা তা'রে ॥ ২৮

পুরীতে গৌরাঙ্গ-লীলা

ছায়াচিত্রযোগে বক্তৃতা

(শ্রীপুরুষোত্তম মঠ, পুরী ১৯।৬।৩০)

মহোদার্য্যময়বিগ্রহ শ্রীমন্মহাপ্রভু সন্ন্যাসলীলাভিনয় করিয়া শ্রীধাম পুরুষোত্তম ক্ষেত্রে অবস্থান করিতেন। সন্ন্যাসের প্রথম ৬ বৎসর তিনি সমগ্র ভারতে পরিভ্রমণ পূর্ব্বক জীবোদ্ধারলীলার অভিনয় এবং শেষ অষ্টাদশ বর্ষ পুরীতে অবস্থান পূর্ব্বক নিরবধি তাঁহার অন্তরঙ্গ-ভক্তগণের সহিত অপ্রাকৃত-রসাস্বাদন লীলাভিনয় করিতেন। এই মহাতীর্থেই তাঁহার শ্রেষ্ঠ নিজজন শ্রীল প্রভুপাদ জগদ্‌গুরু রূপে অবতীর্ণ হইয়া "উৎকলে পুরুষোত্তমাৎ"—এই বাণীর সার্থকতা সম্পাদন করিতেছেন। শ্রীল প্রভুপাদের ইচ্ছানুসারে তদনুগৃহীত নিত্যানন্দাত্মজ শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসারঙ্গ গোস্বামী প্রভু গত কল্য ১৮ই জুন, বুধবার সন্ধ্যার পর এহেন পবিত্র ক্ষেত্রে শ্রীপুরুষোত্তম মঠে ছায়াচিত্র-যোগে সৎ-সম্প্রদায়ের আচার্য্য-চতুষ্টয়, আচার-পরম্পরা এবং শ্রীমন্মহাপ্রভুর আগমনের বাহ্য কারণ সম্বন্ধে একটী সারগর্ভ হৃদয়-গ্রাহিণী বক্তৃতা প্রদান করিয়াছেন। শত শত উচ্চশিক্ষিত ভদ্রমহোদয় এই বক্তৃতা শ্রবণ করিয়া অতিশয় সন্তুষ্ট হইয়াছেন। বক্তৃতা ও পাঠান্তে সকলকেই আকণ্ঠ পুরিয়া মহাপ্রসাদ সেবন করান হইয়াছে।

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

বিজ্ঞাপিত

ভক্তি-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী বস্ত্রে বাঁধাই স্বর্ণাক্ষরে। চতুর্থ সংস্করণ। বিস্তারিত সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সনাতন ধর্ম্মশাস্ত্র বেদ, বেদান্ত, উপনিষৎ, গীতা, শ্রীমদ্ভাগবত, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই—২৲ দুইটাকা

আবাঁধা—১৷৹ দেড়টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য ও অনিত্য মানবিক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? বর্ণ, আশ্রম, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমান্বয়ে এমন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য ভিক্ষা ৷৵০

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৷৵০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নবদ্বীপ-কথিত। এই নয় দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৩০ পৃষ্ঠা।

দীপ [illegible]

উজ্জ্বল-রেখা-য় কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শ্রীমনঃশিক্ষা

৷৵০ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী এবং শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুদ্বয় উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে বিবৃত হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমন্মহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিবৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ অষ্টম সংস্করণ ভিক্ষা ৵০ আনা।

দেহ ও মনের চেষ্টা অনিত্যবস্তু লইয়া—ইহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন্ জাতীয় আবেদনী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বাত্মকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। উড়িয়া সংস্করণও প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড ৵০ এক আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা— ৵০, নবদ্বীপশতক— ৵০ অর্চ্চনপদ্ধতি—৵০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ পঞ্চম সংস্করণ ভিক্ষা ৵১০

আমরা প্রত্যহ নূতন নূতন অভাব ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাঁহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য ও যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন্ বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিকই কল্যাণের আকর; ইনি প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদানে

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয়-সম্বলিত প্রায় ৫২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৷০

শ্রীবলদেব বিদ্যাভূষণ-কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোণার জলে নাম লেখা রাজসংস্করণ [illegible]টাকা, সাধারণ সংস্করণ ১৷০, গৌড়ীয়ের গ্রাহকগণকে ১৷০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সাম্প্রদায়িক কোষগ্রন্থ)

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২ চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। বিষ্ণুবৈষ্ণবসম্পর্কিত শ্রীমন্দির ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও প্রবন্ধসমূহের তাৎপর্য্য ও বিবরণ, ৫। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় আকরমূলে যাবতীয় তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ খণ্ড ৷৷৵০, ২য় খণ্ড ৷৷৵০, ৩য় খণ্ড ৷৷০, ৪র্থ খণ্ড ৷৵০, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ—১ম খণ্ড ১৲ এক টাকা ২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীজীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই ষট্সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ ফর্ম্মায় ৬৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমন্মধ্বাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ৵০ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক-সূচী, বিষয়-সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত ভিক্ষা, প্রতি খণ্ড সাধারণ পক্ষে ৷৵০ গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৵০
২। ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৪র্থ সংস্করণ) ৫৲
৩। গৌড়ীয়-গৌরব ৷৵০
৪। গৌড়ীয়-সাহিত্য ৷০
৫। ভজনরহস্য ৷০
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
" " আবাঁধা ৷৷০
৭। গীতা (শ্রীবলদেবভাষ্যসহ) বাঁধা ২৲ আবাঁধা ১৷০
৮। গীতা (শ্রীচক্রবর্ত্তী টীকা-সহ) বাঁধা ২৲ আবাঁধা ১৷০
গীতার কেবল মাত্র-[illegible] ৷০
৯। মুক্তিফলটীকা ভগবন্নামকৌমুদী সানুবাদ (বাঁধা) ২৲
১০। বেদান্তস্যমন্তক সানুবাদ (বাঁধাই) ৷০
১১। জৈবধর্ম্ম ২৲
১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷৷০
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৷৷৵০
১৫। দীপ-দিগ্দর্শন ৵০
১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ৷৵০
১৭। গোস্বামী রঘুনাথ দাস অবাঁধা ৷৵০
ঐ ঐ বাঁধা ৷৷০
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷৷০
১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
২০। শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য ৷৵০
২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৷৵০
২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
২৩। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা-দর্পণ ৷০
২৪। শরণাগতি, গীতাবলী, গীতমালা, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্চ্চনপদ্ধতি ও সদাচারস্মৃতিঃ মোট ৷৵০
২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও অর্চ্চনপদ্ধতি ৵০
২৬। সাধককণ্ঠমালা ৷৵০
২৭। সংস্কার-দীপিকা
২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲
২৯। ব্রহ্মসংহিতা ৷০
৩০। শ্রীমহাপ্রভুর শিক্ষা ৷৷০
৩১। মণিমঞ্জরী সানুবাদ ৷০
৩২। গৌরকৃষ্ণোদয়ঃ ৷৷০
৩৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট্ দ্বিতীয় সংস্করণ) ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈব-প্রাপ্ত একমাত্র মহৌষধ, সপ্তাহের মধ্যে যক্ষ্মা কাশ সম্পূর্ণ আরোগ্য হইবে। বহু সহস্র রোগী মৃত্যুমুখ হইতে রক্ষা পাইয়াছেন। (গরীব রোগীদিগকে সমস্ত খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়।) বিস্তারিত জানিবার জন্য এক আনার টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র উকীল পোঃ মৈকাঠি, জেলা বরিশাল।

নদীয়া জেলায় নিম্ন ঠিকানায় অনুসন্ধান করিতে পারেন—

আনন্দ প্রেসের ম্যানেজার শ্রীযুক্ত [illegible] ব্রহ্মচারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রীযুক্ত [illegible] দত্ত এম, এ, কৃষ্ণনগর পোঃ, জেলা নদীয়া।

একখানি পত্র

......................আনন্দ সহকারে জানাইতেছি যে আমার ভ্রাতুষ্পুত্র কঠিন যক্ষ্মা রোগে [illegible] এবং কলিকাতার বহু প্রসিদ্ধ ডাক্তার মহাশয়গণ জীবনের [illegible] করিয়াছিলেন, কিন্তু বাবু ক্ষিতীশচন্দ্র উকিল মহাশয়ের ঔষধ মাত্র [illegible] ব্যবহার করিয়া সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছে।

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী

জমিদার, কালিয়া ফরিদপুর।

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাঁহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ ধাতুদৌর্বল্য, স্নায়বিক দুর্বলতা, বহুমূত্র, [illegible], পাকস্থলীর পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, প্রদর, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটীল সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক এলিক্‌সির ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রাপ্ত হওয়াতেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১৷৹ টাকা মাত্র।

সোল এজেন্ট—ডাঃ ডি, ডি, হাজরা।

[illegible], পাতিপুকুর পোঃ, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পদ্যসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত [illegible] ডবল ক্রাউন, আটপেজী আকারে [illegible] কাগজে ছাপা ভিক্ষা—২৷৹ টাকা

৪৪৪ গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

পরমার্থিব্যক্তি মাত্রেরই একান্ত প্রয়োজনীয়

বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত

বাংলার ঘরে ঘরে বিরাজিত হউক

ভিক্ষা ৵৹ আনা মাত্র

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর পোঃ (নদীয়া)

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ. এফ.সি.এস. (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে যত্নপূর্ব্বক ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।
নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাসি, সর্দ্দি, যক্ষ্মা, স্বরভঙ্গ, হৃদরোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্বপ্রকার দুর্বলতা নাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্বল্য, শুক্রহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপারসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত দুরারোগ্য রোগের মহৌষধ
মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ লক্ষ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্ব্বত্র বিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটীর উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটিকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটিকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। "মণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাক্‌চিক্য করিতে ও চুলের অকাল-পক্বতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্ব্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১৲ টাকা।

—অন্যান্য আবিষ্কৃত—

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান ঃ—আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

এখনও অপূর্ব্ব সুযোগ। পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম, এ প্রাজ্ঞ (লাহোর) মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত।

৫৭ খানি অপূর্ব্ব চিত্র সমন্বিত।

বিশ্বকোষ-সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইঃ) বয়েজো বাঁধা ১৷৹ স্থলে ২৲ দুই টাকা মাত্র।

গ্রন্থ প্রকাশ হইবামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

শ্রীধাম-মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং প্রেস হইতে শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী এম্, এস্-সি কর্ত্তৃক মুদ্রিত [illegible]

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়প্রিন্টিং ওয়ার্কস্ হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,
সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৪৭শ খণ্ড প্রথ নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১০৸৵০ সাধারণ পক্ষে ২১৸৵০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।৵০।

দশমস্কন্ধ, সমগ্রের ভিক্ষা ১২৲, অগ্রিম দাতাগণের পক্ষে ৮৲।

৭১ অধ্যায়ের কিয়দংশ পর্য্যন্ত দ্বাদশ খণ্ড ছাপা হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষার তৃতীয় সংস্করণ ৪৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০৲ টাকার এই বিরাট্ গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আদিকবি

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।
সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫৲
নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪৷৹ টাক

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ
ভিক্ষা ।৵০ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব্ব বাঙ্গালায় স্থলতে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত
বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে
বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,
১০নং নবাবপুর, ঢাকা।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে জানেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় তত্ত্ব-কথা জানিবার স্বর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে। বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	৸৹
সাধন পথ (শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	।০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৶০
একত্রে ৩খণ্ড লইলে	।০
গীতাবলী প্রতিখণ্ড	⁄১০
একত্রে ৩ খণ্ড লইলে	৶১৫
শরণাগতি—প্রতিখণ্ড	⁄০
একত্রে ৩খণ্ড লইলে	৶৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগৌরগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ,—পো চাকুলী, পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিকলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৩নং জঙ্গমবাড়ী, কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
১০। শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ পি।
১১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব।
১২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—৩০নং নবাবপুর রোড, ঢাকা।
১৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।
১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাজোড়া, পানবাঁধ পোঃ, বর্দ্ধমান।
১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—চন্দ্রকোনা, চিনকুড়া পোঃ, মানভূম।
১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
১৭। গৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ রসুল রোড, মিটিয়া

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—বসু লজ রোড, খুলনা
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—দেওয়ানগঞ্জ, কলিকাতা কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামরঞ্জন রায়—১৬,২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা
৪। মিঃ এন চি, মুখার্জ্জি—এম, এস, ওয়ার্কস দি মল, কানপুর।
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী নাটকু বর—স্বরূপগঞ্জ, নদীয়া
৬। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।
৭ শ্রীবিরাজমোহন দে—মনোমোহন প্রেস, নবাবপুর, ঢাকা
৮। শ্রীদেবেন্দ্রনাথ সরকার নেতাপাড়া, ২৪ পরগণা
৯। শ্রীগজানন চট্টোপাধ্যায় এ, এস, এম, খানাকুল
১০। শ্রীপাদ অতীন্দ্রিয় ভক্তিপ্রভাকর বাদশাহ।
১১। শ্রীপাদ নরোত্তম দাসাধিকারী ঐ

দৈনিক নদীয়া-প্রকাশ

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

সারফলিন

টনিক ও সালসা পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার ধ্বংস হয়। 'কলেন পরিচীয়তে'

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন গুণকারী ঔষধ আর নাই। ২।৩ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ খাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ বিষের জল খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে হয়রান হয়েন কেন? সুতরাং ১০ আনার সারফলিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট; এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ৸০ আনা, ডজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসারস্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কলিকাতা।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা এঃ বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

যুগল-মূর্ত্তি মার্কা
সর্ব্বত্র পাওয়া যায়।

এমন মহোপকারী তৈল আর নাই

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

মহর্ষি চরক শাস্ত্রোক্ত বৈদ্য উপাদানে খাটী কাঁচা কৃষ্ণতিল তৈলে মৃগনাভি, কস্তুরী, গোলাপ, চামেলী, হেনা, চন্দন, খসখস, বেলা, প্রভৃতি মূল্যবান্ মহাশক্তি দ্রব্য সংমিশ্রণে প্রস্তুত বিধায় ছয় ঋতুতেই সমভাবে ইহার অনুলোপম গুণ ও গন্ধ উপলব্ধি হইয়া থাকে। ফলতঃ এই সর্ব্বগুণসম্পন্ন পরম পবিত্র ত্রিগুণ তৈল নিত্য ব্যবহারে সাধারণতঃ দৈহিক ও মানসিক অবসাদ নিশ্চয় দূর হইয়া থাকে।

পরন্তু সর্ব্বপ্রকার স্ত্রী বা পুরুষের জননেন্দ্রিয় ধাতুর দূষিত গুণ, জটিল ব্যাধি, মেহ, প্রমেহ, প্রদর, কণ্ঠরুদ্ধ, বাধক, গর্ভবিকার, মূর্চ্ছা, মাথাধরা, মাথাঘোরা, আধকপালী, নিদ্রাহীনতা এবং সর্ব্বপ্রকার বাতরোগ ও নানা প্রকার ব্যাধির কীটাণু ধ্বংসকারী যথার্থ মহৌষধ।

বলা বাহুল্য, ইহা এরূপ মস্তিষ্ক স্নিগ্ধকারী ঠাণ্ডা তৈল যে, পাগল ভাল হয়। যে কোন স্থানে তৈল ক্রয়কালীন শিশির গায়ের লেবেলের উপর বড় ২ অক্ষরে আসল যুগল মূর্ত্তি মার্কা এজেণ্ট বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন, অন্যথায় শঠকারী দোকানদার জাল বা নকল তৈল বিক্রয় করিয়া আপনাকে ঠকাইবে। স্মরণ রাখিবেন যাহারা জিনিষ বিক্রয় করিয়া ঠকাইতে পারিলেই খুব লাভ হয়।

এজেণ্ট—বটকৃষ্ণ পাল এণ্ড কোং ২৩নং বনফিলড লেন, কলিকাতা।

রেজিষ্ট্রারের রাখ ও ট্রিপল্ — শ্রীধাম নবদ্বীপ

Registered No. C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩৷০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

সাহায্যের হার
অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৷৷০
মাসিক ১৲
নগদ প্রতি সংখ্যা ৫

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [৯৮ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—১১ই আষাঢ় ১৩৩৭ বৃহস্পতিবার ২৬শে জুন ১৯৩০

সরকারী স্কুলে পিকেটিং

বাজী পোড়াইতে বিপদ ; আবার ধরপাকড়

কংগ্রেস ও পুলিশ

কুষ্টিয়া মিউনিসিপ্যাল একাডেমী

সুরাটে হুলস্থূল

বরিশালে সতিন সেন

প্রকাশিত সাইমন রিপোর্ট

মাদ্রাজে আইন-অমান্য

ঢাকায় গুপ্তহত্যা

অন্ধ্র প্রাদেশিক কংগ্রেস কমিটি বে-আইনী

দেশবন্ধুপার্কে বিরাট সভা

বিবিধ সংবাদ

বাজী পোড়াইতে বিপদ

গত ২৩শে জুন তারিখে গোয়াড়ী চাষাপাড়া নিবাসী শ্রীযুক্ত গিরীন্দ্রনাথ মুখোপাধ্যায় উকীল মহাশয়ের বাড়ীতে অন্য বাড়ীর দুইটী ছোট ছোট ছেলে হাতে করিয়া বাজীতে আগুন ধরাইতেছিল। হঠাৎ বাজীটি তাহের উপর ফুটিয়া বালকটির হাত জখম হইয়াছে এবং তাহার পার্শ্বস্থিত ছেলেটিরও মুখে আঘাত লাগিয়াছে। হঠাৎ বাজীর এরূপ ভীষণ শব্দ শুনিয়া পাড়ার লোক বোমা বলিয়া সন্দেহ করিয়াছিল।

আবার ধরপাকড়

গত ২৩শে জুন তারিখে কোতোয়ালী থানার পুলিশ ৪টি যুবককে গ্রেপ্তার করিয়াছে। প্রকাশ যুবকগণের নাকি গত ২২শে জুন তারিখে কৃষ্ণনগর রামগোপাল টাউনহলে যে সভা হয় তাহাতে পুলিশ-কর্ম্মচারীগণের সঙ্গে বচসা হয়, তাহাতে যুবকগণ নাকি পুলিশ কর্ম্মচারীকে অযথা গালাগালি করিয়াছে।

সরকারী স্কুলে পিকেটিং

গত সোমবার হইতে কৃষ্ণনগর কলেজিয়েট ও এ, ভি, স্কুল গ্রীষ্মাবকাশের ছুটির পর খোলা হইয়াছে। ১ম, ২য়, ও ৩য় শ্রেণীতে ছাত্রগণ যাইতেছে না। মাত্র ঐ সকল শ্রেণীর ২|০ জন ছাত্র অভিভাবকগণের আদেশে উপস্থিত হইতে বাধ্য হইয়াছে। জোর পিকেটিংও চলিতেছে।

কুষ্টিয়ার মিউনিসিপ্যাল একাডেমী

(ক) সংবাদ পাওয়া গিয়াছে যে নদীয়া জেলার অন্তর্গত কুষ্টিয়ার মিউনিসিপ্যাল একাডেমীর ছাত্রগণ যে ধর্ম্মঘট করিয়াছিল তাহা ভাঙ্গিয়াছে।

কুষ্টিয়ার উচ্চ ইংরাজী বিদ্যালয়

(খ) উক্ত বিদ্যালয়ের ছাত্রগণ এখনও ধর্ম্মঘট করিয়া স্থির ভাবেই আছে। কবে যে উহার শেষ হইবে আবাও তাহার কিনারা পাওয়া যাইতেছে না।

জামুই স্কুলের প্রধান শিক্ষকের জীবন আক্রমণ

পাটনার অন্তর্গত জামুই উচ্চ ইংরাজী বিদ্যালয়ের প্রধান শিক্ষকের জীবন আক্রান্ত হইয়াছিল। উক্ত কার্য্যে তিনটী ছাত্র, একটী শিক্ষক ও অন্য একটী কংগ্রেস কর্ম্মী ছিল। হেড মাষ্টার মহাশয় নাকি উক্ত ছাত্রটিকে গান্ধীটুপি মাথায় দিতে নিষেধ করিয়াছিলেন।

কংগ্রেস ও পুলিশ

পাঠকগণ অবগত আছেন যে পিকেটিংএর অপরাধে গাড়োয়ালি সৈন্য দলের কয়েকজনের উপর কঠোর শাস্তি বিধান করা হইয়াছে। তাঁহাদিগের প্রতি সহানুভূতি প্রদর্শন জন্য বোম্বাইয়ে খুব বিরাট সভার অধিবেশন এবং মিছিল বাহির হবার কথা থাকে।

বোম্বাইয়ের পুলিশ কমিশনার [illegible] সাহেব বাহাদুর বোম্বাইয়ের কংগ্রেস কমিটির সভাপতি ও প্রেসিডেন্ট এবং অন্যান্য দেশ-সেবী সম্পাদকগণ দ্বারা তাই গাড়োয়ালীর সৈন্য শ্রীমতী পেলিলের উপর আদেশ দিয়াছেন যে শাস্তি প্রাপ্ত গাড়োয়ালী সৈন্য দিগের প্রতি সহানুভূতি সূচক শোভাযাত্রা বাহির করিলে সহরের শান্তি ভঙ্গ হইতে পারে। সুতরাং তিনি যেন এরূপ শোভাযাত্রা বাহির না করেন।

বোম্বাইএ কথিত দুটি হুকুমের পর [illegible] হয় নাই। ঐ দিন কোন শোভাযাত্রা হইবে না [illegible] পুলিশ কর্ম্মচারী [illegible] সহর [illegible] বাহির [illegible] বাধ্য [illegible] রাস্তায় লোক [illegible] না [illegible] হাজার লক্ষ লোক [illegible] কিন্তু যখন আর [illegible] শোভাযাত্রা বাহির হইবে না তখন কংগ্রেসের [illegible] পুলিশ স্বস্থানে প্রস্থান করেন।

সুরাটে হুলস্থূল কাণ্ড

সুরাট [illegible] [illegible] [illegible] আয়োজন করেন। [illegible] অবস্থায় চাল দালান [illegible] কথা [illegible] চলিতে

[illegible] আছে বরং।

[illegible] আছে হয়।

নানা খবর

প্রকাশিত সাইমন রিপোর্ট

[illegible] রিপোর্টের অপর খণ্ড [illegible] ৩১৬ পৃষ্ঠায় ২ ভাগে [illegible] অনেক বিষয়ের আইন- [illegible] প্রদেশকে ভারত [illegible] সৈন্য-বিভাগ বড়লাটের [illegible] তাদের বিভিন্ন প্রদেশকে [illegible] স্বায়ত্ত্বশাসনের যথোপযুক্ত [illegible] হইতেছে এবং গভর্ণমেণ্টের সমস্ত বিভাগই মন্ত্রিগণের উপর অর্পিত হইয়াছে। ভারতীয় শাসন ও ব্যবস্থা- [illegible] এবং সিভিল সার্ভিস সমস্তই পূর্ববৎ থাকিবে। ইহার বিস্তৃত বিবরণ আগামী কল্য প্রকাশিত হইবে।

ঢাকায় গুণ্ডামি

গত ২৩শে তারিখের সংবাদে জানা যাইতেছে যে গত কয়েকদিন যাবৎ ঢাকার [illegible] আবার ছুরি মারামারি চলিতেছে। গত ২০শে তারিখে দক্ষিণ মৈশুন্ডি [illegible] একজন হিন্দু মিস্ত্রী ছুরিকাঘাতে গুরুতর আহত হইয়াছে। ২১শে তারিখেও ১ জন মুসলমানকে ছোরা মারা হইয়াছিল। বাজার হাট দোকানপাট সকলই বন্ধ। [illegible] অভাবে লোকজনের অত্যন্ত কষ্ট হইতেছে। গত ২২শে তারিখে [illegible] হিন্দু মুসলমানের একটি সভা হইয়াছিল কিন্তু নিষ্পত্তির কোন সিদ্ধান্তে উপস্থিত হইতে পারা যায় নাই।

ঢাকায় সরকারি অনুসন্ধান চলিতেছে। ইডেন কলেজের অধ্যক্ষ শ্রীমতী [illegible] তার সাক্ষ্য প্রদানে বলিয়াছেন যে তাঁহার কলেজ রক্ষা করিবার জন্য পুলিশের সাহায্য প্রার্থনা করিয়াও কোন পুলিশ পান নাই এবং তিনি একজন পুলিশকে একদল দাঙ্গাকারীকে হটাইয়া দিতে অনুরোধ করিলে পুলিশ বলেন যে তাঁহার প্রতি উপরের কোন হুকুম নাই। [illegible] ষ্টীমার ষ্টেশনের এজেন্ট মিঃ [illegible] পুলিশের সাহায্য প্রার্থনা করিয়াও পুলিশ পান নাই এ কথা সাক্ষ্যে বলিয়াছে।

দেশবন্ধুপার্কে বিরাট সভা

দেশবন্ধু পার্কে এক সভার অধিবেশন হয়। উর্মিলা দেবী সভা-নেত্রীর আসন গ্রহণ করেন। পুলিশে [illegible] সভা ভঙ্গ করিয়া দিবার [illegible] কিছু [illegible] স্বেচ্ছাসেবকদের চেষ্টায় পুলিশদিগের গায়ে কোন আঘাত লাগিতে পারে নাই।

শুভক্ষণে বিপত্তি

গত সোমবার বড়বাজার পুলিশ কোর্টে এক মজার কেস উঠিয়াছিল। পুলিশ কুমারটুলি এবং আহিরীটোলা ঘাট হইতে প্রায় ৭০।৮০ জন স্নানার্থীকে এবং স্বেচ্ছাসেবকদিগকে ফৌজদারি আইনের কোন ধারা অনুসারেই [illegible] প্রেসিডেন্সি ম্যাজিষ্ট্রেট মিঃ এস, কে, [illegible] বাহাদুর কয়েকজনকে জরিমানা করেন এবং কয়েকজনকে ছাড়িয়া দেন। আসামিদের মধ্যে অনেকে প্রতিজ্ঞা করিয়াছে যে তাহারা গঙ্গাস্নান করিতে গিয়া কখনও এরূপ অপরাধ আর করিবে না।

মাদ্রাজে মুক্তির অবস্থা

মাদ্রাজের আইন অমান্য [illegible] কংগ্রেস কমিটির কার্য্য-কলাপ বন্ধ করিবার জন্য গভর্ণমেণ্ট হুকুম জারি করিয়াছেন। অনেক জেলাতেই সভা সমিতি প্রসেসন জাতীয় পতাকা প্রভৃতি বন্ধ রাখিবার হুকুম হইয়াছে এবং কতকগুলি জেলা কংগ্রেস কমিটি বে-আইনি ঘোষিত হইয়াছে।

বন্দুক কাড়িয়া লওয়া

প্রকাশ যে হুগলীর অন্তর্গত [illegible] মুখোপাধ্যায়, অক্ষয় মোহন বন্দ্যোপাধ্যায় প্রমুখ [illegible] লোকের বন্দুক কাড়িয়া লওয়া হইয়াছে। কারণ এখনও জানা যায় নাই।

আবার দেশের ডাক

এবার হাইকোর্টে দেশের ডাক। নীগান বিবেন রাজার বাহাদুরের পক্ষ হইতে হাইকোর্টে জানান হয় যে বাঁকুড়া জেলার কংগ্রেস কর্মী শ্রীযুক্ত বাবু বিপিন বিহারী দাস মহাশয় রাজবিদ্রোহ প্রচার উপলক্ষে বীরভূম জেলার বহরাসোল গ্রামে ১০০ শত লোকের সম্মুখে আদালত বিরোধী 'দেশের ডাক' নামক পুস্তক সম্বন্ধে ছায়াচিত্র প্রদর্শন এবং বক্তৃতা করেন। বীরভূমের জিলা ম্যাজিষ্ট্রেট তাঁহার নিকট ২০০ শত টাকার মুচলেকা এবং ২০০ টাকার করিয়া ২টি জামিন লইয়া তাঁহাকে ভালভাবে থাকিবার জন্য ১বৎসরের জন্য আদেশ করেন। বীরভূমের জজ বাহাদুর ম্যাজিষ্ট্রেট বাহাদুরের আদেশ নাকচ করিয়া দেন। লিগেল রিমেমব্রেন্সের পক্ষ হইতে হাইকোর্ট শ্রীযুক্ত বাবু বিপিন বিহারী দাস মহাশয়ের উপর রুল জারি করিবার প্রার্থনা করেন।

অন্ধ্র প্রাদেশিক কংগ্রেস কমিটি

বে-আইনী

গেজেটের একটী বিশেষ সংখ্যায় প্রকাশ যে মাদ্রাজের প্রাদেশিক শাসনকর্তা অন্ধ্র প্রাদেশিক কংগ্রেস কমিটিকে সংশোধিত ফৌজদারী আইনের দ্বিতীয় অধ্যায়ানুসারে বে-আইনী ঘোষণা করেন।

বরিশালে সতীনসেন

গত ২০শে জুন তারিখে সতিনবাবু খুলনা এক্সপ্রেস্ করিয়া বরিশালে পৌঁছেন। ষ্টেশনে তাঁহাকে বিপুল সম্বর্দ্ধনা করা হয়। প্রায় দুইঘণ্টা কাল তিনি কংগ্রেস অফিসে থাকেন। সেই সময় দলে দলে লোক তাঁহার সহিত সাক্ষাৎ করিতে যায়। তাঁহার মস্তকে তখনও ব্যাণ্ডেজ বাঁধা ছিল। তাঁহাকে খুব দুর্ব্বল দেখায়। চিকিৎসকগণের পরামর্শে তিনি পটুয়াখালী গিয়াছেন।

কলিকাতায় ভীষণ বৃষ্টি

গত সোমবার অপরাহ্নে কলিকাতায় ভীষণ বৃষ্টি ও শিলাপাত হয়। ট্রাম বন্ধ হইয়া যায়। ঠনঠনিয়ার নিকট সারিবন্দ ট্রাম গাড়ী দাঁড়াইয়া থাকে। জলের ভিতর দিয়া মোটর গাড়ী সকল ষ্টীমারের ন্যায় জল উদ্বেলিত করিতে করিতে যাইতেছিল। ভবানীপুর ট্রাম ডিপোর নিকট ও রাস্তায় জল জমিয়াছিল।

সরকারী কাইজার-ই-হিন্দ প্রত্যাখ্যান

ডাঃ যোশী আমেরিকার একজন খ্যাতনামা ডাক্তার। সরকার বাহাদুর তাঁহাকে কাইজার-ই-হিন্দ্ স্বর্ণ প্রদান করিয়া সম্মান দেখাইতে চাহিয়াছিলেন। তিনি উক্ত সম্মান গ্রহণ না করিয়া জোর গলায় বলিয়াছেন যে তিনি উক্ত স্বর্ণ বর্ত্তমান দেশের অবস্থায় গ্রহণ করিতে ইচ্ছা করেন না।

অব্যর্থ

মদন মঞ্জরি

বটিকায় ধ্বজ ও অন্ডবৃদ্ধি, ইন্দ্রিয়শক্তির হ্রাস, অত্যাচারে শুক্রপাত, মধুমেহ, যাতনোগ্য, বুক ধড়-ফড়ানি, অজীর্ণ প্রভৃতি সকল রোগ নির্দ্দোষ আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় ঔষধ। মূল্য ৩০ বড়ি ১, এক টাকা।

"অপূর্ব্ব সঙ্কোচিনী ঘৃত"

পুরুষহানি রোগে বাহ্যপ্রয়োগ করা আবশ্যক। মূল্য ১ কৌটা ১, টাকা।

"ভ্রমণবিলাসিনী বটিকা"

বীর্য্যতারল্য বশত স্তম্ভনশক্তি স্থায়ী ও বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১৬ বড়ি ১, এক টাকা।

রাজবৈদ্য আয়ুর্ব্বেদশাস্ত্রী, কেদারনাথ।

১৭নং হারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের ঢোকা শিশি বাদাম তৈল

আদি ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্ব্বজন পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম দেখিয়া খরিদ করিবেন। নতুবা জুয়াচোরেরা নকল তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত

কে রা র্ স কুই নি ন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার জ্বর তাড়াতে উপযুক্ত মাত্রায় আর্সেনিক, হাইপোফস্ফাইট কুইনাইন, আয়রণ এবং ষ্ট্রিকনিন আছে।

[illegible] ইঞ্জেকসন একটী বা দুইটী ইঞ্জেকসনেই সকল প্রকার ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং [illegible] রক্তের ম্যালেরিয়ার সমস্ত [illegible] নষ্ট করিয়া [illegible] সম্পূর্ণ [illegible] মূল্য ২, [illegible] কেমিক্যাল এণ্ড ফিজিক্যাল [illegible]

[illegible]

"শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

—:০:—

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর—১১ই আষাঢ় বৃহস্পতিবার—১৩৩৭

শ্রীশ্রীভক্তিবিনোদ-প্রসঙ্গ

নমো ভক্তিবিনোদায় সচ্চিদানন্দনামিনে।
গৌরশক্তিস্বরূপায় রূপানুগবরায় তে॥

আজ মহাপ্রভুর নিজজন ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীল ঠাকুর ভক্তিবিনোদের তিরোভাব-তিথি। তাঁহার অনুগত ভক্তগণ আজ তাঁহার বিরহে কাতর হইয়া তাঁহার ভগবদ্দী কীর্ত্তন-মুখে বিরহ-মহোৎসব করিতেছেন। নবধা ভক্তাঙ্গ-স্বরূপ নব-দ্বীপের অন্তর্গত কীর্ত্তনাখ্য গোদ্রুমদ্বীপে স্বানন্দসুখদকুঞ্জে ঠাকুরের সমাধিমন্দিরে এবং শ্রীপুরুষোত্তম মঠে আজ মহামহোৎসব। শ্রীচৈতন্য মঠ এবং তদনুগত যাবতীয় মঠেও মহোৎসবের অনুষ্ঠান হইতেছে।

ভক্ত বা ভগবদ্ বিরহ বা বিপ্রলম্ভই ভক্তি-পথারূঢ় ব্যক্তির ভগবদ্ ভজন। বিরহেই প্রেমের পরিচয়, মমতার আধিক্য প্রমাণিত হয়। যিনি বিরহে কাতর নহেন, তাঁহার প্রেম নাই, তিনি নীরস, নিষ্ঠুর, অনুরাগ-হীন। মহাপ্রভু রায়রামানন্দকে জিজ্ঞাসা করিয়াছিলেন—"দুঃখ মধ্যে কোন্ দুঃখ হয় গুরুতর?" রায় বলিলেন, "কৃষ্ণভক্ত-বিরহ বিনা দুঃখ নাহি দেখি পর॥" এই দুঃখ জাগতিক নশ্বর বস্তুর উপকার-জন্য দুঃখের ন্যায় শোক-মোহ-ভয়প্রদ নহে, পরন্তু ঐ দুঃখ নব-নব উদ্দীপন রসের ধাম স্বরূপ, উহা যতই বৃদ্ধি পাইতে থাকে, ততই ভক্তহৃদয়ে আনন্দের সমুদ্র উদ্বেলিত হইতে থাকে, ভক্ত অষ্টসাত্ত্বিক বিকার-গ্রস্ত হইয়া উন্মাদবৎ কখনও হাস্য, কখনও নৃত্য, কখনও রোদন, কখনও বা উচ্চ-কীর্ত্তনাদি দ্বারা মহোৎসব যাপন করিতে থাকেন। তাহাতে জাগতিক শোক, দুঃখ, প্রতিষ্ঠাশার গন্ধ লেশ মাত্র নাই। জাগতিক ভোগ বা ত্যাগ-বাধা-জনিত বিরহ ছাড়িয়া এইরূপ কৃষ্ণ-কার্ষ্ণ-বিরহ-ব্যথায় যিনি যত মগ্ন হইতে পারিয়াছেন, তিনি ততই সৌভাগ্যবান্, ভজনরাজ্যে তত অগ্রসর।

কোন বস্তুর প্রতি সেরূপ প্রীতি বা আকর্ষণ না থাকিলে তাহার বিরহ-জন্য কাতর হওয়া স্বাভাবিক হয় না, তবে লোক দেখান' কাতরতা একটু আসে যায়, তাহা কপটতা। সুতরাং 'বিরহ-বেদনাটী' কৃত্রিম প্রয়াস দ্বারা প্রকাশিত হইবার নহে, প্রগাঢ় প্রীতি অন্তরে আপনা হইতেই বিরহ আনিয়া দেয়, ভক্তকে উন্মাদ করিয়া দেয়।

অখিল-ব্রহ্মাণ্ড শ্রীমন্মহাপ্রভু স্বয়ং বিরহ-বিগ্রহ হইয়াও "আত্মবের [illegible]

(১)

(ক) শ্রীশ্রীঠাকুর ভক্তিবিনোদের ষোড়শবার্ষিক বিরহ-মহোৎসব

(খ) ভক্ত বা ভগবদ্ বিরহই ভগবদ্-ভজন

(গ) কৃষ্ণ-কার্ষ্ণে প্রগাঢ় প্রীতি হইতে স্বভাবতঃই বিরহের উদ্ভব

(ঘ) মহাপ্রভুর বিপ্রলম্ভ-রসে সম্ভোগারোপকারী 'গৌরনাগরী'র গৌরকৃষ্ণ প্রীতির একান্ত অভাব

(ঙ) কৃষ্ণবিরহ-বিধুরতাই বৈরাগ্য; নশ্বর বস্তুর অভাব জন্য শোক ও কৃষ্ণ-বিরহোত্থ বৈরাগ্য এক নহে; যুক্ত ও ফল্গুবৈরাগ্যে নিত্য ভেদ বর্ত্তমান, ফল্গুবৈরাগি-জ্ঞানিগণ কৃষ্ণকার্ষ্ণে-প্রীতি-রাহিত্য-হেতু বিরহ-তিথি-পালনের মর্ম্মানভিজ্ঞ

(চ) ফলভোগকামী কর্ম্মীও কৃষ্ণকার্ষ্ণে নিষ্কপট প্রীতি-বিশিষ্ট না হওয়ায় বিরহ শূন্য

(ছ) কৃষ্ণকে সর্ব্বেন্দ্রিয়ে সেবা করিয়াও যে অতৃপ্তি, তাহাই বিপ্রলম্ভ

(জ) ভক্ত, ভগবানের প্রকটাপ্রকট উভয় লীলায় বিরহ-সন্তপ্ত; অপ্রকট লীলায় দ্বিগুণিত বিপ্রলম্ভ; মহাপ্রভু ও তাঁহার পার্ষদগণের বিপ্রলম্ভ ভাবাবেশ

(ঝ) শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ শ্রীচৈতন্য-দয়ানিধির ভক্তিবিনোদ-দয়ার মূর্ত্ত-বিগ্রহ, তাঁহার বিরহ-তিথি-পালনেই গৌরকৃষ্ণে ভক্তিলাভ

(২)

একমাত্র ভগবদ্দাস্যই জীবের প্রার্থনার সর্ব্বোচ্চ বিষয়

(৩)

(ক) পুঁড়ায় (২৪ পরগণা) ভারতী মহারাজের 'সনাতন ধর্ম্ম' বিষয়ে বক্তৃতা

(খ) হিন্দু ও মুসলমানের একাসনে বসিয়া ভগবৎকথা শ্রবণ

প্রতি প্রণয়-মাধুর্য্য কিরূপ, স্বাং-বিরহের অদ্ভুত মধুরিমা [illegible] আস্বাদন করেন, তাহাই বা কিরূপ এবং এই বিরহ-মধুরিমার অনুভূতি হইতে আত্মহেতু বা কি সুখের উদয় হয়"—এই তিনটি বিষয়ে লোভাবিষ্ট হইয়া আনন্দের ভাব অঙ্গীকার পূর্ব্বক শচীগর্ভ-সিন্ধু-মাঝে প্রকটিত হইয়াছেন। আত্মের ভাবে নিভাবিত বিরহ-বিগ্রহ মহাপ্রভু তাঁহার পার্ষদগণের ও জীবগণের প্রতি অহৈতুকী কৃপাবশতঃ স্বয়ং বিপ্রলম্ভ [illegible] কৃষ্ণভজন শিক্ষা প্রদান করিয়াছেন। মহাপ্রভুর [illegible] মর্ম বুঝিতে না পারিয়া [illegible] মহাপ্রভুর লীলা [illegible] [illegible] আস্বাদন [illegible] [illegible] লাভ, [illegible] মহাপ্রভুর [illegible] [illegible] অধিকার [illegible] [illegible] [illegible] বুদ্ধিমান্ [illegible] মহাপ্রভু [illegible] [illegible] [illegible] জীবকুলের [illegible]

[illegible] কর্ত্তৃত্বাভিমানী [illegible] তাৎপর্য্য অধিকৃত হইয়া [illegible] বাহির হইয়া মহাপ্রভু [illegible] পূর্ব্বক প্রদান করিয়া [illegible] [illegible] [illegible] [illegible] স্বরূপ-রামানন্দাদি গৌর-পার্ষদগণ [illegible] জীবকুলের [illegible] 'বিপ্রলম্ভ রস' বলিয়া স্বীকার করেন না। [illegible] অধিকার [illegible] নাই; [illegible] কৃষ্ণ-কার্ষ্ণে [illegible] [illegible] একমাত্র প্রার্থনা [illegible] কৃষ্ণ-কার্ষ্ণ-বিরহে [illegible] [illegible] অনুভূত হওয়া উচিত।

[illegible] কৃষ্ণবিরহ-[illegible] নশ্বর-বস্তুর [illegible] [illegible] [illegible] কৃষ্ণ-বিরহোত্থ বৈরাগ্য [illegible] [illegible] কৃষ্ণ-বিরহে [illegible] বৈরাগ্যের [illegible] [illegible] মহাপ্রভু স্বয়ং [illegible] বৈরাগ্য-বিধি শিক্ষা প্রদান করিয়াছেন; তাঁহার [illegible]

[illegible]

মর্ম বুঝিতে চান না, নিজেরা 'ভগবান' সাজিয়া ভগবদ্ভোগ্য বস্তুকে ভোগ করিবার জন্য প্রবৃত্ত হন, ভগবান ভগবদ্ভক্তের [illegible] তাঁহাকে বলে [illegible] পারেন না অথবা [illegible]।

[illegible] কোন [illegible] তিনি সর্বদাই [illegible]। কৃষ্ণ যখন তাঁহার [illegible] কৃষ্ণে তাঁহার [illegible] আর ভক্তির [illegible] না। যেখানে প্রীতি [illegible] অপ্রাকৃতকামময়ী, সেখানে কাহার নাম কাম। সেই কাম একরূপ, প্রেম নিরুপম অমৃত সমান। গোপরামাগণের কামই কৃষ্ণপ্রীতির [illegible] উৎকৃষ্ট নিদর্শন। [illegible] সন্তুষ্টা [illegible] গণকে [illegible] কৃষ্ণবিষয়ের আদর্শ প্রদর্শন করেন। কৃষ্ণানুরাগভর-পরিপূর্ণ [illegible] লীলা [illegible] একটী কুণ্ডকে [illegible] কোটী [illegible] বাসনা [illegible] করিলেন। [illegible] অনুষ্ঠ হইয়া [illegible] পরিচয় দিলেন, [illegible] কৃষ্ণানুশীলন করিয়াও কৃষ্ণবিরহে ব্যাকুল হইলেন। [illegible] কৃষ্ণবিরহ [illegible] অনুরক্তির প্রচুর নিদর্শন। যিনি কৃষ্ণভজন করিয়া পরিতৃপ্ত হইতে চান, তাঁহার কৃষ্ণে প্রীতির অভাব [illegible] তাহা আদৌ [illegible] না

[illegible] প্রকটাপ্রকট উভয় লীলায় [illegible] নিত্যলীলাসমূহ [illegible] দর্শন [illegible] ভগবদ্বিরহে কাতর হন। তাঁহার অপ্রকটলীলায় ভক্তের বিরহ [illegible] থাকে। অপ্রাকৃত [illegible] উপলব্ধি [illegible]; কিন্তু অন্তরঙ্গ [illegible] নিরন্তর [illegible] করেন; অদ্যাপি নবদ্বীপে গৌরসুন্দর তাঁহার [illegible] প্রকাশিকী লীলা করিতেছেন, অদ্যাপি বিপ্রলম্ভভাবে জগন্নাথ নীলাচলে অবস্থান করিতেছেন, আবার রথযাত্রার পর অনবসরকালে জগন্নাথের অদর্শনে মর্মাহত হইবার লীলাভিনয় করিয়া বিরহিত বিপ্রলম্ভের ক্ষেত্র আলালনাথে অবস্থান করিতেছেন, আবার সেখান হইতে ছুটিতে ছুটিতে আসিয়া রথকে শ্রীমন্দিরে প্রত্যাবর্তন করিয়া [illegible] কুরুক্ষেত্রে [illegible] লীলা প্রদর্শন করিতেছেন। [illegible] কৃষ্ণকে দেখিয়াও, [illegible] অতৃপ্তি— [illegible] প্রাকৃত জগতের [illegible]

পথ অতিক্রম করিয়া যাঁহারের কোন এক চমৎকারিতা-পরিপূর্ণ অপ্রাকৃত ভূমিকায় [illegible] লাভ করিয়াছে, তাঁহারাই এই বিপ্রলম্ভভাব বুঝিতে সমর্থ। শ্রীমতী রাধিকা [illegible] সর্বক্ষণ হরিকে সঙ্গে পাইয়াও হরিকে [illegible] বিলাপকুসুমাঞ্জলি অর্পণ করিতেছেন, শ্রীরাধিকার সেই অনুচর সেবকগণ [illegible] চেষ্টার অনুসরণে তাঁহারই একান্ত অনুগত [illegible] গৌড়ীয়গণ আজ [illegible] নিযুক্ত।

সে গৌড়ীয়গণের [illegible] ঠাকুরের কৃপায় আজ [illegible] জগতে শ্রীগৌরকৃষ্ণের [illegible] সেবা প্রকটিত হইয়াছে, যাঁহার কৃপায় বহু [illegible] জীব গৌরকৃষ্ণকে ভোগ করিবার দুর্বুদ্ধি পরিত্যাগ করিয়া তাঁহার ভক্তিবিনোদন-সেবায় প্রবৃত্ত হইয়াছেন ও হইতেছেন, যিনি মহাপ্রভুর শিক্ষা যে কেবল একটী সম্প্রদায়-বিশেষের মাত্র অনুসরণীয় নহে, পরন্তু জীব মাত্রেরই অনুসরণীয় বিষয় বলিয়া বৈষ্ণবধর্মের নামে সাম্প্রদায়িক সঙ্কীর্ণতার আবাহন [illegible] [illegible] মত-বিচার-ধারা সম্পূর্ণরূপে নিরস্ত করিয়াছেন এবং সকলকেই কৃষ্ণানুশীলনের জন্য আহ্বান করিয়া মহা-মহা-বদান্যতা প্রদর্শন করিয়াছেন, যিনি শ্রীনাম, শ্রীধাম ও কামের যথার্থ-স্বরূপ প্রদর্শন করিয়া জীবকুলকে ভ্রান্ত পথ হইতে উদ্ধার করিয়াছেন, যাঁহার কৃপায় বহু লুপ্ত তীর্থের সেবা পুনঃ প্রকাশিত হওয়া জগতের নাস্তিকতাকে প্রবলভাবে বাধা প্রদান করিতেছে, যাঁহার [illegible] [illegible] কৃষ্ণবহির্মুখ জগতের অভক্তিবিনোদ-চেষ্টা সম্পূর্ণরূপে তিরস্কৃত ও নিকৃষ্ট হইয়াছে,—যাহার ফলে আজ [illegible] অপসম্প্রদায় 'আমরা মহাপ্রভুর অনুগত' বলিয়া মূর্খ লোকের নিকট প্রতিষ্ঠা পাইলেও বিজ্ঞগণের সম্মুখে সর্বদাই অধোবদন হইতেছে, তাঁহার অতিমর্ত্য চরিত্র, অতিমর্ত্য আচরণ ও শিক্ষা কীর্তন-মুখে আলোচনা ব্যতীত আমাদের আর গত্যন্তর নাই। মহাপ্রভুর বিপ্রলম্ভরসের প্রকাশ বিগ্রহ শ্রীশ্রীঠাকুরের পাদপদ্মে পুনঃ পুনঃ প্রণত হইয়া তাঁহারই ভক্তিসিদ্ধান্ত-বাণীর সেবা-সৌভাগ্য যাচ্ঞা করিয়া যাহাতে আমরা নিষ্কপটে তাঁহার বিরহ-বিধি সম্মান করিতে পারি, তজ্জন্য প্রার্থনা জানাইতেছি। অজ্ঞ বিষয়াসক্ত আমরা ঠাকুরের অনুগত পরিচয় দিয়াও ঠাকুরের পাদপদ্মে আমাদের বিন্দুমাত্রও প্রীতি নাই, সুতরাং তাঁহার বিরহ কি করিয়া উপলব্ধি করিব? তবে যদি তিনি নিজগুণে কৃপা করিয়া আমাদের অজ্ঞ বিষয়াসক্তি ছাড়াইয়া তাঁহার শ্রীপাদপদ্মে আকর্ষণ পূর্বক আমাদিগকে ভক্তবিনোদনের সৌভাগ্য প্রদান করেন, তবেই তাঁহার অহৈতুকী কৃপা-বলে তাঁহার পাদপদ্মে অনুরক্ত হইয়া আমরা আজ সত্যসত্যই তাঁহার বিরহ-ব্যথা অনুভব করিতে পারিব এবং "যে আনিল প্রেমধন করুণা প্রচুর। হেন প্রভু কোথা ভক্তিবিনোদ ঠাকুর॥" বলিয়া কি দিয়া আকুল হইব, শ্রীচৈতন্যবাণী [illegible] হয়ার প্রবলে ভাসিয়া বেড়াইব, মুহূর্তে মুহূর্তে আমাদের কৃষ্ণ-কার্ষ্ণ-বিরহ প্রবল হইতে প্রবলতর হইয়া উঠিবে। হায়! তেমন সৌভাগ্য কি আর এ জীবনে পাইব?

একমাত্র ভগবদ্দাস্যই জীবের প্রার্থনার সর্ব্বোচ্চ বিষয়

স্থূল ও সূক্ষ্ম নশ্বর দেহে আত্ম-বুদ্ধি হইতে ভোগ বা ত্যাগপর বাসনা সমূহের উদয় হয়। যে সময় কোন ভাগ্যবান জীব জন্ম-জন্মার্জিত সুকৃতির ফলে সদ্গুরুর কৃপায় বুঝিতে পারেন যে তিনি নশ্বর স্থূল-সূক্ষ্ম দেহদ্বয়ের অতীত নিত্য আত্মস্বরূপ বস্তু, সে সময় তিনি আপনাকে নিজ প্রভু ভগবানের চিৎকণ বলিয়া বুঝিতে সমর্থ হন এবং নিত্যকাল অহৈতুকীভাবে ভগবানের সেবা করিবার পরিবর্তে অন্য কোন নশ্বর বিষয়ের সেবা করিবার দুর্বাসনাকে আর পূর্বের ন্যায় তাঁহার হৃদয়-ক্ষেত্রে স্থান দিতে চাহেন না। ভগবৎ সেবা হইতে যে প্রকার দুঃখগন্ধশূন্য বিমল সেবা-সুখ নিত্যকাল প্রাপ্ত হওয়া যায় তাহা ভোগ বা ত্যাগজনিত গভীর দুঃখ-বহুল-কারী, ক্ষীণ ক্ষণস্থায়ী সুখ অপেক্ষা কোটি গুণে শ্রেষ্ঠ। অতএব দেহাত্মবুদ্ধি-জনিত সংসারী জীব অভিমান পরিত্যাগ পূর্বক কমলনাথ [illegible] আশা-গর্ত [illegible] পারিতে প্রত্যেক জীব ব্যক্তির উচিৎ ভগবানের নিকট অতি দৈন্যসহকারে প্রার্থনা করা যাহাতে তিনি অচিরে তাঁহার উপর প্রসন্ন হইয়া তাঁহাকে নিজ পদ-সরোজে ধূলীর ন্যায় মনে করেন ও নিজ আচার্য-মূর্তিরূপ শ্রীগুরুদেবের নিকট রাখিয়া সর্বদা তাহাকে নিজ প্রীতি-প্রদ কার্যে নিযুক্ত রাখেন। যথা শ্রীচৈতন্য-চরিতামৃতে:—

"ধন জন নাহি মাগোঁ কবিতা সুন্দরী
শুদ্ধভক্তি দেহ মোরে কৃষ্ণ কৃপা করি॥
অতি দৈন্যে পুনঃ মাগে দাস্য ভক্তি দান।
আপনাকে করে সংসারী জীব অভিমান॥
তোমা নিত্য দাস মুঞি তোমা পাসরিয়া।
পড়িয়াছি ভবার্ণবে মায়া বদ্ধ হঞা॥
কৃপা করি কর মোরে পদধূলি সম।
তোমার সেবক করোঁ তোমার সেবন॥
প্রেম ধন বিনা ব্যর্থ দরিদ্র জীবন।
দাস করি বেতন মোরে দেহ প্রেমধন॥"

প্রচার-প্রসঙ্গ

আচার্য ও প্রচার-শিরোমণি জগদ্গুরু শ্রীশ্রীচৈতন্য-সরস্বতী বিশ্বে সর্বত্র শ্রী গৌর-বিহিত কীর্তন প্রচার করিতেছেন। শ্রীচৈতন্য-মনোহভীষ্ট-প্রচারকবর চৈতন্য-বিমুখ জনগণকে চৈতন্য-সেবোন্মুখ করিবার জন্য নিত্যকাল উদ্গ্রীব।

শ্রীচৈতন্য-মনোহভীষ্ট শ্রীগুরুদেবের অনুগত ভক্তগণও তদানুগত্যে গুরু-গৌরাঙ্গের সেবায় নিযুক্ত। অন্যান্য ইষ্টদেব-সেবা ব্যতীত ভক্তগণের দ্বিতীয় কৃত্য আছে কি? সেবাবুদ্ধিসেবকের জীবাত্ম, সেবা ছাড়িয়া অবস্থিত অথবা সেব্যের সেবার নামে নিজ ভোগ 'সেবক' নামে কলঙ্ক আনয়ন করে। তাই সেব্য ভগবানের সেবক ভগবদ্বিগ্রহ, নিজ সেবকগণকে স্বীয় সেবাদর্শে সেবাকার্যে নিযুক্ত রাখেন।

শ্রীগুরুদেবের আদেশে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি-বিবেক ভারতী মহারাজ কতিপয় ব্রহ্মচারী সহ চব্বিশ পরগণার পুঁড়াগ্রামে শ্রীহরিকথা প্রচার উদ্দেশে গমন করেন। গত ৩০শে ও ৩১শে জ্যৈষ্ঠ দুই দিবস 'সনাতন ধর্ম' সম্বন্ধে স্বীয় স্বভাব-সুলভ ওজস্বিনী ভাষায় বক্তৃতা করেন। সভায় হিন্দু ও মুসলমান বহু শ্রোতা উপস্থিত ছিলেন। স্বামিজী মহারাজ শাস্ত্র-যুক্তি-মূলে বিবিধ জ্ঞান-পূর্ণ উদাহরণের দ্বারা জীবের সনাতনধর্মের কথা বুঝাইয়া দেন। দ্বিতীয় দিবসে প্রায় ৩৪ শত মুসলমান এবং তদ্ধিক সংখ্যক হিন্দু নীরব নিস্পন্দ ভাবে নিবিষ্ট মনে কথা শ্রবণ করিয়াছিলেন। যে দেশে জাতীয় বিদ্বেষের এত বড় সাড়া পড়িয়া গিয়াছে, আজ সেই দেশে হিন্দু-মুসলমান সকলে একাসনে 'সনাতন ধর্ম'কথা শুনিয়াছেন!

সনাতন ধর্ম, বদ্ধ অবস্থায় যে কালে মায়িক আবরণের দেহ ও মনকে জীব বলিয়া বিচার করেন এবং সেই মায়ার বিষম দর্শন [illegible] থাকিয়া জাতীয় দ্বেষ উঠাইয়া সমন্বয় করিবার প্রয়াস করেন, সে কালে উক্ত বিষম দর্শনই তাঁহাকে সম-দর্শন হইতে বহু দূরে সরাইয়া দেয় এবং সমন্বয়ের পরিবর্তে বিষম অসমন্বয় আনয়ন করে। আত্মদর্শন অবস্থিত না হওয়া পর্যন্ত আত্মধর্ম সনাতনধর্ম জগতে সমন্বয় স্থাপন করিতে পারিবেন না।

শ্রীগুরুদেবের আচরিত ও প্রচারিত ধর্মই সেই আত্মধর্ম। সুতরাং চৈতন্যচরণ-চারণগণের আশ্রয় ব্যতীত কভু জগতে বৈষ্ণবধর্মাভিমানে কখনও কেহ আত্মানু-ভূতির অনুসন্ধান পাইবেন না।

গত ৩২শে জ্যৈষ্ঠ স্থানীয় শ্রীযুক্ত মহেন্দ্র নাথ কুণ্ডু মহাশয়ের ভবনে স্বামিজী মহারাজ শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করেন। তথায়ও বহু সংখ্যক হিন্দু ও মুসলমান একত্রিত হইয়া ভাগবত-কথা শ্রবণ করিয়াছেন। নিরপেক্ষ জাতীয় স্বার্থ-বিহীন বক্তা মুক্ত সার্বকালিক সার্বজনীন শ্রীচৈতন্য-বাণী শ্রবণে সকলেই নিত্য মঙ্গলের কিঞ্চিৎ দিগ্দর্শন পাইয়াছেন। শ্রীগৌড়ীয় মঠের প্রচারকগণ যাহাতে মধ্যে মধ্যে তথায় শ্রীহরিকথা প্রচার করিবার জন্য আগমন করেন, তজ্জন্য সকলেই বারবার অনুরোধ করিয়াছেন।

[illegible]

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত ভক্তি-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই স্বর্ণাক্ষরে। চতুর্থ সংস্করণ। বিস্তৃত বিষয়সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম, এ প্রণীত (লালগোলা)

[illegible] কর্ত্তৃক [illegible]।

৮৭ খানি অপূর্ব্ব চিত্র সমন্বিত।

[illegible]

উৎকৃষ্ট [illegible]) [illegible] বাঁধা ১৫০ [illegible] ২৲ দুই টাকা মাত্র

[illegible] প্রায় [illegible] হইয়াছে।

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিণ্টিং [illegible] শ্রীযুক্ত কান্তি চক্রবর্ত্তী [illegible] মুদ্রিত [illegible] প্রকাশিত হইয়াছে

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়প্রিন্টিং ওয়ার্কস্ হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০্ চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে, সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৪৭শ খণ্ড এবং নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৫৷৶০ সাধারণ পক্ষে ২১৷৶০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ৷৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ৷/০।

দশমস্কন্ধের ভিক্ষা ১২্, অগ্রিম সাধারণের পক্ষে ৮্।

৭১ অধ্যায়ের কিয়দংশ পর্য্যন্ত দ্বাদশ খণ্ড ছাপা হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০্ টাকা ভিক্ষায় তৃতীয় সংস্করণ ৪্ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০্ টাকার এই বিরাট্ গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫্ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আদিকবি

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮্ স্থলে অগ্রিম ভিক্ষা ৫্

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪৷৷০ টাক

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ

ভিক্ষা ৷৶০ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব্ব বাঙ্গালায় সুলভে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে জানেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার সুবর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	৷০
একত্রে ৩ খণ্ড লইলে	১্
সাধন পথ (শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	৷০
একত্রে ৩ খণ্ড লই	৷৷০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৶০
একত্রে ৩খণ্ড লইলে	৷০
গীতাবলী প্রতিখণ্ড	৴১০
একত্রে ৩ খণ্ড লইলে	৶১৫
শরণাগতি—প্রতিখণ্ড	/০
একত্রে ৩খণ্ড লইলে	৶৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীধামমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগৌরগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বৰ্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড্, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ,—সোতাকুঞ্জী, পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিরুলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৪নং জঙ্গমবাড়ী, কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
১০। শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ. সীতাপুর, ইউ পি।
১১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব।
১২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—৯০নং নবাবপুর রোড্, ঢাকা।
১৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।
১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাযোড়া, রাণীগঞ্জ পোঃ, বৰ্দ্ধমান।
১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—চুয়ুরকোন্দা, চেকুণ্ডা পোঃ, মানভূম।
১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ হনুমান রোড্ নিউ দিল্লি

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত মনোমোহন ঘোষ—বহু লঙ্গ রে রোড, খুলনা
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—বেণ্ডানগর,
কলাগাছী কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামরঞ্জন রায়—১৭৮২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা।
৪। মিঃ এস ডি, মুখার্জ্জি—এম, এম, গ্রাইন্ড দি এন, কান।
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী জোয়ারদার—স্বরূপগঞ্জ, নদীয়া
৬। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।
৭ শ্রীবিরাজমোহন দে—মনোমোহন প্রেস, নবাবপুর, ঢাকা।
৮। শ্রীশৈলেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় চৌধুরী, ২৪ পরগণা
৯। শ্রীসদানন্দ চট্টোপাধ্যায় এ, এম, এম, মানভূম
১০। শ্রীপাদ অতীন্দ্রিয় ভক্তিভূষণ মানভূম।
১১। শ্রীপাদ নরোত্তম দাসাধিকারী ঐ

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

পারফলিন

টনিক ও সালসা   পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার ধ্বংস হয়। 'কলেজ পরিচালকের'

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ৩।৪ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ খাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে ঔষধ ২ বিষের জল খেয়ে শয্যাগত হইয়া পড়ে পরে হয়রান হয়েন কেন? সুতরাং ।০ আনার পারফলিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট, এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ৵০ আনা, ডজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসার্স্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কালকাতা।

যুগল-মূর্ত্তি মার্কা
সর্ব্বত্র পাওয়া যায়।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা এবং বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

আসল ও আদি
শিশি ৮০ আনা, ডজন ৮৲
ভিঃ পিঃ ও রেলওয়ে পার্শেল স্বতন্ত্র।

বর্ষায়   একমাত্র   স্বদেশী

রবারের জুতা

টি, টি, সিলিপার

চটি, গ্রিসিয়ান ও এলবার্ট

চামড়াহীন, মজবুত, সস্তা, নরম, জল-কাদায় বিশেষ উপযোগী—এই স্বদেশী জুতা, বাজে বিদেশী জুতার বদলে কিনিয়া দেশী শিল্পের সহায়তা করুন।

ঠিকানা—টি, টি, সিলিপার এণ্ড কোং,   ১নং টাউনসেণ্ড রোড, ভবানীপুর, কলিকাতা

টেলিগ্রামের নাম ও ঠিকানা — "প্রকাশ" নবদ্বীপ

Registered No. C 1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩॥০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

বর্ত্তমান-বার্ত্তাবহ

গৌরাঙ্গের জন্মভূমি নবদ্বীপ হইতে প্রকাশিত—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

সাধারণের হার
অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৷৷০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৴৫

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [১০৪ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর- ১৮ই আষাঢ় ১৩৩৭ বৃহস্পতিবার ৩রা জুলাই ১৯৩০

কৃষ্ণনগরে হরতাল

বোম্বায়ে গ্রেপ্তার, নবদ্বীপে গ্রেপ্তার

পণ্ডিত নেহেরু গ্রেপ্তার

রাজসাহীতে মদের দোকান আক্রমণ

কুষ্টিয়াতে বিরাট সভা

সাইমন কমিশন, গোলটেবিল বৈঠক

রেঙ্গুনে জেল বিদ্রোহ

বিলাতে পার্লামেণ্ট ; জার্ম্মাণীর বেকার সমস্যা

বিবিধ সংবাদ

কৃষ্ণনগরে হরতাল

গত ১লা জুলাই শ্রীযুত মতিলাল নেহেরু ও শ্রীযুত মদনমোহন মালব্য গ্রেপ্তার হইয়াছেন বলিয়া কংগ্রেস স্বেচ্ছা-সেবকগণ কর্ত্তৃক কৃষ্ণনগরে বিঘোষিত হইয়াছে। ফলে সহরের সকল দোকান পাট বন্ধ হইয়া যায়। স্কুল আদালতে ও বাকের ছুটির দিন ছিল। মধ্যাহ্নে কাল হইতে সহরটি নীরব ও নিস্তব্ধ হইয়া পড়ে। রাস্তায় কোন লোকজন দৃষ্ট হয় নাই। অপরাহ্নে কংগ্রেসের নির্দ্ধারিত হরতালের সময় অতীত হইলে আস্তে আস্তে ২।১ খানা করিয়া দোকান পাট খোলা হইয়াছিল।

শিকার পুরে গ্রেপ্তার

জাতীয়-ধ্বনি উচ্চৈঃস্বরে বলার জন্য শিকারপুরে ৩ জন স্বেচ্ছাসেবকের প্রত্যেকে ২ মাস জেল এবং ১৫৲ করিয়া জরিমানা হইয়াছে।

বোম্বাইয়ে গ্রেপ্তার—নবদ্বীপে গ্রেপ্তার

মদের দোকানে পিকেটিং করার জন্য বোম্বাইয়ে ১৮ জন স্বেচ্ছাসেবক গ্রেপ্তার হইয়াছেন। নদীয়া জেলার নবদ্বীপ সহরে ৩ জন সত্যাগ্রহীকে ৩৯২ ধারার অপরাধে (ডাকাতী) গ্রেপ্তার করা হইয়াছে।

কুষ্টিয়ার স্বেচ্ছাসেবকগণ আক্রান্ত

জানা যায় যে নদীয়া জেলার কুষ্টিয়ায় তিন জন মজুর শ্রেণীর লোক যে স স্বেচ্ছাসেবক মদের দোকানে পিকেটিং করিতেছিল, তাহাদের মধ্যে একজনকে মারপিট করিয়াছে। এক জনকে তলপেটে বোতলের দ্বারা আঘাত করায় তাহার অবস্থা সঙ্কটাপন্ন হইয়াছে।

দিনাজপুরে পিকেটিং

দিনাজপুরের ১২ জন রাজনৈতিক বন্দী মধ্যে ১১ জনকে স্থানীয় জেলখানা হইতে দমদম জেলে স্থানান্তরিত করা হইয়াছে। গাঁজা ও মদের দোকানে খুব জোরের সহিত পিকেটিং চলিতেছে। আন্দোলন পূর্ব্ববৎ চলিতেছে।

কুষ্টিয়াতে বিরাট সভা

নদীয়া জেলার কুষ্টিয়া মহকুমার অন্তর্গত কবিনারায়ণপুর গ্রামে কংগ্রেস-কমিটীর একটী বিরাট অধিবেশন হইয়া গিয়াছে। কংগ্রেস-সম্পাদক মৌলবী আফসারুদ্দিন আহমেদ এবং মহম্মদ ওয়াজেদ আলি চৌধুরী এবং অন্যান্য অনেক ভদ্রলোক সভায় বক্তৃতা দিয়াছিলেন। কয়েক হাজার লোক সভায় উপস্থিত ছিল। শ্রোতৃগণ সকলেই বিদেশী দ্রব্য বর্জ্জন ও মাদক দ্রব্য সেবন পরিত্যাগ করিতে প্রতিজ্ঞা বদ্ধ হইয়াছেন।

ময়মনসিংহে গ্রেপ্তার

কংগ্রেস-কর্ম্মী বিনয়কৃষ্ণ ... কে ২ মাস মধ্যে বক্তৃতা দিতে নিষেধ করিবার ১৪৪ ধারার আদেশ ছিল। একটী সভায় তিনি বক্তৃতা দিবার জন্য দণ্ডায়মান হইলে সভাপতি তাঁহাকে বলেন যে তিনি নিজের দায়িত্বে বক্তৃতা দিতে পারেন। সভাপতির এই উক্তি সত্বেও তিনি বক্তৃতা দেওয়ায় পুলিশ ১৮৮ ধারার অপরাধে তাঁহাকে গ্রেপ্তার করিয়াছে।

বরিশাল সত্যাগ্রহীর মুক্তি

... অস্থায়ী জেলখানাতে যে ১৮ জন সত্যাগ্রহী আবদ্ধ ছিলেন, তাঁহারা ২৮শে জুন তারিখে মুক্তি লাভ করিয়াছেন। তাঁহাদিগকে জনতার সহিত কংগ্রেস-আফিসে লইয়া যাওয়া হয় এবং মাল্যাদি প্রদান করা হয়। ইঁহারা সকলেই বরিশাল সদর থানা অঞ্চল হইতে দণ্ডিত হইয়াছিলেন।

রাজসাহিতে মদের দোকান আক্রমণ

রাজসাহি জেলার ... একদল লোক মদের দোকান আক্রমণ করিয়াছিল এবং ১২০ বোতল মদ নষ্ট করিয়া দিয়াছে।

ভাগলপুরে মাড়োয়ারি মহিলাগণের সভা

শ্রীমতী লক্ষ্মী ... মাড়োয়ারি মহিলাগণের একটী বিরাট সভা হইয়াছিল। শ্রীমতী শীলা সিং ও শ্রীমতী ... বক্তৃতা দিয়াছিলেন।

লবণ আইন ভঙ্গে কারাদণ্ড

... সংবাদে প্রকাশ ... বিশ্বনাথ দাস লবণ আইন ভঙ্গ অপরাধে ... কারাদণ্ডে দণ্ডিত হইয়াছেন।

পণ্ডিত মতিলাল নেহেরু গ্রেপ্তার

... পণ্ডিত মতিলাল নেহেরু গ্রেপ্তার হইয়াছেন। ... তাঁহার বিরুদ্ধে ... করিয়া গ্রেপ্তার করা হয়। ... পণ্ডিত মতিলাল নেহেরু ... কংগ্রেস-ওয়ার্কিং কমিটির ... বে-আইনী ... ১১৭ ধারা ... গ্রেপ্তার করা হইয়াছে কিন্তু তিনি ... সহায়তা করিয়াছেন ... প্রকাশ নাই।

নানা খবর

রেঙ্গুন জেল বিদ্রোহ

গবর্ণমেণ্টের প্রকাশ যে গত ২৮ তারিখের রেঙ্গুন জেলের নিয়মিত প্যারেডে জেল ম্যাজিষ্ট্রেট অনুপস্থিত ছিলেন। অপরাহ্ণ ৩-১৫ মিঃ সময়ে একখানি লরি গাড়ী বাহির হইবার জন্য পশ্চিম দিকের গেট খোলা হইয়াছিল তখন ৫০ জন কয়েদী ছুটিয়া গিয়া সেপাহীর নিকট হইতে চাবিটী ছিনাইয়া লইয়া উহাকে গাড়ীকে পরাস্ত করিয়া একটী চৌকী দখল করে। অতঃপর তাহারা বাহিরের গেট দিয়া পালাইবার চেষ্টা করে। "এলার্ম" (পাগলা ঘণ্টার) আওয়াজে পুলিশ ও জেলের ওয়ার্ডারগণ আসিয়া পড়ে। অতঃপর সমস্ত কয়েদীগণ দুর্দ্দমনীয় হওয়ায় পুলিশ গুলি বর্ষণ আরম্ভ করে। তাহাতে কয়েদীগণের মধ্যে জন এবং জন আহত। ঐ আহতগণের মধ্য হইতে আবার জন মারা গিয়াছে। একজন পাহারাদার ছুরিকাঘাতে মারা গিয়াছে এবং জন পাহারাদার ও জন পুলিশ আহত হইয়াছে। সিপাহী পুলিশ ২জন মারা গিয়াছে এবং একটা ঘর ভাঙ্গিয়াছে।

সাইমন কমিশন গোলটেবিল বৈঠক

ষ্টেটস্‌ম্যানের বিশেষ সংবাদদাতা তারযোগে জানাইয়াছেন যে ভারত সরকার বা ভারতেশ্বরের সদস্য গোল টেবিল বৈঠকে সাইমন রিপোর্টের উপর কেবল নির্ভর করিবেন না একথা প্রধান প্রধান ভারতের রাজনৈতিক নেতাগণকে জানান হইয়াছে। সাইমন রিপোর্টের পক্ষপাতী দলেরা যাহাতে সাইমন কমিশন রিপোর্ট মঞ্জুর হয় তজ্জন্য বিশেষ চেষ্টা করিতেছেন। এদিকে কংগ্রেসের আইন অমান্য আন্দোলন ও উহাকে অবকাশ দেয় নি। তাঁহাদের সমস্ত মনোযোগ আকর্ষণ করিয়া রাখিয়াছে। সেক্রেটারিয়েট দলে অনারেবল মিঃ বেগের লেফ্টেন্যান্ট মিঃ নিউইস এবং মিঃ ফিট্‌জ্‌ সরকার পক্ষ সমর্থন জন্য গোলটেবিল বৈঠকে উপস্থিত হইবার জন্য প্রতিনিধি নির্বাচিত হইয়াছেন। স্যার জিওফ্রি কর্বেট মিঃ ডি এম বাজপাই এবং মিঃ দত্ত গোলটেবিল বৈঠকের সভ্য নিযুক্ত হইয়াছেন বলিয়া শুনা যাইতেছে। সাইমন রিপোর্ট আলোচনা জন্য ভাইসরয়ের এক্‌জিকিউটিভ কাউন্সিলের কয়েকটি অধিবেশন হইবে। মিঃ এম সি রাজা বলেন এই সাইমন রিপোর্ট ভারতবর্ষের জটিল সমস্যা আরও জটিল করিয়া তুলিয়াছে। মিঃ এম কে আচার্য্য বলেন যে সাইমন রিপোর্ট কেবলমাত্র আমাদিগকে আর বেশ রাজনৈতিক পরাধীনতা ও দলাদলির বিষয় মনে পড়াইবার জন্য হইয়াছে। ইহাতে আমাদের স্বরাজ পাইবার আশা উচ্চভাবে সূচিত হয় নাই। ১৯২০ সালের মণ্টফোর্ড রিফর্ম রিপোর্ট অপেক্ষাও ইহা অসম্পূর্ণ। বড়ই দুঃখের বিষয় যে কমিশনারগণ ভারতবর্ষ গত ৯ বৎসর মধ্যে যে কতদূর উন্নত হইয়াছে তাহা আদৌ লক্ষ্য করেন নাই।

সাইমন রিপোর্টে মর্ণিং পোষ্ট

সাইমন রিপোর্ট সম্বন্ধে বিলাতের 'মর্ণিং পোষ্ট' নামক পত্রিকার সংবাদদাতা বলিয়াছেন লিবারেল এবং সোসালিষ্ট পার্টির কয়েকজন লোক ভারতে যেরূপ টেলিগ্রাম প্রেরণ করিয়াছেন তাহাতে যেরূপ লেখা আছে শোনা যায়—আগামী লণ্ডন কনফারেন্সে শুধু সাইমন রিপোর্টেরই আলোচনা হইবে তাহা নহে; আর যদি ঐ কনফারেন্স পার্লামেণ্টের সকল দলের নেতারা একমত হয়েন তাহা হইলে সেই সমস্ত কার্য্যে পরিণত করা হইবে। ইভনিংষ্ট্যাণ্ডার্ডের সংবাদদাতা বলিয়াছেন যে উক্ত টেলিগ্রাম পাঠাইবার পূর্ব্বে গবর্ণমেণ্টকে দেখান হয়, কিন্তু গবর্ণমেণ্ট কোন আপত্তি করেন নাই।

বলিভিয়ার বিদ্রোহ

নিউইয়র্ক হইতে রয়টারের সংবাদে প্রকাশ যে বিদ্রোহীগণ সমগ্র বলিভিয়া রাজ্য দখল করিয়া ফেলিয়াছে। দেশের সর্ব্বত্র একরূপ শান্তি প্রতিষ্ঠিত হইয়াছে তবে নামক স্থানে ভয়ানক যুদ্ধ হইতেছিল বলিয়া শুনা যায়।

জার্ম্মানির বেকার সমস্যা

জার্ম্মানিতে ১৯ লক্ষ বেকারের সংস্থানের জন্য নূতন টেক্স (কর) স্থাপন করিবার প্রস্তাব হইতেছে তন্মধ্যে অবিবাহিত পুরুষ ও স্ত্রীলোকদিগের খরচ কম বিধায় তাহাদের উপর যে টেক্স ধার্য্য হইয়াছে তাহাতে মোট ১১ কোটী মার্ক উঠিবে স্থির হইয়াছে।

বিলাতের পার্লামেণ্ট

বিলাতের পার্লামেণ্টের সদস্যগণের নির্ব্বাচন এইবার শরৎ কালেই হইবে, কথা ছিল। কারণ প্রধান মন্ত্রী বলিয়াছিলেন যে এবার কতকগুলি 'বিল' পাশ করিবার জন্য শরৎকাল পর্য্যন্ত সময় দরকার হইবে। মোটের উপর বুঝা যাইতেছে শরৎকালে সদস্য নির্ব্বাচন হইতে পারে। কিন্তু বর্ত্তমান লেবার (শ্রমিক) গবর্ণমেণ্ট বিশ্বাস করেন যে তাঁহাদের কার্য্যকাল আগামী বৎসরের শরৎঋতু পর্য্যন্ত স্থায়ী হইবে।

মৈমনসিংহ ও দিনাজপুরে পিকেটীং অর্ডিনেন্স

পিকেটীং ও বয়কট নিবারণার্থে যে অর্ডিনেন্স ১৯৩০ সালে জারি করা হইয়াছে তাহা দিনাজপুর জেলাতে এবং ময়মনসিংহ জেলাতে বলবৎ করা হইল। এই অর্ডিনেন্স অনুসারে দণ্ডবিধি আইনের ১৮৮ ধারার অপরাধ ও কোনও প্রকার অপরাধ-জনক ভয় প্রদর্শনের অপরাধ পুলিশ গ্রাহ্য করা হইল এবং পুলিশকে বিনা ওয়ারেণ্টে এই সমস্ত অপরাধীকে গ্রেপ্তার করিবার ক্ষমতা দেওয়া হইল।

মিঃ নরিমান নেহেরু গ্রেপ্তারে মিঃ প্যাটেল

গত কল্য মিঃ মতিলাল নেহেরুকে গ্রেপ্তার করা হইয়াছে। তাহার স্থলে মিঃ প্যাটেল কংগ্রেস কার্য্যকরী সমিতির নেতৃত্ব গ্রহণ করিলেন।

কলিকাতা ভবানীপুরে গ্রেপ্তার

কলিকাতা ভবানীপুরে মদের দোকানে পিকেটীং করার জন্য সোমবার দিন ৩ জন স্বেচ্ছাসেবক গ্রেপ্তার হইয়াছেন।

নালতায় ৬ জন গ্রেপ্তার

হাওড়া জেলার পাঁচলা থানার অন্তর্গত নালতা গ্রামে ডাঃ অদ্ভুত লাল হাজরা ও অপর ৫ জন দণ্ডবিধি আইনের ১৪৩ ধারা (বেআইনি জনতা) এবং ৫০৬ ধারা (অপরাধজনক ভয়-প্রদর্শন) অনুসারে গ্রেপ্তার হইয়াছেন। তাঁহাদের বিরুদ্ধে বলা হইয়াছে যে তাঁহারা ইউনিয়ন বোর্ডের দফাদার ও চৌকিদারগণকে চাকরি ছাড়িয়া দিতে বলিয়াছিলেন।

মেডিকেল

মদন মঞ্জরী

ধাতুদৌর্ব্বল্য ও বাতব্যাধি, ইন্দ্রিয়শক্তির হ্রাস, অজীর্ণে অম্লপিত্ত, বহুমূত্র, মাথাঘোরা, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি লক্ষণ সমূহ নির্দ্দোষ আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

"অপূর্ব্ব অক্ষাশ্বিনী ঘৃত"

পুরুষহানি রোগে বাহ্যপ্রয়োগ দ্বারা আরোগ্য করিয়া শক্তিসঞ্চার করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

"প্রমদাবিলাসিনী বটিকা"

বীর্য্যধারণ করত সম্ভোগশক্তি স্থায়ী ও বৃদ্ধি করিতে অত্যাশ্চর্য্য। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

রাজবৈদ্য নারায়ণজী, কেশবজী,
১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের ঢাকা শিশি বাদাম তৈল

খাঁটি ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্ব্বজন পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী J. B. Datta & Co. নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জোয়াচোরগণ কমদরের জাল তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত

কেরার্স কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার জন্য ইহাতে উপযুক্ত মাত্রায় আইরন, বাইহাইড্রোক্লোর কুইনিন্, আর্সেনিক এবং ইউরিয়েন আছে।

এই কেরার্স-কুইনিন্ দ্বারা ইন্‌জেক্‌শন করিলে একটী বা দুইটী ইন্‌জেক্‌সনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং ছয় হইতে বারটী ইন্‌জেক্‌সনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া দেয়

৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ১২ ৩৲ টাকা

বাইও-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটারীতে
২৯।১ হরীতকী লেন, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

১০:

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর—১৮ই আষাঢ় বৃহস্পতিবার—১৩৩৭

(১)
(ক) ভক্তচিত্তে ভক্তগৃহে ভগবান্ সর্ব্বদা অবস্থা করেন
(খ) ভগবান্ তাঁহার স্বাধীন ইচ্ছা-বলে কখনও গুপ্ত, কখনও ব্যক্ত
(গ) ভগবান্ সর্ব্বত্র আছেন, ইহাতে সন্দেহ করিলে নিস্তার নাই
(ঘ) কৃষ্ণপাদপদ্ম-গন্ধহীন ব্যক্তির নাশ অনিবার্য্য
(২)
পুরুষোত্তমে 'গোয়াপাখল' মহোৎসব ও নেত্রোৎসব
(৩)
সাধুসঙ্গে দশদিন
(৪)
মেদিনীপুরে সাগর মহারাজ
(৫)
পৃথিবীতে শুদ্ধভক্তের অভাব নাই, তাঁহাদের শরণাগত হওয়াই উচিত
(৬)
শ্রীশ্রীভক্তিবিনোদ বিরহ-মহোৎসব

কৃষ্ণ-পাদপদ্ম-গন্ধহীন ব্যক্তি নাশ পায়

শ্রীচৈতন্যচরিতামৃতের অন্ত্য ৫ষ্ঠ অধ্যায়ে বর্ণিত আছে যথা,—"ভক্তচিত্তে ভক্তগৃহে সদা অবস্থান। কভু গুপ্ত, কভু ব্যক্ত স্বতন্ত্র ভগবান্। সর্ব্বত্র ব্যাপক কভু সদা সর্ব্বত্র বাস। ইহাতে সংশয় যার সেই যায় নাশ। কৃষ্ণ-পাদপদ্ম-গন্ধ যেই জন পায়। ব্রহ্মলোক আদি সুখ তারে নাহি ভায়।"

এই উক্তি হইতে আমরা জানিতেছি যে, ভগবান্ স্বতন্ত্র অর্থাৎ স্বাধীন ইচ্ছাময়। তিনি যেকালে কোন ব্যক্তির অগোচর-ভাবে অবস্থান করিবার ইচ্ছা করেন, সে সময় সেই ব্যক্তি তাঁহাকে দেখিতে পায় না। ভগবদ্দর্শনের অভাবে তখন সেই ব্যক্তি নাস্তিক সাজে, না হয় তাঁহার সাক্ষাৎকার লাভের জন্য বিশেষরূপে যত্নশীল হইয়া থাকে। ভগবান্কে দেখিতে না পাওয়া বস্তুতঃ অপরাধজনিত যে-সকল মনুষ্য নাস্তিকভাবে আচরণ করে, তাহাদিগকে প্রবুদ্ধ করিবার উদ্দেশে বলা হয় যে, ভগবান্ স্বতন্ত্র এবং তিনি কখনও গুপ্ত, কখন ব্যক্তভাবে থাকেন। যখন ভগবান্ কোন নাস্তিকের নিকট ব্যক্ত হইবার ইচ্ছা করেন, তখন তিনি ধীরে ধীরে তাহার নিকট প্রথমে গুরুরূপে, শ্রীআচার্য্যরূপে, শ্রীনামরূপে, শ্রীভাগবতাদি শাস্ত্র-রূপে, শ্রীঅর্চ্চাবিগ্রহরূপে এবং অপরাপর বহুবিধ জীবচিত্ত-কলুষ-ধ্বংসকারিরূপে প্রকট হইয়া তাহাকে ভজনে রত করেন এবং ভজনের উত্তরোত্তর পর-পরভাবে তাহাকে ব্যাপক চিন্মাত্র-জ্যোতিঃ বা ব্রহ্ম-রূপে, পুরুষোত্তম শ্রীবাসুদেবরূপে, ঐশ্বর্য্য-প্রধান শ্রীলক্ষ্মীনারায়ণরূপে, নীতিপরায়ণ একপত্নীব্রত ধনুর্দ্ধারী শ্রীরাম-রূপে ও মাধুর্য্যপ্রধান বহু রূপ শ্রীকৃষ্ণরূপের দর্শন-যোগ্যতা দিয়া থাকেন। ভক্তদর্শনে ভগবানের স্মৃতি স্ফুটিয়া উঠে, কারণ ভক্তের হৃদয়ে ভগবৎচিন্তা ব্যতীত নশ্বর স্ত্রীপুত্রাদির চিন্তা লক্ষ্য করা যায় না এবং মঠে বা গৃহে ভক্ত আপনাকে মঠ বা গৃহবাসী বুঝিবার পরিবর্ত্তে ভগবান্কে মঠ বা গৃহবাসী বুঝিয়া ভক্তার্থ বা পরিবারবর্গসহ সদা ভগবৎসেবায় ব্যস্ত থাকেন। ভগবান্কে গৃহবাসী বা মঠবাসিরূপে বুঝিবার পর ভগবৎজ্ঞান আরও প্রসারিত হইলে তাঁহাকে সর্ব্বব্যাপক ব্রহ্মস্বরূপে বুঝা যায় এবং ভজনবল বর্দ্ধিত হইলে ব্রহ্মরূপকে ভগবানের অঙ্গকান্তিরূপে বুঝিতে পারা যায় ও সঙ্গে সঙ্গে অন্তর্য্যামী মূর্ত্তি ভগবানের অবস্থান প্রত্যেক পদার্থের ভিতর ও বাহিরে অনুভব করিবার সুযোগ লাভ হয়। শ্রীকৃষ্ণরূপই ভগবৎজ্ঞানের সর্ব্বোচ্চ ভূমিকা। যিনি কৃষ্ণদর্শনের ভাগ্য লাভ করেন, তাঁহার চিত্ত স্ত্রী-পুত্রগত অনুরাগ বা ব্রহ্মানন্দকে অতি তুচ্ছ বিষয় বলিয়া বুঝিতে সমর্থ হয়। সুতরাং মনুষ্যজীবনের ইহাই সর্ব্বোচ্চ ভূমিকা। যাঁহারা এই উচ্চ ভূমিকার সন্ধান না পান, তাঁহারা নাস্তিক থাকিয়া পুনঃপুনঃ জন্ম ও মৃত্যু-দুঃখ ভোগ করিতে থাকেন।

পুরুষোত্তম-প্রসঙ্গ

গত ২১শে জুন প্রাতে শ্রীনীলাচল-ক্ষেত্রস্থ শ্রীপুরুষোত্তম মঠের সেবকগণ প্রতিবৎসরের ন্যায় এবারও শ্রীশ্রীচৈতন্য-চরিতামৃতের বর্ণনানুযায়ী মহাসমারোহে শ্রীগুণ্ডিচামন্দির-মার্জ্জন-সেবা সম্পন্ন করিয়াছেন। তাঁহারা প্রথমে শ্রীমন্দিরের বাহিরে অশ্বত্থ বৃক্ষতলে শ্রীচৈতন্যচরিতামৃত হইতে গুণ্ডিচা মন্দির-মার্জ্জনলীলা পাঠ কীর্ত্তন করিয়া পরে শ্রীমন্দিরের ভিতর প্রবেশ পূর্ব্বক যথাস্থানে শ্রীমন্দিরের সমস্ত মার্জ্জন শোধন করেন এবং তদনন্তর নৃসিংহমন্দির সান্নিধ্যে ভক্তগণ ইন্দ্রদ্যুম্ন সরোবরে স্নান করিয়া শ্রীমঠে প্রত্যাবর্ত্তন করেন। উৎকল ভাষায় এই গুণ্ডিচা মন্দির-মার্জ্জন-লীলাকে 'গোয়াপাখলা' বলে।

—

গত ২৩শে জুন শ্রীজগন্নাথদেবের নেত্রোৎসব সম্পন্ন হইয়াছে। স্নানের সময় শ্রীশ্রীজগন্নাথ বিগ্রহের বর্ণ ধৌত হওয়ায় 'অনবসর' কালে শ্রীমূর্ত্তিত্রয়ের 'অঙ্গরাগ' হয়। একপক্ষকাল এই জন্য জগন্নাথের দর্শন পাওয়া যায় না। আমাদের ভাব-বিভাবিত মহাপ্রভু বিষয়-বিগ্রহের অদর্শনে অত্যন্ত দুঃখিত হইয়া লীলাবিস্তার পূর্ব্বক এই সময় দ্বিভুজ বিপ্রলম্ভের আলালনাথে গমন করেন। ইঁহাদের প্রভুর নিজজন শ্রীল প্রভুপাদও এই সময় প্রত্যহ মহাপ্রভুর বিরহ-বিগ্রহকে শ্রীপুরুষোত্তমমঠ হইতে আলালনাথ ব্রহ্মগৌড়ীয় মঠে লইয়া গিয়া তথায় মহোৎসব করেন। এবারও এই উৎসব মহাসমারোহে সম্পন্ন হইয়াছে। শ্রীশ্রীজগন্নাথদেবের নেত্রোৎসবকে 'নবযৌবন'ও বলা হয় অর্থাৎ এই দিন প্রাতে শ্রীবিগ্রহের চক্ষুর অঙ্গরাগ হয়। পক্ষপক্ষ দিনের বিরহের মহাপ্রভুর বিপ্রলম্ভরসাসিক্ত ভক্তগণ এই দিন জগন্নাথ দেবকে দর্শন করিয়া প্রাণ জুড়ান।

সাধুসঙ্গে দশদিন

(পণ্ডিত শ্রীপাদ কিশোরী মোহন ন্যায়বিভাগী সাহিত্যভূষণ পুরাণরত্ন)

বিষয়কার্য্যে অথবা স্বার্থকল্পচিন্তায় বহুচিত্ত মনুষ্যজন্মের অবশিষ্ট দিনগুলি কোনরূপে কাটাইয়া দিতেছি— সংসার-পাথারের অকিঞ্চন করিয়াও বাধাপ্রাপ্ত—বাধাপ্রাপ্ত তথা সেবাপদাম হইতে বিচ্যুত হইতে পারিতেছি না—সুতরাং মায়ার পাপসাগরে অবাধে ডুবিতে ডুবিতে অত্যন্ত নাকানি চোবানি খাইতেছি। দেখিয়া দয়ার সাগর ঠাকুর-ঠাকুর আমার মত বদ্ধ নিরুপায় পতিত জীবের উদ্ধারের জন্য রূপারজ্জু পাঠাইয়া দেন; কিন্তু আমি এমনই অভাগা, পূর্ব্ব পূর্ব্ব জন্মকৃত পুঞ্জীভূত দুষ্কৃতির ফলে এমনই দুর্ব্বুদ্ধিগ্রস্ত—এমনই আত্ম-পরায়ণ—এমনই আত্মঘাতি বুদ্ধিবিশিষ্ট হইয়া পড়িয়াছি যে নিজের পায়ে নিজেই কুঠারাঘাত—নিজের মঙ্গলোপায় নিজেই নিষ্ফল করিতে প্রবৃত্তশীল হইয়া আছি। সব-প্রেরিত সাক্ষাৎ রূপারজ্জু হইতে দূরতর নিকটে থাকিবার কল্পনা করিয়াও এখনও তাহা হইতে শতকোটি যোজন দূরে দূরে অবস্থান করিতেছি। সেই রজ্জুটিই ভবসাগর হইতে উত্তীর্ণ হইবার জন্য একমাত্র অবলম্বনীয়—সর্ব্বতোভাবে করণীয় অনুষ্ঠান—এই চিন্তা আমার অন্যান্য চঞ্চল মনে স্থান পাইয়াও পাইতেছে না। জানিয়াছি, 'দশবার সাধুসঙ্গে সর্ব্বসিদ্ধি হয়।'—কিন্তু আমি দশবার—এমন কি শতবার কেন, একাদিক্রমে দশ-দশটি দিবারাত্রি—কোন কোন সময়ে তদপেক্ষাও অধিককাল সাধুসঙ্গের অভিনয় করিয়াও বিশেষ কোন ফললাভ—পাষাণ হইতেও কঠিন আমার চিত্তফলকের উপর বিশেষ কোন গভীর রেখাপাত হইয়াছে বলিয়া অনুভব করিতে পারি নাই—এবং যথা পূর্ব্বং তথা পরং—যে তিমিরে পড়িয়াছিলাম, সেই তিমিরেই পড়িয়া আছি। তবে, সেই দুর্ভাগ্যের কাহিনীই যৎকিঞ্চিৎ বর্ণনা করিয়া আপনার পাঠকের ধৈর্য্য হইব।

১৯শে [illegible] ১৩৩৭।

প্রাতে [illegible], আমার গুরুভ্রাতা [illegible] সমভিব্যাহারে শ্রীগৌড়ীয় [illegible] প্রাণ-[illegible] শ্রীচৈতন্যচরণ-চারণ 'গৌড়ীয়'[illegible] পূজ্যপাদ শ্রীমদ্[illegible] অন্যান্য [illegible] প্রচারকগণ [illegible]। পুনরায় [illegible] পাদ শ্রীমদ্[illegible] শ্রীমূর্ত্তি-[illegible] শ্রীপাদ [illegible] 'গৌড়ীয়' [illegible] কীর্ত্তন-[illegible] ব্রহ্মচারী [illegible] শ্রীপাদ [illegible] আমাকে [illegible] নিত্য

পুলিস বাবুও আমাকে দেখিয়া খুবই আনন্দ প্রকাশ করিলেন। শুনিলাম তাঁহারা চিকন্দিয়া আশ্রমে শ্রীনামানন্দ মঠের বার্ষিক উৎসব সমাধান করিয়া চাঁদপুর, অমর্দি ও নানাস্থানে [illegible] ও মুর্শিদাবাদ অনেক স্থানে হরিনাম প্রচার করিয়া এক্ষণে আগমন করিয়াছেন। বিশ্রাম [illegible] পর মহাপ্রসাদ সম্মানকালে বৈষ্ণবোচ্ছিষ্ট [illegible] পাইয়া আপনাকে কৃতকৃতার্থ বোধ করিলাম।

মুসল্‌মানদের মধ্যে ভাগ অতি বহুতর একারণই অবর্ণনীয়। বেলা দশ ঘণ্টার পর পুলের বাকি চড়া চড়িয়া। সেখানে শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী-প্রচারকগণের আক্ষেপ নাই—'আলো উঠ—অল অল—পাখী পাখী' প্রভৃতি চীৎকার নাই—বিশ্রামের অবকাশ [illegible] দেখাশুনিতেও নাই— [illegible] কৃষ্ণকথা আর [illegible] উৎসবে শিরবেদনাদি নাই। দেখিয়া শুনিয়া মনে হইল ইহাঁরা শ্রীমন্মহাপ্রভুর শিক্ষামত 'কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ' মহাবাক্যের এক একটি জীবন্ত বিগ্রহ।

অপরাহ্নে সহযাত্রী প্রধান শ্রীনামাশ্রিত ভক্ত শ্রীযুক্ত সন্তোষ কুমার দে'র সাদর আহ্বানে প্রচারকগণ নরপুর হইতে ২ মাইল দক্ষিণে শিমূল নামক গ্রামে তদীয় ভবনে গমন করিলেন। আমরাও অনুগমন করিলাম। সান্ধ্যদীপ প্রজ্জ্বলিত হইবার পর কতিপয় লোক ও গ্রামবাসী একত্র হইলে শ্রীপাদ ত্রৈলোক্যনাথ ব্রহ্মচারী প্রভু তাঁহার স্বাভাবিক মধুর গম্ভীর স্বরে কীর্ত্তন ধরিলেন। 'হরি হরি! বিফলে জনম গোঙাইনু'—কীর্ত্তনান্তে শ্রীপাদ অবলা মহারাজ হরিভজনকারীর চাতুর্য্য বিষয়ে প্রায় অর্দ্ধঘণ্টাকাল গম্ভীর গবেষণাপূর্ণ বক্তৃতা প্রদান করিলেন। তৎপরে শ্রীপাদ সিদ্ধস্বরূপ ব্রহ্মচারী ভক্তিশাস্ত্রী প্রভু 'কৃষ্ণকীর্ত্তনের প্রয়োজনীয়তা' সম্বন্ধে সুস্পষ্ট প্রাঞ্জল ভাষায় অনুমান ১ ঘণ্টা যাবৎ চমৎকার বাগ্মিতা প্রকাশ করিলেন। পুনরায় কীর্ত্তনান্তে সভাভঙ্গ হইল।

(ক্রমশঃ)

মেদিনীপুরে সাগর মহারাজ

দুর্গাপুর, ২৭।৬।৩০

মেদিনীপুর জেলার অন্তর্গত দুর্গাপুর (পোঃ প্রতাপপুর)-নিবাসী ভক্তবর শ্রীযুক্ত কাশীরাম মাইতি মহাশয় জানাইয়াছেন যে, "পরমারাধ্য পতিতপাবন শ্রীল প্রভুপাদ আমাদের ন্যায় বিষয়-মদমত্ত কুবিষয়-লিপ্ত জনগণের দ্বারে দ্বারে শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী প্রচার করিয়া আমাদিগকে শুদ্ধানুগ্রী করিবার জন্য কতই না চেষ্টা করিতেছেন, তাহা যিনি একবার একটু নিরপেক্ষভাবে বিচার করিতেছেন, তিনি তাঁহার অহৈতুকী করুণার কথা শত মুখে স্বীকার না করিয়া থাকিতে পারিবেন না। শ্রীল প্রভুপাদ এই মেদিনীপুর জেলায় তাঁহার শিষ্যানুশিষ্যবর্গের দ্বারা পূর্ব্ব হইতেই বহুল প্রচার করিলেও বর্ত্তমান বর্ষে যেন আরও বিশেষ ভাবে শ্রীমন্মহাপ্রভুর আচরিত ও প্রচারিত ধর্ম দ্বারে দ্বারে বিলাইয়া দিতেছেন। আমাদের এখানে গত বৈশাখ মাস হইতে শ্রীল প্রভুপাদের মহারাজ হরিকথা প্রচার করিয়া পুরুষোত্তম মঠের উৎসবে চলিয়া যাইতে না যাইতেই ত্রিদণ্ডিস্বামী শ্রীশ্রীমদ্ভক্তিবৈভব সাগর মহারাজ ২৭শে জ্যৈষ্ঠ সোমবার হইতে পাঁশকুড়া থানার দুর্গাপুর, কমলপুর, চাঁচরাকুড়া প্রভৃতি গ্রামে প্রচার করিয়া পুরী শ্রীশ্রীজগন্নাথদেবের সন্নিহিত মঠের শাখা মঠ স্থানীয় সজ্জনের আবেদনে শ্রীযুক্ত কৃষ্ণচরণ মাইতি মহাশয়ের অনুরোধে তাঁহার বসতবাটীতে ৫ দিন ধরিয়া ২, ৩, ৪, আর ৫ শুদ্ধভাগবতধর্ম প্রচার করেন। সমবেত শ্রোতৃবৃন্দ স্বামিজীর শ্রীমুখনিঃসৃত শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী শ্রবণে বিশেষ মুগ্ধ হইয়াছিলেন।

এখান হইতে গোরাঙ্গপুর গ্রামে জমিদার বাবু গোপাল চন্দ্র দাস ও শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ মাইতির বাটীতে পরে ব্রাহ্মণপাড়ার শ্রীযুক্ত শ্রীনাথ কর বৃদ্ধব্রাহ্মণ মহাশয়ের এবং অন্যান্য বাড়ীতে শ্রীচৈতন্যচরিতামৃত, শ্রীচৈতন্যভাগবত আদি গ্রন্থ পাঠ ব্যাখ্যা ও কীর্ত্তন করিয়া শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের বিরহ মহোৎসবে যোগদান করিবার জন্য স্বামিজী ১০ই আষাঢ় শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখা হুগলী জেলার ব্রাহ্মণপাড়া অভিমুখে শুভ বিজয় করিয়াছেন। স্বামিজীর মুখে অনেক আপ্তবিশিষ্ট শ্রোতাদিগের ও কথা শ্রবণের আকাঙ্ক্ষা রহিয়া গেল। আশা করি, সন্ন্যাসী মহারাজগণ মধ্যে মধ্যে এদেশে আসিয়া শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণীর প্রচার প্রবিষ্ট করিবেন।

পৃথিবীতে শুদ্ধভক্তের অভাব নাই

সূর্য্য সদা প্রকাশমান। যদি আকাশ মেঘাচ্ছন্ন হইলে আমাদিগের চক্ষু সূর্য্য দর্শনে অক্ষম হয় বলিয়া যদি কেহ মনে করে যে তৎকালে সূর্য্যের অস্তিত্ব থাকে না, তাহা হইলে বৈজ্ঞানিক-গণ তাহাকে মূর্খ বলিয়া উপহাস করিবেন। সূর্য্য যাহাকে আশ্রয় করিয়া সদা প্রকাশ-স্বভাব লাভ করিয়াছেন, তিনি সূর্য্যের ও নিখিল চরাচর পদার্থের প্রাণরূপী নিত্য স্বয়ং-প্রকাশ ভগবান্। ভোগ বা ত্যাগ-মূলক নশ্বর বা নানারূপ ঘন মেঘ কর্তৃক আমাদিগের হৃদয়রূপ অন্তরাকাশ আচ্ছন্ন হইলে আমাদিগের জ্ঞান চক্ষু সূর্য্যাদির প্রাণরূপী নিত্য স্বয়ংপ্রকাশ ভগবানের অস্তিত্ব বুঝিতে অক্ষম হয় বলিয়া যে সকল ব্যক্তি মনে করে যে, ভগবানের অস্তিত্ব নষ্ট হইয়াছে, তাহারা মেঘাবৃত চক্ষুর দ্বারা সূর্য্যের অস্তিত্বে বিশ্বাসহীন ব্যক্তিগণের ন্যায় মূর্খ পর্য্যায়ভুক্ত।

২। ক্ষুদ্র মেঘখণ্ড বৃহৎ সূর্য্যকে আচ্ছাদন করিতে পারে না। উহা আমাদিগের অতি ক্ষুদ্র চর্ম্ম-চক্ষুকে আবৃত করিয়া আমাদিগের নিকট সূর্য্য-দর্শনের ব্যাঘাত ঘটাইয়া থাকে। কৃষ্ণনগরের আকাশে পরিদৃষ্ট মেঘ মাত্র সেই নগরের অধিবাসিবৃন্দের চক্ষুকে সূর্য্যদর্শনে বঞ্চিত করে। যে সময় অনেক ঢাকার কৃষ্ণনগরবাসিগণ সূর্য্য-দর্শনে বঞ্চিত হয়, সে কালে যদি কলিকাতার আকাশোপরি মেঘ না থাকে তাহা হইলে ১১ লক্ষ ব্যক্তি যাহারা কলিকাতায় উপস্থিত, তাহারা সূর্য্য দর্শনে বঞ্চিত হন না। এইরূপ ভাবে চিন্তা করিলে আমরা বুঝিতে পারি যে ভোগ বা ত্যাগ-বুদ্ধি মূলক দুর্ব্বাসনারূপ মেঘ-খণ্ড অখণ্ড ভগবৎস্বরূপ সুবৃহৎ চিৎ-সূর্য্যকে আচ্ছাদন করিতে পারে না ও তাহা জীবের অতি ক্ষুদ্র ও ক্ষীণ জ্ঞান-চক্ষুকে ঢাকিয়া থাকে। দুষ্কৃতিশালী জীবের হৃদয়াকাশে ভোগ বা ত্যাগ-মূলক দুর্ব্বাসনা রূপ মেঘ উদয় হইলেও সুকৃতিশালী জীবের হৃদয়গগনে ঐ প্রকার মেঘ উদিত হয় না এবং তজ্জন্য তাঁহারা স্বয়ংপ্রকাশ ভগবানের নিত্য অবস্থান ও তাঁহার সহিত তাঁহাদিগের দাস্যপর সম্বন্ধ অনুভব করিতে ও নিত্যকাল একান্তভাবে তাঁহার সেবায় নিযুক্ত থাকিতে সমর্থ হন।

৩। অভক্তিলাষরূপ মেঘমুক্ত সজ্জনগণ ভগবৎসেবা-সুখে বিমল নিত্যানন্দ আস্বাদন করিয়া থাকেন এবং তাঁহারা কৃপাপরবশ হইয়া অভক্তিলাষ যুক্ত অজ্ঞদিগের হৃদয়াকাশ হইতে ভোগ বা ত্যাগ-মূলক দুর্ব্বাসনা-সমূহকে বিতাড়িত করিয়া তাহাদিগকে নিত্যানন্দে মগ্ন করাইবার জন্য প্রাণপণে যত্ন করিয়া থাকেন। যে সমুদয় অজ্ঞব্যক্তি সমাদরে উঁহাদিগের কথা শ্রবণ করত ভগবদ্ভজনে রত হন তাঁহারা নিজ মঙ্গলের পথ সাবধানে ও শ্রেয়ঃপন্থী এবং যাঁহারা তাহা না করিয়া উঁহাদিগকে তাঁহাদিগেরই ন্যায় দুর্ব্বাসনারূপ মেঘাচ্ছন্ন মনে করেন এবং উঁহাদিগের বিরুদ্ধাচরণে রত হন তাঁহারা দুর্মতি, মৎসরতার অপরাধ-পঙ্কে ও নরকের যাত্রী। আমি অন্ধ বলিয়া সকলকে অন্ধ মনে করা অন্ধের পক্ষেই শোভা পায়। চক্ষুষ্মান ব্যক্তি কখন সকল ব্যক্তিকে অন্ধ দেখেন না। অতএব কল্যাণকামী ব্যক্তিগণের উচিৎ অভক্তিলাষরূপ মেঘমুক্ত সজ্জনবান্ মুক্ত ভগবদ্ভক্তগণের অচিরে শরণাগত হওয়া। জীবনের স্থিরতা নাই, কালবিলম্বে ক্ষতির সম্ভাবনা আছে।

বিরহ-মহোৎসব

মাধবগৌড়ীয় মঠে

১০নং নবাবপুর, ঢাকা।

তাং ১২।৩।৩৭

গত ১১ই আষাঢ় বৃহস্পতিবার শ্রীমাধবগৌড়ীয়মঠে শ্রীশ্রীরূপানুগবর গৌর-নিজ-জন শক্তি ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিবিনোদ ঠাকুরের ষোড়শ বার্ষিক বিরহ-মহামহোৎসব সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হইয়াছে। স্বতন্ত্র ইচ্ছাময় শ্রীভগবান্ গৌরসুন্দরের কৃপায়, ইদানীন্তন জগৎ বহির্মুখ অশুভকুলের তাণ্ডব নৃত্যের মধ্যে ও সমুদয় কার্য্য সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। ঢাকার বহু সম্ভ্রান্ত ব্যক্তিই আকণ্ঠ চর্ব্য, চোষ্য, লেহ্য, পেয় বিচিত্র মহাপ্রসাদ সেবনে পরম পরিতৃপ্ত হইয়াছেন। শ্রীমঠের সেবকগণ বেলা দ্বিপ্রহর হইতে রাত্রি ৮ ঘটিকা পর্য্যন্ত অকাতরে আবাল বৃদ্ধ বনিতা সকলকেই প্রচুর মহাপ্রসাদ দান করিয়াছেন। এতদ্ব্যতীত শ্রীভগবান্ বিগ্রহ দর্শন পাঠকীর্ত্তনাদি শ্রবণ প্রভৃতি বিবিধ ভক্ত্যঙ্গানুষ্ঠানে যোগদান করাইয়া বহুব্যক্তি ভগবদুন্মুখ সুকৃতি লাভ করিবার সুযোগ পাইয়াছেন। শ্রীপাদ মাধবপ্রভুর অক্লান্ত পরিশ্রমফলে এরূপ সুবৃহৎ কার্য্য নির্বিঘ্নে সম্পন্ন হইয়াছে। তাঁহার অর্চন, শ্রীবিগ্রহের শৃঙ্গার, সেবা পারিপাট্য বিশেষ প্রশংসনীয়।

শ্রীগোপাল জীউ মঠে

কমলাপুর, ঢাকা, ২৭।৬।৩০

গত ২৬শে জুন বৃহস্পতিবার নিত্য লীলা-প্রবিষ্ট শ্রীশ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের অপ্রকট মহোৎসব শ্রীশ্রীগোপাল জিউমঠে সুসম্পন্ন হইয়া গিয়াছে। ব্রহ্মচারী শ্রীপাদ লোকনাথজী প্রায়ই সমাগত সজ্জনমণ্ডলীর সমক্ষে সন্ধ্যার সময় শ্রীগ্রন্থ পাঠ কীর্ত্তন করিয়াছিলেন এবং সমাগত আবাল বৃদ্ধ নরনারীকে খেচরান্ন ও মিষ্টান্ন প্রসাদ বিতরণ করিয়াছিলেন।

গৌড়ীয় মঠ-গ্রন্থ-প্রকাশ

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত
গ্রন্থ-গ্রন্থাবলী।
উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই
স্বর্ণাক্ষিত। চতুর্থ সংস্করণ। বিস্তৃত বিষয় সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সাধারণ বাঙ্গালার বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ
সমগ্র বাঁধাই—২৲ দুইটাকা
আবাঁধা—১৷৹ দেড়টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও দৈনিক সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? বর্ণ, সমাজ, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসংকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য

ভিক্ষা ৶৹

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৶৹

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নবদ্বীপ-বর্ণিত। এই নয় দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৭০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

উজ্জ্বল রোমান্‌-ব্র কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

হরিনাম চিন্তামণি

৷৵৹
দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তিপথের অনুকূল ও প্রাতিকূল বিচার অতি সুন্দরভাবে নিবদ্ধ হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!
শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা /৹ আনা।

দেহ ও মনের চেষ্টা পরিত্যাগ করিয়া—জীব যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন্ জাতীয় আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাগত হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। উহার সংস্করণও প্রকাশিত হইয়াছে
ভিক্ষা প্রতি খণ্ড /৹ এক আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা— /৹, নবদ্বীপশতক— /৹
অর্চ্চনপঞ্চক—/৹

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা /১৹

আমরা প্রত্যহ কৃষ্ণ বলাব ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা যথার্থ কল্যাণ দানে অসমর্থ এবং কোন্ বস্তু আমাদের নিত্য কল্যাণপ্রদ এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিকই কল্যাণের কল্পতরু, ইনি প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদান করেন।

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারদ্বয়ের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয় সংযোজিত প্রায় ৪২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৷৹

শ্রীবলদেব বিদ্যাভূষণ-কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোনার জলে নাম লেখা রাজসংস্করণ [illegible] টাকা, সাধারণ সংস্করণ ১৷৹, গৌড়ীয়ের গ্রাহকগণকে ১৷৹

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি

(সম্পাদক-কর্ত্তৃক [illegible])

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২ চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত, ৩। বিষ্ণু-বৈষ্ণবগণ-কর্ত্তৃক শ্রীধাম ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও গ্রন্থ-সমূহের তাৎপর্য্য ও বিবরণ, ৫। [illegible] বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় আকরমূলে ব্যবহার্য্য তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ খণ্ড ৸৹, ২য় খণ্ড ৸৵৹, ৩য় খণ্ড ৸৹, ৪র্থ খণ্ড ৸৹, চারিখণ্ড একত্রে ৩৲ (যে খণ্ড হয়)।

শ্রীভক্তিসন্দর্ভ

—১ম খণ্ড ১৲ এক টাকা ২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷৹ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই ষট্‌সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ ফর্ম্মায় ৬৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীঅনন্তবাসুদেবাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা /৹ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক সূচী, [illegible] খণ্ডে খণ্ডে প্রকাশিত হইল, প্রতি খণ্ড সাধারণ পক্ষে ৷৵৹ গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৶৹
২। ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৩য় সংস্করণ) ৫৲
৩। গৌড়ীয়-গৌরব ৶৹
৪। গৌড়ীয়-সাহিত্য ৷৹
৫। [illegible] ৷৹
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপ-শতকম্ (বাঁধা) ১৲
" " আবাঁধা ৸৹
৭। গীতা (শ্রীবলদেবভাষ্যসহ) বাঁধা ২৲
আবাঁধা ১৸৹
৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲
আবাঁধা ১৷৹
শ্রীহরিকেবল মূল-পাঠ ৷৹
৯। সুকম্বলকা [illegible] সানুবাদ (সার্থ) ২৲
১০। বেদান্তসূত্রের সানুবাদ (রামানুজীয়) ৷৹
১১। [illegible] ২৲
১২। শ্রীগোবর্দ্ধনচরিত (চতুর্থ সংস্করণ) ৸৹
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৷৵৹
১৫। দীপ-নির্ণয় ৶৹
১৬। সাধনপথ (২য় সংস্করণ) ৷৵৹
১৭। গোস্বামী রঘুনাথ দাস অবাঁধা ৷৵৹
ঐ ঐ বাঁধা ৷৹
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸৹
১৯। [illegible] (নবদ্বীপ [illegible]) ৶৹
২০। [illegible] ৶৹
২১। [illegible] ৶৹
২২। [illegible] ৷৹
২৩। [illegible] ৷৹
২৪। [illegible], শিক্ষাবলী, [illegible], প্রেমভক্তিচন্দ্রিকা, [illegible], অর্চ্চনপঞ্চক [illegible] ৷৶৹
২৫। [illegible] ৵৹
২৬। [illegible] ৶৹
২৭। সংস্কৃত-[illegible] ৷৹
২৮। [illegible] (প্রথম [illegible] খণ্ড)
২৯। [illegible]
৩০। [illegible]
৩১। [illegible]
৩২। [illegible]
৩৩। [illegible] (বিরাট দ্বিতীয় সংস্করণ) ৬৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈব-প্রাপ্ত একমাত্র মহৌষধ, পনরদিনে যক্ষ্মা না কম কাশ সম্পূর্ণ আরোগ্য হইবে। বহু সহস্র লোক মৃত্যুমুখ হইতে রক্ষা পাইয়াছেন। (গরীব রোগীদিগকে সমস্ত খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়।) বিস্তারিত জানিবার জন্য এক আনার টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র উকীল পোঃ সৈকাটী, জেলা বর্দ্ধমান।

অথবা নিম্ন ঠিকানায় অনুসন্ধান করিতে পারেন—

নদীয়া-প্রকাশ প্রেসের ম্যানেজার শ্রীযুত মহানন্দ ব্রহ্মচারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম, এ, কৃষ্ণনগর পোঃ, জেলা নদীয়া।

একখানি পত্র

....আনন্দ সহকারে জানাইতেছি যে আমার ভ্রাতুষ্পুত্র কঠিন যক্ষ্মা রোগে আক্রান্ত হইয়াছিল এবং কলিকাতার বহু প্রসিদ্ধ ডাক্তার মহাশয়গণ জীবনের আশা একেবারে ত্যাগ করিয়াছিলেন, কিন্তু বাবু ক্ষিতীশচন্দ্র উকিল মহাশয়ের ঔষধ মাত্র ১৫ দিন ব্যবহার করিয়া সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছে।

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী

জমিদার, খালিয়া ফরিদপুর।

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, বহুমূত্র, উপদংশ, পারদ-সংক্রান্ত পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, প্রদর, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে জীবন্মৃত জীবনে দিনপাত করিতেছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সল্যুসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১।৹ টাকা মাত্র।

সোল এজেণ্ট—ডাঃ ভি, ভি, হাজরা।

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পত্রসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত পোল্ড অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে চিটা-গড়ের কাগজে ছাপা ভিক্ষা—১।৹ টাকা

---

৪৪৮ গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

পরমার্থিব্যক্তি মাত্রেরই একান্ত প্রয়োজনীয়

বৈষ্ণবব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত

বাংলার ঘরে ঘরে বিরাজিত হউক

ভিক্ষা ৵৹ আনা মাত্র

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর পোঃ (নদীয়া)

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম. এ. এফ. সি. এস. (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে যত্নপূর্ব্বক ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।

নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাসি, সর্দ্দি, যক্ষ্মা, ক্ষয়রোগ, হৃদরোগ প্রভৃতি রোগের মহৌষধ। সকপ্রকার দুর্ব্বলতা নাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, শুক্রহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত দুরারোগ্য রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ ২ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্ব্বত্র বিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটীর উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটীকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটীকা পূর্ণ প্রতি কোটার মূল্য ১৲ একটাকা।

২। "মণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাক্‌চিক করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্ব্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১৲ টাকা।

—অন্যান্য আবিষ্কৃত—

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন:—

প্রাপ্তিস্থান:—আতঙ্ক নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

এখনও অপূর্ব্ব সুযোগ — পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম, এ প্রাজ্ঞ (লাহোর)

মহোদয় কর্তৃক সঙ্কলিত।

৫৭ খানি অপূর্ব্ব-চিত্র সমন্বিত।

বিশ্বকোষ-সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইং) মরোক্কো বাঁধা ১।৹ ভিঃপিতে ২৲ দুই টাকা মাত্র

১ম প্রকাশ হইবামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে— ডাঃ শ্রীকুঞ্জবিহারী ব্রহ্মচারী এম, এস, এফ কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়প্রিন্টিং ওয়ার্কস্ হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৪৭শ খণ্ড এবং নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৫॥৶০ সাধারণ পক্ষে ২১॥৶০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।/০।

দশম স্কন্ধের ভিক্ষা ১২৲, অগ্রিম সাধারণের পক্ষে ৮৲।

৭১ অধ্যায়ের কিয়দংশ পর্য্যন্ত দ্বাদশ খণ্ড ছাপা হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষার তৃতীয় সংস্করণ ৬৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০৲ টাকার এই বিরাট্ গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আদিকবি

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫৲

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪॥০ টাক

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার
ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ
ভিক্ষা ।৶০ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব্ব বাঙ্গালার মধ্যে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত
বৈদ্যুতিক মেশিনে নিখুঁতভাবে কাজ চলিতেছে
বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে জানেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার সুবর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	৸৹
সাধন পথ (শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	৸০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৶০
একত্রে ৩খণ্ড লইলে	।৹
গীতাবলী প্রতিখণ্ড	⁄১০
একত্রে ৩ খণ্ড লইলে	৶১৫
শরণাগতি—প্রতিখণ্ড	/০
একত্রে ৩খণ্ড লইলে	৶৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীধামমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগৌরগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড্, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ,—চটকপর্ব্বত, পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিরুলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৫নং অগস্ত্যকুণ্ড, কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
। শ্রীপরমহংস মঠ—নৈমিষারণ্য পোঃ, সীতাপুর, ইউ পি।
১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব।
২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—৯০নং নবাবপুর রোড্, ঢাকা।
৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।
৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাজোড়া, রাণীগঞ্জ পোঃ, বর্দ্ধমান।
৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—দুর্গাকোণা, চিরকুণ্ডা পোঃ, মানভূম।
৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ হনুমান রোড, নিউদিল্লি

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—বসু লজ ক্লে রোড, খুলনা।
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—দেওয়ানগঞ্জ,
মাথাভাঙ্গা কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামরঞ্জন রায়—৭৬।২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা
৪। মিঃ এন ডি, মুখার্জ্জি- এম, এস, ওয়াকিস ডি এস, কানপুর।
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী জ্যোতিষ রত্ন—কৃষ্ণগঞ্জ, নদীয়া
৬। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।
৭ শ্রীবিরজামোহন দে—মনমোহন প্রেস, নবাবপুর, ঢাকা।
৮। শ্রীদেবেন্দ্রনাথ গড়গাড় বেড়াচাঁপা, ২৪ পরগণা
৯। শ্রীপঞ্চানন চট্টোপাধ্যায় এ, এম, এম, বালবাম
১০। শ্রীপাদ যতীন্দ্র ভক্তিশঙ্কর বালবাম।
১১। শ্রীপাদ নরোত্তম দাসাধিকারী ঐ

দৈনিক-বসুমতী-প্রকাশ

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

পারফলিন

টনিক ও সালসা। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার কমে হয়। কলের পরিচায়ক

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ২।৩ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ খাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ বিষের জল খেয়ে শয্যাগত হইয়া পঁচে পরে প্রাণ হারান কেন? সুতরাং ।০ আনার পারফলিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট, এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ।৵০ আনা, ডজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসার্স্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ড্স্ লেন, কালকাতা।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা

সর্ব্বত্র পাওয়া যায়।

যুগল-মূর্ত্তি মার্কা এঃ বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

আসল ও খাঁটি

শিশি ১০ আনা, ডজন ৵

ভিঃ পিঃ ও মেলএজেন্ট পাইবেন জন্য।

এমন মহোপকারী তৈল আর নাই

বর্ষায় একমাত্র স্বদেশী

রবারের জুতা

টি, টি, সিলিপার

চটি, ডিসিয়ান ও এলবার্ট

চামড়াহীন, মজবুত, সস্তা, নরম, জল-কাদায় বিশেষ উপযোগী—এই স্বদেশী জুতা, বাজে বিদেশী জুতার বদলে কিনিয়া দেশী শিল্পের সহায়তা করুন।

ঠিকানা—টি, টি, সিলিপার এণ্ড কোং, ১নং টাউনসেণ্ড রোড, ভবানীপুর, কলিকাতা

টেলিগ্রামের নাম ও ঠিকানা —"শ্রীধাম" / নবদ্বীপ

Registered No. C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩॥০
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

সাধারণের হার
অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৴৫

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচারিত—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [১০৫ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—১৯শে আষাঢ় ১৩৩৭ শুক্রবার ৪ঠা জুলাই ১৯৩০

বিবিধ সংবাদ

ভারতনেতার ছয় মাস

পণ্ডিত মতিলাল নেহেরু এবং ডাঃ সৈয়দ মামুদ ছয় মাস বিনাশ্রমে কারাদণ্ডের আদেশ পাইয়াছেন। এলাহাবাদে বিচার হয়। নৈনীর সেণ্ট্রাল জেলেই আদালতের অধিবেশন করা হয়।

এলাহাবাদের জেলা ম্যাজিষ্ট্রেট বাহাদুর উভয় আসামীকেই সেডিসনী সঙ্ঘের সদস্য বলিয়া স্থির করেন এবং তাঁহারা ১১৯ ধারা মতেও দোষী সাব্যস্ত হন।

আসামীরা কোন জবাব দেন নাই এবং কোনরূপ বর্ণনাপত্রে স্বাক্ষর করিতে সম্মত হন নাই।

পণ্ডিতজী বিচার-শেষে ম্যাজিষ্ট্রেটকে বলেন যে তিনি কোন অনুরোধ করিতে চাহেন না, তবে তিনি দেখিলেন যে এলাহাবাদের রাজনৈতিক বন্দীদিগকে কোন ইংরাজী দৈনিক পত্রিকা দেওয়া হয় না।

ভারতনেতার ছয় মাস

রঙ্গপুরে পুলিশের লাঠি

ঘন ঘন হরতাল

কলিকাতা বড়বাজারে গ্রেপ্তার

ভীষণ ভূমিকম্প

বরিশালে মহিলা সভা

বহরমপুরে জেল

চাটগাঁয়ের অস্ত্রাগার লুণ্ঠনের জের

পাবনাতে গ্রেপ্তার

মৌলানা আবুল কালাম আজাদ গ্রেপ্তার

রঙ্গপুরে পুলিশের লাঠি

রঙ্গপুরে গাঁজার দোকানে পিকেটিং করার জন্য ১৯ জন স্বেচ্ছাসেবক গ্রেপ্তার হইয়াছে। এই সময় যে জনতা হইয়াছিল তাহাদিগকে হটাইয়া দিবার জন্য পুলিশ তাহাদিগকে লাঠি দ্বারা আক্রমণ করায় ১৫ জন জখম হইয়াছে। ধৃত স্বেচ্ছাসেবকগণ মধ্যে ৪ জন খালাস পাইয়াছে বাকী সকলের ৬ মাস করিয়া সশ্রম কারাবাসের আদেশ হইয়াছে।

ঘন ঘন হরতাল

পণ্ডিত মতিলালের গ্রেপ্তারের জন্য কলিকাতায় আবার হরতাল হইল। দোকানপাট আপনা হইতেই বন্ধ হইল। অনেক রাস্তা জন-শূন্য হইয়া উঠিল এবং চারিদিকে শান্ত গাম্ভীর্য্যের স্রোত প্রবাহিত হইল! আজকাল হরতাল এত সাধারণ ব্যাপার হইয়া উঠিয়াছে যে, বিশেষ বর্ণনা করা অনাবশ্যক হরতালের পুনরুল্লেখ মাত্র। তবে, যতদূর দেখিতে পাওয়া যায় তাহাতে অনুমান করা যায় যে কাহাকেও হরতাল করিবার জন্য বিশেষ অনুরোধ করিতে হয় না। অধিকাংশ লোকই যেন নিজ কার্য্য ক্ষতি করিয়া হরতালে যোগদান করিতে সদাই প্রস্তুত।

কলিকাতা বড় বাজারে গ্রেপ্তার

কলিকাতা বড়বাজারে কাপড়ের দোকানে পিকেটিং করা জন্য চন্দ্রী দেবী এবং আরও ১৫ জন স্বেচ্ছাসেবক গ্রেপ্তার হইয়াছেন। বেঙ্গল প্রভিন্সিয়াল কংগ্রেস আপীল খানাতল্লাস হইয়াছে এবং নির্ম্মল কুমার ঘোষ গ্রেপ্তার হইয়াছেন।

বহরমপুরে জেল

দৈনিক 'আশা'র সম্পাদক শশীভূষণ রায়ের দণ্ডবিধি আইনের ১৪৩ ও ১০৭ ধারা মতে ১ বৎসর সশ্রম কারাবাসের আদেশ হইয়াছে।

মৈমনসিংহে জেল ও গ্রেপ্তার

ঔরাবাদ সাবাকে রেল স্টেশন হইতে ডাকবাক্স বাহির সময় আটক করা অপরাধে ১০ জনের ৩ মাস হইতে ১৮ মাস [illegible] হইয়াছে। [illegible] মাসে সকলেই [illegible] বয়সের সন্তান।

[illegible] মুন্সীগঞ্জ কংগ্রেস আপীস ও স্বেচ্ছাসেবকগণের শিবির খানাতল্লাস করিয়া পুলিশ কাগজ ও অন্যান্য জিনিষ লইয়া গিয়াছে এবং ৭০ জনকে গ্রেপ্তার করিয়াছে।

ভীষণ ভূমিকম্প

গত ১৭ই আষাঢ়, ১৩৩৭ [illegible] প্রায় [illegible] ঘটিকা [illegible] নদীয়া [illegible] প্রায় ৬৫ মিঃ [illegible] ভূমিকম্প হইয়াছিল। এরূপ [illegible] কম্পন [illegible] অনুভব করা যায় নাই। [illegible] ভূমিকম্পন [illegible] আতঙ্কের সঞ্চার হইয়াছিল। কোথায়ও কোন ক্ষতি হইয়াছে কি না এ সংবাদ এখনও পাওয়া যায় নাই।

দাঁতভাঙ্গার মামলা

[illegible] একব্যক্তি [illegible] একজনের [illegible] দাঁত [illegible] অভিযোগে [illegible] পুলিশ ম্যাজিষ্ট্রেট মিঃ এস, কে, [illegible] এক [illegible] এবং [illegible] টাকা [illegible] প্রাপ্ত হয়। যদি অভিযোগ [illegible] টাকা না দিতে পারে তাহা হইলে [illegible] দিন মাস [illegible] করিতে হইবে। [illegible] আদায় হইলে [illegible] এক বৎসর [illegible] ক্ষতিপূরণ [illegible] হইবে।

নানা খবর

বজ্রাঘাতে মৃত্যু

গত ৯ই আষাঢ় বাঁকুড়া জেলার অন্তর্গত পশাইটী গ্রামে খুব বৃষ্টি এবং মেঘ-গর্জ্জন হয়। ঐ দিন ১ জন লোক বজ্রাঘাতে ১ ঘণ্টা পরিত হইয়াছে।

বাঙ্গালী ও মাড়োয়ারীতে বিবাদ

গত ১০ই আষাঢ় বেলা ৮ ঘটিকার সময় নৈহাটীর চটকলে বাঙ্গালী ও মেড়ুয়া দুই দলে মারামারি হয়। কেহই থামাইতে না পারায় উর্দ্ধ্বশ্বাসে মহকুমার ম্যাজিষ্ট্রেট বাহাদুরের নিকট সংবাদ দেওয়া হয়। সশস্ত্র পুলিশ আসিয়া হাঙ্গামা থামাইয়া দেয়। এই হাঙ্গামায় ৩০।৪০ জন লোক আহত হইয়াছে।

লাক্ষ্ণৌয়ে মুসলমান সভা

সালেমপুরের রাজা কর্ত্তৃক নিমন্ত্রিত হইয়া মুসলমানগণ রাজবাটীতে একটী সভা করিয়াছিলেন। সভার মন্তব্য এখনও প্রকাশ হয় নাই তবে সভায় অনেকেই সাইমন রিপোর্ট পছন্দ করেন নাই। গঙ্গাপ্রসাদ বর্ম্মা মেমোরিয়েল হলে মুসলমানগণের আর একটী সভা হয়। শেখ মুন্সির হুসেন কিদোয়াই সভাপতি ছিলেন। সভার প্রথম প্রস্তাবে সাইমন কমিশনকে নিন্দা করা হইয়াছে এবং উহা মুসলমান জাতির পক্ষে ও দেশের পক্ষে অহিতকর বলা হইয়াছে। দ্বিতীয় প্রস্তাবে স্বরাজ সম্বন্ধে সরকার বাহাদুর স্পষ্ট উক্তি না করা পর্য্যন্ত মুসলমান নেতাগণকে গোলটেবিল বৈঠকে যোগদান করিতে নিষেধ করিয়াছেন। এই সভাতে জাতীয় সমস্যা আপোষে মীমাংসা জন্য হিন্দুগণের সহিত কথাবার্ত্তা চালাইবার প্রস্তাব হইয়াছে এবং সরকার বাহাদুরের দমননীতির প্রতিবাদ করা হইয়াছে।

বরিশালে মহিলা সভা

বরিশালে অশ্বিনীকুমার টাউন হলে মহিলাগণের একটী সভা হইয়া গিয়াছে। শ্রীমতী চারুলতা দেবী, শ্রীমতী সোহাগবালা বসু প্রভৃতি মহিলাগণ সভাতে বক্তৃতা দিয়াছিলেন।

কংগ্রেসের কার্য্যকরী সমিতি উহার গবেষণা শেষ করিয়াছেন; কিন্তু এ পর্য্যন্ত সংবাদ পত্রে কিছুই প্রকাশ করা হয় নাই।

প্রকাশ যে, উক্ত গবেষণায় সাইমন রিপোর্ট স্থানলাভ করে নাই।

এসোসিয়েটেড প্রেস্ বলিতেছেন যে সম্ভবতঃ কংগ্রেসের কার্য্যকরী সমিতি পূর্ব্ব কার্য্য পদ্ধতির কিছুমাত্র পরিবর্ত্তন করিবেন না এবং কোন কার্য্যেই পশ্চাৎপদ হইবেন না। যে সমস্ত কাজ আরম্ভ হইয়াছে তাহা স্থগিদ থাকিবে না।

ভারত গবর্ণমেণ্ট সিমলা হইতে প্রকাশ করিতেছেন যে—

যুক্ত প্রদেশের শাসন কর্ত্তৃপক্ষ ভারত সরকারের সহিত বিশেষ ভাবে পরামর্শ করিয়া নিখিল ভারত কংগ্রেস কার্য্যকরী সমিতিকে সংশোধিত ফৌজদারী আইনের ১৬ ধারা মতে বে-আইনী সঙ্ঘ বলিয়া প্রচার করিতেছেন। কংগ্রেস যতদিন কাল যেরূপ ভাবে কার্য্য করিতেছেন, তাহাতে এরূপ করা ভিন্ন উপায় ছিল না। কংগ্রেসের কার্য্যকরী সমিতির উদ্দেশ্যই এই যে আইন অমান্য আন্দোলন চালাইয়া সরকারকে কংগ্রেসের সর্ত্ত পালন করিতে বাধ্য করিবে অথবা গবর্ণমেণ্টের শাসন যন্ত্র অচল করিয়া তুলিবে।

পিকেটিং বন্ধ

সিন্ধু প্রদেশের হায়দ্রাবাদ হইতে সংবাদ এই যে সুকুরের জেলা ম্যাজিষ্ট্রেট বাহাদুর পিকেটিং বন্ধ করিবার আদেশ দান করিয়াছেন।

বলিভিয়ায় বিপ্লব

বলিভিয়ার বিপ্লবে দুই শত লোক হত হইয়াছে: জর্ম্মাণ সেনাপতি হত হন নাই বটে, তবে পলায়ন করিয়া প্রাণ বাঁচাইয়াছেন।

দাঙ্গা ও ম্যাজিষ্ট্রেট

ময়মনসিংহের ম্যাজিষ্ট্রেট বাহাদুর স্থানীয় বার লাইব্রেরীর সভায় উপস্থিত থাকিয়া বলেন যে তাঁহার বিরুদ্ধে গুজব রটিয়াছে যে তিনি হিন্দুর বিরোধী এবং সাম্প্রদায়িক দাঙ্গা বাধাইবার জন্যই তাঁহাকে এখানে পাঠান হইয়াছে। তিনি বলেন যে সাম্প্রদায়িক দাঙ্গা বাধান সরকারের উদ্দেশ্য নহে। তাহারা দুইশ্রেণীর লোককে জানেন (১) যাহারা আইন মানে এবং (২) যাহারা আইন মানে না। স্থানীয় মুসলমান নেতারা তাঁহাকে বলিয়াছেন যে এখানে দাঙ্গা বাধিবে না।

বোম্বাইয়ের মাড়োয়ারি ব্যবসায়ীগণ

বোম্বাইয়ের মাড়োয়ারি চেম্বার-অফ কমার্সের প্রস্তাব যে পিকেটিং অর্ডিন্যান্স অবিলম্বে তুলিয়া দেওয়া উচিত। এই অর্ডিন্যান্স দ্বারা জন সাধারণের আবশ্যক ও প্রধান অধিকারে হস্তক্ষেপ করা হইয়াছে বলিয়া তাঁহারা প্রকাশ করিয়াছেন।

পাবনাতে গ্রেপ্তার

আবগারি দোকানে পিকেটিং করা জন্য পাবনাতে ১০জন স্বেচ্ছাসেবক গ্রেপ্তার হইয়াছে।

চাটগাঁয়ের অস্ত্রাগার লুণ্ঠনের জের

অনন্ত সিংহ নামক ব্যক্তিকে ধৃত করিবার জন্য ৫০০০৲ টাকা পুরস্কার ঘোষিত হইয়াছিল। উক্ত ব্যক্তি নিজেই সি, আই, ডি, পুলিশের নিকট উপস্থিত হইয়া আত্মসমর্পণ করিয়াছে। ২রা জুলাই এই মোকদ্দমার ধার্য্য দিন। স্পেশ্যাল ট্রাইবিউন্যাল দ্বারা এই মোকদ্দমার বিচার হইবে। বর্ত্তমানে ৩০জন আসামী এই মকদ্দমাতে বিচারাধীন আছে। অন্যান্য যে সমস্ত অপরাধিগণের বিরুদ্ধে ঘোষণা হইয়াছে তাহাদের এখনও কোনও সন্ধান নাই। এখনও সশস্ত্র পাহারাগাড়ী প্রধান প্রধান রাস্তায় ঘুরিয়া বেড়াইতেছে। ১৪৪ ধারার হুকুমও এখনও বহাল আছে।

পাটনার জেলার ব্যাপার

এক পাটনার জেলাতে অন্ততঃ ৫০৪ জন গ্রেপ্তার হইয়াছে। উপস্থিত গ্রামের ভূতপূর্ব্ব এম, এল, সি শ্রীযুত বিধানন্দ দাসের ১বৎসর জেল হইয়াছে।

বীরভূমে গ্রেপ্তার

বীরভূম জেলার জেলা কংগ্রেস সমিতি এবং ঐ জেলার বিভিন্ন স্থানে অবস্থিত শাখা কংগ্রেস সমিতি-গৃহ সকল খানাতল্লাস হইয়াছে। বোলপুর, রামপুর, বাহিরি এবং রাজনগরের শাখা কংগ্রেস সমিতির সভাপতি ও সেক্রেটারিগণকে গ্রেপ্তার করা হইয়াছে।

মৌলানা আবুল কালাম আজাদ গ্রেপ্তার

সংবাদ পাওয়া গিয়াছে যে কংগ্রেস কার্য্যকরী সমিতির সদস্য মৌলবী আবুল কালাম আজাদ মহাশয়কে কলিকাতা আসিবার পথে পাটনাতে গ্রেপ্তার করা হইয়াছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

মঙ্গলবার রবিবার ৩৩ ৭ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় হোমিওপ্যাথের মাদারটিঙ্কচার ঔষধ ভাবে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ।৹ আনা, পাইণ্ট ৷৵৹ আনা, বোতল ১৵৹ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার, কলিকাতা।

প্রসিদ্ধ

মদন মঞ্জরী

ধাতুর বল ও ধাতুবিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, প্রস্রাবে জ্বালা, হস্তপদ, মাথাঘোরা, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি লক্ষণ সত্বর নির্দ্দোষ আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৪০ বটী ১৲ এক টাকা।

"অপূর্ব্ব সর্ব্বাঙ্গাগ্নি ঘৃত"

পুরুষত্বহানি রোগে বাহ্যপ্রয়োগ দ্বারা আরোগ্য করিয়া শক্তিসঞ্চার করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

"রমণবিলাসিনী বটিকা"

বীর্য্যধারণ কাল সঙ্গমশক্তি স্থায়ী ও বৃদ্ধি করিতে অত্যাশ্চর্য্য। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

রাজবৈদ্য নারায়ণজী, কেশবজী

৭১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের ঢোকা শিশি বাদাম তৈল

খাঁটি ও অকৃত্রিম এবং উপকারিতার সর্ব্বজন পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জুয়াচোরগণ কমদরের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে. বি, দত্ত

ফেরার্স কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার জন্য

ইহাতে উপযুক্ত মাত্রায় আইরন, বাইহাইড্রোক্লোর কুইনিন্, আর্সেনিক এবং ষ্ট্রিকনিন আছে।

এই ফেরার্স-কুইনিন্ দ্বারা ইনজেকশন করিলে একটী বা দুইটী ইনজেকশনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং ছয় হইতে বারটী ইনজেকশনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া দেয়।

৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ডাঃ ৩৲ টাকা

বাইও-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরীতে

২৯।১ হরলাল সেন, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

—:০:—

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর—১৯শে আষাঢ় শুক্রবার—১৩৩৭

(১)

"শ্রীধাম মায়াপুর" স্থায়ী সাব্ পোষ্টঅফিস

(২)

কটক শ্রীসচ্চিদানন্দমঠে বার্ষিক মহোৎসব আরম্ভ

(৩)

শ্রীগুরুদেবই ব্যথার প্রকৃত ব্যথী

(৪)

জড়দেহ-মনোধর্ম্মের সহিত আত্মধর্ম্মের সমন্বয়-চেষ্টা বাতুলতা মাত্র, আত্মধর্ম্মে আত্মধর্ম্মেই সমন্বয় সম্ভব

(৫)

মেদিনীপুর সারদায় শুদ্ধভক্তি-প্রচার

(৬)

শ্রীশ্রীভক্তিবিনোদ-বিরহ-মহোৎসব

শ্রীধাম মায়াপুর স্থায়ী সাব্ পোষ্টাফিস

নদীয়া-প্রকাশের পাঠকগণ অবগত আছেন যে, শ্রীশ্রীগৌরজন্মস্থলী শ্রীধাম মায়াপুরে গত ১লা জুন (১৯২৯) হইতে একটী ব্রাঞ্চ পোষ্টাফিস খোলা হয়। গত ১লা ডিসেম্বর (১৯২৯) হইতে 'শ্রীধাম-মায়াপুর'-ডাকঘর স্থায়ী ডাকঘর রূপে পরিণত হয় (নদীয়া প্রকাশ ৪র্থ বর্ষ ২২৯ সংখ্যা দ্রষ্টব্য) এবং গত ৭ই ফেব্রুয়ারী (১৯৩০) হইতে 'শ্রীমায়াপুর' ব্রাঞ্চ পোষ্টঅফিস সাব্ পোষ্ট অফিসে পরিণত হয় (নদীয়াপ্রকাশ ৪র্থ বর্ষ ২৮৪ ও ২৮৫ সংখ্যা দ্রষ্টব্য)। মাননীয় পোষ্ট মাষ্টার জেনারল বাহাদুর ছয় মাস কাল উক্ত পোষ্টাফিসের আয় বিশেষ রূপে পরীক্ষা করিয়া গত ১লা জুলাই (১৯৩০) উহাকে স্থায়ী সাব্ পোষ্টাফিসরূপে পরিণত হইবার আদেশ প্রদান করিয়াছেন।

শ্রীধাম মায়াপুরের অধিবাসী এবং তৎপার্শ্বস্থিত বিভিন্ন গ্রামের অধিবাসিগণের সকলেরই 'শ্রীধাম মায়াপুর' ডাকঘর প্রতিষ্ঠিত হওয়ায় চিঠি পত্র, মনিঅর্ডার, ভিঃ পিঃ, ইন্সিওরেন্স প্রভৃতি প্রেরণ ও প্রাপ্তিতে যথেষ্ট সুবিধা হইতেছে। তাঁহারা 'সেভিংস্ ব্যাঙ্ক'ও খুলিয়া ভবিষ্যতের জন্য অর্থসঞ্চয়ের সুবিধা লাভ করিতেছেন। বিশেষতঃ নদীয়া জেলার দৈনিক মুখপত্র বাঙ্গলা "দৈনিক নদীয়াপ্রকাশ" ও ইংরাজী মাসিক "হারমোনিষ্ট বা সজ্জনতোষণী" নামক দুই খানি সাময়িক সংবাদ পত্র ও তৎসংক্রান্ত চিঠি পত্র, অর্থাদি গ্রহণ প্রেরণ এবং নদীয়া-প্রকাশ কার্য্যালয় হইতে প্রকাশিত গ্রন্থাদি-সম্পর্কিত কার্য্যের জন্য একটী সাব্ পোষ্টাফিসের বিশেষ প্রয়োজন অনুভূত হইয়াছিল। দৈনিক ও মাসিক সাময়িক পত্র, পরবিদ্যাপীঠ এবং পার্শ্বস্থিত গ্রামে বহু ভদ্র লোকের বাস থাকায় অনেকেই শ্রীমায়াপুর সাব্ পোষ্টাফিসের সংলগ্ন একটী টেলিগ্রাফ অফিস যাহাতে অচিরেই খোলা হইতে পারে, তাহারও বিশেষ প্রয়োজনীয়তা অনুভব করিতেছেন। আমরা আশা করি, এবিষয়ে পোষ্টমাষ্টার জেনারেল বাহাদুরের দৃষ্টি আকৃষ্ট হইবে।

কটক শ্রীসচ্চিদানন্দমঠে মহোৎসব

গত ১৭ই আষাঢ় ২রা জুলাই বুধবার হইতে শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠের অন্যতম শাখামঠ কটক শ্রীসচ্চিদানন্দ মঠে বার্ষিক মহোৎসব আরম্ভ হইয়াছে। আগামী ২২শে আষাঢ় ৭ই জুলাই সোমবার দিবস উক্ত মঠে সাধারণ মহামহোৎসব হইবে। এতদুপলক্ষে শ্রীমঠে প্রত্যহ শ্রীমদ্ভাগবত পাঠ, শ্রীহরি-কীর্ত্তন ও ইষ্টগোষ্ঠী হইতেছে। ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিপ্রদীপ তীর্থ মহারাজ, শ্রীমদ্ ভক্তিবিবেক ভারতী মহারাজ এবং নিত্যানন্দান্বয় গোস্বামী শ্রীপাদ অতুল চন্দ্র বন্দ্যোপাধ্যায় ভক্তিসারঙ্গ অধ্যাপক শ্রীপাদ নিশিকান্ত সান্ন্যাল এম, এ ভক্তিসুধাকর মহোদয় সজ্জন সাধারণকে উক্ত ভক্ত্যনুষ্ঠানে যোগদান করিবার জন্য আহ্বান করিতেছেন।

ব্যথার প্রকৃত ব্যথী

জগতের চতুর্দ্দিকে কত পরিচিত, কত অপরিচিত মুখচ্ছবি দেখিতে পাই—সকলেই আমার দিকে তাকাইয়া যায়। আমার অন্তরের তীব্রবেদনার প্রতিচ্ছবি-প্রতিফলিত মুখখানি দেখিয়া কেহই আমার বেদনার ভাগী বা ব্যথার ব্যথী হয় না। কেহ মুখের দু'টি ভালমানুষী কথা বলিয়া কেবল কৃত্রিমতা রক্ষা করিয়া চলিয়া যায়, কেহ বা আমার দিকে মুখ ফিরাইয়া চলিয়া যায়। আমার অন্তর অনন্তকাল হইতে যে ব্যথায় জর্জ্জরিত, সেই ব্যথার কথা আমাকে ত' কেহই জিজ্ঞাসা করে না। আমি যদি আর কাঁদি, তাহাতে কাহারও কিছু আসিয়া যায় না, বরং আমি কাঁদিলেই সকলের হাততালি বাজাইবার সুযোগ হয়। কিন্তু এরূপ অপস্বার্থপর, অনাত্মীয়, বা কৃত্রিম-আত্মীয়-বেষ্টিত জগতে একজন কে আমার মলিন মুখ দেখিতে পাইয়া অন্তর্যামি-রূপে আমার অন্তরের অন্তরতম প্রদেশের অনাবিষ্কারের দুঃখ-কাহিনী জানিতে পারিয়া আমাকে যাচিয়া জিজ্ঞাসা করিতেছেন,—"তোমার মুখ মলিন কেন? তোমার ভাবনা নাই—আমি তোমার সব অভাব পূরণ করিব।" শুনিয়া ভাবি এত লোক, আমার অভাবের সময় কেহই কিছু দান করিতে আসে না, একজন মাত্র আমার ব্যথার ব্যথী হইয়া যাচিয়া আমার অভাব পূরণ করিতে আসিয়াছেন। ইহা স্বপ্নের কথা নয়, ইহা গল্পের কথাও নয়, ইহা প্রত্যক্ষীকৃত প্রাণের কথা। তিনিই পরদুঃখদুঃখী জগদ্গুরু আচার্য্যদেব। ইনি জগতের প্রতি দ্বারে যাচিয়া যাচিয়া সকলের অভাব মিটাইবার চিরব্রত করিয়াছেন। যে সময় কৃত্রিম আত্মীয় স্বজন সকলে পলাইয়া যাইতেছে, সেই অসময়ে অথবা সেই অতি শুভসময়ে তিনিই একমাত্র তাঁহার অকৃত্রিম সহচর-সঙ্গে আমার অভাব চিরতরে দূরীভূত করিবার জন্য আমার দ্বারে শুভ পদার্পণ করেন। শুধু আমার দ্বারে নয়, জগতের কোন্ কোণায় কোন্ অভাবগ্রস্ত দুঃখী পড়িয়া রহিয়াছে, তাহা জানিবার জন্য তিনি দুনিয়ার দ্বারে দ্বারে অমূল্য ধনের পসরা লইয়া হাঁকিতেছেন—

"এনেছি ঔষধি মায়া নাশিবার লাগি'।
হরিনাম মহামন্ত্র লও তুমি মাগি'॥"

ধর্ম্মসমন্বয়

(শ্রীপাদ সুদর্শন সনাতন দাস ভক্তিশাস্ত্রী)

ধর্ম্ম-জীবনের প্রথম প্রভাতে আমরা যখন সাম্প্রদায়িকতা-মুক্ত মানসে জগতের বিভিন্ন ধর্ম্মপ্রণালীর দিকে লক্ষ্য করি, তখন আমরা পরস্পর বিবদমান, পার্থক্য-প্রধান ও ইতরস্পর্দ্ধী ধর্ম্মাবলম্বীদিগের আলাপে বিরোধী দর্শনে চলে নিজেরে কিংকর্ত্তব্য-বিমূঢ় হইয়া পড়ি। ধর্ম্ম-জীবনে ক্রমশঃ নীরস হইয়া উঠি। ফলে অজ্ঞাতভাবে নাস্তিকতা আসিয়া আমাদের হৃদয়-দেশ অধিকার করিয়া বসে। মানবের স্বাভাবিক আস্তিক্যভাব নিসর্গ ও বিতর্ক-প্রভাবে এইরূপে লুপ্ত হইয়া বর্ত্তমান সমাজকে অধঃপতনের পথে প্রধাবিত করিতেছে। প্রকৃতপক্ষে ধর্ম্ম-জগতের ইতিহাস পর্য্যালোচনা করিলে দেখিতে পাওয়া যায়, ধর্ম্মের নামে জগতে যত কিছু বড় মনীষী

ও সমন্বয় সাধিত হইয়াছে, অন্য কোন কারণে তাহা হয় নাই। সুতরাং মনে প্রশ্ন উঠে সত্যের সাধিত ধর্মের [illegible] এত বিবাদ বিসম্বাদ মতবাদ অশান্তি ও অবিচার কেন? সকল মনোবিজ্ঞানী মনে করেন, তাঁহারা ২০০ [illegible] অমর ও অব্যয় এবং অন্যান্য উপায়ভাবে মানবের কল্যাণ-কামনায় অভিলাষে বিরোধের সৃষ্টি করিয়া মানব-শোণিতে ধরিত্রীর বক্ষ রঞ্জিত করিয়া গৌরব অনুভব করেন। তাই বর্তমান শিক্ষা ও সভ্যতার আদর্শ ধর্মকে ব্যক্তিগত জীবন-পরিধির মধ্যেই আবেষ্টন করিয়া রাখিবার চেষ্টা করিতেছে। ফলে ধর্ম একটী অকপোল-কল্পিত কাল্পনিক ব্যাপারে পর্যবসিত হইয়া উঠিয়াছে।

বর্তমান ধর্মজগতের অবস্থা পর্যালোচনা-কালে আমরা দেখিতে পাই, দেশ কাল পাত্র ভেদে মানবের আচার ব্যবহার পরিচ্ছদ আহার বিহার প্রভৃতি পৃথক্ ভাবাপন্ন হইয়া পড়িয়াছে। মানবের মুখ্য প্রকৃতি এক হইলেও গৌণ প্রকৃতি সম্পূর্ণ পৃথক্ পৃথক্। সুতরাং বিভিন্ন সম্প্রদায়ের দেহ অথবা মনঃসম্বন্ধ-জাত ধর্মমতগুলি যে পরস্পর পৃথক্ ভাবাপন্ন হইয়া পড়িবে, তাহাতে আশ্চর্য্যের বিষয় কিছুই নাই বরং উহাই স্বাভাবিক। কিন্তু তাহাতে পরস্পরের বিবাদের কারণ নাই। মুখ্য তত্ত্ব-বিষয়ের ঐক্য থাকিলেই গৌণ ব্যাপারে আপাত-বিরোধের মূল কারণ শিথিল হইয়া পড়ে। কোন কোন ধর্ম-প্রচারক গৌণধর্ম-সম্বন্ধীয় মতবাদের উদারতা দেখাইয়া গৌণধর্মসমন্বয়ের চেষ্টা করিতে গিয়াছেন। অনেকে এখনও সেই মতের পোষকতা করেন। কিন্তু মানবের মুখ্যধর্মের কথা ছাড়িয়া দিয়া গৌণধর্মের মধ্যে সমন্বয়ের চেষ্টা বাতুলতা মাত্র।

কাল্পনিকতার বলে অনেক মনোধর্মী ভাবুক সম্প্রদায় বিশ্বমানব-ধর্মের কল্পনা করিয়া বিশ্বধর্ম-সমন্বয়ের বৃথা প্রয়াসে আরও কতকগুলি নূতন মতবাদের সৃষ্টি করিয়া ধর্মজগতের জঞ্জাল বৃদ্ধি করিবার চেষ্টা করিয়া আসিতেছে।

জগতের সমস্ত ধর্মমতবাদের বিস্তা-- সমস্ত শ্রেণিগত বৈষম্য-বিচারে তাহাদিগকে দেহধর্ম, মনোধর্ম ও আত্মধর্ম রূপ তিন শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে। দেহধর্ম ও মনোধর্মই মানবের গৌণধর্ম আর আত্মধর্মই মুখ্যধর্ম। আত্মধর্মে মানবের দেহ ও মনোবৃত্তি-সম্বন্ধ ব্যাপার-সমূহ আত্মবৃত্তির অনুগত হইয়া পড়ে, সুতরাং তাহাদের গৌণত্বের বিশিষ্টতা আর থাকে না। কিন্তু যেখানে দেহধর্ম ও মনোধর্ম প্রবল, সেখানে গৌণত্বের বিশিষ্টতা-হেতু সমন্বয়ের সম্ভাবনা লোপ পায়। দেহ ও মনোধর্ম জড়ধর্ম মাত্র এবং জড়ধর্মের বিশেষত্বই বৈষম্য, সুতরাং বৈষম্যে সাম্যভাব রূপ সমন্বয়-চেষ্টা কবির কল্পনা মাত্র।

একমাত্র বিশুদ্ধ নিত্য সত্য সনাতন আত্মধর্ম রূপ বিশ্বমানবের মহামিলন-ক্ষেত্রে বিশ্বধর্মের মহাসমন্বয় সম্ভব।

যে দিন বর্তমান শিক্ষিত-সমাজ ভোগ ও ত্যাগ-পরায়ণ মনোধর্মের অধিকার অতিক্রম পূর্ব্বক ভগবৎসেবা রূপ আত্মধর্মের আশ্রয় গ্রহণ করিবেন, সেই দিনই জগতে মানব-ধর্মের মহাসমন্বয় উপস্থিত হইবে।

সাধুসঙ্গে দশদিন

(পূর্ব্ব প্রকাশিত ১০৪ সংখ্যার পর)

(পণ্ডিত শ্রীপাদ কিশোরী মোহন দাসাধিকারী সাহিত্যভূষণ পুরাণরত্ন)

বিগত ১৭ই জ্যৈষ্ঠ শনিবার অপরাহ্ণে চৈতন্যমঠের প্রচারকগণ নারমা গ্রামে শ্রীগুরু-গৌরাঙ্গ-নিত্যানন্দসেবক পরম ভাগবত শ্রীযুক্ত বৈকুণ্ঠনাথ রায় মহাশয়ের ভবনে পদার্পণ করিলেন। নারমাবাসীর পরম সৌভাগ্য-বশে শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-প্রচারকগণ এই সপ্তমবার নারমা গ্রামটীকে পাদ-স্পর্শে পবিত্র করিলেন। সেইদিন এবং তৎপরদিবস সন্ধ্যায় আহূত জনসভায় শ্রীপাদ অরণ্য মহারাজ হরিভজনই জীবের একমাত্র কর্তব্য বিষয়ে প্রায় ২ ঘণ্টাকাল গভীর পাণ্ডিত্যপূর্ণ বক্তৃতা প্রদান করেন। বক্তৃতার আরম্ভে শ্রীপাদ ত্রৈলোক্যনাথ ব্রহ্মচারী প্রভু মহাজন-পদাবলী কীর্তন করিয়া প্রতিজীবহৃদয়ে অন্তর্মুখী বৃত্তির সঞ্চার করাইয়া দেন। এই গ্রামের প্রজ্ঞাবান অধিবাসী লোকমান্য পণ্ডিত শ্রীযুক্ত অবিনাশ চন্দ্র ভট্টাচার্য্য ব্যাকরণতীর্থ ভাগবতরত্ন মহাশয় দুই দিবস কাল সাধুসঙ্গে ভক্তিসিদ্ধান্তবাণীর আলোচনায় পরম সন্তোষ লাভ করিলেন। জনৈক যোগীশ্রেষ্ঠ শিক্ষাভিমানী তরুণ যুবক আই এ. পরীক্ষা প্রদানান্তে অবসরক্রমে জিজ্ঞাসু হইয়া কর্ম, জ্ঞান, যোগ এবং ভক্তির তারতম্য বিচার শ্রবণ করিলেন। সৌভাগ্যোদয় হইলে অসৎসঙ্গ ত্যাগ করিয়া সাধুচরণাশ্রয়ের আকাঙ্ক্ষা এই তরুণের হৃদয়ে জাগ্রত হইতে পারে। এইরূপে সাধুগণ তিনদিন তিন রাত্রি নারমাগ্রামে অবস্থান করিয়া অবিশ্রান্ত হরিকথারসে নারমাবাসীর অশেষ কল্যাণ সাধন করিলেন।

১৯শে জ্যৈষ্ঠ সোমবার অপরাহ্ণে এক অদ্ভুতপূর্ব প্রাকৃতিক ঘটনা প্রত্যক্ষীভূত হইল। বেলা তখন ৪। ঘটিকা হইবে। সমস্ত আকাশ লঘুমেঘে আবৃত। নিবাত নিষ্কম্প। শ্রীরাধিকাবন্দ তাঁহাদের অনুভূত হইতেছে। তরুণগণ কেহ শ্রীরাধিকা মঠে সংখ্যাপূর্ব্বক নাম জপ করিতেছেন, কেহ পাঠচারণ করিতে করিতে ইষ্ট-গোষ্ঠীতে মগ্ন আছেন, ভক্তিশাস্ত্রীপ্রভু যোগীশ্রেষ্ঠ শিক্ষাভিমানী তরুণ যুবকটির কল্যাণোদয় করাইবার জন্য বহুবিধ সারোপদেশ প্রদান করিতেছেন। পরিব্রাজকাচার্য্য শ্রীমদরণ্য মহারাজ তাহাতে মধ্যে মধ্যে যোগদান করিতেছেন, এমন সময় দেখা গেল সহসা সমগ্র পশ্চিম দিক্‌চক্রবাল হইতে বায়ুতাড়িত অনন্যোত্থিত ধূম্ররাশির ন্যায় অবিবর্ণ বাষ্পরাশি উদ্গত হইতে হইতে মুহূর্ত মধ্যে সমস্ত আকাশ ছাইয়া ফেলিল। ক্রমে ক্রমে অধিকতর ঘনকৃষ্ণ গৈরিক ধূম্রাবরণে ধরণী অন্ধতমসাচ্ছন্ন হইতে লাগিল। সন্ধ্যাপূর্বে বায়ু স্তব্ধ। ক্রমশঃ শ্বাসরোধ হইবার উপক্রম হইল। দেখিতে দেখিতে বাষ্পাবরণ এরূপ গাঢ়তর হইতে লাগিল যে, ঘোর অন্ধকারে পৃথিবী সমাচ্ছন্ন হইল। পার্শ্বস্থিত কোনও বস্তু বা মনুষ্য আর গোচরীভূত হইল না। মনে হইতে লাগিল, জীবজগৎ অচিরাৎ বুঝিবা প্রলয়াম্বুভাবে নিমগ্ন হয়। বৈষ্ণবগণ উচ্চৈঃস্বরে তারক-ব্রহ্মনাম কীর্তন করিতে লাগিলেন। দশ বার মিনিটকাল এইরূপ ভাবে কাটিবার পর ধীরে ধীরে বাষ্পাবরণ অন্তর্হিত হইতে লাগিল। অবশেষে সামান্য বৃষ্টিপতন হওয়ায় এইদিন সন্ধ্যায় আর সভাধিবেশন হইল না। অধিকার প্রাকৃতিক অদ্ভুতপূর্ব বিপর্যয়ে সকলেই জড়জগতের নশ্বরতা —সৃষ্টিস্থিতিলয়বিধাতা পরমেশ্বরের অপার করুণা স্পষ্টভাবে উপলব্ধি করিলেন।

সন্ধ্যায় শ্রীযুক্ত অবিনাশ চন্দ্র ব্যাকরণতীর্থ মহাশয়ের সহিত শাস্ত্রালোচনামুখে বহুক্ষণ হরিকথা কীর্তিত হইলেন। পণ্ডিত মহাশয় পরদিন প্রাতেও আগমন করিয়া দীর্ঘকাল হরিকথা শ্রবণ করিলেন। অপরাহ্ণে বৈকুণ্ঠবাবু জ্যেষ্ঠপুত্র শ্রীমান্ রাধাশ্যাম প্রচারকগণের আলোকচিত্র গ্রহণ করিলেন। ভক্তবর্গের প্রতি বৈকুণ্ঠবাবুর প্রশংসনীয় সেবাগ্রহে প্রীত হইয়া প্রচারকগণ শ্রীকোলা অভিমুখে যাত্রা করিলেন।

(ক্রমশঃ)

বিরহ-মহোৎসব

শ্রীসচ্চিদানন্দ মঠে

(লেখক শ্রীপাদ দিগম্বরব্রহ্মদাসাধিকারী)

কটক, ২৯/৬/৩০

গত ২৬শে জুন সন্ধ্যাকালে শ্রীশ্রীঠাকুর ভক্তিবিনোদের ষোড়শ বার্ষিক বিরহ-মহোৎসব উপলক্ষ্যে শ্রীমঠে একটি বিশেষ অধিবেশন হইয়াছিল। বহু সম্ভ্রান্ত ব্যক্তি উহাতে যোগদান করিয়াছিলেন। তন্মধ্যে ডেপুটী শ্রীযুক্ত রাধামোহন পট্টনায়ক, উকীল শ্রীযুক্ত জ্যোতিষচন্দ্র চক্রবর্ত্তী, উকীল শ্রীযুক্ত রাধালচন্দ্র দাস, বালেশ্বরের প্রসিদ্ধ জমিদার মিঃ সাবত, একাউন্ট্যান্ট শ্রীযুক্ত মন্মথ বন্দ্যোপাধ্যায় প্রভৃতির নাম বিশেষ উল্লেখযোগ্য।

সন্ধ্যা-আরাত্রিকের পর শ্রীপাদ গদাধর ব্রহ্মচারী ও শ্রীযুক্ত শান্তিপদ মুখোপাধ্যায় শ্রীল ঠাকুর-কৃত কএকটী পদাবলী সংকীর্তন করেন। শ্রীপাদ সুদর্শন সনাতন দাসাধিকারী গৌড়ীয় হইতে সুবেশ-তিথি বিষয়ক প্রবন্ধটী তাঁহার স্বভাব-সুলভ ওজস্বিনী ভাষায় পাঠ করেন। তাঁহার পাঠান্তে মঠাধ্যক্ষ শ্রীপাদ মাধবানন্দ ব্রহ্মচারী ভক্তের অপ্রকট-তিথি-মহোৎসবাদি যে, সাধারণ মানুষের মৃত্যুতে যে শোকসভাদির অধিবেশন হয়, তদ্রূপ নহে, তাহা বর্ণনা-মুখে বলেন, সাধারণ কর্মফল বাধ্য জীবের জন্ম ও মৃত্যু হয়। মৃত্যু-দিনই সেই জীবের শেষ বিচারের দিন। জীবিতাবস্থায় জীব যে সকল সুকর্ম, কুকর্ম, বিকর্ম ও অকর্ম করে, সেই সকল কার্য্যের শেষ বিচারের দিন মৃত্যু-দিবস, সুতরাং সেই দিন তাহাদের পক্ষে অতীব শোচনীয়, কিন্তু, বৈষ্ণবদিগের নিকট তাহা নহে। তাঁহারা কর্মফল-বাধ্য জীব নহেন। তাঁহাদিগের যাবতীয় চেষ্টা কর্ম-প্রায় দেখাইলেও সেগুলি সাক্ষাৎ ভগবৎ-সেবা। তাহেই তাঁহারা নির্ভীক। তাঁহাদের প্রকট অপ্রকট ভগবদ্ ইচ্ছায় সংঘটিত হইয়া থাকে।

তৎপরে শ্রীল ঠাকুরের নিম্নলিখিত শিক্ষাগুলি বিশেষভাবে কীর্তন করেন।

(১) নিঃস্ব বা প্রকৃত নিষ্কিঞ্চন ভজন কি?

(২) ধর্ম কি এক না বহু?

(৩) বৈষ্ণবতা কি শৌক্র-পরম্পরা-গত?

(৪) রুক্মনামাদি কি কোশীর পর্য্যায়?

(৫) প্রচারকের যোগ্য কাহারা?

(৬) কলির সেবক কাহারা?

(৭) কেবল শাস্ত্র পড়িয়া কি শুদ্ধ-বৈষ্ণবতা লাভ হয়?

প্রবন্ধ-বিস্তৃতি-ভয়ে সেগুলি সবিস্তার বর্ণনে বিরত রহিলাম।

শ্রীঠাকুর-কৃত শরণাগতি ও কল্যাণ-কল্পতরু গ্রন্থ হইতে কএকটি পদাবলী সংকীর্তনের পর রাত্রি প্রায় ১০ ঘটিকার সময় সভা ভঙ্গ হয়। সমাগত ভক্তমণ্ডলী মহাপ্রসাদ গ্রহণের পর রাত্রি প্রায় ১১টার সময় মহানন্দে গৃহে প্রত্যাবর্তন করেন।

[illegible]

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

ভক্তি-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই স্বর্ণাক্ষরে। চতুর্থ সংস্করণ। বিস্তৃতবিষয়সূচীসহ

২। মূল্য বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সনাতন ধর্মশাস্ত্র বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই—২৲ দুইটাকা

আবাঁধা—১৷০ দেড়টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্তব্য ও অনিত্য সাময়িক কর্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম কি? স্বদেশ, সমাজ, নীতি, ধর্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য ভিক্ষা ৵০

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৵০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নয়টী দ্বীপসমন্বিত। এই নব দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৬০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

ডবল ক্রাউন-৮ কাগজে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শ্রীহরিনামচিন্তামণিঃ

৷৶০ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুবে উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে বিবৃত হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ

অষ্টম সংস্করণ

ভিক্ষা /০ আনা

দেহ ও মনের চেষ্টা অনিত্য নইয়া—ইহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন্ জাতীয় আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাগত হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্মসমর্পণমূলক গান। চতুর্থ সংস্করণ প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা প্রতি খণ্ড /০ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— /০, নবদ্বীপশতক— /০

অর্থপঞ্চক—/০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ

পঞ্চম সংস্করণ

ভিক্ষা /১০

আমরা অজ্ঞান কুজন স্বভাব ও কামনার বশবর্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাঁহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন্ বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি ভাবে আমরা সেই কল্যাণদাতে সমর্থ হইব, এই সকল কথা সরল ভাবে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিকই কল্যাণের কল্পতরু, ইহা প্রত্যেকে নিত্যকল্যাণ প্রদানে

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোকসূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয়-সম্বলিত প্রায় ৬২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৷০

শ্রীবলদেব বিদ্যাভূষণ-কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোণার জলে নাম লেখা রাজসংস্করণ ২ টাকা, সাধারণ সংস্করণ ১৷০, গৌড়ীয়ের গ্রাহকপক্ষে ১৷০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সারস্বতকোষগ্রন্থ)

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। বিষ্ণুবৈষ্ণবসম্পর্কিত শ্রীমন্দির ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও প্রবন্ধসমূহের তাৎপর্য্য ও বিবরণ, ৫। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় আকরমূলে ব্যবহার তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ম খণ্ড ৸৵০, ২য় খণ্ড ৸৵০, ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড ৷৵০, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ

—১ম খণ্ড ১৲ এক টাকা ২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই ষট্সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ ফর্মায় ৬৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমন্মধ্বাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা /০ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক সূচী, বিষয়সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত। ভিক্ষা, প্রতি খণ্ড সাধারণ পক্ষে ৷৶০ গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৶০
২। ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৪র্থ সংস্করণ) ৫৲
৩। গৌড়ীয়-গৌরব ৶০
৪। গৌড়ীয়-সাহিত্য ৷০
৫। ভজনরহস্য ৷০
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
" " আবাঁধা ৸০
৭। গীতা (শ্রীবলদেবভাষ্যসহ) বাঁধা ২৲ আবাঁধা ১৷০
৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲ আবাঁধা ১৷০
গীতার কেবল মাত্র-ভাষ্য ৷০
৯। যুক্তিসংহিতা ভগবৎসন্দর্ভঃ সানুবাদ (যন্ত্রস্থ) ২৲
১০। বেদান্তসূত্রের সানুবাদ (রামানুজীয়) ৷০
১১। জৈবধর্ম ২৲
১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৸৵০
১৫। দ্বীপ-দিগ্দর্শন ৶০
১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ৷৶০
১৭। গোস্বামী রঘুনাথ দাস অবাঁধা ৷৶০
ঐ ঐ বাঁধা ৷০
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৶০
২০। শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য ৶০
২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৶০
২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
২৩। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা-দর্পণ ৷৴
২৪। শরণাগতি, গীতাবলী, সাধকাব, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্থপঞ্চক ও সদাচারস্মৃতিঃ মোট ৷৶০
২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও অতিরিক্ত ৶০
২৬। সাধককণ্ঠমালা ৷৶০
২৭। সংস্কার-দীপিকা ৷০
২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲
২৯। ব্রহ্মসংহিতা ৷০
৩০। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ৸০
৩১। মণিমঞ্জরী সানুবাদ ৷০
৩২। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৩৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট, দ্বিতীয় সংস্করণ)

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈব-প্রাপ্ত একমাত্র মহৌষধ, পনরদিনে যক্ষ্মা বা ক্ষয় কাশ সম্পূর্ণ আরোগ্য হইবে। বহু শত লোক মৃত্যুমুখ হইতে রক্ষা পাইয়াছেন। (গরীব রোগীগণকে সমস্ত খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়।) বিস্তারিত জানিবার জন্য এক আনার টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র উকীল পোঃ গৈলাকী, জেলা বরিশাল।

নদীয়া জেলার এ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করিতে পারেন—

ভাগবত প্রেসের ম্যানেজার শ্রীযুত নবানন্দ ব্রহ্মচারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম, এ, কৃষ্ণনগর পোঃ, জেলা নদীয়া।

একখানি পত্র

.... আনন্দ সহকারে জানাইতেছি যে আমার ভ্রাতুষ্পুত্র কঠিন যক্ষ্মা রোগে আক্রান্ত হইয়াছিল এবং কলিকাতার বড় প্রসিদ্ধ ডাক্তার মহাশয়গণ জীবনের আশা একেবারে ত্যাগ করিয়াছিলেন, কিন্তু বাবু ক্ষিতীশচন্দ্র উকিল মহাশয়ের ঔষধ মাত্র ১৫ দিন ব্যবহার করিয়া সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়া।

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী

জমিদার, খালিয়া ফরিদপুর।

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ,

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ. এফ.সি.এস.(লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।

নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাশি, সর্দি, হাঁপা, ক্ষয়রোগ, হৃদরোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্ব্বলতা নাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, শুক্রহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত দুরারোগ্য রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাঁহারা নানাবিধ অনিয়মাদি উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, বহুমূত্র, হৃৎকম্প, পাকস্থলী সংক্রান্ত পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, স্বাভাবিক, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটান সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত শত প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য নানাবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ৩।০ টাকা মাত্র।

সোল এজেন্ট—ডাঃ ডি, ডি, হাজরা।

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পত্রসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোল্ড অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে টীটাগড়ের কাগজে ছাপা। ভিক্ষা—২।০ টাকা

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ ২ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্ব্বত্র বিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটীর উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটীকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটীকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। "মণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাকচিক করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্ব্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১৲ টাকা।

—অন্যান্য আবিষ্কৃত—

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান :—আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

---

৪৪২ গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

পরমার্থিব্যক্তি মাত্রেরই একান্ত প্রয়োজনীয়

বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত

বাংলার ঘরে ঘরে বিরাজিত হউক

ভিক্ষা ৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর পোঃ (নদীয়া)

এখনও অপূর্ব্ব সুযোগ! পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম, এ প্রাজ (লাহোর) মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত।

৪৭ খানি অপূর্ব্ব চিত্র সমন্বিত।

বিশ্বকোষ-সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইঃ) মরোক্কো বাঁধা ১।০ ভিপিতে ২৲ দুই টাকা মাত্র

৭/৮ প্রকাশ হইবামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

শ্রীধামমায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে—ডাঃ শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী এম, এস, এফ কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইতেছে।

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়প্রিন্টিং ওয়ার্কস হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০্ চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৪৭শ খণ্ড এবং নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৫৸৶০ সাধারণ পক্ষে ২১৷৶০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।/০।

দশম। স্কন্ধের ভিক্ষা ১২্, অগ্রিম সাধারণের পক্ষে ৮্।

৭১ অধ্যায়ের কিয়দংশ পর্য্যন্ত-দ্বাদশ খণ্ড ছাপা হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০্ টাকা ভিক্ষার তৃতীয় সংস্করণ ৪্ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০্ কার এই বিরাট্ গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫্ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আদিকবি

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮্ স্থলে অগ্রিম ভিক্ষা ৫্

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪৷০ টাক

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার

ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ

ভিক্ষা ।৶০ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব্ব বাঙ্গালায় স্থলভে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

৯০নং নবাবপুর, ঢাকা।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে জানেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার সুবর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	১্
সাধন পথ (শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	৷০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৶০
একত্রে ৩খণ্ড লইলে	।০
গীতাবলী প্রতিখণ্ড	৴১০
একত্রে ৩ খণ্ড লইলে	৶১৫
শরণাগতি—প্রতিখণ্ড	/০
একত্রে ৩খণ্ড লইলে	৶৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত স্থানসমূহে প্রাপ্তব্য

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীধামমায়াপুর, (নদীয়া)।

২। শ্রীগৌরগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।

৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।

৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড, কলিকাতা

শ্রীপুরুষোত্তম মঠ,—চটকপর্ব্বত, পুরী

৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।

৭। শ্রীভাগবত মঠ,—চিরুলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।

৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৪নং অগস্ত্যকুণ্ড, কাশী, ইউ, পি

৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।

১০। শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ পি।

১১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব।

১২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,— ৯০নং নবাবপুর রোড, ঢাকা।

১৩। শ্রীমধ্বাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।

১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাযোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।

১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—ভুবনকোন্দা, চিরকুণ্ডা পোঃ, মানভূম।

১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা

১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ ভগবান রোড, নিউদিল্লি

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—বড় লাল কে রোড, খুলনা;

২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—দেওয়ানগঞ্জ, জলপাইগুড়ী কুচবিহার।

৩। শ্রীযুক্ত রামবল্লভ রায়—৭৯।২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা

৪। মিঃ এন কে, মুখার্জ্জি—এম, এস, এয়াকস দি মল, কানপুর

৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী জ্যোতিভূষণ—স্বরূপগঞ্জ, নদীয়া

৬। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।

৭ শ্রীবিরাজমোহন দে—মনমোহন প্রেস, নবাবপুর, ঢাকা

৮। শ্রীশৈলেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় বেড়াচাঁপা, ২৪ পরগণা

৯। শ্রীপঞ্চানন চট্টোপাধ্যায় এ, এম, এম, মানবাজ

১০। শ্রীপাদ অতীন্দ্রিয় ভক্তিসুধাকর মানবাজ।

১১ শ্রীপাদ নরোত্তম দাসাধিকারী ঐ

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভর সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম—

সারফলিন

টনিক ও সালসা পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার কমে হয়। কলেন পরিচারকে

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

"একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ১৫ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ খাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ দিনের উপর খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে হয়রাণ হবেন কেন? সুতরাং ॥৹ আনার সারফলিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট, এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ৶৹ আনা, ডজন ৫।৹ আনা।

এজেণ্ট—মেসারস্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কালকাতা।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা সর্ব্বত্র পাওয়া যায়।

আফিম ও অগ্নি শিশি ৸৹ আনা, ডজন ৮৲ ভিঃ পিঃ ও মাশুলাদি স্বতন্ত্র।

যুগল-মূর্ত্তি মার্কা এঃ বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

বর্ষায় একমাত্র স্বদেশী

রবারের জুতা

টি, টি, সিলিপার

চটি, ডি-সিয়ান ও এলবার্ট

চামড়াহীন, মজবুত, সস্তা, নরম, জল-কাদায় বিশেষ উপযোগী—এই স্বদেশী জুতা, বাজে বিদেশী জুতার বদলে কিনিয়া দেশী শিল্পের সহায়তা করুন।

ঠিকানা—টি, টি, সিলিপার এণ্ড কোং, ১নং টাউনসেণ্ড রোড, ভবানীপুর, কলিকাতা

গেটেগ্রামের নাম ও ঠিকানা — শ্রীধাম / নবদ্বীপ

Registered No. C 1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩।০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

সংবাদপত্রের হার অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ প্রতি সংখ্যা ৵৫

দৈনিক নদীয়া-প্রকাশ

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [১০৬ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—২০শে আষাঢ় ১৩৩৭ শনিবার ৫ই জুলাই ১৯৩০

কৃষ্ণনগরে বিরাট সভা

কলিকাতায় থানাতে মারামারি

পণ্ডিত মালব্যের তেজস্বিতা

জেল খালাসের দুই ঘণ্টা পরেই আবার চুরি

পিকেটীংএ গ্রেপ্তার

গোল টেবিলে সাইমন রিপোর্ট

ভারত ও বিলাতী ব্যবসায়

সাহেব মিশনারি ও আইন অমান্য

বাক্সের মধ্যে মৃতদেহ

বিবিধ সংবাদ

কৃষ্ণনগরে বিরাট্ শোভাযাত্রা

গত ১লা জুলাই তারিখে অনুমান ৬।০ ঘটিকার সময় নদীয়া জেলা কংগ্রেস কমিটীর কর্ম্মীবৃন্দের উদ্যোগে নিখিল ভারতীয় কংগ্রেসের ওয়ার্কিংকমিটীকে সরকার বে-আইনী বলিয়া ঘোষণা করিয়া সম্পাদক ও প্রেসিডেন্ট পণ্ডিত মতিলাল নেহেরুকে গ্রেপ্তার করায় একটী বিরাট শোভাযাত্রা বাহির হয়। শোভাযাত্রায় বালক, বালিকা, স্ত্রী, পুরুষ প্রায় সহস্রাধিক লোক যোগদান করিয়াছিল। শোভাযাত্রা কংগ্রেস আফিস হইতে বাহির হইয়া মালোপাড়ার রাস্তার গোলাপটী হইয়া হাইষ্ট্রীটে গমনাগমন করে। অবশেষে রামগোপাল টাউনহলে আসিয়া একটী জনসভা করে। ২০জন কনষ্টেবল আসিয়া ৫।০ ঘটিকার সময় হইতে পোষ্টাফিসের প্রাঙ্গণে উপস্থিত ছিল। পুলিশগণ দূর হইতে সভার কার্য্য দর্শন করিতেছিল শ্রীযুক্ত ক্ষিতীশচন্দ্র মুখোপাধ্যায় মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। সভায় উকীল লাইব্রেরীর প্রেসিডেন্ট প্রবীণ উকীল শ্রীযুক্ত বাবু ইন্দুভূষণ চক্রবর্ত্তী, কর্ম্মবীর শ্রীযুক্ত বিজয় গোপাল চট্টোপাধ্যায়, উকীল শ্রীযুক্ত বাবু গিরীন্দ্রনাথ মুখোপাধ্যায় প্রভৃতি মহোদয়গণ বক্তৃতা করেন।

কলিকাতায় থানাতে মারামারি

গত মঙ্গলবার আমেরিকার নাবিক জে, ট্রুং এবং ভূতপূর্ব্ব সার্জেন্ট জি, উয়েব কলিকাতার একটী থানাতে প্রবেশ করিয়া দুইজন সার্জেন্টকে আঘাত করে এবং একজন কনেষ্টবলের মাথাতে গুরুতর আঘাত করে। উহাদিগকে গ্রেপ্তার করিয়া লালবাজার থানার হাজতে রাখা হইয়াছিল। পরে বিচারে ইহাদের প্রত্যেকের ২০৲ টাকা করিয়া জরিমানা হইয়াছে।

পণ্ডিত মালব্যের তেজস্বিতা

কারাদণ্ড-প্রাপ্ত কংগ্রেস প্রেসিডেন্ট শ্রীযুত পণ্ডিত মতিলাল নেহেরুর সহিত সাক্ষাৎ করিবার জন্য গত ২রা জুলাই তারিখে পণ্ডিত মদন মোহন মালব্য এলাহাবাদে পৌঁছেন। ভারতীয় কংগ্রেসের বর্ত্তমান সভাপতি সর্দ্দার বল্লভ ভাই পেটেলের নিকট তার যোগে পাঃ মালব্যজী জানাইয়াছেন যে কংগ্রেসের কার্য্যকরী সমিতির পক্ষে কোনরূপ কাজ করিবার জন্য তিনি সর্ব্বদা প্রস্তুত আছেন।

বৈঠক ও রিপোর্ট

বিলাতে অনুষ্ঠীয়মান গোলটেবিল বৈঠক সাইমন কমিশনের সমর্থন করিতে বাধ্য থাকিবেন না। উক্ত বৈঠক স্বাধীনভাবে গবেষণা করিবেন। সাইমন কমিশন এবং সেণ্ট্রাল কমিটীর রিপোর্ট সম্বন্ধে বৈঠকে কথাবার্ত্তা চলিলেও চলিতে পারে। বৈঠকের সভ্যগণ অপর কোন প্রস্তাব করিলেও করিতে পারেন। সাইমন রিপোর্ট একখানি রিপোর্ট মাত্র উহা গবর্ণমেণ্ট অথবা পার্লামেণ্টের কোন সিদ্ধান্ত স্বরূপ ধরিবা নহে।

সরকারের পক্ষ হইতে বৈঠকের নিকট কোনরূপ প্রস্তাব স্থাপিত হইবে না।

[illegible]

কাগজ বলেন যে পার্লামেন্ট [illegible] স্থাপিত হইবে [illegible] মধ্যে [illegible] এবং [illegible] রিপোর্টের মন্তব্য [illegible] বিশেষ [illegible]।

জেল খালাসের ২ ঘণ্টা পরেই আবার চুরি

[illegible] এক ব্যক্তি জেলখানা হইতে বাহির হইয়া তাহার দুই ঘণ্টার মধ্যে পুনরায় নিউ মার্কেটে [illegible] হইতে টাকাকড়ি সহ [illegible] ছিনাইয়া লইয়া পলাইতেছিল [illegible] ধরা পড়িয়াছে।

[illegible] ভূমিকম্প

গত ২রা জুলাই [illegible] রাত্রি প্রায় [illegible] কলিকাতা, [illegible] জেলায় [illegible] হইয়াছে [illegible] হইয়াছিল [illegible]। এপর্য্যন্ত [illegible] পাওয়া যায় [illegible] ছিল এবং [illegible] বহু লোক বিশেষতঃ [illegible] সমস্ত রাত্রি [illegible] কাটাইয়াছিল।

মদের দোকানে পিকেটীংএ গ্রেপ্তার

[illegible]

[illegible] মদের [illegible] স্বেচ্ছাসেবক [illegible] হয়। [illegible]

নানা খবর

[illegible] গোলযোগ

[illegible] কংগ্রেস [illegible] জাতীয় [illegible] গোলমাল [illegible]। [illegible] আঘাতে [illegible] আহত হয়।

বিলাতে দুশ্চিন্তা

[illegible] প্রকাশ [illegible]। কিন্তু বিলাতে [illegible] দুশ্চিন্তাগ্রস্ত হইয়াছেন। [illegible] রাখিবেন।

আবার স্বাধীন

পাঠক অবগত আছেন যে ফরাসী [illegible] জার্মানির [illegible] ছিল। [illegible] আবার তাহারা পূর্ব স্বাধীনতা [illegible] আস্ফালন করিতে লাগিল। [illegible] দেশের পূর্ব স্বাধীনতা ঘোষিত হইল। পাহাড়ে পাহাড়ে [illegible] আনন্দ প্রকাশ করিল এবং রাস্তায় রাস্তায় [illegible] এবং আনন্দ কোলাহল হইতে লাগিল।

[illegible] এবং [illegible] পরস্পরকে সাদর সম্ভাষণ করিয়া আপ্যায়িত করিল।

অনেককাল ধরিয়া [illegible] আশা করিতেছিল।

সাহেব মিশনারি ও আইন অমান্য

[illegible] আমেরিকান পাদরী। তিনি [illegible] কলেজের প্রিন্সিপাল। [illegible] যে সমস্ত ব্যক্তি আইন অমান্য [illegible] সহানুভূতি প্রকাশ করেন, [illegible] গভর্নমেন্ট তাঁহাকে স্বদেশে ফিরিয়া যাইতে [illegible] একটা গুজব রটে। বর্তমানে প্রকাশ পাইতেছে যে তিনি স্বদেশে ফিরিতেছেন বটে, তবে সে কেবল [illegible] শিক্ষা করিবার জন্য। ছয় বৎসর পরে, তাঁহার শিক্ষা কার্য শেষ হইলে তিনি পুনরায় ভারতে [illegible] আসিবেন।

তুরস্কে যুদ্ধ

আবার বুঝি [illegible] হয়! [illegible] হইতে সংবাদ পাওয়া যাইতেছে যে [illegible] কুর্দজাতীয় লোক যুদ্ধ [illegible] করিতেছে। [illegible] হইতে তুরস্কে আসিয়া [illegible] এবং তুরস্করাজ্যের প্রজাদিগকে বিদ্রোহে উত্তেজিত করিতেছে। [illegible] সৈন্য এবং বিমানপোত [illegible] আক্রমণকারীদিগকে [illegible] পরাজিত ও বিধ্বস্ত করিয়াছে। একদল কুর্দ [illegible] আশ্রয় গ্রহণ করিয়াছে। কিন্তু সৈন্যগণ [illegible] সীমার উভয়দিকে তীক্ষ্ণদৃষ্টি রাখিয়াছে।

তুরস্ক গভর্নমেন্ট এবিষয়ে [illegible] গভর্নমেন্টের নিকট অভিযোগ করিয়াছেন। শেষ সংবাদ এখনও জানা যায় নাই।

ইরাক স্বাধীন

ইরাক আবার স্বাধীন হইল। ইংরাজের সহিত সন্ধি হইয়া গেল, ইরাক জাতিসংঘে স্থান পাইল। ইরাকের পক্ষে রাজ্যের প্রধান মন্ত্রী এবং ইংরাজের পক্ষে হাই-কমিশনার [illegible] সন্ধিপত্রে সহি করিলেন। ইংরাজগণ পাঁচ বৎসরের মধ্যে [illegible] এবং [illegible] হইতে সমস্ত সৈন্য উঠাইয়া লইবেন। তাহার পর ইংরাজেরা [illegible] বিমান আড্ডার স্থান [illegible] করিয়া লইবেন। আভ্যন্তরীণ রক্ষা এবং বহিঃশত্রুর হস্ত হইতে রাজ্যরক্ষার ভার ইরাকের নিজের হইল।

আবার কমিশন

[illegible] পার্লামেন্টে সেক্রেটারী মিঃ টি, [illegible] সভায় প্রকাশ করিয়াছেন যে সরকার [illegible] একটী অর্থনৈতিক কমিশন পাঠান মনস্থ করিয়াছেন।

ভারত ও বিলাতী ব্যবসায়

বৃটিশ ট্রেড কমিশনারগণ ভারতের বর্তমান অবস্থার [illegible] লিখিয়াছেন এবং ভারতে বিলাতী ব্যবসায় প্রসারের জন্য সমস্ত রকম সামরিক উপায় অবলম্বন করিতেছেন। [illegible] বলেন যে ভারতের স্বদেশী আন্দোলনের বিরুদ্ধে বিশেষ আন্দোলন করা আবশ্যক।

পাতিয়ালার ব্যাপার

পাঠক অবগত আছেন যে পাতিয়ালা রাজ্যের সম্বন্ধে তদন্ত করিবার জন্য একটী কমিটী বসিবে। সম্প্রতি ভারত সচিব প্রকাশ করিয়াছেন যে এই তদন্ত গোপনে হওয়াই বিধেয়।

প্রকাশ যে সাইমন রিপোর্টের একটী সাধারণ সংস্করণ বাহির হইবে।

বাক্সের মধ্যে মৃতদেহ

[illegible] একটী পুকুরে একটি বাক্স ভাসিতে দেখিয়া গ্রামবাসিগণ তাহা টানিয়া তুলে। উক্ত বাক্স খুলিয়া দেখা যায় যে তাহাতে একটী পশ্চিম দেশীয় লোকের মৃতদেহ রহিয়াছে। কেহ তাহার গলা টিপিয়া মারিয়াছে বলিয়া জানা যায়। উপস্থিত অনুসন্ধানে প্রকাশ পাইয়াছে যে উক্ত মৃত লোকটী কলিকাতা ক্যানিং ষ্ট্রীটের [illegible] কোম্পানীর দারোয়ান [illegible]। এই ব্যক্তি [illegible] সন্ধ্যার সময় বাড়ী যাইবার জন্য আপিস হইতে চলিয়া আসে এবং তার পর তাহার আর কোনও উদ্দেশ পাওয়া যায় নাই। আপিস হইতে যাবার কালে তাহার নিকট টাকা কড়ি কিছুই ছিল না। কি জন্য বা কাহার দ্বারা এই হত্যাকার্য সম্পন্ন হইয়াছে তাহা এতক্ষণ কিছুই জানা যায় নাই।

ভ্রম সংশোধন

পণ্ডিত মালব্য এবং মৌলানা আবুল কালাম গ্রেপ্তার বিষয়ে যে সংবাদ পূর্বে প্রকাশিত হইয়াছে তাহা ভুল বলিয়া প্রকাশ পাইতেছে। অতএব কলিকাতার দিনে গ্রেপ্তার ইত্যাদি বিষয়ে সকল সময় সঠিক সংবাদ পাওয়া যায় না। সুতরাং একরূপ ভুল মার্জনীয়। দেশের যে সকল গ্রেপ্তার ও জেল বিষয়ে সংবাদ পাই [illegible] তাহাদের [illegible] সত্য বলিয়া প্রকাশ পাইতেছে। যখন যেরূপ সংবাদ পাওয়া যায় সেই রূপই প্রকাশ করা হয় এবং যথাসাধ্য সঠিক সংবাদই প্রকাশ করিবার চেষ্টা হয়।



[illegible]

মদন মঞ্জরী

বটিকার বল ও ধাতুবিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, প্রস্রাবে শুক্রপাত, স্বপ্নদোষ, মাথাঘোরা, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি সকল প্রকার নিশ্চয় আরোগ্য হয়। বল, বীর্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

"অপূর্ব সর্বজ্বারি ঘৃত"

পুরুষত্বহানি রোগে বাহ্যপ্রয়োগ দ্বারা আশ্চর্য্য করিয়া শক্তিসঞ্চার করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

"রমণীবিলাসিনী বটিকা"

বীর্য্যধারণ করত সম্ভোগশক্তি স্থায়ী ও বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

রাজবৈদ্য আত্মারামজী, কেশবজী
১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের ঢোকা শিশি বাদাম তৈল

খাঁটি ও অকৃত্রিম এবং উপকারিতার সর্বজন পরীক্ষিত ও বহু প্রশংসিত।

আমরা সর্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম খোদা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জোয়াচোরগণ অন্যদের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

স্বত্বাধিকারী—জে, বি, দত্ত

ফেরাস্ কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার জ্বর তাড়াতে উপযুক্ত মাত্রায় আইরন, হাইড্রোক্লোর কুইনিন, আর্সেনিক এবং ইষ্ট্রিকনিন আছে।

এই ফেরাস্-কুইনিন্ দ্বারা ইনজেকসন করিলে একটী বা দুইটী ইনজেকসনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং ছয় হইতে বারটী ইনজেকসনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া দেয়।

৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ডাঃ মাঃ ।৵০ আনা।

বাইও-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরীজ
২৯।১ হসুরীমল লেন, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর—২০শে আষাঢ় শনিবার—১৩৩৭

সাময়িক প্রসঙ্গ

স্বধামপ্রাপ্ত বিজয়কৃষ্ণ গোস্বামী মহাশয়ের প্রধান অনুগ কুলদানন্দ ব্রহ্মচারী মহাশয় গতবৎসর পীড়িত হইয়া জীবিতোত্তরকালে অগ্নিসংস্কার ব্যতীত তাঁহার শরীরের সমাধি দিবার অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন। তদনুসারে উক্ত ব্রহ্মচারী মহাশয়ের অনুগগণ তাঁহার পরলোকগমনে শ্রীরথযাত্রার পূর্ব্বেই তাঁহাকে শ্রীক্ষেত্রে সমাহিত করিয়াছেন।

উক্ত ব্রহ্মচারী মহাশয়ের শিক্ষিত অনুগ শ্রীযুক্ত অচলানন্দ ব্রহ্মচারী মহাশয় বহু সদ্গুণে অলঙ্কৃত। তাঁহার বিনয় নম্র ব্যবহার ও সৌজন্য বিদ্বৎসমাজে বড়ই আদরের বিষয়। ব্রহ্মচারী মহাশয় নানাস্থানের প্রয়োগবিধানে ও স্মৃতিশাস্ত্রে অধিকার লাভ করিয়াছেন। তিনি তাঁহার গুরুদেবের শ্রাদ্ধাদি কর্ম্মকাণ্ড-বিহিত লৌকিক-পন্থায় অনুষ্ঠান করিবার শাস্ত্রপ্রমাণ পান নাই। বিভিন্ন জাতি-সমাজের বিচার-মতে সাধারণ অগ্নিসংস্কৃত দেহবিশেষের অন্ত্যেষ্টি ক্রিয়ার পরিবর্ত্তে গুরুবর্গের বিধানানুসারে যে কোন দিবসে মহোৎসবাদি করিবার বিচার প্রাপ্ত হইয়াছেন।

মুক্তপুরুষের গৃহস্থ শিষ্যগণের গুরুদেবের দেহত্যাগে কোন অশৌচ গ্রহণের প্রথা প্রবর্ত্তিত আছে কি না,—জিজ্ঞাসা করিবার মানসে শ্রীযুক্ত অচলানন্দ ব্রহ্মচারী মহাশয় গত ১৩ই আষাঢ় প্রাতে শ্রীপুরুষোত্তমমঠে সমাগত হইয়া প্রশ্ন করেন। প্রেতকৃত্য বিচারে গৃহস্থাশ্রমে অবস্থিত ব্যক্তিগণের যেরূপ অগ্নিসংস্কার ও শ্রাদ্ধাদি হইয়া থাকে, তদ্রূপ কার্য্য পুনরায় জন্মপরিগ্রহকারীর পক্ষেই বিহিত হয়। ত্যক্তসংস্কার জনগণের ঐরূপ ব্যবস্থা—স্মৃতিশাস্ত্রসম্মত নহে। পরমার্থিগণও সেইরূপ বিচার করিয়া থাকেন। ব্রহ্মচারী মহাশয়ের সৌজন্য ও বিচার প্রশংসনীয়।

শ্রীজগন্নাথ-মন্দিরে বৈদ্যুতিক আলো প্রবর্ত্তিত হওয়ায় প্রাচীন পদ্ধতির আদরকারিগণ সন্তুষ্ট হইতে পারেন নাই। এতৎ সম্পর্কে শ্রীমন্দিরের অধ্যক্ষ রাজাসাহেবের এবং শ্রীমূর্ত্তির সেবায়েৎ পণ্ডাগণের মধ্যে মতদ্বৈধতা উপস্থিত হইয়াছে। শুনা যায়, কর্ত্তৃপক্ষের নামে অনেক বাধিত পণ্ডা রাজদ্বারে অভিযোগ উপস্থাপিত করিয়াছেন। এরূপ মতভেদ মিটিয়া যাওয়াই সঙ্গত, কিন্তু বর্ত্তমান রাজ-সেক্রেটারী মিটাইবার পক্ষপাতী নহেন বলিয়াই শুনা যায়। শ্রীমন্দির-সংক্রান্ত

(১)

(ক) ব্রহ্মচারী অচলানন্দের শ্রীপুরুষোত্তমমঠে আগমন এবং তথায় তদীয় স্বধাম-প্রাপ্ত গুরুদেব শ্রীকুলদানন্দ ব্রহ্মচারী মহাশয়ের শ্রাদ্ধ বিষয়ে মুকুন্দের বিচার-শ্রবণ

(খ) প্রেতকৃত্যবিচারে পুনরায় জন্মপরিগ্রহকারীর পক্ষে যেরূপ অগ্নি-সংস্কার ও শ্রাদ্ধাদি বিহিত হইয়া থাকে, ত্যক্তসংস্কার জনগণের পক্ষে তাদৃশ বিধান স্মৃতি-শাস্ত্র সম্মত নহে

(গ) শ্রীজগন্নাথ মন্দিরে বৈদ্যুতিক আলো-প্রবর্ত্তনে প্রাচীন-পদ্ধতি-অনুমোদনকারিগণের অসন্তোষ

(ঘ) শ্রীমন্দিরের অধ্যক্ষ ও পণ্ডাগণের মধ্যে বিবাদ

(ঙ) শ্রীমন্দির-সংক্রান্ত ব্যক্তিগণের সদাচার-সংরক্ষণ একটী প্রধান কার্য্য

(চ) উৎকলের অশিক্ষিত জনসমাজে প্রাকৃত সহজিয়াবাদকে 'ধর্ম্মরাজ' বলিয়া ভ্রান্তি শুদ্ধভক্তগণের সেই ভ্রান্তি অপনোদন-চেষ্টা

(ছ) ছত্রানন্দগণকে মহাজন ও ব্যক্তিবিশেষকে 'গৌরনিত্যানন্দের যোগজতনু' প্রভৃতি বিচার এবং শ্রীচৈতন্যের আদর্শ সম্পূর্ণ সিদ্ধান্ত-বিরুদ্ধ ও রসাভাসদোষদুষ্ট এবং সমাজের সমূহ অহিতকারক

(২)

(ক) আসামে আসুরিক বর্ণাশ্রম-ধর্ম্মের প্রাদুর্ভাব

(খ) দৈব এবং আসুর বর্ণাশ্রম-বিচার

(গ) চতুর্ব্বর্ণেরই হরিভজন কর্ত্তব্য

(ঘ) আসামীয় শঙ্করদেবের বর্ণাশ্রম-ধর্ম্মমত

(ঙ) শৌক্রপন্থায় ব্রাহ্মণতা-বিচার শাস্ত্র-বিরুদ্ধ হইলেও শৌক্র-ব্রাহ্মণ-বিদ্বেষের পরিবর্ত্তে নিজেরা শুদ্ধ-ব্রাহ্মণ-সদাচারে প্রতিষ্ঠিত হইয়া অসদাচারীকে সংশোধন করা কর্ত্তব্য

(চ) শঙ্কর প্রবর্ত্তিত বিদ্ধবৈষ্ণব-সম্প্রদায়ের আচার-বিচার-বিভ্রাটের প্রতিবিধান আবশ্যক

(ছ) কৃষ্ণের দাসত্বই জীবের স্বরূপ ধর্ম্ম, তাহার অবমাননাকারীর বিনাশ অবশ্যম্ভাবী

(জ) ধর্ম্মকে বিসর্জ্জন দিয়া দেশ স্বাধীন করার চেষ্টা বাতুলতা মাত্র

(ঝ) চৈতন্যবিরোধে অচৈতন্যেরই আহ্বান হইয়া থাকে; মাৎসর্য্য-প্রপীড়িত হৃদয়ই শ্রীচৈতন্য প্রচারিত সত্যের সার্ব্বজনীনতা বিচারে অসমর্থ

(ঞ) নিজে শোকমোহভয়াদি-উপক্রান্ত অপসূত হইয়া অন্যকে ত্রাণ করিবার প্রয়াস নিতান্তই হাস্যাস্পদ

(ট) উপসংহারে ব্রহ্মচারী হরিপ্রসাদকে অসত্যের পক্ষপাতিত্ব বর্জ্জন-পূর্ব্বক সত্যের মর্য্যাদা সংরক্ষণের জন্য অনুরোধ

ব্যক্তিগণের সকল সময়ে সদাচার সংরক্ষণ করা একটী প্রধান কার্য্য। রাজাসাহেবের পক্ষ হইতে নিরপেক্ষ সদাচারের [illegible] পণ্ডাগণ সকলেই আচার-বিচার পালন করেন। রাজপ্রিয় অমাত্যগণের অত্যাচার হইতে রাজাকে সতর্ক হইবার জন্য এবং লোকানুকূলে কার্য্য করিবার উপদেশ দেওয়া উচিত।

উৎকল দেশের অশিক্ষিত জনসাধারণ প্রাকৃতসহজিয়াবাদকে 'ধর্ম্মরাজ' বলিয়া ধারণার সুযোগ পাইয়াছেন। উহারা যাহাতে শাস্ত্রবিহিত সদাচারে প্রতিষ্ঠিত হইয়া অশাস্ত্রীয় বিধানকে বিদায় দিতে পারেন, শুদ্ধ গুরুভক্তগণ সর্ব্বদাই চেষ্টা করেন। ইঁহাদের কৃপা সকল-সময়ে প্রাপ্ত উহারা করিলে—এরূপ কোন [illegible] পাওয়া যায় না। ছত্রানন্দ-গণের দ্বারা যাহা বিরুদ্ধ-সিদ্ধান্ত প্রচারিত হয়, তাহা কখনই ধর্ম্ম বলিয়া সিদ্ধ হইতে পারে না। তবে দীনেশ বাবুর ন্যায় বহু ভক্তগণ সর্ব্বদেশী সম্প্রদায়ের আদর্শ বৃদ্ধি করিবার সুযোগ না দেন, ইহাই ভক্তগণের অভিলাষ।

ব্যক্তিবিশেষকে গৌর নিত্যানন্দের যোগজতনু বলিয়া প্রচার করায় জগতে যে অমঙ্গল সাধিত হইতেছে, ছত্রানন্দকে মহাজন ও তাঁহার বাক্যকে কীর্ত্তন [illegible] করায় যে অনিষ্ট হইতেছে, তাহা [illegible] মন বুঝিয়া উঠিতে পারে না। উক্ত [illegible] সজ্জনের ইহার প্রতিবিধান প্রচার করিলে সমাজের নৈতিক চরিত্র উন্নত হইলে চরিত্রদোষদুষ্ট ছত্রানন্দের ও তাঁহাদের বিষময় ফল সমাজের অনেকেই বুঝিতে সমর্থ হইবেন।

আসামে আসুরিক বর্ণাশ্রম ধর্ম্ম

(পণ্ডিত শ্রীপাদ নিমানন্দ ভক্তিশাস্ত্রী বি, এস, বি, টি)

প্রতিষ্ঠাতা

আমরা পূর্ব্বে এই পত্রিকায় আসামের এক ব্রহ্মচারীর কিছু সেবা করিয়াছি। অদ্য আর এক ব্রহ্মচারীর সামান্য কিছু সেবা করিতে অগ্রসর হইলাম। তাঁহাদের শ্রীচরণে মস্তক অবনত করিয়া পুনঃ পুনঃ এই নিবেদন যে তাঁহারা যেন আমাদের এই দৈন্য-সেবা চেষ্টাকে নিন্দা বলিয়া গ্রহণ না করেন।

ইঁহার নাম শ্রীযুক্ত হরিপ্রসাদ ব্রহ্মচারী বি, এ [illegible] বিবাহিত। পূর্ব্বে সরকারী চাকুরী করিতেন, কিন্তু গান্ধীর আন্দোলনে চাকুরী পরিত্যাগ করিয়া কারাবরণ করেন। কারামোচনের পর সাধু সাজিয়া বর্ণাশ্রম স্থাপনে নিযুক্ত হন। ইঁনি ব্রাহ্মণের শত্রু এবং কায়স্থের [illegible]

করেন। তাঁহার শিষ্যগণ এই সমস্ত অশাস্ত্রীয় প্রাকৃত কার্য্য সম্পাদন করাইয়া থাকেন। ইঁহারা দৈব-বিচারের পক্ষপাতী নহেন, এবং প্রকাশ্যে ইহার বিরুদ্ধাচরণ করিয়া আসিতেছেন, যদিও শঙ্করদেবের প্রতি ইঁহাদের প্রগাঢ় শ্রদ্ধা আছে এবং তাঁহার অনুষ্ঠিত প্রণালীতে জীবন কাটাইয়া থাকেন।

বিবিধ বর্ণাশ্রম

দৈব ও আসুর বিভাগে বর্ণাশ্রম দ্বিবিধ। যথা,—

"দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব
আসুর এব চ।
বিষ্ণুভক্তঃ স্মৃতো দৈব আসুরস্তদ্বিপর্য্যয়ঃ॥"

বিষ্ণুভক্তগণ দৈববর্ণাশ্রম স্বীকার করিয়া কৃষ্ণভজন করেন আর হরিবিমুখ জনগণ আসুরিক বর্ণাশ্রম স্বীকার করায় ক্রমে অমঙ্গল প্রাপ্ত হন।

"ত্যক্ত্বা স্বধর্ম্মং চরণাম্বুজং হরের্
ভজন্নপক্কোঽথ পতেত্ততো যদি।
যত্র ক্ব বাভদ্রমভূদমুষ্য কিং
কো বার্থ আপ্তোঽভজতাং স্বধর্ম্মতঃ॥"
(ভাঃ ১।৫।১৭)

তাহার পর বলিতেছেন যে, হরিভক্তের অপকার ত [illegible] মঙ্গল; কিন্তু হরিবিমুখ বর্ণাশ্রমীর স্বধর্ম্ম পালনে কোন প্রয়োজনই সিদ্ধ হয় না।

বৃন্দাবনলীলায় মাথুর ব্রাহ্মণগণ কি প্রকারে তাঁহাদের কৃষ্ণবিমুখ কার্য্যপ্রণালীকে ধিক্কার করিয়াছেন, তাহা অনুধাবন করিলে বর্ণ বৃথা অহঙ্কার হইতে নিষ্কৃতি লাভ করিতে পারিব।

"ধিগ্ জন্ম নস্ত্রিবৃদ্ বিদ্যাং ধিগ্ ব্রতং
ধিগ্ বহুজ্ঞতাম্।
ধিক্ কুলং ধিক্ ক্রিয়াদাক্ষ্যং বিমুখা যে
ত্বধোক্ষজে॥"
(ভাঃ ১০।২৩।৪০)

তাঁহারা বলিতেছেন যে, কৃষ্ণবহির্ম্মুখ জনগণের ত্রিবৃৎজন্ম, বিদ্যা, ব্রত, বহুজ্ঞতা ও ক্রিয়াদক্ষতায় ধিক্।

"বর্ণাশ্রমাচারবতা পুরুষেণ পরঃ পুমান্।
বিষ্ণুরারাধ্যতে পন্থা নান্যত্তত্তোষকারণম্॥"
(বিষ্ণুপুরাণ)

বর্ণাশ্রম স্বীকার করিয়া যদি হরিভজনই না করিলাম, তবে আর করিলাম কি?

চতুর্ব্বর্ণেরই হরিভজন কর্ত্তব্য

কৃষ্ণভজনের যাহাতে বাধক [illegible] হয়, [illegible] কোন প্রকারে [illegible]
[illegible]
[illegible] চতুর্ব্বর্ণ [illegible]।
(মধ্য ২২।২০)

[illegible] দৈবিক [illegible], তাহাতে ত দৈবিক [illegible] বিরুদ্ধ [illegible] প্রবিষ্ট হয়। সুতরাং ব্রাহ্মণের বৈষ্ণব হইতে অধিকার লাভ করিতে হইবে।

এইরূপ বিচার কোথায় পাওয়া যায়?

শাস্ত্রে ব্রাহ্মণের তিন জন্মের কথা লিখিত আছে। যথা,—

"মাতুরগ্রেঽধিজননং দ্বিতীয়ং মৌঞ্জিবন্ধনে।
তৃতীয়ং যজ্ঞদীক্ষায়াং দ্বিজস্য শ্রুতি-
চোদনাৎ॥"
(মনু ২।১৬৯)

প্রথম শৌক্রজন্ম, দ্বিতীয় সাবিত্র জন্ম ও তৃতীয় দৈক্ষজন্ম। শৌক্র জন্মে সকলেই শূদ্র। দ্বিতীয় জন্মে উপনয়নসংস্কার গ্রহণ [illegible] হইবে, তৃতীয় [illegible] যজ্ঞদীক্ষা লাভ করিতে হইবে। কলিকালে যজ্ঞেশ্বর বিষ্ণু শ্রীনামযজ্ঞের দ্বারাই উপাস্য হন। সুতরাং কোন দ্বিজ বালক যদি কৃষ্ণমন্ত্রে দীক্ষিত না হন, তাহা হইলে তাঁহার বেদপাঠে নিষেধ হয় এবং তিনি তখন বেদপাঠে অনধিকারী শূদ্র বালক হইতে শ্রেষ্ঠ প্রতিপন্ন হইবেন না। ভাগবত বলিতেছেন

[illegible] ব্রাহ্মণ পদে
যদি।
[illegible]॥
(ভাঃ ১১।১১।১৮)

ইহার অনুবাদে শঙ্কর দেবও বলিতেছেন,—

শ্বপচ অধম, পার বৈষ্ণব হিয়া
কৃষ্ণক ভকতি নাই।
হাড় মাস প্রায়, প্রাণে মাত্র ফল
যেন চামে বান্ধা গাই॥

তাহা হইলেই দেখা গেল যে হরিনাম গ্রহণ ব্যতীত কাহারও ব্রাহ্মণত্ব সিদ্ধ হইবার উপায় নাই। এই হরিভজনে সকলেরই সমানাধিকার।

যেই ভজে সেই বড় অভক্ত হীন ছার।
কৃষ্ণ-ভজনে নাহি জাতি কুলাদি বিচার॥
(শ্রীচৈতন্যচরিতামৃত)

চণ্ডালোঽপি দ্বিজশ্রেষ্ঠো হরিভক্তিপরায়ণঃ।

হরিভজনকারী ব্রাহ্মণ চণ্ডাল সব এক, সবই বৈষ্ণব, সবই দৈব-বর্ণাশ্রমানুগ ব্রাহ্মণ।

শঙ্কর দেবের বর্ণাশ্রম ধর্ম্ম

শঙ্করদেব যদি বৈষ্ণব হন তবে তিনি দৈববর্ণাশ্রমী হইবেন। তিনি মাধবদেবকে বলিয়াছেন,—

"কর্ম্ম করি বিপ্রে শ্রেষ্ঠকাম্যক করয়।
শ্রেষ্ঠ বহু মানে সময়ে আনয়॥
মিছা কর্ম্ম বিপ্রর নির্ম্মিছা ভাবে জানি।
ভোগ করে শ্রেষ্ঠ উর্দ্ধগামী আনি॥
এতেকে আপুনি মিছা পরম দুর্গতি।
ইহ পরলোকে তার নাহি নাহি গতি॥
তাতে সে তোমাত কৈলা ই-সব আমার
হরি ভজন শরণ নাহি কর॥"
(গুরুচরিত)

এখানে যে কর্ম্মকাণ্ডীয় ব্রাহ্মণ হইবার ব্রহ্মচারী মহাশয়ের এত সখ, সেই ব্রাহ্মণের শ্রীনাম গ্রহণেরই অধিকার নাই বলা হইল।

ক্ষত্রিয় বর্ণত থাকি নৃপবর।
কত্রিয়াছা বধ অহ বহুতর॥
শ্রবণ-কীর্ত্তন ভক্তি করি আশ্রয়।
তপ করি তুমি মিছা পাপ করা ক্ষয়॥
(কীর্ত্তন ঘোষা)

এখানে মুচুকুন্দকে হরিভজন করিয়া ক্ষাত্রধর্ম্ম-জনিত পাপ হইতে মুক্তিলাভ করিতে বলা হইল।

সুতরাং শুধু পৈতা ঝুলাইয়া ব্রাহ্মণ ক্ষত্রিয় হইবার প্রয়াস কেন? আবার শঙ্করদেব জাতিতে শূদ্র ছিলেন বলিয়া যদি তাঁহাকে ব্রাহ্মণ্য সংস্কার গ্রহণ পূর্ব্বক মুক্তির অনুসন্ধান করিতে বাধ্য করা হয়, তবে তাঁহার শিষ্যাভিমানীর পক্ষে একটা অমার্জ্জনীয় দোষ হইয়া পড়ে।

শৌক্রব্রাহ্মণ-বিদ্বেষ

তাঁহার এক শিষ্যের সঙ্গে সবচেয়ে আমাদের তিন ঘণ্টাকাল আলাপ হয়। আলাপেতে প্রকাশ পায় যে, ব্রাহ্মণেরা অন্য জাতিকে ব্রাহ্মণাধিকার দিতে চাহেন না এবং নিজেদেরও যথা হিসাবে অধিকার নিষ্ঠুর হয়, ইহাই তাঁহাদিগকে এইরূপ পন্থা অবলম্বন করিতে বাধ্য করিয়াছে।

শৌক্রব্রাহ্মণতার নির্দ্দেশ যে শাস্ত্রসঙ্গত তাহাতে অণুমাত্রও সন্দেহ নাই কিন্তু কতকগুলি লোক সংকীর্ণতার অসদ্ব্যবহার করিয়াছে বলিয়াই যে আমাদিগকেও তাহাই করিতে হইবে, ইহা ন্যায়ানুমোদিত নহে।

শঙ্করদেব 'বামনাই' শাস্ত্রের বিগর্হিত আচরণকে উচ্ছেদ করিয়া ভাগবতী আচার প্রবর্ত্তনের চেষ্টা করিয়াছেন, তাঁহার অধস্তন শিষ্য সেবকেরা 'আমি ব্রাহ্মণ' 'আমি কায়স্থ', অভিমানীর বুদ্ধি-বশেই হইয়া তাঁহার প্রতিষ্ঠিত সম্প্রদায়ে আবার 'বামনাই' শাস্ত্রের প্রবর্ত্তন করেন সুতরাং শঙ্কর-প্রতিষ্ঠিত বিষ্ণু-বৈষ্ণব-সম্প্রদায়ে বর্ত্তমানে যে আচার-বিভ্রাট প্রবিষ্ট হইয়াছে, উহার প্রতিবিধানের চেষ্টা না করিয়া, তাঁহারা সেরূপ পন্থার অনুসরণ করিয়াছেন, ইহাতে আচার-বিভ্রাট আরও জটিলতর হইয়া তাঁহাদের ধর্ম্মজীবনকে একেবারে বিনষ্ট করত নরকের পরিষ্কার করিবে। কাহারও ব্যবসাকে নিন্দা করা সম্পাদকের পক্ষে শোভনীয় নহে। শৌক্রব্রাহ্মণেরা যাহা করে, তাহাই যদি আমরাও করি, তাহা হইলে আমরাও তাঁহাদের পাপ হইতে নিষ্কৃতি লাভ করিব না।

জীবের স্বরূপ

ভক্তগণ যাঁহারা শব্দের বিদ্বদ্রূঢ়ি বৃত্তি দ্বারা অর্থ নির্ণয় করেন, যাঁহারা ভক্ত ও ভগবানের নিন্দা করিতে দেখা যায়, ভক্তগণ ঐ নিন্দাকারীর বাক্যে বিচলিত হন না, কারণ তাঁহারা শব্দের বিদ্বদ্রূঢ়িবৃত্তি-প্রভাবে নিন্দাবাক্যের মধ্যে সরস্বতী দেবীর উক্তিই সর্ব্বদা গ্রহণ করিয়া থাকেন। শব্দের অজ্ঞরূঢ়ি বৃত্তি বলিতে নিন্দক-গণ ভক্ত-নিন্দার ফলে নানা প্রকার অশান্তি ভোগ করে, নিন্দকগণের মানসিক অশান্তি দূর করিবার জন্য শান্তচিত্ত ভক্তগণ দয়া-পরবশ হইয়া তাহাদিগকে সদুপদেশ প্রদান করিবার প্রয়াসী হন। নিন্দকগণের মধ্যে যাঁহারা ভক্তগণের উপদেশ গ্রহণ করেন তাঁহারা ভক্তগণের নিকট কৃতজ্ঞ হয়েন ও তাঁহাদের মঙ্গল উপদেশ বুঝিয়া তাঁহাদের অনুগত হইয়া পড়েন। কেহ কেহ আবার ঐ সকল নিন্দক নিন্দার পরিবর্ত্তে। অসম্ভব যে, তাঁহারা অত্যন্ত দুঃখ ও যন্ত্রণাদির ভাগী। ... তাহাদের প্রাপ্য।

নৈমিষারণ্য

ভৌগোলিক পরিচয়

যুক্তপ্রদেশের অন্তর্গত সীতাপুর জেলায় বালামৌ-সীতাপুর লাইনের প্রায় মধ্যস্থলে "নিমসার" নামক একটি ষ্টেশন আছে। এই ষ্টেশনটী বালামৌ হইতে ১৬ মাইল এবং সীতাপুর ষ্টেশন হইতে ১৮ মাইল দূরে স্থিত। নিমসার ষ্টেশনটী ... এক প্রাচীন তীর্থ অবস্থিত। নৈমিষারণ্যকে স্থানীয় লোকেরা "নিমসার" নামে অভিহিত করেন।

বৃক্ষ

নৈমিষারণ্যের বৃক্ষ অতীব মনোরম। অশ্বত্থ, শিরীষাদি, পুণ্যসলিলা গোমতী এই পূতত্তম তীর্থরাজের পাদদেশ বিধৌত করিয়া স্বীয় পতিত-পাবনী শক্তি বৃদ্ধি করিতেছেন। নানাবিধ শ্যামবর্ণ বৃক্ষরাজি ইহার স্থল বেষ্টন করিয়া প্রাকৃতিক প্রাচীর রূপে বিদ্যমান; মধ্যে মধ্যে শ্যামল শস্য-ক্ষেত্রসমূহ অবস্থান করিয়া দর্শকের দৃষ্টি আকর্ষণ করিয়া থাকে। কয়েকটী মনোমুগ্ধকর নির্ঝরিণী ইহার সৌন্দর্য্য বৃদ্ধি করিতেছে। স্থাপত্য-সমূহ কয়েকটি সৌধও বর্ত্তমানেও রহিয়াছে।

স্বাস্থ্য

নৈমিষারণ্য অতিশয় স্বাস্থ্যকর স্থান। এস্থানের জল অতিস্বচ্ছ। শাক সব্জী দুগ্ধ প্রভৃতি অতিশয় সুলভ ও সস্তা। এই স্থানের সুপক্ব চিঁড়া জগদ্বিখ্যাত।

দ্রষ্টব্য ও অবস্থানের স্থান

সত্য সমাজে নৈমিষারণ্য সাধুগণ ঋষি-বর্গদিগের পূততম তীর্থস্থান বলিয়া সুপ্রসিদ্ধ। এই স্থানে ব্যাস-গদি, সূত-গদি, ব্রহ্মকুণ্ড চক্রতীর্থ, পাণ্ডবটিলা, ললিতাদেবীর মন্দির, হনুমানজীর মন্দির প্রভৃতি পবিত্রতম অধিষ্ঠানসমূহ বিদ্যমান। পাণ্ডবটিলায় পাণ্ডবগণ বনবাস-কালে অবস্থান করিয়াছিলেন বলিয়া কথিত। অমাবস্যা, পূর্ণিমা প্রভৃতি তিথিতে সহস্র সহস্র যাত্রী পুণ্যার্জ্জনের নিমিত্ত নৈমিষারণ্যে গমন করিয়া থাকেন। এই যাত্রিগণের সুবিধার জন্য কিয়দ্দূর পূর্ব্বোক্ত ধর্ম্মশালা ব্যতীত তিনটী সুবৃহৎ ধর্ম্মশালা প্রস্তুত করিয়া দিয়াছেন এবং তাঁহাদের নিত্য মঙ্গল বিধানের নিমিত্ত শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার বর্ত্তমান পাত্ররাজ ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ তথায় ব্যাসদেবের আনুগত্যে শ্রীব্যাসগৌড়ীয় মঠ সংস্থাপন করিয়াছেন। তথায় বহু বহু যাত্রী তীর্থযাত্রার চরম ফল পরম নির্ম্মৎসর সাধুগণের শ্রীমুখ-নিঃসৃত ভাগবত-কথামৃত আস্বাদন করিতে পান এবং শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্ব্বিকা-গিরিধারীর মহাপ্রসাদ সম্মানের সৌভাগ্য লাভ করিয়া থাকেন। এই নৈমিষারণ্যের চতুর্ব্বর্গ-শিরোমণি পঞ্চমপুরুষার্থপ্রদানার্থ বেদ বিভাগ-কৈতব, কামক্রোধলোভকারী, আত্মাবুদ্ধি-বর্দ্ধক একমাত্র বাস্তব সত্য শ্রীমদ্ভাগবত-রূপে বিকাশ হইয়াছে, এই ক্ষেত্রেই পরমহংস শ্রীল শুকগোস্বামী শৌনকাদি ঋষিগণের নিকট বাস্তব সত্য শ্রীমদ্ভাগবত কীর্ত্তন করিয়াছিলেন। তাই এই মহাগৌরবান্বিত স্থানের পূর্ব্ব গৌরব রক্ষার নিমিত্ত শ্রীল প্রভুপাদ এই স্থানে একটী শ্রীমদ্ভাগবত-পাঠশালা স্থাপিত করিয়া ভাগবত-শাস্ত্র শিক্ষার ব্যবস্থা করিয়াছেন।

নামোৎপত্তির কারণ

'নৈমিষ' শব্দের আকর নির্ণয় বায়ু-পুরাণ বলেন, ব্রহ্মার সৃষ্ট মনোময় চক্রের নেমি অর্থাৎ চক্র পরিধি যে দেশে কুণ্ঠিত হয়, সেই মুনি-পূজিত পবিত্র তপোময় বনভূমিই নৈমিষ। মানবের অকৃত জ্ঞান যে স্থলে গমন করিয়া প্রাকৃত-জ্ঞান-সীমার অবধি লাভ করে, তৎপরিস্থিত অধোক্ষজের সেবা-ভূমিতে মনশ্চক্র বা প্রাকৃত জ্ঞান স্তব্ধ হয় সেই স্থানেই শ্রীমদ্ভাগবতের বর্ণনীয় বাস্তব বেদ্য চিন্ময়ভূমির বিশিষ্টকের দর্শন হয় বেদবেদাদির স্তবনের 'নেমি' কুণ্ঠিত এবং তাহাই নৈমিষ।

নেমি শব্দের একটী অর্থ তিনিশ বৃক্ষ। তিনিশ বৃক্ষপূর্ণ বনকেও সাধারণ লোকে নৈমিষারণ্য বলিয়া থাকে।

'নৈমিষ' শব্দে মূর্দ্ধণ্য 'ষ' কার গ্রহণ করিলে বরাহপুরাণ-লিখিত গৌরমুখ ঋষির প্রতি ভগবানের বাক্য আকর বলিয়া গ্রহণ করিতে পারা যায়। ভগবান্ নিমেষ-কাল-মধ্যে এই অরণ্যে দানব-বল নিহত করেন বলিয়া এই স্থানের নাম নৈমিষারণ্য হইয়াছে। বিশ্বপ্রকাশ বলেন, নিমিষ—অনিমেষাক্ষ, সেই স্থলের অবস্থায়ী নৈমিষ রূপে নামে খ্যাত। 'নিমিষ' নামক ঋষির তপো ভূমি বলিয়াও ইহা নৈমিষারণ্য বলিয়া কথিত।

মানবগণের কাম-ক্রোধাদি রিপুবৃত্তি হই দানব। অহৈতুকী শুদ্ধভক্তিপ্রদায়িনী-যুক্ত সৌভাগ্যবান্ জনগণের হরিকথালোচনায় এই দানবগণ নিহত হয়। যে স্থলে সর্ব্বদা হরিকথার শ্রবণ কীর্ত্তন হয়, তাহাই নৈমিষারণ্য।

ব্রহ্মজ্ঞানীর দেহাত্মবুদ্ধি

শ্রীপাদ নিত্যানন্দ ব্রহ্মচারী বি,এস্,বি,টি)

আমরা ইতঃপূর্ব্বে "আসামে হনুমানের অবতার" প্রসঙ্গে শ্রীযুক্ত মহেন্দ্রচন্দ্র চৌধুরী মহাশয়ের সামান্য সেবা করিতে যত্ন করিয়াছি। অদ্য বিষ্ণুপুরে প্রকৃত তাঁহার আর একটি প্রশ্নোত্তরকে উপলক্ষ্য করিয়া তাঁহার বৎ সামান্য সেবা করিতে অগ্রসর হইয়াছি।

প্রশ্ন। আপনিও চৈতন্যের পন্থায় সঙ্গ করেন, নিত্যানন্দ দাস মহাশয়ও তাই। আপনাতে ও তাঁহাতে পার্থক্য কোথায়?

উঃ। তাঁহার সঙ্গে আমার সামান্য পার্থক্য আছে। তিনি যে ভাবের কথা বলেন তাহা ঠিক্ হইলেও লোকে গ্রহণ করিতে পারে না। আবার সকলে বলেন, তিনি জাতি স্বীকার করেন না। কৈবর্ত্তের পাচিত অন্ন তিনি কৃষ্ণ-ভোগে লাগান এবং তাহা গ্রহণ করেন।

প্রঃ। আপনি কি করেন?

উঃ। আমি নিজে অন্ন পাক করিয়া ভোগে লাগাই এবং পরে সকলের সঙ্গে গ্রহণ করি।

চৌধুরী মহাশয় কৌপীনধারী। বৈরাগ্যের মূর্ত্তবিগ্রহ। তিনি ব্রহ্মজ্ঞানী এবং অনেককে ব্রাহ্মণ করিয়াও আসিতেছেন! সম্প্রতি এক ডাক্তার সাহেবকে ত্রিসূত্রে দীক্ষিত করিয়া, তাঁহাদের মধ্যে দুই জনকে ব্রাহ্মণ করিয়া দিয়া আসিয়াছেন, তিনি বলিয়াছেন, তিনি ঐ দুইজন ব্রাহ্মণের হাতে খান নাই, ইহা সহজে অনুমান করা যায়। তাহা হইলে ইহা সুনিশ্চিত যে, তিনি ব্রহ্মজ্ঞান লাভ করিতে পারেন নাই, অপরকে যে তাহা ত দূরের কথা। কেননা, যে জ্ঞান দুর্জ্জাতিকদোষ ধ্বংস করিতে পারে না, তাহা ব্রহ্মপ্রাপক কি প্রকারে হইতে পারে? যিনি এইরূপ জ্ঞানকে ব্রহ্মজ্ঞান বলেন, তিনি কি প্রকৃতপ্রস্তাবে আত্মবঞ্চনা ও পরবঞ্চনা, এই দুইটি মহাপাপের অনুষ্ঠান করেন না?

আমাদের বিশ্বাস তিনি শুদ্ধি আন্দোলনের পক্ষপাতী। উহা একটা সাময়িক নৈতিক আন্দোলন। পরমার্থ-অনুসন্ধানকারী বৈষ্ণবগণ এইরূপ আন্দোলনের পারমার্থিক কোন মূল্য আছে বলিয়া স্বীকার করেন না। চৌধুরী মহাশয় অর্থাগমের আর অন্য কোন সরল পথ না দেখিয়া এই যজ্ঞ-ব্যবসায়কেই একটা পন্থারূপে গ্রহণ করিয়াছেন, দেখিতে পাই। তিনি যেরূপে পরের মাথায় কাঁটাল ভাঙ্গিয়া খাইবার ব্যবস্থা করিয়াছেন, ভগবানও তেমনিই সকলের পাপের ভার তাঁহারই স্কন্ধে চাপাইবার বন্দোবস্ত করিয়াছেন। তিনি এখন হইতে সাবধান হউন।

তারপর তিনি চৈতন্যের নামে এইরূপ অচৈতন্যের ব্যবসা না করিলেও পারিতেন। চৈতন্য যাহা করিতে বলেন নাই, তিনি তাহা কেন করেন এবং তিনি যাহা বলিতে বলেন নাই তাহা তিনি কেন বলেন? হয় তিনি চৈতন্যের সেবা করুন না হয় তিনি জড়ের সেবা করুন, কিন্তু দুইটিই সেব যুগপৎ চলিতে পারে না। তিনি খাইতে পারা যাবে না বলিয়া উহাতে কিছু বাদ বিধান করিয়া লইতে হবে ইহা চৈতন্যের বিচার নহে। ইহা তাঁহার নিজের। চৈতন্যের কথা চৈতন্যেরই মত বলিতে হইবে। লোকে তাহা গ্রহণ করিবে কি না করিবে, সে বিচারের ভার আমাদের কাছে নাই।

যথা কাঞ্চনতাং যাতি কাংস্যং রসবিধানতঃ।
তথা দীক্ষাবিধানেন দ্বিজত্বং জায়তে নৃণাম্॥

—হরিভক্তিবিলাস

রাসায়নিক প্রক্রিয়াতে কাঁসা যেরূপ স্বর্ণত্ব লাভ করে, তদ্রূপ বৈষ্ণবী দীক্ষাও নরমাত্রেই দ্বিজত্ব লাভ করে। ইহাই চৈতন্যদেবের মত দীক্ষা লইবার পর গুরু দিয়াছে জাতিনামগুণবুদ্ধিতে দেখিতে পারেন না। দীক্ষার অনুপযুক্ত হইলে দীক্ষা দিবেন না, কিন্তু দীক্ষা দানের পর সে অমুক জাতীয় বৈষ্ণব, এইরূপ বিচার সিদ্ধান্ত সিদ্ধান্ত-বিরুদ্ধ। দেহে আত্মবুদ্ধি হইলেই এই বিচার প্রবল হয়।

চৈতন্যদেব বলেন—

যেবা জন বৈষ্ণবেতে জাতিবুদ্ধি করে।
জন্ম জন্ম অধমযোনিতে সে পড়ি মরে॥

শঙ্করদেবও বলেন—

চণ্ডালের মুখ ভাল দৈব হাত পাতি।
যেহেতু মুদ্রা যোগ করিলা ভকতি॥

জাতিতে ব্যাসও কৈবর্ত্ত ছিলেন, গুহক চণ্ডাল ছিলেন, নৈমিষারণ্যের ভাগবত-পাঠক সূত গোস্বামীও নীচকুল ছিলেন। কিন্তু তাঁহাদের সেবকসূত্রে আজ আমরা কিরূপে নিজের কুলের বড়াই করিতে পারি। আমার গুরু যদি বলেন অমুক কৈবর্ত্ত নয়, বৈষ্ণব, তখন আর আমি কি করিব? আমি ত' গুরুর উপর গুরু-গিরি করিতে পারি না।

আমরা গুরুর দাস। তাঁহার বিচারেরই অনুবর্ত্তন করিয়া থাকি মাত্র।" ভোগ-রাগ অর্পণ করিবার শক্তি আমাদের নাই। তিনি বলেন দেও, তাই দেই। এক্ষণে কৃষ্ণ গ্রহণ করেন কি না, তিনি জানেন। আমার হাতে কৃষ্ণ খাবেন কি, অন্য হাতে খাবেন—এইরূপ বিচার করিবার অধিকার আমাদের নাই।

হিরণ্যকশিপু যেরূপ প্রহ্লাদের বিশ্বাসেই স্ফটিকস্তম্ভে কৃষ্ণের অবস্থান জানিয়া মুষ্ট্যাঘাত করিয়াছিলেন, আমরাও গুরু' গুরুবাক্যে বিশ্বাসবশতঃ এই সমস্ত কার্য্য করিয়া থাকি।

ব্রহ্মচারী মহাশয় গুরুকে জাত দিলেন না, সূত দিলেন না, সমাজ দিলেন না, তবে দিলেন কি? তিনি লোকও ভজিবেন আর গোরাও ভজিবেন, ইহা কি সম্ভব-পর?

দুই নৌকায় পা দিয়ে সোজা চলা যায়,
দুই কভু একসাথে না হবে এক ঠাঁই॥

অতে বলিলেও এ কথা শোভা পায়। তিনি কাঁধ বাঁচাইয়া এই কথা বলিতে যান কেন? তাঁহার বৈরাগ্য দেখিয়া আমাদের একটি গান মনে পড়ে—

এও ত এক কলির চেলা।
মাথা নেড়া, কপ্নিপরা, তিলক নাকে
গলায় মালা।
দেখ্‌তে বৈষ্ণবের মত, আসল শাক্ত
কাজের বেলা।
কৃষ্ণদাসের কথাই শুনে মহাজনকে
দিচ্ছেন শলা।

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলা

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত
ভক্তি-গ্রন্থাবলী।
উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই
স্বর্ণাক্ষরিত। চতুর্থ সংস্করণ। বিস্তারিত সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

আমরা সর্ব্বদাই বেদ, বেদান্ত, উপনিষৎ, গীতা, শ্রীমদ্ভাগবত, পুরাণ, স্মৃতি প্রভৃতি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর পাই না বা মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই জন্য শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ
সমগ্র বাঁধাই—২৲ দুইটাকা
আবাঁধা—১৷০ দেড়টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও অনিত্য সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? স্বদেশ, সমাজ, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসংকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য

ভিক্ষা ৶০

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৶০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নয়টী দ্বীপ-ব্যাপিত। এই নয় দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৭০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

উজ্জ্বল ব্রোঞ্জ-ব্লু কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শ্রীমন্ মহাপ্রভুর শিক্ষা?

৶০
দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী এবং শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তিপথের স্বরূপ ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে ব্যক্ত হইয়াছে। ইহা দ্বারা শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!
শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :-

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা /০ আনা

দেহ ও মনের চেষ্টা অনিত্যবস্তু লইয়া ; তাহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন আত্মার আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, তদ্বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। [illegible] সংস্করণ প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড /০ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— /০, নবদ্বীপশতক— /০
অর্থপঞ্চক—/০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা /১০

আমরা অজ্ঞান পুরুষ স্বভাব ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিজে বা যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন্ বস্তু আমাদের নিত্য কল্যাণপ্রদ, এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিগ্রন্থ বাঙ্গালীর কল্যাণের কারক, যদি প্রত্যেকে নিত্যকল্যাণ প্রার্থনা

শ্রীল চক্রবর্ত্তি ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয় সংবলিত প্রায় ৮২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৷০

শ্রীবলদেব বিদ্যাভূষণ-কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোণার জলে নাম লেখা রাজসংস্করণ [illegible] টাকা, সাধারণ সংস্করণ ১৷০, গৌড়ীয়ে গ্রাহকগণকে ১৷০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি

(সারভৌমকোষগ্রন্থ

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। বিষ্ণুবৈষ্ণবসম্পর্কিত শ্রীমন্দির ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও গ্রন্থসমূহের তালিকা ও বিবরণ, ৫। বহু বিশেষের শ্লোক ও শাস্ত্রীয় আকরমূলে ব্যবহার কথা। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ম খণ্ড ৸০, ২য় খণ্ড ৸৵০, ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড ৷৵০, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ

—১ম খণ্ড ১৲ এক টাকা, ২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই ষট্সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ কর্মায় ২০০ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমন্মধ্বাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা /০ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক সূচী, বিষয়-সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত ভিক্ষা, প্রতি খণ্ড সাধারণ পক্ষে ৷৶০
গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে /০
২। ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৩য় সংস্করণ) ৫৲
৩। গৌড়ীয়-গৌরব ৶০
৪। গৌড়ীয়-সাহিত্য ।০
৫। ভজনরহস্য ।০
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপ-শতকম্ (বাঁধা) ৩৲
" " আবাঁধা ৸০
৭। গীতা (শ্রীবলদেবভাষ্য-সহ; বাঁধা ২৲
আবাঁধা ১৷০
৮। গীতা (শ্রীচক্রবর্ত্তী টীকা-সহ) বাঁধা ২৲
আবাঁধা ১৷০
গীতার কেবল মূল-শ্লোক ।০
৯। মুক্তফলটীকা কল্পতরুঃ সাত্ত্বত (সাজ) ২৲
১০। বেদান্তসূত্রের সাত্ত্বত (প্রমাণভাগ) ।০
১১। জৈবধর্ম্ম ২৲
১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৸৵০
১৫। দীপ-নিরূপণ ৵০
১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ৴০
১৭। গোস্বামী রঘুনাথ দাস অবাঁধা ৷৵০
ঐ ঐ বাঁধা ।০
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৷০
১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৶০
২০। শ্রীনবদ্বীপধাম মাহাত্ম্য ৶০
২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৶০
২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
২৩। শ্রীগোদ্রুমকল্পতরু পরিক্রমা খণ্ড ।০
২৪। শরণাগতি, গীতাবলী, সাধনকণ্, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্থপঞ্চক ও সদাচারস্মৃতিঃ সেট ৬০
২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও অষ্টকত্রয় ৵০
২৬। সাধনকণ্ঠমালা ৴০
২৭। [illegible]
২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲
২৯। [illegible] ।০
৩০। শ্রীচৈতন্যমহাপ্রভুর শিক্ষা ৸০
৩১। [illegible] ।০
৩২। [illegible] ৸০
শ্রীচৈতন্যভাগবত (বিরাট দ্বিতীয় সংস্করণ)

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈব-প্রাপ্ত এক্ষায় মহৌষধ, [illegible] সম্পূর্ণ আরোগ্য হইবে। বহু সংখ্যক [illegible] পারিয়াছেন। (গরীব রোগীগণকে [illegible]) বিস্তারিত জানিবার জন্য এক আনার টিকিট সহ [illegible] অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র উকীল পোঃ মৈকাটি, [illegible]।

[illegible] অনুসন্ধান করিতে পারেন—

[illegible] শ্রীযুক্ত [illegible] ব্রহ্মচারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রীযুক্ত [illegible] কৃষ্ণনগর পোঃ, জেলা নদীয়া।

একখানি পত্র

[illegible] জানাইতেছি যে আমার ভ্রাতুষ্পুত্র কঠিন [illegible] এবং কলিকাতার ৭৩ প্রসিদ্ধ ডাক্তার মহাশয়গণ জীবনের আশা [illegible] ত্যাগ করিয়াছিলেন, কিন্তু বাবু ক্ষিতীশচন্দ্র উকিল মহাশয়ের [illegible] সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছে।

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী
জমিদার, [illegible] ফরিদপুর।

মরা মানুষ বাঁচাইবার উপায়



[illegible] প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাঁহারা নানাবিধ [illegible] শক্তি নষ্ট করিয়া ফেলিয়া মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ, ধাতুদৌর্বল্য, স্নায়বিক দুর্বলতা, বহুমূত্র, [illegible], পাকস্থলীর পীড়া, অম্ল এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহারা বাধক, প্রদর, [illegible], মেহ ও রক্তপ্রদর, [illegible] রোগে [illegible] জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটন সাহেবের আবিষ্কৃত ইলেকট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রাপ্ত হওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য নানাবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ২৷০ টাকা মাত্র।

সোল এজেন্ট—ডাঃ ডি, ডি, হাজরা।
[illegible], [illegible] পোষ্ট, কলিকাতা।
ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

মহাকবি
শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পত্রসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোল্ড অক্ষরে ডবল ক্রাউন আটপেজী আকারে টীটাগড়ের কাগজে ছাপা ভিক্ষা—২৷০ টাকা

---

৪৪৮ গৌরাব্দের
সচিত্র

শ্রীনবদ্বীপ পঞ্জিকা

পরমার্থিব্যক্তি মাত্রেরই একান্ত প্রয়োজনীয়
বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত
বাংলার ঘরে ঘরে বিরাজিত হউক

ভিক্ষা ৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর পোঃ (নদীয়া)

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ. এফ.সি.এস. (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক
(প্রফেসার)

আয়ুর্ব্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে বহুদর্শিতা সহ ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।
নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাসি, সর্দ্দি, যক্ষ্মা, ক্ষয়রোগ, হৃদরোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্ব্বলতা নাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, শুক্রহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও [illegible] সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপরিসীম আনন্দদায়ক প্রদান।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত দুরারোগ্য রোগের মহৌষধ
মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ ২ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্ব্বত্র বিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটির উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটিকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটিকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। "মণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাকচিক করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্ব্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১ টাকা।

—অন্যান্য আবিষ্কৃত—

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান : আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

এখনও অপূর্ব্ব সুযোগ — পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম, এ প্রাজ (লাহোর)
মহোদয় কর্ত্তৃক সংকলিত

৪৭ খানি অপূর্ব্ব চিত্র সমন্বিত।
বিশ্বকোষ-সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইঃ) মরোক্কো বাঁধা ১।০ ভিপিতে ২৲ দুই টাকা মাত্র
গ্রন্থ প্রকাশ হইবামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে

মুদ্রক [illegible] নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে— [illegible] শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী এম, এস, এফ কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়প্রিন্টিং ওয়ার্কস হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৪৭শ খণ্ড এবং নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৫।৶০ সাধারণ পক্ষে ২১।৶০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।/০।

দশম। স্কন্ধের ভিক্ষা ১২৲, অগ্রিম সাধারণের পক্ষে ৮৲।

৭১ অধ্যায়ের কিয়দংশ পর্য্যন্ত বাদশ খণ্ড ছাপা হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষার তৃতীয় সংস্করণ ৬৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০৲ টাকার এই বিরাট্ গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আদিকবি

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫৲

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪৷৷০ টাক

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ

ভিক্ষা ।৶০ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব্ব বাঙ্গালার মধ্যে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে জানেন না, তাঁহাদের শ্রীচৈতন্য প্রভুর প্রচারিত পরম উপাদেয় হরি-কথা জানিবার সুবর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষা ও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	৷৲
সাধন পথ (শ্রীমহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	।০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৷৹
একত্রে ৩খণ্ড লইলে	।০
গীতাবলী প্রতিখণ্ড	৴৹০
একত্রে ৩ খণ্ড লইলে	৶১৫
শরণাগতি—প্রতিখণ্ড	৴০
একত্রে ৩খণ্ড লইলে	[illegible]

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্য:-

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগৌরগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪। শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ,—চটকপর্ব্বত, পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিরুলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৪নং অগস্ত্যকুণ্ড, কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
১০। শ্রীপরমহংস মঠ,—নৈমিষারণ্য পোঃ, সীতাপুর, ইউ পি।
১১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব।
১২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—১০নং নবাবপুর রোড, ঢাকা।
১৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।
১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাযোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।
১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—ভুয়রকোণা, চিরকুণ্ডা পোঃ, মানভূম।
১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ পরমানন্দ রোড, নিউদিল্লি

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দন ঘোষ—৭নং লক্ষ রোড, খুলনা।
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিবন্ধু—দেওয়ানগঞ্জ,
ভবানীপুর কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামরঞ্জন রায়—১৬২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা
৪। মিঃ এস ডি, মুখার্জ্জি—এম, এস, পরাকিম দি মল, কানপুর
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী জ্যোতির্ভূষণ—কৃষ্ণনগর, নদীয়া
৬। শ্রীরাসবিহারী দাস আচার্য্য, নবদ্বীপ।
৭ শ্রীবিনোদমোহন দে—মনোমোহন প্রেস, নবাবপুর, ঢাকা
৮। শ্রীশৈলেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় ভেতাগাছা, ২৪ পরগণা
৯। শ্রীপ্রকাশচন্দ্র চট্টোপাধ্যায় এ, এম,০ এস, ধানবাদ
১০। শ্রীপাদ অতীন্দ্রিয় ভক্তিপ্রদীপ ধানবাদ।
১১। শ্রীপাদ মনোমোহন লীলাবিহারী ঐ

দৈনিক-নদীয়া-প্রকাশ

বর্ষায় — একমাত্র — স্বদেশী

রবারের জুতা

টি, টি, সিলিপার

চটি, [illegible] ও এলবার্ট

চামড়াহীন, মজবুত, সস্তা, নরম, জল-কাদায় বিশেষ উপযোগী—এই স্বদেশী জুতা, বাজে বিদেশী জুতার বদলে কিনিয়া দেশী শিল্পের সহায়তা করুন।

ঠিকানা—টি, টি, সিলিপার এণ্ড কোং, [illegible] নং টাউনসেণ্ড রোড, ভবানীপুর, কলিকাতা

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভর সংযুক্ত ম্যালেরিয়া

—জ্বরের সাক্ষাৎ যম—

পারফিলিন

টনিক ও সালসা। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার ধ্বংস হয়। ফলেন পরিচীয়তে

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

'একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ২।৩ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ পাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ বিষের [illegible] খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে [illegible] হয়েন কেন? সুতরাং ।০ আনার পারফিলিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট; এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ৷৶০ আনা, ডজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসারস্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কালকাতা।

যুগল-মূর্ত্তি মার্কা
সর্ব্বত্র পাওয়া যায়।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

আসল ও আদ
শিশি ৸০ [illegible]
ডিঃ পিঃ ও রেল [illegible]

যুগল-মূর্ত্তি মার্কা এঃ বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

[illegible] — শ্রীধাম নবদ্বীপ

Registered No. C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বাগ্র বঙ্গল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩৷৹
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

সাহায্যের হার
অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸৹
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৴৫

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার প্রমোদভূষণ চক্রবর্ত্তী [১১০ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—২৫শে আষাঢ় ১৩৩৭ বৃহস্পতিবার ১০ই জুলাই ১৯৩০

কুষ্টিয়ায় বিরাট্ সভা

কৃষ্ণনগরে গ্রেপ্তার ও পিকেটিং

২৩বৎসরে পত্র প্রাপ্তি

ভারতবর্ষের প্রকৃত অভিপ্রায় ; কাশীতে ভূমিকম্প

লাটসাহেব কলিকাতায়

পুনার শোভাযাত্রা ; আফ্রিদির কারাদণ্ড

দিল্লীতে আশ্চর্য্য ডাকাতি

ভূমিকম্পে আসামের রেল-লাইনের অবস্থা

বিলাতে ও ইরাকে সন্ধি

বিবিধ সংবাদ

পিকেটিং

কৃষ্ণনগর মদ, গাঁজা ও আফিং প্রভৃতি আবগারী দোকানে যুবকগণ ও মহিলাগণ পিকেটিং করিতেছে।

স্কুল কলেজ

কৃষ্ণনগরের স্কুল সমূহের প্রথম দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর অধিকাংশ ছাত্র বর্ত্তমান আন্দোলনে স্কুলে যাইতেছে না। মাত্র সরকারী আমলা কর্ম্মচারীদের সন্তানগণ স্কুলে যায়। কলেজের অবস্থাও তদ্রূপ। গ্রীষ্মাবকাশের পূর্ব্বে কলেজে ধর্ম্মঘট হওয়ায় ১ম বার্ষিক শ্রেণীর ছাত্রগণ পরীক্ষা দিতে পারে নাই। সম্প্রতি তাহাদের পরীক্ষা হয় কিন্তু অল্প কয়েকটি ছাত্র পরীক্ষায় উপস্থিত হইয়াছে।

কুষ্টিয়ায় সভা

কুষ্টিয়ায় কংগ্রেস কমিটীর চেষ্টায় এবং মৌলবী আফসার উদ্দিন আহমদ সাহেবের সভাপতিত্বে কুষ্টিয়ার উচ্চ ইংরাজী বিদ্যালয়ের প্রাঙ্গণে এক বিরাট সভার অধিবেশন হয়। পাঁচ হাজার লোক সভায় সমবেত হন। প্রায় পাঁচ শত ভদ্রমহিলা সভায় যোগদান করেন। এই সভায় বিশেষত্ব এই যে অনেক পর্দ্দানশীন মুসলমান মহিলা উপস্থিত ছিলেন।

দিনাজপুরের মৌলানা আবু তাহের কাছিম প্রধান বক্তা ছিলেন। কোরাণ শরিফ হইতে মৌলানা সাহেব প্রমাণ করেন যে, ভারতীয় মুসলমান সম্প্রদায় কখনই জাতীয় উদ্বোধনের দিনে চক্ষু নিমীলিত করিয়া নিশ্চিন্ত থাকিতে পারেন না। 'হিন্দু স্বরাজ' শব্দ অর্থহীন। ইহা স্বার্থান্ধ লোকদিগের তীব্র উত্তেজনা মাত্র।

মৌলবি রৌসন আলি খাঁ চৌধুরী হিন্দু মুসলমানের বিরুদ্ধে বক্তৃতা করেন। কুমারী শ্রীমতী মৃণাল দেবী বিদেশী বর্জ্জন সম্বন্ধে বক্তৃতা করেন। শ্রীমান্ [illegible] [illegible] রায় ছাত্রদিগকে আন্দোলনে যোগদান করিবার জন্য অনুরোধ করেন।

কংগ্রেস কমিটীর প্রতিনিধি শ্রীযুক্ত অমরেন্দ্র চক্রবর্ত্তী মহাশয় সভাপতিকে ধন্যবাদ প্রদান করেন। কয়েকজন মুসলমান স্বেচ্ছাসেবক-প্রতিকৃতি উঠিবার পর তুমুল "বন্দে মাতরম্" শব্দে সভা মুখরিত হয়। রাত্রি দশটায় সভা ভঙ্গ হয়।

গ্রেপ্তার

গত [illegible] [illegible] সি, [illegible] ব্যানার্জ্জীর নেটি [illegible] মদের বোতল ছিনাইয়া লইবার অভিযোগে গ্রেপ্তার করিয়াছে।

বিলাতে ত্রিপুরেশ্বরের সম্মান

বিলাতের "[illegible] [illegible]" [illegible] সোসাইটি" ত্রিপুরার মহারাজ [illegible] বাহাদুর এবং মহারাজের চীফ সেক্রেটারী মাননীয় রায় [illegible] [illegible] সভার "ফেলো" বা সভ্যরূপে গ্রহণ করিয়া বিশেষ সম্মান প্রদর্শন করিয়াছেন।

২৩ বৎসরে পত্র প্রাপ্তি

বিহারের অন্তর্গত [illegible] প্রবাসী কোন ব্যক্তি তাঁহার নামের একখানি পত্র কলিকাতা হইতে ডাকে ফেলিবার ২৩ বৎসর পরে উহা প্রাপ্ত হইয়াছেন। কলিকাতা পোষ্টাফিসের সিল্ বা মোহরের তারিখ ৭ই মে ১৯০৮ সাল এবং মধুপুর ডাকঘরের মোহরের তারিখ দেখা গেল ৩রা মার্চ্চ ১৯৩১ সাল।

ঐ পোষ্টকার্ড খানি মিঃ [illegible] নামে লেখা হইয়াছিল এবং ২১নং [illegible] টোলা ষ্ট্রীট, কলিকাতা, হইতে প্রেরিত হয়। বর্ত্তমানে ঐ পোষ্টকার্ডখানি [illegible] [illegible] ষ্ট্রীট (কলিকাতা) শ্রীমতী [illegible] নিকট রক্ষিত আছে।

দিল্লীতে আশ্চর্য্য ডাকাতি

[illegible] [illegible] দোকানে একজন যুবক প্রবেশ করিয়া কোষাধ্যক্ষকে [illegible] [illegible] [illegible] [illegible] চাবী লইয়া সিন্দুক খুলিয়া [illegible] টাকা লইয়া মোটরে চড়িয়া চম্পট দিয়াছে।

চাতুর্ম্মাস্যব্রতারম্ভ

অদ্য (১০.৭.৩০) হইতে [illegible] চাতুর্ম্মাস্যব্রত [illegible] [illegible]। পুনরায় [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] করিয়াছেন, [illegible] [illegible] [illegible] [illegible] পর্য্যন্ত ব্রত [illegible] [illegible] [illegible]। এই ব্রত সম্বন্ধে [illegible] [illegible]। [illegible] [illegible] সেবকগণ শ্রীগুরুদেবের [illegible] [illegible] হইতে [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

নানা খবর

কাশীতে ভূমিকম্প

আমরা শুনিয়া দুঃখিত হইলাম যে কাশীতে নাকি ভূমিকম্প হয়। ... কোন প্রকারে তাহার ব্যতিক্রম হইতেছে। এখানেও কাশীতে ১ মিনিটকাল যাবৎ ভূমিকম্প হইয়াছিল কিন্তু বিশেষ কোনও ক্ষতি কোথাও হয় নাই।

ভারতবর্ষের প্রকৃত অভিপ্রায়

'...' নামক পত্রিকার সার ফ্রান্সিস ইয়ং 'হাংগামা'-পত্র দ্বারা প্রকাশ করিয়াছেন যে ভারতবর্ষ ইংরেজ তাহার সম্বন্ধ পাড়াইতে চায়। ডাঃ রবীন্দ্রনাথ ঠাকুর, মহাত্মা গান্ধী, মিঃ শ্রীনিবাস শাস্ত্রী, সার জগদীশ বোস এবং কে, এম, পানিক্কর প্রভৃতি ব্যক্তিগণ তাঁহাদের কাথা বলিতেছেন। সাম্রাজ্যের মধ্যে থাকা না থাকা ভারতের ইচ্ছাধীন হওয়া ব্রিটেন তাহাতে যোগ দিতে পারেন। সার ফ্রান্সিস বলেন যে 'গভর্ণমেন্ট অফ ইন্ডিয়া'র ভূমিকা হইতে সাম্রাজ্যের অধঃ অংশ ... ইম্পিরিয়াল পার্ট অফ দি এমপায়ার' এই কথাগুলি তুলিয়া দেওয়া উচিত এবং ভারতবর্ষের রাজাগণকে ও জনসাধারণকে জিজ্ঞাসা করা উচিত যে তাঁহারা ভারতে ... শাসনতন্ত্র স্থাপিত হইলে বৃটিশ সাম্রাজ্যের মধ্যে থাকিতে চান কি-না। ভারতে যে দারিদ্র্য আছে তাহা ... স্বীকার করেন কিন্তু তিনি বলেন ... না লইলে ভারতবর্ষে কোনও কার্য্য হইবে না এবং যাহা উচিত তাহাই ব্রিটেনকে করিতে হইবে।

পুনার শোভাযাত্রা

গত ৮ই জুলাই মহাত্মা গান্ধীর গ্রেপ্তার উপলক্ষে পুনাতে ... একটী মিছিল পুনঃ হইতে ... অভিমুখে যাত্রা করে। প্রায় তিন হাজার লোক এই মিছিলে যোগ দিয়াছিল। মহাত্মা গান্ধীর সহিত সাক্ষাৎ করা তাঁহাদের উদ্দেশ্য ছিল। এই মিছিল ইয়ারবেদা অভিমুখে অগ্রসর হইলে একদল পুলিশ তাহাদিগকে বাধা দেয় এবং তাহারা সেইখানে বসিয়া পড়ে। ক্রমশঃ মিছিলকারীগণ দলে দলে পুষ্ট হইতে থাকে এবং পুলিশও তাহাদের লোকসংখ্যা বৃদ্ধি করিতে আরম্ভ করে। ইহার শেষ কি হয় পরে প্রকাশিত হইবে।

আফ্রিদির কারাদণ্ড

আহমদ ... নামক একজন আফ্রিদিকে পেশোয়ার ক্যান্টনমেন্টের নিকট গড় কোর্ট রোডের উপর ধৃত করা হয় এবং তাহার নিকট একটি রাইফেল বন্দুক, ৮৮টি টোটা একটী ছোরা এবং কতকগুলি ডিনামাইট পাওয়া যায়। তাহাকে আমুদ (অ্যাক্ট) অনুসারে ফৌজদারী আদালতে ... করিলে সে অপরাধ স্বীকার করিয়াছে। বিচারে ... সশ্রম কারাদণ্ডের আদেশ হইয়াছে।

লাটসাহেব কলিকাতায়

... তারিখে বাংলাদেশের লাট-দম্পতি দার্জ্জিলিং হইতে কলিকাতায় প্রত্যাবর্ত্তন করিয়াছেন।

বিলাতের সহিত ইরাকের সন্ধি

গতকল্য মুনেব সংকোচ সংবাদে প্রকাশ যে বিলাতের সহিত ইরাকের যে সন্ধিপত্রের খসড়া প্রস্তুত হইয়াছে তাহাতে ইরাকের পূর্ণস্বাধীনতা রক্ষিত হইয়াছে।

রেল চলাচল পূর্ব্ববৎ

গত বুধবার বোম্বাই এবং ভূমিকম্পে ইষ্টার্ণ বেঙ্গল রেলের আমাদ অঞ্চলে স্থানে স্থানে রেললাইন নষ্ট হওয়ায় গোলকগঞ্জ, আমিনগাঁও এবং ধুবড়ী অঞ্চলে সমস্ত রেলগাড়ী চলাচল বন্ধ হইয়াছিল। ... হইতে সংবাদে প্রকাশ যে গত রবিবার হইতে পুনরায় নিয়মমত রেল চলাচল করিতেছে।

মেদিনীপুর ও নদীয়ার ২ ডিক্টেটর প্রভাত বাবু জেলে

গত ৬ই জুলাই সকালে রাস্তায় বসিয়া কংগ্রেস কমিটীর প্রেসিডেন্ট কলিকাতার সম্পাদক সমিতির সম্পাদক মেদিনীপুর সভার ... সমিতির প্রতিনিধি এবং নদীয়ার বুটিশ... জমিদার শ্রীযুক্ত ... ডিক্টেটর প্রতিনিধি শ্রীমান্ প্রভাত চন্দ্র বসু মহাশয়কে রাত্রি ৩টার সময় গ্রেপ্তার করা হয়। তাঁহাকে মুখপ্রক্ষালন করিবার পর্য্যন্ত সময় দেওয়া হয় নাই; ঘুম হইতে তুলিয়াই মোটর যোগে চালান দিয়া জেলের ভিতর আদালত বসাইয়া পিকেটিং অর্ডিন্যান্স অনুসারে ছয় মাসের জেল দেওয়া হয়—অবশ্য সশ্রম।

কোর্টের বাহিরে ভীষণ জনতা হয় এবং উত্তেজনার চিহ্ন লক্ষিত হয়। অবশেষে একদল কনষ্টেবল আসিয়া রেগুলেশন লাঠি সহ অবতীর্ণ হয়।

এই ব্যাপারের প্রতিবাদ করিবার জন্য বাড়িয়া এবং দানবাবে সম্পূর্ণ হরতালের অনুষ্ঠান হয়।

গাঁজার দোকানে হাঙ্গামা

ময়মনসিংহে গাঁজার দোকানে পিকেটিং সম্পর্কে ২৫ জনেরও অধিক স্বেচ্ছাসেবককে গ্রেপ্তার করা হইয়াছে।

সচরাচর যেমন হয়, সেইরূপ ভাবেই স্বেচ্ছাসেবকগণ গাঁজার দোকানে পিকেটিং করিতেছিল। কয়েকজন লোক গাঁজার দোকানে শুভাগমন করেন, স্বেচ্ছাসেবকগণ তাঁহাদিগের অবরোধ করার ফলে তীব্র ভাবে আক্রান্ত হয়। দুইজন স্বেচ্ছাসেবক তৎক্ষণাৎ মূর্চ্ছা যায়। তাহাদের মধ্যে একজনকে হাসপাতালে সরান হয় অপর স্বেচ্ছাসেবকের অবস্থা এরূপ খারাপ হয় যে তাহাকে হাসপাতালে পাঠাইতে যাইলে রাস্তায় মারা যাইবে, এইভয়ে একজন স্থানীয় লোকের বাড়ীতেই রাখা হয়।

তাহার পরে আবার দুইজন লোক গাঁজার দোকানে আসে। স্বেচ্ছাসেবকগণ তাহাদিগকে গাঁজা কিনিতে নিষেধ করিবা মাত্র তাহারা স্বেচ্ছাসেবকগণকে ভীষণ প্রহার করে। একজন স্বেচ্ছাসেবকের অবস্থা খারাপ, পুলিশ অনেককেই ধরিয়াছে।

লোহার বরগা কড়ি
করগেট টীন, জানালার গরাদে
দালানের ফুলদার রেলিং ও থাম
বেড়াঘেরা কাটাতার ইত্যাদি
সুলভে বিক্রয় করি
চন্দ্রমণি ...

আয়ুর্ব্বেদীয়
মদন মঞ্জরী
বটিকার বল ও ধাতুবিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, অজীর্ণে অম্লদোষ, স্বপ্নদোষ, মাথাঘোরা, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি সকল প্রকার বিকার আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।
"নপুংসকারি ঘৃত"
পুরুষহানি রোগে বাহ্যপ্রয়োগ দ্বারা আরোগ্য করিয়া পরিতৃপ্ত করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।
"স্বর্ণবিলাসিনী বটিকা"
বীর্য্যধারণ করত সন্তোষ শক্তি স্থায়ী ও বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।
বৈদ্য নারায়ণজী, কেশবজী,
১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন
সাবধান! সাবধান!! সাবধান!!!
জে, বি, দত্তের ঢোকা শিশি বাদাম তৈল
স্নিগ্ধ ও অকৃত্রিম এবং উপকারিতার সর্বজন পরিচিত ও বহু প্রশংসিত।
আমরা সর্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী J. B. Datta & Co. নাম খোদা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জোয়াচোরগণ বহুবর্ণের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।
বিনীত—জে, বি, দত্ত

ফেরাস কুইনিন্
নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার জন্য
ইহাতে উপযুক্ত মাত্রায় আর্সেনিক, বাইহাইড্রোক্লোর কুইনিন্, আয়রণ এবং ইউরিয়া আছে।
এই ফেরাস-কুইনিন্ দ্বারা ইনজেকসন করিলে একটী বা দুইটী ইনজেকসনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং রক্ত হইতে বারটী ইনজেকসনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া ...
৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ডাক ৵৹ টাকা
বাইও-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটারীতে
২৯।১ হরিতকী বাগান লেন, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর—২৫শে আষাঢ় বৃহস্পতিবার—১৩৩৭

অতীন্দ্রিয়বাণী

ভবেজিত

পাশ্চাত্য শিক্ষার প্রভাবে বর্ত্তমানকালে অনেকেই পরমেশ্বরের অস্তিত্ব স্বীকার করিতে অনিচ্ছুক। পিতা, মাতা, স্ত্রী, পুত্র, ধন ও সম্পত্ত্যাদিকে যে প্রকারে দেখিতে ও তাহাদিগের সঙ্গ-প্রভাবে সুখ ভোগ করিতে পাওয়া যায়, সেরূপ ভাবে পরমেশ্বর বস্তুর সাক্ষাৎকার ও সঙ্গ-সুখ লাভের সম্ভাবনা না থাকায় পাশ্চাত্যশিক্ষাভিমানী ব্যক্তিসকল পরমেশ্বরের অস্তিত্ব স্বীকার করিবার আবশ্যকতা বোধ করেন না এবং তজ্জন্য তাহা করিতেও চাহেন না।

২। পরমেশ্বরের অস্তিত্বকে উড়াইয়া দিলেও পাশ্চাত্যশিক্ষাভিমানী নাস্তিকগণ তাঁহার অধীনতা ত্যাগ করিতে সমর্থ হন না। যে অনাদির দ্বারা তাঁহারা যে দুঃখ সাগরে নিমগ্ন হন, সেই রহস্য উদ্ঘাটনের জন্য যদি যত্ন করেন, তাহা হইলে তাঁহারা অবশ্যই বুঝিতে পারিবেন যে, কোন এক শক্তি যেন অজ্ঞাতসারে তাঁহাদিগের উপর আধিপত্য করিতেছেন এবং সুখের প্রলোভনে তাঁহাদিগকে নিদারুণ দুঃখে বারম্বার ডুবাইতেছেন। দুঃখ কেহই চায় না। কিন্তু যখন অনিচ্ছাসত্ত্বেও দুঃখ আসিয়া উপস্থিত হয়, তখন স্পষ্টই বুঝা যায় যে কোন এক শ্রেষ্ঠ শক্তি যেন বলপূর্ব্বক নশ্বর বস্তুতে সুখ দিবার নাস্তিকভাবাপন্ন জীবের হৃদয়ে দুঃখকে প্রেরণ করিয়া থাকেন।

৩। এক্ষণে জিজ্ঞাস্য এই যে নাস্তিকভাবাপন্ন জীবের হৃদয়ে দুঃখকে প্রেরণ করেন যে শ্রেষ্ঠ শক্তি উনি কে? উত্তরে শাস্ত্রপ্রমাণবলে আমরা বলিব যে উনি পরমেশ্বরের মায়ানাম্নী শক্তি। এই মায়ানাম্নী শক্তির কার্য্যই নাস্তিকভাবাপন্ন ব্যক্তিসমূহকে দুঃখদ্বারে সংশোধন করা ও সংশোধন পূর্ব্বক তাহাদিগকে স্বীয় প্রভু পরমেশ্বরের অস্তিত্বে বিশ্বাস স্থাপন করিবার সুযোগ দেওয়া।

৪। যে কালে নাস্তিকভাবাপন্ন মানবসমূহ মায়া-শক্তিকর্ত্তৃক পরমেশ্বরের অস্তিত্বে বিশ্বাস স্থাপন করিবার সুযোগ লাভ করেন, সে সময় হইতে তাঁহারা বুঝিতে পারেন যে একমাত্র পরমেশ্বরের সেবাসুখে দুঃখকে চিরকালের জন্য তিরস্কার পূর্ব্বক বিমল সেবানন্দসুখ নিত্যকাল আস্বাদন করা যাইতে পারে এবং এই প্রকার নিত্যানন্দ লাভই মানব জীবনের সর্ব্বোচ্চ প্রাপ্য ফল। পূর্ব্বে নাস্তিকতা হইতে যে প্রকার দুঃখ উপভোগ করিতে বাধ্য হইয়াছিলেন, সে সকল কথা যদি এক্ষণে তাঁহাদিগের স্মৃতি-পথে সমুদিত হয়, তাহা হইলে তাঁহারা শিহরিয়া উঠেন ও বলিতে থাকেন যে, তৎকালে দুর্বুদ্ধির দ্বারা বঞ্চিত হইয়া কিরূপ ভয়ানক ভাবে তাঁহারা লাঞ্ছিত হইয়াছিলেন।

নাস্তিকতার পরিবর্ত্তে আস্তিকতাকে বরণকারী ব্যক্তিগণ ভক্ত-নামে অভিহিত। ভক্তগণ পরমেশ্বরের দিব্য সচ্চিদানন্দময় বিগ্রহের অবস্থান জ্ঞানচক্ষুর দ্বারা অনুভব করিতে সমর্থ। পরমেশ্বরের অনুভূতি-ফলে তাঁহারা বুঝিয়া থাকেন যে পরমেশ্বরই একমাত্র নিত্যপ্রিয় বস্তু; তাঁহার মত সৌন্দর্য্যবান্ দ্বিতীয় বস্তু নাই; তিনি রূপের সাগর ও গুণের খনি স্বরূপ; সর্ব্বশক্তিমান্ তাঁহাকেই বিশ্বাস করে; যেহেতু তিনি স্বরূপ সুখ বস্তুকে সেবোন্মুখ নিত্যানন্দে বিভোর রাখিতে পারেন। তাঁহারই গুণে আকৃষ্ট হইয়া জীব [illegible] সকল সম্পদকে অনায়াসে পরিত্যাগ করিতে পারে; তিনি প্রকট থাকিলে দুঃখ চিরতরে বিদায় লইতে বাধ্য হয় এবং ক্ষণে ক্ষণে নূতন আনন্দ নব নব আকারে ভক্তহৃদয়ে আবির্ভূত না হইয়া থাকিতে পারে না এবং তিনি একাধারে পিতা, মাতৃ, পুত্র, সখা ও প্রভু রূপে দূর হইতে ও অন্তরে সম্বন্ধভাব-জনিত পরম উৎকর্ষ প্রিয়তাবোধক নিত্যকাল [illegible] কাড়িতে সমর্থ। এহেন সর্ব্বশক্তিমান্ একমাত্র বরেণ্য, প্রিয় ও সেব্য পরমেশ্বরকে [illegible] না তাঁহার অস্তিত্বে অবিশ্বাস [illegible] যে সকল নাস্তিক বা নাস্তিকভাবাপন্ন অতীব মন্দভাগ্যশালী। দুর্লভ মানব জীবনকে তাহারা বৃথায় কাটাইয়া দিতেছে। তাহাদের শোচনীয় অবস্থা দেখিয়া ভক্তগণ এই দুঃখ প্রকাশ করিয়া থাকেন।

---

(১)

(ক) জাগতিক নশ্বর পদার্থের ন্যায় পরমেশ্বর ইন্দ্রিয়-গ্রাহ্য বস্তু না হওয়ায় প্রত্যক্ষবাদি ভোগিকুলের নাস্তিকতা প্রসার-প্রাপ্ত

(খ) নাস্তিক দুঃখ না চাহিলেও করুণাময় শ্রীভগবানের মায়ানাম্নী শক্তি তাহাদিগকে দুঃখদ্বারা সংশোধনপূর্ব্বক স্বীয় প্রভু পরমেশ্বরের অস্তিত্বে বিশ্বাস স্থাপন করান

(গ) আস্তিক হইলে মানব নাস্তিক্য জন্য দুঃখের পরিবর্ত্তে শ্রীভগবানের সেবা-জনিত পরমানন্দ লাভে সমর্থ হন

(ঘ) নিত্যানন্দ লাভই মানবজীবনের সর্ব্বোচ্চ প্রাপ্য ফল

(ঙ) আস্তিকগণ ভগবৎসেবা-রত হইয়া 'ভক্ত' নামে অভিহিত হন

(চ) ভক্তগণ জ্ঞানচক্ষুদ্বারা শ্রীভগবানের নিত্যনামরূপাদি চিদ্বৈশিষ্ট্য অনুভব করেন

(ছ) নাস্তিকগণ নশ্বর বস্তুর প্রভু সাজিতে গিয়া সর্ব্বদা তাহাদের অধীনতা-জন্য দুঃখ প্রাপ্ত হইয়া থাকেন

(জ) আস্তিকগণ সমস্ত জগৎ ঈশাবাস্য দর্শনপূর্ব্বক তাহার সেবায় পরমানন্দ লাভ করেন

(২)

জগৎ কি স্বরূপতঃ মিথ্যা?

(৩)

(ক) 'বৈষ্ণব' বিষ্ণু সম্বন্ধীয় বস্তু, সুতরাং তিনি মায়াতীত রাজ্যের বস্তু

(খ) বদ্ধজীবোদ্ধারের নিমিত্ত কৃষ্ণেচ্ছায় বৈষ্ণবের প্রপঞ্চে আবির্ভাব হইলেও মায়া তাঁহাকে স্পর্শ করিতে পারে না

(গ) প্রপঞ্চাগত বৈষ্ণব বদ্ধজীবের হিতার্থ শাস্ত্র প্রণয়ন করেন. উহার আলোচনা যতই বর্দ্ধিত করা হইবে, ভক্তি ততই সমৃদ্ধা হইবেন

(ঘ) আচার্য্য-পাদপদ্মে উপলব্ধ বৈষ্ণবের পুনরনুশীলনে অপ্রাকৃত জ্ঞানভাণ্ডারের সমৃদ্ধি

জগৎ কি স্বরূপতঃ মিথ্যা?

(পণ্ডিত শ্রীপ[illegible]পাধ্যায় বেদান্তাচার্য্য)

যে কোন বস্তু উৎপত্তি লাভ করে, তাহা কোন পূর্ব্ববর্ত্তী উপাদান অবলম্বনেই উৎপন্ন হয়, শূন্য হইতে কোন বস্তু উৎপন্ন হইতে দেখা যায় না এবং সংসারেও সম্পূর্ণরূপে দৃষ্টান্তাভাব। সুতরাং জগৎ পূর্ব্বে একেবারে অসৎ অবস্থা হইতে উৎপন্ন হইয়াছে, ইহা অনুমান দ্বারাও সিদ্ধ হয় না।

শ্রুতি স্পষ্টভাবে কীর্ত্তন করিতেছেন —

"সদেব সোম্যেদমগ্র আসীদেকমেবা-
দ্বিতীয়ম্"

[ছাঃ উঃ]

পূর্ব্বপক্ষবাদীর কল্পনা উল্লেখ করিয়া পুনরায় বলিতেছেন; —"তদ্ধৈক আহু-রসদেবেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্, তস্মাদসতঃ সজ্জায়ত।" (ছাঃ উঃ)

অর্থাৎ হে সোম্য! উৎপত্তির পূর্ব্বে এই জগৎ এক 'সৎ' পদার্থ ছিল এবং দ্বিতীয় কিছুই ছিল না। কেহ বলেন, (কল্পনা-প্রিয়-পূর্ব্বপক্ষবাদী) যে উৎপত্তির পূর্ব্বে জগৎ 'অসৎ' ছিল, অপর কিছু ছিল না, সেই 'অসৎ' হইতেই এই 'সৎ' জগৎ প্রকাশিত হইয়াছে।

"[illegible] কথমসতঃ সজ্জায়েতেতি। সত্ত্বেব সোম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্" — ছাঃ উঃ)

অর্থাৎ হে সোম্য! কি প্রকারে এরূপ হইতে পারে? একবার 'অসৎ' হইতে 'সৎ' কি প্রকারে উৎপন্ন হইতে [illegible]? ইহার কোন দৃষ্টান্ত দেখিতে পাওয়া যায় না। অতএব নিশ্চয়ই এই জগৎ উৎপত্তির পূর্ব্বে এক অদ্বিতীয় সদ্বস্তু ছিল।

সেই সদ্বস্তুই যে ব্রহ্ম, তাহা নির্ণয় শ্রুতি তারস্বরে কীর্ত্তন [illegible] যথা:—

"ব্রহ্ম বা ইদমগ্র আসীৎ" সৃষ্টির পূর্ব্বে একমাত্র ব্রহ্মই ছিলেন। এইরূপে শ্রুতি এ কথা বলিয়াছেন, [illegible] ইদমেব অগ্র আসীৎ, [illegible] নান্যৎ কিঞ্চ-নামিষৎ।" [illegible] বলা হইতেছে যে ব্রহ্ম [illegible] উপাদান এবং নিমিত্ত [illegible] হইয়াছেন।

[illegible] ভক্তগণ [illegible] আছে যে, কৃষ্ণ তাঁহার নিজ

বরুণের নিকট বলিলেন—"ভগবন্, আমাকে ব্রহ্ম উপদেশ করুন।" তদুত্তরে তাঁহার পিতা বলিলেন—'যতো বা ইমানি ভূতানি জায়ন্তে যেন জাতানি জীবন্তি যৎ প্রয়ন্ত্যভিসংবিশন্তি তদ্বিজিজ্ঞাসস্ব তদ্ ব্রহ্মেতি।'

অর্থাৎ যাঁহা হইতে এই জগতের উৎপত্তি, স্থিতি ও প্রলয় সময়ে যাঁহাতে সর্ব্বতোভাবে প্রবেশ করিয়া অবস্থান করে, তিনিই ব্রহ্ম। তাঁহাকেই শ্রবণাদি সাধন দ্বারা বিশেষরূপে জানিতে চেষ্টা কর।

প্রথমে শ্রুত্যনুসারে ভৃগু প্রথমে অন্নকে ব্রহ্ম বলিয়া জানিয়াছিলেন, পরে প্রাণকেই ব্রহ্ম বলিয়া বুঝিয়াছিলেন এবং তৎপরে মন ও বিজ্ঞানকেই ব্রহ্ম বলিয়া ধারণা করিয়াছিলেন, কিন্তু যখন প্রশ্নের পূর্ণতা লাভ হয়, তখনই যথার্থ সত্য জানিতে পারিয়া ব্রহ্মের প্রকৃত স্বরূপ জানিয়া কীর্ত্তন করিয়াছিলেন "আনন্দো ব্রহ্মেতি ব্যজানাৎ। আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে, আনন্দেন জাতানি জীবন্তি, আনন্দং প্রয়ন্ত্যভিসংবিশন্তীতি।"

অর্থাৎ আনন্দ হইতেই জগতের উৎপত্তি হয়, আনন্দের দ্বারাই সকলে জীবিত থাকে এবং আনন্দেতেই অবশেষে প্রবেশ করে, সেই আনন্দই ব্রহ্মের স্বরূপ। সুতরাং বিভিন্ন শ্রুতিসমূহের দ্বারা ইহাই স্বীকৃত হইতেছে যে আনন্দলীলাময়-বিগ্রহ ব্রহ্মই জগতের মূল উপাদান। শ্রীমদ্ভাগবতের ১ম শ্লোক এবং বেদান্ত-দর্শনের ২য় সূত্রে ইহাই বলা হইয়াছে—'জন্মাদ্যস্য যতঃ।'

"জন্মাদ্যস্য যতোঽন্বয়াদিতরতশ্চার্থেষ্বভিজ্ঞঃ স্বরাট্......নিরস্তকুহকং সত্যং পরং ধীমহি।"

[ভাঃ ১।১।১]

কারণ-স্বরূপ উপাদান বস্তু হইতে যাহা গঠিত হয়, তাহা কারণ হইতে পৃথক্ হইতে পারে না, পরন্তু তাহা মূল উপাদান বস্তুরই রূপান্তর মাত্র। কার্য্য-স্থানীয় বস্তু কারণ-স্থানীয় বস্তুরই রূপান্তর বা অবস্থান্তর হওয়ায়, কারণস্বরূপ ও গুণ সকলের জ্ঞান লাভ করিলেই কার্য্যস্থানীয় সমস্ত বস্তুরই জ্ঞান লাভ করা যাইতে পারে, সেইজন্যই শ্রুতি কীর্ত্তন করিয়াছেন;—"যথা সৌম্যৈকেন মৃৎপিণ্ডেন সর্ব্বং মৃন্ময়ং বিজ্ঞাতং স্যাদ্বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যম্।" (ছাঃ উঃ)

কার্য্য যদি কারণ হইতে ভিন্ন বস্তু হইত তাহা হইলে শ্রুতি কখনই কারণের জ্ঞান লাভে কার্য্যের জ্ঞান লাভ হয়, একথা বলিতেন না অর্থাৎ একবিজ্ঞানে সর্ব্ব-বিজ্ঞানের প্রতিজ্ঞা করিতেন না। অতএব কার্য্যস্থানীয় বস্তু তাহার কারণবস্তু হইতে বস্তুতঃ অভিন্ন। [illegible] কার্য্য ও কারণের দ্বৈত উপলব্ধি বিষয় হয়, বস্তুতঃ কার্য্য ও কারণ একই অবস্থানের অন্তর্ভুক্ত। ইহা ভগবান্ বেদ-ব্যাস [illegible] ২য় অঃ ১ম পাদের ১৪ সূত্রে বলিয়াছেন; যথা:—"তদনন্যত্বমারম্ভণশব্দাদিভ্যঃ।"

(তৎ, তস্মাৎ কারণাৎ, কার্য্যস্য কারণাৎ অনন্যত্বমবিশেষঃ; আরম্ভণশব্দাদি [illegible]) অর্থাৎ কার্য্য-স্থানীয় জগৎ কারণস্থানীয় ব্রহ্ম হইতে অভিন্ন, ইহাই তাৎপর্য্য। উক্ত সূত্রের শাঙ্কর-ভাষ্যে এইরূপই অর্থ করিয়াও বলিয়াছেন পূর্ব্বোক্ত "মৃত্তিকেত্যেব সত্যম্" বাক্যের তাৎপর্য্য এই যে, ঘটশরাবাদি বিকার-স্থানীয় বস্তু একেবারে অসৎ, কারণ শ্রুতি একমাত্র মৃত্তিকাকেই সত্য বলিয়াছেন।" ইহা যে সম্পূর্ণই অসিদ্ধ [illegible] তাহা "সদেব সোম্যেদমগ্র আসীৎ" ইত্যাদি শ্রুতিবাক্যে প্রমাণীকৃত হয়, কারণ তাহাতে "সদায়তনাঃ সৎপ্রতিষ্ঠাঃ" এই বাক্যে শ্রুতি জগৎকে সৎ বলিয়া অঙ্গীকার করিয়াছেন এবং জগৎ 'সৎ' হওয়াতে তাহা যে 'অসৎ' হইতে উদ্ভূত নহে তাহাও স্বীকার করিয়াছেন। শঙ্করের মত স্বীকার করিলে অর্থাৎ কার্য্যস্থানীয় ঘট-শরাবাদির একেবারে মিথ্যা হইলে, এই দৃষ্টান্ত দ্বারা শ্রুতির মূলপ্রতিজ্ঞা (এক বিজ্ঞানে সর্ব্ববিজ্ঞানের প্রতিজ্ঞা) কোন প্রকারে প্রমাণিত হয় না। সুতরাং কার্য্যস্থানীয় জগৎ যখন ব্রহ্ম হইতে অভিন্ন এবং ব্রহ্ম যখন সত্য, তখন সেই জগৎকে কি প্রকারে মিথ্যা বলা যাইতে পারে? অতএব জগৎ পরিবর্ত্তনশীল হইলেও একান্ত মিথ্যা নহে, পরন্তু সত্য। তবে, ব্রহ্ম জগতের উপাদান হইলেও জগৎ হইতে ব্যাপক বস্তু; আর জগৎ তাঁহার অংশস্থানীয়। জগতের সহিত ব্রহ্মের অংশাংশী সম্বন্ধ। শ্রীমদ্ভগবদ্গীতায় বলা হইয়াছে :—

"বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ।"

বস্তুতঃ বেদান্ত-দর্শনের প্রারম্ভেই ভগবান্ ব্যাসদেব বলিয়াছেন যে ব্রহ্মই এই জগতের উপাদান ও নিমিত্ত কারণ; সুতরাং ব্রহ্ম ব্যাপকবস্তু আর জগৎ ব্যাপ্য, অতএব অংশমাত্র, যেমন ঘটের উপাদান কারণ মৃত্তিকা ব্যাপক বস্তু, ঘট মৃত্তিকার ব্যাপ্য; সুতরাং অংশ মাত্র। অতএব প্রমাণীকৃত হইল যে ব্রহ্মই জগতের নিমিত্ত ও উপাদান কারণ হওয়ায় এবং জগৎ তাঁহারই কার্য্য হওয়ায়, জগতের সহিত ব্রহ্মের অংশাংশী সম্বন্ধ নিত্য এবং জগৎ পরিবর্ত্তনশীল হইলেও বস্তুতঃ সত্য।

উপহার

(পণ্ডিত শ্রীপাদ [illegible] ভক্তিভূষণ)

বৈষ্ণব ইহ জগতের লোক নহেন। তিনি মায়াতীত-রাজ্য বৈকুণ্ঠের সর্ব্বোপরি ধাম শ্রীগোলোকে অবস্থান করিয়া সর্ব্বদাই তাঁহার নিত্য প্রভু শ্রীকৃষ্ণচন্দ্রের সেবা করিয়া থাকেন। বহির্মুখ মায়াবদ্ধ জীবগণকে কৃপা করিবার জন্য তিনি তাঁহার প্রভুর ইচ্ছাক্রমে ইহলোকে অবতরণ করেন, কিন্তু তাই বলিয়া মায়া তাঁহাকে স্পর্শ করিতে পারে না, তাঁহা হইতে শত যোজন দূরে থাকিতে বাধ্য হয়, সুতরাং তিনি যেখানে অবস্থান করেন, সেই পুণ্যময় স্থানও বৈকুণ্ঠ।

ইহজগতে আসিয়া বৈষ্ণবঠাকুর নানা উপায়ে মায়াবদ্ধ জীবগণকে উদ্ধার করিয়া থাকেন। অনেক সময় তিনি তাঁহাদের হিতার্থে অনেক গ্রন্থ লিখিয়া রাখিয়া যান। ঐ সকল গ্রন্থ সাক্ষাৎ ভগবদ্বাণী-বিগ্রহ। সুতরাং শ্রদ্ধাযুক্ত, পবিত্র ও সেবা-সহকারে আমরা ঐ সকল গ্রন্থের যতই আলোচনা করিব, ততই আমরা অনর্থ-নিবারিণী, পরানন্দদায়িনী পরবিদ্যার অধিকতর অধিকারী হইতে পারিব।

শ্রীচৈতন্য-বাণী-বিগ্রহ শ্রীগৌড়ীয়ের সম্পাদক অপ্রাকৃত কবি শ্রীমৎ সুন্দরানন্দ [illegible]-বিদ্যাবিনোদ প্রভু কলিকাতা বাগ-বাজারস্থ বাণী-বিনোদ কুঞ্জ শ্রীগৌড়ীয় মঠে ওঁ বিষ্ণুপাদ পরমহংস পরিব্রাজকাচার্য্যবর্য্য অষ্টোত্তরশতশ্রী শ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের পঞ্চ-পঞ্চাশত্তম আবির্ভাব-বাসরে শ্রীব্যাসপূজাকালে আচার্য্যদেবের আরতির সময় অতি অল্প সময়ের মধ্যে অতিশয় নিপুণতার সহিত যে কয়েকটী বাণী-বিলাস-কুসুম-স্তবক রচনা করিয়া জগদ্গুরু শ্রীপাদপদ্মে অঞ্জলি প্রদান করিয়াছেন, আমরা শ্রীগুরুদেবের আশীর্ব্বাদ স্বরূপে উহা শিরে ধারণ করিয়া উহার যতই আলোচনা-রূপ সেবা করিব, আমাদের অপ্রাকৃত জ্ঞান-ভাণ্ডার ততই বিস্তার লাভ করিয়া উজ্জ্বলতর হইবে। তাই নদীয়াপ্রকাশের সহৃদয় পাঠকবর্গকে আমরা এই বাণী-বিলাস বা অপ্রাকৃত-শব্দ-বিজ্ঞান উপহার প্রদান করিতেছি।

(ক্রমশঃ)

কটক বক্সীবাজারে ছায়াচিত্র-যোগে বক্তৃতা

(স্থানীয় সংবাদ)

শ্রীধাম নবদ্বীপ শ্রীধাম মায়াপুরের শ্রীচৈতন্যমঠের শাখা কটকের শ্রীসচ্চিদানন্দ মঠের বার্ষিক মহামহোৎসব উপলক্ষে গত ৫ই জুলাই সন্ধ্যা বেলায় কটকের বক্সীবাজার দুর্গামণ্ডপে জনাকীর্ণ সভা মধ্যে কলিকাতার শ্রীগৌড়ীয় মঠের অন্যতম প্রচারক শ্রীমদ্ অপ্রাকৃত ভক্তিসার গোস্বামী মহারাজ কর্তৃক আলোকচিত্র সাহায্যে শ্রীচৈতন্যদেবের আচরিত ও প্রচারিত শ্রীশ্রীরাধাগোবিন্দ বিগ্রহের বেদবিহিত সেবা ব্যাখ্যাত হইয়াছে। আলোকচিত্র-সাহায্যে বক্তৃতা দ্বারা বৈদিক সংহিতার অতীব বৈশিষ্ট্য বুঝান হওয়ায় জনসাধারণের ধর্ম্ম সম্বন্ধে অনেক পরিষ্কার হইয়াছে। নাস্তিকতা সম্বন্ধীয় ও মায়াবাদ সম্বন্ধীয় বহু উপন্যাস চিত্রের সহিত প্রতিকূল ভাবে তুলনা করিয়া উপস্থিত উক্ত প্রসঙ্গ পরিষ্কার এবং সুন্দরভাবে আলোচিত হইয়াছিল।

কটক টাউন-হলে বক্তৃতা বার্ষিক উৎসব সমাপ্ত

(তারের সংবাদ)

কটকে শ্রীসচ্চিদানন্দ মঠের বার্ষিক মহোৎসব মহা সমারোহের সহিত সম্পন্ন হইয়াছে। গত ৬ই জুলাই সন্ধ্যাকালে কটক টাউন হলে শ্রীপাদ সুন্দরানন্দ পরবিদ্যাবিনোদ প্রভু মানবের ধর্ম্ম সম্বন্ধে একটী অপূর্ব্ব আদর্শ বক্তৃতা প্রদান করিয়াছিলেন। শ্রীমঠের বিশুদ্ধ সেবকগণের মুখে হরি-সংকীর্ত্তন শ্রবণ করিবার এবং এই সভার সভাপতি শ্রীল প্রভুপাদের নিকট বিভিন্ন সম্প্রদায়ের জন্মান্তর সম্বন্ধে ব্যাখ্যা শুনিবার দুর্লভ সুযোগ কটকের অধিবাসিগণ প্রাপ্ত হইয়াছিলেন। সভায় বিরাট জনতা হইয়াছিল। রাজর্ষি কুমার শরদিন্দু নারায়ণ রায় প্রমুখ, প্রফেসার নিশিকান্ত সান্যাল, প্রফেসার এস, কে, গাঙ্গুলী, ডাঃ বি, সি, চাটার্জ্জী, মিঃ কে, চক্রবর্ত্তী প্রভৃতি বহু সম্ভ্রান্ত ও শিক্ষিত ভদ্রলোক এই সভায় যোগদান করিয়াছিলেন।

মাদ্রাজে বনমহারাজ

(তারের সংবাদ)

কলিকাতা শ্রীগৌড়ীয় মঠের অন্যতম ধর্ম্ম প্রচারক শ্রীমদ্ ভক্তিহৃদয় বন মহারাজ মাদ্রাজ অঞ্চলে প্রচার কার্য্য করিতেছেন। [illegible] পৌঁছিলে হাইকোর্টের [illegible] তাঁহাদিগকে সম্মানের সহিত ষ্টেশনে অভ্যর্থনা করিয়া রাজ অতিথি স্বরূপ গ্রহণ করিয়াছিলেন। [illegible] ধর্ম্মপ্রাণ রাজা সাহেব বৈষ্ণবধর্ম্মের প্রচার কল্পে যথেষ্ট সহায়তা করিতেছেন। রাজা সাহেবের ন্যায় মহৎ ও উদার ব্যক্তি বাস্তবিকই ধন্যবাদের পাত্র। তিনি নিজেই তাঁহার সঙ্গে ভ্রমণ করিবেন। [illegible] কালেক্টার সাহেব [illegible] বিশেষ আনুকূল্য করিয়াছিলেন এবং তিনিও জগতের সকলের ধন্যবাদের পাত্র।

গৌড়ীয়ের নব-গ্রন্থ-প্রকাশ

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত
ভক্তি-গ্রন্থাবলী।
উৎকৃষ্ট কাগজে বিলাতী বয়লে বাঁধাই
স্বর্ণাঙ্কিত। চতুর্থ সংস্করণ। বিস্তৃত বিষয়সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সাধারণ লোকের বেদ, বেদান্ত, উপনিষৎ, গীতা, শ্রীমদ্ভাগবত, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ
সমগ্র বাঁধাই—২৲ দুইটাকা
আবাঁধা—১।০ দেড়টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও অবশ্য সামাজিক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। প্রত্যেক প্রতিপাদ্য সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? স্বদেশ, সমাজ, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসংকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য

ভিক্ষা ৮/০

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৶০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নবটী দ্বীপ-সমন্বিত। এই নব দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—শাস্ত্রপ্রমাণ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৭০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

ডবল ক্রোউন কার্টিজে উৎকৃষ্ট কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উদ্গম হয়, তাহা এই-গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শ্রীসাধনপথঃ

।৶০
দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তগণের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে ব্যক্ত হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!
শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা /০ আনা

দেহ ও মনের চেষ্টা অনিত্যবস্তু লইয়া— ইহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র সত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন্ ভাবে আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। তিনটী সংস্করণও প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা প্রতি খণ্ড /০ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— /০, নবদ্বীপশতক— /০
অর্থপঞ্চক—/০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা /১০

আমরা অজ্ঞতা বশতঃ অভাব ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা স্বভাব কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন্ বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিক কল্যাণের ভাণ্ডার; ইনি প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদানে

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয় সংবলিত প্রায় ৫২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১।০

শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোনার জলে নাম লেখা রাজসংস্করণ ৩৲ টাকা, সাধারণ সংস্করণ ১।০, গৌড়ীয়ে গ্রাহকপক্ষে ১।০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি

(সাম্প্রদায়িক কোষগ্রন্থ)

বিষয়ঃ—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২ চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত, ৩। বিষ্ণুবৈষ্ণবসম্পর্কিত শ্রীধাম ও শ্রীবিগ্রহের বিবরণ, ৫। বৈষ্ণবগ্রন্থ ও প্রবন্ধ-সমূহের তাৎপর্য্য ও বিবরণ, ৬। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় আকরমূলে যাবতীয় তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ খণ্ড ৸০, ২য় খণ্ড ৸৶০, ৩য় খণ্ড ৮০, ৪র্থ খণ্ড ৸০, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ

—১ম খণ্ড ১৲ এক টাকা
২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১।০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই ভাগবতের অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ কর্ম্মায় ৬৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমদ্গোপালভট্ট গোস্বামী সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা /০ আনা

এই ফেরার্স-কুইনিন্ দ্বারা ইন্জেক্সন করিলে একটী বা দুইটী ইন্জেক্সনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং ৬ হইতে বারটী ইন্জেক্সনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া ...

৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ডাঃ মাঃ ৷৵ টাকা

বাইও-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটারীজ
২৪।১ চন্দ্রনাথ লেন, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

—:০:—

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর—৬ই শ্রাবণ মঙ্গলবার—১৩৩৭

(১)

ভগবৎসেবাদ্বারে নিত্যানন্দ অযাচিতভাবে প্রাপ্তব্য

(২)

মদ্রপ্রদেশে মহাপ্রভুর মহিমা কীর্ত্তনে সমস্ত ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি-হৃদয় বন মহারাজের বহরমপুর, ছত্রপুর ও পারাকোট প্রভৃতি স্থানে শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী প্রচার

(৩)

"তোমার কনক　　　ভোগের জনক
কনকের দ্বারে সেবহ মাধব।"

অর্থাৎ কনককে মাধব-সেবায় নিযুক্ত না করিলে তাহা কলির আবাসস্থলী হইয়া জীবকে নানা অনর্থে প্রপীড়িত করে

(৪)

চাটীগ্রামে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিলাস গভস্তি নেমি মহারাজের গীতার ভাগবতানুগা ব্যাখ্যাদ্বারা কর্ম্মবাদ, রাজনৈতিকবাদ, স্বাধীনতা-বাদাদি বিভিন্ন ব্যাখ্যাবাদ নিরসন পূর্ব্বক ভক্তিবাদ স্থাপন

(৫)

দেরাদুনে ভক্তিধর্ম্ম প্রচারে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ

ভগবৎসেবা-দ্বারে নিত্যানন্দ অযাচিত ভাবে প্রাপ্তব্য।

১। ভোগী বা ত্যাগী উভয়েই আত্ম-সুখকামী। ভোগী বাহ্যবস্তুর ভোগসুখে এবং ত্যাগী বাহ্যবস্তুর ত্যাগ-দ্বারে নিজ সুখ-সাধনের চেষ্টা করিয়া থাকে।

২। স্বসুখোদ্দেশক ভোগ বা ত্যাগ-পন্থায় অবশ্য দুঃখ উপস্থিত হয় এবং সুখের ন্যায় যাহা কিছু কখন কখন অল্পকালের জন্য আস্বাদনের বিষয় হয়, তাহা পরবর্ত্তি-কালে দুঃখকে আবাহন করে বলিয়া প্রকৃত পক্ষে দুঃখেরই বীজ বা প্রকারভেদ মাত্র। অতএব সূক্ষ্ম বুদ্ধির অভাবে বিচারে অপটু যে সকল ব্যক্তি, তাহারাই এই হেয় ভোগ বা ত্যাগ-পথে বিচরণ করিতে রুচি-বিশিষ্ট হয়। যাহারা মেধাবী ও বিচার-পটু, তাঁহারা স্বসুখ-সাধনপর ভোগ বা ত্যাগ-পন্থার পরিবর্ত্তে ভগবান্ ও ভগবদ্ভক্তগণের সুখ বাড়াইতে হয়, তদ্বিষয়ক কার্য্যে সদা নিযুক্ত থাকেন। এই জন্য তাঁহারা নিষ্কাম বা ভগবৎ-সুখ-কামী ভক্ত অর্থাৎ ভক্তি-পথের পথিক বলিয়া খ্যাত। সৎশাস্ত্র ও ভক্তভক্তগণের ইঙ্গিত অনুসারে ভক্তগণ সেবা-কার্য্যে চিররত। সুখ না চাহিলেও স্বয়ং ভগবান্ ভক্তগণের হৃদয়ে বিমল ও প্রচুর সেবানন্দ-সুখের প্রস্রবণ খুলিয়া দেন, যাহার প্রভাবে ভক্তগণের হৃদয় আনন্দ-সলিলে সদা মগ্ন থাকে। ভোগী ও ত্যাগিগণ মাথার ঘাম পায়ে ফেলিয়া অতি-কষ্টে ভোগ ও ত্যাগ-দ্বারে যে ক্ষণিক যে সুখপ্রায় ভাব আস্বাদনে সমর্থ হয়, তাহা অপেক্ষা কোটীগুণ উপাদেয় ও অনন্তকাল-ব্যাপী নব নব আকারে দেদীপ্যমান বিমল আনন্দ অযাচিতভাবে ভক্তগণ-কর্ত্তৃক আস্বাদিত হয়।

৩। ভক্তগণ যে কি প্রকার আত্ম-সুখ-স্পৃহা-হীন তাহা শ্রীচৈতন্যচরিতামৃতের নিম্নলিখিত বিবৃতি-পাঠে সহজেই হৃদয়ঙ্গম হইতে পারে :—

"গোবিন্দ কহে আমার সেবা সে নিয়ম।
অপরাধ হউক কিবা নরকে গমন॥
সেবা লাগি কোটী অপরাধ নাহি গণি।
স্বনিমিত্ত অপরাধাভাসে ভয় মানি॥

না গণি আপন দুঃখ, সবে বাঞ্ছি তাঁর সুখ,
তাঁর সুখ আমার তাৎপর্য্য।
মোরে যদি দিয়া দুঃখ, তাঁর হৈল মহা সুখ,
সেই দুঃখ মোর সুখবর্য্য॥

মদ্রপ্রদেশে মহাপ্রভুর মহিমা কীর্ত্তন

(পরিব্রাজকাচার্য্য ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্-ভক্তিহৃদয় বন মহারাজ)

রাজপুরে শ্রীবরাহদেব-মন্দির-প্রাঙ্গণে শ্রীমন্মহাপ্রভুর পাদপীঠ-প্রতিষ্ঠানের ব্যবস্থা করিয়া শ্রীযুক্ত কৃষ্ণপদ দাসের হস্তে শ্রীমন্দির-নির্মাণ-ভার অর্পণান্তে আমরা শ্রীনাথপুরীতে উপস্থিত হইয়া কয়েক দিবস শ্রীহরিকথা শ্রবণ-কীর্ত্তন-রঙ্গে অতিবাহিত করি। আমাদের সঙ্গে ছিলেন ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিরক্ষক ভক্তিসার মহারাজ, পণ্ডিত শ্রীযুক্ত রামানন্দ দাস দেবশর্ম্মা বিদ্যার্ণব ভক্তিশাস্ত্রী বি, এ, শ্রীপাদ হয়গ্রীব দেবশর্ম্মা ব্রহ্মচারী ও শ্রীপাদ হরিপদ দেবশর্ম্মা।

দক্ষিণ যাত্রার আদেশ

পুরীতে অবস্থানকালে শ্রীপাদ রামানন্দ দাস ও শ্রীপাদ হয়গ্রীব ব্রহ্মচারী প্রভুদ্বয়ের সঙ্গে একদিন শ্রীআলালনাথ জিউ দর্শনার্থ শ্রীব্রহ্মগৌড়ীয় মঠে আমাদের যাওয়ার এক মহা সৌভাগ্য হইয়াছিল। শ্রীমন্মহাপ্রভুর ইচ্ছা হইলে আমাদের সেই সৌভাগ্যের কথা অন্যত্র লিখিবার আশা রহিল। আলালনাথ হইতে প্রত্যাবর্ত্তন করিয়াই পরমারাধ্যতম শ্রীল প্রভুপাদের কৃপাশীর্ব্বাদ-স্বরূপ আদেশ-বাণী পাইলাম, আমাদের দক্ষিণ-ভারতে শ্রীচৈতন্যবাণী প্রচার করিতে হইবে। আশীর্ব্বাদীয় পত্রখানি একবার দুইবার, তিনবার পড়িলাম—পড়িতে পড়িতে হৃদয়ে এক অভাবনীয় উৎসাহ, প্রাণে এক নব আশার সঞ্চার হইল। যে প্রদেশে একে একে শ্রীবিষ্ণুস্বামী, শ্রীশঙ্কর স্বামী, শ্রীরামানুজাচার্য্য, শ্রীমৎপূর্ণপ্রজ্ঞাদি আচার্য্যবর্গ প্রকট লাভ করিয়া বিশ্বজগতে অন্বয়-ব্যতিরেকভাবে শ্রীভগবদ্বাণী প্রচার করিয়াছিলেন এবং যে প্রদেশে স্বয়ংভগবান্ শ্রীগৌরসুন্দর পদার্পণ করিয়া দেশবাসিগণকে শ্রীনাম-মন্ত্রে উদ্বুদ্ধ করতঃ কৃষ্ণপ্রেম প্রদানে মহাসৌভাগ্যবান্ করিয়াছিলেন, সেই প্রদেশে আজ আমার শ্রীচৈতন্য-চরণ-চারণগণের চিরভৃত্য-সূত্রে শ্রীগুরুমুখ-বিগলিত শ্রৌতবাণী প্রচারার্থে গমনের আদেশ পাইয়া আমাদের হৃদয়ে পুনঃ আনন্দোদয় হইল। দশ মিনিটের মধ্যে আমাদের দলে ভক্ত স্থানীয় সেবাকার্য্যের ভার ত্রিদণ্ডিগোস্বামী শ্রীল তীর্থ মহারাজকে বুঝাইয়া দিয়া আমরা দক্ষিণ-যাত্রার জন্য প্রস্তুত হইলাম।

বহরমপুরের পথে

১৩ই জুন শুক্রবার অপরাহ্ণ ৭ঘটিকায় আমরা শ্রীল তীর্থ মহারাজের আদেশ লইয়া শ্রীগৌরবিনোদমাধব শ্রীবিগ্রহের সম্মুখে ভূমিষ্ঠ হইয়া শ্রীচৈতন্যদেবের চরণ বন্দনা করিয়া একখানি "শকটে" আমাদের প্রচারের দ্রব্যাদি দিয়া সত্বরে পুরী ষ্টেশনে উপস্থিত হইলাম, শ্রীমৎ পুরী গোস্বামী মহারাজ আমাদের প্রতি স্নেহ-পরবশ হইয়া সঙ্গে সঙ্গে ষ্টেশন পর্য্যন্ত কৃপাপূর্ব্বক তদীয় শুভ-সঙ্গ দান করিয়াছিলেন। ডাক্তার ব্রহ্মচারী ও পরমানন্দপ্রভু পূর্ব্ব হইতেই ষ্টেশনে উপস্থিত ছিলেন। বংশীর বাদের উচ্চরবকে যেন স্তব্ধ করিয়া আমরা "শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের জয়"-ধ্বনি করিতে করিতে, গাড়ী ছাড়িয়া দিল।

খুর্দা ষ্টেশনে ট্রেনখানি পৌছিতেই মুহূর্ত্তমধ্যে আমাদের দ্রব্যাদি-সহ তথায় নামিয়া পড়িলাম। রাত্রি ২ ঘটিকায় মাদ্রাজ-মেইল ধরিতে হইবে। সকলেই বলিলেন যে, এত দ্রব্যাদি লইয়া ষ্টেশনে আর নিদ্রা হইবে না। আমি কিন্তু নাছোড় বান্দা! রাত্রিতে নিয়মিত নিদ্রা হইলেই ভাল। তাই প্লাটফরমের উপরেই সমস্ত দ্রব্যগুলি একত্রিত করিলাম আর তাহার চতুস্পার্শে সকলের শীর্ণাসন হইল। শ্রীমন্মহাপ্রভুর দক্ষিণ-বিজয়ের কথা আলোচনা করিতে করিতে আন্দাজ রাত্রি ১০॥ ঘটিকায় সকলেই স্নিগ্ধ বায়ুর সুকোমল হস্ত স্পর্শে নিদ্রার ক্রোড়ে শায়িত হইয়া পড়িলাম। শুনিলাম যে যখন আমাদের নিদ্রা ভঙ্গ হইল, তখন দেখি মাদ্রাজ-মেল ষ্টেশনের প্লাটফর্ম্মে আসিয়া হাঁফ ছাড়িতেছে। আমরাও তাড়াতাড়ি করিয়া গাড়ীতে স্থান গ্রহণ করিলাম। প্রথম মুখে বসিবার একটু স্থানাভাব হইলেও ভক্তিসার মহারাজের দিব্য মূর্ত্তি দর্শন-সৌভাগ্যে অনেকেই আমাদিগকে "উপ-বেশনের" কা কথা?—শয়নের স্থান পর্য্যন্ত করিয়া দিলেন। ধ্যা'এর অব-শিষ্টাংশটুকু নানা প্রকারের প্রশ্ন-প্রশ্ন অতি-বাহিত হইল। ভোর ৫ ঘটিকায় আমরা বহরমপুর পৌঁছিলাম।

বহরমপুরে

ডিষ্ট্রিক্টবোর্ড, এ.এ আমরা স্থান গ্রহণ করিলাম। ১৪ই জুন শনিবার সার [illegible] এ, এস, পণ্ডানেকের আর, আই, সি, এস মহোদয়ের সহিত আমাদের একঘণ্টা কাল কথোপকথন ও

ভগবদ্ভজন সম্বন্ধে আলোচনা হয়। মিঃ আযার মধ্যপ্রদেশের একজন খ্যাতনামা উচ্চশিক্ষায় শিক্ষিত ব্যক্তি। তিনি ইউরোপের সমগ্র ভারত ও পাশ্চাত্যদেশ ভ্রমণ করিয়াছেন। আজ [illegible] প্রসঙ্গে শ্রীমদ্ভাগবত [illegible] করিয়া তিনি বিশেষ প্রীতি-প্রকাশ করিলেন।

ছত্রপুরে

পরদিবস প্রাতে আমাকে ছত্রপুর রাজ বাহাদুর [illegible] বেঙ্কটকৃষ্ণ পাণ্ডুরঙ্গ, [illegible] এবং কালেক্টর সাহেব মিঃ পি, অস্টিন আই, সি, এস মহোদয়-দ্বয়ের সহিত দেখা করিবার জন্য প্রাতঃকালের ট্রেনে বহরমপুর হইতে ছত্রপুর যাইতে হয়। তথায় উভয়েই বর্ত্তমান জগতের সমগ্র মিশনের কার্য্যাবলী একদিকে এবং শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠের প্রচার-প্রণালী অন্যদিকে পরিচালনের মধ্যে আকাশ পাতাল পার্থক্যের মাধুর্য্য শ্রবণ করিয়া অপার আনন্দ প্রকাশ করিলেন। তদবধি মিঃ অস্টিন আমাদিগকে কয়েক-বার নিজেই শ্রীচৈতন্যবাণী শ্রবণের আগ্রহ জ্ঞাপন করিয়াছেন। সময় হইলে শ্রীগৌড়ীয় মঠে প্রত্যাবর্ত্তনকালে তাঁহার সহিত পুনঃ দেখা করিবার আমাদের ইচ্ছা আছে। গঞ্জাম জিলার জমিদার বর্গের নিকট হরিকথা কীর্ত্তন করিবার জন্য মিঃ অস্টিন আমাদিগকে সর্ব্বপ্রকারে উৎসাহিত করিয়াছিলেন। বেলা ১১ ঘটিকায় বহরমপুরে ফিরিলাম।

খাল্লিকোট রাজপ্রাসাদে

দ্বিতীয় দিনে সঙ্গেই শ্রীযুক্ত বনওয়ারী লাল মিশ্র, উকিল মহাশয়ের মোটরে ভক্তিসার মহারাজ, বিশ্বাধিপ প্রভু, শ্রীযুক্ত সর্ব্বভূষণ পণ্ডিত মহাশয়ের সহিত খাল্লিকোট রওনা হইলাম। খাল্লিকোট রাজ-প্রাসাদ বহরমপুর হইতে ৩৩ মাইল দূরে পর্ব্বতমালার মধ্যে লুক্কায়িত। আমাদের মোটরখানি দ্রুতগতিতে চলিতে লাগিল। [illegible] মধ্য দিয়া চলিলাম। পর্ব্বতের পর পর্ব্বত, [illegible], আবার পর্ব্বত,—যত অগ্রসর হইতে লাগিলাম, ততই অদ্ভুত পর্ব্বতস্তূপ, গগনস্পর্শ করিয়া দণ্ডায়মান রহিয়াছে। পর্ব্বতস্তূপের বিশেষত্ব এই যে, উপত্যকায় উপস্থিত হইলে চতুর্দিকেই চক্রাকারে পর্ব্বত দৃষ্ট হয়। আবার এক উপত্যকা অতিক্রম করিয়া অগ্রসর হইলেও পুনরায় সেইরূপ একই রকমের দৃশ্য। [illegible] আমরা অগ্রসর হইতেছিলাম, কি একটি উপত্যকামধ্যে পুনরায় [illegible], পূর্ব্বোক্ত পরিবর্ত্তন নাই, [illegible]। [illegible] রাজপ্রাসাদের উপস্থিত হইলাম। পাদদেশ পাহাড়শ্রেণী ও [illegible] চতুর্দ্দিকে অপূর্ব্ব

অপ্রাকৃত ধামের চিন্ময়চিত্তাপ্লোতঃ প্রবাহিত করিয়াছিল।

রাজাসাহেব সহর্ষেই সাদরে আমাদের অভ্যর্থনা করিলেন। শ্রীমহাপ্রভুর ধর্ম্ম কি প্রকারে বিপুলভাবে পৃথিবীর সর্ব্বত্র প্রচারিত হইতেছে প্রভৃতি সম্বন্ধে রাজাসাহেবের সহিত আলাপ হওয়ার কয়েক ঘণ্টা পর পুনরায় মোটরযোগে পর্ব্বতপথে চলিয়া রাত্রি ৯ ঘটিকায় বহরমপুর ফিরিলাম। রাজাসাহেবের সেবায় সকলে উৎসাহিত হয়েন। গঞ্জাম জিলার সেই দুর্গম পর্ব্বতসমূহের মধ্য দিয়া পাহাড়ে পাহাড়ে প্রতিধ্বনিত করিয়া শ্রীনামসঙ্কীর্ত্তনের ধ্বনিতে নৃত্য করিতে লাগিলেন। বৃদ্ধ পণ্ডিত মহাশয়ও পুনঃ পুনঃ জয়ধ্বনি দিতে লাগিলেন।

—(ক্রমশঃ)

কনক স্তোত্র

(পণ্ডিত শ্রীপাদ দামোদর-স্বরূপ বেদশাস্ত্রী কবিভূষণ)

তুমি হে কনক, লোকের জনক
তোমার চরণে প্রণতি মোর।
এ ভব-ভবনে জনম লভিয়া
তোমার সেবায় হইনু ভোর॥
কাঞ্চন-কণ্ঠ- শ্রী-সম্পদ যত
তোমা হ'তে নহি প্রভেদ নয়।
তুমি ত কনক অমৃত-পায়ক
নিয়োগি তোমার সহচর॥
কলিযুগে প্রভু রাজা পরীক্ষিৎ
নির্ণয়ে যার অমল গান।
তোমারই আশ্রয়ে বাঁধিল কলিরে
অবহু স্মরণ করিয়া দান॥
তব মধ্যে মিথ্যা- মদ-কাম-বিরোধ
অধর্ম্ম চারিটী একত্রে রয়।
অধিকন্তু আর পঞ্চম অনর্থ
শত্রুতা তোমাতে সর্ব্বদা বয়॥
অহো হে কনক, মহিমা তোমার
বাখানিতে বল কে পারে ভবে।
কি আশ্চর্য্য তব, মায়ামায়া হেতু
(কনক) ধুতুরা মাতায় জগৎ জীবে॥
তোমার মননে প্রমত্ত যে নর
তোমার সেবায় ঢালিল প্রাণ।
জীবনে মরণে দিবস রজনী
শ্রবণ কীর্ত্তন স্মরণ ধ্যান॥
হে কনক তব নানা অবতার
বিভিন্ন মূরতি ধরেছে হেথা।
ভিন্ন ভিন্ন তব সেবক সকলে
ভিন্ন ভিন্ন ভাবে চরণ চায়॥
ভাগবত পড়ে, তোমারই লাগিয়া
সেবন করিছে দেবতা পূজা।
ব্রহ্মার সন্তান, ব্রাহ্মণ সাজিয়া
দক্ষিণার তরে ধরেছে ধ্বজা॥
মহাগুরু বেশ, পুরোহিত সাজে
তোমা'রই চরণ-দর্শন-আশ।
তপস্বীর বেশ, কেহ যোগী যতি
প্রাণে বনে কভু সলিলে বাস॥
তোমারই ভাবেতে বিভোর ভকত
দেবতার ধরে মুদেছে আঁখি।
তোমা লাগি কেহ দেবতার কাছে
মানত মাগিছে আশায় থাকি॥
তোমার সেবক হিরণ্যনয়ন
সর্ব্বত্র খুঁজিতে ভাসিতে যায়।
হিরণ্যকশিপু তোমারে অরিপু
বাসিল—সারাটী জীবন তায়॥
তার বংশকুলে, বহু দাস তব
মরতে বয়তী তোমারই লাগি।
কেন ধর্ম্ম নাই, না করিতে যাহা
তামার লাগিয়া সকল ত্যাগী॥
[illegible] তব, অরূপ রয়েতে
রাজিয়াছে সারা জীবন যায়।
কোথায় স্বরূপ লভিতে সে জন
তোমা লাগি পুনঃ জনম তায়॥
তোমারই বলেতে কত না জগতে
অসাধ্য সাধন করিছে লোক।
আকাশে বাতাসে, সলিলে হুতাশে
তুমিই জীবের ঘুচাও শোক॥
হে কনক তব এই এক রূপ
এ'মর মরতে তোদের হেতু।
অপর স্বরূপে, অলৌকি মূরতি
সেবক বাঁধিছে সেবার সেতু॥
কনকের ধারে মাধব-সেবন
মাধব-সেবক-সেবন-সার।
যে জানে সেজন সেবা-নিরত
সেবার সৌন্দর্য্য প্রচার তার॥
সেবকের চিত্ত বিনাশিয়া তুমি
তোমা-ধর্মস্তে করহ বশ।
ভজন-প্রচারে সহায় হইয়া
জগতে ছড়াও ভজন-রস॥
তব অনুকূলে, দুর্ল্লভ ভজন-
গ্রন্থ সুলভে সকলে পায়।
তব অনুকূলে ভজন-বারতা
দ্বারে দ্বারে নিত্য প্রচার তায়॥
মঠ মন্দিরাদি ভজন-আলয়
তব অনুকূলে স্থাপন হয়।
কৃষ্ণার্থে অখিল- সচেষ্ট ভকত
যথাযোগ্য তোমা করেন ব্যয়॥
বাহারা মাধব- সেবনে কনক
যোগ্য ব্যবহার না জানে কভু।
কলির কবল- কবলে পতিত
হইয়া আপনে ভাবয়ে প্রভু॥
সেবা পালপ্রায়ে, বন্ধনে জাগিয়া
অবোধ যেমন তাড়না পায়।
মাধব-সেবন, ভুলাইবি তেম
তোমার সঙ্গের শক্তি তায়॥
হে কনক তুমি, করুণা করিয়া
সেবক মূরতি দেখাও এবে।
দূর হ'ক মদ, ভজন-বিঘ্ন
মগ্ন হ'য়ে রই মাধব সেবে॥

টাটানগরে গভস্তি নেমি মহারাজ

(ডাঃ শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ মুখোপাধ্যায় এল্, এম্, এস্)

কলিকাতা গৌড়ীয়মঠের প্রচারক পরিব্রাজকাচার্য্য ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তি-বিলাস গভস্তি নেমি মহারাজ পক্ষাধিক-কাল জামসেদপুরের বিশিষ্ট স্থানসমূহে শুদ্ধা ভক্তি প্রচার করিতেছেন। তৎকালে জামসেদপুরনিবাসী শিক্ষিত জনসমাজ উত্তরোত্তর গৌড়ীয়মঠের প্রচার-বৈশিষ্ট্যে আকৃষ্ট হইতেছেন। অনেকেই গৌড়ীয়মঠের উৎসবকালে যোগদান করিতে কৃতসঙ্কল্প হইয়াছেন।

স্থানীয় প্রতিষ্ঠানবিশেষ হইতে গীতার স্বাধীনতাবাদ ও কর্ম্মবাদপর অপব্যাখ্যা, সরলধর্ম্মপিপাসু হিন্দুগণকে গীতার দোহাই দিয়া বিপথে চালিত করিতেছে দেখিয়া স্বামিজি এখানে স্থানে স্থানে গীতার ভাগবতানুগা ব্যাখ্যাদ্বারা কর্ম্মবাদ, রাজনৈতিকবাদ, স্বাধীনতাবাদাদি বিভিন্ন কল্পিত ব্যাখ্যাবাদ নিরসনপূর্ব্বক, ভক্তিই যে গীতার একমাত্র উদ্দিষ্ট বিষয় তাহা যুক্তি ও শাস্ত্রবিচারমূলে প্রদর্শন পূর্ব্বক সকলের ভ্রমান্ধকার অপনোদন করিয়াছেন। 'ভাবার্থ বিনির্ণয়' শ্রীমদ্ভাগবতের শুদ্ধা ভক্তির বিচারানুগত্যে যে গীতার ব্যাখ্যা করিতে হইবে ও বুঝিতে হইবে এবং তাহা হইলে ভক্তিবিরোধী কর্ম্ম, জ্ঞান যোগ, রাজনীতিপ্রমুখ মতমত কল্পিতবাদ স্বতঃই নিরস্ত হইয়া পড়ে তাহা স্বামিজি অতি সরল বিচারে তাঁহা সকলের পূর্ব্বসঞ্চিত ভ্রমধারণা অপনোদন করিয়াছেন। অনেকে স্বামিজির আবাসস্থানে শ্রবণপিপাসু হইয়া আগমন ও শ্রবণ করিয়া ভ্রমাপনোদন জন্য সশ্রদ্ধভাবে পুনঃ পুনঃ আগমন ও শ্রবণ করিতেছেন। বহুস্থান হইতে ভক্তিমানগণ গীতার ভক্তিপর ব্যাখ্যা শ্রবণ করিবার জন্য স্বামিজিকে সমাদরে লইয়া যাইতেছেন। গৌড়ীয়মঠের প্রচারে ভিত্তিম-নাদে বিভিন্নবাদ-ব্যাখ্যাতৃগণ নিজ নিজ বিবরে দুবকায় করিতেছেন। জনসমাজও গীতার কর্ম্মবাদাদিবাদপর ব্যাখ্যার গর্হণপর আলোচনা করিতেছেন।

দেরাদুনে গিরি মহারাজ

দেহলীলাইব্রেরী, ১৪।৭।৩০

পরিব্রাজকাচার্য্য ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিসর্ব্বস্ব গিরি মহারাজ দেরাদুনে দেহলী লাইব্রেরী হলে কয়েকদিন শ্রীমদ্ভাগবত পাঠ করিয়াছেন। অদ্য (১৪।৭।৩০) স্থানীয় জমিদার শ্রীযুক্ত সতীশ চন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়ের গৃহে শ্রীমদ্ভগবদ্গীতা পাঠ হইয়াছে। গত ১১ই জুলাই শুক্রবারেও তাঁহার গৃহে গীতা পাঠ হইয়াছিল। বহু বাঙ্গালী ভদ্র লোক উপস্থিত ছিলেন। সকলেই স্বামিজীর পাঠ কীর্ত্তন শ্রবণে আনন্দ লাভ করিয়াছেন। শ্রীল প্রভুপাদের কৃপাপাত্র নৈমিষারণ্যের শ্রীযুক্ত ঠাকুর সাহেব টিকমসিংজী মহোদয়ও অদ্য অপরাহ্ণে এখানে আগমন পূর্ব্বক স্বামিজী মহারাজের সহিত ইষ্টগোষ্ঠী করিয়াছেন। স্বামিজী এখান হইতে শীঘ্রই দিল্লী গৌড়ীয়মঠে যাত্রা করিবেন।

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বিরচিত ভক্তি-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই স্বর্ণাঙ্কিত। চতুর্থ সংস্করণ। বিস্তৃত বিষয়সূচীসহ

শ্রীচৈতন্য-শিক্ষামৃত? — শ্রীভক্তিধর্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সনাতন ধর্মশাস্ত্র বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত দর্শন, পুরাণ, আদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীকৃত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই—২৲ দুই টাকা

আবাঁধা—১৷৹ দেড়টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্তব্য ও অনিত্য সাময়িক কর্তব্য নির্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম কি? বর্ণ, সমাজ, নীতি, ধর্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসংকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য ভিক্ষা ৵৹

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৴৹

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নবটী দ্বীপ-সমন্বিত। এই নব দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ২৬০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

উজ্জ্বল ব্লোক-এ কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শ্রীভজনপথ্য ৷৵৹ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুর উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে সমৃদ্ধ হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ!!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা /৹ আনা

দেহ ও মনের চেষ্টা অনিত্যবস্তু লইয়া—ইহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন ভাবের আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। উত্তম সংস্করণে প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা প্রতি খণ্ড /৹ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— /৹, নবদ্বীপশতক— /৹

অর্থপঞ্চক—/৹

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা /১৹

আমরা অজ্ঞান মূঢ়তা অভাব ও কামনার বশঃবর্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিকই কল্যাণের কল্পতরু, ইনি প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদানে

শ্রীল চক্রবর্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয় সংবলিত প্রায় ৮২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৷৹

শ্রীবলদেব বিদ্যাভূষণ-কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোণার জলে নাম লেখা রাজসংস্করণ ২ টাকা, সাধারণ সংস্করণ ১৷৹, গৌড়ীয়ের গ্রাহকপক্ষে ১৷৹

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সাম্প্রদায়িক কোষগ্রন্থ)

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। বিষ্ণুবৈষ্ণবসম্পর্কিত শ্রীমন্দির ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও গ্রন্থকারগণের তালিকা ও বিবরণ, ৫। বিষয় বিশেষের শ্লোক ও শাস্ত্রীয় বাক্যমূলে যাবতীয় তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ম খণ্ড ৸৹, ২য় খণ্ড ৸৵৹, ৩য় খণ্ড ৸৹, ৪র্থ খণ্ড ৷৵৹, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ—১ম খণ্ড ১৲ এক টাকা

২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷৹ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীজীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই ষট্সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ ফর্মায় ৩৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমন্মধ্বাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা /৹ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক-সূচী, বিষয়-সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত ভিক্ষা, প্রতি খণ্ড সাধারণ পক্ষে ৷৵৹
গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৴৹
২। ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৪র্থ সংস্করণ) ৫৲
৩। গৌড়ীয় গৌরব ৵৹
৪। গৌড়ীয়-সাহিত্য ৷৹
৫। ভজনরহস্য ৷৹
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপ-শতকম্ (বাঁধা) ১৲
"   " আবাঁধা ৸৹
৭। গীতা (শ্রীবলদেবভাষ্যসহ) বাঁধা ২৲
আবাঁধা ১৷৹
৮। গীতা (শ্রীচক্রবর্তি-টীকা-সহ) বাঁধা ২৲
আবাঁধা ১৷৹
গীতার কেবল মূল-ভাষ্য ৷৹
৯। মুক্তাচরিত্র ও দানকেলিকৌমুদী? মাহাত্ম্য (মূল) ২৲
১০। বেদান্তরত্নমালা সানুবাদ (রামানুজীয়) ৷৹
১১। ভৈবভব? ৬৲
১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৷৵৹
১৫। দীপ-দিগ্দর্শন ৵৹
১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ৷৵৹
১৭। গোস্বামী রঘুনাথ দাস অবাঁধা ৷৵৹
ঐ ঐ বাঁধা ৷৹
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸৹
১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵৹
২০। শ্রীনবদ্বীপধাম মাহাত্ম্য ৵৹
২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৵৹
২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷৹
২৩। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা দর্পণ ৷৹
২৪। শরণাগতি, গীতাবলী, সাধনকণ, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্থপঞ্চক ও সদাচারস্মৃতিঃ মোট ৷৹
২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও অর্চনা? ৵৹
২৬। নামকণ্ঠমালা ৷৵৹
২৭। সংস্কার দীপিকা ৷৹
২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲
২৯। ব্রাহ্মণ? ৷৹
৩০। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ৸৹
৩১। উপদেশামৃত? সানুবাদ ৷৹
৩২। গৌরকৃষ্ণোদয়ঃ ৸৹
৩৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট্ দ্বিতীয় সংস্করণ) ৫৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈব-প্রাপ্ত একমাত্র মহৌষধ, পনর দিনে যক্ষ্মা বা ক্ষয় কাশ সম্পূর্ণ আরোগ্য হইবে। বহু সহস্র রোগী মৃত্যুমুখ হইতে রক্ষা পাইয়াছেন। (গরীব রোগীদিগকে স্বহস্তে ঔষধ প্রস্তুত করিয়া চিকিৎসা করা হয়।) বিস্তারিত জানিবার জন্য এক আনার টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র উকীল পোঃ সৈকাঠী, জেলা বরিশাল।

নদীয়া জেলায় নিম্ন ঠিকানায় অনুসন্ধান করিতে পারেন—

আনন্দ প্রেসের ম্যানেজার শ্রীযুক্ত মহানন্দ ব্রহ্মচারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম, এ, কৃষ্ণনগর পোঃ, জেলা নদীয়া।

একখানি পত্র

.... আনন্দ সহকারে জানাইতেছি যে আমার ভ্রাতুষ্পুত্র কঠিন যক্ষ্মা রোগে আক্রান্ত হইয়াছিল এবং কলিকাতার বহু প্রসিদ্ধ ডাক্তার মহাশয়গণ জীবনের আশা একেবারে ত্যাগ করিয়াছিলেন, কিন্তু বাবু ক্ষিতীশচন্দ্র উকিল মহাশয়ের ঔষধ মাত্র ১৫ দিন ব্যবহার করিয়া সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছে।

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী

জমিদার, পাং দিয়া ফরিদপুর।

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাঁহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ বাতুলোন্মাদ, স্নায়বিক দুর্বলতা, বহুমূত্র, উদরাময়, পারদ-সংক্রান্ত পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, হাঁপানি, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটান সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ২।০ টাকা মাত্র।

সোল এজেন্ট—ডাঃ ডি, ডি, হাজরা।

ফতেপুর, গার্ডেনরীচ পোঃ, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত
শ্রীচৈতন্যমঙ্গল

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভু-পাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পত্রসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোল্ড্ অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে টিটাগড়ের কাগজে ছাপা; ভিক্ষা—২॥০ টাকা

৪৫৪ গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

পরমার্থিব্যক্তি মাত্রেরই একান্ত প্রয়োজনীয়

বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত

বাংলার ঘরে ঘরে বিরাজিত হউক

ভিক্ষা ৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর পোঃ (নদীয়া

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম এ এফ সি এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে বন্দোবস্ত ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দূর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।

নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাসি, সর্দি, যক্ষ্মা, ক্ষয়রোগ, হৃদরোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্বলতা নাশক অত্যন্ত পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্বল্য, শুক্রহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপার্থিব আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত দুরারোগ্য রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ লক্ষ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্ব্বত্র বিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটীর উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটিকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটিকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। "মণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাক্‌-চিক করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্ব্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১৲ টাকা।

—— অন্যান্য আবিষ্কৃত ——

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন:—

প্রাপ্তিস্থান:—আতঙ্ক নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

এখনও অপূর্ব্ব সুযোগ! পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম, এ প্রোফে (লাহোর) মহোদয় কর্তৃক সঙ্কলিত।

৪৭ খানি অপূর্ব্ব চিত্র সমন্বিত।

বিশ্বকোষ-সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইঃ) মরোক্কো বাঁধা ১।০ স্থলে ২৲ দুই টাকা মাত্র

গ্রন্থ প্রকাশ হইবামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে—ডাঃ শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী এম, এম, এফ কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়-প্রিন্টিং ওয়ার্কস হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৪৭খ খণ্ড গ্রন্থ নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৩৷৵০ সাধারণ পক্ষে ২১৷৵০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।৵০।

দশম স্কন্ধের ভিক্ষা ১২৲, অগ্রিম দাতাগণের পক্ষে ৮৲।

৮৩২ পৃষ্ঠায় ৭৮ অধ্যায় পর্য্যন্ত ত্রয়োদশ খণ্ড ছাপা হইয়াছে। একাদশ স্কন্ধ ছাপা আরম্ভ হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

শ্রীচৈতন্যচরিতামৃত

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষায় তৃতীয় সংস্করণ ৬৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০৲ টাকার এই বিরাট গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য লীলার ব্যাস আদিকবি

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫৲

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪৷০ টাক

সাধক কণ্ঠমালা

৫ শ্লোক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ

ভিক্ষা ।৵০ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব্ববাঙ্গালায় সুলভে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে পারেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার সুবর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে; বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	৲
সাধন পথ (শ্রীমহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	।০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৵০
একত্রে ৩খণ্ড লইলে	।০
গীতাবলী প্রতিখণ্ড	৴১০
একত্রে ৩ খণ্ড লইলে	৵১৫
শরণাগতি—প্রতিখণ্ড	⁄০
একত্রে ৩খণ্ড লইলে	৵৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ-

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীধামমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগৌরগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ,—চটক পর্ব্বত, পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিঙ্গালিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৩নং অগস্ত্যকুণ্ড, কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
০। শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ পি।
১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব।
২। শ্রীমাধবগৌড়ীয় মঠ,—১০নং নবাবপুর রোড, ঢাকা।
৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।
৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাযোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।
৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—চুয়ারকোন্দা, চিরকুণ্ডা পোঃ, মানভূম।
৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ বর্দ্ধমান রোড, নিউদিল্লি

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—বসু লজ, কে রোড, খুলনা
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—দেওয়ানপাড়া, কান্দিপাড়া কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামরঞ্জন রায়—৭৬।৭নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা
৪। মিঃ এন ডি, মুখার্জ্জি—এম, এস, ওয়ার্কস ই আই আর, কানপুর।
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী জ্যোতিভূষণ—কৃষ্ণনগর, নদীয়া,
৬। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।
৭ শ্রীবিরজামোহন দে—মনমোহন প্রেস, নবাবপুর, ঢাকা
৮। শ্রীশৈলেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় বেড়াচাঁপা, ২৪ পরগণা
৯। শ্রীগজানন চট্টোপাধ্যায় এ, এম, এম, মানভূম
১০। শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিসুধাকর মানভূম।
১১। শ্রীপাদ নরোত্তম দাসাধিকারী ঐ

বর্ষার

একমাত্র

স্বদেশী

রবারের জুতা



টি, টি, সিলিপার

চটি, গ্রিসিয়ান ও এলবার্ট

চামড়াহীন, মজবুত, সস্তা, নরম, জল-কাদার দিনের উপযোগী—এই স্বদেশী জুতা, বাজে বিদেশী জুতার বদলে কিনিয়া দেশী শিল্পের সহায়তা করুন।

ঠিকানা:- -টি, টি, সিলিপার এণ্ড কোং, ১নং টাউনসেণ্ড রোড ভবানীপুর, কলিকাতা

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

সারফালিন

টনিক ও জোলাপ। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার ধ্বংস হয়। কলেরা পরিচারকে

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ২।৩ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ খাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ দিনের জল খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে হয়রান হবেন কেন? সুতরাং ।০ আনার সারফালিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট; এমন আশ্চর্য উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ।৶০ আনা, ডজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসার্স্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কলিকাতা

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু বাত নাশক

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা এঃ বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

শ্রীধামের সার্বজনীন ও —"শ্রীধাম" / নবদ্বীপ

Registered No. C 1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩।০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

সাহায্যের হার অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৴৫

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [১২১ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—৭ই শ্রাবণ ১৩৩৭ বুধবার ২৩শে জুলাই ১৯৩০

নানা কথা

কলেজে পিকেটীং

কলিকাতার অধিকাংশ কলেজেই পিকেটীং চলিতেছে। গত ১৮ই জুলাই বেথুন কলেজে মহিলাগণ দ্বিতীয়বার ভাবে পিকেটীং করিতেছিলেন। পুলিশ আসিয়া বাধা দিবার চেষ্টা করে এবং একদল মহিলা-পিকেটারকে গ্রেপ্তার করার ভান করিয়া বাসে তুলিয়া মানিকতলাতে রাখিয়া আসে এবং অপর এক দলকে বাসে করিয়া নারিকেলডাঙ্গার ঐদিকে রাখিয়া আসে। তাঁহারা মোটরে চড়িয়া পুনরায় ফেরৎ আসিয়া আবার পিকেটীং করিতে থাকেন। পুলিশের এই অন্যায় অত্যাচার জন্য বেথুন কলেজের ও কলেজিয়েট স্কুলের সমস্ত ছাত্রী কলেজ পরিত্যাগ করিয়াছিলেন।

প্রেসিডেন্সি কলেজেও পিকেটিং চলিতেছে। মহিলাগণও এখানে পিকেটিং করিতেছেন। প্রথমে যে ৫ জন পিকেটার এইস্থানে আসিয়াছিল তাহারা পুলিশের প্রহারে অজ্ঞান হইয়া পড়িয়া যায় এবং সেই অবস্থায় তাহাদিগকে গ্রেপ্তার করিয়া বাসে করিয়া থানায় লইয়া যাওয়া হইয়াছে। মাত্র ৩০ জন ছাত্র কলেজে ছিল। এ, বি, এস, এর অনুরোধে যে বাধা হইতে দেরী হইত সে বাধা পুলিশের অত্যাচারের ফলে সহজেই সম্পাদিত হইতেছে।

স্কটিশ-চার্চ্চে মাত্র ৪ জন ছাত্র ভিন্ন কোন ছাত্রই উপস্থিত নাই সেন্টপল ও রিপন কলেজ বন্ধ। সিটিকলেজে পিকেটীং সত্ত্বেও পিকেটারের শরীরের উপর দিয়া কয়েকজন ছাত্র মাত্র কলেজে গিয়াছিল।

স্কটিশচার্চ্চ কলেজিয়েট স্কুল বঙ্গবাসী কলেজিয়েট স্কুল, মিত্র ইনিষ্টিটিউসান, রিপন কলেজিয়েট স্কুল, কলিন্স্ ইন্‌ষ্টিটিউট, মেট্রোপলিটান ইনিষ্টিটিউট, শ্যামবাজার এ, ভি স্কুল, ওরিয়েন্টাল সেমিনারী এবং টেকনিক্যাল ইনিষ্টিটিউটের ১ম নাং ৩র্থ শ্রেণীর ছাত্রেরা স্কুল বন্ধ করিয়াছে।

বেথুন কলেজে পিকেটীং

গাণ্টুরে গান্ধীটুপি ব্যবহার নিষিদ্ধ

ডাঃ মুনজীর মুক্তি

তাড়ির দোকানে পিকেটীংএ গুলিবর্ষণ

কিশোরগঞ্জে তাণ্ডবনৃত্য

বিদেশী-বস্ত্র-ব্যবসায়ের অবস্থা

মহিলার কারাদণ্ড

খানাতল্লাস ও তৎসহ গ্রেপ্তার

ব্যারিষ্টারের কর্ম্মত্যাগ

যুক্ত আশানন্দের জেল

প্রেস অর্ডিন্যান্স

ব্যবস্থাপক সভায় মিঃ এস, সি মিত্রর প্রশ্নের জবাবে বেথান হইয়াছে যে ১৩১টী পত্রিকার নিকট হইতে প্রেস অর্ডিন্যান্স অনুসারে জামিন তলব হইয়াছে তন্মধ্যে ৬১টী পত্রিকার প্রকাশ বন্ধ হইয়াছে। বঙ্গদেশে জামিন দিতে না পারিয়া ৯টী পত্রিকা প্রকাশ বন্ধ করিয়াছেন।

ডাঃ মুনজীর মুক্তি

ডাঃ মুনজী মুক্তি পাইয়াছেন। জেলে বসেব মিউনিসিপাল কমিটীর সম্পাদক তিনি ১৮ই জুলাই ঐ স্থানে জাতীয়-পতাকা উড্ডীন করিবেন।

বোম্বাইয়ে ১৮ই জুলাই বন আইনভঙ্গ ব্যাপারে ২৯ জন গ্রেপ্তার হইয়াছেন।

ছাত্র সমিতি

বগুড়া জেলার বনগ্রামপুরের স্কুলের কর্তৃপক্ষ মহাত্মা গান্ধীর জেলার উপলক্ষে স্কুলে অনুপস্থিতির জন্য ২ জন ছাত্রকে দোষী অনুমান করিয়া তাহাদিগকে স্কুল ত্যাগ করিতে বাধ্য করায় ১৭ই জুলাই হইতে স্কুলের সমস্ত ছাত্র স্কুল যাওয়া বন্ধ করিয়াছে এবং এবি এস, এর আনুকূল্যে তথায় একটী ছাত্র সংঘ স্থাপিত হইয়াছে।

বর্দ্ধমান জেলার ছাত্রবৃন্দ ১৫ই জুলাই বর্দ্ধমান টাউনহলে সভা করিয়া সকলের স্কুল পরিত্যাগ করিয়া স্বদেশের সেবায় যোগদান করা স্থির করিয়াছেন।

বরিশালের বি, এম কলেজে মহিলাগণ ও স্বেচ্ছাসেবকগণ রীতিমত পিকেটীং চালাইতেছেন। ১০১ জন পরীক্ষার্থীর মধ্যে মাত্র ৯ জন পরীক্ষা দিয়েছে। ৬ জন ছাত্রকে এই পিকেটিংয়ের নেতা অনুমানে রাষ্টিকেট করা হইয়াছে।

গাণ্টুরে গান্ধীটুপী নিবারিত

গান্ধীটুপী পরিধান দ্বারা আইন অমান্য আন্দোলন সংযুক্ত আকার হয় এবং জনতা শান্তিভঙ্গ হইতে পারে এই আশঙ্কায় গাণ্টুরের জেলা ম্যাজিষ্ট্রেট এক ডিক্লেয়ারেশন দ্বারা গাণ্টুর মিউনিসিপালিটীর সীমানার মধ্যে গান্ধীটুপী ব্যবহার নিষেধ করিয়া ৩৪ ধারার হুকুম জারি করিয়াছেন। এই হুকুম প্রচারের জন্য যে ঢেঁড়া দেওয়া হইয়াছিল তাহা নামঞ্জুর হইয়াছে।

পিকেটীংয়ে গুলিবর্ষণ

মথুরা এলেকার মান্নান গ্রামের তাড়ির দোকানে পিকেটীং কালে পুলিশ [illegible] জনতাকে আক্রমণ করে ও পরে গুলি চালায়। ফলে [illegible] আহত হইয়াছে। পুলিশ [illegible] নিকটবর্ত্তী গ্রামের [illegible] জনকে এবং [illegible] জনকে

বিবিধ সংবাদ

কিশোরগঞ্জে ডাকাত লুণ্ঠনের পূর্ববিবরণ

কিশোরগঞ্জ পুনঃ সময় সংবাদানিতে আক্রমণকারীদের গুলি মহাজনদের উপর। ১৪ই জুলাই সরকারী পুলিশ সংবাদে পাকুন্দিয়া, টেকা, এবং মাঠখোলার মহাজনদিগের উপর গুলি চালাইতে বাধ্য হইয়াছিলেন। হতাহতের সংখ্যা জানা যায় নাই। ঐ দিন সকালে ইন্স্পেক্টর ও মাঠখোলার একদল লোককে ছত্রভঙ্গ করিবার জন্য গুলি চালাইতে বাধ্য হন কিন্তু তাহাতেও কোনও ফল না হওয়ায় একজনকে গ্রেপ্তার করিয়া লইয়া যেতে আসিয়াছিলেন। একজন সরকারী দারোগার হাত ও পায়ের হাড় ভাঙ্গিয়া দিয়াছিল এবং তিন জন কনেষ্টবলকে জখম করিয়াছিল। সরকারী পুলিশ সাহেব নিয়ামতী ও পাটুয়া তাঁহার দাঙ্গাকারিগণকে তাড়াইবার জন্য আবার একবার গুলি চালাইবার আদেশ দিয়াছিলেন এবং কেবল এক জনকে গ্রেপ্তার করিতে পারিয়াছিলেন। ব্রহ্মপুত্রের অপর পারেও লুট আরম্ভ হইয়াছিল। সাকোয়াগ, আমতিয়া, টেঙ্গুরিয়া ও শিলাসি গ্রামে বহু হিন্দু মুসলমানেরা লুট করিয়াছে ও আগুন দিয়াছে। মহকুমা ম্যাজিষ্ট্রেট একজন ইন্স্পেক্টার ও সশস্ত্র পুলিশসহ তাহাদিগকে তাড়া করেন এবং তাহাদের উপর গুলিবর্ষণের আদেশ দেন। একজন হত হইয়াছে এবং ১০ জন গ্রেপ্তার হইয়াছে এবং কিছু মাল পুনরুদ্ধার করা হইয়াছে। বাগলা ও বানারগাঁও অঞ্চলেও অনেক গৃহ লুণ্ঠিত হইয়াছে। উপস্থিত দাঙ্গা অনেক সময় লাভ করিয়াছে।

বিদেশী বস্ত্র ব্যবসায়ের অবস্থা

চারিদিক হইতে পিকেটিং হইতে থাকায় বিদেশী বস্ত্র ব্যবসায় প্রায় অচল হইয়া পড়িয়াছে। অসংখ্য স্বেচ্ছাসেবক পিকেটিং জন্য গ্রেপ্তার হইতেছেন, জেল যাইতেছেন কিন্তু তাঁহাদের উদ্যম কমিতেছে না। রাত্রি দ্বিপ্রহরকালে বিদেশী মাল সরবরাহ করিবার চেষ্টা হইয়াছিল কিন্তু তখনও পিকেটারগণ উপস্থিত হইয়া স চেষ্টা বিফল করিতেছে। বিক্রয় এত কম যে বিদেশী বস্ত্র ব্যবসায়ীগণ মূল্য দিতে পারিতেছে না এবং মাল গ্রহণ করিতে পারিতেছে না। তাঁহারা জাহাজে মাল চালান দিতেছেন তাঁহারা সময় বৃদ্ধি না করিলে অনেক অসুবিধা হইবে। কেহ কেহ কোনও রূপে চুক্তি রদ করিতে সমর্থ হইয়াছেন। উপায় স্থির করিবার জন্য সভা সমিতি হইতেছে কিন্তু বয়কট বন্ধ না হইলে যে কোনও উপায় হইবে তাহা মনে হয় না এবং বয়কট বন্ধ হইবারও কোনও চিহ্ন দেখা যাইতেছে না।

মহিলার কারাদণ্ড

কোয়েম্বাটোরে একজন মহিলার রাজদ্রোহ অপরাধে ৬ মাস কারাদণ্ডের আদেশ হইয়াছে।

খানাতল্লাস ও তৎসহ গ্রেপ্তার

বাটোরের কংগ্রেস সমিতি ১৩ই জুলাই খানাতল্লাস করিয়া পুলিশ কতকগুলি কাগজ লইয়া গিয়াছে।

গত ১৮ই জুলাই পুনরায় কলিকাতায় বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেস গৃহ খানাতল্লাস করিয়া পুলিশ কয়েকখানি কংগ্রেস বুলেটিন পাইয়াছেন এবং ভারপ্রাপ্ত কর্মী আবদুল রসিদ মিঞাকে গ্রেপ্তার করিয়াছেন।

খাকুড়পুর কংগ্রেস সমিতির সম্পাদক ডাঃ তুলসীদাস পাল গ্রেপ্তার হইয়াছেন।

১৭ দিন কলিকাতা বড়বাজারের আইন অমান্য সমিতি গৃহ খানাতল্লাস করিয়া পুলিশ কতকগুলি কংগ্রেস বুলেটিন এবং ১৩০০ খান হিন্দী নবজীবন পত্রিকা হস্তগত করিয়াছেন এবং একজন সত্যাগ্রহীকেও আর একজন লোককে (যাহার সহিত আপীসের কোনও সম্বন্ধ নাই) গ্রেপ্তার করিয়াছে, যাইবার সময় পুলিশ জাতীয় পতাকাটি এবং একজন সত্যাগ্রহীর একখানা কাপড়ও লইয়া গিয়াছে।

২৪ পরগণা জেলার বরানগর কংগ্রেস গৃহ ১৮ই জুলাই তারিখ ২বার খানাতল্লাস করিল পুলিশ প্রথমবারে কিছু কাগজপত্র সংগ্রহ করে এবং অনিলকুমার দত্তকে গ্রেপ্তার করে এবং দ্বিতীয়বারে গণাইচন্দ্র মুখার্জীকে গ্রেপ্তার করে।

২৪পরগণার জেলা কংগ্রেস আপীস খানাতল্লাস করিয়া পুলিশ কয়েকখানা কাগজ সংগ্রহ করিয়াছে এবং কর্মী কালিপদ মুখার্জিকে গ্রেপ্তার করিয়াছে।

কলিকাতার হিন্দুসভা ১৮ই জুলাই পুনরায় তল্লাস হইয়াছে। প্রকাশ যে একটা সাইক্লোষ্টাইল মেসিন খুঁজিবার জন্য এই তল্লাস কিন্তু অপরাধ জ্ঞাপক কিছুই পুলিশ পায় নাই।

দেশবন্ধু পল্লী সংস্কার সমিতি গৃহের দরজা ভাঙ্গিয়া তথায় প্রবেশ করিয়া পুলিশ নক্সা, বিজ্ঞাপন, ছবি ক্ষুদ্র পুস্তিকা খাতাপত্র কাগজাদি যাহা কিছু গৃহ মধ্যে ছিল সমস্ত লইয়া গিয়াছে। লরিতে করিয়া এই সমস্ত জিনিষ বহিতে হইয়াছিল।

ব্যারিষ্টারের কর্মত্যাগ

সরকার বাহাদুরের দমননীতির প্রতিবাদ স্বরূপ মিঃ এম ডি এস মালকোনা ব্যারিষ্টার তাহার ব্যবসা ছাড়িয়া দিয়াছেন। তিনি ১৫ বৎসর প্র্যাকটীস করিতেছেন এবং ইদানীং রাজনৈতিক মামলাতে আসামীর পক্ষ সমর্থন করিতেছিলেন।

শ্রীযুক্ত আশানন্দের জেল

শ্রীযুক্ত আশানন্দ নাগের বিরুদ্ধে অভিযোগ যে তিনি প্রেসিডেন্সি কলেজে পিকেটিং সময়ে সামনে আসিয়া দাঁড়াইয়াছিলেন এবং পুলিশ তাঁহাকে সরিয়া যাইতে বলায় তিনি ছাতা দ্বারা সার্জেন্টকে আঘাত করিয়াছিলেন। মিঃ নাগ বলেন যে তিনি পুলিশকে আঘাত করেন নাই। তিনি একটী পুস্তকের দোকানে যাইতেছিলেন তাহাতে পুলিশ নিষেধ করে। তিনি সেদিকে যাওয়া যাইবে না এই কথা জিজ্ঞাসা করায় তাঁহাকেই গ্রেপ্তার করা হইয়াছিল। বিচারে ৪র্থ প্রেসিডেন্সি ম্যাজিষ্ট্রেট মিঃ এটচকে যে আসামীকে দোষী সাব্যস্ত করিয়া তাঁহাকে ৬মাস কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন। ঐ কলেজে পিকেটিং উপলক্ষে রঞ্জিত দত্তর ৬ মাস সশ্রম কারাবাস এবং দেবেন্দ্রনাথ সেনের বিনা পরিশ্রম ৬ মাস কারাবাসের আদেশ হইয়াছে।

পুলিশ জুলুমের প্রতিবাদ

১৭ই জুলাই তারিখে বোম্বাই কর্পোরেশন বৈঠক করিয়া ওয়াডালা ব্যাপারে, এসপ্লানেড ময়দানে এবং ভয়নবি রোডে পুলিশের অযথা অত্যাচারের প্রতি দৃষ্টি আকর্ষণ করিয়াছেন। গত ১৭শে ও ২১শে যে তারিখে জেভি বাজারে পুলিশ যে অন্যায় জুলুম করিয়াছিল তৎপ্রতি এই কর্পোরেশন অত্যন্ত বিরক্তি প্রকাশ করিয়াছেন। তৃতীয় মন্তব্যে কর্পোরেশনের সদস্যে সমস্ত বিদেশী বস্ত্র ব্যবসায়ের জন্য লাইসেন্স লওয়া আবশ্যক বিবেচনা করিয়া বোম্বাই মিউনিসিপাল আইন সংশোধনের প্রস্তাব করিয়াছেন।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠভূষণের

বেহালার পাচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

মফঃস্বলের সুবিধার জন্য ৩ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় ছোটবোতলের শুকলবিধান ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ।০ আনা, পাইট ।৵০ আনা, বোতল ১৵০ আনা।

অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ-শ্যামবাজার, কলিকাতা।

আয়ুর্বেদীয়

মদন মঞ্জরী

বটিকায় ধাত ও বাজীকরণ, ইন্দ্রিয়শক্তির হ্রাস, অল্প বয়সে অজীর্ণ, অম্বল, মাথাঘোরা, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি সকল সর্ব্ব বিকার আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

"অপূর্ব সন্ধ্যাক্ষারি ঘৃত"

পুরুষত্বহীন যে কেহ ব্যবহারে অবশ্য আরোগ্য হইয়া পুরুষত্ব লাভ করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

"রমণীবিলাসিনী বটিকা"

বীর্য্যধারণ কার্য সন্তোষজনক স্থায়ী ও বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

রাজবৈদ্য নারায়ণজী, কেশবজী

৩১৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের ঢোকা শিশি বাদাম তৈল

আদি ও অকৃত্রিম এবং উপকারিতার সকলের পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জোয়াচোরগণ কমদরের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত

কেরার্স কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আইরন, হাইড্রোক্লোরাইড কুইনিন, আর্সেনিক এবং ইউরিথেন আছে।

এই কেরার্স-কুইনিন্ দ্বারা ইনজেকসন করিলে একটী বা দুইটী ইনজেকসনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং চার হইতে বারটী ইনজেকসনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া ...

৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ডাঃ মাঃ ৵ স্বতন্ত্র

বাইও-কেমিক্যাল এণ্ড কেমিক্যাল ল্যাবরেটারিতে

৫৯।১ হরিতকী লেন, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর-৭ই শ্রাবণ বুধবার-১৩৩৭

(১)

মান্দ্রাজপ্রদেশে বহরমপুর, আস্কাসা ও পার্লাকিমেডি রাজপ্রসাদ, ওয়াল্টেয়ার প্রভৃতি স্থানে মহাপ্রভুর কথা প্রচার ও সিংহাচলে শ্রীমন্মহাপ্রভুর পাদপীঠ প্রতিষ্ঠার ব্যবস্থা

(২)

(ক) কুসংস্কারে আচ্ছন্ন হওয়ার পরিণাম

(খ) মৎসর ব্যক্তিগণ স্ব স্ব স্বার্থসিদ্ধির নিমিত্ত দুর্নীতিকেও ধর্ম্মের আবরণে চালাইয়া নানা অপ ও উপধর্ম্মের সৃষ্টি করে

(গ) বিজ্ঞজন সমাজও অন্ধবিশ্বাসের বশবর্ত্তী হইয়া ঐ সকল তথা-কথিত ধর্ম্মমতকে সমর্থন পূর্ব্বক সত্যের অপলাপে প্রবৃত্ত হয়

(৩)

ব্রহ্মের জগদুপাদানত্বে পূর্ব্বপক্ষ নিরসন

মন্দ্রপ্রদেশে মহাপ্রভুর মহিমা কীর্ত্তন

(পরিব্রাজকাচার্য্য ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্‌ ভক্তিহৃদয় বনমহারাজ)

(পূর্ব্বপ্রকাশিত ১২০ সংখ্যার পর)

বহরমপুরে বক্তৃতা

কবিরাজ মধুসূদন শর্ম্মা ও বিশিষ্ট ব্যক্তিগণের আগ্রহে ১৬ই জুন স্থানীয় অন্ধ্র-ভাষা-বিবর্দ্ধিনী-সভা-গৃহে এক বিরাট্ সভা আহূত হয়। সহরের যাবতীয় উচ্চশিক্ষিত ব্যক্তি উপস্থিত হইলেন। দৈনিক নদীয়া-প্রকাশ, গৌড়ীয় ও হার্মণিষ্ট পত্রিকাত্রয়ের দ্বারা আমাদের মিশনের কথা পূর্ব্ব হইতেই সহরে পরিচিত ছিল। সুতরাং গৌড়ীয় মঠের স্বামিজীগণ বক্তৃতা করিবেন শুনিয়া অসংখ্য লোকের সমাগম হইল। উড়িষ্যার মহারাজ সভাপতির আসন অলঙ্কৃত করিলেন। নিত্যার্ণব প্রভু গৌড়ীয় মঠের পরিচয় দিলেন। দুই ঘণ্টা কাল বক্তৃতার পর সভাপতি স্বামিজী তাঁহার মন্তব্য প্রকাশ করিলেন। পর দিবস প্রশ্নোত্তরময়ী ইষ্টগোষ্ঠী হইল। উহাতেও সহরের সজ্জনগণের নিকট আমরা বিশেষভাবে পরিচিত হইলাম। সহরের প্রায় সকলেই শ্রীমন্মহাপ্রভুর শ্রীপাদপীঠ-প্রতিষ্ঠার সেবানুকূল্য করিয়া সুকৃতি অর্জ্জন করিলেন। অনেকে হার্মণিষ্টের গ্রাহক হইলেন।

আস্কাসা রাজপ্রাসাদে

২০শে জুন প্রাতঃকালে কালেক্টর সাহেব শ্রীযুক্ত ক্লিন প্রচারকগণকে বিহিত অভ্যর্থনা করিবার জন্য আস্কাসার রাজাসাহেবকে তারযোগে জানাইলেন। আমরা মাদ্রাজ মেলে রওনা হইয়া বেলা ২ ঘটিকায় আস্কাসা ষ্টেসনে পৌঁছিয়া দেখি যে, রাজাসাহেবের ষ্টেট্ ইঞ্জিনিয়ার মিঃ ভি, আর, রাও পূর্ব্ব হইতেই মোটর গাড়ী লইয়া আমাদের জন্য অপেক্ষা করিতেছেন। মিঃ রাও আমেরিকা হারবার্ড বিশ্ববিদ্যালয়ে ছয় বৎসর অধ্যয়ন করিয়া বর্ত্তমানে 'পরিষ্-জ্যোতিষের' আলোচনা করিতেছেন। স্বামিজী ও মিঃ রাও মোটরে উঠিলেন এবং আমরাও অপর দুইখানি রাজ-গাড়ীতে উঠিলাম। ষ্টেশন হইতে রাজপ্রাসাদ তিন মাইল দূরে পর্ব্বত পাদমূলে অবস্থিত। অর্দ্ধ ঘণ্টা মধ্যে আমরা রাজার উদ্যান-বাটিকায় স্থান পাইলাম। মুহূর্ত্ত মধ্যে বিবিধ ফল মিষ্টান্নাদি বহু বিচিত্র-প্রসাদ এবং মধুর সুবাসিত পানীয় সংগৃহীত হইল। মিঃ রাও সর্ব্বক্ষণ আমাদের তত্ত্বাবধানে নিযুক্ত রহিলেন।

সন্ধ্যার সময় রাজাসাহেব স্বয়ং স্বামিজীর নিকট উপস্থিত হইয়া করযোড়ে অভিবাদন করত অতি বিনীত ভাষায় বলিলেন যে, স্বামিজীর ন্যায় মহাজনের আগমনে তিনি অত্যন্ত ধন্য হইয়াছেন, আরও বলিলেন যে, স্বামিজী যদি কৃপা পূর্ব্বক রাজপ্রাসাদে পদধূলি দান করেন, তবে তাঁহার প্রাসাদ পরম পবিত্র হইবে। তাঁহার বিনয়-নম্র বচনে প্রীত হইয়া স্বামিজী স্বীকৃত হইলেন। দুইখানি মোটরে আমরা সকলে রাজ-প্রাসাদে যাইয়া বিশ্রামগৃহে আসন গ্রহণ করিলাম। রাজাসাহেব, মিঃ রাও ও আমাদের সহিত রাত্রি ১১ ঘটিকা পর্য্যন্ত শ্রীচৈতন্যদেব-প্রচারিত অচিন্ত্য-ভেদাভেদবাদ সম্বন্ধে আলোচনা করিলেন। অতঃপর মিঃ রাও তাঁহার [illegible] প্রতিকূলভাবে প্রথমে সমর্থন করেন ও স্বামিজী মহাশয়ের অলৌকিক যুক্তিপূর্ণ বাক্য শ্রবণে তিনি স্তম্ভিত হইয়া স্বীয় [illegible] দিতে লাগিলেন।

পর দিবস প্রাতঃকাল ৮ ঘটিকা হইতে ১২ ঘটিকা পর্য্যন্ত পুনরায় বহু বিষয়ের আলোচনা হইল। রাত্রিতে থাকিবার জন্য রাজাসাহেব পুনঃ পুনঃ অনুরোধ করিতে লাগিলেন। কিন্তু পার্লাকিমেডি রাজার নিকট পূর্ব্ব হইতে প্রতিশ্রুত হওয়ায় আমাদিগকে বাধ্য হইয়া সেই দিবসই অপরাহ্নের গাড়ীতে পার্লাকিমেডি রওনা হইতে হইল। রাজাসাহেবের আতিথেয়তায়, সৌজন্যে, হরিসেবার প্রীতি ও আন্তরিকতায় আমরা পরম সন্তোষ লাভ করিয়াছিলাম।

পার্লাকিমেডি রাজপুরীতে

মিঃ ক্লিন সাহেবের পূর্ব্ব ব্যবস্থানুসারে পর দিবস প্রাতঃকালে পার্লাকিমেডি রাজার অতিথিরূপে আমরা গৃহীত হইলাম। প্রাসাদে অল্প সময় হরিকথা আলোচনা হইল। কিন্তু স্বদেশী আন্দোলনে রাজাসাহেব বিশেষ ব্যস্ত হইয়া পড়ায় [illegible] সেইদিনই বাহিরে [illegible] হইবে। রাজাসাহেব আমাদিগকে বিশেষ সময় দিতে অসমর্থ হওয়ায় নিজেকে যেন অত্যন্ত অপরাধী মনে করিয়া পুনরায় তাঁহার রাজ্যে আসার জন্য পুনঃ পুনঃ অনুরোধ করিলেন। স্বামিজী মহারাজ তাঁহার মঙ্গল কামনা করিলেন।

শ্রীকূর্ম্মের পথে বিঘ্ন

পরদিবস স্বামীজীর আদেশে স্থির মনে করিলাম যে, সিংহাচল শ্রীনৃসিংহদেবের মন্দিরে শ্রীপাদপীঠের নিমিত্ত পৌঁছিবার পূর্ব্বে পথে শ্রীকূর্ম্মদেবকে দর্শন প্রণতি করিয়া যাইব। সেই উদ্দেশ্যে প্রাতঃকালে নওপাদা ষ্টেশনে মাদ্রাজ মেইল ধরিয়া বেলা ৯ ঘটিকায় 'চিকাকোল রোড্' ষ্টেশনে নামিয়া শ্রীকূর্ম্ম যাইবার জন্য মোটর বাসে উঠিলাম। কিন্তু [illegible] মোটরখানি চলিবার অযোগ্য হওয়ায় গেল উপায়ান্তর না দেখিয়া ষ্টেশনেই [illegible] করিলাম।

সিংহাচলে শ্রীনৃসিংহদেব-মন্দিরে শ্রীমন্মহাপ্রভুর পাদপীঠ প্রতিষ্ঠানের ব্যবস্থা

অনন্তর গাড়ীতে চাপিয়া রাত্রি ১০ ঘটিকায় আমরা ওয়াল্টেয়ার পৌঁছিলাম। [illegible] কালেক্টর সাহেবের [illegible] পাইলাম। অপরাহ্নে [illegible] ও শ্রীপাদ হরগৌর ব্রহ্মচারী [illegible] সিংহাচল রওনা হইলাম। [illegible] ওয়াল্টেয়ারে রহিলেন। সিংহাচল ষ্টেশন হইতে সিংহাচল পাহাড় দুই মাইল দূরে অবস্থিত। আমরা যখন তথায় পৌঁছিলাম, তখন সন্ধ্যা অতিক্রান্ত হইয়াছে। উপরে উঠিবার আর সময় ছিল না। শ্রীমন্দিরের [illegible]। [illegible] আমাদের [illegible] ব্যবস্থা করিলেন। [illegible] দর্শন করিলাম। পর দিন প্রাতঃকালে ১২০০ সিঁড়ি ভাঙ্গিয়া আমরা পাহাড়োপরি উঠিয়া শ্রীমন্দির পরিদর্শন, শ্রীনৃসিংহদেবের চন্দন আবরণ-দর্শনাদি করিয়া শ্রীমন্মহাপ্রভুর শ্রীপাদপীঠ-স্থাপনের স্থান নির্দ্দেশ করিতে প্রবৃত্ত হইলে [illegible] পরিচালকগণ [illegible] আপত্তি উত্থাপন করিলেন। তাঁহাদের সহিত [illegible] আলোচনা [illegible] [illegible] দিলাম।

কুসংস্কার

[illegible] ১২ [illegible] সম্প্রতি [illegible] হইল [illegible] প্রচারের [illegible] না পারিয়া [illegible] নিযুক্ত করা

একদিন দুপুর বেলায় আনন্দ গ্রামবাসী পরমানন্দ মল্লিকের বিদাদির পাড়ায় হঠাৎ আগুন লাগিল। আগুন দেখিয়া গ্রামবাসী সকলে ছুটিয়া আসিয়া কোনরকমে আগুন নিভাইয়া দিল। পরদিন সকালে নিধি মল্লিকের স্ত্রী,— ... মল্লিকের গৃহিণী,—সকলের নিকট প্রকাশ করিল যে, সে রাত্রে স্বপ্ন দেখিয়াছে, স্থানীয় বাগদী ঠাকুরাণী পরমানন্দ মল্লিকের ... পাড়াটি ... ইচ্ছা করিয়াছেন ... বাস করিতে ... উহা বাঁচিতে ... করিয়াছিলেন কিন্তু গ্রামবাসী তাঁহার এই অধিকারে বাধা দিয়াছে, যদি তাঁহার এই পাড়া তাঁহাকে নিবেদন করিয়া না দেওয়া হয় তাহা হইলে এই অপরাধে সমস্ত গ্রাম মহামারীতে তিনি উজাড় করিয়া দিবেন।

এই কথাটা প্রকাশ হইবামাত্র সবে ভীত হইয়া দলে দলে গ্রামবাসী খোল করতাল সহ একত্রিত হইল এবং সেই বিদাদির পাড়াটিকে প্রদক্ষিণ করিয়া কীর্তন আরম্ভ করিয়া দিল। ... একজন ব্রাহ্মণকে ডাকা হইল এবং ধূপ দীপাদির দ্বারা বিধিমতে সেই বিদাদির পাড়ায় বাগদীদেবীর পাতাইর পূজা এবং নিবেদন-কার্য্য সম্পন্ন হইল। একটা হোমকুণ্ড করিয়া তথায় ঘৃতাহুতি দিয়া হোম হইল এবং হোমাগ্নি সেই বিদাদির পাড়ায় দেওয়া গেল। যতক্ষণ সেই বিদাদির পাড়াটী পুড়িতে লাগিল ততক্ষণ গ্রামবাসী সকলে একত্রিত হইয়া সেই প্রজ্বলিত বিদাদির পাড়াকে প্রদক্ষিণ করিয়া কীর্তন করিতে লাগিল এবং আগুন নিবিয়া গেলে সকলে সেই ছাই-গুলিকে সাষ্টাঙ্গে দণ্ডবৎ করিয়া কপালে ঐ ছাইয়ের ... লইয়া ঘরে ফিরিল।

নিধি মল্লিক ও পরমানন্দ মল্লিক দুই সহোদর এই আনন্দপুর গ্রামের অধিবাসী। কিছুদিন হইতে পরস্পর গৃহবিবাদ চলিতেছিল। এই গৃহবিবাদে উভয়ের বাটীর মেয়েরা দুইজন মাঝে অনুবিস্তর কলহ করিত। এই সব কারণে নিধি মল্লিকের স্ত্রী এই একটী নূতন পরিকল্পনা মনের মধ্যে স্থির করিল যে, পরমানন্দের ... বাড়ীগুলি যদি নষ্ট করিয়া দেওয়া যায় তবে উহাকে বেশ জব্দ করা যাইবে। সোমাভিনী প্রথম দিন আগুন দিয়া ... উহার সহিত ... মূলে ... একখানি ... প্রত্যক্ষ-রূপ আশ্রয় প্রসিদ্ধ ... মিথ্যা গল্প একটী যোগ করিয়া দেয়। দেবীর স্বপ্ন বলিয়া, উহা কেহই অবিশ্বাস করিতে পারিল না অতএব ... মল্লিকের স্ত্রী তার মনোভিলাষটী ধর্ম্মের নামে বেশ ... সহিত সাধন করিয়া লইল এবং কুসংস্কারাচ্ছন্ন গ্রামবাসী এরূপ একটী লজ্জাজনক ক্রিয়ার অবতারণা করিল।

কোনও ব্যক্তিবিশেষ নিজ স্বার্থসিদ্ধির জন্য ধর্ম্মের দোহাই দিতে চেষ্টা করে এবং সত্য মিথ্যা ২।৪টী গল্পের সৃষ্টি করিয়া এক একটী উপধর্ম্মের সৃষ্টি করিয়া বসে। বৈষ্ণবধর্ম্মের নামে আউল বাউল প্রভৃতি কতকগুলি উপধর্ম্ম ও ...ভাবে সৃষ্ট হইয়া বেশ ও প্রাণ সমাজের বুকের উপরে নৃত্য করিতেছে। স্ত্রীলোকের সহিত অবাধে মেলামেশা করিবার সুযোগ করিয়া লইবার জন্য বর্ত্তমানে পুরুষলোকে স্ত্রী সাজিয়া সখীভেকী বলিয়া একটী উপধর্ম্মের সৃষ্টি হইয়া উঠিয়াছে। সমাজের লোক-সকল এরূপ অন্ধ যে, ইহার কোনরূপ কারণ অনুসন্ধান না করিয়া অবাধে এই সকল দুর্নীতিকে ধর্ম্মের নামে চালাইয়া দিবার সুযোগ করিয়া দিতেছেন। সমাজের অনেক নিকৃষ্ট নাম মাত্র বাকি ... এইরূপ দুর্নীতিমূলক পথ বলিয়া স্বীকার করিয়া তাঁহাদের এই ব্যক্তিগত ভোগ-প্রবৃত্তির ইন্ধন যোগাইয়া দিতেছেন।

ব্রহ্মের জগদুপাদানত্বে পূর্ব্বপক্ষ নিরাস

(পণ্ডিত শ্রীপাদ অতীন্দ্রিয় বন্দ্যোপাধ্যায়, বেদান্ত-বাচস্পতি)

বেদান্ত দর্শনের প্রথম সূত্রেই ব্রহ্মকেই জগতের উপাদান-কারণ বলিয়াছেন, যথা:—“জন্মাদ্যস্য যতঃ।” এবং বেদান্ত দর্শনের একমাত্র অকৃত্রিম ভাষ্য শ্রীমদ্‌ভাগবতেও সেই কথা সমর্থিত হইয়াছে, যথা:—“জন্মাদ্যস্য যতোঽন্বয়াদিতরতশ্চার্থেষ্বভিজ্ঞঃ স্বরাট্……সত্যং পরং ধীমহি” তৈত্তিরীয়কেও ইহাই সমর্থিত হইয়াছে, যথা: ‘যতো বা ইমানি ভূতানি জায়ন্তে……।

কিন্তু ইহাতে পূর্ব্বপক্ষবাদী আপত্তি উত্থাপন করিয়েছেন যে, ছান্দোগ্যে বলা হইয়াছে যে, “তত্তেজ ঐক্ষত বহুস্যাং” “তা আপ ঐক্ষন্ত বহ্ব্যঃ স্যাম” অর্থাৎ সেই তেজ সঙ্কল্প করিলেন আমি বহু হইব। বৃহদারণ্যকেও এইরূপ বাদিতার্থক বাক্যাবলী দেখিতে পাওয়া যায়, যথা:—“তে হেমে প্রাণা অহং শ্রেয়সে বিবদমানা ব্রহ্ম জগ্মুঃ।”……ইত্যাদি। কিন্তু শাস্ত্রপ্রমাণে জানা যায় যে তেজ ও প্রাণ ইহারা জড় বস্তু, সুতরাং জড় বস্তুর সৃষ্টি-সামর্থ্য স্বীকার করিলে বন্ধ্যা-পুত্র প্রমাণের বিষয় হইতে পারিবে। এরূপ একদেশ প্রামাণ্য দ্বারা অন্যের অপ্রামাণ্য-বশতঃ ব্রহ্মের জগৎকারণত্ব অপ্রমাণিত হইল। তার্কিকের এই প্রকার পূর্ব্বপক্ষের সঙ্গতির সমাধানার্থ বলা যায় যে, ছান্দোগ্যের ঐ ‘তেজঃ’ শব্দে এবং বৃহদারণ্যকের ‘প্রাণ’ শব্দে জড় তেজ বা প্রাণ প্রভৃতি বাচ্যবিষ্ট হয় নাই। ওখানে ‘তেজঃ’ ‘প্রাণ’ প্রভৃতি শব্দে তদভিমানী দেবতা বুঝিতে হইবে।

ঐতরেয় শ্রুতিতে স্পষ্ট দেখা যায় যে ‘অগ্নি বাক্য হইয়া মুখে প্রবেশ করিলেন, আদিত্য চক্ষু হইয়া অক্ষিতে প্রবিষ্ট হইলেন’। এখানে যেমন বাগাদির অভিমানে অগ্ন্যাদির অনুপ্রবেশ উপদিষ্ট হইয়াছে, প্রস্তাবিত স্থলেও ঐরূপটী বুঝিতে হইবে। বেদ বা শব্দপ্রমাণই একমাত্র আপ্ত প্রমাণ, শ্রুতির কোথাও অনাপ্তর নাই এবং শ্রুতি হইতে জানিতে পারা যায় যে, ব্রহ্মই বিশ্বোৎপত্তির একমাত্র উপাদান ও নিমিত্ত কারণ। তাহার কোন ব্যতিরেক নাই।

পূর্ব্বপক্ষবাদী শ্রুতি-সমন্বয় জানায় শ্রুতি-মন্ত্রের অন্তর্ভুক্ত ‘তেজঃ’ ‘প্রাণ’ প্রভৃতি শব্দের অভিধাবৃত্তি-গত অর্থাবলম্বনে যে ব্রহ্মের জগদুপাদানত্বে সন্দেহ প্রকাশ করিয়াছেন, ঐ সমস্ত শব্দের উক্ত প্রকার অর্থ গ্রহণ করিলে ‘যতো বা ইমানি ভূতানি’ প্রভৃতি শ্রুতির প্রতিজ্ঞার সহিত বিরোধ উপস্থিত হয় সুতরাং শ্রুতির সর্ব্বাঙ্গ পর্য্যালোচনা দ্বারা স্পষ্ট যে ব্রহ্মই জগতের উপাদান কারণ ইহা সিদ্ধান্ত হয়।

প্রকৃতিবাদী সাংখ্য-সম্প্রদায় তর্কাশ্রয়ে পরব্রহ্মের জগদুপাদানত্ব অপেক্ষা করতঃ পুনরায় পূর্ব্বপক্ষ উত্থাপন করিয়া বলিতেছেন যে, ব্রহ্মের জগদুপাদানত্বে যথেষ্ট সন্দেহ বর্ত্তমান আছে। কারণ জগৎ ও ব্রহ্ম এতদুভয়েরই বৈরূপ্য দেখিতে পাওয়া যায়। তন্মধ্যে ব্রহ্ম বিশুদ্ধ সুখ-স্বরূপ, সর্ব্বেশ্বর, সর্ব্বজ্ঞ আর জগৎ অনীশ্বর, তমঃস্বভাব, সর্ব্বথা অজ্ঞানে আচ্ছন্ন সুতরাং পরস্পরের স্বভাব ও গুণ হইতেই পরস্পরের বৈরূপ্য সর্ব্ববাদি-সম্মতরূপে প্রতিষ্ঠিত হইতেছে। প্রাকৃত জগতেও দেখা যায় যে উপাদেয়ে উপাদানের স্বভাব ও গুণ বর্ত্তমান থাকে। যেমন স্বর্ণ বলয়ের উপাদান, মৃত্তিকা ঘটের উপাদান ইত্যাদি স্থলে উপাদেয় বলয় ও ঘটাদিতে স্বর্ণ ও মৃত্তিকার স্বরূপ ও গুণ বর্ত্তমান; কিন্তু উপাদেয় জগৎ ও উপাদান ব্রহ্মে তাদৃশ কোন স্বজাতীয় স্বভাব বা গুণের বিদ্যমানতা দেখা যায় না; সুতরাং ব্রহ্ম বৈরূপ্যবশতঃ জগৎ ব্রহ্মের উপাদেয় অর্থাৎ ব্রহ্ম জগতের উপাদান হইতে পারেন না। অতএব ব্রহ্ম ব্যতীত জগতের অন্য কোন উপাদানের অন্বেষণ আবশ্যক হইয়া পড়িতেছে এবং ঐ অন্বেষণের ফল-স্বরূপে প্রধানকেই সেই উপাদানরূপে পাওয়া যাইতেছে এবং তাহাতে উপাদান ও উপাদেয়ের সারূপ্য বর্ত্তমান আছে, কারণ প্রধানও জগতেরই ন্যায় সুখদুঃখ ও মোহযুক্ত সুতরাং প্রধানই জগতের উপাদান। পূর্ব্বপক্ষবাদী সাংখ্য-সম্প্রদায়ের এই প্রকার আপত্তির খণ্ডনার্থ বলা যায় যে পূর্ব্বপক্ষবাদীর এ প্রকার কাল্পনিক মতবাদ কখনই সঙ্গত হইতে পারে না। যেহেতু প্রাকৃত জগতের সর্ব্বত্র বৈরূপ্যবিশিষ্ট বস্তু সকলের উপাদানোপাদেয়ভাব দৃষ্ট হইয়া থাকে। বিশেষ্য বিশেষণের উপাদান হইলেও বিশেষ্য ও বিশেষণে বৈরূপ্য বর্ত্তমান। মধু হইতে কীটের উৎপত্তি, পৃথিবীতে ওষধি সকল সম্ভূত হয়; যেমন যদি বেদমাতা প্রসব করে, তদ্রূপ সেই অক্ষরস্বরূপ পরব্রহ্ম হইতেই এই বৈরূপ্যবিশিষ্ট জগতের আবির্ভাব হইয়াছে।

[illegible] পিকেটিং করার অপরাধে ২জন পিকেটারকে গ্রেপ্তার করিয়া থানায় আনা হয়। [illegible] তাহাদের বিচার হয়। বিচারে তাহারা [illegible] গ্রহণ করে নাই। তাহাদের ৮ জনের ৬ মাস এবং বাকি [illegible] জনের ৪ মাস সশ্রম কারাদণ্ড হইয়াছে। কাতরা সাগর [illegible] প্রায় ৫০০ শত লোক আসিয়া কারাদণ্ডিত স্বেচ্ছাসেবকদের সম্মানার্থ জেলের দরজায় সমবেত হইয়াছিল।

রোমে পঁচিশখানি গ্রাম ধ্বংস

জানা গিয়াছে যে রোমে পঁচিশখানি গ্রাম বিধ্বংস হইয়াছে। ইহাদের মধ্যে ৯ খানি গ্রাম এভেলিনো প্রদেশে অবস্থিত। বিধ্বস্ত গ্রামসমূহ খুব বেশী মূল্যবান নহে বলিয়া প্রকাশ।

স্কুল কলেজ

[illegible] স্কুল কলেজে পুনরায় ছাত্র পিকেটিং [illegible]। [illegible] কলেজে ছাত্র সংখ্যা খুবই কম হইতেছে। তবে মাধ্যমিক স্কুলে ছাত্র সংখ্যা একটু অধিক হইতেছে।

গত শনিবার সকালে জাতীয় বিদ্যালয়ে একটী ছাত্রসভার অনুষ্ঠান হয়। প্রায় ৫০০ শত ছাত্র এই সভায় উপস্থিত হইয়াছিল। শ্রীযুক্ত কুঞ্জ সেন সভাপতির আসনগ্রহণ করিয়াছিলেন।

পরে একটী শোভাযাত্রা বহির্গত হইয়া সেনট্রাল জেলের দিকে যাইতে থাকে। তাহারা ব্যাড্ অতিক্রম করিবার সময় কতিপয় সার্জ্জেন্ট বহু সংখ্যক পুলিশ কনেষ্টবল সহ তাহাদের আক্রমণ করে। বহু সংখ্যক ছাত্র আহত হইয়াছে বলিয়া প্রকাশ। নাসিন মিত্র এবং সুশীল দত্তকে পুলিশ গ্রেপ্তার করিয়া লইয়া যায়।

ছাত্রগণ পুনরায় 'বন্দে মাতরম্' ধ্বনি করিতে করিতে তথায় উপস্থিত হয় এবং জেল দরজার দিকে অগ্রসর হয় সেই সময় পুলিশ আসিয়া তাহাদের উপর লাঠি চালায়।

প্রেসিডেন্সী কলেজ

প্রেসিডেন্সী কলেজের দরজায় পুলিশ প্রহরী মোতায়েন ছিল। গত শনিবার ১১ ঘটিকার সময় ছাত্রগণ পিকেটিং করিতে আসিলে পুলিশ তাহাদিগকে গ্রেপ্তার করে এবং থানায় লইয়া যায়। থানায় লইবার সময় পুলিশ স্বেচ্ছাসেবকগণের উপর মারপিট করিয়াছিল বলিয়া প্রকাশ

ভূমিকম্পে ২০৭৩ জনের মৃত্যু

সংবাদ পাওয়া গিয়াছে যে ভূমিকম্পের ফলে শুধু এক এভেলিনো প্রদেশে ২০৭৩ জনের মৃত্যু হইয়াছে এবং ১৭৬৫ জন আহত হইয়াছে।

কবিরাজ শ[illegible] ভূষণ কবিকণ্ঠ [illegible]

[illegible] পাচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

মফঃস্বলের সুবিধার জন্য ৬ আঃ শিশিতে ঘনীকৃত অবস্থায় [illegible] ঔষধ [illegible] পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ।০ আনা, পাইট ।৵০ আনা, বোতল ১৷০ আনা।

অফিস ১১নং [illegible] কলিকাতা

আয়ুর্বেদীয়

মদন মঞ্জরী

বটিকায় ধ্বজ ও বাতুদিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, অকালে শুক্রপাত, স্বপ্নদোষ, মাথাঘোরা, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি লক্ষণ সত্বর নির্দ্দোষ আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

"[illegible] ঘৃত"

[illegible] রোগে বাহ্যপ্রয়োগ দ্বারা আরোগ্য করিয়া [illegible] করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

"[illegible]বিলাসিনী বটিকা"

[illegible] ও বৃদ্ধি করিতে অত্যাশ্চর্য্য। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

রাজবৈদ্য নারায়ণজী, কেশবজী,

১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের চোকা শিশি বাদাম তৈল

স্বাদ ও গন্ধে এবং উপকারিতায় সর্ব্বজন পরীক্ষিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জোয়াচোরগণ কম্মরের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত

ফেরাস্ কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আইরন, হাইড্রোক্লোর কুইনিন, আর্সেনিক এবং ষ্ট্রিকনিন আছে।

[illegible] ইনজেকসন করিলে একটী বা দুইটী ইনজেকসনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং জ্বর হইতে বারটী ইনজেকসনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া [illegible]

৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ডাঃ মাঃ [illegible] টাকা

বাই ও-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরীজ

২১১ বলরাম [illegible] লেন, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর ১৯ই শ্রাবণ বুধবার—১৩৩৭

(১)

(ক) বহু বহু যোনি ভ্রমণান্তের পর কি জানি কোন্ সুকৃতিবলে সদ্গুরু-পাদাশ্রয়পূর্ব্বক ভগবদ্ভজন-রত হইবার সৌভাগ্য পাইলেও মায়াকৃত ভীষণ দুর্দ্দৈব আবার আমাদিগকে সে সৌভাগ্য হইতে বঞ্চিত করে

(খ) ভজনাপরাধই আমাদের দুর্দ্দৈব, নিখিল চিদ্ধামার গুরুপাদপদ্ম ব্যতীত এই দুর্দ্দৈবের হস্ত হইতে পরিত্রাণ করিবার শক্তি আর কাহারও নাই

(২)

ব্রহ্ম শব্দবাচ্য ; শব্দ ও ব্রহ্মের অদ্বয়-হেতু শব্দবাচ্যত্ব ব্রহ্মের স্বপ্রকাশত্বের বাধক নহে

(৩)

(ক) বেদ, দেবতা, স্বর্গাদিলোক, যজ্ঞাদিকর্ম্ম, যোগাঙ্গ, তপঃ, জ্ঞান প্রভৃতি সমস্তই নিত্যকাল নারায়ণপর, কিন্তু নারায়ণ কখনও তত্তৎপর নহেন ; সুতরাং কর্ম্মাদি শ্রৌতপন্থা নহে

(খ) বৈষ্ণবাচার্য্য শম্ভুর প্রজাপতি দক্ষ-প্রতি ব্যবহারেই কর্ম্মপন্থার অশ্রৌতত্ব সপ্রমাণিত

(গ) কর্ম্মিগণ অত্যন্ত কর্ম্মাসক্তিবশতঃ বৈষ্ণবাচার-নিন্দন-ফলে ভীষণতম নিরয়াবর্ত্ত বরণ করিয়া থাকে

(ঘ) ভক্তিপন্থাই শ্রৌতপন্থা, তাহা পরিত্যাগপূর্ব্বক কর্ম্ম-জ্ঞানাদিপন্থা অবলম্বন করিলেই জীবের যাবতীয় অমঙ্গল আসিয়া উপস্থিত হয়

আমার দুর্দ্দৈব

আমি একজন নগণ্য বদ্ধজীব, বহু কাল ধরিয়া এই সংসার-চক্রের আবর্ত্তনে কত যে ঘুরপাক খাইয়া আসিতেছি, তাহার সংখ্যা নাই। কত জন্মজন্মান্তর ধরিয়া পশু পক্ষী কীটপতঙ্গরূপে মায়ার বিরাট-ভিত্তে অভিবাহিত করিয়া আসিয়াছি, কত বার দুর্ল্লভ মনুষ্যজন্ম লাভ করিয়াছি, তথাপি ঐরূপ মনুষ্য-জন্মের দুর্ল্লভত্ব উপলব্ধি করিতে পারি নাই। কিন্তু জানি না, কোন্ ভাগ্যফলে হঠাৎ একদিন বৈকুণ্ঠদূতের সাক্ষাৎ পাইলাম। সংসার-সমুদ্রের উত্তাল তরঙ্গের ঘাত প্রতিঘাতে মুহুর্মুহুঃ মূর্চ্ছিত হইতেছিলাম, ত্রিতাপজ্বালায় [illegible] হইয়া পুনঃ পুনঃ যমলোকে যাতায়াত ও বিবিধ প্রকার যন্ত্রণা ভোগ করিতে করিতে আর্ত্তনাদ করিয়া [illegible] আকুলস্বরে প্রাণাকাঙ্ক্ষা করিতেছিলাম, তখন এক বৈকুণ্ঠের দূত আমার কর্ণে অমৃত-সাহায্যের বাণী উচ্চারিলেন—মাভৈঃ ; বৎস, অজ্ঞান তুমি পথ না জানিয়া বিপথে চলিতে চলিতে এত কাল যে দুঃখ ভোগ করিয়াছ, [illegible] হইয়াছে ; আর দুঃখ করিও না। এস, নিত্যানন্দের কোটিচন্দ্রসুশীতল [illegible] আশ্রয় গ্রহণ কর, [illegible], আমি তোমাকে দুঃখরহিত নিত্যানন্দ-ধামে লইয়া যাইতেছি।

* * * *

পতিতপাবন নিত্যানন্দ প্রভু পতিতের [illegible] অহৈতুকী কৃপার্দ্র হইয়া [illegible] রহিয়াছেন ; সেই পতিতের বন্ধু নিত্যানন্দাভিন্ন শ্রীগুরুদেবের কৃপায় 'আমি কে?' বুঝিলাম, 'আমার কর্ত্তব্য কি' জানিলাম, মনুষ্য-জন্মের পরমার্থ উপলব্ধি করিলাম, "কৌমার আচরেৎ প্রাজ্ঞো" শ্লোকের তাৎপর্য্য হৃদয়ঙ্গম করিলাম এবং আমারই ন্যায় পতিতগণের দুঃখে স্থির থাকিতে না পারিয়া তাঁহাদিগকেও মাদৃশ সৌভাগ্যবান করিতে যত্নবান হইলাম—সকলের নিকটই অহৈতুক-কৃপাময় শ্রীগুরুপাদপদ্মের করুণার কথা ভাবে, ভাষায়, রচনায় নানাপ্রকারে গাহিতে লাগিলাম। মনে ভাবিলাম, আমার ন্যায় ভাগ্যবান আর কেহই নাই। কিন্তু আজ আবার হঠাৎ একি হইল! আজ আর আমার [illegible] বৈকুণ্ঠদূতের সুধামধুর বাণীতে মুগ্ধ হয় না, আজ আর শ্রীমদ্ভাগবতের কথায় চিত্ত দ্রব হয় না—পতিতপাবন নিত্যানন্দাভিন্ন শ্রীগুরুপাদপদ্মের অভয়বাণীতে আর তেমন আস্থা নাই—দীর্ঘপ্রসুপ্ত কামাদিরিপুগণ আজ আবার জাগিয়াছে—নিদারুণ কশাঘাতে আমার কোমলপ্রাণ চিত্তকে পুনর্ব্বার তাহাদের দাসে নিযুক্ত করিয়া ফেলিয়াছে, এখন আমি শ্রীগুরুপাদপদ্মের কণ্ঠোত্থিত [illegible] হইতে দুটি পাইবার [illegible] ছাড়িয়া দিয়াছি। নিশ্চয়ই বুঝিলাম যে, বৈষ্ণবাপরাধ-মত্তহস্তী আমার ভক্তিলতার মূলোৎপাটন করিয়া দিয়াছে।

হে পতিতপাবন শ্রীগুরুদেব, কৃপা করুন, আমার আপনার [illegible]। আপনি [illegible]—আবার কেমন করিয়া [illegible] দুর্দ্দৈব [illegible] সাধন করুন।

—

ব্রহ্ম কি শব্দের অবাচ্য ?

(পণ্ডিত শ্রীপাদ [illegible] বন্দ্যোপাধ্যায় [illegible])

তৈত্তিরীয় উপনিষদে উক্ত হইয়াছে :— এক্ষ বাক্য ও মনের অগোচর, "যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ।" কেনোপনিষদেও উক্ত হইয়াছে, যথা :— "যদ্বাচানভ্যুদিতং যেন বাগভ্যুদ্যতে। তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে" অর্থাৎ যিনি বাক্য-দ্বারা প্রকাশ্য নহেন, পরন্তু যিনি বাক্যের প্রকাশক। সুতরাং এই সকল শ্রুতি-বাক্য-দ্বারা এই সংশয় উপস্থিত হইতেছে যে, ব্রহ্ম কি শব্দবাচ্য নহেন? উভয়বিধ শ্রুতি-বাক্যে সামঞ্জস্য [illegible], ব্রহ্ম কখনই শব্দবাচ্য নহেন। ব্রহ্মের স্বপ্রকাশতা অঙ্গীকার করিলে [illegible] তাঁহাকে স্বপ্রকাশ বলিয়াছেন, [illegible] অসঙ্গতি হয়। শ্রুতিতেও উক্ত [illegible], 'বাক্য ও মনের অগোচর [illegible] অঙ্গীকার করি।' এই [illegible] প্রতিপক্ষে আমরা বলি [illegible] অবাচ্য নহেন [illegible] পুরুষকে জিজ্ঞাসা করি, [illegible] পুরুষেরই উপনিষদ্ [illegible] সমস্তবেদ যাঁহাকে প্রকাশ করে, [illegible] উক্তিহেতু ব্রহ্মের শব্দবাচ্যতা প্রমাণিত হয়; যেহেতু। তবে 'যতো বাচো নিবর্ত্তন্তে' প্রভৃতি শ্রুতির অর্থ এই যে, শব্দ বা বেদ-সকল স্বাধীনভাবে ব্রহ্ম নিরূপণ করিতে পারে না। যেমন সমুদ্রতটে দাঁড়াইয়া [illegible] সমুদ্র দর্শন করিলেও যেমন সাকল্যে সমুদ্রকে [illegible], তদ্রূপ বেদ বা শব্দ ব্রহ্মকে [illegible] সাকল্যে প্রকাশ করিতে [illegible] শ্রুতিতে [illegible] উক্ত হইয়াছে। [illegible] না পাইয়া [illegible] আইসে [illegible] তিনি বাক্য-মনের সম্যক্‌ভাবে প্রকাশিত হয়েন না ; কিন্তু [illegible] হয়, বুঝিতে [illegible] পূর্ণপ্রকাশী ব্রহ্ম, [illegible] শব্দ বা বেদবাচ্যত্ব স্বীকার করিলে [illegible] যে [illegible] স্বপ্রকাশ বলিয়া [illegible] করিয়াছেন, তাহার সঙ্গতি কি প্রকারে হয়? তদুত্তরে আমাদের বক্তব্য এই যে, বেদ ব্রহ্ম ই [illegible], সুতরাং [illegible] ব্রহ্মের প্রকাশ অর্থাৎ ব্রহ্মের শব্দ-বাচ্যত্বে তাঁহার স্বপ্রকাশত্বের বাধা হইতেছে না, অতএব ব্রহ্মের শব্দ-বাচ্যত্ব প্রতিষ্ঠিত হইল।

পূর্ব্বপক্ষকারী পুনরায় ব্রহ্মের শব্দবাচ্যতার [illegible] বলিতেছেন যে, [illegible] অতীত বলিয়াছেন [illegible] অর্থ-[illegible] বলিয়া স্বীকার করিতে হয় ; কিন্তু [illegible] বিরুদ্ধ ; অতএব [illegible] কি প্রকারে হইবে? [illegible] বলি যে, ব্রহ্ম বেদের বাচ্য [illegible] না সগুণ নহেন। [illegible] শব্দ দ্বারা [illegible] শ্রুতিপুরাণেষু [illegible] নির্দ্দিষ্ট [illegible] অর্থাৎ [illegible]]

[illegible] যে, শ্রুতির [illegible] শব্দেই [illegible] হইয়াছে। ঐ 'আত্মা' শব্দের [illegible] বেদান্ত-সূত্রের [illegible] উপস্থিত হইয়াছে। [illegible] ব্রহ্মজ্ঞান-[illegible] অর্থাৎ [illegible] পূর্ণ [illegible] স্থাপিত হইয়াছে। [illegible] শব্দবাচ্য হইতে [illegible] অপ্রাকৃত [illegible] তাহা হইতে প্রকৃত-[illegible] প্রাকৃত [illegible] না। অতএব [illegible] ব্রহ্ম [illegible] তাহা হইতে

তিনি গুণাধীন বা সগুণ নহেন। অপ্রাকৃত ব্রহ্ম সগুণ হইলে, প্রাকৃত বেদাদাদের বাচ্য হইত। যথা:— [illegible] বেদোপ-বেদাৎ॥" [illegible] অপ্রাকৃত সম্বন্ধে [illegible] প্রকাশ [illegible] নহেন [illegible] নির্দেশক [illegible] প্রাকৃত সম্বন্ধে [illegible] তখন তিনি [illegible] শ্রুতি-বাক্য [illegible] প্রাকৃতগুণ [illegible] প্রাকৃত [illegible] অর্থাৎ সত্ব, রজঃ ও তমোগুণের সহিত [illegible] পরাহত হইয়াছে। সাক্ষাৎ যোগ্য হইলে বদ্ধজীব যোগ্যো-পযোগ্য হইত না। শ্রুতিতে সেই পর-মাত্মাকে নির্গুণ বলা হইয়াছে, যথা— হরিহি নির্গুণঃ সাক্ষাৎ পুরুষঃ প্রকৃতেঃ পরঃ।"

এখানে কেহ কেহ পূর্ব্বপক্ষ উত্থা-পিত করেন যে, ব্রহ্মের দ্বিবিধ প্রকাশ— সগুণ ও নির্গুণ। সগুণ ব্রহ্মই সত্যাশাদি, সর্ব্বজ্ঞ, সর্ব্বশক্তিমান ও জগৎকারণ এবং নির্গুণব্রহ্ম সত্যস্বরূপ, জ্ঞান-স্বরূপ, পূর্ণ ও বিশুদ্ধ। সগুণ ব্রহ্মের শব্দবাচ্য স্বীকার করা যাইলেও নির্গুণ ব্রহ্ম কখনই শব্দপ্রকাশ্য নহেন। এইরূপ পূর্ব্বপক্ষের উত্তরে বলা যায় যে, সমগ্র বেদশাস্ত্রে ব্রহ্মকে একরূপ বলিয়া প্রতিপাদন করা হইয়াছে। সগুণ নির্গুণ ভেদ কল্পনামাত্র। অধুনা শ্রুতিপ্রমাণ দ্বারা প্রদর্শিত হইতেছে যে, সর্ব্বদা একস্বরূপ নির্গুণ ব্রহ্মই শব্দবাচ্য যথা—একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্ব-ব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা। কর্ম্মাধ্যক্ষঃ সর্ব্ব-ভূতাধিবাসঃ সাক্ষীচেতাঃ কেবলোনির্গুণ-শ্চেতি। এই শ্রুতিবাক্যে দেখা যায় কেবল সাক্ষীস্বরূপ চিৎস্বরূপ এবং নির্গুণ ব্রহ্মের কথাই উক্ত হইয়াছে। অতএব ব্রহ্ম শব্দবাচ্য; অবাচ্য বস্তু কখন শ্রুতির বিষয় হইতে পারে না। অতএব প্রমা-[illegible] যে [illegible] এবং স্বরূপভূত অপ্রাকৃত গুণগণবিশিষ্ট নির্গুণ পরব্রহ্মকেই বেদসকল কীর্ত্তন করিয়াছেন সুতরাং ব্রহ্ম শব্দবাচ্য [illegible] অবস্থা-বিশেষ শব্দবাচ্যের [illegible] বের বাচক নহে।

শ্রৌতপন্থা

(পূর্ব্বপ্রকাশিত [illegible] সংখ্যার পর)

[illegible]

[illegible]

[illegible]

নারায়ণপরো বেদো দেবা নারায়ণপরাঃ স্মৃতাঃ।
নারায়ণপরং জ্ঞানং নারায়ণপরা গতিঃ॥

(ভাঃ ২।৫।১৫, ১৬)

বেদসমূহ নারায়ণের, অঙ্গ [illegible] বেদতাসমূহ নারায়ণ হইতে [illegible], পর্য্যন্ত [illegible]

[illegible] ব্যাখ্যাকারগণ [illegible] পরমার্থ [illegible] দান-মানক হইতে [illegible] প্রকাশাদি [illegible] প্রণিধান উদ্দেশ্য করে। [illegible] লক্ষ্য করে এবং [illegible] সমূহেরই প্রধান শ্রীনারায়ণ, [illegible] নারায়ণ, কিন্তু নারায়ণ [illegible] নহেন।

[illegible] ইহাই ঘোষণা করে যে, নারায়ণ কর্ম্মপর নহেন; পরন্তু কর্ম্মই নিত্যকাল নারায়ণপর। প্রাচীন পৌরাণিকী গাথা [illegible] নারায়ণের কর্ম্ম-পরত্ব অলৌকিকরূপে কীর্ত্তিত হইয়াছে, ইহা আচার্য্যগণ নিজ আচরণ দ্বারা উদাহৃত [illegible]।

[illegible] কর্ম্ম-নৈপুণ্য-[illegible] দক্ষ [illegible] [illegible] করিয়াছিলেন। [illegible] দক্ষ [illegible] [illegible] এক বিশাল যজ্ঞ [illegible] সমবেত দেবমুনিগণ-শোভিত সেই যজ্ঞ-সভায় সমাগত হইলেন। দেবমুনিগণ সকলেই অভ্যুত্থানাদি দ্বারা প্রজাপতির অভ্যর্থনা করিলেন। কেবল শম্ভু ও ব্রহ্মা স্ব স্ব আসন হইতে উত্থিত হইয়া প্রজা-পতিকে কোন প্রকার সম্মান প্রদর্শন করিলেন না। কর্ম্মবুদ্ধি-প্রধান দক্ষ নিজ জামাতা শ্রীরুদ্রদেব শম্ভু-কর্ত্তৃক প্রণামাদির দ্বারা অভ্যর্চিত না হওয়ায় ক্রোধ-পরবশ [illegible] আত্মারাম পরমহংস বৈষ্ণবপ্রবর শম্ভুকে দাম্ভিক বলিয়া বিবিধ আদি দেবমুনিগণ-সমক্ষে [illegible] বিদ্বেষ [illegible] ও অভিশপ্ত [illegible] [illegible] এক বিশাল [illegible] আবাহন করিয়াছিলেন। বৈষ্ণব নিন্দায় অসহিষ্ণু হইয়া [illegible] শিবানুচর নন্দীশ্বর শিবনিন্দক দক্ষ এবং শিবনিন্দা-অনুমোদনকারী ভৃগ্বাদি বিপ্রগণকে এই দারুণ অভিসম্পাত প্রদান করিয়াছিলেন যে, "[illegible] বুদ্ধি, [illegible]-কর্ম্ম-দক্ষ, [illegible] [illegible] প্রবৃত্ত [illegible] হইতে [illegible] ও পরমার্থ [illegible] হউক। [illegible] বুদ্ধি বেদ [illegible] অর্থ [illegible] অর্থ-বাদের দ্বারা বিমূঢ় হউক। তাহারা শ্রী-সম্পদ [illegible] হইয়া নিত্য-কাল মধুপুষ্পিত কর্ম্মের বিস্তার করুক। কর্ম্মপরায় বিপ্রগণ [illegible]-বিচার-শূন্য হউক, তাহাদের বিদ্যা-তপ ব্রত [illegible]

কেবলমাত্র জীবিকার্থেই উদ্দিষ্ট হউক এবং তাহারা যাচমান স্বভাব হইয়া জগতে বিচরণ করুক।"

শুক্রাচার্য্যাদিকর্ম্মকাণ্ড-তৎপর বেদবাদ-রত স্বার্থান্বেষক কর্ম্মজড়বিপ্রাদি অশ্রৌতবাদী বেদজ্ঞ অভিমানিগণের মহত্ত্বজ্ঞান [illegible] উদ্ভূত হওয়ায় অদ্যাপি [illegible] নাই।

ঋষিগণের কর্ম্মবুদ্ধা বেদবাদরতা সূক্ষ্ম-বুদ্ধির দ্বারা শ্রৌতপন্থিগণের বিচার নিরাকৃত হইবে না। পরন্তু পারমহংস্য অমল বিচার দ্বারা অহঙ্কার-বিমূঢ়াত্মা ঋষিগণের অভি-মিশ্র মূলবিচার নিরস্ত হইবে। ঋষিগণ কর্ম্মোন্মাদে তাণ্ডবনৃত্য করুক, মধুপুষ্পিত বেদার্থবাদ পঞ্চমুখে পঞ্চানন হইয়া কীর্ত্তন করুক, শ্রীমদ্ভাগবত সে তাণ্ডব-নৃত্য—সে পঞ্চানন-কাহিনী অভিশপ্ত বলিয়া নিত্যকাল বাধিত করিয়া বিরাজিত থাকিবেন। অতএব বেদবিদ্বৎ শ্রৌত-পন্থিগণ অশ্রৌতপন্থিবিচার বেদবাদ বিপন্নধীঃ পঞ্চাননগণের নগণ্য সসীম বিচারপদ্ধতিকে ধর্ম্ম [illegible] আত্মসম্মান জ্ঞান করেন না। কেননা অভিশপ্ত অতএব বিকৃতবুদ্ধি অপরাধিগণ যাহাই বলেন, যাহাই ব্যাখ্যা করেন, তত্ত্বস্বরূপতই বাস্তবকারগণের অশ্রদ্ধার বিষয় হয়। অতএব ভ্রম-প্রমাদাদি দোষযুক্ত সুতরাং অশ্রৌত।

বেদাধ্যয়ন্ত্রি বেদবাদ বিপন্নধীঃ শুক-শোণিত-[illegible]-গর্ভদেহী, জাতীয়-[illegible] [illegible] অশ্রৌত বিচারে সম্মানিত [illegible] অভিধানে অভিহিত হইলেও [illegible] পঞ্চাননগামী শ্রৌতপন্থিগণের শ্রৌতবিচার তাদৃশ শ্রদ্ধা-সুখদ-বর্ণগণের চরণে পদ্মাসন বিধান করিয়াছেন এবং অন্যত্র আর্যবর্ণাশ্রমী চাণ্ডাল-স্বভাব-পরায়ণ পণ্ডিতম্মন্যাভিমানিগণের (শ্রীমদ্ভাগবত-স্কন্ধ—ভাঃ ৪।২।২০) খাদ্য-শব্দ ও জটা-বিভূষণাদি পরিধান বিধান করিয়াছেন। অশ্রৌতপন্থিগণের এই শোচন-পরিণামই শ্রৌতপন্থা-বিহিত।

পরন্তু বিষ্ণু-সম্বন্ধ পরিত্যাগ করিয়া কেবলমাত্র [illegible] অশিব ও অশৌচ। [illegible] বুদ্ধি সম্পন্ন, উহারাই অভিশপ্ত হইয়াছেন যে, যাহারা তাদৃশ [illegible] ও যাহারা [illegible] মহাজনা সজ্জন-পরিচ্ছদী ও পাষণ্ডী হইয়া জগতে বিচরণ করুক, তাহারা অপবিত্র, [illegible], জটাভস্মধারী ও আসব-মদ্যপানকারী হইবে। অতএব বিষ্ণু-সম্বন্ধ-জ্ঞানহীন [illegible] নিত্য-কাল অভিশপ্ত এবং অভিসম্পাত-বশে সজ্জনপরিচ্ছদী ও পাষণ্ড অতএব অশ্রৌত-পন্থী, সুতরাং অপ্রামাণিক। তাদৃশ অশ্রৌতপন্থিগণের বিচারপন্থা শ্রৌতপন্থা নহে।

সজ্জন-পরিচ্ছদী অকপিত-বেদার্থ অপারমার্থিক কর্ম্মফলপ্রার্থী ঋত্বিকগণ তত্ত্বজ্ঞানাভাবে সম্বন্ধজ্ঞান-বিহীনতা-হেতু শ্রৌতপন্থিগণের অপার-চিন্তাস্রোত উত্তীর্ণ হইতে না পারিয়া, মূলবুদ্ধিতা-নিবন্ধন ভক্তগণের বিমল তত্ত্ব তাঁহাদের চক্ষুতে প্রতিভাত হয় না। অতএব কর্ম্মাধি-কারিগণ, ধর্ম্মাধিকারিগণ ভক্তিতত্ত্ব-[illegible] শ্রৌতপন্থানুগমন অনবদ্য হইলেও তাঁহার নিন্দাবাদ-বাদে ক্রোধান্ধ অতএব [illegible] হইয়া যাবজ্জীবিবাকর পাষণ্ডোপজীবী ও বৈষ্ণবনিন্দক রূপে জগতে বিচরণ করেন।

এইরূপ বেদবাদ-বিপন্নধীঃ নিন্দাবাদি-গণের কলকণ্ঠ-ধ্বনিবাদিনী অসতী রসনা ছিন্ন করিয়া দেওয়াই শ্রৌতপন্থা। পারমহংস্যসংহিতা শ্রীমদ্ভাগবত বলেন—

কর্ণৌ পিধায় নিরিয়াৎ যদকল্প ঈশে
ধর্ম্মাবিতর্য্যসৃণিভির্নৃভিরস্যমানে।
ছিন্দ্যাৎ প্রসহ্য রুশতীমসতীং প্রভুশ্চে-
জ্জিহ্বামসূনপি ততো বিসৃজেৎ স ধর্ম্মঃ॥

(ভাঃ ৪।৪।১৭)

ধর্ম্মসংরক্ষক জীবনিস্তার্থ অখিলচেষ্টাময় অমিতশক্তি বস্তুবৈভবের আচার্য্যনিন্দা শ্রবণ করিলে নিন্দক-জিহ্বা বল-পূর্ব্বক ছেদন করিয়া দেওয়াই আচার্য্যানুগমনকারী দাসের কর্ত্তব্য। 'ছিন্দ্যাৎ প্রসহ্য' এই বিধি-লিঙ্ প্রয়োগ দ্বারা অবশ্যে প্রত্যবায় জ্ঞাপিত হইয়াছে। 'কর্ণৌ পিধায় নিরিয়াৎ' অর্থাৎ বৈষ্ণবাচার্য্য-নিন্দা শ্রবণ করিয়া কর্ণে অঙ্গুলি প্রদান করত সে স্থান হইতে নির্গত হইবে। এই স্থান-ত্যাগ-বিধান কেবলমাত্র অসমর্থ-পক্ষে বিহিত হইয়াছে। সমর্থ-পক্ষে নিন্দক-জিহ্বা ছেদন করাই বিহিত। শ্রীভক্তিসন্দর্ভে শ্রীল জীব গোস্বামী প্রভু বলেন, "ততো [illegible] এব। সমর্থেন তু নিন্দক-জিহ্বা ছেত্তব্যা"।

(ক্রমশঃ)

[illegible]
করগেট টীন, [illegible] নালা রগরাদে
দালানের ফুলদার রেলিং ও থাম
ঘেড়াঘেরা কাঁটাতার ইত্যাদি
সুলভে বিক্রয় করি
কান্তিচন্দ্র মুখার্জ্জি এণ্ড সন্স
[illegible]
স্থাপিত [illegible]

গৌড়ীয় [illegible]-প্রকাশন

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

ভক্তি-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই স্বর্ণাক্ষরে। চতুর্থ সংস্করণ। বিস্তারিত সূচীসহ

জৈবধর্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সনাতন ধর্মশাস্ত্র বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত স্মৃতি, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই—২৲ দুই টাকা

আবাঁধা—১॥০ দেড়টাকা

[illegible] শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্তব্য ও অনিত্য সাময়িক কর্তব্য নির্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম কি? স্বদেশ, সমাজ, নীতি, ধর্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসংকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য

ভিক্ষা ৵০

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৶০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নয়টী দ্বীপ-সমষ্টি। এই নয় দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৬০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

উজ্জ্বল রোমান্স কালীতে উৎকৃষ্ট কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শ্রীমন্‌ শিক্ষা

৷৵০ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী এবং শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে ব্যক্ত হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ

অষ্টম সংস্করণ

ভিক্ষা /০ আনা

দেহ ও মনের চেষ্টা অনিত্যবস্তু জানিয়া ইহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের পাদপদ্মে তাঁহার কোন আন্তরিক আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাগত হইতে হয়, তদ্বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান [illegible] সংস্করণ প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা প্রতি খণ্ড /০ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— /০, নবদ্বীপশতক— /০

অর্থপঞ্চক—/০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ

পঞ্চম সংস্করণ

ভিক্ষা /১০

[illegible] পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিজে বা অপরে কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিকই কল্যাণের কল্পতরু, [illegible] নিত্যকল্যাণ লাভে

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচী, বিষয়সূচী প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয়-সংবলিত প্রায় ৪২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১॥০

শ্রীবলদেব বিদ্যাভূষণ-কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোণার জলে নাম লেখা রাজসংস্করণ [illegible] টাকা, সাধারণ সংস্করণ ১॥০, [illegible] গ্রাহকগণকে ১।০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতিঃ

[illegible]

বিষয়:- ১। [illegible] ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। [illegible] শ্রীধাম ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও প্রবন্ধ-সমূহের তালিকা ও বিবরণ, ৫। [illegible] জ্ঞাতব্য তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ম খণ্ড ৸৵০, ২য় খণ্ড ৸৵০, ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড ৸৵০, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ

—১ম খণ্ড ১৲ এক টাকা ২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের [illegible] ইহাই ষট্‌সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। [illegible] ডবল ক্রাউন ৮ ফর্মায় ৬৪ পৃষ্ঠা আকারে [illegible]

শ্রীমন্মধ্বাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা /০ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্—শ্লোক [illegible], বিবৃতি প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত [illegible] প্রতি খণ্ড সাধারণ পক্ষে ৷৵০ [illegible] বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৶০

২। [illegible] শ্রীচৈতন্যচরিতামৃত (৪র্থ সংস্করণ) ৫৲

৩। গৌড়ীয় গৌরব ৶০

৪। গৌড়ীয়-সাহিত্য ।০

৫। [illegible] ।০

৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপ-শতকম্ (বাঁধা) ১৲

" আবাঁধা ৸০

৭। গীতা (শ্রীবলদেব-ভাষ্যসহ) বাঁধা ২৲

আবাঁধা ১৷০

৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲

আবাঁধা ১৷০

গীতার কেবল মূল-শ্লোক ।০

৯। [illegible] সানুবাদ (মূল) ২৲

১০। [illegible] সানুবাদ ([illegible]) ।০

১১। জৈবধর্ম ২৲

১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৸৵০

১৫। শ্রীপ-বিশ্বদর্শন ৶০

১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ৷৵০

১৭। গোস্বামী রঘুনাথ দাস অবাঁধা ৷৵০

ঐ ঐ বাঁধা ।০

১৮। [illegible] ৵০

১৯। [illegible]

[illegible] ৶০

২০। [illegible] ৶০

২১। [illegible] (প্রমাণখণ্ড) ৶০

২২। [illegible] ।০

২৩। [illegible] ।০

২৪। শরণাগতি, গীতাবলী, গীতমালা, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্থপঞ্চক ও সদাচারস্মৃতিঃ মোট ৶০

২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) [illegible] ৵০

২৬। [illegible] ৶০

[illegible]

[illegible]

([illegible])

২৮। [illegible] ।০

২৯। [illegible]

৩০। [illegible]

[illegible] (বিরাট দ্বিতীয় সংস্করণ) ৫৲

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ)

বন্ধ্যায় হতাশ হইবেন না

[illegible] সম্পূর্ণ আরোগ্য হইবে। [illegible] পাইয়াছেন। [illegible] শ্রীকিশোরীমোহন [illegible] পোঃ নৈহাটী, [illegible]

[illegible]

[illegible] নদীয়া। [illegible]

[illegible]

(স্বাঃ) শ্রীযতীন্দ্রকিশোর রায় চৌধুরী

[illegible]

মরা মানুষ বাঁচাইবার উপায়

[illegible] মানুষ বাঁচাইবার কোন [illegible] অসংখ্য [illegible] মরা [illegible] প্রকার [illegible] বাত, [illegible] স্ত্রীলোকদিগের মধ্যে যাহারা [illegible] বাধক, বন্ধ্যা, [illegible] প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে [illegible] হইয়াছেন, তাঁহারা [illegible] সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক মসিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত শত প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাহারা [illegible] আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই [illegible] ব্যবহার করিয়া দেখুন। এক মাসের [illegible] ডাকমাশুল সহ [illegible] টাকা মাত্র।

সোল এজেন্ট—ডাঃ ভি, ডি, হাজরা।

[illegible] পোষ্ট, কলিকাতা।

[illegible]

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ. এফসিএস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

[illegible] প্রস্তুত হয়। [illegible] রোগের বিবরণ জানাইলে [illegible] সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৮৲ টাকা

[illegible] যথাশাস্ত্র প্রস্তুত। [illegible]

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

[illegible] প্রস্তুত। [illegible] রোগের [illegible]

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

[illegible] সম্পূর্ণরূপে সারিয়া যায়। [illegible] রসায়ন।

অবলাবান্ধব যোগ

[illegible] রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। [illegible] টাকা মাত্র

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অত্যন্ত কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ লক্ষ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্ব্বত্র বিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটির উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটিকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি নির্মূলিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটিকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। "[illegible]"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাকচিক করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের [illegible] করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার [illegible] মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১ টাকা।

—— অত্যাশ্চর্য্য আবিষ্কৃত ——

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান :—আতঙ্ক নিগ্রহ ঔষধালয়, [illegible] বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণ[illegible]-তালিকা, পত্রসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত [illegible] ডবল ক্রাউন, আটপেজী আকারে চিটাগাঙের কাগজে ছাপা ভিক্ষা—২॥০ টাকা

[illegible] গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ পঞ্জিকা

[illegible] প্রয়োজনীয় বিষয় [illegible] তালিকা সম্বলিত [illegible]

ভিক্ষা ৵০ আনা মাত্র

[illegible]—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর পোঃ (নদীয়া)

এখনও অপূর্ব্ব সুযোগ! পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম্, এ প্রাজ্ঞ (নাটোর)

[illegible]

৫৭ খানি অপূর্ব্ব চিত্র সমন্বিত।

[illegible]

উৎকৃষ্ট (ইঃ) বরোজো বাঁধা ১॥০ ভিপিতে ২৲ দুই টাকা মাত্র

[illegible]

শ্রীমায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে—ডাঃ শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী এম্, বি, এস কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়মঠ হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৪৭শ খণ্ড গ্রন্থ নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৩৷৶০ সাধারণ পক্ষে ২১৷৶০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ৷৵০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।৵০।

দশম। স্কন্ধের ভিক্ষা ১২৲, অগ্রিম সাধারণের পক্ষে ৮৲।

৮৩২ পৃষ্ঠায় ৭৮ অধ্যায় পর্য্যন্ত ত্রয়োদশ খণ্ড ছাপা হইয়াছে। একাদশ স্কন্ধ ছাপা আরম্ভ হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষার তৃতীয় সংস্করণ ৪৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০৲ টাকার এই বিরাট্ গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আদিকবি

শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫৲

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪৷৷০ টাক

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ

ভিক্ষা ৷৶০ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব্ব বাঙ্গালার মধ্যে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে

বিশেষ জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে জানেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্ত-কথা জানিবার সুবর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে; বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	১৲
সাধন পথ (শ্রীমহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	।০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৶০
একত্রে ৩খণ্ড লইলে	।০
গীতাবলী প্রতিখণ্ড	৵১০
একত্রে ৩ খণ্ড লইলে	৶১৫
শরণাগতি—প্রতিখণ্ড	৴০
একত্রে ৩খণ্ড লইলে	৶৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্য:—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীধামমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগৌরগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড্, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ,—চটকপর্ব্বত, পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিরুলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৩নং অগস্ত্যকুণ্ড, কাশী, ইউ, পি
। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
০। শ্রীপরমহংস মঠ—নৈমিষার পোঃ, সীতাপুর, ইউ পি।
১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব
২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—১০নং নবাবপুর রোড্, ঢাকা।
৩। শ্রীমদনগোপাল মঠ,—বালিয়াটি, ঢাকা।
৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাযোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।
৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—চন্দ্রকোণা, [illegible] পোঃ, মানভূম।
৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ ওয়ান রোড্, [illegible]

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—বসু লজ [illegible], খুলনা
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—[illegible]
[illegible] কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামরতন রায়—[illegible], কাশিপুর
৪। মিঃ এন্ ডি, মুখার্জ্জি—[illegible], কানপুর
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী [illegible] [illegible], নদীয়া
৬। শ্রীরাসবিহারী দাস [illegible], নবদ্বীপ।
৭ শ্রীবিধুমোহন [illegible] প্রেস, [illegible], ঢাকা
৮। শ্রীশৈলেন্দ্রনাথ [illegible] বেগুনচাপা, [illegible]
৯। শ্রীগজানন চট্টোপাধ্যায় এ, এম, [illegible] বালিগঞ্জ
১০। শ্রীপাদ অতীন্দ্র ভক্তিভূষণ [illegible] নবদ্বীপ।
১১। শ্রীপাদ নরোত্তম ব্রজবাসী ঐ,

দেশিক পত্রিকা-প্রকাশ

বর্ষায় একমাত্র স্বদেশী

রবারের জুতা

টি, টি, সিলিপার

চটি, প্রিন্সিয়ান ও এলবার্ট

চামড়াহীন, মজবুত, সস্তা, নরম, জল-কাদায় বিশেষ উপযোগী—এই স্বদেশী জুতা, বাজে বিদেশী জুতার বদলে কিনিয়া দেশী শিল্পের সহায়তা করুন।

ঠিকানা—টি, টি, সিলিপার এণ্ড কোং, ১নং টাউনসেণ্ড রোড ভবানীপুর, কলিকাতা

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

পারফালীন

টনিক ও সালসা। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার কমে হয়। ফলেন পরিচায়তে

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ২।৪ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ খাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২।৪বের জল খেয়ে পর পর পড়িয়া পড়ে পরে হয়রান হবেন কেন? সুতরাং ।০ আনার পারফালীনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট; এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ৷৵০ আনা, ডজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসারস্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কলিকাতা।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা সর্ব্বত্র পাওয়া যায়।

যুগল-মূর্ত্তি মার্কা এবং বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

টেলিগ্রামের ঠিকানা ও —"শ্রীধাম" নবদ্বীপ

Registered No. C 1044

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩॥০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

[illegible] হার অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৴৫

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [১২৮ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—১৫ই শ্রাবণ ১৩৩৭ বৃহস্পতিবার ৩১শে জুলাই ১৯৩০

নাকখত ! কানমলা !

মদের দোকানে অগ্নিপ্রদানে দাঙ্গা

পুলিশের বীরত্ব

মিঃ প্যাটেলের শকর

রাসায়নিক গৃহ দগ্ধ

ডাঃ বি, এল, সরকারের কার্য্যে ইস্তাফা

পুলিশের লাঠি

কলিকাতার মেয়র পদ

অদল বদল

শিক্ষয়িত্রীর বিপদ, বয়কটের ফল

নানা কথা

কলিকাতার মেয়র পদ

কলিকাতা করপোরেশনের নিয়ম এই যে সভার প্রথম অধিবেশনের তিন মাসের মধ্যে যদি কোন মেয়র বা অলডারম্যান শপথ গ্রহণ না করেন, তবে [illegible] পদত্যাগ করিতে হইবে। মিঃ জে, এম, সেন গুপ্ত জেলে থাকায় এই আইনানুসারে কাজ করিতে না পারায় তাঁহাকে কর্ম্ম ত্যাগ করিতে হইল।

কংগ্রেস মিউনিসিপাল এসোসিয়েশন সুভাষ বাবুকে তাঁহার স্থানে দাঁড় করাইবার প্রস্তাব গ্রহণ করিয়াছেন।

স্বরাজ কিসে ?

অনারেবল কুমার শ্রীশিবশেখরেশ্বর রায় বঙ্গের মন্ত্রী একটী বৈজ্ঞানিক সভার বক্তৃতায় বলেন যে বৈজ্ঞানিক পদ্ধতির উদ্ভবে ভারতে স্বরাজ হইবে না। মাতৃভূমির আর্থিক স্বাধীনতাই [illegible]। যিনি স্বাধীনতার সপক্ষে [illegible] সাহায্য করেন তিনিই স্বাধীনতার সংগ্রামে প্রকৃত দেশহিতৈষী সৈনিক।

দেশের ইতিহাসের একটী সমস্যাপূর্ণ অধ্যায় আসিয়া পড়িয়াছে। শিল্প এবং ব্যবসায়-জগতের আকাশ ঘনঘটাচ্ছন্ন। আইন অমান্যই আজকালকার আইন হইয়া দাঁড়াইয়াছে। ফলে দেশবাসী দোকানদার এবং সকলের মুখেই একটা বিরাট বৈরাগ্যের ভাব। ব্যবসায় বাণিজ্য এক প্রকার বন্ধ।

বালকেরা পড়া শুনা ছাড়িয়া দিয়েছে, এ অবস্থায় কিরূপে আশা করা যায় যে তাহারা এই সভার সাহায্য গ্রহণ করিয়া বিদেশে বিজ্ঞান শিক্ষা লাভ করিয়া দেশের উন্নতি সাধন করিবে ?

অগ্নিকাণ্ড

কলিকাতার ২নং সুকিয়া লেনে অনেক রাসায়নিক মসলা মজুত ছিল। তাহাতে আগুন লাগিয়া বিষাক্ত বাষ্প নিঃসৃত হইতে থাকে। ফায়ারব্রিগেড আসিয়া পড়ে, কিন্তু বিষাক্ত বাষ্পের নিকটে যাইতে পারে নাই। অবশেষে বিষপ্রতিষেধক মুখোস পরিয়া তাহারা আগুন নিভাইতে আরম্ভ করে। এক ঘণ্টা ধস্তা ধস্তির পর আগুন নির্ব্বাপিত হয়।

মদের দোকানে দাঙ্গা

ইহা প্রকাশ [illegible] সন্ধ্যার প্রাক্কালে সময় মদের দোকানে অগ্নিপ্রদান করিয়া সব [illegible] পিকেটারদের [illegible] লোক [illegible] যোগ দেয়। [illegible] মধ্যে [illegible] জনকে ছাড়িয়া [illegible] তিন জন [illegible] বোধ হয় তাহাদের [illegible]।

মিঃ প্যাটেলের শকর

নিখিল ভারত [illegible] প্রেসিডেন্ট দশ দিনের [illegible] প্রদেশের কুড়িটী সহরে [illegible] করিয়াছেন।

নাক খত ! কানমলা ! !

[illegible] প্রকাশ করিয়াছেন যে [illegible] মার্চ্চ হইতে [illegible] আইন অমান্য আন্দোলনে যোগ দিয়া [illegible] পোলাক [illegible] আর [illegible] আইন অমান্য ব্যাপারে যোগদান করিবে না। সরকার পক্ষ তাহাদিগকে ছাড়িয়া দিয়াছেন।

ডাঃ বি, এল, সরকারের কার্য্যে ইস্তফা

প্রকাশ—নবদ্বীপ মিউনিসিপালিটির [illegible] ডাঃ বি, এল, সরকার এম, বি, ডি, পি, এইচ মহাশয় [illegible] কার্য্যে ইস্তফা দিয়াছেন। তাঁহার [illegible] নবদ্বীপ [illegible] নাই [illegible] বিশেষ [illegible] এই পদ [illegible] কর্তৃক অনুসন্ধান করিলে [illegible]।

[illegible]

[illegible] ২৯ [illegible]

পুলিশের বীরত্ব

[illegible]

বিবিধ সংবাদ

ই [illegible] নের মন্দার

[illegible] কাগজে সংবাদ প্রকাশ হইয়াছে [illegible] একটি [illegible] বাহির হইয়াছে [illegible] প্রকাশিত হইতে [illegible] হইতে [illegible] মাইল [illegible] এই অঞ্চল [illegible] হইতে [illegible] অদ্ভুত বাহির করে।

এই মন্দিরের [illegible] মহাদেবী নামে এক পুষ্করিণী আছে। বহু পুরাণে লিখিত আছে [illegible] পিতার শ্রাদ্ধ করিয়াছিলেন সেখানে [illegible] যে ফল হয়, এই পুষ্করিণীতে স্নান করিলেও সেই পুণ্যলাভ হয়।

পৃথিবীর কিছু উপরে প্রায় [illegible] লিপি আছে। [illegible] আলোক [illegible] পরে সে ভূমি [illegible] করিবে। [illegible] নক্ষত্র [illegible] এবং একটি [illegible] আছে। কিন্তু উপরে উঠিলে [illegible] নামক একটি [illegible] দেখিতে পাওয়া যায়

পুলিশের লাঠি

গত সোমবারে কলিকাতার কলেজ স্কোয়ার, বড়বাজার, ডালহাউসি স্কোয়ার, [illegible] প্রভৃতি স্থানে পুলিশ কড়া পাহারা দিয়াছে। [illegible] লোক দাঁড়াইবার উপায় নাই। [illegible] পুলিশের লাঠি মাথার উপর পড়ে। [illegible] অভিযুক্ত চালান যায়। [illegible] জীবন নিরাপদ নয়।

বয়কটের ফল

বোম্বাইয়ে বয়কটের ফল এক মজার ব্যাপার ঘটিয়াছে। [illegible] বাজারে [illegible] দোকানে [illegible] [illegible] কারণ [illegible] এ মাসের কাটতি নাই।

অদ্ভুত এক

আমেরিকার [illegible] সন্তান প্রসব করেন। [illegible] একটি মাথা [illegible] চিকিৎসকগণের [illegible] দিয়া আর [illegible] করিতেছেন না।

[illegible] একটি [illegible] দুইটি শিশুর [illegible] করিলেন। তিনি [illegible] তিনি স্বীয় সন্তান [illegible]

[illegible] এ কারাদণ্ড

[illegible] নাম এবং [illegible] জে. কে. বিবাহের বিচারে [illegible] করিয়া [illegible] দণ্ড দণ্ডিত হইয়াছে।

নোটীশ

বোর্ড অফ রেভিনিউ, বেঙ্গল

[illegible] বাংলা [illegible] সদস্য নির্বাচন সংক্রান্ত [illegible] হইতে সদস্য পদ প্রার্থিগণের নির্বাচন পত্র ১৯৭০ সালের ১লা আগষ্ট হইবে [illegible] নির্বাচন [illegible] রেভিনিউ [illegible] সম্পাদক [illegible] কর্তৃক গৃহীত হইবে। [illegible] জেলার [illegible] নির্বাচন [illegible] সেই সময়ে জেলা ম্যাজিষ্ট্রেটের নিকটও দাখিল করা যাইতে পারিবে। পরীক্ষা :— ঐ অফিসার [illegible] তাঁহার অফিস [illegible] ১৯৭০ ১১ই আগষ্ট বেলা ১১টা হইতে [illegible] মধ্যে নির্বাচন পত্র পরীক্ষিত হইবে।

[illegible] বোর্ড [illegible] বেঙ্গল রেভিনিউ [illegible] নির্বাচন পত্র পাওয়া যাইতে পারে।

([illegible]) [illegible] সেক্রেটারী,

বোর্ড অফ রেভিনিউ, বেঙ্গল

পশ্চিমবাংলা কাউন্সিল অফ ষ্টেটের নির্বাচন মুসলমান ও অমুসলমান প্রতিনিধি নির্বাচকসমূহ

[illegible] সাধারণকে অবগত করা যায় যে কাউন্সিল অফ ষ্টেটের হিন্দু ও মুসলমান প্রতিনিধি নির্বাচনার্থ নিম্নলিখিত দিন স্থির হইয়াছে।

১। সমস্ত নির্বাচন এবং রিটার্নিং অফিসারের নিকট নির্বাচন পত্র দাখিলের তারিখ [illegible] ১৯৭০।

২। নির্বাচন পত্র পরীক্ষার তারিখ [illegible] আগষ্ট ১৯৭০।

৩। রিটার্নিং অফিসারের নিকট [illegible] পাঠাইবার শেষ দিন [illegible] আগষ্ট, ১৯৭০

৪। [illegible] নিকট [illegible] ভোট [illegible] শেষ তারিখ [illegible] সেপ্টেম্বর, ১৯৭০।

বর্তমান নির্বাচন তালিকা অনুসারে নির্বাচন হইবে।

([illegible]) [illegible]

রিটার্নিং অফিসার

ব্যবস্থা পরিষদের নির্বাচন

প্রেসিডেন্সী বিভাগের অমুসলমান প্রতিনিধি এবং বর্দ্ধমান ও প্রেসিডেন্সী বিভাগের মুসলমান প্রতিনিধি নির্বাচন জন্য নিম্নলিখিত দিন স্থির হইয়াছে।

১। সমস্ত নির্বাচন ও রিটার্নিং অফিসারের নিকট নির্বাচন পত্র দাখিল, ৭ই আগষ্ট ১৯৭০

নির্বাচনপত্র পরীক্ষা—১১ই আগষ্ট।

([illegible]) [illegible]

রিটার্নিং অফিসার

শিক্ষয়িত্রীর বিপদ

বিলাতের [illegible] বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষয়িত্রী ছাত্রীদিগের [illegible] যথেষ্ট [illegible] না লওয়ায় একটি ছাত্রী মৃত্যুমুখে পতিত হইয়াছে, এই অভিযোগের বিচার চলিতেছে।

একজন সাক্ষী বলেন যে, যে সময়ে তিনি ঐ স্কুলে কর্ম গ্রহণ করেন, তখন ছাত্রীর [illegible] অবস্থা ছিল, তাহাকে [illegible]

যে ছাত্রীটি মরে, সে এক সপ্তাহ হাসে ভুগিবার পর তাহাকে ডাক্তার দেখান হয়

[illegible]

রেজিষ্টার্ড

মদন মঞ্জরী

বটিকার দ্বারা [illegible] বাতুবিকার, [illegible] [illegible] যাবতীয় [illegible] ইহা সেবনে [illegible] মূল্য [illegible] ১১ এক টাকা।

"[illegible]"

[illegible] মূল্য [illegible] ১১ টাকা।

"[illegible]"

[illegible] মূল্য [illegible] ১১ এক টাকা।

[illegible] কবিরাজ [illegible]

[illegible] কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের চোকা শিশি বাদাম তৈল

[illegible] এবং উপকারিতায় [illegible] পরীক্ষিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জোয়াচোরগণ কর্ত্তৃক [illegible] তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত

কেরার্স কুইনিন

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আর্সেনিক, [illegible] কুইনিন, আসেনিক এবং [illegible] আছে।

এই কেরার্স-কুইনিন [illegible] ইনজেকশন করিলে [illegible] ইনজেকশনেই সকল প্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং জ্বর হইতে বারবার [illegible] ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া [illegible] মূল্য ২, [illegible] ৩, টাকা

[illegible] কেমিক্যাল এণ্ড [illegible] ল্যাবরেটারীজ

[illegible] লেন, কলিকাতা

পণ্ডিত কাহাকে বলে ?

শ্রীভগবান্ গীতায় 'পণ্ডিতে'র সংজ্ঞা-নির্দ্দেশকল্পে নিম্নলিখিত শ্লোকসমূহ কীর্ত্তন করিয়াছেন,—

অহং সর্ব্বস্য প্রভবো মত্তঃ সর্ব্বং প্রবর্ত্ততে।
ইতি মত্বা ভজন্তে মাং বুধা ভাবসমন্বিতাঃ॥
১০।৮

গতাসূনগতাসূংশ্চ নানুশোচন্তি
পণ্ডিতাঃ।
২।১১

যস্য সর্ব্বে সমারম্ভাঃ কামসঙ্কল্প-বর্জ্জিতাঃ।
জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাণং তমাহুঃ পণ্ডিতং
বুধাঃ॥
৪।১৯

বিদ্যাবিনয়সম্পন্নে ব্রাহ্মণে গবি হস্তিনি।
শুনি চৈব শ্বপাকে চ পণ্ডিতাঃ
সমদর্শিনঃ॥
৫।১৮

প্রাকৃত ও অপ্রাকৃত সম্বন্ধ বস্তুর ঈশিত্ববিজ্ঞান বলিয়া জ্ঞান পূর্ব্বক যাঁহারা ভক্তিসহকারে আমার ভজন করেন, তাঁহারাই পণ্ডিত।

পণ্ডিতগণ কি মৃত, কি জীবিত—কাহারও জন্য শোক করেন না অর্থাৎ তাঁহারা দেহাত্মবাদী নহেন; দেহ মাত্রেই ষড়্‌ভাব বিকার যুক্ত; আত্মা তাহা হইতে স্বতন্ত্র।

যাঁহার সমস্ত কর্ম্ম কামসঙ্কল্পশূন্য ভাবে আবদ্ধ হয় অর্থাৎ কোন প্রকার কামনা না করিয়া যিনি কর্ম্মাচরণ করেন, জ্ঞানাগ্নি দ্বারা দগ্ধকর্ম্মা তিনিই পণ্ডিত বলিয়া উক্ত হন।

অপ্রাকৃত গুণযুক্ত জ্ঞানীসকল প্রাকৃত গুণকৃত উত্তম, মধ্যম, অধমরূপ ভেদসমূহ পরিত্যাগ পূর্ব্বক বিদ্যা-বিনয়-সম্পন্ন ব্রাহ্মণ, গো, হস্তী, কুকুর ও চণ্ডাল—সকলের প্রতি সমদর্শন-প্রযুক্ত (অর্থাৎ সকলেতে পরমাত্মদর্শন-হেতু) 'পণ্ডিত' সংজ্ঞা লাভ করেন। অন্যত্র দেখিতে পাওয়া যায়;—

পঠকাঃ পাঠকাশ্চৈব যে চান্যে শাস্ত্র-
চিন্তকাঃ।
সর্ব্বে ব্যসনিনো মূর্খা যঃ ক্রিয়াবান্ স
পণ্ডিতঃ॥

যাঁহারা পাঠ করেন, যাঁহারা অধ্যাপনা করেন অথবা যে সকল ব্যক্তি শাস্ত্রচিন্তা করেন, তাঁহারা যদি ক্রিয়াবান্ না হন, তবে তাঁহারা সকলেই ব্যসনযুক্ত এবং মূর্খ তাঁহাদিগকে 'পণ্ডিত' আখ্যা দেওয়া যায় না, কিন্তু যিনি শাস্ত্রাধ্যয়ন করেন এবং ক্রিয়াশীল, তিনিই পণ্ডিত। এবম্বিধ ব্যক্তিকে 'আচার্য্য'-সংজ্ঞাও প্রদত্ত হইয়া থাকে। উক্ত অধ্যয়ন বিষয়ে প্রহ্লাদ মহারাজের উক্তিতেও দেখিতে পাওয়া যায়,—

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর—১৩ই শ্রাবণ বৃহস্পতিবার—১৩৩৭

(১)

কৃষ্ণ, কৃষ্ণশক্তি, রসতত্ত্ব, জীবতত্ত্ব, জীবের সংসার, জীবের নিস্তার, অচিন্ত্যভেদাভেদ বিচার—এই সম্বন্ধজ্ঞান-সপ্তক, কৃষ্ণভক্তিরূপ অভিধেয়তত্ত্ব ও কৃষ্ণপ্রেমরূপ প্রয়োজন-তত্ত্ববিৎ হইয়া গুরু-পাদাশ্রয়ে কৃষ্ণানুশীলনপর ব্যক্তিই যথার্থ পণ্ডিত, সম্বন্ধাভিধেয় তত্ত্বজ্ঞান-শূন্য ভজন-রহিত ব্যক্তির পাণ্ডিত্য আদৌ স্বীকার্য্য নহে

(২)

(ক) বিষয়-ধ্যান হইতে বিষয়-স্পৃহার উদয়, তাহা হইতে ক্রমান্বয়ে কাম, ক্রোধ, মোহ, স্মৃতিবিভ্রম ও বুদ্ধিনাশ, বুদ্ধিনাশ হইতেই সংসার-প্রাপ্তি-রূপ সর্ব্বনাশ

(খ) দেহান্তকালে বিষয়ধ্যান হইতে বিষয়-প্রাপ্তি এবং বিষ্ণুধ্যান হইতে বিষ্ণুপ্রাপ্তি

(গ) আত্মেন্দ্রিয়তর্পণকে কৃষ্ণেন্দ্রিয়তর্পণের নামে চালাইতে গেলে লোকবঞ্চনা চলিতে পারে বটে, কিন্তু তাহাতে আত্মবঞ্চনাই লভ্য হয়

(ঘ) যাবতীয় বিষয় কৃষ্ণভোগ্য জানিয়া অনন্যভাবে 'কৃষ্ণধ্যান না করিতে পারিলে কখনই কৃষ্ণ-কৃপা লাভ হয় না

(৩)

(ক) বেদে কর্ম্মকাণ্ডীয় শ্রুতিসমূহ থাকিলেও কর্ম্মমার্গ শ্রৌতপন্থা নহে

(খ) অবৈষ্ণবস্মৃতিসমূহ কর্ম্মের প্রাধান্য দেখাইতে গেলেও বৈষ্ণব-স্মৃতি-সমূহ তাহা নিষেধ করেন; হরিবিস্মৃত অনিয়ন্ত্রিত জীবগণকে নিয়ন্ত্রিত করিবার জন্যই কর্ম্মকাণ্ডপর স্মার্ত্তবিধি, নিরন্তর হরিস্মরণকারিগণের পক্ষে তাদৃশ স্মার্ত্তবিধি কখনই প্রয়োজ্য নহে; এতৎসম্বন্ধে অজামিলোপাখ্যানে যমদূতগণের প্রতি বিষ্ণুদূতগণের ব্যবহার আলোচ্য

(গ) স্মার্ত্তপঞ্চাননগণের শুষ্ক তর্কপন্থা পরিত্যাগপূর্ব্বক শ্রৌতপন্থা-বলম্বনই একমাত্র শ্রেয়ঃপন্থা

(৪)

(ক) শ্রীকৃষ্ণনামে শ্রীযশোদানন্দনার্থই নিরূঢ়বৃত্তি নিষ্পন্ন

(খ) শব্দের অজরূঢ়ি-বৃত্তিচালিত ভাগ্যহীনজনগণ কৃষ্ণনামের বহু অর্থ কল্পনা করিতে গিয়া মায়াবাদী হইয়া পড়ে

(গ) মায়াবাদিগণ-কল্পিত কৃষ্ণনামের অর্থবিপর্য্যয়সমূহ শুদ্ধভক্তগণের আদৌ শ্রোতব্য নহে

মায়াবাদী—কৃষ্ণ পাদপদ্মে অপরাধী

(ঘ) মায়ামুগ্ধ জীবগণ কৃষ্ণের নিত্যধাম গোলোক-গত শ্রীমূর্ত্তি-দর্শনে অসমর্থ হওয়ায় কৃষ্ণ স্বীয়ধাম ও পরিজনবর্গসহ এই প্রপঞ্চে গোকুলাখ্য স্থানে প্রকটিত হইলে সরলমতি আবাল-বৃদ্ধ বনিতা তদ্দর্শন ও সেবা-সৌভাগ্য লাভ করিয়াছিলেন, পরন্তু কপট-হৃদয় কংস প্রমুখ অসুরগণ কৃষ্ণদর্শন ও সেবালাভে বঞ্চিত

(৫)

সিংহদুয়ারে নেমি মহারাজ

শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদ-
সেবনম্।
অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনম্॥
ইতি পুংসার্পিতা বিষ্ণৌ
ভক্তিশ্চেন্নবলক্ষণা।
ক্রিয়েত ভগবত্যদ্ধা তন্মন্যেঽধীতমুত্তমম্।

শ্রীমদ্ভাগবতে শ্রীভগবদুক্তিতেও দেখিতে পাওয়া যায় "পণ্ডিতো বন্ধমোক্ষবিৎ" অর্থাৎ যিনি জীবের বন্ধ ও মোক্ষবিষয়ে অবগত আছেন, কিরূপে জীব অজ্ঞানাবদ্ধ হইয়া এই সংসারে পুনঃ পুনঃ জন্মমরণমালায় পরিভ্রমণ করিতে থাকে এবং কি প্রকারেই বা তাহাদের মুক্তিলাভ হয়, ইহা যিনি বাস্তবিক জানিয়াছেন, তিনিই পণ্ডিত, অন্যথা অপণ্ডিত।

বিষয়ধ্যান ও বিষ্ণুধ্যান

অজ্ঞান জীব দুর্ভাগ্য বশতঃ কতকাল ধরিয়া যে এই প্রপঞ্চে পরিভ্রমণ করিতেছে, তাহার ইয়ত্তা নাই। মাতৃগর্ভে অবস্থান-কালে জীবের যে যন্ত্রণা অনুভূত হয়, তাহা ভূমিষ্ঠ হইবামাত্র ভুলিয়া যায় এবং পূর্ব্ব পূর্ব্ব জন্মের ন্যায় কেবল আহার-নিদ্রা-মৈথুনাদি কার্য্যেই নিযুক্ত থাকে, কেবল বিষয়ের ধ্যান করিয়াই সময় অতিবাহিত করিতে থাকে। বিষয় ধ্যানের ভীষণ পরিণাম শ্রীমদ্ভগবদ্গীতায় এইরূপে উক্ত হইয়াছে,—

ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সঙ্গস্তেষূ-
পজায়তে।
সঙ্গাৎ সংজায়তে কামঃ কামাৎ ক্রোধোঽ-
ভিজায়তে॥
ক্রোধাদ্ভবতি সম্মোহঃ সম্মোহাৎ
স্মৃতিবিভ্রমঃ।
স্মৃতিভ্রংশাদ্ বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ
প্রণশ্যতি॥

বিষয়সকলের ধ্যান করিতে করিতে ক্রমশঃ আসক্তি জন্মে, আসক্তি হইতে স্পৃহা জন্মে; তাহা হইতে কাম এবং কাম হইতে ক্রোধ আসিয়া উপস্থিত হয়। ক্রোধ হইতে মোহ, মোহ হইতে স্মৃতিবিভ্রম, তদ্দ্বারা বুদ্ধিনাশ এবং বুদ্ধিনাশ হইতে সংসার-প্রাপ্তিরূপ সর্ব্বনাশ আসিয়া উপস্থিত হয়।

গীতায় (অন্যত্র) দেখিতে পাওয়া যায়,—

যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরম্।
তং তমেবৈতি কৌন্তেয় সদা তদ্ভাব-
ভাবিতঃ॥

অন্তকালে যিনি যে ভাব স্মরণপূর্ব্বক কলেবর পরিত্যাগ করেন, তিনি সেই ভাবপ্রাপ্ত হইয়া তাহাকেই লাভ করেন অর্থাৎ যিনি বিষয়ের ধ্যান করেন, তিনি বিষয় প্রাপ্ত হন, যিনি বিষ্ণুধ্যান করেন, তিনি বিষ্ণুকেই লাভ করেন। তজ্জন্য ভগবান্

শ্রীকৃষ্ণ অনুক্ষণ তাঁহাকেই স্মরণ করিতে উপদেশ করিয়াছেন, যেহেতু অন্যান্য বস্তুর স্থিরতা নাই, সুতরাং কিছুদিন বিষয় ভোগ করিয়া [illegible] [illegible] বাস্তবিক [illegible] না করা যায় না।

[illegible] ।ভাবেন, সংসারে যে [illegible] সেবা করিতেছি, [illegible] সেবা। কৃষ্ণ যখন আমার [illegible] অনুমোদনমার্গের প্রদান করিয়াছেন, তখন ইহাদের [illegible] পোষণ [illegible] করিলেই কৃষ্ণ আমার [illegible] হইবেন। কিন্তু এরূপ কপটতা ভগবান্ ধরিয়া ফেলেন এবং ভোগাকাঙ্ক্ষী জীবকে ভোগ প্রদান না করিয়া তাহাদিগকে কেবল দুঃখই প্রদান করিতে থাকেন, যদি তাহাদের ঐরূপ দুঃখ ভোগ করিতে করিতে কোনদিন বিষয়ে বৈরাগ্য জন্মিয়া সদ্বুদ্ধির উদয় করায়।

শ্রীভগবান্ কপিলদেব বলিয়াছেন—স্ত্রী-পুত্রাদির সেবায় নিযুক্ত জীব আমাকে আরাধনা না করিয়া কেবল কুটুম্বাসক্তমনা হইয়া অবিরত দুঃখার্ত থাকে। স্ত্রীপুত্রাদির ভরণপোষণচিন্তায় নিযুক্ত দুরিতকর্ম করিয়া অন্তকালের সন্ধান করিতে করিতে যমলোকে নীত হয় এবং তথায় যমদূতগণের দ্বারা বিবিধ যন্ত্রণা প্রাপ্ত হয়। পরে পুনরায় মাতৃগর্ভে প্রবিষ্ট হইয়া কৃমির দংশনাদি বিবিধ দুঃখ পাইতে পাইতে যখন তাহার পূর্বজন্মের কৃতকর্মের কথা স্মরণ হয়, তখন সে দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগপূর্বক অনুতাপ করিতে থাকে।

অনুতপ্ত জীব মাতৃগর্ভে থাকিয়া এইভাবে কৃষ্ণের নিকট নিবেদন করে—

মিথ্যা ধনপুত্রমে [illegible] জনম।
না ভাবিলাম তোমার দুই অমূল্য চরণ॥
যে পুত্র করিলাম পোষণ অশেষ বিধমে।
কোথা বা সে সব গেল মোর নিজ কর্মে॥
এখন এ দুঃখে মোর কে করিবে পার।
তুমি সে এখন বন্ধু করিবা উদ্ধার॥
তুমি কেন [illegible] চাড়িয়া।
[illegible]
উচিত [illegible]
[illegible]

* * *

[illegible]
কৃষ্ণ না [illegible]
[illegible]—

[illegible]
[illegible]
[illegible] না করিলে [illegible] করা যায় না। [illegible] নিকট [illegible]।

শ্রৌতপন্থা

(পূর্বপ্রকাশিত ১২৭ সংখ্যার পর)

ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিলাস গভস্তি-নেমি মহারাজ লিখিত

বেদের কর্ম কাণ্ডীয় [illegible] ও কর্মই [illegible] উদ্দেশ্য নহে। কর্মমার্গই শ্রৌতপন্থা নহে। শ্রীকৃষ্ণ-বিস্মরণ-জনিত [illegible] বহির্মুখতা-হেতু অনিত্যস্থিতাবস্থা-প্রাপ্ত কৃষ্ণদাস্য-রহিত পতিত-স্বাতন্ত্র্যপরায়ণ দুর্বল জীবের বৈরাচারের কথঞ্চিৎ নিয়মনের জন্যই কর্মকাণ্ডীয় [illegible] বিধান। [illegible] কর্ম [illegible] উদ্দেশ্য নহে [illegible] হইত, তবে নিগমের একদেশ-নিবদ্ধ [illegible], দেশাত্মবোধিক [illegible] বাধিত হইত না। অতএব কর্ম-মার্গে প্রেরণই [illegible] না হওয়ায় কর্মমার্গ শ্রৌতপন্থা নহে, পরন্তু কর্ম-[illegible] হইয়া [illegible] শ্রৌতপন্থা।

[illegible]। নিত্যমুক্ত জীবের [illegible] অবিদ্যা [illegible] অনিরস্থিত জীবকে আপাততঃ নিবৃত্ত করিবার জন্য শাস্ত্র-বিধিকলি প্রযোজ্য। যাঁহারা কীর্তনাদি দ্বারা নিরন্তর হরিস্মরণ করিতেছেন ও করাইতেছেন, স্মরণ বা পুরাণাদির বিধিগুলি তাঁহাদের উপর আধিপত্য বিস্তার করিতে অগ্রসর হইলে 'বন্দন-মনোরথ' এবং প্রতিহত ও নিগৃহীত হইয়া প্রত্যাগত হইতে বাধ্য হইবে। [illegible] শ্রীমদ্ভাগবত অজামিলোপাখ্যানে শাস্ত্র ও পারমার্থিক সংবাদ-প্রসঙ্গে যমদূত ও বিষ্ণুদূতগণের বিচার-প্রবন্ধ লিপিবদ্ধ করিয়া সুস্পষ্ট জনগণের চক্ষে অঙ্গুলি-নির্দেশ-[illegible] দিয়াছেন যে, পূর্বকালে [illegible] নিয়মনকারী যমের [illegible] সহিত [illegible] বিষ্ণুপার্ষদগণের অজামিল নামক কোন [illegible] ব্রাহ্মণকে লইয়া এক বড় বিচার হইয়াছিল। [illegible] নিয়মনশাস্ত্র-[illegible] [illegible] [illegible] অভিজ্ঞ-[illegible] প্রথম স্বয়ং [illegible] হইয়াছিল, 'কুত্রাপরাধে শাস্মিনো [illegible] জন্মনাবে যমং [illegible] হইয়া [illegible] করেছি [illegible] করিয়াছিলেন এবং নিজ [illegible] [illegible] ক্ষমা প্রার্থনা করিয়াছিলেন। যথা :-

"[illegible] পুরুষঃ পুরাণো নারায়ণঃ স্বকৃতৈর্যদমং কৃতং নঃ।
[illegible] ন বিদ্মহে বচিতাঞ্জলীনাং কাশিণ্ডীয়সি নমঃ পুরুষায় তুভ্যম॥"

এবং নিজ কর্মচারী যমদূতগণকে পুনঃ পুনঃ শিক্ষা দিয়াছিলেন যে, ব্রাহ্মণ্য, [illegible]-প্রমুখ কর্ম ও [illegible]-[illegible] [illegible] যদি [illegible] তাঁহারা [illegible] মহাজন-মধ্যে গণ্য হইতে পারেন না। তাঁহারা মায়া-প্রকোপে [illegible] কৌশল রূপ শ্রৌতপন্থা হইতে [illegible] হইয়া [illegible] রূপে মহাজনাভিমানী হইয়াছেন মাত্র। এই বলিয়া [illegible] তাঁহাদের [illegible] শ্রৌতপন্থা নির্ধারণ হেতু শেষ করিয়াছিলেন।

হে [illegible] পণ্ডিত! [illegible] তোমার যে জন্ম উৎপাটিত হইয়াছিল, তাহা কি পুনরুদ্গমন-[illegible] হইয়াছে? যে [illegible] প্রায় লক্ষ্য-বিহীন! জীব-লোকে নীরে মোহিত হইও না আর বৈষ্ণবের নিকট [illegible] না, এবার গেলে যে [illegible] আছে, তাহাও উৎপাটিত হইবে।

(ক্রমশঃ)

কৃষ্ণনামে শ্রীযশোদা-নন্দনার্থই বিদ্বদ্রূঢ়ি-নিষ্পন্ন

শ্রীচৈতন্যচরিতামৃতের অন্ত্য ৭ম অধ্যায়ে শ্রীবল্লভ-ভট্ট ও শ্রীশ্রীগৌরসুন্দরের উক্তি যথা, "ভট্ট কহে কৃষ্ণনামের অর্থব্যাখ্যানে। বিস্তার করিয়াছি তাহা কর [illegible] প্রভু কহে কৃষ্ণনামের বহু অর্থ না মানি। শ্যামসুন্দর যশোদানন্দন—এই মাত্র জানি॥"

২। কৃষ্ণশব্দের বিদ্বদ্রূঢ়ি বৃত্তি দ্বারা যে কেবলমাত্র শ্রীযশোদার স্তন্যপায়ী শ্যামল শিশুই লক্ষিত হয়, তাহা সকল শাস্ত্রে বিশেষরূপে নির্ণীত হইয়াছে। যে সকল [illegible] ব্যক্তি কৃষ্ণশব্দের বিদ্বদ্রূঢ়ি বৃত্তি দ্বারা শ্রীযশোদানন্দন রূপ অর্থ বুঝিতে অক্ষম, তাহারা শ্রীকৃষ্ণের মায়ানাম্নী [illegible] [illegible] [illegible] [illegible] মধ্যে [illegible] [illegible] [illegible] এবং [illegible] [illegible] তাহারা [illegible] [illegible] ভোগের জন্য মহারৌরব নামক [illegible] নরকাভিমুখে [illegible] করিতে থাকে। শাস্ত্রকারগণ এইরূপ কদর্থ ঘোষণাকারী ব্যক্তিগণকে পাষণ্ড ও মায়াবাদী নামে অভিহিত করেন এবং অসম্ভাষ্য বলিয়া ঘোষণা করেন।

৩। ভগবান শ্রীকৃষ্ণের নিত্য শ্রীমূর্তি স্বীকার করিলে পাছে তাঁহার সেবা করিতে হয়, এই আশঙ্কায় মায়াবাদিগণ অজ্ঞ স্বার্থপর ভোগী ও ত্যাগিকুল তাঁহার ভুবন-মোহন শ্রীমূর্তিকে খণ্ড খণ্ড করিয়া তাঁহাকে নিরাকার [illegible] করাইবার জন্য কৃষ্ণশব্দের নানাপ্রকার কদর্থের ব্যাখ্যা করিয়া থাকে। সুতরাং মায়াবাদিগণ-প্রচারিত কৃষ্ণনামের কদর্থসমূহ সজ্জনভক্তি [illegible] শ্রবণ করা আদৌ উচিত নহে। উহা জন-সাধারণকে বুঝাইবার জন্যই শ্রীশ্রীগৌরসুন্দর শ্রীবল্লভ ভট্টজীকে লক্ষ্য করিয়া উপরিউক্ত শিক্ষা প্রদানের লীলা অভিনয় করিয়াছিলেন।

৪। ভগবান শ্রীকৃষ্ণ গোলোকাখ্য বৈকুণ্ঠ ধামে নিত্য বিরাজমান। পৃথিবীতে অবস্থিত মায়া-মুগ্ধ অজ্ঞ জীবসমূহ [illegible] তাঁহার গোলোকস্থ শ্রীমূর্তি দর্শনে অক্ষম এবং সেহেতু তাঁহাকে নিরাকার মনে করিতে বাধ্য হয়। দর্শন ও প্রাণে সেবার সুযোগ দিয়া বদ্ধজীবসমূহকে স্বধামে লইয়া পরমানন্দে মগ্ন রাখিবার অভিপ্রায়ে শ্রীকৃষ্ণ স্বীয়ধাম ও পরিকরবর্গসহ ইহজগতের গোকুলাখ্য-স্থানে অবতীর্ণ হইয়াছিলেন। যখন শ্রীকৃষ্ণ স্বধামে অবতীর্ণ হইয়াছিলেন, তখন তাঁহার ভুবনমোহন শ্রীমূর্তি দেখিয়া গোকুল ও তৎপার্শ্ববর্তী গ্রামসমূহের সজ্জনভক্তি অপরাপর নর ও নারী (কি বালক, কি যুবা, কি বৃদ্ধ, পশু ও পক্ষী, বৃক্ষ ও লতা, [illegible] নিজ নিজ স্ত্রীপুত্রাদি অপেক্ষা তাঁহার দর্শন ও তাঁহার সেবা করিবার জন্য উদ্গ্রীব থাকিতেন এবং দর্শন ও সেবার সুযোগ পাইলে পরমানন্দে মগ্ন হইতেন ও তদভাবে পুনরায় সুযোগ পাইবার আশায় একাধারে হর্ষ বিষাদযুক্ত ভাবে দিন যাপন করিতেন। কেবল কপটহৃদয় কংসাদি শ্রীকৃষ্ণের দর্শনে ভয়ে ভীত

অতএব কংসাদির ন্যায় স্বভাব পরিত্যাগ পূর্বক যশোদানন্দনে প্রীতি-যুক্ত হওয়াই কর্তব্য।

সিংভূমে নেমিমহারাজ

(তারের সংবাদ)

সাকচী, ২৮-৭-৩০

শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় তার করিয়াছেন যে, গত ২৬শে জুলাই শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিলাস গভস্তিনেমি-মহারাজ চাইবাসায় উপস্থিত হইয়া তত্রত্য কালীবেলা নামক স্থানে শুদ্ধ ও বিদ্ধ বৈষ্ণবধর্ম সম্বন্ধে একটী গবেষণাপূর্ণ বক্তৃতা প্রদান করেন। প্রায় দুইশত ভদ্রলোক উপস্থিত ছিলেন। স্বামিজী গত ২৭শে জুলাই জামসেদপুরে প্রত্যাবর্তন করিয়াছেন এবং দ্বারে দ্বারে মহাপ্রভুর ভক্তিসিদ্ধান্তবাণী কীর্তন করিতেছেন।

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

তত্ত্ব-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাপড়ে বিলাতী ধরণে বাঁধাই স্বর্ণালঙ্কৃত। চতুর্থ সংস্করণ। বিস্তারিত সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

৯। শ্রীপঞ্চানন চট্টোপাধ্যায় এ, এস, এম, [illegible]

১০। শ্রীপাদ অতীন্দ্রিয় ভক্তিস্বরূপ নবীন।

১১। শ্রীপাদ নরোত্তম ব্রহ্মচারী ঐ

বর্ষায় একমাত্র স্বদেশী

রবারের জুতা

টি, টি, সিলিপার

চটি. ডি.সিপ্পান ও এলবার্ট

চামড়াহীন, মজবুত, সস্তা, নরম. জল-কাদায় বিশেষ উপযোগী—এই স্বদেশী জুতা, বাজে, বিদেশী জুতার বদলে কিনিয়া দেশী শিল্পের সহায়তা করুন।

ঠিকানা—টি, টি, সিলিপার এণ্ড কোং, ১নং টাউনসেণ্ড রোড ভবানীপুর, কলিকাতা

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

সারফালিন

টনিক ও সালসা। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার বসে যায়। ফলেন পরিচীয়তে

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ২।৪ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ খাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং আনিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ বিষের জল খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে হয়রান হয়েন কেন? সুতরাং ।০ আনার সারফলিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট, এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ।৵০ আনা, ডজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসারস্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কলিকাতা।

যুগল-মূর্ত্তি মার্কা
সর্ব্বত্র পাওয়া যায়।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

আসল ও খাঁটি
শিশি ।৵০ আনা, ডজন ৮৴
ভিঃ পিঃ ও প্যাকিং খরচ স্বতন্ত্র।

যুগল-মূর্ত্তি মার্কা এঃ বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

গৌরধামের মাসচিকানা ও — শ্রীধাম / নবদ্বীপ

Registered No. C 1844

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩।০
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

সাহায্যের হার
অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষান্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৫

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [১৩০ সংখ্যা]

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—১৭ই শ্রাবণ ১৩৩৭ শনিবার ২রা আগষ্ট ১৯৩০

নানা কথা

অনাদি রঞ্জন বসু

আগামী ৩রা আগষ্ট নদীয়ার জেলা ম্যাজিষ্ট্রেট মিঃ টি, সি, রায় তিন সপ্তাহের জন্য অবসর গ্রহণ করিতেছেন। তাঁহার স্থানে সুযোগ্য সদর এস, ডি, ও শ্রীযুক্ত বাবু অনাদি রঞ্জন বসু, মহাশয় অস্থায়ী ভাবে জেলা ম্যাজিষ্ট্রেটের কার্য্য করিবেন।

মুন্সেফ বদলী

কৃষ্ণনগরের দ্বিতীয় মুন্সেফ, শ্রীযুক্ত বাবু জগদীশ চন্দ্র মজুমদার মহাশয় কুষ্টিয়ায় বদলী হইলেন, তাঁহার স্থানে শ্রীযুক্ত বাবু পলাশ চন্দ্র পাল আসিতেছেন। মুন্সেফ, বাবু বিদ্যোৎসাহী, জনপ্রিয়, দয়াহৃদয়ী এবং অত্যন্ত অমায়িক প্রকৃতির লোক। তাঁহার বিচার-নৈপুণ্যও বিশেষ প্রশংসনীয়। আমরা ভগবৎস্থানে তাঁহার সপরিবার দীর্ঘজীবন প্রার্থনা করি।

৩৪ দিন উপবাসে

বরিশাল, ২৯শে জুলাই তারিখের সংবাদে প্রকাশ—শ্রীযুক্ত উপেন্দ্রনাথ রায় ও কেদারেশ্বর সমাদ্দারের প্রায়োপবেশনের আজ ৩৩তম দিবস। অনুসন্ধানে জানা গিয়াছে, তাঁহারা খুব দুর্ব্বল ও শয্যাশায়ী হইয়া পড়িয়াছেন। তাঁহাদের শরীরের ওজন কমিয়া ৯৮ পাউণ্ড হইয়াছে।

কোয়েটায় বন্যা

শিকারপুর ও জেকবাবাদের মধ্যে বন্যার জন্য রেলপথ ভাঙ্গিয়া যাওয়ায় কোয়েটা বিচ্ছিন্ন হইয়া গিয়াছে। এরূপ অবস্থা কিছু বেশী সময় যাবৎ থাকিতে পারে।

কালা ও ধলা

নদীয়ার অস্থায়ী ম্যাজিষ্ট্রেট অনাদি বাবু ও মুন্সেফ বদলি

৩৪ দিন উপবাসে

জহরলাল ও মতিলালের স্বাস্থ্য

পুলিশের পদত্যাগ

মিঃ জয়াকরের সিমলা যাত্রা

মহাত্মা ও নেহেরুজী

নূতন ভাইস্-চ্যান্সেলার

বন্দুক জমা

কংগ্রেসের গুপ্তমিলন, প্রায়োপবেশন বন্ধ

কালা ও ধলা

বিলাতে বৃটেন চ্যানেলের উপর যে সমস্ত বন্দর আছে তাহাতে বহু বিদেশী কৃষ্ণাঙ্গ নাবিক আছে। তাহারা থাকায় শ্বেতাঙ্গ নাবিকদিগের কাজ পাওয়া কিছু অসুবিধা হইয়াছে। শ্বেতাঙ্গগণ স্বার্থরক্ষার জন্য এমন আইন করিতেছেন যাহাতে কৃষ্ণাঙ্গগণ কাজ না পায়। এই ব্যাপার লইয়া দাঙ্গাহাঙ্গামার সম্ভাবনা আছে; সেই জন্য এই অঞ্চলে পুলিশের আমদানি হইতেছে।

মহাত্মা ও নেহেরুজী

স্যার তেজ বাহাদুর সাপ্রু নিম্নলিখিত বিবৃতি প্রদান করিয়াছেন—মিঃ জয়াকর ও আমি যারবেদা জেলে মহাত্মা গান্ধী এবং নাইনী জেলে পণ্ডিত মতিলাল নেহেরু ও পণ্ডিত জহরলাল নেহেরুর সহিত দেখা সাক্ষাৎ করিয়া যে কথাবার্ত্তা কহিয়াছি, সে সম্বন্ধে লণ্ডনে পার্লামেণ্টে যে আলোচনা হইয়াছে, তাহার প্রতি আমার মনোযোগ আকৃষ্ট হইয়াছে। আমি কেবল এই কথা বলিতে চাহি যে, পণ্ডিত মতিলাল ও জহর-

লাল নেহেরু কারাকে মহাত্মা গান্ধী অথবা অন্যান্য যাঁহাদের সহিত পরামর্শ করিবার ইচ্ছা করেন, তাঁহাদের সহিত মিলিত হইতে পারেন, সেরূপ অনুমতি দিবার জন্য আমরা ইতোমধ্যেই রাজ-প্রতিনিধির নিকট আবেদন করিয়াছি। জেলে অবস্থিত নেতাদের সহিত আমাদের কথাবার্ত্তা এখনও চলিতেছে। এ অবস্থায় বর্ত্তমানে আমরা যে ইহার অধিক আর কিছু বলিতে পারি না, এ কথা সকলেই বুঝিবেন।

কলকারখানা বুঝি বন্ধ হয়

আমেদাবাদের কলকারখানাওয়ালাদিগের সমিতির সাম্বৎসরিক অধিবেশনে প্রেসিডেণ্ট শেঠ চমন লাল পরেখ বলেন, "আজ কাল সময় বড় খারাপ—বড়ই চিন্তার বিষয়। জীবনযাত্রার স্বাভাবিক অবস্থা চলিয়া গিয়াছে। যদি এ দেশে এই অবস্থা আর কিছুদিন চলে, তাহা হইলে দেশের আর্থিক সর্ব্বনাশ অবশ্যম্ভাবী।

এ সময়ে সাহস অবলম্বন পূর্ব্বক শান্তির সহিত রক্ষা করিয়া কেনাই একমাত্র উপায়।

বোম্বাইয়ের কলকারখানা অঞ্চলে অবস্থা অতি শোচনীয়। কোন কোন কল বন্ধ করা হইয়াছে এবং অনেক কলে কাজের সময় কম করিয়া দেওয়া হইয়াছে। [illegible] অসুবিধা এই যে সারা [illegible] সময় আরম্ভ হইয়াছে তাহার [illegible] ভোগ করিতে [illegible] কোন সংবাদ [illegible] টেক্সটাইল [illegible] কিন্তু সুবিধা [illegible] সুবিধা হয় [illegible]

[illegible] প্রসিদ্ধ বাগ্মী [illegible] রাজনৈতিক [illegible] বলিয়া [illegible] প্রদর্শন করেন —

বিবিধ সংবাদ

প্রায়োপবেশন বন্ধ

আলিপুর সেণ্ট্রাল জেলে সুভাষ বাবু প্রভৃতি ৮০ জন রাজনৈতিক বন্দী প্রায়োপবেশন করিয়াছিলেন। তাঁহারা প্রায়োপবেশন বন্ধ করিয়াছেন।

ভূতপূর্ব মালসী গ্রেপ্তার

রংপুরের টাউন এবং বর্ত্তমান ব্যবস্থাপক সভার ভূতপূর্ব সদস্য মৌলবী ... টাকা তহবিল তছরূপের জন্য গ্রেপ্তার হইয়াছেন। একটী ওয়াকফ্ এষ্টেটের হিসাব সম্পর্কে এই ব্যাপার। প্রায় ছয় মাস পূর্ব্বে তাঁহার উপর ১৬৪ ধারার নোটিশ দিয়া প্রকাশ্য বক্তৃতা দিবার ক্ষমতা রহিত করিয়া দেওয়া হয়।

মিঃ জয়াকরের সিমলা যাত্রা

মিঃ জয়াকর আজ প্রাতে এলাহাবাদ হইতে ফিরিয়া আসিয়াছেন। পণ্ডিত মতিলাল নেহেরু ও পণ্ডিত জহরলাল নেহেরুর সহিত তাঁহাদের কিরূপ কথাবার্ত্তা হইয়াছে, তাহা তিনি কিছুই বলিতে চাহেন না। ৩০শে জুলাই সন্ধ্যাকালে তাঁহার পুনা যাত্রা করিবার কথা ছিল। এখন গান্ধীজীর সহিত সাক্ষাতের পর তিনি সিমলা যাত্রা করিবেন।

জহরলাল ও মতিলালের স্বাস্থ্য

যদিও পণ্ডিত মতিলাল নেহেরু ও পণ্ডিত জহরলাল নেহেরুকে "এ" শ্রেণীর কয়েদীরূপে রাখা হইয়াছে, তথাপি এই দুই জন দেশপ্রসিদ্ধ কয়েদীর স্বাস্থ্য ক্ষুণ্ণ হইয়াছে। পণ্ডিত জহরলালের শরীরের ওজন ১০ পাউণ্ডের অধিক কমিয়া গিয়াছে। আর, পণ্ডিত মতিলালের পুরাতন হাঁপানী ও অনিদ্রা রোগ আবার দেখা দিয়াছে।

পিকেটিংএ আইন পরীক্ষা স্থগিত

গত বুধবার প্রাতে কলিকাতা টাউন হলের সম্মুখে পিকেটারগণ দলে দলে সমবেত হয়। প্রকাশ, তাঁহাদের কয়েকজন টাউন হলের সম্মুখে শুইয়া শয়ন করিয়া তাঁহাদিগকে পদদলিত করিয়া টাউন হলে প্রবেশ করিয়া পরীক্ষায় উপস্থিত হইবার জন্য পরীক্ষার্থীদিগকে বলেন। ফলে বহু পরীক্ষার্থী উক্ত স্থান পরিত্যাগ করেন। প্রকাশ, ২৮ জন পরীক্ষার্থী টাউন হলে প্রবেশ করেন, কিন্তু পিকেটারদিগের আবেদনে তাঁহারা বাহিরে আসেন।

যাহাদিগকে বিজ্ঞান কলেজে উক্তরূপ দৃশ্য পরিলক্ষিত হয়। প্রবল পিকেটিংয়ের ফলে সেথায় কোনও ছাত্রই পরীক্ষা-গৃহে প্রবেশ করিতে পারেন নাই।

তদন্তের ফলে অবগত হওয়া গিয়াছে যে, উক্ত পরীক্ষা পুনরায় স্থগিত আছে।

৭ জন ছাত্র গ্রেপ্তার

গৌহাটি ২৯শে জুলাই তারিখের সংবাদে প্রকাশ, কটন কলেজিয়েট স্কুল ও সোনারাম সরকারী সাহায্য প্রাপ্ত ইনষ্টিটিউশনের ৭ জন ছাত্র কটন কলেজিয়েট স্কুলে পিকেটিংএর জন্য সন্ধ্যাকালে গ্রেপ্তার হইয়াছে। প্রকাশ, সকলেই জামীন দিতে অস্বীকার করিয়াছে।

১১ জন ছাত্র দণ্ডিত

দিনাজপুর, ২৯শে জুলাই তারিখের সংবাদে প্রকাশ— জেলা স্কুলের গেটের ধারে পিকেটিংএর অপরাধে ১৪ জন বালককে কিছুদিন পূর্ব্বে গ্রেপ্তার করা হয়। তন্মধ্যে ১২জন ছাত্র ... তাহাদের হাজতে রাখিবার আদেশ দিয়াছে।

মহারাজা গার্লস স্কুল ... বিদ্যালয় এখনও বন্ধ রহিয়াছে। কিন্তু ছুটির পর ছাত্রগণ পিকেটিং করিতেছেন। ফলে স্কুলের ছাত্র সংখ্যা নিতান্ত অল্প ছিল।

কর বন্ধের আন্দোলন

পাটনা, ৩০শে জুলাইর সংবাদে প্রকাশ যে, ভাগলপুরের "থানার" একজন কনষ্টেবল ও কতিপয় চৌকিদার লইয়া গ্রামবাসী টাক্স আদায় ব্যপদেশে মালকোনিয়া গ্রামে উপস্থিত হয়। কয়েকজন গ্রামবাসী কর দিল কিন্তু অন্যান্য সকলে করদানে অস্বীকৃতি প্রকাশ করিল। সুতরাং তাহাদের মালক্রোক করা হইল। ভাগলপুরের সদরে প্রত্যাবর্ত্তন করিতেছে এমন সময় এক দল গ্রামবাসী লাঠী লইয়া উহাদিগকে আক্রমণ করতঃ চৌকিদারদের পোষাক, কাগজপত্র ও ক্রোকী মাল কাড়িয়া লইয়াছে।

এই ঘটনার পরে ঐ গ্রামে এক দল সশস্ত্র পুলিশ অবতীর্ণ হইয়া ১৭ জন গ্রামবাসীকে গ্রেপ্তার করে। গ্রামের অবস্থা এক্ষণে শান্তভাব ধারণ করিয়াছে।

হিন্দুদের আত্মরক্ষায় বাধা

যদিও ময়মনসিংহ জেলায় সম্প্রতি মুসলমানগুণ্ডাদের দ্বারা অত্যাচার, অনাচার আপাততঃ দমিত হইয়াছে, তাহা হইলেও উক্ত জেলার সকল হিন্দুগণ সংখ্যায় নিতান্ত অল্প বলিয়া এখন পর্য্যন্ত আপনাদিগকে সম্পূর্ণ নিরাপদ মনে করিতে পারিতেছেন না। এই কারণে তথাকার হিন্দুগণ আত্মরক্ষার জন্য এক নূতন উপায় অবলম্বন করিয়াছেন। তাঁহারা জেলার প্রধান প্রধান স্থানে আপনাদিগের ধনপ্রাণ রক্ষার জন্য রক্ষিদল গঠন করিয়াছেন।

কিন্তু শুনা যাইতেছে যে, স্থানীয় কর্তৃপক্ষগণ হিন্দুদিগের আত্মরক্ষার এই চেষ্টার অনুমোদন করিতেছেন না। এইরূপ প্রকাশ, ঈশ্বরগঞ্জ থানার পুলিশ-কর্তৃপক্ষ ঈশ্বরগঞ্জ সহরের এবং বড়হাটি ও পুটেল গ্রামের হিন্দুদিগকে জানাইয়াছেন যে, তাঁহারা যেন ঐরূপ রক্ষিদলের গঠন না করেন। পুলিশ-কর্তৃপক্ষের অভিমত এই যে, হিন্দুদের ঐরূপ কার্য্যের দ্বারা মুসলমানদিগের মন উত্তেজিত হইতে পারে।

সরকারী সাহায্য প্রত্যাহৃত

রাজশাহী, ২৯শে জুলাই তারিখের সংবাদে প্রকাশ— সরকার লোকনাথ হাইস্কুলে মাসিক যে ১২০ টাকা হিসাবে সাহায্য করিতেন, সরকারের প্রস্তাব মত ম্যানেজিং কমিটীর সভাসংখ্যা ২ জন কমাইতে কমিটী অসম্মত হওয়ায় ও ... অভিযোগে সরকার ঐ সাহায্য প্রত্যাহার করিয়াছেন।

পুলিশের পদত্যাগ

কুলতলা, ২৯শে জুলাই তারিখের সংবাদে প্রকাশ, পুলিশের আচরণের প্রতিবাদকল্পে একজন কনষ্টেবল পদত্যাগ করিয়াছে।

নূতন ভাইস-চ্যান্সেলার

এসোসিয়েটেড প্রেস অবগত হইয়াছেন, আগষ্ট মাসের প্রথমে কলিকাতা-বিশ্ববিদ্যালয়ের বর্ত্তমান ভাইস-চ্যান্সেলার ডাঃ ডব্লিউ, এস, আরকুহার্টের কার্য্যকাল শেষ হইলে লেফটেনান্ট কর্ণেল হাসান সুরাওয়ার্দী নূতন ভাইস-চ্যান্সেলার নিযুক্ত হইবেন।

কংগ্রেসের গুপ্ত মিলন

আজকাল পুলিশ ক্রমাগত কংগ্রেস অফিস খানাতল্লাস করায় কংগ্রেস মিউনিসিপ্যাল এসোসিয়েশন একটী গুপ্ত স্থানে সভা করিয়া সুভাষ বাবুকে কলিকাতায় অস্থায়ীমান পদের উমেদারির জন্য মনোনীত করিয়াছেন।

বন্দুক জমা

চট্টগ্রাম হইতে ২৯শে জুলাইর সংবাদে প্রকাশ, যাঁহাদের বন্দুক আছে, এমন অনেক লোকের উপর বন্দুক জমা দিবার নোটিশ দেওয়া হইয়াছে। ফলে অনেক বন্দুক জমা দেওয়া হইয়াছে।

কবিরাজ শশিভূষণ ... কৃত

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

মফঃস্বলের সুবিধার জন্য ৩ নং ... ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কে... পাইট ৮/০ আনা বোতল ... না

বর্দ্ধিত অবস্থায় ছোটবোতলের সমপরিমাণ ঔষধ বর্দ্ধন করা হয় নাই। মূল্য আট শিশি ৪০ আনা.

অফিস ১১নং ... রোড, পাঃ ... কলিকাতা

রেজেষ্টার্ড.

মদন মঞ্জরী

রতিকার বল ও ধাতুবিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, অকালে স্তম্ভাভাব, স্বপ্নদোষ, বহুমূত্র, মেহ, শুক্র তরলতা, ইত্যাদি অতিপ্রিয় প্রভৃতি সকল সত্বর নির্দ্দোষ আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

"অপূর্ব্ব লক্ষাধিক ঘৃত"

পুরুষত্বাদি রোগে বাহ্যপ্রয়োগ দ্বারা আরোগ্য করিয়া শক্তিসম্পন্ন করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

"রমণবিলাসিনী বটিকা"

বীর্য্যধারণ করত সম্ভোগশক্তি স্থায়ী ও বৃদ্ধি করিতে অতুলনীয়। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

রাজবৈদ্য শ্যামাচরণজী, কেশবজী

৩১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের ভোকা শিশি বাদাম তৈল

খাঁটি ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্ব্বজন পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জোয়াচোরগণ কমদরের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে

বিনীত—জে, বি, দত্ত

কেরার্স কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আইরন, বাইহাইড্রোক্লোর কুইনিন্, আর্সেনিক এবং ষ্টৃকনিন আছে।

এই কেরার্স-কুইনিন্ দ্বারা ইন্জেক্শন করিলে একটী বা দুইটী ইন্জেক্শনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং ছয় হইতে বারটী ইন্জেক্শনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া ...

৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ৩৲ টাকা

বাইও-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরীতে

২৯১ বহুবাজার লেন, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

—:০:—

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর ১৭ই শ্রাবণ শনিবার—১৩৩৭

সাময়িক প্রসঙ্গ

পূর্ববঙ্গে ঢাকা জেলার অন্তর্গত বালিয়াটি একটী গণ্ডগ্রাম। সেই গণ্ডগ্রামে কতিপয় ভূম্যধিকারীর বাস। ভূম্যধিকারিগণ সাধারণ বিচারে ভূমির কর গ্রহণ করিয়া প্রত্যেন্দ্রিয়-বাসনা পরিতৃপ্তি করেন। কিন্তু এই গ্রামের ভূম্যধিকারীর মধ্যে পরম-ভাগবত শ্রীযুক্ত রাইমোহন রায় চৌধুরীর ও মহামহত রেবতীমোহন রায় চৌধুরী মহাশয়গণ এবং তাঁহাদের সম্পর্কিত অনেকেই কেবল মাটিয়া বিচারে আবদ্ধ না হইয়া পরমার্থের জন্যও যত্ন করিয়াছেন। তৎকলে তথায় "শ্রীগদাইগোরাঙ্গ মঠ" নামক একটী প্রতিষ্ঠান আছে।

—

দেউলিয়াদিগের বা মাটিয়া-বুদ্ধি প্রবলতা লাভ করিয়া জীবের আত্ম-বিস্মৃতি ঘটাইতে ত্রুটি করে না। কতিপয় অন্নবিচার-পরায়ণ ব্যক্তি মাটিয়া-বুদ্ধি অবলম্বন করিয়া অমাটিয়া-বাদোর যাবতীয় অধিষ্ঠানের প্রতি আক্রমণ করেন। ইহারা বণিগ্‌বুদ্ধি অবলম্বন করিয়া নিজের ইন্দ্রিয়চরিতার্থতার জন্য ব্যাকুল। মাটিয়া-বুদ্ধির বিচারকগণ অত্যন্তক্ষোভী। কিন্তু তাঁহাদের একবারও এইপ্রকার মাটিয়া জ্ঞান ছাড়িয়া যাইতে হইবে—এই বিচার মনোমধ্যে উদিত হয় না, তাঁহারা কেবল মানব-জাতির অমঙ্গল সাধনের জন্য চেষ্টিত হইয়া নিজেদের অপস্বার্থ পোষণ করেন।

—

ভারতের বর্ত্তমানকালে পাশ্চাত্য-মাটিয়া-বিচার ভোগিবর্গের প্রচুর পরিমাণে ইন্ধন যোগাড় করিতে উদ্যত হইয়াছে। পৃথিবীতে সুষ্ঠুভাবে বাস করিতে হইলে কেবল পরমার্থ-বঞ্চিত হওয়ার উপদেশ আদৌ অভিপ্রেত নহে। দেশহিতাকাঙ্ক্ষী সম্প্রদায়ের বর্ত্তমান নেতা গান্ধি মহারাজও গীতা পাঠ করেন এবং শ্রীমদ্ভাগবতের আদর করেন। তিনি ও তাঁহার অনুগতগণ পরদ্রোহ করিবার কোনপ্রকার অনুমোদন করেন না। অহিংসা—তাঁহাদেরও মূল মন্ত্র। হিংসাবারা বাস্তবিক দেশহিতৈষিতা হইতে পারে না, একথা ম্যাটিরিয়ালিষ্ট্ বা নাস্তিক-সম্প্রদায় বুঝিয়া উঠিতে পারেন না।

বালিয়াটি গ্রামে যেরূপ পারমার্থিক বিচারযুক্ত ভূম্যধিকারিগণের বাস, তদ্রূপ অন্যভোগপরায়ণ মাটি-লইয়া-ব্যস্ত লোকেরও অভাব নাই। কিন্তু যাঁহার কপালে মাটি বা পৃথিবী রূপ, রস, গন্ধ, শব্দ ও স্পর্শ-বিশিষ্ট হইয়াছে, সেই মূল আকর-বস্তু বিষ্ণু ও অমাটিয়া-বিচার-যুক্ত বৈষ্ণবের বিদ্রোহ করিয়া মেটে বুদ্ধিযুক্ত ব্যক্তিগণ মঙ্গল সাধন করিতে পারেন না। নব্য কর্ম্ম-পদ্ধতি

(১)

(ক) জীব দুর্ভাগ্যক্রমে মাটিয়া-বিচারে আবদ্ধ হইয়া অতিমূল্য অপস্বার্থ-সাধন-মানসে পরমার্থ-বিদ্বেষী হয়, উহাই জীবের আত্মবিনাশের হেতু; ঢাকা জেলার বালিয়াটি গ্রামে ঐরূপ মাটিয়া-বিচার-বিশিষ্ট দলের তাণ্ডব-নৃত্য অতীব নিন্দনীয়

(খ) স্বদেশহিতৈষণার নামে যদি জীবের ক্রোধ-হিংসা-দ্বেষাদি-বহুল পার্থিব-বিচার প্রবল হইয়া জীব ভগবদ্-বৈমুখ্য ত' দূরের কথা, সাধারণ নৈতিক বিচারকে পর্য্যন্ত উল্লঙ্ঘন করে, তাহা হইলে তাহা কখনই তাহার দেশহিতাকাঙ্ক্ষা বলা যাইবে না; ভক্ত, ভগবান্ ও ভক্তিতে আদর না করিয়া দেশ-সেবার পরিবর্ত্তে দেশের সর্ব্বনাশই সাধন করা হয়

(গ) ভগবদ্বিমুখ বুভুক্ষু কর্ম্মী ও আত্মবিনাশকামী কর্ম্মত্যাগাভিমানী মুমুক্ষু জ্ঞানী তাহাদের কর্ম্ম ও জ্ঞানাহঙ্কারে প্রমত্ত হইয়া যে ভগবদ্ভক্তের ভক্ত্যুন্মুখী চেষ্টায় বাধা প্রদান করিতে যায়, তাহা তাহাদের নিতান্ত অজ্ঞতা-বিজৃম্ভিত

(ঘ) প্রাকৃত অহঙ্কার-প্রমত্ত শূদ্রকল্প বণিগ্‌বৃত্ত জীবগণ বিরহক্কার বিষ্ণুভক্ত ব্রাহ্মণ ও বৈষ্ণবের বৃত্তি না জানিয়া তাঁহাদিগকে তাহাদেরই সমশ্রেণীভুক্ত করিতে প্রবৃত্ত হয়, ইহাতে তাহারা বৈষ্ণবর্ণাশ্রমবিরোধী হইয়া পাষণ্ডাচার প্রবর্ত্তন করে

(ঙ) ভক্তের ভগবৎসেবাচরণে বাধা প্রদান করা কখনও কংগ্রেসের উদ্দেশ্য নহে, সুতরাং কংগ্রেসকর্ম্মী-পরিচয়ে যাহারা তাদৃশ কুকর্ম্মে লিপ্ত, কংগ্রেসের কর্ত্তব্য তাহাদিগকে অচিরেই অবসর প্রদান করিয়া কংগ্রেসের সদুদ্দেশ্য বজায় রাখা

(২)

(ক) অহঙ্কারই চিত্ত, তাহা হইতে সাত্ত্বিক, রাজসিক ও তামসিক—ত্রিবিধ অহঙ্কার; চিত্তে অহঙ্কারোদয়ের নামই হৃদ্রোগ—কাম

(খ) ভগবদ্ বিহার কথা চিত্তে উদিত হইলেই হৃদ্রোগ সত্বরত অপগত হয়

ও সর্ব্বনাশময়ী ত্যাগ-পদ্ধতি প্রাকৃত অহঙ্কারেরই বিচার-মূলে প্রতিষ্ঠিত। করেন নাই, ইহাতেই তাঁহার বিশেষ শিক্ষা হওয়া উচিত।

বালিয়াটির কংগ্রেসের নেতৃবর্গের মধ্যে কোনো যদি কেবল মেটেবুদ্ধি-পরিচালিত হইয়া ভগবদ্‌বিষ্ণু-বিদ্বেষ করেন, তাহা হইলে তাঁহারা কোনদিনই মঙ্গল-বিশিষ্ট হইতে পারিবেন না বা অহিংসা-নীতির মর্য্যাদা বুঝিতে পারিবেন না। বালিয়াটি-কংগ্রেসের জনৈক ক্ষুদ্র কর্ম্মী নিরীহ বৈষ্ণব প্রজাগণের নিকটে উদ্ধত মানবনীতি আক্রমণ করিবার জন্য কদর্য্যরূপ হইয়া যে কুৎসিত কার্য্যের অবতারণা করিয়াছেন, তাহা তাঁহার নেতা মহাশয়ও অনুমোদন

বিষ্ণুবৈষ্ণববিদ্বেষ-বশে যে অপস্বার্থময় ইন্দ্রিয়তাড়না, তাহা কখনই সুফল উৎপাদন করিতে পারে না। শুনা যায়, বালিয়াটীর কংগ্রেসের অসদ্বুদ্ধি পরমার্থবিদ্বেষী উক্ত কর্ম্মী চেলা পরমার্থিগণের কোন দ্রব্য না বাধায় আত্মমর্য্যাদিত হইয়া একটা দুর্ব্যবহার কার্য্যের ধারণা করিয়াছেন। শুনা যায়, তিনি স্বগৃহ হইতে [illegible] করিয়া নিজের অপস্বার্থ-সাধন ও তাহার স্বধা-তাহা-সংযুক্ত ব্যক্তিগণের পুষ্টিসাধনের জন্য ভগবদ্ভক্তগণকে আক্রমণ করিতে প্রবৃত্ত হইয়াছিলেন। এক্ষণে তাঁহার সুমতি হইলে ভাল।

—

একটু শিক্ষিত হইলেই তিনি বুঝিতে পারিতেন যে, শ্রীচৈতন্যদেবের অনুগত সম্প্রদায় কোন দিন প্রাণ অপস্বার্থপোষণ-চেষ্টা-শীলতার কথা কখনই আত্মনিয়োগ করেন নাই। সব সম্প্রদায়ের আলোচনা-ক্রমে তাঁহাদের যে মাটিয়া বুদ্ধি আত্মোন্নতির বাধা করিতেছে, তাহা সর্ব্বদা তাঁহাদিগকে দুরাধিক ব্যাধি মত্ত্বিত্ত অভিভূত করিয়াছে।

এই ভব-ব্যাধি চিকিৎসার জন্য কেবল বালিয়াটি গ্রাম নহে, পৃথিবীর সর্ব্বত্র ভক্তিমঠ স্থাপিত হইতেছে। যাহাতে জগতের মেটে বুদ্ধি নষ্ট হইয়া যায় এবং পরদ্রোহ ও অপস্বার্থ বিগত হইয়া মানব-জাতির প্রত্যেকেই সদাচার-সম্পন্ন নৈতিক রূপে স্থাপিত হইতে পারেন, তজ্জন্যই ভব-ব্যাধি-চিকিৎসাগার—এই মঠরূপ হাসপাতাল।

অহঙ্কার-রোগের ঔষধই ভিক্ষা-বৃত্তি, উহা বৈষ্ণব ব্রাহ্মণের কৃত্য। তাহাতে অপস্বার্থপর বণিকের অধিকার নাই। কিন্তু অপস্বার্থপর বণিক্ যদি উহাদেরই নামে পারমার্থিকের ঝোলা কাড়িয়া লইয়া নিজ-অপস্বার্থবৃদ্ধির জন্য উদ্যুক্ত করিবার যত্ন করে, তাহা হইলে উহা কখনই উচ্চ-নৈতিকের অনুমোদন লাভ করিবে না।

শ্রীযুক্ত মনোমোহন সাহা মহাশয়ের অধীন ও অনুগ পরিচয়ে পরিচিত অবৈষ্ণব-বিচার-পর কংগ্রেসের জনৈক কর্ম্মী সেদিন নাকি একজন পারমার্থিক ব্রহ্মচারীর ভগবদ্ভোগ্য নৈবেদ্য কাড়িয়া লইয়াছেন। আমাদের মনে হয় যে, ঐ মেটে-বুদ্ধি বিচারক অবৈষ্ণব বিচারপরায়ণ ব্যক্তিগণের ভগবৎসেবার চিন্তা বদলে অভিপ্রায়েতে তাঁহার আর ভোগিকুলের ভোগ্য বস্তু জ্ঞান করিয়াছেন। আমরা তাই বলি,—সেই অবৈষ্ণব কর্ম্মী যদি দিনকতক কংগ্রেসের অর্থশাস্ত্র ও পারমার্থিক সাত্ত্বত বিচার-প্রণালী-সম্বন্ধে আলোচনা করিতে আরম্ভ করেন, তাহা হইলেই তাঁহার আন্তরিক ভ্রান্তি দূরীভূত হইয়া পরমার্থ [illegible] উদিত হইবে।

এই জীবনের বাকী দিন কয়েকটি মেটেবুদ্ধি পরিত্যাগ করিয়া যদি তিনি আত্মমঙ্গলকামনার জন্য নিয়োগ করেন, তাহা হইলে ইহাকে কর্ম্মফল ভোগ করিতে

হয় না। তাঁহার রাজস ও তামস অহঙ্কার জড়জগতের প্রতি ধাবমান হওয়ায় সাত্ত্বিক বিচার আক্রমণের বস্তু হইয়া পড়িয়াছে। এইরূপ সাত্ত্বিকম্মন্য ব্যক্তির মঙ্গলের জন্য পরমার্থিগণ কি দয়া করিবেন না?

অপ্রাকৃতগণের কিঞ্চিৎ কৃপা-কটাক্ষ হইলেই এইরূপ পরমার্থ-বিরোধী ও পরমার্থি-বিরোধি ব্যক্তিগণের ব্যাধি নির্মূলিত হইতে পারে। একদিন নদীয়া নগরে মাধাই নামক ব্রাহ্মণ-পরিচিত ব্যক্তি শ্রীনিত্যানন্দের প্রতি আক্রমণ করিয়াছিল, তাঁহার অনুগত জনগণের সম্পত্তি কাড়িয়া লইতে গিয়াছিল। আজ অপরার্থ-পরতাকে বহুমানন করিতে গিয়া কিছুই যে স্বার্থের গতি তাহা বুঝিতে না পারিয়া ব্রহ্মচারীর নিকেতনের কাড়িয়া লইবার বস্তুকে ব্যাধি-গ্রস্তের অবৈধ চেষ্টা বলিয়া জানিলাম।

বলি, বালিয়াটি কংগ্রেসের ঐ চেয়ার-মহাশয় যে বণিগ্‌বৃত্তিকে বহুমানন করিয়া বাণিজ্যের সমৃদ্ধি করিবেন, সেই বাণিজ্য রজস্তমোগুণদ্বয়ে আবদ্ধ হওয়া কখনও সাত্ত্বিকঅহঙ্কারপুষ্ট মানবজাতির অনুমোদন লাভ করিবে না। একটু গীতা পাঠ করিলেও তিনি জানিতে পারিবেন যে, এই প্রকার বৃত্তি অসাম্যধর্মে রাজস ও তামস অহঙ্কারে প্রতিষ্ঠিত।

ভক্তিমঠবাসি ব্রহ্মচারিগণের কৃত্যাকৃত্যে অজ্ঞ হইলে জীবের যে দুর্গতিলাভ ঘটে, সেই দুর্গতি হইতে রক্ষা করিবার জন্য একটু বর্ণপরিচয়ের আবশ্যকতা আছে। সুতরাং নিরক্ষর কুশিক্ষা-পাণ্ডিত্যে অবিচারের মধ্যে আত্মনিক্ষেপ করিয়া আত্মাকে অনাত্ম-বোধমূলে দেহ-মনোদর্পে অবহিত হওয়া সংশিক্ষার অভাব মাত্র। ব্যক্তি-বিশেষের রোগী হওয়া বুদ্ধিমত্তার পরিচয় নহে, উহা মানবগণের নীতিবিরুদ্ধ। অন্যায় কার্যের জন্য মাধাইর ন্যায় অনুতাপ না-আসা-কাল-পর্যন্ত জগতে অন্যায়-অবিচার-দৌরাত্ম্যকারীর কোন মঙ্গলের সম্ভাবনা নাই। এই লজ্জাকর ব্যাপারে অনুতাপ না আসা-পর্যন্ত আমরা উক্ত কংগ্রেসের কুকর্মী মহাশয়কে কংগ্রেসের পবিত্র বিবাদ দৌরাত্ম্য হইতে অবসর লইবার জন্য প্রার্থনা করি। অশিক্ষিতগণের মধ্যে ইহা অনুমোদন লাভ করিতে পারে, কিন্তু প্রকৃত সদাচার ও শিষ্টাচার শিক্ষা-লাভ করাই বাঞ্ছনীয়।

চিত্ত কি, হৃদ্রোগ কাহাকে বলে, রাসলীলা শ্রবণের যোগ্য কে?

মহত্তত্ত্বই চিত্ত, উহাতে সাত্ত্বিক, রাজসিক ও তামসিক অহঙ্কারের জন্ম প্রাপ্ত হয়। ঐ মহত্তত্ত্ব হৃদয় বিচারে অবস্থিত। নিরীশ্বর সাংখ্য বলেন, প্রকৃতি হইতে মহান্, তাহা হইতে অহঙ্কার। প্রাকৃত নিবেদক চৈতন্যবিচারে জীবাধিষ্ঠানকেই 'চিত্ত' বলে। সেই চিত্তে অহঙ্কারের উদয়ের নামই হৃদ্রোগ। যেকালে চিত্ত অহঙ্কারাক্রান্ত হয়, তখনই তাহার বৃন্দাবন-প্রতীতি ও ভগবদ্বিচার-ক্ষেত্রের উপলব্ধি অপ্রকটিত হয়। ভগবানের বিহারের কথা চিত্তে উদিত হইলে জীব ত্রিবিধ অহঙ্কার হইতে অবসর পান এবং সেই কালে কৃষ্ণ বীর বংশী-ধ্বনি-দ্বারা সংরক্ষিত গোপিকাকে রাসস্থলীতে আকর্ষণ করেন। সুতরাং জড়ের ত্রিবিধ অহঙ্কার তাঁহাকে কর্ণপথে শ্রবণ করাইয়া কর্তৃত্বারোপ করিতে পারে না।

যতদিন পর্যন্ত জীব শ্রীভগবানের স্বরাট্ পুরুষোত্তমত্ব উপলব্ধি করিয়া তাঁহাকে সর্বস্বতন্ত্র, বেদ্যাদ্য, একমাত্র ভোক্তৃস্বরূপে দর্শন-যোগ্যতা লাভ না করেন, ততদিন পর্যন্ত তিনি বিবাহাদি-দ্বারা বৈধ-সম্বন্ধ-স্থাপন ব্যতীত কৃষ্ণের পরদার-আলিঙ্গনাদি ব্যাপারকে অবৈধজ্ঞানে শ্রীকৃষ্ণের রাসাদি-বিলাসে শ্রদ্ধান্বিত হইতে পারেন না। জীবের আত্মেন্দ্রিয়-তর্পণবাঞ্ছার লেশ মাত্র বিদ্যমান থাকিতে রাসতত্ত্ব আদৌ উপলব্ধির বিষয় হয় না, স্বতন্ত্রলীলাময় পুরুষকে আমাদের আধ্যক্ষিক বিচার-পরতন্ত্র করিতে গিয়া আমরা কখনও তাঁহাকে বৈধপত্নীকরূপে, কখনও বা একপত্নী-পুরুষোত্তম রূপে দর্শন করিতে চাহি, কখনও আবার তাঁহাতেও মায়াবাদ উত্থাপন করিয়া তাঁহাকে নিরাকার নির্বিশেষ তত্ত্ব বলিতে চাহি। জীব যতদিন পর্যন্ত না নিজে গুরু হইয়া সাজিবার প্রবৃত্তি ছাড়িয়া অর্থাৎ স্বতন্ত্রতা ছাড়িয়া সম্পূর্ণরূপে কৃষ্ণকার্ষ্ণ-পরতন্ত্র হইতে পারিয়াছেন, ততদিন পর্যন্ত তিনি কৃষ্ণকে সম্পূর্ণ স্বাধীন তত্ত্ব জানিয়া তাঁহার স্বেচ্ছাময়ত্ব উপলব্ধি করিতে পারিবেন না, তাঁহাকে সঙ্কীর্ণ জীববুদ্ধির গম্য জ্ঞানে তাঁহাতে বৈধাবৈধ বিচার আরোপ করিবার দুষ্টতা ছাড়িতে অসমর্থ হইবেন।

নিখিল বিশ্বব্রহ্মাণ্ডের ভোক্তৃতত্ত্ব কৃষ্ণ সকলকেই নিজ ইচ্ছামত ভোগ করিতে পারেন, তাঁহার স্বাধীনতায় হস্তক্ষেপকারী ক্ষুদ্র জীবসকল মায়াবাদাক্রান্ত হইয়া তাঁহার মাধুর্য-বিলাসে চিরবঞ্চনা লাভ করে। শ্রীভগবানের রাসলীলায় সন্দেহ-নিরাকরণার্থ মহাভাগবতবর পরমহংসকুলমুকুটমণি শ্রীল শুকদেব বলিতেছেন—"যদি সর্বভুক্ হইয়াও যেমন দোষভাক্ নহেন, সমর্থবান্ তেজস্বী পুরুষদিগেরও সেইরূপ ধর্মমর্যাদা লঙ্ঘন ও দ্বী সমর্থনাদি দুষ্ট হইলেও তাহা দূষণীয় নহে। ঈশ্বর ব্যতীত এতাদৃশ আচরণ কেহ মনের দ্বারাও করিবেন না। রুদ্র ভিন্ন অন্য কেহ সমুদ্রোত্থ বিষ পান করিলে যেমন বিনাশ-প্রাপ্ত হয়, সেইরূপ মূঢ়তা-প্রযুক্ত যদি কেহ ঈশ্বর-লীলার অনুকরণ করে, তবে তাহাকেও বিনষ্ট হইতে হইবে।" সুতরাং কৃষ্ণকে সাধারণ জীব-সাম্যে দর্শন করিয়া তাঁহাকে জীব-কল্পিত নীতির অন্তর্ভুক্ত জ্ঞান করা কখনই কৃষ্ণ-প্রীতির লক্ষণ নহে।

"ভগবান্ শ্রীকৃষ্ণ তাঁহার প্রিয় ভক্তদিগের প্রতি অনুগ্রহ প্রকাশের নিমিত্ত তাঁহার নিত্যধাম গোলোকগত যে রাসলীলা প্রপঞ্চে প্রকট করিয়াছেন, তাহা শ্রবণ করিয়া মনুষ্য-দেহধারী প্রাণী মাত্রেই ভগবৎ সেবাপর হইবে,"—শ্রীল শুকদেব গোস্বামীর এই কথা শ্রবণ পূর্বক রাসপঞ্চাধ্যায় শ্রবণে প্রবৃত্ত হইবার পূর্বে সকলেরই তাহার পূর্ববর্তি শ্লোকোক্ত রুদ্রের বিষপান-বিপত্তি বিচার দ্বারা "মনের দ্বারাও কেহ কখনও কৃষ্ণলীলার অনুকরণ করিবেন না" এইরূপ নিষেধবাক্য আলোচ্য হওয়া আবশ্যক। রাসলীলা-শ্রবণ রূপ অভিধেয়ের প্রয়োজন, সম্বন্ধজ্ঞানতত্ত্ব-বিষয়বিগ্রহ-কৃষ্ণের কামতোষণ হওয়ার পরিবর্তে আত্মকাম-তোষণ হইলে তদ্দ্বারা রুদ্রের বিষপান-বিপত্তি অর্থাৎ আত্মবিনাশই লভ্য হইবে। শ্রীল জীব গোস্বামি প্রভু তাঁহার ক্রমসন্দর্ভটীকায় লীলা-শ্রবণের অধিকার প্রথমেই দেন নাই, তিনি বলিয়াছেন, প্রথমে সদ্‌গুরুপাদাশ্রয়ে গুরুমুখ-নিঃসৃত হরিনাম-শ্রবণ-দ্বারা অন্তঃকরণ শুদ্ধ অর্থাৎ অন্যাভিলাষ, কর্ম, জ্ঞানাদি মলিনতা নির্মুক্ত হইলে সেই শুদ্ধান্তঃকরণে ক্রমান্বয়ে রূপ, গুণ, পরিকরবৈশিষ্ট্য ও পরিশেষে লীলার স্ফূর্তি সম্ভব হইয়া থাকে। শ্রীমদ্ভাগবতের দশম-স্কন্ধ শ্রবণ করাইবার জন্যই পূর্ববর্তী নব স্কন্ধের আলোচনা। ভজন-ক্রম উল্লঙ্ঘন পূর্বক প্রাকৃতকাম-কলুষিত হৃদয়ে কৃষ্ণকাম কথা শ্রবণ পূর্বক তদনুকরণে নিজ-কাম বর্ধন করিবার জন্য প্রবৃত্ত হইলে কিরূপ রাসলীলার উপলব্ধি হয়, তাহা সুধী পাঠকগণই বিচার করিতে পারিবেন। নিজের ভোগেচ্ছা সম্পূর্ণরূপে বিগত হইয়া কেবল কৃষ্ণকে ভোগ করাইবার ইচ্ছা প্রবল হইলেই কৃষ্ণের রাসাদিলীলা-শ্রবণাধিকার শুকদেব আমাদিগকে প্রদান করিয়া থাকেন। গুর্বানুগত্য ব্যতীত নিজেকে উত্তমাধিকারী বিবেচনায় উহার আলোচনায় প্রবৃত্ত হইতে গেলে অচিরেই তার বিপত্তিলাভ অবশ্যম্ভাবী।

"বিক্রীড়িতং ব্রজবধূভিরিদঞ্চ বিষ্ণোঃ
শ্রদ্ধান্বিতোঽনুশৃণুয়াদথ বর্ণয়েদ্ যঃ।
ভক্তিং পরাং ভগবতি প্রতিলভ্য কামং
হৃদ্রোগমাশ্বপহিনোত্যচিরেণ ধীরঃ॥"
—ভাঃ ১০।৩৩।৩৯

—উপরিউক্ত শ্লোকে শ্রীল শুকদেব বলিতেছেন—"ব্রজবধূদিগের সহিত কৃষ্ণ রাসক্রীড়া যে ধীর ব্যক্তি শ্রদ্ধান্বিত হইয়া গুরুমুখে শ্রবণ পূর্বক অনুক্ষণ কীর্তন করেন, তিনি অচিরে ভগবানে পরাভক্তি লাভ করিয়া হৃদ্রোগ কাম অনতিবিলম্বে দূর করিতে সমর্থ হন।" এস্থলে 'শ্রদ্ধান্বিত হইয়া', 'গুরুমুখে শ্রবণ পূর্বক অনুক্ষণ কীর্তন', 'শ্রবণ মাত্রে প্রেমোদয়, প্রেমোদয়মাত্রে হৃদ্রোগের অপসারে বিশুদ্ধ গোস্বামিত্ব লাভ' প্রভৃতি বিষয় পুনঃ পুনঃ আলোচ্য হওয়া আবশ্যক। রাসলীলা-শ্রবণই শ্রবণের প্রয়োজন' বিচার হইলে, সেই প্রয়োজনলাভের জন্য শ্রবণের অভিধেয় সাধনভক্তি অবলম্বন আবশ্যক। সাধন ব্যতীত একেবারেই শ্রবণকে সিদ্ধের ভূমিকায় আরোপণ করাইয়া রসরাজ শৃঙ্গাররসমাধুর্য আস্বাদনে প্রবৃত্ত করাইলে হিতে বিপরীত ফল ঘটিবে। মহাপ্রভু এরূপ অনধিকার-চর্চার আদর্শ কখনও স্থাপন করেন নাই। তাঁহার শ্রীবাসঅঙ্গনে দ্বারবন্ধ করিয়া কীর্তন, অন্তরঙ্গ-সনে প্রেম-আস্বাদন, বহিরঙ্গ-সনে নামসংকীর্তন, বহিরঙ্গলোক দর্শনে ভাব সংবরণ প্রভৃতি লীলা হইতে অনধিকার-প্রবেশের স্পষ্ট নিষেধই লক্ষ্য করা যায়।

মায়াপিশাচিনীর অচিদ্বিলাস-বাসনামুক্ত হইলেই জীব কৃষ্ণের চিদ্বিলাস-মাধুর্য উপলব্ধি করিতে সমর্থ হন। কৃষ্ণের রাসাদি চিদ্বিলাসই ভক্তজীবের নিত্য আস্বাদ্য। বদ্ধজীব জড়াহঙ্কার-গ্রস্ত হৃদয়ে তাহা আস্বাদন করিতে গিয়া বিবর্তাশ্রয় করেন বলিয়া অর্থাৎ অচিদ্ব্যাপারে চিদারোপ বা চিদ্ব্যাপারে অচিদারোপ করিয়া বসেন বলিয়া তাঁহাকে রাসাদির আলোচনা-বিষয়ে সতর্ক করা হইয়াছে। রাসলীলা শ্রবণ করাইবার জন্যই শুকদেব তাঁহাকে প্রথমে নাম শ্রবণ করাইয়াছেন, পরে তাঁহার শুদ্ধান্তঃকরণ দেখিয়া রূপগুণাদি শ্রবণের যোগ্যতা অনুমোদন করিয়াছেন, সুতরাং লীলা-শ্রবণাধিকার-বিষয়ে শুকদেবের অনুমোদন একান্ত আবশ্যক।

শ্রীচৈতন্যমঠ-প্রকাশ

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদ ঠাকুর বিরচিত

ভক্তি-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী বস্ত্রে বাঁধাই স্বর্ণাক্ষরে। চতুর্থ সংস্করণ। বিস্তারিত সূচীসহ

ঐ ঐ বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সনাতন ধর্মের বেদ, বেদান্ত, উপনিষৎ, গীতা, শ্রীমদ্ভাগবত পুরাণ, আদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই—২৲ দুই টাকা

আবাঁধা—১৷৹ দেড়টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্তব্য ও অবশ্য সামাজিক কর্তব্য নির্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম কি? সাধন, সমাজ, নীতি, ধর্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসংকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য ভিক্ষা ৵৹

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ⁄৹

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিলাস ও লীলাভূমি নয়টী দ্বীপ-বর্ণিত। এই নয় দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৭০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

ডবল ক্রোন-১৬ পেজীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উদ্গম হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শ্রীস্বরূপ-পথ ৷৵৹ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী এবং শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুর উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে বিবৃত হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিবৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা ⁄৹ আনা।

দেহ ও মনের চেষ্টা অনিত্যময় জানিয়া—ইহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন আন্তরিক আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্মসমর্পণমূলক গান। উহার সংস্করণও প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড ⁄৹ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— ⁄৹, নবদ্বীপশতক— ⁄৹

অর্গলস্তব—⁄৹

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা ⁄১৹

আমরা অনেক সময় অভাব ও কামনার বশবর্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন্ বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল ভাবে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিকই কল্যাণের আকর; ইনি প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদানে

শ্রীল চক্রবর্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয় সংবলিত প্রায় ৪২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৷৹

শ্রীবলদেব বিদ্যাভূষণ-কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোনার জলে নাম লেখা রাজসংস্করণ ২ টাকা, সাধারণ সংস্করণ ১৷৹, গৌড়ীয়ের গ্রাহকপক্ষে ১৷৹

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সাম্প্রদায়িকোষগ্রন্থ)

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২ চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত, ৩। বিশুদ্ধবৈষ্ণবসেবিত শ্রীমন্দির ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও প্রবন্ধসমূহের তাৎপর্য্য ও বিবরণ, ৫। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় আকরমূলে যাবতীয় তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ খণ্ড ৸৵৹, ২য় খণ্ড ৸৵৹, ৩য় খণ্ড ৸৹, ৪র্থ খণ্ড ৷৵৹, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ—১ম খণ্ড ১৲ এক টাকা

২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷৹ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীজীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই বঙ্গানুবাদের অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ পেজীর ৬৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমদ্গোপালভট্ট গোস্বামী সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ⁄৹ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক-সূচী, বিষয়-সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। প্রতি খণ্ড সাধারণ পক্ষে ৷৵৹
গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৵৹
২। ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৪র্থ সংস্করণ) ৫৲
৩। গৌড়ীয়-গৌরব ৶৹
৪। গৌড়ীয়-সাহিত্য ৷৹
৫। ভজনরহস্য ৷৹
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ৬৲
" " আবাঁধা ৸৹
৭। গীতা (শ্রীবলদেবভাষ্যসহ) বাঁধা ২৲
আবাঁধা ১৷৹
৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲
আবাঁধা ১৷৹
গীতার কেবল মূল-ভাষ্য ৷৹
৯। মুক্তিমার্গ তত্ত্বসারস্য সাম্রাজ্য (মাধ্ব) ৫৲
১০। বেদান্তস্যমন্তক সাহিত্য (রামানুজীয়) ৷৹
১১। জৈবধর্ম ৩৲
১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১৪। প্রেমবিবর্ত (তৃতীয় সংস্করণ) ৷৵৹
১৫। দীপ-বিস্ফুরণ ৶৹
১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ৷৵৹
১৭। গোস্বামী রঘুনাথ দাস অবাঁধা ৷৵৹
ঐ ঐ বাঁধা ৷৹
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸৹
১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৶৹
২০। শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য ৶৹
২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৶৹
২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷৹
২৩। শ্রীগোদ্রুমকল্পতরু ও বন্দনা ৷৹
২৪। শরণাগতি, গীতাবলী, গীতমালা, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্গলস্তব ও সদাচারস্মৃতিঃ মোট ৬৹
২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও অজ্ঞানকথন ৶৹
২৬। [illegible] ৷৵৹
২৭। [illegible]-দীপিকা
২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲
২৯। [illegible] ৷৹
৩০। শ্রীরূপানুগ শিক্ষা ৸৹
৩১। [illegible] ৷৹
৩২। [illegible] ৸৹
৩৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট দ্বিতীয় সংস্করণ)

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ)

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈব-প্রাপ্ত একমাত্র মহৌষধ, পনরদিনে যক্ষ্মা বা ক্ষয় কাশ সম্পূর্ণ আরোগ্য হইবে। বহু সহস্র রোগী মৃত্যুমুখ হইতে রক্ষা পাইয়াছেন। (গরীব রোগীদিগকে সমস্ত খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়।) বিস্তারিত জানিবার জন্য এক আনার টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র উকীল পোঃ ঝালকাঠী, জেলা বাখরগঞ্জ।

নদীয়া জেলায় ও নিম্ন ঠিকানায় অনুসন্ধান করিতে পারেন—

ভাগবত প্রেসের ম্যানেজার শ্রীযুক্ত মহানন্দ ব্রহ্মচারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম, এ, কৃষ্ণনগর পোঃ, জেলা নদীয়া।

একখানি পত্র

.... আনন্দ সহকারে জানাইতেছি যে আমার ভ্রাতুষ্পুত্র কঠিন যক্ষ্মা রোগে আক্রান্ত হইয়াছিল এবং কলিকাতার বহু প্রসিদ্ধ ডাক্তার মহোদয়গণ জীবনের আশা একেবারে ত্যাগ করিয়াছিলেন, কিন্তু বাবু ক্ষিতীশচন্দ্র উকিল মহাশয়ের ঔষধ মাত্র ১৫ দিন ব্যবহার করিয়া সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছে।

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী

জমিদার, খালিয়া ফরিদপুর।

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ. এফ.সি.এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে যত্নপূর্ব্বক ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।
নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাসি, সর্দি, যক্ষ্মা, ক্ষয়রোগ, হৃদরোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্ব্বলতা নাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, শুক্রহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও অজীর্ণ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত দুরারোগ্য রোগের মহৌষধ
মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাঁহারা নানাবিধ অস্বাভাবিক উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, বহুমূত্র, উদরাময়, পাকস্থলী সংক্রান্ত পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাঁহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, হ্রস্ব রক্ত, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটার সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক রজিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রত্যহ বহুলভাবে পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১৷০ টাকা মাত্র।

সোল এজেণ্ট—ডাঃ ডি, ডি, হাজরা।

কস্তেপুর, গার্ডেনরীচ পোঃ, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পদ্যসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোল্ড্ অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে চিটাগড়ের কাগজে ছাপা। ভিক্ষা—২৷০ টাকা

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ লক্ষ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্ব্বত্র বিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটীর উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটিকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটিকা পূর্ণ প্রতি কোটার মূল্য ১৲ একটাকা।

২। "মণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাক্‌চিক্ করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্ব্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১৲ টাকা।

অন্যান্য আবিষ্কৃত

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান :—আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

---

৪৪৪ গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

পরমার্থিব্যক্তি মাত্রেরই একান্ত প্রয়োজনীয়

বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত

বাংলার ঘরে ঘরে বিরাজিত হউক

ভিক্ষা ৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর পোঃ (নদীয়া)

এখনও অপূর্ব্ব সুযোগ পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম. এ প্রাজ্ঞ (লাহোর)

মহোদয় কর্তৃক সঙ্কলিত।

৪৭ খানি অপূর্ব্ব-চিত্র সমন্বিত।

বিশ্বকোষ-সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইঃ) মরোকো বাঁধা ১৷০ ডিপিতে ২৲ দুই টাকা মাত্র

এই প্রকাশ হইবামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে—ডাঃ শ্রীকুঞ্জবিহারি ব্রহ্মচারী এম, এ, এর কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়প্রিন্টিং ওয়ার্কস্ হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০, চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৪৭শ খণ্ড এবং নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৫।৶৹ সাধারণ পক্ষে ২১।৶৹। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৶৹, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।⁄৹।

দশমস্কন্ধ। স্কন্ধের ভিক্ষা ১২, অগ্রিম সাধারণের পক্ষে ৮।

৮৩২ পৃষ্ঠায় ৭৮ অধ্যায় পর্য্যন্ত ত্রয়োদশ খণ্ড ছাপা হইয়াছে। একাদশ স্কন্ধ ছাপা আরম্ভ হইয়াছে।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি-গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে জানেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার সুবর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে; বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	১৲
সাধন পথ (শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	।১০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৶০
একত্রে ৩খণ্ড লইলে	।০
গীতাবলী প্রতিখণ্ড	⁄১০
একত্রে ৩ খণ্ড লইলে	৶১৫
শরণাগতি—প্রতিখণ্ড	⁄০
একত্রে ৩খণ্ড লইলে	৶৫

i০ পুরী

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০, টাকা ভিক্ষায় তৃতীয় সংস্করণ ৪, টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০, টাকার এই বিরাট গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫, টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য লীলার ব্যাস আদিকবি

বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫৲

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪।০ টাক

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ

ভিক্ষা ।৶৹ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব্ব বাঙ্গালার সুলভে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত বৈদ্যুতিক মেশিনে দিবরাত্র কাজ চলিতেছে বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা।

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীধামমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগৌরগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ,—গোচাকুটী, পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ.—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিকলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৪নং জগৎজীবনপুরা, কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিপাল, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
০। শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ পি।
১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব
২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—১০নং নবাবপুর রোড, ঢাকা।
৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,— বালিয়াটি, ঢাকা।
৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাজোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।
৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—চন্দ্রকোনা, চিরকুণ্ডা পোঃ, মানভূম।
৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
৭। শ্রীগৌড়ীয়মঠ কীর্ত্তানর ১০।১ ওয়ুমান রোড, নিউদিল্লি

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—বর্দ্ধ দত্ত রোড, খুলনা
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ডাক্তার—দেওয়ানগঞ্জ, রাজবাড়ী কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামরঞ্জন রায়—১৭২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা
৪। মিঃ এন ডি, মুখার্জ্জি—এম, এস, প্যাকিং হি মল, কানপুর
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী গোস্বামী—বড়গাছা, নদীয়া
৬। শ্রীরাসবিহারী দাস আড়কাঠী, নবদ্বীপ।
৭ শ্রীবিরাজমোহন দে —মনমোহন প্রেস, নবাবপুর, ঢাকা
৮। শ্রীশৈলেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় বেঙ্কটপুরা, ২৪ পরগণা
৯। শ্রীসদানন্দ চট্টোপাধ্যায় এ, এস, ডি, খানবাদ
১০। শ্রীপাদ অতীন্দ্রিয় ভক্তিপ্রাজ্ঞ ধানবাদ
১১। শ্রীপাদ নরোত্তম দাস বিহারী ঐ

দৈনিক বসুমতী-প্রকাশ

বর্ষায় একমাত্র স্বদেশী

রবারের জুতা

টি, টি, সিলিপার

চটি, প্রিন্সিয়ান ও এলবার্ট

চামড়াহীন, মজবুত, সস্তা, নরম, জল-কাদায় বিশেষ উপযোগী—এই স্বদেশী জুতা, বাজে বিদেশী জুতার বদলে কিনিয়া দেশী শিল্পের সহায়তা করুন।

ঠিকানা- -টি, টি, সিলিপার এণ্ড কোং, ১নং টাউনসেণ্ড রোড ভবানীপুর, কলিকাতা

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

সারফলিন

টনিক ও পাচক। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার কমে হয়। ফলেন পরিচীয়তে

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ২।৩ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকার ঔষধ খাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ বিষের জল খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে হয়রান হবেন কেন? সুতরাং ।০ আনার সারফলিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট, এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ।৵০ আনা, ডজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসারস্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কলিকাতা

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা এবং বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

দৈনিকপত্রের নাম ও ঠিকানা — "শ্রীগৌর" নবদ্বীপ

Registered No C 1844

বিজ্ঞাপনের হার — প্রতিবারে প্রতি লাইন ১৲ প্রতি কলম ৬৲ অর্দ্ধ কলম ৩॥০ সিকি কলম ২৲ চুক্তির হার স্বতন্ত্র।

মূল্যের হার অগ্রিম দেয়। বার্ষিক ৯৲ ষাণ্মাসিক ৫৲ ত্রৈমাসিক ২৸০ মাসিক ১৲ নগদ প্রতি সংখ্যা ১৫

দৈনিক নদীয়া-প্রকাশ

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার- নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী ১৩১ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর ১১শে শ্রাবণ ১৩৩৭ সোমবার ৩রা আগষ্ট ১৯৩[illegible]

ত্রিশ লক্ষ বেকার

চীনের সহিত যুদ্ধে গবর্ণমেণ্ট পরাজিত

লাট-জমীদার সংবাদ

আবার নদীয়ায় ধরপাকড়

পুলিশ পেটা

মেডিকেল কলেজের কেলেঙ্কারি

আবার পুলিশের গুলি

ভারতে পিকেটিং ও বিলাতে বিভ্রাট

বিক্রমপুরে উত্তেজনা

বঙ্গের বন্দী, বয়কট ও ইংরাজের ব্যবসায়

নানা কথা

আবার নদীয়ায় ধরপাকড়

গত ২৮শে জুলাই [illegible] মেহেরপুরে অনেক জায়গায় খানাতল্লাস হয়। মেহেরপুরের পুলিশ [illegible] কৃষ্ণনগর হইতে পুলিশ আমদানি করিতে হইয়াছিল। ১৩ জনকে গ্রেপ্তার করা হয়। আসামীদিগকে [illegible] সময় জনসাধারণ প্রকাশ্যভাবে তাহাদিগের প্রতি সহানুভূতি জ্ঞাপন করে।

পুলিশ মোকদ্দমার জন্য প্রস্তুত না থাকায় মোকদ্দমার দিন পড়ে, এবং আসামীদিগকে হাজতে রাখা হয়।

তরুণ পিকেটারকে ধরা হয়, তাহাদের মধ্যে একজন অল্পবয়স্ক থাকায় তাহাকে ছাড়িয়া দেওয়া হয়। অপর ছই জনের [illegible] মাস সশ্রম কারাদণ্ড হইয়াছে।

ধর পাকড়ের কথা প্রচার হওয়ামাত্র বাজারে কেনা বেচা বন্ধ হয় এবং সম্পূর্ণ হরতাল প্রতিপালিত হয়।

লাট-জমীদার সংবাদ

কলিকাতার বৃটিশ ইণ্ডিয়ান এসোসিয়েশনের দ্বারা গঠিত নিখিল ভারত জমীদার সমিতির প্রতিনিধিগণ বড়লাটের সহিত সাক্ষাৎ করিয়াছিলেন। বারঙ্গের মহারাজ বাহাদুর তাহাদের নেতা হইয়া গিয়াছিলেন।

তাঁহারা লাটসাহেবকে অবগত করেন যে, জমীদারেরা সাইমন কমিটির রিপোর্ট অনুমোদন করিতে পারেন নাই; তাঁহারা [illegible] নিজেদের প্রতিনিধি নির্বাচিত করিতে পারিবেন। তাঁহাদের [illegible] যে কাউন্সিলে [illegible] ব্যবস্থা হইয়াছে—এ মীমাংসা তাঁহারা অন্তরের সহিত গ্রহণ করিতে সম্মত নহেন।

পুলিশ-প্রশস্তি

বোম্বাইএর পুলিশ কমিশনার মিঃ [illegible] কোন সাহেব রায় [illegible] প্রশংসা অর্থাৎ আত্ম এবং আত্মীয় প্রশংসা করিয়া পুলিশ দলের [illegible] হইয়াছেন।

বৃটিশ প্রতিনিধি

বৈদেশিক সেক্রেটারী মিঃ [illegible] [illegible] বোর্ড-অব্-ট্রেডের [illegible] মিঃ উইলিয়াম গ্রেহাম, [illegible] প্রধান মন্ত্রী মিঃ [illegible] হইতে প্রতিনিধি স্বরূপে জেনেভার [illegible] সংঘের অধিবেশনে যোগদান করিবেন।

ত্রিশ লক্ষ বেকার

[illegible] বেকার [illegible] করা হইয়াছে। [illegible] লোক [illegible] লোক কর্ম্ম [illegible] হইবে, [illegible] নাই। [illegible] করিয়াছে। [illegible] হইতে [illegible] আইনের [illegible] হইয়াছে।

চীনে যুদ্ধ
গবর্ণমেণ্ট পরাজিত

চীন [illegible] গবর্ণমেণ্ট [illegible] হইয়াছে। উভয় যুদ্ধেই গবর্ণমেণ্ট সৈন্য পরাজিত হইয়াছে। কমিউনিষ্টরা চাংসা দখল করিয়াছে। ইংরাজ, জাপানী এবং মার্কিন জাহাজ [illegible] চড়িয়া [illegible]

বন্যার [illegible]

[illegible] বন্যার [illegible] করিয়াছেন। [illegible] কোটি টাকার [illegible] হইয়াছে। [illegible] পিকেটের [illegible] শক্তি [illegible] সম্পূর্ণ [illegible] প্রতিনিধি [illegible] দুরীয়া [illegible] বন্যার [illegible] করিয়া [illegible]

পুলিশ পেটা

[illegible] করিতেছিলেন [illegible] আসামী [illegible] হইয়াছে।

বিবিধ সংবাদ

কলিকাতার কাপড়ের বাজার

ভারতে পিকেটিং ও বিলাতে বিভ্রাট

গত ছ [illegible] কলিকাতার কাপড়ের আমদানি অত্যন্ত কমিয়া গিয়াছে। এক রেভোলিউশন মহাশয় বলিয়াছেন, কলিকাতার কাপড়ের বাজার পক্ষকাল [illegible], কীরূপ আপাতত কমিতে পারে [illegible] দিন [illegible]। যুক্তির বাজার আবার [illegible]। বিলাতের প্রধান অন্তরায় পিকেটিং। কয়েকজন ভলান্টিয়ার পিকেটিং করার জন্য [illegible] মুসলমানদিগের এবং হিন্দুদের এবং দোকানদারদের [illegible] সময় বাজার বন্ধ ছিল; এই সমস্ত স্ত্রীলোককে ধরিয়া [illegible] লইয়া শাস্তি দেওয়া হইয়াছে। সুতরাং [illegible] স্বাভাবিক।

পিকেটার উপস্থিত থাকার জন্য মাল খোলাখুলিভাবে দেওয়া অসম্ভব। যদি কোন উপায় [illegible] দিগকে সরাইয়া দেওয়া হয়, তবেই বিলাতী কাপড়ের কাটতি হওয়া সম্ভব নচেৎ বিলাতী কাপড়ের [illegible] অনুমান।

মাড়োয়ারি চেম্বার-অব-কমার্স এবং কংগ্রেসের মধ্যে কথাবার্তা চলিতেছে, তবে শেষ মীমাংসা এখনও হয় নাই।

যাহারা বিলাতী কোম্পানীর সহিত কাপড় কেনার চুক্তি করিয়াছেন, তাঁহারা চুক্তিমত কাজ করিতে প্রস্তুত আছেন, তবে বিলাতী কাপড় বিক্রয় বন্ধ হইয়া যাওয়ায় তাঁহারা পশ্চাৎপদ হইতেছেন। ইহা দিল্লী বস্ত্র ব্যবসায়ী সমিতি এবং ম্যাঞ্চেষ্টার ব্যবসায়ী সমিতির পত্রাদি হইতে বুঝা যায়। ম্যাঞ্চেষ্টারের কলকারখানা বন্ধ হইবার উপক্রম হইয়াছে। বিলাতে এই সমস্ত ব্যাপারে গবর্ণমেণ্ট ব্যবস্থা করিয়া একটী অস্থায়ী সমিতি নিযুক্ত করিয়াছেন। তাহার সভা ম্যাঞ্চেষ্টারের প্রধান বস্ত্রব্যবসায়িগণের মধ্যে গত ৬ই জুলাই তারিখে দেখা হয়। বিলাতে হোম-সেক্রেটারি মিঃ ক্লাইনস প্রতিনিধিগণকে প্রতিশ্রুতি দান করিয়াছেন যে গবর্ণমেণ্ট বিলাতের প্রধান রপ্তানির ব্যবসায়, কাপড়ের কারবারকে পূর্ণ অধঃপতন হইতে রক্ষা করিবার জন্য যথাসাধ্য চেষ্টা করিবেন।

কলিকাতার গত বৎসর ছয় মাসে যে কাপড় আমদানি হইয়াছিল বর্তমান বৎসরের ছয় মাসে তাহার দ্বিগুণ অপেক্ষা কম কাপড় আমদানি হইয়াছে।

গবর্ণমেণ্টের শুল্ক আদায় বিভাগে একমাত্র কলিকাতাতেই এককোটী টাকার উপর ক্ষতি হইয়াছে।

বম্বের বন্দী

বোম্বাই হইতে ১০৩ জন সত্যাগ্রহী বন্দীকে [illegible] পল্লীতে লইয়া যাওয়া হইয়াছে। তাঁহারা 'বিলাতী বর্জন কর' বলিতে বলিতে সানন্দে রেলগাড়ী হইতে অবতরণ করিয়া হাসিতে হাসিতে বাসে চড়িয়া কারাগারের দিকে চলিলেন।

মুসলমান নেতা

ময়মনসিংহের নেতা মোলবি আবদুল্লাহ সাহিবকে [illegible] [illegible] ধারা এবং [illegible] এর অভিযোগের ধারায় অনুসারে তাঁহার নিজের দোকানে গ্রেপ্তার হইয়াছেন।

কুমিল্লার নেতা কাজী [illegible]কে পুলিশ লাঠির-আঘাত করিয়াছে। তিনি গুরুতর জখম আছেন।

আবার-পুলিশের লাঠি

গত ২৯শে জুলাই কুমিল্লা সহরে ১৪৪ ধারার আদেশ অমান্য করিবার জন্য বেলা একটার সময় একটী শোভাযাত্রা বাহির হয়। ঐ দলে প্রায় ৮০জন স্বেচ্ছাসেবক জাতীয়-পতাকা বহন করেন এবং গান্ধি টুপি পরিধান করিয়া যাত্রা করেন। পুলিশ সাহেব মিঃ [illegible] ও তাঁহার অধীন কয়েকজন কর্মচারীর অধীন সশস্ত্র পুলিশ রাস্তার মোড়ে মোড়ে দাঁড়াইয়া স্বেচ্ছাসেবকগণকে আটক করে। সহস্র সহস্র লোক রাস্তায় দাঁড়াইয়া এই ব্যাপার দেখিতে থাকে। 'বন্দে মাতরম' ধ্বনিতে আকাশ মুখরিত হইয়া উঠে। পুলিশ ও অশ্বারোহীর দল জনতাকে ছত্রভঙ্গ করিয়া স্বেচ্ছাসেবকদিগকে লাঠি প্রহার করিতে থাকে। ৬০ জন আহত হয়, তাহাদের মধ্যে ১০ জনের অবস্থা সঙ্কটাপন্ন। ত্রিপুরা [illegible] এসোসিয়েশন এবং বাহির হইতে [illegible] চিকিৎসার ব্যবস্থা স্থাপিত করিতে হইয়াছে।

[illegible] কলেজের কেলেঙ্কারি

কলিকাতার [illegible] বক্তৃতা করিবার সময় পাদরি [illegible] সাহেব কলিকাতার [illegible] কলেজের কেলেঙ্কারি প্রকাশ করেন। তিনি বলেন যে মেডিকেল কলেজে একটী বালক ৩০ ঘণ্টা কাল মেডিকেল কলেজের [illegible] পড়িয়া থাকে; কিন্তু কেহই তাহার চিকিৎসার ব্যবস্থার চেষ্টা করে নাই। বালকের মাতা এবং ভগিনী সমস্তক্ষণ ধরিয়া দোরাদুরি করিয়াও কোন ফল পাইলেন না। তাঁহারা [illegible] সাহেবকে টেলিফোন করিয়া খবর দেন। তাঁহাদের আশা ছিল সাহেবের প্রভাবে কিছু ফল হইবে।

সাহেব আসিয়া দেখেন যে, তিন ঘণ্টা ধরিয়া ডাক্তাররা আহত বালকটিকে [illegible] মারিতেছে এবং প্রশ্ন করিতেছে। ইতিমধ্যে আরও কেহ [illegible] হইল। অবশেষে সাহেব স্বয়ং [illegible]কে এই বিষয় জানাইবার জন্য দেখান, তখন বালকের ভর্তি হইবার ব্যবস্থা হল।

একদিনে সাড়ে এগার কোটী টাকা

কণ্ট্রোলার-অব-কারেন্সি একটী বিজ্ঞাপনে জানাইয়াছেন যে গবর্ণমেণ্ট-অব-ইণ্ডিয়া টাকা ধার বাবদ ২৮শে জুলাই তারিখে প্রায় ১১কোটী টাকা পাইয়াছেন। ৬ই আগষ্ট পর্যন্ত টাকা ধার চলিবে।

বয়কট ও ইংরাজের ব্যবসায়

ভারতে বিলাতী বর্জনের ফলে বিলাতের ব্যবসায় শতকরা তিনভাগ কমিয়া গিয়াছে। বিলাতের মন্ত্রিসভা [illegible] বলিয়াছেন, "ইহা কেহ এ সময় দুর্দশার শেষ হইল তাহা নহে। এখন যাহা চালান যাইতেছে তাহা নবেম্বরের অর্ডারের মাল। এবং আন্দোলনের পর হইতে যে ভয়ঙ্কর ক্ষতি হইয়াছে তাহা সেপ্টেম্বরের পূর্বে জানা যাইবে না। বিলাতী বর্জনের ফলে ম্যাঞ্চেষ্টারের কাপড়ের কল সমূহে অনেক লোক কর্মচ্যুত হইয়াছে।"

বিক্রমপুরে উত্তেজনা

জমীদার শ্রীযুক্ত নিশিকান্ত [illegible] প্রমুখ কংগ্রেস নেতাকে গ্রেপ্তার করায় বিক্রমপুরে জন সাধারণ উত্তেজিত হইয়া উঠিয়াছে। পুলিশ সাহেব বহু পাঠান সৈন্য লইয়া তালতলাঘাটে নৌকার উপর ছিলেন। যখন পুলিশ কংগ্রেস নেতাদিগকে ধরিয়া লইয়া যায়, তখন জনস্রোত তাঁহাদিগকে অনুসরণ করে এবং বহু কণ্ঠে "বন্দে মাতরম্" ধ্বনি উঠে।

[illegible]

মদন মঞ্জরী

বটিকার দ্বারা ও বাতুবিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, এমন যে অজীর্ণ, বহুমূত্র, রক্তামাশয়, মূত্রকৃচ্ছ ইত্যাদি, অনিদ্রা প্রভৃতি সকল প্রকার বিকারের আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বটি ১৲ এক টাকা।

"নপুংসকারি প্রত"

পুরুষত্বহানি রোগে ব্যবহার দ্বারা আরোগ্য করিয়া শক্তিসম্পন্ন করে। মূল্য ১ তোলা ১৲ টাকা।

"রমণবিলাসিনী বটিকা"

বীর্যধারণ করে সহবাসের স্থায়ী ও বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১০ বটি ১৲ এক টাকা।

রাজবৈদ্য [illegible], কেশবজী

[illegible] হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের চোলা [illegible] বাদাম তৈল

স্বাদ ও গন্ধে এবং উপকারিতায় সর্বজন পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা সর্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম খোদা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জুয়াচোরগণ কমদরের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত

ফেরাস´ কুইনিন

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আইরণ, হাইড্রোক্লোরেট কুইনিন, আর্সেনিক এবং ষ্ট্রীকনিন আছে।

এক ফেরাস´-কুইনিন দ্বারা ইনজেকসন করিলে একটী বা দুইটী ইনজেকসনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং ছয় হইতে বারটী ইনজেকসনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া [illegible]

৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ১২ ৩৲ টাকা

বাই-কেমিক্যাল এণ্ড ফার্মাসিউটিক্যাল ল্যাবরেটারিজ

২।১ [illegible] লেন, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর - ১৯শে শ্রাবণ সোমবার—১৩৩৭

(১)

শ্রীগুরুপাদপদ্মে প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবা-বৃত্তি সহ শাস্ত্রাভ্যাস ও নবধা ভক্ত্যঙ্গ অনুশীলন করিতে করিতেই জীবের অনর্থ-নিবৃত্তি-ক্রমে ভজনোন্নতি লাভ হয়

(২)

শ্রীভগবানের শ্রীবিগ্রহ মায়া ও মায়ার কার্য্য হইতে ভিন্ন

(৩)

(ক) অপ্রাকৃত-রসসিদ্ধান্তবিৎ শ্রীগুরুদেবই তৎপাদপদ্মে শরণাগত জীবকে শ্রীকৃষ্ণের রাসরসাস্বাদনে যোগ্যতা প্রদান করেন, নতুবা রসতত্ত্ব বদ্ধজীবের অক্ষজজ্ঞান-গম্য নহে

(খ) শ্রীগুরুদেবের কৃপায় অপ্রাকৃত শ্রদ্ধা-বিশিষ্ট হইয়া কৃষ্ণলীলা-শ্রবণ-কীর্ত্তন-ফলে সিদ্ধি বা গোস্বামিত্ব লাভ, ভোগলালসার বৃদ্ধি লাভ কখনও রসতত্ত্ব শ্রবণের ফল নহে

(৪)

শ্রৌতসিদ্ধান্ত-সমাহৃতি

(৫)

দেরাদুনে ও দিল্লীতে শুদ্ধভক্তিপ্রচারে গিরি মহারাজ

শাস্ত্রজ্ঞানলাভের উপায়

১। মন্দ বালকেরা স্কুলের পড়াটির পুনঃ পুনঃ পাঠ অভ্যাস না করিয়া সন্ধ্যায় বাড়ীর মাষ্টারের নিকট তাড়াতাড়ি অর্থটি শুনিয়া লয় এবং স্কুলে গিয়াই কোনরূপে অর্থটি বলিয়া আসে, কিন্তু পরদিন তাহা তাহাদিগের মনে থাকে না। ভাল ছেলেরা তাহা করে না। তাহারা সর্ব্বাগ্রে পুনঃ পুনঃ আবৃত্তির অভ্যাস করিয়া পাঠটি প্রায় কণ্ঠস্থ করিয়া লয় ও পরে বাড়ীর মাষ্টারের নিকট একটিবার মাত্র অর্থ শুনিয়াই উত্তমরূপে বুঝিতে পারে, স্কুলে গিয়াও উত্তমরূপ অর্থ বলিতে পারে এবং সে অর্থ তাহাদিগের বহুদিন স্মরণ থাকে। তাই পুরাকালে আমাদিগের দেশে শাস্ত্র গ্রন্থাদি কণ্ঠস্থ করিবার রীতি ছিল।

২। পণ্ডিতগণ বলিয়াছেন "আবৃত্তিঃ সর্ব্বশাস্ত্রাণাং বোধাদপি গরীয়সী"। উহার অর্থ এই যে, শাস্ত্রের শুধু বোধ অপেক্ষা আবৃত্তি শ্রেষ্ঠ। তাৎপর্য্য এই যে পুনঃ পুনঃ আবৃত্তির অভ্যাস না করিয়া অগ্রেই যে শুধু অর্থ বোধ, সে বোধ, কোন কার্য্যের হয় না এবং দীর্ঘকালস্থায়ীও হয় না। সেই ভাসা-ভাসা-বোধ অপেক্ষা পুনঃ পুনঃ আবৃত্তির অভ্যাস হইতে শেষে যে অর্থবোধ, হওয়া যায়, তাহাই কার্য্যকারী ও দীর্ঘকালস্থায়ী, সংস্কার-গত হইয়া থাকে।

৩। পুনঃ পুনঃ আবৃত্তির দ্বারা অর্থবোধ যে ক্রমশঃ স্ফুটতর ও সংস্কার-গত হয়, তাহা পূর্ব্বোক্ত বিবৃতি হইতে সহজে অনুমেয়। এবম্প্রকার ফল লাভ হয় বলিয়া 'বেদো নিত্যং অধীয়তাম্' এই আজ্ঞা শাস্ত্রে পরিদৃষ্ট হয় এবং ভক্তগণ পুনঃ পুনঃ নবধা ভক্তির যাজন করিয়া থাকেন। যে সকল মনুষ্য কথিত-প্রকার শাস্ত্রোক্তি ও সজ্জনগণ-কর্ত্তৃক আচরিত পন্থাকে উপেক্ষা করিয়া দুই একবার মাত্র শাস্ত্র অধ্যয়ন ও নবধা ভক্তির যাজন করত বিবেচনা করেন যে, তাঁহারা তত্ত্বজ্ঞানে সুপ্রতিষ্ঠিত হইয়াছেন ও সিদ্ধিদশা লাভ করিয়াছেন তাঁহারা নিতান্ত ভ্রান্ত ও মূঢ়মতি।

৪। নিত্য-শাস্ত্র-অধ্যয়ন-শীল ও নবধা ভক্তির অনুশীলনকারি ব্যক্তিগণ যদি দিব্যজ্ঞানে সুপ্রতিষ্ঠিত মহাভাগবতের নিকট হইতে শাস্ত্রের গূঢ় অভিপ্রায় অবগত হইবার জন্য যত্ন না করেন এবং শাস্ত্রের স্বকপোল-কল্পিত অর্থকে বা অন্য কোন অতাত্ত্বিক ব্যক্তির অর্থকে আশ্রয় করত শাস্ত্রের গূঢ় রহস্যকে জানিবার জন্য প্রবৃত্ত হন, তাহা হইলে তিনি উদ্দেশ্য লাভে সমর্থ হইবেন না। এই প্রকার স্বমতি ব্যক্তিদিগকে সতর্ক করিবার জন্য বিজয়রথী শ্রীঅর্জ্জুন-[illegible]কে লক্ষ্য করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ বলিয়াছিলেন,

"তদ্বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া। উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ॥" অতএব বুঝা যাইতেছে যে, শাস্ত্রীয় উক্তির ও নবধা ভক্ত্যঙ্গের আবৃত্তি ও অনুশীলন পুনঃ পুনঃ করিবার যেরূপ প্রয়োজন, তদ্রূপ মহাভাগবতের নিকট অভিগমন পূর্ব্বক তাঁহার সেবা-সৎকারে শাস্ত্রের গূঢ় অভিপ্রায় বুঝিয়া লইবারও অত্যধিক প্রয়োজনীয়তা আছে, নতুবা সম্যক্‌রূপে শাস্ত্রোপদেশ বুদ্ধি-সম্পন্ন হইবার সম্ভাবনা নাই।

ভগবদ্‌বিগ্রহ—মায়া ও মায়ার কার্য্য হইতে ভিন্ন

ভগবদ্বিগ্রহ—মায়া ও মায়ার কার্য্য হইতে ভিন্ন, যথা শ্রীচৈতন্যচরিতামৃতের মধ্য ২৫শ অধ্যায়ে,—"এই সব শব্দে হয় জ্ঞান-বিজ্ঞান-বিবেক। মায়া-কার্য্য মায়া হৈতে আমি ব্যতিরেক।" ভগবান্ ব্রহ্মাজীকে [illegible] উদ্দেশ্যে নিকট প্রকাশ করিবার অভিপ্রায়ে বলিয়াছিলেন,—"ঋতেঽর্থং যৎ প্রতীয়েত ন প্রতীয়েত চাত্মনি। তদ্বিদ্যাদাত্মনো মায়াং যথাভাসো যথা তমঃ॥" অর্থাৎ ভগবন্মূর্ত্তি ব্যতীত যাহা কিছু অনুভূত হয় বা দেখা যায়, তাহা মায়া বা মায়ার কার্য্য-বিশেষ।

২। পূর্ব্বোক্ত বিষয়টীকে দৃষ্টান্ত-সাহায্যে পরিস্ফুট করণোদ্দেশে বৈষ্ণবাগ্রগণ্য কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু শ্রীচৈতন্যচরিতামৃতের মধ্য ২৫শ অধ্যায়ে পুনরায় বর্ণন করিয়াছেন, যথা—"যৈছে সূর্য্যের স্থানে ভাসয়ে আভাস। সূর্য্য বিনা স্বতঃ তার না হয় প্রকাশ॥" যেমন সূর্য্যের মূর্ত্তিকে আশ্রয় করিয়া রশ্মি বা আলোক প্রকাশিত এবং আলোক সূর্য্যের মূর্ত্তি হইতে ভিন্ন অথচ তাহাকে আশ্রয় না করিয়া উহার স্বতন্ত্র প্রকাশ সিদ্ধ হয় না, সেই প্রকার ভগবন্মূর্ত্তিকে আশ্রয় করিয়া মায়া ও মায়ার কার্য্য প্রকাশিত এবং তাহারা ভগবান্ হইতে ভিন্ন অথচ ভগবন্মূর্ত্তিকে আশ্রয় না করিয়া তাহারা স্বতন্ত্রভাবে নিজ নিজ অস্তিত্ব প্রকাশ করিতে অক্ষম। [illegible] ব্যক্তিগণ যেমন [illegible] বলিয়া ভ্রমে পতিত হয়, মায়া-বদ্ধ মানবগণও সেইরূপ মায়া ও মায়ার কার্য্যকে ভগবান্ বলিয়া ভ্রান্ত ধারণা পোষণ করিয়া থাকেন। আলোকরশ্মি ভেদ না করিলে যেমন সূর্য্যের মূর্ত্তি দর্শন-যোগ্য হয় না, মায়া ও তাহার কার্য্যরূপ দৃশ্যবর্গের চিন্তা সম্যক্‌ভাবে পরিত্যাগ করিতে সমর্থ না হইলে বৈকুণ্ঠ ভগবন্মূর্ত্তির অনুভূতি লাভ সম্ভবপর নহে। এইজন্য অনেক অজ্ঞলোক ভগবানের শ্রীবিগ্রহ অর্চ্চাবতার [illegible] হইতে বা আলোকে [illegible] বলিয়া ভ্রম করিতে দেখা যায়।

৩। ভগবানের শ্রীঅর্চ্চা মূর্ত্তি দর্শনকালে [illegible] যদি হৃদয়ে স্ফুটিয়া উঠে এবং সেই শ্রীবিগ্রহকে [illegible] জগতের যাবতীয় বস্তুর আশ্রয়, পূর্ণচেতন, পরম স্বতন্ত্র ও একমাত্র অনন্যভাবে সেব্য নিত্য বস্তু বলিয়া বুঝিবার পরিবর্ত্তে অচেতন পদার্থ [illegible] বুঝা যায়, তাহা হইলে [illegible] আস্বাদিত হইবে না। কাষ্ঠ-পাষাণ-বুদ্ধি স্থির রাখিয়া যাহারা মনে করে যে, ভগবৎসাক্ষাৎকার হইয়াছে, তাহারা প্রকৃতপক্ষে ভগবানের মায়া ও তাহার কার্য্যকে দেখিয়াছে এবং তজ্জন্য তাহারা মায়াকর্ত্তৃক বিতাড়িত হইতে থাকিবে।

রসতত্ত্ব অক্ষজজ্ঞানগম্য নহে

নিম্নপ্রাইমারী স্কুলের বালক এম, এ ক্লাসের পাঠ্য শ্রবণের ইচ্ছা জানাইলেও অধ্যাপক মহোদয় যেমন বালকের তাহা শুনিবার প্রার্থনা তৎকালে অনুমোদন করেন না, কিন্তু বলেন যে, এ পাঠ করিলে তাহার [illegible] উত্তীর্ণ হইয়া এম,এ পড়িবার অধিকার হয়, তদ্রূপ সিদ্ধের আচরণ লাভ করিতে হইলে গুরুদেব শিষ্যকে সাধন-ভূমিকা উত্তীর্ণ হইতে বলেন। আবার এম, এ ক্লাসে ভর্ত্তি করিয়া লইলেই এখন যেমন এম, এ পাশ করা সার্টিফিকেট দেওয়া হয় না, পরীক্ষায় উত্তীর্ণ হইলে তবে দেওয়া হয়, তদ্রূপ গুরুদেব কৃপায় রসালোচনার অধিকার দিলেও "অনুরোগ [illegible] দূর করিতে সমর্থ হন" [illegible] প্রথম কিছু [illegible] থাকিলেও গুরুকৃপা বলে [illegible] দূর হইয়া [illegible] লাভ হয় [illegible], রসালোচনার [illegible] অধিকার। [illegible] গুরু[illegible] [illegible] ন্যায় [illegible]।

[illegible]

[illegible] প্রাকৃত [illegible]

সেই অপ্রাকৃতরস-ভূমিকায় উপনীত না হওয়া পর্য্যন্ত সাধক জীবের কৃষ্ণভজনই আরম্ভ হয় না, রাসরসাস্বাদনের 'র' কথাই নাই। প্রাকৃত জগতের ত্রিগুণ ও অতিক্রম পূর্ব্বক বিরজা, ব্রহ্মলোক ভেদ করিয়া পরব্যোমের উপাসনা প্রদেশে শুদ্ধ-সত্ত্বোজ্জ্বল-ভূমিকায় উঠিতে পারিলে তখন না রাসস্থলীর কথা শুনিবার অধিকার হইবে! নতুবা পূর্ব্বেই যদি শ্রীরাধা কৃষ্ণের অপ্রাকৃতলীলা-বিলাসকে আমার জড়েন্দ্রিয়ের বিষয়ীভূত করিয়া লইতে চাই, তাহা হইলে তাহা আমারই কামাগ্নির ইন্ধন-স্বরূপ হইবে মাত্র। শ্রীগুরুপাদপদ্মে একান্তভাবে আশ্রিত হইয়া নিষ্কপটে তাঁহার সেবোন্মুখতা-ফলেই কৃষ্ণনাম-রূপ-গুণ-পরিকরবৈশিষ্ট্য ও লীলা-রস আস্বাদন-যোগ্যতা লাভ হয়। আলোকোদয়ে যেমন অচিরেই অন্ধকার অপগত হয়, প্রেমোদয়েও সেইরূপ অচিরেই হৃদ্রোগ কাম দূরীভূত হইয়া থাকে।

অপ্রাকৃত শ্রদ্ধা বা রাগানুগা ভক্তিবান্‌ই কৃষ্ণলীলা শ্রবণ-কীর্ত্তন-ফলে সিদ্ধি বা গোস্বামিত্ব লাভ করিতে পারেন। তাই মহাপ্রভু বলিয়াছেন—

"ব্রজবধূ-সঙ্গে কৃষ্ণের রাসাদি-বিলাস।
যেইজন কহে, শুনে করিয়া বিশ্বাস॥
হৃদ্রোগ কাম তাঁর তৎকালে হয় ক্ষয়।
তিনগুণ ক্ষোভ নহে মহাধীর হয়॥
উজ্জ্বল মধুর রস প্রেমভক্তি পায়।
আনন্দে কৃষ্ণমাধুর্য্যে বিহরে সদায়॥
যে শুনে, যে পড়ে, তাঁর ফল এতাদৃশী।
সেই ভাবাবিষ্ট, যেই সেবে অহর্নিশি॥"

প্রাকৃত সহজিয়াগণ পাছে তাহাদের ভোগবুদ্ধি লইয়াই শ্রীকৃষ্ণের রাসাদি লীলা শ্রবণ-কীর্ত্তন-ফলে অন্তকাম বিনষ্ট হইবে—এইরূপ মনে করে, সেইজন্য "বিশ্বাস" শব্দ দ্বারা তাহাদের ভুক্তিমুক্তি নিরস্ত করা হইয়াছে। ভুক্তি ও মুক্তি স্পৃহা পিশাচী-দ্বয়ের বর্ত্তমান নিবাস-সংকালে লীলা-শ্রবণাদি হওয়া সম্পূর্ণ অসম্ভব।

শ্রৌতসিদ্ধান্ত-সমাহৃতি

(পণ্ডিত শ্রীপাদ যতীন্দ্র বন্দ্যোপাধ্যায় বেদান্তবাচস্পতি)

মায়াবাদিগণের মতে 'শ্রীকৃষ্ণ' বলিয়া পরমার্থভূত কোন বস্তুর সত্তা নাই। উপাধি-সংশ্লিষ্ট সগুণ উপাসকের জন্য ব্রহ্মে 'শ্রীকৃষ্ণ'রূপের আরোপ করা হইয়াছে। কিন্তু উহা মায়াবাদিগণের অজ্ঞতা ও ধূর্ত্তবুদ্ধির অন্যতম 'ভ্রম' ব্যতীত অন্য কিছুই নহে।

পরিচ্ছিন্ন বা সীমাবদ্ধ রূপগুণ-বিশিষ্ট বস্তুতেই আরোপ কল্পিত হইতে পারে, কিন্তু অনন্ত রূপগুণ-বিশিষ্ট বস্তুতে তদ্রূপ আরোপ হইতে পারে না। 'রজ্জুটী যেন সর্প' এ স্থলে রজ্জুটী সাকার ও সসীম বলিয়া তাহাতে সর্পের আরোপ করা সম্ভব হইয়াছে, কিন্তু যে বস্তুতে সর্পত্বের আরোপ করা হইয়াছে ঐ বস্তুটী যদি সাকার ও সীমাবদ্ধ না হইত, তাহা হইলে তাহাতে সর্পত্বের আরোপ কখনই সম্ভবপর হইত না। যে বস্তুর গুণ কর্ম্মাদি দেশ কালের বিষয়ীভূত, সেই বস্তুর গুণ কার্য্য সাদৃশ্য সম্ভাবনা থাকে আর সেইজন্য উহাতে অপর বস্তুর গুণ কর্ম্মের আরোপ সম্ভবপর হইতে পারে। নির্বিশেষ নিরাকার বস্তু কখন দেশ-কালের বিষয়ীভূত হইতে পারে না এবং তাহা অপর কোন বস্তুর সদৃশ থাকিতে পারে না। এই জন্য তাহাতে আরোপণ সম্ভব হয় না। সর্পের আকারের সহিত রজ্জুর আকারের কথঞ্চিৎ সৌসাদৃশ্য আছে বলিয়াই 'রজ্জুটী যেন সর্প' এরূপ রজ্জুতে সর্পের আরোপ সম্ভব হইয়াছে; কিন্তু যদি রজ্জু সদৃশ অন্য কোন বস্তু না থাকিত, তাহা হইলে তাহাতে সর্পের আরোপও সম্ভব হইত না। সুতরাং মায়াবাদী যে ব্রহ্মে 'শ্রীকৃষ্ণ' রূপের আরোপ করিয়াছেন বলেন, তাহা নিরাকার নির্বিশেষ, কারণ তাঁহারাই স্বীকার করিয়াছেন, ব্রহ্ম নির্বিশেষ ও অসীম। অসীম বস্তুতে কখন সসীম বস্তুর আরোপ চলিতে পারে না। অতএব পরব্রহ্ম ভগবান্ শ্রীকৃষ্ণ বিভু হইয়াও স্বীয় অচিন্ত্যশক্তি-বলেই দ্বিভুজ-পরিমিত বিগ্রহে লোক-গোচর হয়েন। অধোক্ষজবস্তুকে অক্ষজ দর্শনের বিষয়ীভূত করিবার দুষ্টা বুদ্ধিতে যাহারা মায়াবাদি সম্প্রদায় শ্রীকৃষ্ণপাদপদ্মে অপরাধ নিবন্ধন, তদীয় অচিন্ত্যশক্তির পরিচয় না পাইয়া নিরুপাধিক শ্রীকৃষ্ণ-বিগ্রহে উপাধির আরোপ করেন।

পরমেশ্বর সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তিমান্। জীব তাঁহার অণুচিদংশ, অতএব জীব অসর্ব্বজ্ঞ ও অল্পশক্তি। সৎ, চিৎ, ও আনন্দ শক্তি তাঁহার স্বরূপের সহিত একাত্মসংশ্লিষ্ট, সেই সচ্চিদানন্দময় পরমেশ্বরের অণ্বংশ জীব অণুস্বরূপে তাঁহা হইতে অবিচ্ছিন্ন বলিয়া স্বরূপতঃ বিভিন্ন। সূর্য্য হইতে বিচ্ছিন্ন জ্যোতির্ম্মণ্ডলগত পরমাণুসমূহ যেমন মহান্ সূর্য্য হইতে স্বরূপতঃ বিভিন্নাংশ, জীবও তদ্রূপ পরমেশ্বরের স্বরূপতঃ বিভিন্নাংশ। পরমাণুসমূহ বিভিন্নাংশ হইলেও তাহাতে যেমন সূর্য্যের প্রকাশাদি গুণ থাকিয়া যায়, তদ্রূপ জীবেও ঈশ্বরের ঐশ্বরিক জ্ঞানাদি থাকিয়া যায়। পরমেশ্বর মায়াধীশ বলিয়া তদীয় জ্ঞানানন্দাদি স্বরূপ-শক্তিপুষ্ট থাকে, কিন্তু জীব মায়াধীন বলিয়া তাহার জ্ঞানানন্দাদি স্বরূপ-ভাবাপন্ন থাকে না। মায়ার পরিণামে তদীয় জ্ঞানানন্দ পরিণাম প্রাপ্ত বা বিকৃত হওয়া সম্ভব।

সূর্য্য হইতে বিচ্ছিন্ন রশ্মিপরমাণুর প্রকাশাদি-ধর্ম্ম যেমন সময়ে সময়ে অবলুপ্ত হইয়া থাকে, তদ্রূপ অণুচৈতন্য জীবের জ্ঞানানন্দও সময়ে সময়ে সমাবৃত হইয়া থাকে; কিন্তু এই প্রকার সাময়িক আচরণে তদীয় স্বরূপগত জ্ঞানানন্দের আত্যন্তিক বিলোপ ঘটে না, কারণ, নিত্যবস্তুর আত্যন্তিক বিলোপ হইতে পারে না। জীবের স্বাভাবিক জ্ঞানানন্দ নিত্য, অতএব উহার আত্যন্তিক বিলোপ অসম্ভব। উহা অভিব্যক্তি ভাবে প্রকাশিত না থাকিলেও অন্তর্ভাবে অপ্রকাশাবস্থায় স্বরূপে বর্ত্তমান থাকে। মায়া-কর্ত্তৃক জীবের স্বরূপগত জ্ঞান ও আনন্দ আবৃত হয়, সুতরাং মায়াই জীবের বন্ধনের হেতু। যে বস্তু যদ্দ্বারা আবৃত হয়, সেই বস্তু তদবস্থায় তদনুরূপ স্বভাব প্রাপ্ত হইয়া থাকে। জীবের জ্ঞানানন্দাদি মায়াদ্বারা আবৃত হইয়া প্রাকৃতিক জড়তাব প্রাপ্ত হয়। জীবের জ্ঞান ও আনন্দ মায়াদ্বারা আবৃত হইলেই অজ্ঞান ও কামাকারে প্রকাশিত হয়। অজ্ঞান বা অবিদ্যা জীবের স্বরূপজ্ঞানাবরণ পূর্ব্বক তাহাকে সেবকের পরিবর্ত্তে ভোক্তা বলিয়া অভিমান করায় এবং তাহার স্বরূপগত আনন্দ-বৃত্তি কামাকারে বিকৃতি লাভ করিয়া ভোগ্য বস্তুর অনুসন্ধানে প্রবৃত্ত করে। জীবকে এই মায়াবন্ধাবস্থা হইতে মুক্তি দিবার জন্য পরম কারুণিক শ্রীভগবান্ এই শুদ্ধ-প্রকাশ-বিগ্রহ শ্রীগুরু-রূপে আবির্ভূত হয়েন। সৌভাগ্যবান্ জীব যখন সেই সদ্গুরুপাদপদ্মে কায়-মনো-বাক্যে প্রপত্তি স্বীকার করেন, তখনই তিনি দুরত্যয়া দৈবী মায়ার হস্ত হইতে মুক্তি লাভ করিতে সমর্থ হয়েন এবং স্বরূপ-জ্ঞানোদয়ে তখন বুঝিতে পারেন যে, তিনি ভোক্তা নহেন; পরন্তু তিনি ভোগ্য বা সেবক; সুতরাং কাম-উপভোগ কখন তাঁহার স্বধর্ম্ম হইতে পারে না। তাঁহার স্বরূপ-গত আনন্দ-বৃত্তি গুরুকৃপা-বলে মায়াবরণ মুক্ত হইলে বুঝিতে পারেন যে, সেই স্বরূপ-গত আনন্দ-বৃত্তি-দ্বারা আনন্দময়ের সেবা-সুখ-বিধানই তাঁহার স্বরূপের একমাত্র নিত্যধর্ম্ম।

শুদ্ধভক্তি-প্রচারে গিরি মহারাজ

পাঠকগণ অবগত আছেন, (গত ১২০ সংখ্যা নদীয়া প্রকাশ দ্রষ্টব্য) পরিব্রাজকাচার্য্য ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ ভক্তিসর্ব্বস্ব গিরি-মহারাজ দেরাদুনে স্থানীয় জমীদার শ্রীযুক্ত সতীশচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়ের গৃহে ২ দিন গীতা পাঠ করিয়াছিলেন, দেরাদুনের বিশিষ্ট বিশিষ্ট বাঙ্গালী ভদ্রলোক সকলেই স্বামীজীর সেই পাঠ শ্রবণে অতীব আনন্দ লাভ করেন। স্থানীয় ভদ্রলোকগণের আগ্রহাতিশয্যে স্বামীজীকে এবার পক্ষেরও অধিককাল দেরাদুনে অবস্থান করিতে হয়। দেরাদুনের ডি. এ. ভি কলেজের ভাইস্ প্রিন্সিপাল শ্রীযুক্ত অনন্তলাল বন্দ্যোপাধ্যায়, ঐ কলেজের প্রফেসর শ্রীযুক্ত সত্যভূষণ রায়, রিটায়ার্ড ডিষ্ট্রিক্ট জজ রায় শ্রীযুক্ত গোপালদাস মুখোপাধ্যায়, ফরেষ্ট অফিসের শ্রীযুক্ত নিরদ রঞ্জন সেন গুপ্ত, শ্রীযুক্ত হৃষীকেশ মুখোপাধ্যায় এবং আরও অনেক সম্ভ্রান্ত ভদ্রলোক স্বামীজীর পাঠ বা বক্তৃতা-কালে উপস্থিত থাকিয়া তাঁহার শ্রীমুখ-নিঃসৃত ভক্তিসিদ্ধান্তবাণী শ্রবণে পরমপ্রীতি লাভ করিয়াছেন।

গত ১৫ই জুলাই স্বামীজী কালীবাড়ীতে 'জীবাত্মার নিত্যধর্ম্ম' সম্বন্ধে হিন্দীতে এক বক্তৃতা প্রদান করেন। ১৭ই জুলাই মেধাবান বাহাদুর বিশ্বেশ্বরনাথজী সি, আই, ই মহোদয়ের গৃহে ইংরাজী ভাষায় গীতা ব্যাখ্যা করেন। স্থানীয় কতিপয় উচ্চ-শিক্ষিত ও সম্ভ্রান্ত জমীদার এবং আরও অনেক বিশিষ্ট ভদ্রলোক উপস্থিত ছিলেন। ২০শে জুলাই তারিখে দেরাদুনের সর্ব্বাপেক্ষা ধনী জমীদার শেঠ বাবুকিশোরজীর ভবনে স্বামীজী শ্রীমদ্ভাগবত পাঠ করেন। শেঠজী স্বামীজীর ভাগবত-ব্যাখ্যা শ্রবণে পরম সন্তোষ লাভ করেন এবং দেরাদুনে শুদ্ধভক্তি প্রচার সম্বন্ধে বিশেষ আগ্রহ ও সহানুভূতি প্রকাশ করেন। তিনি নিজেই তাঁহার মোটর চালাইয়া সন্ধ্যায় স্বামীজীকে ষ্টেশনে লইয়া গিয়াছিলেন এবং স্বামীজীর প্রতি নানাভাবে তাঁহার অকৃত্রিম অনুরাগ প্রদর্শন করেন। জমিদার শ্রীযুক্ত সতীশচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহোদয়ও স্বামীজীর প্রচার-কার্য্যে যথেষ্ট সহানুভূতি প্রকাশ করিয়াছেন। আমরা শ্রীভগবৎ পাদপদ্মে এই সকল মহাত্মার নিত্যকল্যাণ সতত প্রার্থনা করিতেছি। নিজের বা অপরের দেহ মনের সুখ আকাঙ্ক্ষা বিলাসের জন্য জগতের লোক অনেকেই অনেক বদান্যতার পরিচয় দিয়া থাকেন, কিন্তু যাঁহারা জগৎকে কৃষ্ণনিত্যদাস জীবাত্মার নিত্যমঙ্গলের কথা শ্রবণ কীর্ত্তনের সুযোগ প্রদান করেন, তাঁহাদের ন্যায় ভাগ্যবান্ আর কেহ নাই, তাঁহারা নিঃসন্দেহে ভগবানের প্রিয় পাত্র।

স্বামীজী দেরাদুন হইতে ফিরিবার পথে গত ২৬শে জুলাই বুধবার রাত্রে দিল্লী গৌড়ীয়মঠ-কার্য্যালয়ে উপস্থিত হইয়াছেন, এখানেও হরিকথা প্রচার হইতেছে। বৃহস্পতি, শুক্র ও শনিবার দিবসত্রয় স্বামীজী এড্ওয়ার্ড হোটেলে শ্রীমদ্ভাগবত পাঠ করিয়াছেন, গত ২৮শে জুলাই টেলিগ্রাফ্ সুপারিন্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত বাবু ললিতমোহন বসু মহাশয়ের বাসাবাটীতে শ্রীমদ্ভাগবত পাঠ করিয়াছেন। গীতা-ক্লাসেও শ্রীমদ্ভাগবত পাঠ হইতেছে। স্বামীজীর পাঠারম্ভের পূর্ব্বে ও পাঠান্তে ব্রহ্মচারী দীনকৃষ্ণজীর সুললিত কীর্ত্তন শ্রবণে শ্রোতৃমণ্ডলী অতীব মুগ্ধ হইতেছেন ও পুনঃ পুনঃ শ্রবণের আগ্রহ জানাইতেছেন।

শ্রীগৌড়ীয় মঠ-প্রবেশ

বিশেষ অনিবার্য্য কারণ-বশতঃ আগামী ২০শে শ্রাবণ 'মঠ-প্রবেশ' মহোৎসব অনুষ্ঠিত হইতে পারিল না। মঠ-প্রবেশের নির্দ্দিষ্ট তারিখ পূর্ব্বেই বিজ্ঞাপিত করা হইবে।

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

ভজন-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী বরণে বাঁধাই

স্বর্ণাক্ষর। চতুর্থ সংস্করণ। বিস্তৃত বিষয়সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সনাতন ধর্মশাস্ত্র বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত দর্শন, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর আজ কাল মানবের ঘটিয়া উঠে না। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টর বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই—২৲ দুই টাকা

আবাঁধা—১।০ দেড়টাকা

মনুষ্যগণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও অনিত্য সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? স্বদেশ, সমাজ, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসংকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া বিরত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য

ভিক্ষা ৷৵০

ঐ প্রমাণ খণ্ড ভিক্ষা ৵০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নয়টী দ্বীপ-সমন্বিত। এই নব দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৬০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

উজ্জ্বল বোল্ড কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শ্রীহরিনামচিন্তামণিঃ

৷৵০

দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তগণের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে ব্যক্ত হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ

অষ্টম সংস্করণ

ভিক্ষা ৴০ আনা।

দেহ ও মনের চেষ্টা অনিত্যবস্তু লইয়া—ইহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন আত্মার আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। উজ্জ্বল সংস্করণ প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড ৴০ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— ৴০, নবদ্বীপশতক— ৴০

অষ্টপদক—৴০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ

পঞ্চম সংস্করণ

ভিক্ষা ৴১০

আমরা প্রত্যহ নূতন অভাব ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গ্রন্থ বাস্তবিক কল্যাণের কল্পতরু, ইনি প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদানে

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয় সংবলিত প্রায় ৫২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১।০

শ্রীবলদেব বিদ্যাভূষণ-কৃত ভাষ্য সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

কাগজ ও ছাপা উৎকৃষ্ট। সিল্কে বাঁধাই, সোণার জলে নাম লেখা রাজসংস্করণ টাকা ২৲ সাধারণ সংস্করণ ১।০, গৌড়ীয়ে গ্রাহকপক্ষে ১।০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি

(সম্পাদকীয় [illegible]

বিষয়ঃ—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। [illegible] শ্রীমন্দির ও শ্রীবিগ্রহের বিবরণ, ৫। বৈষ্ণবগ্রন্থ ও প্রবন্ধ-সমূহের তালিকা ও বিবরণ, ৬। বিষয় বিশেষের লোক ও শাস্ত্রীয় আকরমূলে ব্যবহার্য্য তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ খণ্ড ৸৵০, ২য় খণ্ড ৸৵০, ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড ৸৵০, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ

—১ম খণ্ড ১৲ এক টাকা ২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১।০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীজীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাতে ষট্‌সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। [illegible] ডবল ক্রাউন ৮ পেজীয় ৩৬ পৃষ্ঠা আকারে মুদ্রিত [illegible]।

শ্রীমন্মধ্বাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ৴০ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক-সূচী, বিষয়-সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত ভিক্ষা, প্রতি খণ্ড সাধারণ পক্ষে ।৵০ গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৵০

২। অমৃত-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৩য় সংস্করণ) ৫৲

৩। গৌড়ীয়-গৌরব ৵০

৪। গৌড়ীয়-সাহিত্য ।০

৫। ভজনরহস্য ৷০

৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপ-শতকম্ (বাঁধা) ১৲

" " আবাঁধা ৷৷০

৭। গীতা (শ্রীবলদেবভাষ্যসহ) বাঁধা ২৲

আবাঁধা ১৷০

৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲

আবাঁধা ১৷০

গীতার কেবল মাত্র-ভাষ্য ৷০

৯। মুক্তাফলটীকা ও দুর্গমসঙ্গমনী সানুবাদ (যন্ত্রস্থ) ২৲

১০। বেদান্তসূত্রের সানুবাদ (রামানুজীয়) ৷০

১১। বৈষ্ণবধর্ম্ম ২৲

১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৷৵০

১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৷৵০

১৫। দীন-হিন্দুদর্শন ৵০

১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ।৵০

১৭। গোস্বামী রঘুনাথ দাস অবাঁধা ।৵০

ঐ ঐ বাঁধা ৷০

১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

১৯। শ্রীভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০

২০। শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য ৵০

২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৵০

২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০

২৩। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা-দর্পণ ।০

২৪। শরণাগতি, গীতাবলী, গীতমালা, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অষ্টপদক ও সদাচারস্মৃতিঃ মোট ।৵০

২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও অষ্টকদ্বয় ৵০

২৬। [illegible] ।৵০

২৭। [illegible]

২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲

২৯। [illegible] ।০

৩০। [illegible] ৸০

৩১। [illegible] ।০

৩২। [illegible] ৸০

শ্রীচৈতন্যভাগবত (বিরাট, দ্বিতীয় সংস্করণ

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ)

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈব-প্রাপ্ত একমাত্র মহৌষধ, পনরদিনে যক্ষ্মা না হয় কাশ সম্পূর্ণ আরোগ্য হইবে। বহু সহস্র রোগী মৃত্যুমুখ হইতে রক্ষা পাইয়াছেন। (গরীব রোগীদিগকে সমস্ত খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়।) বিস্তারিত জানিবার জন্য এক আনার টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র উকীল পোঃ বৈকারী, জেলা বাঁকুড়া।

নদীয়া জেলার নিম্ন ঠিকানায় অনুসন্ধান করিতে পারেন—

ভাগবত প্রেসের ম্যানেজার শ্রীযুক্ত সদানন্দ অধিকারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম, এ, কৃষ্ণনগর পোঃ, জেলা নদীয়া।

একখানি পত্র

.... আনন্দ সহকারে জানাইতেছি যে আমার ভ্রাতুষ্পুত্র কঠিন যক্ষ্মা রোগে আক্রান্ত হইয়াছিল এবং কলিকাতার বহু প্রসিদ্ধ ডাক্তার মহাশয়গণ জীবনের আশা একেবারে ত্যাগ করিয়াছিলেন, কিন্তু বাবু ক্ষিতীশচন্দ্র উকিল মহাশয়ের ঔষধ মাত্র ১৫ দিন ব্যবহার করায় সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছে।

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী

জমিদার, খালিয়া ফরিদপুর।

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, বহুমূত্র, ধ্বজভঙ্গ, পাকস্থলীর পীড়া, অম্ল এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, স্বল্পঋতু, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটান সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রাপ্ত হওয়া গিয়াছে। যাঁহারা অন্যান্য ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১॥০ টাকা মাত্র।

সোল এজেন্ট—ডাঃ ভি, ভি, হাজরা।

মতেপুর, গার্ডেনরিচ পোঃ, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পদ্যসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোল্ড অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে টিটাগড়ের কাগজে ছাপা। ভিক্ষা—১॥০ টাকা

৪৮ গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

গৃহস্থদিগের পক্ষে একান্ত প্রয়োজনীয়

বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত

বাংলার ঘরে ঘরে বিরাজিত হউক

ভিক্ষা ৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর পোঃ (নদীয়া)

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ. এফ.সি.এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্ব্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে স্বয়ং তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে যত্নপূর্ব্বক ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দূর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা

স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।

নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাশি, হাঁপ, যক্ষ্মা, ক্ষয়রোগ, স্বরভঙ্গ প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্ব্বলতা নাশক আশ্চর্য পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, শুক্রহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত দুরারোগ্য রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত.

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ ২ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্ব্বত্র বিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটীর উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটীকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটীকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। "মণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাকচিক্য করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্ব্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১৲ টাকা।

——— অন্যান্য আবিষ্কৃত ———

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান :—আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

এখনও অপূর্ব্ব সুযোগ! পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম, এ প্রাক্তন (লাহোর) মহোদয় কর্ত্তৃক সঙ্কলিত।

৪৭ খানি অপূর্ব্ব-চিত্র সমন্বিত।

বিশ্বকোষ-সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইঃ) মরোক্কো বাঁধা ১॥০ ভিপিতে ২৲ দুই টাকা মাত্র

এক প্রকার নিঃশেষিত হইয়াছে।

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে—ডাঃ শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী এম, এস, এস কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়মঠ হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৪৭শ খণ্ড এবং নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৫ll৶০ সাধারণ পক্ষে ২১l৶০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।/০।

দশমস্কন্ধের ভিক্ষা ১২৲, অগ্রিম সাধারণের পক্ষে ৮৲।

৮৩২ পৃষ্ঠায় ৭৮ অধ্যায় পর্য্যন্ত ত্রয়োদশ খণ্ড ছাপা হইয়াছে। একাদশ স্কন্ধ ছাপা আরম্ভ হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষার তৃতীয় সংস্করণ ৬৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছে। সেই ১০৲ টাকার এই বিরাট গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। অতএব শীঘ্র গ্রহণ করুন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য লীলার ব্যাস আখ্যা [illegible]

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫৲

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪lll০ টাকা

সাধক কণ্ঠমালা

শ্লোক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ

ভিক্ষা ।৶০ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব্ব বাঙ্গালার মধ্যে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী 'ভক্ত বাংলা' অক্ষর [illegible] জানেন না, তাঁহাদের সুবিধার জন্য শ্রীচৈতন্য-প্রচারিত পরম উপাদেয় ভক্তি কথা আলোচনার সুবর্ণ সুযোগ উপস্থিত। শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে। বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষা [illegible] অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, [illegible]	
একত্রে [illegible]	
সাধন পথ (শ্রীমদ্ভক্তি [illegible] সম্পাদক) [illegible]	
একত্রে [illegible]	।৹
কল্যাণ কল্পতরু [illegible]	৵০
একত্রে [illegible]	।০
গীতাবলী [illegible]	৴১০
একত্রে [illegible]	৶১৷
শরণাগতি—[illegible]	
একত্রে [illegible]	

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্য:—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগোপীনাথ মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪। শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ,—চটকপর্ব্বত, পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিরলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—[illegible] কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,— [illegible], বৃন্দাবন, মথুরা,
১০। শ্রীপরমহংস মঠ—[illegible] পোঃ, [illegible]
১১। শ্রীগদাইগৌড়ীয় মঠ,—[illegible]
১২। শ্রী[illegible] গৌড়ীয় মঠ,—[illegible]
১৩। শ্রীমাধবগৌড়ীয় মঠ, [illegible], ঢাকা।
১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাজোড়া, [illegible] বর্দ্ধমান
১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—[illegible]
১৬। শ্রী[illegible]গৌড়ীয় মঠ, [illegible] পোঃ, [illegible]
১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় [illegible]

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত [illegible] —[illegible]
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী [illegible]
[illegible]
৩। শ্রীযুক্ত [illegible] —[illegible]
৪। [illegible]—[illegible]
৫। শ্রীযুক্ত [illegible] —[illegible]
৬। শ্রীরাসবিহারী দাস [illegible], নবদ্বীপ।
৭। শ্রীমনোমোহন দে মনোমোহন প্রেস, [illegible], ঢাকা
৮। [illegible]
৯। শ্রী[illegible] চট্টোপাধ্যায় এ, এম, [illegible]
১০। শ্রীপাদ [illegible] ভক্তি[illegible] [illegible]
১১। শ্রীপাদ [illegible] দাসাধিকারী

বর্ষায় একমাত্র স্বদেশী

রবারের জুতা



টি, টি, সিলিপার

চটি, সিলিপার ও এলবার্ট

চামড়াহীন, মজবুত, সস্তা, নরম, জল কাদায় বিশেষ উপযোগী—এই স্বদেশী জুতা, যাহে বিদেশী জুতার বদলে কিনিয়া দেশী শিল্পের সহায়তা করুন।

ঠিকানা- টি, টি, সিলিপার এণ্ড কোং, নং টাউনসেণ্ড রোড ভবানীপুর, কলিকাতা

গবর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা।—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

সারফালীন

টনিক ও সালসা। পথ্যের বাঁধা ধরা নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার নরম হয়। কলেন পরিচায়কে

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন ফলকারী ঔষধ আর নাই। ২।৯ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে বন্ধ হয়, সেই প্রকার ঔষধ না থাকা উচিত নয় কি? একেবারে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর কিছুদিন বাকী রাখিলে জ্বর পুরাতন হইয়া পড়িলে পরে অনুতাপ করিবেন কেন? সুতরাং আনাদের সারফালীন একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট, এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবে, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ।৴০ আনা, ডজন ৫০ আনা

এজেণ্ট—মেসারস্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কালকাতা।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

যুগল-মূর্ত্তি মার্কা

সর্ব্বত্র পাওয়া যায়

ত্রিগুণ তৈল

আসল ও জাল

চিনিয়া লইবেন। ডজন ১৷০ আনা।

ক্ষুদ্র শিশি ও বোতলের গায়ে পাইবেন যুগল-মূর্ত্তি মার্কা।

যুগল-মূর্ত্তি মার্কা এঃ বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

টেলিগ্রামের নাম ও ঠিকানা "শ্রীধাম" নবদ্বীপ

'Registered No. C. 44

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩।০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

বর্ত্তমান-বার্ত্তাবহ

গ্রাহকের হার
অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৫

[illegible] সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [১৩২ সংখ্যা

চৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—২০শে শ্রাবণ ১৩৩৭ মঙ্গলবার ৫ই আগষ্ট ১৯৩০

নানা কথা

কলিকাতা কর্পোরেশনে হট্টগোল

কলিকাতা কর্পোরেশনের মেয়রের পদ লইয়া কাড়াকাড়ি মারামারি চলিতেছে। মাত্র তিন মাস পূর্ব্বে মিঃ জে, এম, সেনগুপ্ত সর্ব্ববাদী সম্মতি অনুসারে কর্পোরেশনের মেয়র পদে বহাল হইয়াছিলেন কিন্তু আজ আবার তাই লইয়া দুই দলে বিষম গণ্ডগোল বাধিয়াছে। মিঃ সেনগুপ্তের অপরাধ যে তিনি স্বদেশ আন্দোলন সংক্রান্তে কারাদণ্ডে দণ্ডিত হইয়া জেলে আবদ্ধ থাকায় মেয়রের কার্য্য করিতে পারেন নাই। একদল লোক মিঃ সুভাষ চন্দ্র বসুকে মেয়র পদে নির্ব্বাচিত করিতে চান এবং অপর দল প্রাণপণে তাহার প্রতিবাদ করিয়া মিঃ সেনগুপ্তকেই উক্ত পদে স্থাপিত রাখিতে চান। উপস্থিত জে,এন, মৈত্র ও তাঁহার সঙ্গী অপর ১৩জন কাউন্সিলার, কংগ্রেস মিউনিসিপ্যাল এসোসিয়েশনের সেক্রেটারী শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়কে এক পত্র দ্বারা জানাইয়াছেন যে গত মেয়র নির্ব্বাচনে তাঁহারা সকলে একমত হইয়া ৩ বৎসরের জন্য শ্রীযুত যতীন্দ্র মোহন সেনগুপ্তকে কলিকাতার মেয়র নির্ব্বাচন করেন কিন্তু তিনি কারাগারে থাকায় এক দল লোক মিঃ বসুকে মেয়র নির্ব্বাচিত করিতে চান। ডাক্তার মৈত্র প্রভৃতি ইহার প্রতিবাদ করিয়াছেন। এই অবস্থা ঘটিলে তাঁহারা এসোসিয়েশনের সম্বন্ধ ত্যাগ করিতে বাধ্য হইবেন।

জোড়া খুন

ফিরোজপুরের এক্সট্রা সহকারী কমিশনার সর্দ্দার অর্জ্জুন সিংহ এবং তাঁহার ভৃত্যের মৃতদেহ তাঁহারই বাংলার একটী কুঠারির মধ্যে প্রোথিত অবস্থায় পাওয়া গিয়াছে। অন্য একজন ভৃত্যের এরূপ কোনও সন্ধান পাওয়া যায় নাই। ঘটনা সম্পূর্ণ রহস্যাবৃত।

মালব্য গ্রেপ্তার

বোম্বাইয়ে বিরাট্ মিছিল

মিঃ প্যাটেল গ্রেপ্তার

কলিকাতা কর্পোরেশনে হট্টগোল

জোড়া খুন

ভাগলপুরে কয়েদীর মুক্তিদান

চালান বন্ধ

বজবজে দাঙ্গা—আটজন গ্রেপ্তার

পলাতক ধৃত

নীলার দাঙ্গা, পুলিশ খুনের জের

ভাগলপুরে কয়েদীদের মুক্তি দান

গত রবিবারে স্থানীয় সেণ্ট্রাল জেল হইতে ২৫৫ জন সাধারণ কয়েদীকে মুক্তি দেওয়া হইয়াছে। সংবাদে প্রকাশ যে, সেণ্ট্রাল জেলে রাজবন্দীদের সংখ্যা এরূপ বৃদ্ধি পাইয়াছে যে কর্তৃপক্ষগণ সাধারণ কয়েদীগণকে মুক্তি [illegible] আর অন্য কোন উপায় দেখেন নাই। [illegible] যে কয়েদীগণ মুক্ত হইয়া একটু [illegible] হইয়াছে যে তাহাদের মধ্যে ৭ জন কংগ্রেসে যোগ দিয়া [illegible] ভলাণ্টিয়ারের কার্য্য করিতেছে। শুনা যায় যে, মুক্ত কয়েদীদের মধ্যে অনেকে বলিয়াছে যে আত্মীয় স্বজনের সহিত দেখা করিয়া তাহারাও কংগ্রেসে যোগ দিবে, কেননা প্রকৃতপক্ষে মহাত্মা গান্ধীই তাহাদের মুক্তিদান করিয়াছেন।

পণ্ডিত মালব্য ও বল্লভ ভাই প্যাটেল গ্রেপ্তার

গত ১লা আগষ্ট লোকমান্য তিলকের বার্ষিক স্মৃতি-উৎসব উপলক্ষে বোম্বাইয়ে বিরাট শোভাযাত্রা হইয়াছিল। পণ্ডিত মদন মোহন মালব্যজীও মিছিলে যোগদান করিয়াছিলেন। অপরাহ্ণ ৫॥ ঘটিকার সময়ে মিছিল এক্সপ্ল্যানেডের নিষিদ্ধ সীমা পর্য্যন্ত উপস্থিত হইলে পুলিশ কমিশনার কতিপয় সার্জ্জেণ্ট পুলিশ ও ২০০ পুলিশ সহ মিছিলে বাধা দিবার জন্য শ্রেণীবদ্ধ ভাবে রাস্তা অবরোধ করিয়া দাঁড়ান। মিছিলকারিগণও রাস্তায় বসিয়া পড়েন এবং সমস্ত রাত্রি বৃষ্টির মধ্যে রাস্তায় বসিয়া থাকেন। পরদিন অর্থাৎ ২রা আগষ্ট [illegible] সেই স্থানে উপস্থিত হন এবং নেতাগণকে [illegible] জন্য সাবধান করিয়া দেওয়া হয়। তারপর ৪ জন নেতাকে অর্থাৎ পণ্ডিত মদন মোহন মালব্যজী, সর্দ্দার বল্লভ ভাই প্যাটেল, ডাঃ হার্ডিকার মিঃ শেরওয়ানি, শ্রীযুত জয়রাম দাস দৌলতরাম এবং [illegible] বোম্বাই [illegible] আদেশ অমান্য জন্য গ্রেপ্তার করা হইয়াছে। উপরোক্ত গ্রেপ্তারের পরেও যাহারা স্থান ত্যাগ করে নাই তাহাদিগকে পুলিশ [illegible] [illegible] ২৫০ জন [illegible] প্রকাশ। নেতা- [illegible] প্রচারিত হইয়াছে [illegible] ও মুসলমানগণ [illegible] সমস্ত [illegible] সমস্ত [illegible] আসন্ন [illegible] মৌলানা আবুল কালাম আজাদকে কংগ্রেসের সভাপতি [illegible]

বিবিধ সংবাদ

মজঃফরপুরে দাঙ্গা

মজঃফরপুর কংগ্রেসের ২৫ জন স্বেচ্ছাসেবককে পুলিশ [illegible] গ্রেপ্তার করিয়াছিল, এমন সময় প্রায় [illegible] লোক পুলিশকে বলে যে [illegible] স্বেচ্ছাসেবকদিগকে হাজতে লইয়া যাইবে। [illegible] জনতা [illegible] ঢিল মারিতে আরম্ভ করে। [illegible] সাহায্যে পুলিশ জনতাকে [illegible] করিতে সমর্থ হয়।

ঘটনার পর আরও ছয় জনকে দাঙ্গা করার জন্য গ্রেপ্তার করা হয়।

সভার কারাদণ্ড

কলিকাতার ডালহাউসি স্কোয়ারে ৮ জন স্বেচ্ছাসেবক বক্তৃতা করিতেছিল। অনেক [illegible]

বিচারকালে একজন সাক্ষী [illegible] যে তাহারা ডালহাউসি স্কোয়ারে নিষিদ্ধ [illegible] করিয়াছিল এবং সমাগত জনতাকে উত্তেজিত করিবার চেষ্টা [illegible]।

কলিকাতার প্রধান প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট [illegible] বিচারে আসামীদিগের প্রত্যেকের [illegible] কারাদণ্ডের আদেশ হয়।

ঝড় জল

ব্রহ্মদেশের পশ্চিম উপকূলে বৃষ্টির পরিমাণ [illegible] প্রবল। উড়িষ্যা, মধ্য প্রদেশের পূর্বাংশ এবং দাক্ষিণাত্যের পূর্ব ভাগে ও মন্দ নয়।

বিশেষজ্ঞেরা বলিতেছেন বঙ্গ এবং আসামে বৃষ্টি হইবে; আসাম, বঙ্গদেশ, [illegible] প্রদেশে বৃষ্টি বৃদ্ধি হইবে।

বঙ্গের উপকূল, উত্তর মাদ্রাজ এবং [illegible] ভীষণ বৃষ্টি চলিতে থাকিবে।

পলাতক ধৃত

[illegible] জেল [illegible] জেমস্ চার্লস নামক একজন বন্দী [illegible] পলায়ন করে। [illegible] দিনের পর তাহাকে দেরাদুন হাইকোর্টের [illegible] একটী বাড়ীতে গ্রেপ্তার করা হয়। একদিন সন্ধ্যা সাতটার পর একটী ট্যাক্সি ক্যাবে চড়িয়া দোন জন গোয়েন্দা [illegible] নিকট পৌঁছে। তাহারা বাড়ীটি ঘেরাও করে এবং তিনজন দরজায় দণ্ডায়মান থাকে। তৎপর পুলিশ দেখে যে [illegible] বসিয়া বই পড়িতেছে। সে জানালা দিয়া লাফাইয়া [illegible] ফুট নীচে পড়ে এবং আহত হইয়াও পলায়নের চেষ্টা করে; ঠিক সেই সময়ে গোয়েন্দা পুলিশেরা তাহাকে ধরিয়া ফেলে। দুই জন স্ত্রীলোকের মধ্যে একখানি কাগজ চালাচালি হয় তাহাতে লিখিত ঠিকানা হইতেই গোয়েন্দা সন্ধান পায়।

বন্যা নিবারণ

কোচিন দেশে [illegible] এবং কুরুমানি নামক দুইটী নদীর জলপ্লাবনে দেশ বারংবার ক্ষতিগ্রস্ত হইয়াছে। যাহাতে আর এরূপ ক্ষতি না হইতে পারে সেইজন্য [illegible] একটী প্রস্তাব গ্রহণ করিয়াছেন।

কোচীন গবর্ণমেণ্ট বলেন যে বিশেষজ্ঞের মত গ্রহণ না করিয়া এ বিষয়ের শেষ মীমাংসা করা যায় না; তথাপি ব্যাপার অতি গুরুতর বলিয়া প্রধান ইঞ্জিনিয়ার যে নক্সা দিয়াছেন সেই অনুসারে কার্য্য আরম্ভ করা হইয়াছে।

চালান বন্ধ

"বিদেশী বস্ত্র বর্জনের আন্দোলনের ফলে কংগ্রেসানুগগণ কর্ত্তৃক বোম্বাই হইতে উত্তর ভারতবর্ষে কাপড় চালান বন্ধ করিবার প্রয়াস করিতেছেন। এই জন্য চুক্তি-বদ্ধ মালিকেরাও কাপড় পাঠান নিরাপদ বোধ করিতেছেন না।

এলাহাবাদ [illegible] অনুসারে পনর জন স্বেচ্ছাসেবককে [illegible] বাধা দেওয়ার অভিযোগে কোম্পানির গোপন করা হইয়াছে।

গত [illegible] শিলার কোম্পানী চুক্তি অনুসারে [illegible] গাড়ী মাল কাপড় পাঠাইতেছিলেন। যখন গাড়ী [illegible] বন্দরে [illegible] স্টেশনের মালগুদামের নিকট আসিল, তখন স্বেচ্ছাসেবকেরা পাহারা দিয়া দেখে। সে মাল স্বদেশী নহে, অমনি তাহারা গাড়ীর সম্মুখে শয়ন করিল, যেন গাড়ী আর অগ্রসর হইতে না পারে। সরকার ও বোস নামক দুইজন ডেপুটী কমিশনার পুলিশের দল লইয়া আসিলেন এবং পনর জন স্বেচ্ছাসেবককে গ্রেপ্তার করিয়া গাড়ীগুলি যাহাতে মালগুদামে প্রবেশ করিতে পারে তাহার বন্দোবস্ত করিলেন। স্বেচ্ছাসেবকদিগকে যথাবিধ জল খাবার, মুকোশায় এবং তামাকেরা বন্দোবস্ত করিয়াছে।

খাজনা রেহাই

বেলজিয়ম একটী স্বাধীন দেশ। সেখানে খাজনা সংক্রান্ত আইনটা পৃথক্ রকম—উহাতে খাজনা বাড়ে না—কমে। এখানে যে খাজনা বিভাগের সংস্কার আইন পাশ হইবে, তাহাতে আগামী জানুয়ারী মাস হইতে বার্ষিক এক কোটি পাউণ্ড করিয়া খাজনা কম আদায় হইবে। বেলজিয়ম অতি ক্ষুদ্র দেশ, লোক সংখ্যাও অতি অল্প, সুতরাং এরূপ ভাবে রাজস্ব কমাইয়া রাজত্ব চালান খুব বেশী বুদ্ধি এবং অভিজ্ঞতার কাজ।

নীলার দাঙ্গা

আলিপুরের ডেপুটী ম্যাজিষ্ট্রেট সাহেবের আদালতে নীলার দাঙ্গার বিচার চলিতেছে। মোট ষোল জন আসামী আছে।

সরকার পক্ষের মোকদ্দমা এই যে, গত এপ্রিল মাসে আইন অমান্য আন্দোলন আরম্ভ হয়। নীলা লবণ প্রস্তুতের স্থান বলিয়া স্থিরীকৃত হয়। সরকার পক্ষ হইতে আদেশ এ বাহির হয় যে ঐ স্থানে কোন সভাসমিতির অধিবেশন হইতে পারিবে না।

গত ২৩শে এপ্রিল তারিখে একটী সভার অধিবেশন হয় [illegible] সময়ে পুলিশের আগমন হয়। অমনি ক্রুদ্ধ জনতা পুলিশের উপর প্রস্তরাদি বর্ষণ আরম্ভ করিল পুলিশের সহকারী সুপারিণ্টেণ্ডেণ্ট বাহাদুর গুলি ছুড়িবার আদেশ প্রদান করেন। দুইজন আহত হয়।

সহকারী পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট মিঃ আর, বি, ব্যানার্জ্জি সাক্ষ্যদান করেন।

পুলিশ খুনের জের

মিঃ এস্ এল, সারদা, মিঃ জে, বি, সিংহ এবং মিঃ এ, আর, কোরবান হোসেন, এই তিনজনের বিরুদ্ধে শোলাপুরে দুইজন পুলিশ খুনের মোকর্দ্দমা আনয়ন করা হয়। এই তিনজন এবং মোল্লা পা [illegible] উপর পুনার জেলা ও দায়রা জজ বাহাদুর প্রাণদণ্ডের আদেশ প্রদান করেন। এই আদেশের বিরুদ্ধে বোম্বাই হাইকোর্টে বিচার হয়। হাইকোর্টের প্রধান বিচারপতি এবং বিচারপতি মিঃ বাধ [illegible] আদালতে আপীলের শুনানি হয়। এই দুইজন বিভিন্ন মত প্রকাশ করায় বিচারপতি মিঃ বেকারের আদালতে শেষ শুনানি হয়। মিঃ জষ্টিস বেকার বলেন যে, আপত্তিজনক প্রমাণ দাখিল দেওয়া হইয়াছে এবং এই মোকদ্দমার সমস্ত দিক বিবেচনা করাও হইয়াছে। বাকী যে প্রমাণ রহিয়াছে তাহা উড়াইয়া দেওয়া অসম্ভব।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠ ভরতেরে

বেঙ্গলের পাচন

সর্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

মফঃস্বলের সুবিধার জন্য ৩ আঃ শিশিতে ঘনীভূত অবস্থায় [illegible] ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ৷৹ আনা পাঁইট ॥৵৹ আনা, বোতল ১৷৵৹ আনা।

অফিস—৬১নং ঠঁনঠনিয়া রোড, পাঃ [illegible] কলিকাতা।

সেবনীয়
মদন মঞ্জরী

বটিকায় বহু ও ধাতুবিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, অজীর্ণে অরুচি, অম্বল, মাথাঘোরা, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি লক্ষণ সমূহ নির্দ্দোষ আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

"অপূর্ব্ব সর্বাঙ্গিক ঘৃত"

পুরুষত্বহানি রোগে বাহ্যপ্রয়োগ দ্বারা আরোগ্য করিয়া শক্তিসম্পন্ন করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

"স্বর্ণবিলাসিনী বটিকা"

বীর্য্যধারণ ক্ষমতা সর্ব্বোৎকৃষ্ট স্থায়ী ও বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

রাজবৈদ্য নারায়ণজী, কেশবজী।
১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!
জে, বি, দত্তের তোকা পিষ্ট বাদাম তৈল
খাদ্য ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্বজন পরীক্ষিত ও বহু প্রশংসিত।

আমরা সর্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী J. B. Datta & Co. নাম খোদা লেখা থাকায় [illegible] করিবেন। নতুবা জুয়াচোরগণ কখনই [illegible] তৈল দিয়া প্রতারণা করিবে।

স্বত্বাধিকারী—জে, বি, দত্ত

ফেরার্স কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আইরন, বাইসাইট্রেট কুইনাইন, আর্সেনিক এবং ক্যাপ্সিকেন আছে।

এই ফেরার্স কুইনাইন দ্বারা ইনজেকশন করিলে একটী বা দুইটী ইনজেকশনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং রক্ত হইতে বারটী ইঞ্জেকশনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া

৬ এম্পুলপূর্ণ প্রত্যেক বাক্স—দাম ২৲, ৪৲ টাকা

বাই-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরীজ
২৯১ অপার চিৎপুর লেন, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

—:০:—

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর—২০শে শ্রাবণ মঙ্গলবার—১৩৩৭

(১)
কৃষ্ণশক্তি বিনা কৃষ্ণনাম-সঙ্কীর্ত্তনের প্রবর্ত্তন ও কৃষ্ণপ্রেম প্রদান অসম্ভব
(২)
ইন্দ্রিয়জ-জ্ঞান পরিহারপূর্ব্বক অতীন্দ্রিয়-জ্ঞানলাভে যত্নশীল হওয়া কর্ত্তব্য
(৩)
নিরপেক্ষতার অভাবেই জীবের পতন হইয়া থাকে
(৪)
নাস্তিক্যবাদ পরিহারপূর্ব্বক শ্রৌতপন্থাবলম্বনই শ্রেয়ঃলাভের উপায়
(৫)
চেতন দাম্পত্যেই জীবের নিত্য-মঙ্গলের কথা নিহিত
(৬)
মেদিনীপুরে তীর্থ মহারাজ

কৃষ্ণশক্তি বিনা কৃষ্ণনাম-সঙ্কীর্ত্তনের প্রবর্ত্তন ও কৃষ্ণপ্রেমের প্রদান অসম্ভব

শ্রীচৈতন্যচরিতামৃতের অন্ত্য ৭ম অধ্যায়ে উক্ত হইয়াছে যথা,—

কলিকালের ধর্ম্ম কৃষ্ণ নাম সংকীর্ত্তন।
কৃষ্ণ শক্তি বিনা নহে তার প্রবর্ত্তন॥
প্রেম প্রকাশ নহে কৃষ্ণশক্তি বিনে।
কৃষ্ণ এক প্রেমদাতা শাস্ত্র প্রমাণে॥

২। এই উক্তি হইতে স্পষ্ট বুঝা যাইতেছে যে, শ্রীকৃষ্ণের ভুবন-মঙ্গল শ্রীনামের উচ্চ কীর্ত্তনই কলিযুগের একমাত্র ধর্ম্ম। সত্য, ত্রেতা ও দ্বাপর যুগে জীবের পরমায়ু অনেক অধিক ছিল। উহা ছাড়া ধর্ম্মের প্রভাব কলিযুগের ন্যায় এক পাদ-বিশিষ্ট না থাকায় তত্তৎ যুগে ধ্যান, যজ্ঞ ও অর্চ্চনাদি কার্য্য সুষ্ঠুভাবে সাধিত হইত, কলিযুগে অধর্ম্মের প্রভাব প্রবল থাকা হেতু অন্যান্য যুগ-নিষ্ঠ ধ্যান, যজ্ঞ ও অর্চ্চনাদি ধর্ম্মাঙ্গ সমূহ সুষ্ঠুরূপে সম্পন্ন হইবার নহে। তাই কলিযুগে অবহিত বদ্ধ জীব সমূহের উদ্ধারার্থে ভগবান্ শ্রীকৃষ্ণ 'হরে কৃষ্ণাদি' নাম সংকীর্ত্তনরূপ যুগ-ধর্ম্মের প্রবর্ত্তন জন্য শ্রীগৌরাঙ্গরূপ ধরিয়া ধরাধামে প্রকট হইয়াছিলেন ও নিজ শক্তি দ্বারা আপামর সর্ব্ব জীবকে কৃষ্ণপ্রেমে ভাসাইয়া ছিলেন।

৩। বর্ত্তমানকালে শ্রীগৌরসুন্দর লোক-লোচনের অন্তরালে থাকিয়া সেই নাম-প্রবর্ত্তন ও প্রেমদানলীলা পূর্ব্ববৎ আচরণ করিতেছেন। কোন কোন ভাগ্যবান্ জীব তাহা অনুভব করিতে ও তৎকালে কৃষ্ণ প্রেমে আপ্লুত হইয়া মানব জীবনকে সার্থক করিবার সুযোগ পাইতেছেন। শ্রীগৌরসুন্দর প্রকটকালে যেখানে স্বয়ং যাইতেন না, সেখানে নিজ প্রিয় পার্ষদগণে শক্তি সঞ্চার পূর্ব্বক তাঁহাদিগের দ্বারা নাম-প্রচার ও প্রেম-প্রকাশ-কার্য্য সমাধান করিতেন। তাঁহার অপ্রকটকালে স্বয়ং সাক্ষাদ্ভাবে ঐ দুই কার্য্য না করিয়া নিজ প্রিয় পার্ষদগণকে ধরাধামে শক্তি সঞ্চার পূর্ব্বক তাহাদিগের দ্বারা গৌণভাবে সাধন করিতেছেন। যদি কেহ শ্রীগৌরাঙ্গদেব-প্রেরিত ভক্তের নিজ জনের চরণাশ্রয় পূর্ব্বক হরিসংকীর্ত্তনে নিযুক্ত হন তাহা হইলে তিনি অচিরে কৃষ্ণপ্রেম লাভ করিতে ও অনন্যভাবে হরিনাম আশ্রয় সমর্থ হইবেন, নচেৎ নহে।

৪। যিনি নিষ্কিঞ্চন শুদ্ধভক্তি যাজন করেন ও লোককে শিক্ষা দেন, যাঁহার শিক্ষাধীনে জীব অনর্থমুক্ত, হইয়া কৃষ্ণপ্রেমে মগ্ন হন এবং যিনি কায়-মন-বাক্য দ্বারা কৃষ্ণকথায় কালাতিপাত করেন, তাঁহাকে শ্রীগৌরসুন্দর-প্রেরিত মহা-ভাগবত বলিয়া স্বীকার করা কর্ত্তব্য। তিনিই কৃষ্ণ শক্তিবিশিষ্ট। ভোগাসক্ত, [illegible], আচারহীন-প্রচারকারী, কৃষ্ণ-নিষ্ঠাহীন কপট গীতাভিনয়কারী [illegible] সাধুবেশধারী গুরুব্রুবগণকে শ্রীগৌরাঙ্গ-প্রেরিত মহাভাগবত বলিয়া বুঝিলে কৃষ্ণ-প্রেমে ভাসিবার পরিবর্ত্তে জড়-কামের [illegible] বঞ্চিত করা হয় মাত্র। জড়-কাম-বর্দ্ধনকারী জীবগণ মহারৌরব নামক নরকের যাত্রী। অনন্ত নিদারুণ দণ্ডই তাহাদিগের প্রাপ্য। অতএব বিচার পূর্ব্বক কপট গুরুব্রুবের সঙ্গ পরিত্যাগ করিয়া মহাভাগবতের অনুসন্ধান ও তাঁহার চরণ আশ্রয় করা নিঃশ্রেয়সার্থী ব্যক্তিগণের একান্ত কর্ত্তব্য।—

অতীন্দ্রিয়-জ্ঞানলাভে যত্নশীলতা

করণ (অর্থাৎ ইন্দ্রিয়ের) অপটুতাকে করণাপাটব বলে। শাস্ত্র হইতে আমরা জানিতে পারি যে, মানবগণের স্থূল দেহে চক্ষুকর্ণাদি যে পঞ্চ জ্ঞানেন্দ্রিয় সন্নিবিষ্ট হইয়াছে তৎসমুদয়ই করণাপাটব নামক দোষে দূষিত। সাধারণ শ্রেণীর অজ্ঞ মানব-সমূহ ইন্দ্রিয়-বর্গের অপটুতাবশতঃ বহু ঘটনা স্বচক্ষে দেখিয়াও দৃঢ় নিশ্চয় করিতে পারেন না যে (১) করণাপাটব নামক দোষে তাহাদিগের ইন্দ্রিয়গণ দূষিত এবং (২) এবম্বিধ দোষদুষ্ট ইন্দ্রিয়গ্রামের দ্বারা [illegible] জ্ঞানের উপর নির্ভর করিলে সত্য ও একমাত্র সেব্য বস্তুর সন্ধান পাওয়া যাইবে না এবং বিপথগামী হইয়া অনন্ত ত্রিতাপ জ্বালা সহ্য করিবে এবং পুনঃ পুনঃ সংসারে যাতায়াত অনিবার্য্য হইয়া পড়িবে।

২। অনেক কীটাণু বায়ুমণ্ডলে ভাসিতেছে। অতি সূক্ষ্ম বিধায় মানব চক্ষু তাহাদিগকে দেখিতে পায় না। যেহেতু চক্ষুদ্বারা দেখা যায় না তজ্জন্য যদি বিশ্বাস করা হয় যে, বায়ুমণ্ডলে বিসূচিকার কীটাণু নাই এবং এই অতিবিশ্বাসের বশবর্ত্তী হইয়া যদি বিসূচিকা কীটাণু পরিপূর্ণ বায়ু যে স্থানে বর্ত্তমান সেইস্থানে কেহ গমন করেন, তাহা হইলে বিসূচিকা ব্যাধি-গ্রস্ত হইয়া কঠোর যন্ত্রণার হাত হইতে তিনি কখনও পরিত্রাণ পাইবেন না। অন্ধকার রজনীতে চক্ষুর দ্বারা রজ্জুতে সর্প দর্শন ও [illegible] দর্শন এবং প্রখর দিবালোকে মরীচিকায় জল দর্শনের কথা অনেকেই অবগত আছেন। রজ্জুতে সর্পদর্শন বা [illegible] দর্শন ফলে যে ভীতি ও মানসিক অশান্তির উদয় হয় এবং মরুভূমিতে জল দর্শন পূর্ব্বক জলপানের আশায় ছুটিলে তৃষ্ণা শান্তির পরিবর্ত্তে যে অসহ্য যন্ত্রণা ভোগ করিতে হয়, তাহা ঐন্দ্রিয়িক জ্ঞান-নির্ভর-শীল কোন ব্যক্তিই অস্বীকার করিতে পারেন না।

৩। যে ব্যক্তি পুত্রকে দেখিয়া কতই না আনন্দ উপভোগ করেন, সেই পিতারই পুত্রের প্রাণ বিয়োগ হইলে তিনি পুত্রের দেহদর্শনে আর পূর্ব্ববৎ আনন্দ লাভ করেন না, বরং তদ্দর্শনে দুঃখ সাগরে নিমগ্ন হন। এক্ষণে জিজ্ঞাস্য এই যে প্রাণ বিয়োগের পূর্ব্বে পুত্রের যে দেহ ছিল পরবর্ত্তীকালেও সেই দেহ রহিয়াছে, অথচ প্রাণবিয়োগের পর আনন্দের পরিবর্ত্তে নিরানন্দের উদয় কি প্রকারে সম্ভব হইতেছে। অতীন্দ্রিয়জ্ঞানসম্পন্ন মহাভাগবতের নিকট শ্রবণ করিলে আমরা জানিতে পারি যে (১) দেহের অভ্যন্তরে প্রিয় বস্তু ও ভগবদংশ, (২) [illegible] দেহ হইতে নির্গমন সংঘটিত হয় এবং (৩) মানবচক্ষু দেহের [illegible] পূর্ব্বক আত্মদর্শনে [illegible] পূর্ব্বক দেহে আত্ম-বুদ্ধি স্থাপনের [illegible] করে, যাহার ফলে অজ্ঞ ইন্দ্রিয়জ্ঞানের উপর নির্ভরশীল ব্যক্তিগণ দেহের [illegible] দুঃখ প্রকাশ করিতে বাধ্য হন।

৪। এক্ষণে আমরা ইন্দ্রিয়জ্ঞানের হেয়তা ও অতীন্দ্রিয়জ্ঞানের উপাদেয়তার কথঞ্চিৎ আভাস পাইলাম। অতএব আমাদের উচিত ইন্দ্রিয়জ্ঞানের উপর নির্ভরশীলতাকে পরিত্যাগ পূর্ব্বক সদ্গুরুর নিকট হইতে অতীন্দ্রিয় বস্তুর জ্ঞানলাভের জন্য যত্নশীল হওয়া। শাস্ত্রে অতীন্দ্রিয় বস্তু কথা এমন ভাবে লিপিবদ্ধ আছে যে তাহার বস্তু নিজ চেষ্টায় উদ্ঘাটিত হইবার নহে। সদ্গুরুর চরণাশ্রয় পূর্ব্বক তাঁহার আনুগত্যে থাকিয়া তাঁহারই শ্রীমুখ হইতে শাস্ত্রের রহস্য অবগত হইতে হয়। এই জন্য কোন মহাজন বলিয়াছেন :—

যাহ ভাগবত পড় বৈষ্ণবের স্থানে।
একান্ত আশ্রয় কর চৈতন্য চরণে॥
চৈতন্যের ভক্তগণের নিত্য কর সঙ্গ।
তবেত জানিবে সিদ্ধান্ত সমুদ্র তরঙ্গ॥

—

নিরপেক্ষতার অভাবে জীবের পতন

১। [illegible] বস্তু [illegible] পূজা [illegible]। সুতরাং আমি যে দিকে তাকাই না কেন সর্ব্বত্র আমার পূজ্য বস্তু নানা আকারে বিরাজমান আছেন বলিয়া বুঝিলে যে আমি সেবা [illegible] হইতে পারি।

২। [illegible] অভিপ্রায় বুঝিতে পারি না বা আকার করি না, [illegible] বস্তু [illegible] হইয়া থাকি। [illegible] কোন বা [illegible] হইয়াছে [illegible]।

[illegible] নিরপেক্ষ [illegible], শ্রীচৈতন্য [illegible]

পুরাতার স্থাপনে সমর্থ। সুতরাং ভোগ বা ত্যাগবুদ্ধিকে খর্ব করিতে হইলে আমাকে সর্বদা শ্রীগুরুপূর্বক ভগবন্নামাদির সঙ্গ করিতে হইবে। এই সঙ্গ নিরপেক্ষতার সহিত হওয়া কর্তব্য; কারণ নিরপেক্ষতার অভাব হইলে সাধনকালে ভোগ বা ত্যাগ বুদ্ধি প্রশ্রয় পাইয়া মস্তক উত্তোলন করিবে এবং ধীরে ধীরে সাধককে সাধনচ্যুত করিয়া পুনরায় ভোগী বা ত্যাগী সাজাইয়া নরকের পথিক করিয়া তুলিবে। নিরপেক্ষতার অভাব দেখিয়া যদি কোন বৈষ্ণব সতর্ক করিবার জন্য বাক্য-দণ্ড প্রয়োগ করেন, তাহা সহ্য করিয়া সেই বাক্যের সার গ্রহণ করিলে পতন হইতে রক্ষা পাওয়া যাইতে পারে। সাধুমুখনিঃসৃত বাক্যরূপ-দণ্ডকে অবনত-মস্তকে সহ্য করা উচিত। ইহা বুঝিবার জন্য কলিযুগ-পাবনাবতারী শ্রীকৃষ্ণাভিন্ন শ্রীমদ্‌গৌরসুন্দর নিজ প্রিয় ভক্ত শ্রীপাদ স্বরূপ-দামোদর প্রভুর শ্রীমুখনিঃসৃত বাক্যদণ্ড-সহনের যে লীলা অভিনয় করিয়াছিলেন, তাহা ভক্ত-প্রবর শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী বিরচিত শ্রীচৈতন্যচরিতামৃতের অন্ত্য, তৃতীয় অধ্যায়ে বর্ণন করিয়াছেন যথা,—

"পণ্ডিত হইয়া মনে বিচার না কর
রাণ্ডী-ব্রাহ্মণীর বালকে প্রীতি কেন কর ॥
এত বলি' দামোদর মৌন হইলা।
অন্তরে সন্তোষ প্রভু হাসি বিচারিলা ॥
ইঁহারে কহিয়ে শুদ্ধ প্রেমের তরঙ্গ।
দামোদর সম মোর নাহি অন্তরঙ্গ ॥
তোমা সম নিরপেক্ষ নাহি মোর গণে।
নিরপেক্ষ না হইলে ধর্ম না যায় রক্ষণে ॥
আমা হইতে যে না হয় সে তোমা হৈতে হয়।
আমাকে করিলে দণ্ড, আন কেবা কয় ॥
দামোদর আগে স্বাতন্ত্র্য না হয় কাহার।
তার ভয়ে সবে করে সঙ্কোচ ব্যবহার ॥
প্রভুগণে যারে দেখে অল্প মর্য্যাদা-লঙ্ঘন
বাক্য দণ্ড করি' করে মর্য্যাদা স্থাপন ॥
এই যে কহি দামোদরের বাক্য-দণ্ড।
যাহার শ্রবণে ভাগে অজ্ঞান পাষণ্ড ॥
চৈতন্যের লীলা গম্ভীর কোটী সমুদ্র হৈতে।
কি লাগি' কি করে, কেহ না পারে বুঝিতে ॥
অতএব গূঢ় অর্থ কিছুই না জানি।
বাহ্য অর্থ করিবারে করি টানাটানি ॥

নাস্তিক্যবাদ-পরিহার ও শ্রৌতপথাবলম্বন

ভগবৎ-বিমুখ ও মায়াতাড়িত জীবগণ প্রায়ই নাস্তিক। নাস্তিক্যবাদ প্রকারভেদে যথা,—

(১) জড়-বাদ—ইহাতে ঈশ্বর, আত্মা ও পরলোকের স্বীকার নাই এবং স্বভাব হইতে জগতের অস্তিত্ব স্বীকৃত হইয়াছে। যাবৎ জীবিত থাকা যায়, তাবৎ কাল পর্য্যন্ত দেহ ও মনের সুখ অনুসন্ধান করাই জড়বাদীর মুখ্য অভিপ্রায়। এক প্রকার জড়বাদী ঋণ করিয়া ঘৃত-ভোজনের অর্থাৎ অন্যকে ক্ষতিগ্রস্ত করিয়াও নিজ সুখসাধনে যত্নশীল। অপর এক প্রকার জড়-বাদী সাধারণের দেহ মনের সুখবিধানের দ্বারা আপনার দেহ-মনের সুখ সাধনের কৌশলকে ধর্ম মনে করেন ও তিনি জনহিতকর পার্থিব কার্য্যে নিযুক্ত হইয়া কথঞ্চিৎ স্বার্থত্যাগের অভিনয় করিয়া থাকেন। পৃথিবীর অধিকাংশ লোক কোন না কোন প্রকার জড়বাদেরই পৃষ্ঠপোষক।

(২) শূন্যবাদ—এই মতে শূন্য হইতে জগতের উৎপত্তি স্বীকৃত হইয়াছে। জড়বাদের ন্যায় ইহাতেও ঈশ্বর আত্মা ও পরলোকের স্বীকার নাই। দেহ-মনের সুখের আশায় বাধিত হইলে যে অনন্ত দুঃখ ভোগ করিতে হয়, তাহা শূন্যবাদিগণ বুঝিতে পারেন এবং তজ্জন্য তাহারা আপনাদিগকে জড়বাদিগণ অপেক্ষা অধিক বিচারনিপুণ মনে করেন। শূন্যবাদিগণ বিবেচনা করেন যে, মনুষ্যের ভিতর যে চেতন গুণ আছে, তাহাকে বিনাশ করিতে পারিলে সুখ ও দুঃখের অনুভূতি-রাহিত্যরূপ নির্ব্বাণ লাভ করিতে পারা যায় এবং সেই জন্য সিদ্ধান্ত করেন যে, দুঃখের নিরোধক নির্ব্বাণই মনুষ্যের চরম গতি হওয়া উচিত।

(৩) ভাববাদ—ইহাতে কোন বস্তুরই অস্তিত্ব স্বীকৃত হয় নাই। এই মতে মানসিক ভাব ভিন্ন আর কিছুই নাই সুতরাং ভাববাদিগণ বস্তুর সাহায্য ব্যতিরেকে চিন্তাপথে সুখভাবের আস্বাদনের পক্ষপাতী। জড় বস্তু দ্বারা সুখসাধনে তৎপর জড়-বাদীদিগকে দুঃখ আক্রমণ করে দেখিয়া ভাববাদিগণ জড়-সত্তার অস্তিত্ব মানিতে নারাজ চিন্তাপথে সুখ-সাধনে রুচিবিশিষ্ট

শূন্যবাদিগণ নির্ব্বাণদশায় এবং তৎপূর্ব্বে সুখ আস্বাদনে বঞ্চিত থাকেন মনে করিয়া ভাববাদিগণ তাহাদিগকে বুদ্ধিহীন বলিয়া ঘোষণা করেন।

(৪) সন্দেহবাদ—এই মতে আমরা পঞ্চ ইন্দ্রিয় সাহায্যে যে জ্ঞান লাভ করি, আমাদের ষষ্ঠ ইন্দ্রিয় থাকিলে আমরা সেই সমুদয় জ্ঞানকে অন্য রকমে বুঝিতাম। অতএব সন্দেহবাদিগণ বলেন যে, বর্তমানে মানব যে সিদ্ধান্তই করুন না কেন, তাহা অসম্পূর্ণ অতএব সন্দেহজনক। ইহারা জড়বিষয়ে আস্থাহীন হইলেও জড়াতীত বিষয়ের জ্ঞান লাভে বঞ্চিত।

(৫) সোঽহংবাদ—ইহাতে সকল পদার্থই জ্ঞান, জ্ঞেয় ও জ্ঞাতৃরূপ ত্রিপুটীরহিত চিন্মাত্ররূপ বলিয়া উক্ত হইয়াছে। সন্দেহবাদী যে "জড়াতীত বস্তুর অনুসন্ধান পাওয়া যাইতে পারে না" বলিয়া ঘোষণা করিয়াছেন, সোঽহংবাদিগণ সেই পদার্থের সন্ধান পাইয়াছেন বলিয়া মনে করেন। প্রকৃত পক্ষে নির্বিশেষরূপে চিন্তার দ্বারা সেই জড়াতীত বস্তুর পরিচয় পাওয়া যায় না। ঐরূপ প্রণালীতে জড় শূন্য পদার্থকে জড়াতীত বস্তু বলিয়া ভ্রান্তি উৎপন্ন হইতে পারে। এই জন্য সোঽহংবাদই প্রচ্ছন্ন শূন্যবাদনামে সজ্জনগণ কর্তৃক উক্ত হইয়া থাকে।

পূর্ব্বোক্ত জড়বাদ, শূন্যবাদ, ভাববাদ, সন্দেহবাদ ও সোঽহংবাদ রূপ মতবাদগুলি পুরাতন নাস্তিক্যবাদ মধ্যে গণ্য। এইগুলি ব্যতীত অন্য বহু প্রকার নাস্তিক্যবাদ জগতে প্রচারিত হইয়াছে, সে সকল প্রকারবাদই ইহাদিগের অন্তর্গত। শ্রৌতপন্থা স্বীকার না করিলে মানবমাত্রই উপরি উক্ত কোন না কোন প্রকার নাস্তিক্যবাদের কবলে পতিত হইবেই। নাস্তিক্যবাদ আশ্রয়ে দুঃখের আত্যন্তিক বিনাশ সম্ভবপর নহে। অতএব যাহারা নিত্যসুখের প্রয়াসী তাঁহাদিগের উচিত কাল-বিলম্ব না করিয়া সত্বর শ্রৌতপথাবলম্বনকারী কোন শাস্ত্রজ্ঞ ও ব্রহ্মনিষ্ঠ সদ্‌গুরুর চরণাশ্রয় করতঃ পরানন্দের জন্য যত্নশীল হন।

চেতন-দাম্পত্যেই মঙ্গলের কথা নিহিত

আমাদিগের অভিভাবকগণ আমাদিগকে বাল্যকালে অর্থকরী বিদ্যার্জনে নিযুক্ত করেন এবং যৌবনে অর্থোপার্জনের জন্য চাকরী বা ব্যবসায়াদিতে ব্রতী করিয়া থাকেন। যেহেতু তাঁহারা জড়-দেহের ধ্বংসে জীবের ধ্বংস হয় বিবেচনা করেন, তন্নিমিত্ত তাঁহারা, আমাদিগের জড়-দেহের উৎপত্তি হইতে ধ্বংস পর্য্যন্ত যে পৃথিবীতে অবস্থান, মাত্র সেই পরিমিত কালের ভিতর আমাদিগের অস্তিত্ব স্বীকার করেন, এবং যাহাতে আমরা দেহের বা জড়ের দাম্পত্যে মত্ত থাকিয়া, সুখে দেহপাত করিতে পারি তজ্জন্য আমাদিগকে বিবাহ বন্ধনে আবদ্ধ করিয়া দেন

জীবের আত্মা নিত্য বস্তু। স্থূল দেহের ধ্বংসে আত্মার ধ্বংস হয় না। কাজেই বিবেক-বুদ্ধিসম্পন্ন ধীর ব্যক্তিগণ স্থূলদেহের ধ্বংসের পরও জীবের আত্মার অস্তিত্ব অনন্তকাল থাকে বলিয়া বুঝিতে সমর্থ হন এবং তজ্জন্য তাঁহারা নশ্বর দৈহিক সুখের পক্ষপাতী না হইয়া যাহাতে তাঁহাদিগের আত্মা নিত্য কাল সুখে মগ্ন থাকিতে পারে তদ্বিষয়ে আগ্রহান্বিত হইয়া থাকেন।

৩। এইবার আমরা বুঝিলাম যে আমাদিগের অভিভাবকগণ পৃথিবীতে অবস্থিত আমাদিগের জড়-দেহ টুকুর অস্তিত্ব মাত্র দেখেন। সুতরাং তাঁহাদিগের বিচার জড়-দেহের আয়ুষ্কালরূপ গণ্ডি ছাড়িয়া আর বেশী অধিক উচ্চে উঠিতে পারে না। ধীর বিবেকিগণ কিন্তু আমাদিগের অভিভাবকগণের ন্যায় দেহাত্মবাদী নহেন। তাঁহারা আত্মাকে দেহের অতীত ও নিত্যকালস্থায়ী চেতনবস্তুরূপে বুঝেন। সেই জন্য তাঁহাদিগের বিচারের গণ্ডি আমাদিগের অভিভাবকগণের ন্যায় তত ক্ষুদ্র নহে।

৪। শ্রীভগবান্ কপিলাবতারে দেবহূতিকে বলিয়াছিলেন, তোমার এই "স্ত্রী"রূপা আমার মায়া দর্শন কর। "স্ত্রী" রূপিণী মায়াশক্তির ভ্রূবিক্ষেপে বড় বড় দিগ্বিজয়ী বীরগণ ও তাহাদের সমস্ত শক্তি জলাঞ্জলি দিয়া স্ত্রীর পদসেবনে আসক্ত হয়। যোষিৎ-রূপা মায়াকে ভোগ করিবার অভিপ্রায়ে ভোগী পুরুষ নিজ বন্ধ জন্মান্তরের দুঃখের বিষয় চিন্তা না করিয়া সংসেবনাভিলাষে প্রমত্ত হইয়া কেবল নরকের পথই প্রশস্ত করিয়া থাকে। অতএব বুঝা যাইতেছে যে জড়-দাম্পত্য অমঙ্গলের আবাহন করে এবং আমাদিগের অভিভাবকগণ তাঁহাদিগের অজ্ঞতাবশতঃ আমাদিগকে বিবাহ বন্ধনে আবদ্ধ করিয়া আমাদিগের মঙ্গলের পথ কোটী-কণ্টকরুদ্ধ করিয়াছেন। এমত অবস্থায় যদি আমরা যোষিৎসঙ্গহীন-কোন নিষ্কিঞ্চন শুদ্ধ ভগবদ্ভক্তের চরণাশ্রয় পূর্বক শ্রীশ্রীমদ্‌গৌরসুন্দরের প্রদর্শিত পন্থায় চেতনদাম্পত্য ভাবাপন্ন শ্রীশ্রীরাধাকৃষ্ণের বিশুদ্ধ প্রেমের কথা শ্রবণ ও কীর্ত্তন করিতে করিতে নশ্বর দেহকে পাত করিতে পারি তবেই নিত্য কল্যাণ ও নিত্য সুখলাভের সম্ভাবনা আছে নচেৎ নহে।

আমাদিগের আত্মা চেতন। যদি আমরা আত্মার চেতন বৃত্তিকে জড়দেহের চিন্তায় নিযুক্ত রাখি, তাহা হইলে জড়-দুঃখ বিস্মরণ শোক, ভয় ও মোহ এবং দৈন্য নিদারুণ দুঃখ আমাদিগের অনুভূতির বিষয় হইবে। সাধুসঙ্গপ্রভাবে যদি আমরা পূর্ণ চেতন শ্রীশ্রীরাধাকৃষ্ণের প্রেমকথা শুনিতে থাকি, তাহা হইলে আমরা অশোক, অভয় ও নিত্যানন্দময় হইয়া নিত্যকাল পরমানন্দে মগ্ন থাকিতে পারিব।

মেদিনীপুরে তীর্থমহারাজ

ত্রিদণ্ডাগ্রণী গোস্বামী শ্রীমদ্ভক্তিপ্রদীপ তীর্থমহারাজ তথায় প্রথমদিন স্থানীয় উচ্চ ইংরাজী বিদ্যা-মন্দিরে, দ্বিতীয় দিন মদনমোহন মন্দিরে, তৃতীয় দিন শ্রীযুক্ত উপেন্দ্রনাথ মহান্তি মহাশয়ের ভবনে এবং চতুর্থ দিন শ্রীযুক্ত সদাব্রত মহান্তি মহাশয়ের মন্দিরে ছায়াচিত্রযোগে মহাপ্রভুর আচার এবং প্রচার-বৈশিষ্ট্য কীর্ত্তন করিয়া গত ২৩শে জুলাই বুধবার মেদিনীপুর গৌড়ীয় মঠ-কার্য্যালয়ে আগমন করিয়াছেন। মহারাজ বর্ত্তমানে এখানে অবস্থান করিয়া স্থানীয় জনসাধারণের নিকট হরিকথা কীর্ত্তন করিতেছেন।

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

ভক্তি-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী বয়েলে বাঁধাই স্বর্ণাক্ষরে। চতুর্থ সংস্করণ। বিস্তৃতবিষয়সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সনাতন বর্ণাশ্রম বেদ, বেদান্ত, উপনিষৎ, গীতা, শ্রীমদ্ভাগবত স্মৃতি, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই জন্য স্কুলবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই—২৲ দুই টাকা

আবাঁধা—১৸৹ পৌনে দুই টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও অনিত্য সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? বর্ণ, সমাজ, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসংকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য

প্রমাণ খণ্ড

ভিক্ষা ৵৹

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নবটী দ্বীপ-সমন্বিত। এই নব দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ভাবে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৩০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

উজ্জ্বল বোল্ড-র কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উদ্গম হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

সাধনপথ

।৶৹ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে বিবৃত হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমন্মহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ

অষ্টম সংস্করণ

ভিক্ষা /৹ আনা।

দেহ ও মনের চেষ্টা অবিদ্যাবশ্য সকল—ইহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যানন্দ শ্রীভগবানের প্রতি তাঁহার কোন প্রকার আবেদনই প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্মসমর্পণমূলক গান। উহার সংস্করণও প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড /৹ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— /৹, নবদ্বীপশতক— /৹

কল্যাণকল্পতরু

পকেট সাইজ

পঞ্চম সংস্করণ

ভিক্ষা /১৹

আমরা প্রত্যহ নূতন অভাব ও অবস্থার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন্ বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিকই কল্যাণের কল্পতরু; ইহা প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদানে

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয়-সংবলিত প্রায় ৪২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১॥৹

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সার্ব্বভৌমকোষগ্রন্থ

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। বিষ্ণুবৈষ্ণবসম্পর্কিত শ্রীমন্দির ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও গ্রন্থকারসমূহের তাৎপর্য্য ও বিবরণ, ৫। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় আকরমূলে যাবতীয় তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ খণ্ড ৸৶৹, ২য় খণ্ড ৸৶৹, ৩য় খণ্ড ৸৹, ৪র্থ খণ্ড ৷৶৹, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ

—১ম খণ্ড ১৲ এক টাকা ২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷৹ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই ষট্‌সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ ফর্ম্মায় ৬৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমন্মধ্বাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা /৹ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক-সূচী, বিবৃতি-সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইল। প্রতি খণ্ড সাধারণ পক্ষে ।৶৹, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ।৹

২। ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (চতুর্থ সংস্করণ) ৫৲

৩। গৌড়ীয়-গৌরব ।৶৹

৪। গৌড়ীয়-সাহিত্য ।৶৹

৫। ভজনরহস্য ॥৹

৬। শ্রীশ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

„ „ আবাঁধা ৸৹

৭। গীতাবলী ।৹

৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲

আবাঁধা ১৸৹

গীতার কেবল মাত্র-কাব্য ॥৹

৯। মুক্তিফলটীকা জগদ্গুরুঃ সানুবাদ (মাধ্ব) ২৲

১০। বেদান্তসূত্রের সানুবাদ (রামানুজীয়) ॥৹

১১। জৈবধর্ম্ম

১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹

১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৸৶৹

ঐ বাঁধা ৸৹

১৫। দীপ-বিদর্শন ৶৹

১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ।৶৹

১৭। গোস্বামী রঘুনাথ দাস অবাঁধা ।৶৹

ঐ ঐ বাঁধা ॥৹

১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸৹

১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৶৹

২০। গীতমালা /১৹

২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৶৹

২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।৹

২৩। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা-দর্পণ ।৹

২৪। শরণাগতি, গীতাবলী, সাধনপথ, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্থপঞ্চক ও সদাচারস্মৃতিঃ মোট ।৶৹

২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও অর্চনপদ্ধতি ৶৹

২৬। সাধককণ্ঠমালা আবাঁধা ।৶৹

বাঁধা ॥৹

২৭। সিদ্ধান্তদর্পণ ৶৹

২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲

২৯। [illegible] ॥৹

৩০। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা বাঁধা ১৲

আবাঁধা ৸৹

৩১। মণিমঞ্জরী সানুবাদ ।৹

৩২। গৌরকৃষ্ণোদয়ঃ ৸৹

৩৩। [illegible] ভাগবত (বিরাট, দ্বিতীয় সংস্করণ) ২৲

৩৪। [illegible] শিক্ষাষ্টকম্ [illegible]

৩৫। [illegible] শিক্ষামৃতমূলম্ [illegible]

৩৬। শ্রী[illegible] ভাগবতী [illegible] [illegible]

৩৭। ভক্তকৃপাবাণী বা মায়াবাদশতদূষণী।

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া।

যক্ষ্মার হতাশ হইবেন না

দৈব-প্রাপ্ত একমাত্র মহৌষধ, পনর দিনে যক্ষ্মা বা কয় কাশ সম্পূর্ণ আরোগ্য হইবে। বহু সহস্র রোগী মৃত্যুমুখ হইতে রক্ষা পাইয়াছেন। (গরীব রোগীদিগকে সমস্ত খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়।) বিস্তারিত জানিবার জন্য এক আনার টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র উকীল পোঃ নৈকাটী, জেলা বাঁকুড়া।

নদীয়া জেলায় নিম্ন ঠিকানায় অনুসন্ধান করিতে পারেন—

ভাগবত প্রেসের ম্যানেজার শ্রীযুক্ত মহানন্দ ব্রহ্মচারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রীযুক্ত রামগোপাল চক্র এম, এ, কৃষ্ণনগর পোঃ, জেলা নদীয়া।

একখানি পত্র

.............আনন্দ সহকারে জানাইতেছি যে আমার ভ্রাতুষ্পুত্র কঠিন যক্ষ্মা রোগে আক্রান্ত হইয়াছিল এবং কলিকাতার বড় প্রসিদ্ধ ডাক্তার মহাশয়গণ জীবনের আশা একেবারে ত্যাগ করিয়াছিলেন, কিন্তু বাবু ক্ষিতীশচন্দ্র উকিল মহাশয়ের ঔষধ মাত্র ১৫ দিন ব্যবহার করিয়া সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছে।

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী

জমিদার, খালিয়া ফরিদপুর।

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাঁহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ ধাতুদৌর্বল্য, স্নায়বিক দুর্বলতা, বহুমূত্র, উপদংশ, পারদ-সংক্রান্ত পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাঁহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, হিষ্টিরিয়া, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটান সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১৸০ টাকা মাত্র।

সোল এজেণ্ট—ডাঃ ডি, ডি, হাজরা।

ফতেপুর, গার্ডেনরীচ পোঃ, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভু-পাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পত্রসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোল্ড অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে টীটাগড়ের কাগজে ছাপা। ভিক্ষা—২৷০ টাকা

৪৪৪ গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

পরমার্থিব্যক্তি মাত্রেরই একান্ত প্রয়োজনীয়

বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত

বাংলার ঘরে ঘরে বিরাজিত হউক

ভিক্ষা ৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর পোঃ (নদীয়া)

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম এ, এফ সি এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে স্থিত তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে যত্নপূর্বক ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।

নিত্য প্রয়োজনীয় সর্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাসি, সর্দি, যক্ষ্মা, ক্ষয়রোগ, হৃদরোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্বপ্রকার দুর্বলতা নাশক আশ্চর্য পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্বল্য, শুক্রক্ষীণতা, স্বপ্নদোষ, প্রমেহ ও অজীর্ণ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপারসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত স্ত্রীরোগের প্রতিষেধক

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ লক্ষ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্বত্র বিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটীর উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটীকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি নিবৃত্তি করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটীকা পূর্ণ প্রতি কোটার মূল্য ১৲ একটাকা।

২। "মণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাক্-চিক্ করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১৲ টাকা।

অন্যান্য আবিষ্কৃত

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন:—

প্রাপ্তিস্থান:—আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার স্ট্রীট, কলিকাতা।

এখনও অপূর্ব সুযোগ পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম, এ প্রাজ (লাহোর)

মহোদয় কর্তৃক সম্পাদিত।

৪৭ খানি অপূর্ব-চিত্র সমন্বিত।

বিশ্বকোষ-সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইঃ) মরোক্কো বাঁধা ১৷০ স্থলে ২৲ দুই টাকা মাত্র

এর প্রকাশ হইবামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

শ্রীধাম মায়াপুর নদীয়া প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে—ডাঃ শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী এম, এস, এফ কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়মিশন হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৪৭শ খণ্ড এবং নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৫৷৵০ সাধারণ পক্ষে ২১৷৵০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৵০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।/০।

দশম স্কন্ধের ভিক্ষা ১২৲, অগ্রিম সাহায্যকারীর পক্ষে ৮৲।

৮৩২ পৃষ্ঠায় ৭৮ অধ্যায় পর্য্যন্ত ত্রয়োদশ খণ্ড ছাপা হইয়াছে। একাদশ স্কন্ধ ছাপা আরম্ভ হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষায় তৃতীয় সংস্করণ ৪৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০৲ টাকার এই বিরাট্ গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আদিকবি

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫৲

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪॥০ টাকা

সাধক কণ্ঠমালা

সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার

ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ

ভিক্ষা ।৵০ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব্ব বাঙ্গালার মধ্যে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মোশনে দিবরাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে জানেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার স্বর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে। বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	৷০
একত্রে ৩ খণ্ড লইলে	১
সাধন পথ (শ্রীমহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	৸০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৵০
একত্রে ৩খণ্ড লইলে	।০
গীতাবলী প্রতিখণ্ড	৴১০
একত্রে ৩ খণ্ড লইলে	৴১৫
শরণাগতি—প্রতিখণ্ড	৴০
একত্রে ৩খণ্ড লইলে	৵৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীধামমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগৌরগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বৰ্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ,—চটকপর্ব্বত, পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিরুলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৬নং জঙ্গমবাড়ী, কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
১০। শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ পি।
১১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব
১২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—১০নং নবাবপুর রোড, ঢাকা।
১৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,— বালিয়াটি, ঢাকা।
১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাযোড়া, রাজবাঁধ পোঃ, বৰ্দ্ধমান।
১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—ডুমুরকোন্দা, চিরকুণ্ডা পোঃ, মানভূম।
১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ ওয়ান রোড, নিউদিল্লি

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—বড় বাজার রোড, খুলনা
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—দেওয়ানগঞ্জ,
জোড়বাড়ী কুচবিহার।
৩। শ্রীযুক্ত বামরঞ্জন রায়—৭৬,২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা
৪। মিঃ এন্ ডি, মুখার্জ্জি—এম, এস, ওয়াকস্ ইন মল, কানপুর
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী গোস্বামী—স্বরূপগঞ্জ, নদীয়া
৬। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।
৭ শ্রীবিধুমোহন দে—মনোমোহন প্রেস, নবাবপুর, ঢাকা
৮। শ্রীশৈলেন্দ্রনাথ পত্তনায়ক বেড়াচাঁপা, ২৪ পরগণা
৯। শ্রীপঞ্চানন চট্টোপাধ্যায় এ, এম, এস, বালেশ্বর
১০। শ্রীপাদ অতীন্দ্রিয় ভক্তিপ্রকাশ মহোদয়।
১১। শ্রীপাদ নরোত্তম দাসাধিকারী ঐ

দৈনিক বসুমতী-প্রকাশ

বর্ষায় একমাত্র স্বদেশী

রবারের জুতা

টি, টি, সিলিপার

চটি, ফ্যাসিয়ান ও এলবার্ট

চামড়াহীন, মজবুত, সস্তা, নরম, জল-কাদায় বিশেষ উপযোগী—এই স্বদেশী জুতা, বাজে বিদেশী জুতার বদলে কিনিয়া দেশী শিল্পের সহায়তা করুন।

ঠিকানা—টি, টি, সিলিপার এণ্ড কোং, ১নং টাউনসেণ্ড রোড ভবানীপুর, কলিকাতা

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

সারফালিন

টনিক ও সালসা। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার ধ্বংস হয়। কলেজ পরিচায়কে'

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ৩।৪ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ খাওয়া উচিত নয় কি? একণে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ বিষের জল খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে হয়রান হয়েন কেন? সুতরাং ।০ আনার সারফালিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট, এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ।৵০ আনা, ডজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসার্স্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কলিকাতা।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা
সর্ব্বত্র পাওয়া যায়।

যুগল-মূর্ত্তি মার্কা এবং বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

টেলিগ্রামের নাম ও ঠিকানা — "শ্রীধাম" / নবদ্বীপ

Registered No. C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চ ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩॥০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

গ্রাহকের হার অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ প্রতি সংখ্যা

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [১৩৩ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—২১শে শ্রাবণ ১৩৩৭ বুধবার ৬ই আগষ্ট ১৯৩০

নবদ্বীপে ৪ দিন হরতাল

মুক্তাগাছার জমীদারের মৃত্যু

সম্পাদকের ১০০০৲ জরিমানা

শিশু পিকেটারের কারাদণ্ড

আবার বোমা

বরিশাল জেলে অনশন—কালাভাই গ্রেপ্তার

বিক্রমপুরে নেতার জেল

মেয়র নির্ব্বাচনে বন্দিগণের উক্তি

লাহোরে আকালি মিছিল

জেল—জরিমানা—গ্রেপ্তার

নানা কথা

নবদ্বীপে ২ সপ্তাহে ৪ দিন হরতাল

গত সপ্তাহে ২৫শে জুলাই কংগ্রেস সম্পাদক ও ৩০শে জুলাই কয়েকজন স্বেচ্ছা-সেবক গ্রেপ্তার হওয়ায় ঐ দুই দিন হরতাল হইয়া গিয়াছে।

গত ২রা আগষ্ট বসন্ত রায় গ্রেপ্তার হওয়ায় ঐদিন হরতাল হইয়া গিয়াছে।

মিঃ প্যাটেল ও পণ্ডিত মালব্য গ্রেপ্তার হওয়ায় গত ৫ই আগষ্ট হরতাল হইয়া গিয়াছে। দোকান পাট সব বন্ধ ছিল।

কুষ্টিয়া—জেলা নদীয়া

গত ৩১শে জুলাইয়ের সংবাদে জানা যায় যে কুষ্টিয়ায় স্থানীয় হাই স্কুলে ছাত্রগণ ও মহিলাগণ পিকেটিং করিতেছেন। গত ২রা তারিখের পিকেটিং কালে হেডমাষ্টার মহাশয়ের নালিশ মত কুমুদ নাথ রায় গ্রেপ্তার হইয়াছেন। বিচারে তাঁহার ৬ মাস সশ্রম কারাবাসের আদেশ হইয়াছে।

জমীদারের মৃত্যু

মুক্তাগাছা বাড়ীর সময় মোটর খারাপ হইয়া যাওয়ায় রাজা জগৎকিশোর সিংহের ভ্রাতার একমাত্র পৌত্র বৈমনসিংহের একজন জমীদার বাবু সুবোধ চন্দ্র সান্যাল, তাঁহার মোটরগাড়ীটি মেরামত করা দিয়া নিকটে দাঁড়াইয়া মেরামতকার্য্য পরিদর্শন করিতেছিলেন। এই সময়ে একটী মোটর বাস তাঁহার উপর আসিয়া পড়ে এবং তাঁহাকে গুরুতর জখম করে। দুই দিন পরে তাঁহার মৃত্যু হইয়াছে।

শিশুর কারাবাস

দিনাজপুরে গত ৩১শে জুলাই ১১ বৎসরের শিশুর স্কুলে পিকেটিং করার অপরাধে ৩ মাস করিয়া সশ্রম কারাবাসের আদেশ হইয়াছে।

আবার বোমা

লাহোর হইতে সংবাদ পাওয়া গিয়াছে যে পুলিশ ভাওয়ালপুর রোড বোমা কেস্ সম্বন্ধে তদন্ত করিতে করিতে লাহোরে কয়েকটী ঘর খানাতল্লাস করে। তাহারা বারটী তাজা বোমা এবং বারটী তরবারী পাইয়াছে।

মধ্যরাত্রির কিছু পরে খানাতল্লাস আরম্ভ হয় এবং ভোরের কিছু পরে শেষ হয়। চারিজনকে পুলিশ গ্রেপ্তার করিয়াছে। তাহাদিগের মধ্যে দুইজন স্থানীয় কলেজের ছাত্র।

এই অনুসন্ধান হইতে জানিতে পারা গিয়াছে সারা দেশে সরকারের বিরুদ্ধে একটী বিরাট ষড়যন্ত্র চলিতেছে। তবে ষড়যন্ত্রকারিগণ কলেজের বালক মাত্র।

এই মোকর্দ্দমা সম্বন্ধে অনুসন্ধানে দুইটী রিভলভার বাজেয়াপ্ত করা হইয়াছে।

গত ২৫শে জুলাই তারিখে পুলিশ শাহ্‌দি পত্রিকার সেক্রেটারী ... সম্পর্কে দুইজনকে গ্রেপ্তার করে। তাহাদের মধ্যে একজন পুলিশের নিকট স্বীকারোক্তি করে: সেই উক্তি অবলম্বন করিয়া এই খানাতল্লাস হয়।

সম্পাদকের দণ্ড

ন্যাশনাল পত্রিকার সম্পাদক শ্রীযুত প্রফুল্ল নাথ গুপ্ত এবং লিবার্টির সম্পাদক শ্রীযুত যুগলকিশোর ধরের ১০০০ হাজার টাকা করিয়া জরিমানা হইয়াছে।

লাট-জমীদার সংবাদ

পাঠক অবগত আছেন যে জমীদারদিগের প্রতিনিধিগণ বড়লাট সাহেবের সহিত সাক্ষাৎ করিয়া কতকগুলি প্রার্থনা জানান।

যে সকল প্রার্থনা জানান হইয়াছে ... তার মধ্যে সর্ব্বাপেক্ষা উল্লেখ-যোগ্য কৃষি-জাত দ্রব্যের উপর আয় কর সম্বন্ধীয় প্রস্তাব। ভাবী আয়কর আইনে কৃষি-জাত দ্রব্যের উপর আয়কর বসাইবার চেষ্টা চলিতেছে।

এই প্রস্তাবে কেবলমাত্র যে চিরস্থায়ী বন্দোবস্তের উপর হস্তক্ষেপ করা হইতেছে, তাহা নহে, অধিকন্তু কর বসাইবার সমস্ত সুবিবেচনা-প্রসূত প্রণালীর উপর আক্রমণ হইয়াছে।

জমীদারদিগের অধিকারসমূহের উপর হস্তক্ষেপ করিতে চেষ্টা করায় জমীদারগণ দুশ্চিন্তাগ্রস্ত হইয়াছেন। যে সমস্ত প্রদেশে [illegible] অথবা [illegible] প্রচলিত আছে, সে সমস্ত [illegible] লোকে জানে যে গবর্ণমেন্ট তাহাদের অধিকার [illegible] করিয়াছিল। সেই প্রতিজ্ঞা ভঙ্গের সম্ভাবনায় জমীদারগণের [illegible] আশঙ্কার সৃষ্টি হইয়াছে।

[illegible] স্বাধীনতা স্থাপিত হইলেই [illegible] প্রতিনিধিগণ [illegible] প্রতিশ্রুতি স্থাপিত করিবেন। জমীদারেরা আশা করেন যে [illegible] হইবে এবং [illegible] প্রবর্ত্তিত হইবে।

'দৈনিক বসুমতী প্রকাশ'

বিবিধ সংবাদ

জেল জরিমানা গ্রেপ্তার

৫ আইনে গত ৩১ জুলাই ২৭ জন স্বেচ্ছাসেবক গাঁজার দোকানে পিকেটিং করার জন্য দণ্ডিত হইয়াছেন। আদালত এই সপ্তাহে ১১১৪ জন গ্রেপ্তার হইয়াছেন।

ঢাকা নবাবগঞ্জ ও কলাকোপাতে ১২ জন স্বেচ্ছাসেবককে পিকেটিং অর্ডিন্যান্স অনুসারে দণ্ড করা হইয়াছে।

বাঁকুড়ার অহীন্দ্র নাথ ঘোষ উকিলের ৯ মাস জেল হইয়াছিল। সম্প্রতি তাঁহাকে এ-ক্লাস বন্দী করা হইয়াছে। জেলা কংগ্রেস কমিটির সহকারী সম্পাদক শ্রীযুত অমিয় কান্ত চাটার্জ্জিকে পিকেটিং অর্ডিন্যান্স অনুসারে গ্রেপ্তার করা হইয়াছে।

খুলনাতে আবগারি দোকানে পিকেটিং করার জন্য শ্রীযুত আনন্দলাল দাস, গোবিন্দ শেখর দাস গুপ্ত, যোগেন্দ্র নাথ রায় ও অমীয় কুমার ঘোষালের ৪ মাস সশ্রম কারাদণ্ড হইয়াছে এবং খুলনা জিলাস্কুলে পিকেটিং করার জন্য শ্রীযুত সুরদাস চক্রবর্ত্তী ও কানাই বন্দ্যোপাধ্যায়কে ৫ মাস সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হইয়াছে।

দিনাজপুর জেলার পার্ব্বতীপুর আবগারি দোকানে পিকেটিং করার জন্য ৫ জন স্বেচ্ছাসেবকের ৬ মাস করিয়া সশ্রম কারাদণ্ড হইয়াছে।

রাজশাহীতে পুলিশ আইন অমান্য সমিতি ধানাতল্লাস করিয়া মধুসূদন দে নামক একটী বালককে এবং সমিতির সম্পাদক হেমন্ত নাগ ও অপূর্ব্ব দাসগুপ্তকে গ্রেপ্তার করিয়াছে।

হুগলিতে ১৪৮ ধারার অপরাধে শ্রীযুত বিশ্বনাথ সান্যাল ও যুগলকিশোর কুণ্ডু ৬ সপ্তাহ করিয়া জেল হইয়াছে এবং টাকা বন্ধ আন্দোলন চালাইবার অপরাধে বঙ্কিমচন্দ্র ব্যানার্জ্জি, নৃপেন্দ্র গাঙ্গুলী, প্রফুল্লচন্দ্র দাস, যোগেন্দ্র কুমার, নিরঞ্জন গাঙ্গুলী, বরদা প্রসন্ন মুখার্জ্জি, কালিদাস সেনগুপ্ত ও দেবেন্দ্রনাথ ভট্টাচার্য্যের ৩ মাস করিয়া জেল হইয়াছে।

পুরীতে ৩ জন স্বেচ্ছাসেবকের পুলিশ আইনের ৩২ ধারা মতে ২ মাস করিয়া কারাবাসের আদেশ। হইয়াছে।

বরিশাল জেলে অনশন—কালাচাঁদ গ্রেপ্তার

গত ১লা আগষ্ট তারিখের সংবাদে প্রকাশ যে বরিশালের স্থানীয় জেলের রাজনৈতিক বন্দিগণ ৩১শে জুলাই আগষ্ট পর্য্যন্ত নির্দ্দিষ্ট সময়ের মুক্তির জন্য উপবাস করিয়াছিলেন। এইরূপ অনুভব যে বরিশাল বুদ্ধের সময়ের জেলে মারা গিয়াছে।

বীরেন্দ্র নাথ চৌধুরী ওরফে কালাচাঁদকে পুলিশ গ্রেপ্তার করিয়াছে। সে ব্রজমোহন কলেজের ছাত্র। ... আদেশ অনুসারে পুলিশ ১৪৮ ধারা অনুসারে তাহাকে গ্রেপ্তার করিয়াছে।

লাহোরে আকালি মিছিল

১৫০ জন আকালি লাঠী হাতে লইয়া অভিমুখে রওনা হইয়াছে। পুলিশ তাহাদের পশ্চাৎ অনুসরণ করিতেছে; কিন্তু এখনও কাহাকেও গ্রেপ্তার করে নাই।

রাজনৈতিক বন্দিগণের স্থান সংকুলান

রাজনৈতিক বন্দিদের মাহাতে জেলখানায় স্থান এত কম হইতেছে যে অন্যান্য অপরাধিগণকে ছাড়িয়া দিতে হইতেছে। উপায় না দেখিয়া সরকার ২০০টী এবং সেখানে ৪০০ কি ৫০০ জন এবং মোটকে ৪০ জন বন্দীকে এইভাবে ছাড়িয়া দেওয়া হইয়াছে।

বিক্রমপুর নেতার জেল

বিক্রমপুর রাষ্ট্রীয় সমিতির সম্পাদক শ্রীযুত দীনেশ চন্দ্র চক্রবর্ত্তীর চৌকীদারী ট্যাক্স না দেওয়ার জন্য এবং ইউনিয়ন বোর্ডের সদস্যদিগকে পদত্যাগ করিতে অনুরোধ করার জন্য ৬ মাস কারাদণ্ডে দণ্ডিত হইয়াছেন।

মেয়র নির্ব্বাচনে বন্দিগণের উক্তি

কলিকাতা কর্পোরেশনের শ্রীযুত যতীন্দ্র মোহন সেন গুপ্তের স্থলে শ্রীযুত সুভাষ চন্দ্র বসুকে মেয়র নির্ব্বাচিত করা সম্বন্ধে যে নূতন আন্দোলন চলিতেছে, তৎসম্বন্ধে কলিকাতার বন্দী কংগ্রেসসম্পাদকগণের উক্তি—"আমরা কলিকাতা কর্পোরেশনের কংগ্রেসপক্ষীয় প্রতিনিধিগণকে বিশেষতঃ কংগ্রেস সদস্যগণকে অনুরোধ করিতেছি যে তাঁহারা যেন শ্রীযুত জে, এম, সেন গুপ্তের কর্পোরেশনে যোগদান বিষয়ে অনিচ্ছুক সম্পাদকের সুযোগ না দেন। বর্ত্তমান জাতীয় সংগ্রামের ... সেনগুপ্তকে পদচ্যুত করা হইলে তাহা সমগ্র জাতির দুর্দ্দিনে নিকট হীন করিবে। আমরা কারাগার হইতে কাউন্সিলারগণকে অনুরোধ করিতেছি যে তাঁহারা যেন স্বার্থপর ও স্বজনবাদ লোকদের চেষ্টা বিফল করিতে যত্নবান হন। যদি সুভাষ বাবু কর্পোরেশনে যোগ দিতে ইচ্ছা করেন তাহা হইলে কোনও কংগ্রেস কাউন্সিলার বা অল্ডারম্যান পদত্যাগ করিয়া তাঁহার জন্য স্থান করিয়া দিতে পারেন।

স্বাক্ষর:
হেমন্ত কুমার বোস
উত্তর কলিকাতা কংগ্রেস সমিতির সম্পাদক
মধুসূদন দাস বর্ম্মণ
বড়বাজার কংগ্রেস সমিতির সম্পাদক
বিনয় কৃষ্ণ বোস
সেন্ট্রাল কলিকাতা কংগ্রেস সমিতির সম্পাদক
পরিমল ... বন্দ্যোপাধ্যায়
দক্ষিণ কলিকাতা কংগ্রেস সমিতির সম্পাদক

পিকেটিং চোকে

গত শনিবার সন্ধ্যাকালে কলিকাতার কয়েকখানি দোকানে দেখা গেল যে পরিষ্কার মোটা হরফে লেখা; দোকানে কংগ্রেসের নাম পাগড়ীওয়ালা বৈদেশিক সিগারেট। "অ্যাডভান্স" সংবাদদাতা একজন পান পাওয়ালাকে জিজ্ঞাসা করিলেন, "এখানে এত পাহারা কেন বাপু?" পাহারাওয়ালা গম্ভীর ভাবে বলিলেন, "পিকেটিং রোকে।" সংবাদদাতা জিজ্ঞাসা করিলেন, "কখন গেপ্তার হ'ল?" পাহারাওয়ালা সাহেব বলিলেন, "গ্রেপ্তার হয় নাই। খালি পুছি লিয়া রোকে," জিজ্ঞাসায় জানা গেল যে সেখানে স্ত্রী পিকেটার আসেন নাই; ছোট ছোট বালকেরা আসিয়া ঐ কার্য্য করিতেছে এবং পাহারাওয়ালা তাহাদিগকে ধীরে ধীরে ধাক্কা দিয়া সরাইয়া দিতেছে।

শেখর

কারগেট টীন, জানালা দরজাদি দালানের ফুলদার রেলিং ও থাম লোহার গেট ইত্যাদি সুলভে বিক্রয় করি

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠ ভট্টাচার্য্যের
বেহালার পাচন
সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।
... শিশিতে ... কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ।০ আনা
পাইট ।৮০ আনা, বোতল ১৷০ আনা।
অফিস—১১নং উল্টাডাঙ্গা রোড পোঃ ... কলিকাতা

কোম্পানীর
মদন মঞ্জরী
বটিকার বল ও ধাতুবিকার, চিত্তবিকৃতি হ্রাস, অজীর্ণ, অম্ল, অনিদ্রা, বাহাদোষ, বুক ধড়ফড়ানি, অগ্নিমান্দ্য প্রভৃতি সকল রকম বিকার আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বটী ১, এক টাকা।
"অপূর্ব্ব সংজ্ঞাবারি ঘৃত"
পুরুষত্বহানি যে যে কারণেই হউক আরোগ্য করিয়া শক্তিসঞ্চয় করে। মূল্য ৫ তোলা ১, টাকা।
"স্বপ্নবিলাসিনী বটিকা"
... মূল্য ১০ বটী ১, এক টাকা।
রাজবৈদ্য আয়ুর্ব্বেদশাস্ত্রী, কেশরঞ্জন
নং ১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন
সাবধান! সাবধান!! সাবধান!!!
জে, বি, দত্তের চোকা শিশি বাদাম তৈল
খাঁটি ও অকৃত্রিম এবং উপকারিতার সর্ব্বজন পরিচিত ও বহু প্রশংসিত।
আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী J. B. Datta & Co. নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জুয়াচোরগণ কমদরের তৈল দিয়া প্রতারণা করিবে।
শ্রীজ—জে, বি, দত্ত

কেরার্স কুইনিন
নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম
ইহাতে উপযুক্ত মাত্রায় আর্সেনিক, বাইসালফেট কুইনিন, আয়রণ এবং ... আছে।
এই কেরার্স-কুইনিন দ্বারা চিকিৎসা করিলে একটী বা দুইটী ইনজেকশনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া দূর হয় এবং ... ইনজেকশনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ দূর করিয়া
৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২, ... টাকা
বাই-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরীতে
২৪।১ চন্দ্রনাথ লেন, কলিকাতা

শ্রীশ্রীকৃষ্ণগৌরাঙ্গৌ জয়তঃ
—:০:—
দৈনিক নদীয়া প্রকাশ
নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ
শ্রীধাম মায়াপুর—২১শে শ্রাবণ বুধবার—১৩৩৭

(১)
অণুচেতন জীব অচেতন বস্তুসমূহের পরিচালক হইতে গিয়া অধীন হইয়া পড়ে এবং তৎফলে দুঃখ-শোক-ভয়-মোহাচ্ছন্ন হয়; কিন্তু আপনাকে ও অন্যান্য যাবতীয় পদার্থকে পূর্ণ চেতনের সেবায় নিযুক্ত করিতে পারিলে জীব পরমানন্দলাভে সমর্থ হন

(২)
(ক) বিষয় কৃষ্ণভজনের অনুকূল হইলে তাহা কৃষ্ণসেবোপকরণ-জ্ঞানে কৃষ্ণসেবার্থে স্বীকার দোষাবহ নহে, কিন্তু প্রতিকূল হইলে তাহা সর্ব্বপ্রযত্নে বর্জ্জনীয়

(খ) জীব পাছে স্ত্রীপুত্রাদির প্রতি ভালবাসারূপ মায়ামোহে মুগ্ধ হইয়া কৃষ্ণ-পাদপদ্ম ভুলিয়া যায়, এই জন্য কৃষ্ণ নানাভাবে জীবকে সেই ভালবাসার কপটতা নির্দ্দেশ করিয়া দেন; ভাগ্যবান্ জীবই কৃষ্ণের সে ইঙ্গিত বুঝিয়া সাবধান হন

(গ) চরম মঙ্গলের পথে কণ্টক-স্বরূপ 'সুসন্তান' অপেক্ষা কুসন্তান বরং ভাল, যেহেতু তাহার অশান্তিপ্রদ ব্যবহারে মাতাপিতার কৃষ্ণেতর বিষয়ে বৈরাগ্যোদয়ের সম্ভাবনা

(৩)
শ্রীচৈতন্যলীলার ব্যাস শ্রীল ঠাকুর বৃন্দাবনদাসের চরিতামৃত

ভগবৎসেবাই চেতনবস্তুর ধর্ম্ম

আকাশ-কুসুম অসৎ। সুতরাং তাহার সত্তা নাই। যাহার অস্তিত্ব আছে তাহা বস্তু। বস্তুমাত্রেরই একটী বৈশিষ্ট্য বা স্বভাব আছে। সেই বৈশিষ্ট্য বা স্বভাব বস্তুর অস্তিত্বের সহিত ব্যক্ত। অস্তিত্বের সহিত জন্মেবলিয়া বৈশিষ্ট্য বা স্বভাবকে বস্তুর সহজ ধর্ম্ম কহে।

২। বস্তু দ্বিবিধ, যথা—চেতন ও অচেতন। চেতন বস্তুতে ইচ্ছা, জ্ঞান ও ক্রিয়া করিবার সামর্থ্য বা শক্তি বিদ্যমান। সুতরাং ইচ্ছা, জ্ঞান ও ক্রিয়া শক্তির পরিচালনরূপ স্বভাবকে চেতনবস্তুর সহজ ধর্ম্ম কহে। অচেতনবস্তুতে ইচ্ছা, জ্ঞান ও ক্রিয়াশক্তি না থাকায় তাহা ইচ্ছা প্রকাশ করিতে বা কিছু বুঝিতে অক্ষম। স্বতঃপ্রণোদিত হইয়া তৎকর্ত্তৃক কোন কার্য্যও সিদ্ধ হইতে পারে না। অচেতন পদার্থের দ্বারা যে সমুদয় কার্য্য সিদ্ধ হয়, তাহা চেতনবস্তুর প্রেরণামূলক। অতএব চেতনবস্তুর দ্বারা চালিত হওয়া রূপ স্বভাবই অচেতন বস্তুর সহজ ধর্ম্ম।

৩। অচেতন বস্তুগুলিতে ইচ্ছা ও জ্ঞানশক্তির অভাবহেতু তাহারা চেতনবস্তুগুলিকে তাহাদিগের প্রতি যথেচ্ছা ব্যবহারে বাধা দিতে পারে না। এই জন্য চেতনবস্তুগুলি অচেতনবস্তুগুলিকে ভোগবারে নিজপ্রসাদনে নিযুক্ত করিতে পারেন অথবা তাহাদিগকে চেতনাচেতন উভয়বিধ পদার্থের স্রষ্টা ও সেব্যস্বরূপ শ্রীভগবানের প্রীতির উদ্দেশ্যে পরিচালন করিতে পারেন। শ্রীভগবানই একমাত্র পূর্ণানন্দময় ও পূর্ণ চেতন এবং নিত্যাস্থ। তদ্ব্যতীত অপরাপর চেতনবস্তুগুলি অগ্নিস্ফুলিঙ্গের ন্যায় অণুপরিমাণ চেতনধর্ম্মবিশিষ্ট। এই অণুপরিমাণচেতনধর্ম্মবিশিষ্ট চেতনবস্তুগুলি যদি এইরূপী পূর্ণচেতন বস্তু শ্রীভগবানের তুষ্টির উদ্দেশে অচেতনবস্তুগুলিকে বিনিয়োগ করিতে থাকেন, তাহা হইলে ভগবানের অনুগ্রহভাবে তাঁহাদিগের অণু পরিমাণ ইচ্ছা, জ্ঞান ও ক্রিয়াশক্তিকে তাঁহারা অনবরত বর্দ্ধিত করিতে ও বৃদ্ধিমুখে অনুক্ষণ বর্দ্ধনশীল নির্ম্মল সেবানন্দরস আস্বাদনের যোগ্যতা লাভ করিতে সমর্থ হন। এবম্প্রকার দুঃখভাব পরিশূন্য উজ্জ্বল সেবানন্দ-রসের আস্বাদনই মানব-জীবনের চরমপ্রাপ্য বিষয়। যে সমুদয় চেতনপদার্থ অচেতনবস্তুগুলিকে নিজ নিজ সুখসাধনে নিযুক্ত করিতে অগ্রসর, তাহারা ভগবদ্বস্তুর সংশে বঞ্চিত ও অচেতনবস্তুর অনুগকারী। পূর্ণচেতনবস্তু শ্রীভগবানের স্বরূপভাবে চেতনাংশ সকল অণুপরিমাণ চেতনত্ব বর্দ্ধনশীল হয় না এবং অচেতনবস্তুর সংস্রবহেতু জড়ভাবাপন্ন হইয়া চেতনবস্তুগুলি আপনাদিগকে চেতনবস্তুর পরিচালক বুঝিবার পরিবর্ত্তে, তাহাদিগের অধীন বা বশ্যতাস্বরূপে বুঝিতে বাধ্য হয়। যে সকল ব্যক্তি মদ্য পান করে, তাহারা যে মদের বশীভূত হয়, ইহা মদ্যপায়ী বা মাতাল সকলেই বুঝেন। মদের নেশা ছুটিয়া গেলে বেশ এই উপস্থিত হয়। অচেতন বস্তুর্ধেরই অধীনতায় কোন না কোন প্রকার দুঃখ উপস্থিত হইয়াই থাকে। চেতন বস্তু যদি অচেতন বস্তুর অধীন না হয়, তাহা হইলেই তাহার স্বাধীনতা বজায় থাকে এবং যিনি স্বাধীন তিনি দুঃখকে তাড়াইয়া নিরাকাম সুখে থাকিবার জন্য যত্নশীল হইতে পারেন। অচেতন পদার্থগুলি আমাকে বাধা দিতে যখন পারে না, তখন আমাকেই বুঝিয়া লইতে হইবে যে, উহাদিগকে ভোগ করিতে গেলে আমি উহাদিগের বশীভূত হইয়া দুঃখগ্রস্ত হইব এবং আমি উহাদিগকে ভগবৎ সেবায় নিয়োগ করিতে পারিলে আমার দুঃখকে চিরদিনের মত নিরাকরণ পরমোজ্জ্বল সেবানন্দরস আস্বাদনের ভাগী হইবে। সমর্থ হইব যিনি এইপ্রকারে বিচার করিতে সমর্থ এবং বিচারপূর্ব্বক অচেতন বস্তুগুলিকে ভগবৎপ্রীত্যর্থে নিবেদন করিবার জন্য কৃতসঙ্কল্প হন, তিনিই নিজ শুদ্ধ আত্মস্বরূপগত সহজ ধর্ম্মে প্রতিষ্ঠিত। যে সকল ব্যক্তি এবম্প্রকার সহজ ধর্ম্ম হইতে বিচ্যুত, তিনি অচেতন পদার্থে 'আমি' ও "আমার" বুদ্ধিবিশিষ্ট দেহাত্মবাদী। দেহাত্মবাদিগণ যাহাকে সহজ ধর্ম্ম বলেন, তাহা প্রকৃত সহজ ধর্ম্মের বিকৃতি। অচেতন পদার্থের অধীনতাকালে যেরূপ ধর্ম্মের পরিচয় সংজ্ঞা লাভ করা যায়, তাহাকে অপরিণামদর্শী দেহাত্মবাদিগণ সহজধর্ম্ম সংজ্ঞা দিয়া থাকে। এই প্রকার ধর্ম্মের জ্ঞান স্বাধীন চেতনবস্তুর হৃদয়ে উদিত হয় না। অচেতন পদার্থের মোহে মুগ্ধ দেহাত্মবাদিগণেরই ঐ প্রকার ধর্ম্মের জ্ঞান অনায়াস-লভ্য।

কুসন্তান

(শ্রীপাদ বঙ্কিমচন্দ্র দাসাধিকারী ভক্তিশাস্ত্রী)

যদি কোন ব্যক্তির পুত্র ধর্ম্ম-জ্ঞান-হীন দুর্ব্বল বা অসৎ হয়, যাহার নিমিত্ত গৃহ ক্লেশ-দায়ক হইয়া উঠে, সর্ব্বদা লোকলজ্জা ও মনস্তাপ সহ্য করিতে হয়, তাহাকে কুপুত্র বলে।

কুসন্তান হইতে মনুষ্যাদিগের অশান্তি ও যথান্ অধর্ম হয়, অনেকের মুক্তির বিরোধ ঘটে এবং অনেক প্রকার মনঃপীড়ার কারণ উৎপন্ন হয়। সুতরাং সেই প্রাণিপীড়া-নিরত কুসন্তান পুত্রকে তাড়ন ভর্ৎসনাদি নানাবিধ উপায়ে শাসন করিতে অসমর্থ হইয়া অত্যন্ত দুঃখিত চিত্তে বাস করে এবং সংসারের সমস্ত সুখের আশা পরিত্যাগ করিয়া কোন শান্তির স্থান লাভের আকাঙ্ক্ষা করে, সংসারে তাহার নির্ব্বেদ উপস্থিত হয়। পুত্র হইতে সুখ-লাভের আশা বিসর্জ্জন দিয়া ভগবদ্ভজনে প্রবৃত্ত হওয়ার জন্য ব্যতিরেক ভাবে কুসন্তানই বরং শুভদায়ক ও হিতকারী।

নির্ব্বিশেষ বিশুদ্ধকর্ম্মা পুণ্যশ্লোক ধ্রুবের বংশে সর্ব্বসদ্গুণের আকরস্বরূপ সাধু রাজা অঙ্গ নামক মহাত্মা অবতীর্ণ জন্মগ্রহণ করেন। ইহজন্মে তাঁহার উৎপন্ন পাপ ছিল না। কিন্তু পূর্ব্বজন্মকৃত একটী পাপের ফলে তিনি ধার্ম্মিক হইয়াও অপুত্রক ছিলেন।

তিনি অপত্য কামনায় সাক্ষাৎ যজ্ঞপুরুষ শ্রীহরির আরাধনা করেন। যে ব্যক্তি যে ভাবে ভগবানের আরাধনা করেন, বাঞ্ছাকল্পতরু শ্রীহরি তাঁহাকে তাহাই দান করিয়া থাকেন। যথাকালে সেই অঙ্গরাজের একটী পুত্র জন্মিল, তাহার নাম বেণ। কিন্তু সেই রাজপুত্র বেণ বাল্যকাল হইতেই অসৎ সংসর্গে হওয়ায় সে অত্যন্ত অধার্ম্মিক হইয়া উঠিল। সেই দুষ্ট বালক মৃগয়ামুখে হইয়া বনগমন করিত এবং শরাঘাতে বহু-সংখ্যা মৃগকুলকে বিনাশ করিত।

সে এত নির্দ্দয় ও নিষ্ঠুর ছিল যে ক্রীড়াভূমিতে সমবয়স্ক বালকগণকে ক্রীড়া করিতে করিতে তাহাদিগকে পশুর ন্যায় মারিয়া ফেলিত। রাজা অঙ্গ সেই পুত্রকে তিরস্কার, [illegible] উপদেশাদি দ্বারা শাসন করিতে একেবারেই অসমর্থ হয়েন।

সংসারাসক্ত হরিসেবা-বিমুখ অপুত্রক গৃহমেধী ব্যক্তি পুত্রের অভাবে নানা দেবতার পূজা করিয়া থাকে, কখনও বা শ্রীহরির অর্চ্চনা করে, কিন্তু পরে কুপুত্র হইলে সে কি অসহ্য দুঃখ প্রাপ্ত হইতে হয় তাহা তাহারা ধারণা করিতে পারে না। শত মূর্খ পুত্র অপেক্ষা এক গুণী পুত্র ভাল ... কোটরে একটী শুষ্ক বৃক্ষ থাকিলে যেমন সমস্ত বন দগ্ধ হয়, সেইরূপ কোন বংশে একটী কুপুত্র জন্মিলে সেই কুলকে ...

[illegible] এক রাজপুত্র ... [illegible] ... ছিলেন। পুত্রের উদ্দেশ্য কুলদায়া ... যাহাদের নাশ, অনেক সংসারে নিজের ...

উপস্থিত হইল। তাহাতে তাঁহার নিদ্রা হইল না, তিনি অর্দ্ধরাত্রে শয্যা হইতে উত্থান করিলেন এবং লোকের অজ্ঞাতসারে সেই বহু বাঁধ সমৃদ্ধিশালী গৃহ হইতে বহির্গত হইলেন এবং সংসারের অভিনিবেশ হইতে পরিত্রাণ পাইয়া বৈরাগ্য অবলম্বন পূর্ব্বক গৃহপ্রতিষ্ঠিত শ্রীহরির সেবায় নিযুক্ত হইলেন।

কোন ব্যক্তি কখনও কুপুত্র কামনা করে না। পুত্রমেধী ব্যক্তি পিতৃসেবাপরায়ণ পুত্রের স্নেহে সংসারে আবদ্ধ হইয়া পুত্রের জন্য বিষয়-রক্ষণাবেক্ষণে নিযুক্ত হইয়া হরিসেবা-বিমুখ হয়। যাহাতে জীবের নিত্য চরম কল্যাণলাভ করিবার বিঘ্ন হয় তাদৃশ পুত্র কামনা করা কোন বুদ্ধিমান ব্যক্তি ভাল বলিয়া মনে করেন না। চরম মঙ্গলের পথে কণ্টক স্বরূপ সুসন্তান অপেক্ষা কুসন্তান বরং শুভদায়ক, কারণ ঐরূপ কুসন্তান হইতে গৃহ দুঃখপ্রদ, অতএব তাদৃশ মানবগণের গৃহব্রত ধর্ম্মের প্রতি বিরক্তি ঘটিয়া থাকে।

কদপত্যং বরং মন্যে সদপত্যাচ্ছুচাং পদাৎ।
নির্বিদ্যেত গৃহান্মর্ত্ত্যো যৎক্লেশনিবহা গৃহাঃ॥

ভাঃ ৪।১৩।৪৬

সুতরাং গৃহাসক্তব্যক্তির সৎপুত্র অপেক্ষা কুপুত্রই চরিত্রের বিশেষ অনুকূল দেখা যায়।

ঠাকুর বৃন্দাবনদাস

(ডাঃ শ্রীপাদ কৃষ্ণকান্তি ব্রহ্মচারী ভক্তিকুসুম লিখিত)

যাঁহারা শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার শুদ্ধবৈষ্ণবগণের আনুগত্যে শুদ্ধ, সাধুজ-বর্ণাশ্রম-বাধির শ্রবণ, কীর্ত্তন, বিষ্ণুর স্মরণ, পাদসেবন, অর্চ্চন, বন্দন, দাস্য, সখ্য ও আত্মনিবেদন—এই নববিধা ভক্তির পীঠস্থান শ্রীশ্রীনবদ্বীপমণ্ডলীর নবটী দ্বীপের অন্তর্গত দাস্য-ভক্তি-ক্ষেত্র শ্রীমোদদ্রুমদ্বীপ পরিক্রমা করিয়াছেন, তাঁহারা অবগত আছেন—এই মোদদ্রুমদ্বীপই গৌড়ের নৈমিষ এবং এই অভিনব নৈমিষ-ক্ষেত্রই শ্রীচৈতন্যলীলার ব্যাস ঠাকুর শ্রীশ্রীবৃন্দাবন দাস গোস্বামী মহারাজের আবির্ভাব এবং বাল্য-বিচরণ ভূমি।

মোদদ্রুমদ্বীপ চলিত ভাষায় মামগাছী নামে অভিহিত। প্রাপঞ্চিক বিচারে ইহা বর্দ্ধমান জেলার অন্তর্গত পূর্ব্বস্থলী থানায় অবস্থিত। ইহার প্রান্তভাগে পতিতপাবনী সুরধুনী সুমধুর, কুল-কুল-নিনাদে গৌর-গুণ-গাথা গাহিতে গাহিতে প্রবাহিতা। নৈমিষ-কাননের ন্যায় এখানেও বৃক্ষবল্লরী বিদ্যমান। সুবৃহৎ সুরম্য অট্টালিকা সমূহের ভগ্নাবশেষ অদ্যাপি তথায় বিরাজিত থাকিয়া 'মামগাছী' জনপদের প্রাচীন সমৃদ্ধির সাক্ষ্য প্রদান করিতেছে। এই গ্রামে এখন পর্যন্ত ঠাকুর বৃন্দাবনের প্রতিষ্ঠিত সেবা শ্রীশ্রীগৌর-নিত্যানন্দের নিত্য পূজা সাধিত হইতেছেন এবং বর্ত্তমান সময়ের শুদ্ধবৈষ্ণব-সমাজ-মুকুটমণি ও বিশ্বপাবন শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ ঠাকুর-মহাশয়ের স্মৃতিপূজার্থ তদীয় আবির্ভাব-ভূমিতে মন্দির প্রতিষ্ঠা করিয়াছেন।

শ্রীশ্রীগৌরসুন্দরের পার্ষদ-ভক্ত শ্রীবাস পণ্ডিতের ভ্রাতুষ্পুত্রী শ্রীনারায়ণী দেবীর গর্ভজাত সন্তান বলিয়া ঠাকুর মহাশয় নিজের পরিচয় প্রদান করিয়াছেন। নারায়ণীদেবী শ্রীমহাপ্রভুর অধরামৃত প্রাপ্ত হইয়া ধন্যা হইয়াছিলেন। শ্রীচৈতন্যদেব যখন সন্ন্যাসগ্রহণ পূর্ব্বক নীলাচল যাত্রা করেন, তখন নারায়ণীদেবীর বয়স মাত্র চারি বৎসর ছিল। শ্রীবাস পণ্ডিতের গৃহিণী মালিনীদেবীর পিত্রালয় মামগাছী গ্রামে ছিল—তাঁহার পিতৃবংশের জনৈক ব্যক্তির সহিত নারায়ণীদেবীর বিবাহ হয়।

বৈষ্ণবগণ বৈষ্ণবী প্রতিষ্ঠার নিষ্ঠা-সম্পন্ন, তাঁহারা কখনও স্বীয় অবৈষ্ণব-পরিচয় প্রদান করেন না; বস্তুতঃ পক্ষে বৈষ্ণবের সহিত অবৈষ্ণবের কোন সম্পর্ক নাই। ঠাকুর বৃন্দাবনের পিতৃদেব শ্রীচৈতন্যচন্দ্রের শ্রীচরণাশ্রয় গ্রহণ করিবার পূর্ব্বেই ইহলোক ত্যাগ করেন; তাই তিনি পিতৃদেবের পরিচয় প্রদান না করিয়া মাতৃবংশের পরিচয়ে পরিচিত হইয়াছেন। শৌক্রবংশ-পরিচয়ে ঠাকুর মহাশয় রাঢ়ীয় শ্রেণীর ব্রাহ্মণ। তাঁহার পিতৃবংশের পরিত্যক্ত অধিকাংশ সম্পত্তি মন্তেশ্বর থানার অধীন 'দেনুড়' গ্রামের নিকটবর্ত্তী পল্লীসমূহে ছিল বলিয়া তিনি অনেক সময় দেনুড়েই অবস্থান করিতেন। ঠাকুর মহাশয়ের সংসার পরিগ্রহের কোনও কথা শুনা যায় না। তাঁহার চারিজন শিষ্য ছিল, তাঁহাদের মধ্যে উত্তর রাঢ়ীয় কায়স্থ-কুলোদ্ভূত রামহরি নামক শিষ্যকে স্বীয় সঞ্চিত সম্পত্তিসমূহের উত্তরাধিকারী করিয়া যান। তাঁহার বংশধরগণই বর্ত্তমানে শ্রীল ঠাকুরমহাশয়ের দেনুড়পাট-বাটীতে অবস্থানপূর্ব্বক সেবা নির্ব্বাহ করিয়া আসিতেছেন। রামহরি স্বং সংস্কারসম্পন্ন হইয়া দীক্ষিত হইলেও 'কালপ্রভাবে অবৈষ্ণব স্মার্ত্তসমাজের আনুগত্যে তদীয় অধস্তনগণ কয়েক পুরুষ হইতে স্মার্ত্ত-শাসনের অনুবর্ত্তী হইয়া সামাজিক সদাচার পরিত্যাগ করিতে বাধ্য হইয়াছিলেন। কথিত আছে যে দেনুড়ের ব্রহ্মচারি-বংশ কিছুকাল পূর্ব্বে এই রামহরির বংশের শাখা বলিয়া পরিচয় প্রদান করিতেন।

উচ্চ শৌক্র বংশ, ঐশ্বর্য্য, জড়বিদ্যা এবং শারীরিক সৌন্দর্য্য—এই চারিটীর অভিমান বদ্ধজীবকে পরমার্থ-পথে অগ্রসর হইতে প্রবল বাধা প্রদান করে। এই নশ্বর জগতের এই নশ্বর অভিমান যে নিতান্ত অকিঞ্চিৎকর, সুতরাং উহা পরিত্যাগ করিয়া সদ্গুরুর শ্রীচরণাশ্রয় গ্রহণ যে প্রত্যেক বুদ্ধিমান্ ব্যক্তির একমাত্র কর্ত্তব্য, তাহা আমরা নিষ্কিঞ্চন বৈষ্ণবগণের চরিত্রে দেখিতে পাই। শ্রীল ঠাকুর বৃন্দাবনের ঐ চারিটীর কোনটীর অভাব ছিল না। বংশমর্য্যাদায় তিনি রাঢ়ীয় শ্রেণীর ব্রাহ্মণ, ধন-মর্য্যাদায় অতুল ঐশ্বর্য্যের মালিক এবং বিদ্যায় বুধমণ্ডিতকুল্য ছিলেন—তথাপি তিনি কখনও ঐ সকলের পরিচয় প্রদান করিতেন না। তিনি শৌক্র ব্রাহ্মণকুলে আবির্ভূত হইয়াও শৌক্রবর্ণগর্ব্বকে হীনচক্ষে দেখিতেন এবং শাস্ত্রোক্ত দৈববর্ণাশ্রম সংরক্ষণে সতত সচেষ্ট ছিলেন। তাই শৌক্রবর্ণাভিমান-সর্ব্বস্ব অবৈধ স্মার্ত্ত-সমাজ তাঁহাকে প্রীতির চক্ষে দেখিতেন না, এমন কি অনেক ব্রাহ্মণব্রুব এবং স্মার্ত্তপদানুলেহী বৈষ্ণবব্রুব, ঠাকুর মহাশয়ের অমল চরিত্রে কলঙ্ক-কালিমা-লেপনের প্রয়াসী হইয়া স্ব স্ব হীন স্বভাবের পরিচয় প্রদান করিয়াছেন।

বৈষ্ণবগণ পরম-করুণাময়; তাঁহারা তাঁহাদের হৃদয়-সর্ব্বস্ব শ্রীভগবান্‌কে জগদ্বাসীকে প্রদান করিতে ব্যস্ত। স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণচন্দ্রের লীলা-সঙ্গোপনের পর শ্রীবেদব্যাস অভিন্ন-ভগবদ্বিগ্রহ শ্রীমদ্ভাগবত জগদ্বাসীকে উপহার প্রদান করিয়াছেন এবং শ্রীমদ্বৃন্দাবনদাস ঠাকুর মহাশয় অভিন্ন-ব্রজেন্দ্রনন্দন শ্রীগৌরসুন্দরের প্রাপঞ্চিকলীলা অপ্রাকট্যের পর শব্দময় সাত্ত্বিক অবতার শ্রীচৈতন্যভাগবত বদ্ধজীবের উদ্ধার-সাধনের নিমিত্ত জগতে রাখিয়া গিয়াছেন। যাঁহারা নিরস্ত-কুহক-সত্যের সেবক তাঁহারা মনোযোগ পূর্ব্বক পুনঃ পুনঃ শ্রীচৈতন্যভাগবতপাঠ করিয়া সম্যগ্‌রূপে অবগত আছেন যে এই গ্রন্থরাজে ভক্তিসিদ্ধান্তের অপূর্ব্ব সামাজিক মীমাংসা স্বর্ণাক্ষরে খচিত রহিয়াছে। ভগবানের একনিষ্ঠ সেবক ব্যতীত অন্য কাহারও লেখনীতে ভক্তিসিদ্ধান্ত এই প্রকার সুচারুরূপে পরিস্ফুট হইতে পারে না। শাস্ত্র বলেন—

যস্যাস্তি ভক্তির্ভগবত্যকিঞ্চনা সর্ব্বৈর্গুণৈস্তত্র সমাসতে সুরাঃ।
হরাবভক্তস্য কুতো মহদ্গুণা মনোরথেনাসতি ধাবতো বহিঃ॥

ঠাকুর মহাশয়ের স্বয়ংভগবান্ গৌরসুন্দরের প্রতি অকিঞ্চনা ভক্তি আছে, সুতরাং বলা বাহুল্য যে দেবগণ সমস্ত গুণসহ তাঁহাতে অবস্থিত। যাঁহাদের নিরস্তকুহক সত্যের প্রতি আদর নাই, তাঁহাদের মন সর্ব্বদাই অসদ্দিকে ধাবমান, সুতরাং তাঁহাদের মধ্যে মহদ্গুণ কখনও থাকিতে পারে না—এই প্রকার চঞ্চলমতি-নাস্তিকগণ ঠাকুরমহাশয়কে জড়ীয় জ্ঞানে বিচার করিতে যাইয়া তাঁহার সম্বন্ধে ঐতিহ্যগ্রহণে অসমর্থ হইয়া তাঁহার রচিত গ্রন্থে আদর না করিতে পারিলেও সত্য সকল সময়ই সত্যই থাকিবে, তাঁহাদের হীনচেষ্টায় গ্রন্থরাজের প্রতিভাজ্যোতিঃ কখনও মলিন হইবে না।

শ্রীচৈতন্যভাগবতের নাম পূর্ব্বে চৈতন্যমঙ্গল ছিল, লোচনদাসের রচিত চৈতন্যমঙ্গল নামক একখানি গ্রন্থ থাকায় পরে ঠাকুর বৃন্দাবনদাসের গ্রন্থের নাম পরিবর্ত্তন করিয়া চৈতন্যভাগবত নাম দেওয়া হয়। কবিরাজ গোস্বামী তদীয় শ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থে শ্রীচৈতন্যভাগবতকে চৈতন্যমঙ্গল নামে উল্লেখ করিয়াছেন। আসুন, পাঠকবর্গ, আমরা আমাদের পূর্ব্বগুরু শ্রীল কবিরাজ গোস্বামীর ভাষায় শ্রীচৈতন্যভাগবতের মহিমা কীর্ত্তন করিয়া ঠাকুর শ্রীশ্রীবৃন্দাবন দাস গোস্বামীর শ্রীচরণাম্বুজে প্রণত হইয়া আত্মশোধন করি—

ওরে মূঢ় লোক, শুন চৈতন্যমঙ্গল।
চৈতন্য-মহিমা যাতে জানিবে সকল॥
কৃষ্ণলীলা ভাগবতে কহে বেদব্যাস।
চৈতন্য লীলার ব্যাস বৃন্দাবন দাস॥
বৃন্দাবন-দাস কৈল চৈতন্যমঙ্গল।
যাহার শ্রবণে নাশে সর্ব্ব অমঙ্গল॥
চৈতন্য-নিতাইর যাতে জানিয়ে মহিমা।
যাতে জানি কৃষ্ণভক্তিসিদ্ধান্তের সীমা॥
ভাগবতে যত ভক্তিসিদ্ধান্তের সার।
লিখিয়াছেন, ইহা জানি করিয়া উদ্ধার॥
চৈতন্যমঙ্গল শুনে যদি পাষণ্ডী যবন।
সেহ মহাবৈষ্ণব হয় ততক্ষণ॥
মনুষ্যে রচিতে নারে ঐছে গ্রন্থ ধন্য।
বৃন্দাবনদাসমুখে বক্তা শ্রীচৈতন্য॥
বৃন্দাবনদাসপদে কোটি নমস্কার।
ঐছে গ্রন্থ করি তিঁহো তারিলা সংসার॥

গৌড়ীয় পত্রিকা-প্রকাশ

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত
ভক্তি-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই স্বর্ণাক্ষরে। চতুর্থ সংস্করণ। বিস্তৃতবিষয়সূচীসহ

জৈবধর্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সনাতন ধর্মশাস্ত্র বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত দর্শন, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় এই সমস্ত গ্রন্থের মর্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ
সমগ্র বাঁধাই—২৲ দুই টাকা
আবাঁধা—১৸০ পৌনে দুই টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও অনিত্য সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম কি? স্বদেশ, সমাজ, নীতি, ধর্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য প্রমাণ খণ্ড

ভিক্ষা ৷৵০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নবটী দ্বীপ-সমন্বিত। এই নব দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক স্থানের মাহাত্ম্য, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে সপ্রমাণ রূপে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৬০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

উজ্জ্বল রোমান্ অক্ষরে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

সাধনপথঃ

৷৵০ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে সাধকগণের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে বিবৃত হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!
শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা /০ আনা।

দেহ ও মনের চেষ্টা আমিত্বাবদ্ধ হইয়া—উহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যাবদ্ধ শ্রীভগবানের প্রতি তাঁহার কোন প্রকার আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। তৃতীয় সংস্করণও প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড /০ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— /০, নবদ্বীপশতক— /০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা /১০

আমরা প্রত্যহ দুষ্ট অভাব ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাঁহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন্ বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতগ্রন্থ বাস্তবিকই কল্যাণের কল্পতরু: ইনি প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদানে

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয়-সম্বলিত প্রায় ৪২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৷০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সার্ব্বভৌমকোষগ্রন্থ)

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২ চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। বিষ্ণুবৈষ্ণবসম্পর্কিত শ্রীমন্দির ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও প্রবন্ধ-সমূহের তাৎপর্য্য ও বিবরণ, ৫। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় আকরমূলে যাবতীয় তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ খণ্ড ৸৵০, ২য় খণ্ড ৸৵০, ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড ৷৵০, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ—১ম খণ্ড ১৲ এক টাকা

২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ছয়টি সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ ফর্ম্মায় ৬৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমন্মধ্বাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা /০ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক-সূচী, বিষয়সূচী সম্বলিত সত খণ্ডে খণ্ডে প্রকাশিত ভিক্ষা, প্রতি খণ্ড সাধারণ পক্ষে ৷৵০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৷০

২। অনুভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (২য় সংস্করণ) ৫৲
৩। গৌড়ীয়-গৌরব ৷০'০
৪। গৌড়ীয়-সাপ্তাহিক
৫। তত্ত্বসূত্রম্ ৷০
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপ-শতকম্ (বাঁধা) ১৲
" " আবাঁধা ৸০
৭। গী উপদেশ ৷০
৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲
আবাঁধা ১৸০
গীতার কেবল মূল-ভাষ্য ৷০
৯। ভক্তিমঞ্জরিকা অথগৌরবঃ সম্বন্ধে (মাঘ) ২৲
১০। বেদান্তস্যমন্তক সানুবাদ (রামানুজীয়) ৷০
১১। জৈবধর্ম ২৲
১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৸৵০
ঐ বাঁধা ৸০
১৫। জীব-নিত্য-দর্শন ৵০
১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ৷৵০
১৭। গোস্বামী রঘুনাথ দাস আবাঁধা ৷৵০
ঐ ঐ বাঁধা ৷০
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
২০। গীতমালা /১০
২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৵০
২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
২৩। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা-দর্পণ ৷০
২৪। শরণাগতি, গীতাবলী, গীতমালা, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্চনকল্প ও সদাচারস্মৃতিঃ মোট ৷৵০
২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও অঙ্কলক্ষণ ৵০
২৬। সাধককণ্ঠমালা আবাঁধা ৷৵০
বাঁধা ৷০
২৭। সিদ্ধান্তদর্পণ ৵০
২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲
২৯। ব্রহ্মসংহিতা ৷০
৩০। শ্রীমহাপ্রভুর শিক্ষা বাঁধা ১৲
আবাঁধা ৸০
৩১। মণিমঞ্জরী সানুবাদ ৷০
৩২। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৩৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট্ দ্বিতীয় সংস্করণ) ৬৲
৩৪। সানুবাদ শিক্ষাষ্টকম্ ৵০
৩৫। সটীক শিক্ষাদশকমূলম্ ৷০
৩৬। শ্রীসিদ্ধান্তসরস্বতী দিগ্বিজয় ৷০
৩৭। শুদ্ধভক্তি বা শ্রীমায়াবাদশতদূষণী ৷০

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর, (প্রাচীন নবদ্বীপ) নদীয়া।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈব-প্রাপ্ত একমাত্র মহৌষধ, পনর দিনে যক্ষ্মা বা ক্ষয় কাশ সম্পূর্ণ আরোগ্য হইবে। বহু সহস্র রোগী মৃত্যুমুখ হইতে রক্ষা পাইয়াছেন। (গরীব রোগীদিগকে সমস্ত খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়।) বিস্তারিত জানিবার জন্য এক আনার টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র উকীল পোঃ বৈকারী, জেলা যশোহর।

নদীয়া জেলায় ও নিম্ন ঠিকানায় অনুসন্ধান করিতে পারেন—

প্রকাশ প্রেসের ম্যানেজার শ্রীযুক্ত মহানন্দ ব্রহ্মচারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম, এ, কৃষ্ণনগর পোঃ, জেলা নদীয়া।

একখানি পত্র

...................আনন্দ সহকারে জানাইতেছি যে আমার ভ্রাতুষ্পুত্র কঠিন যক্ষ্মা রোগে আক্রান্ত হইয়াছিল এবং কলিকাতার বড় প্রসিদ্ধ ডাক্তার মহাশয়গণ জীবনের আশা একেবারে ত্যাগ করিয়াছিলেন, কিন্তু বাবু ক্ষিতীশচন্দ্র উকিল মহাশয়ের ঔষধ মাত্র ১৫ দিন ব্যবহার করিয়া সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছে।

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী

জমিদার, খালিয়া ফরিদপুর।

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, বহুমূত্র, উপদংশ, পাকস্থলীর পীড়া, অম্ল এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহারা বাধক, প্রদর, মৃতবৎসা, কাকবন্ধ্যা, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটান সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রাপ্ত হওয়া যাইতেছে। যাহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ২৷৹ টাকা মাত্র।

সোল এজেন্ট—ডাঃ ভি, ডি, হাজরা।

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পদসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোল্ড্ অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে টীটাগড়ের কাগজে ছাপা। ভিক্ষা—২৷৹ টাকা

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম, এ, এফ, সি, এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্ব্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে সকল কথাযথাবে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে যত্নপূর্ব্বক ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৮৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।

নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। ক্ষয়, কাশি, হাঁপ, যক্ষ্মা, কাসরোগ, জ্বররোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্ব্বলতা নাশক আশুফলপ্রদ পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, শুক্রক্ষীণতা, স্বপ্নদোষ, প্রমেহ ও অজীর্ণ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপারসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও প্রাণনাশক স্ত্রীরোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ লক্ষ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্ব্বত্র বিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটীর উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটিকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটিকা পূর্ণ প্রতি কোটার মূল্য ১৲ একটাকা।

২। "মণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাক্‌চিক করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্ব্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১৲ টাকা।

অন্যান্য আবিষ্কৃত

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান :—আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৪৪৮ গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

পরমার্থিক সংগ্রহ একান্ত প্রয়োজনীয়

বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত

বাংলার ঘরে ঘরে বিরাজিত হউক

ভিক্ষা ৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর পোঃ (নদীয়া)

এখনও অপূর্ব্ব সুযোগ! পরে পাওয়া দুর্ল্লভ

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম্, এ প্রণীত (লাহোর)

মহোদয় কর্ত্তৃক সম্পাদিত

এক শতাধিক অপূর্ব্ব চিত্রে সমন্বিত।

বিশ্বকোষ-সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইঃ) মরোক্কো বাঁধা ১৷০ স্থলিপিতে ২৲ দুই টাকা মাত্র

এই প্রকাশ হওয়ামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে— ডাঃ শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী এল্, এম্, এস্, কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

রুশিয়ার গবর্ণমেণ্ট এক নূতন রকমের হুকুম জারি করিয়াছেন। সেখানে কুকুর প্রসব করিলে লোকে ছানা মারিয়া ফেলে। তাহারা শাবকগুলিকে জলে ডুবাইয়া দেয়। বর্ত্তমান উক্তাজ্ঞার অনুসারে কুকুরশাবকগুলিকে কেহ ডুবাইয়া মারিতে পারিবে না। তাহাদিগকে এক বৎসর লালন পালন করিয়া মাথায় লাঠি মারিয়া বধ করিতে হইবে এবং তাহার লোম 'নিধন করিয়া লোমসিণ্ডিকেট' নামক সভার জমা দিতে হইবে।

প্রেসিডেন্সি কলেজ

সোমবার প্রেসিডেন্সী কলেজের সম্মুখে নিয়মিত ভাবে পুলিশ প্রহরী দণ্ডায়মান ছিল। দুপুরবেলা তিনজন পিকেটার পিকেটীং করিবার জন্য গেটের সম্মুখে আসিবামাত্র পুলিশ তাহাদিগকে গ্রেপ্তার করিয়া যোড়াসাঁকো থানায় লইয়া যায়।

পাকস্থলের ক্রিয়ার দোষ ও ক্ষুধা ...

ডাকে পাঠান হয়, ইহাতে উহাদের কোন পরিবর্তন হয় না।

শিশি ৮/০ আনা, তোলা ১/০ আনা।

প্রেমজীবন

মদন মঞ্জরী

ধাতুর দৌর্ব্বল্য, স্নায়বিক দৌর্ব্বল্য প্রভৃতি পীড়ায় বিশেষ ফলপ্রদ। অব্যর্থ মহৌষধ। মূল্য ২০ বটি ১৲ এক টাকা।

"অপূর্ব্ব অবশ্যম্ভাবী মৃত্যু"

পুরাতন ব্যাধি রোগে ব্যবহার দ্বারা আরোগ্য করিয়া থাকে। মূল্য ৫ তোলা ১৲ টাকা।

"রমণীবিলাসিনী বটিকা"

বীর্য্যধারণ করত শক্তি প্রদান ও বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১০ বটি ১৲ এক টাকা।

রাজবৈদ্য নারায়ণজী, কেশবজী

৩১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের খোকা শিশি বাদাম তৈল

খাঁটি ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্ব্বজন পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জুয়াচোরগণ অপরের জাল তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত

কেরাস কুইনিন

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আইরন, হাইড্রোক্লোর কুইনিন, আর্সেনিক এবং ষ্ট্রিকনিন আছে।

এই কেরাস-কুইনিন দ্বারা ইন্‌জেক্‌সন করিলে একটী বা দুইটী ইন্‌জেক্‌সনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং ছয় হইতে বারটী ইন্‌জেক্‌সনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া

৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ১২টি ৩৲ টাকা

বাইও-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরীতে

২৯১ বহুবাজার লেন, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর—২৩শে শ্রাবণ শুক্রবার—১৩৩৭

(১)

(ক) মহাজনানুগত্যে শাস্ত্রানুশীলন ব্যতীত শাস্ত্রের যথার্থ অর্থ বোধগম্য হইবার নহে

(খ) মহাজন-কৃপায়ই রস, রসাভাস ও রসাপরাধ বিচার-পারঙ্গত হইয়া জীব "রসো বৈ সঃ" কৃষ্ণপাদপদ্মে শুদ্ধপ্রেমভক্তিরস লাভে সমর্থ হন, কাম ও প্রেমের পার্থক্য উপলব্ধি করিতে পারেন, শাস্ত্রের ভারবাহী না হইয়া সারগ্রাহী হইবার সৌভাগ্য বরণ করেন

(গ) প্রাকৃত কবির কামতাৎপর্য্যমূলক কবিত্ব ও অপ্রাকৃত কবির বিশুদ্ধ প্রেম-তাৎপর্য্যমূলক কবিত্বের সৌন্দর্য্য তুল্যজ্ঞানে বিচার্য্য নহে; কামুকগণ প্রেমিকের ভাব ও ভাষা অনুকরণ করে বলিয়া কামুককে কখনও প্রেমিক বলিতে হইবে না

(২)

(ক) আত্মসম্ভাবিতমতি জীবকে প্রতিষ্ঠাকামী করে এবং প্রতিষ্ঠার আশায় জীব বিষ্ণু-বৈষ্ণব বিদ্বেষী হয়

(খ) জীব বিষ্ণু-বৈষ্ণবের শরণাগত হইলেই দীনতা লাভ করিয়া শ্রীমদ্ভাগবতাদি-শাস্ত্র হইতে ব্যতিরেক-মুখে অনর্থ-নিরসনকারী শিক্ষা ও অন্বয়-মুখে প্রেমামৃতরসাস্বাদনরূপ শিক্ষা লাভ পূর্ব্বক ধন্য হন

(৩)

কৃষ্ণই একমাত্র ভোক্তা; সুতরাং যাবতীয় বিষয় তাঁহারই ভোগ্যজ্ঞানে তাঁহার পাদপদ্মে আত্মসমর্পণপূর্ব্বক তাঁহার কৃপাপ্রার্থী না হওয়া পর্য্যন্ত জীবের বহির্ম্মুখতা অপগত হইবে না

(৪)

শ্রীকৃষ্ণ ও তাঁহার শক্তিত্রয়-বিজ্ঞান

শাস্ত্রানুশীলন

মহাজনের আনুগত্যে শাস্ত্রানুশীলন না করিলে নানা বিপত্তি ঘটে। আমরা যদি মনে করি, "অর্থ আছে, শাস্ত্র কিনিয়া পড়িব ও তাহার মানে বুঝিব—অভিমানে শাস্ত্র-তাৎপর্য্যজ্ঞানশূন্য লোকের নিকট আমাদের পাণ্ডিত্য প্রচার করিব, অনভিজ্ঞ লোকে আমাদিগকে শাস্ত্রাভিজ্ঞ শাস্ত্রী বলিবে, তাহাতে লাভ পূজা প্রতিষ্ঠাপ্রাপ্তির সুবিধা হইবে", তাহা হইলে আমরাও বঞ্চিত হইব, আর লোককেও বঞ্চনা করিব, শাস্ত্রের যথার্থ অর্থ হইতে বহুদূরে নীত হইয়া সিদ্ধান্ত-বিরুদ্ধ কথাকে সিদ্ধান্ত ও রসাভাস বা রসাপরাধকে 'রস' জ্ঞানে ধন্যম্মন্য এবং ভক্তিশূন্য গ্রন্থভাগবত ও ভক্তভাগবত-চরণে চিরাপরাধী হইব। একণে স্বেচ্ছায় নিজ সম্মান গ্রহণ না করিয়া সদ্গুরু-পাদাশ্রয়ে শাস্ত্রানুশীলন করা কর্ত্তব্য, তাহা হইলেই আর শাস্ত্রের কদর্থন হয় না।

শাস্ত্রভারবাহিগণ প্রাকৃত কবির কবিত্ব-সৌন্দর্য্যে মুগ্ধ হইয়া তাঁহার অন্যেন্দ্রিয়-তর্পণমূলক কাম-সিদ্ধান্তকে মহাজনোপদিষ্ট প্রেম-সিদ্ধান্তের সহিত সমজ্ঞান করিবার দুর্ব্বুদ্ধিবশীভূত হন। কামুকগণ তাঁহাদের কামকে যতই না কেন নিঃস্বার্থ প্রতিপন্ন করিতে চান, তাঁহারা কখনও স্বার্থশূন্য প্রেমিক হইতে পারেন না, স্থূলভাবে স্বার্থচেষ্টা দৃষ্ট না হইলেও সূক্ষ্মভাবে তাঁহাদের স্বার্থ অক্ষুণ্ণ থাকে। কেবল-কৃষ্ণসুখানুসন্ধান-তৎপর ব্রজবাসিগণের কৃষ্ণপ্রীতিই বা কোথায়, আর প্রাকৃত স্ত্রী বা পুরুষ-সেবনে আত্মসুখসম্পন্ন বুভুক্ষুগণের ইন্দ্রিয়-তর্পণ-পিপাসাই বা কোথায়? তুচ্ছ কবিগণ অপ্রাকৃত কবিগণের অনুকরণে যতই না কেন তাঁহাদের কাম-চিত্রকে 'প্রেম' বলিয়া চিত্রিত করিতে চেষ্টা করুন, তথাপি কাম ও প্রেমের মধ্যে অসীম সমুদ্র ব্যবধান। দুইটী সম্পূর্ণ বিপরীত দিগ্‌দর্শী সমস্ত কখনও একত্র মিলন সম্ভাবনা নাই। একটী প্রাপঞ্চিক দেহমনে আত্মবুদ্ধিসম্পন্ন বদ্ধজীবের প্রাকৃত প্রীতি ও অপরটী প্রপঞ্চাতীত সচ্চিদানন্দঘন বস্তুর প্রতি প্রীতি; এতদুভয়ের মধ্যে বহিঃসাদৃশ্য থাকিলেও, তাহাকে এক বুঝিতে হইবে না।

অপ্রাকৃত কৃষ্ণপ্রেমের দিগ্‌দর্শনও নিধুবাবুর টপ্পা বা কালিদাস, ভবভূতি, সেক্সপীয়ার, শেলি, ওয়ার্ডস্‌ওয়ার্থ প্রভৃতি প্রাকৃত কবিগণের কবিত্বসৌন্দর্য্য-বর্ণনদ্বারা হইবার নহে। প্রাকৃত কবিত্বের সহিত অপ্রাকৃত কবিত্বকে তুলনা-মূলে পাশাপাশি বসাইতে দেখিলে ভক্তগণ বড়ই ব্যথিত হন। অবশ্য প্রপঞ্চগত জীব আমরা, আমাদের প্রপঞ্চের ধারণা প্রবল বলিয়া প্রপঞ্চাতীত রস সম্বন্ধে শাস্ত্র [illegible] হইবার জন্য আমাদের নিকট গোলোকগত রসের বিকৃত প্রতিফলন প্রপঞ্চগত রসকে দৃষ্টান্ত স্বরূপ করা হয় সত্য, কিন্তু তাহা খুব সাবধানে সতর্করূপে। রসোপদেষ্টা গুরুদেব ব্যবহার করিয়া জীবকে সতর্ক করিয়া দেন, যেন সে কাম ও প্রেমকে এক না ভাবিয়া বসে। সুতরাং শাস্ত্রিগণের ইহা বিশেষরূপে বিচার থাকা কর্ত্তব্য যে, যেন তাঁহারা অতত্ত্বরসিক নিধুবাবু-প্রমুখ কবির কবিত্বকে অপ্রাকৃত রসিক ভক্তগণের কবিত্বের সহিত 'এক' দর্শন না করিয়া ফেলেন। প্রাকৃত কবির কবিত্বকে প্রশংসা করিতে গিয়া তাঁহার আদর্শ-গ্রহণে প্রবৃত্তি আসিয়া গেলে আর অপ্রাকৃত কবির কবিত্ব আস্বাদিত হইবে না। সারগ্রাহী হইতে গিয়া ভারবাহী হইয়া না পড়িতে হয়, ইহাই বিচার থাকা আবশ্যক

কেবল শাস্ত্র-বচন উদ্ধার করিয়া, মহাজনের বাক্যের বোঝাই দিয়া লোকের নিকট পণ্ডিত সাজিলেই পণ্ডিত হওয়া যায় না। "শাস্ত্রের না জানে মর্ম্ম অধ্যাপনা করে। গর্দ্দভের প্রায় যেন শাস্ত্র বহি মরে॥" শাস্ত্রাদিষ্ট উপদেশানুযায়ী নিজে কৃষ্ণভজনে প্রবৃত্ত হইয়া অর্থাৎ আচারবান্ হইয়া কৃষ্ণকথা-প্রচারপর হইলেই তাঁহার আদর্শ অনুসরণ পূর্ব্বক অন্য লোকে যথার্থ পণ্ডিত হইতে পারে। নতুবা নিজে হরিভজন না করিয়া, প্রেমিক না হইয়া অন্যকে প্রেমোপদেশ করিতে গেলে সে উপদেশের কোন মূল্য থাকে না; ভজন-পথে লোকে চায় আদর্শ, যাহার সেই আদর্শ-জীবন—আদর্শ-ভজন আছে, তিনিই জগতের সার্থক শিক্ষক, ভজনোপদেষ্টা। কেবল পরোপদেশে পণ্ডিত হইয়া কোন লাভ নাই।

প্রেমভক্তির পরতত্ত্বসীমা শুদ্ধভক্তের নিকট শাস্ত্রালাপের অপেক্ষা না রাখিয়া নিজ আধ্যক্ষিক জ্ঞানবলে শাস্ত্র-সিদ্ধান্ত-সম্পাদনে প্রবৃত্ত হইলে চিজ্জড়সমন্বয়বাদী মায়াবাদী হইয়া পড়িতে হয়। জড়কে অজড়ের পর্য্যায়ে বা অজড়কে জড়ের পর্য্যায়ে দর্শন মায়াবাদীর বিচার। উহা-দ্বারা জগতের কোন প্রকার মঙ্গল হইবে না। কথাসাহিত্যগণ অনেক বড় বড় কথা বলিতে পারে, অনেক শাস্ত্রবচন আওড়াইতে পারে বলিয়া তাঁহাদের কথাগুলিকে ভক্তের কথার অনুমোদন করিলে তদ্দ্বারা কৃষ্ণপ্রীতির পরিচয় পাওয়া যায় না। কেবল শাস্ত্র-বচন উদ্ধার করিয়া যুক্তি-প্রদর্শন-পূর্ব্বক কৃষ্ণ-প্রেমের কথা প্রবন্ধাকারে লিখিলেই শাস্ত্রজ্ঞ বা শাস্ত্রী হওয়া যায় না, তাই গুরুপাদপদ্মে আত্মসমর্পণ করিয়া শুদ্ধভাবে কৃষ্ণভজন। [illegible] শুদ্ধভক্তের ভজনোক্তিরই শাস্ত্রের মূল্য আছে, শাস্ত্রপাঠ-কীর্ত্তনে প্রাণ থাকে, তাঁহাদের উদ্দেশে তাহাতে বস্তুতঃ শিখিবার জানিবার বিষয় অনেক আছে। জীবাদর্শের শাস্ত্র-পাঠ, কীর্ত্তন, বক্তৃতা, প্রবন্ধ-রচনা শাস্ত্রীয় যদি সুন্দর হইলেও তাহার কোন মূল্য নাই, তাহাতে শিখিবার থাকিলেও সেই শিক্ষার অনুসরণের বিষয় কিছুই নাই, তাহা লোকের কোন উপকারই সাধন হয় না। তাই মহাপ্রভু ঠাকুর হরিদাসকে লক্ষ্য করিয়া উপদেশ করিয়াছেন—

আচার-প্রচার নামের কর দুই কার্য্য।
তুমি সর্ব্বগুরু সর্ব্বজগতের আর্য্য॥

শ্রীমদ্ভাগবতাদির [illegible] ব্যক্তির হরিকথা কীর্ত্তনে সিদ্ধান্তবিরোধ ও রসাভাস দোষ আসিয়াই পড়ে। সুতরাং সৌভাগ্যবান্ শ্রীস্বরূপ দামোদর তাদৃশ ভাগবত পাঠ অনুমোদন করেন না। [illegible] ও তাঁহার নিজজনগণের অনুগত নহে, তাহা দ্বারা কাহারও কোন মঙ্গলোদয়ের সম্ভাবনা নাই। [illegible] শ্রীভগবানের সেবায় লাগাইতে পারিলেই তাহার মূল্য আছে, নতুবা তাহার গৌরব কেবল গৌরব মাত্র। [illegible] মহাপ্রভু তাঁহাদের মুখদর্শনও করেন না। ইহার অনুমোদন করিতে হইবে, তিনিই যদি প্রীত না হইলেন, তাহা হইলে আর [illegible] কিসের হইল? আমরা [illegible] করিতেছি [illegible] হইবে না, মহাজনই [illegible] করিতেছেন কিনা। [illegible] সর্ব্বপ্রকারে মহাজন-পাদাশ্রয়ই [illegible] ও বৈষ্ণবসেবা-[illegible] একমাত্র [illegible]।

আত্মসম্ভাবিতমতির হেয়তা

শ্রীচৈতন্যদেব [illegible] শ্রীনন্দনন্দন শ্রীকৃষ্ণ। [illegible] শ্রীচৈতন্যদেবের মধ্যম-খণ্ড [illegible] বাহিরেক-মুখে অন্তর্মুখকারী শিক্ষা ও অন্তর-মুখ প্রেমভক্তের আস্বাদনরূপ বিবিধ ফল লাভ হয়, শ্রীচৈতন্যচরিতামৃতের মধ্য খণ্ডের পাঠ হইতে দুই প্রকার বাহিরেক-মুখে অন্তর্মুখ উদ্দেশকারী শিক্ষা ও অন্তর-মুখ প্রেমভক্তদের আস্বাদনরূপ দুই রকম ফল লাভ করা যায়। সম্ভোগ-রস বিস্তারকারী শ্রীকৃষ্ণ, সম্ভোগরসাপেক্ষা উজ্জ্বলতর বিপ্রলম্ভরস বিস্তার করিবার জন্য শ্রীচৈতন্যরূপে শ্রীরাধার ভাব ও কান্তি ধারণ করত লীলাস্বাদন-পর বিরহ-ভাবপূর্ণ জীবন অতিবাহিত করিয়াছিলেন। নিম্নে শ্রীচৈতন্যচরিতামৃতের মধ্য ৭ম অধ্যায়ের কিয়দংশ উদ্ধৃত হইতেছে। পাঠকবর্গ! আপনারা উক্ত অংশ পাঠ করত একাধারে উভয় হইতে দ্বিবিধ ফল লাভ করিয়া ধন্য হউন ও অন্য জীবকে ধন্য করিবার জন্য বদ্ধপরিকর হউন। উহাই চৈতন্যদেবের আদেশ। —

"আপনা জানাইতে আমি করি
অভিমান।
সে গর্ব খণ্ডাইতে মোর করে অপমান॥
আমার হিত করেন ইঁহো আমি মানি
দুঃখ।
কৃষ্ণের উপরে যেন কৈল ইন্দ্র মূর্খ॥
এত চিন্তি প্রাতে আসি প্রভুর চরণে।
দৈন্য করি স্তুতি করি লইল শরণে॥
অপরাধ কৈনু ক্ষম লইনু শরণ।
কৃপা করি মোর মাথে ধরহ চরণ॥
প্রভু কহে তুমি পণ্ডিত মহাভাগবত।
দুই গুণ যাঁহা তাঁহা নাহি গর্ব-পর্বত॥"

আত্ম-সম্ভাবিতমতি [illegible] প্রতিষ্ঠা-কামী করিয়া [illegible] আপনার জীব বিষ্ণু-বৈষ্ণবের নিন্দা করিতে উদ্যত হয়। সুতরাং ভগবৎ-প্রেমের বাধকরূপ আত্ম-সম্ভাবিতমতি যখন ভগবানের কৃপায় লুপ্ত হয় ও তৎ-পরিবর্তে দীনতার ভাব হৃদয়ে ফুটিয়া উঠে, তখন জীব বিষ্ণু-বৈষ্ণবের শরণাগত হন ও তাঁহাদের দয়া বুঝিয়া কৃপাবৈভবলীলা লাভ করেন। উপরিউক্ত শ্রীচৈতন্যচরিতা-মৃতের উক্তি হইতে এই শিক্ষা বাহিরেক-মুখ [illegible]। অন্তর্মুখে ঐ বাক্যগুলি কৃপা[illegible] এবং বিরহভাবোদ্দীপক। যে শ্রীচৈতন্যদেব অন্য ব্যক্তিকে পণ্ডিত ও মহাভাগবত বলিয়া আকর্ষণ করিতেছেন, হায় কত দিনে তাঁহার দর্শন ও সেবা করিতে পারিব, ইত্যাকার চিন্তা উদ্বোধনে জীবের চরিত্র সম্পূর্ণরূপে ধন্য। ●

কৃষ্ণসেবা

[শ্রীপাদ অনন্তকৃষ্ণ ভক্তাধিকারী বি এ]

কৃষ্ণসেবনই একমাত্র কামদেব। সেই কামদেবের কামতৃপ্তির জন্য অসংখ্য আশ্রয়-জাতীয় বিভিন্ন [illegible] বিলাস প্রকাশ করিয়াছে। সেবাবুদ্ধি অগ্রগণ্য হইলেই জীবের ভোগবুদ্ধি আসিয়া পড়ে। জীব যখন ভগবান ও আকরে সেবা বিমুখ হয়, তখনই নিখিল বিশ্বে সমস্ত বস্তুকে কৃষ্ণসেবার উপকরণরূপে গ্রহণ না করিয়া নিজ ভোক্তা সাজিয়া ভোগ করিতে প্রবৃত্ত হয়। সেবাবিমুখ জীবই তখন নিজকে 'কৃষ্ণ' ও প্রাকৃত স্ত্রীগণকে 'গোপী' কল্পনা করিয়া নিজের ভোগের বস্তু মনে করে ও কৃষ্ণের সেবা করিবার পরিবর্তে নিজেই সেব্য সাজিতে যায়। সেবাবিমুখ বিপথগামী জীব ভিন্ন ভিন্ন প্রকার অভিমান পোষণ করিয়া অভিনয়ে প্রবৃত্ত হন। কেহ কেহ বর্ণাশ্রমধর্ম পালনে নিযুক্ত হইয়া পর জন্মাদির অবলম্বন ও মানাম্বেষণ—প্রাণ-ধর্ম এইরূপ বিচার-পরায়ণ হন ও স্বর্গাদির সুখ ভোগ করিবার জন্য ব্যাকুল হন। কেহ কেহ স্বর্গ-সুখ কামনা করিয়া তীর্থপর্যটন, দান, ব্রত, তপস্যার আশ্রয় গ্রহণ করেন। আবার কোনও সেবাবিমুখ জীব নিজকে 'অমুক্ত' অভিমান করিয়া "মুক্ত" হইবার জন্য ধ্যান ধারণায় রত হন। এই প্রকারে অপ্রাকৃত কামদেবের কামতৃপ্তিচেষ্টা হইতে বিচ্যুত হইয়া, বুভুক্ষু ও মুমুক্ষু হইয়া অশেষ-বিধ চেষ্টা করিয়া জীব বঞ্চিত হয়। কখনও আত্মবঞ্চনা ও লোকবঞ্চনা-পর হইয়া বুভুক্ষু ও মুমুক্ষু সম্প্রদায় হইতে দূরে সরিয়া থাকিয়া 'আমি পরম ভক্ত' এইরূপ প্রচার করিবার জন্য কপট সাজে সজ্জিত হইতে দ্বিধাবোধ করে না।

একমাত্র পরমারাধ্য পরমপতি শ্রীকৃষ্ণ-চন্দ্রের সেবা-পরায়ণ হইলে এই পঞ্চকৃষ্ণ-সুখ প্রাকৃতলোক স্ত্রী ও পুরুষবুদ্ধি করিয়া সখী সেবী সাজিয়া অ[illegible]কল্পনা ও লোক-বঞ্চনা করিবার দুষ্প্রবৃত্তি দূরীভূত হইবে। প্রত্যেক নিজ মঙ্গলেচ্ছু জনগণের কৃত্রিমতা পরিত্যাগ করিয়া, কৃত্রিম ভাবুকতা দেখা-ইবার প্রবৃত্তি ত্যাগ করিয়া, শ্রীমতী রাধা-রাণীর সখী ও অনুগত সেবাপ্রবৃত্তি-যুক্ত হইয়া আত্মসমর্পণ করিতে হইবে। হরিসেবোন্মুখ হইলেই বুঝিতে পারিবেন, শ্রীহরিই একমাত্র প্রভু। অতএব যাঁহার যাহা আছে তৎসমস্তই শ্রীকৃষ্ণপাদপদ্মে অর্পণ করিয়া ভক্তের আশ্রয় সর্বতোভাবে করা উচিত। সর্বস্ব কৃষ্ণসেবায় নিযুক্ত করা ও অর্পণ করাই যুক্তি ও তাহাতে আপনাই বহুতা বা নির্গুণতা।

কামিনীর কাম, নহে তব ধাম
তাহার মালিক কেবল যাদব।
তোমার কনক ভোগের জনক
কনকের দ্বারে সেবহ মাধব॥

শ্রীকৃষ্ণ ও তৎ শক্তিত্রয়বিজ্ঞান

(পূর্বপ্রকাশিত ১৩৩ সংখ্যার পর)

(শ্রীপাদ অতীন্দ্রিয় বন্দ্যোপাধ্যায় বেদান্তবাচস্পতি)

অচিন্ত্যানন্ত-শক্তি-সমন্বিতই পরমেশ্বরের স্বরূপ লক্ষণ। পরমেশ্বরের উক্ত শক্তিকে শাস্ত্রে প্রধানতঃ ভাগবতে বিভক্ত করিয়া থাকেন। উক্ত ভাগবত যথা:—অন্তরঙ্গা বা স্বরূপশক্তি, বহিরঙ্গা বা মায়াশক্তি এবং তটস্থা বা জীবশক্তি। পরমেশ্বর সচ্চিদা-নন্দ স্বরূপ। তিনি সজাতীয়-বিজাতীয়-স্বগত-ভেদরহিত অদ্বয়জ্ঞান বস্তু। তাঁহাতে সজাতীয়াদি ত্রিবিধ ভেদ না থাকিলেও স্বীয় শক্তির অচিন্ত্যতা হেতু তাঁহার স্বরূপ-ভূত সৎ চিৎ আনন্দ পৃথক্ পৃথক্ ভাসমান হইয়া সন্ধিনী-সম্বিৎ-হ্লাদিনীরূপ স্বরূপের পরিচয় প্রদান করিয়া থাকে। অতএব সত্যাদি-বৈশিষ্ট্যই পরতত্ত্বের স্বরূপ লক্ষণ। পূর্বোক্ত অচিন্ত্যশক্তি-সমন্বিতত্ব এবং শেষোক্ত সত্যাদিবৈশিষ্ট্য একই। সৎ, চিৎ ও আনন্দই পরমেশ্বরের শক্তি। ঐ শক্তি এক হইয়াও অনন্ত। একই শক্তির আনন্ত্যে অচিন্ত্যত্বই কারণ। শেষোক্ত স্বরূপলক্ষণে কেবল সৎ, চিৎ ও আনন্দ এই তিনটিই লক্ষিত হইলেও উপলক্ষণে বহিরঙ্গা ও তটস্থা শক্তিও লক্ষিত হইয়াছেন, কারণ তটস্থাশক্তি স্বরূপশক্তির অনুরূপ অংশ এবং মায়াশক্তি উক্ত স্বরূপশক্তির ছায়ারূপ অংশ; সুতরাং অংশীর লক্ষণে অংশ উপলক্ষণ স্বাভাবিক। অতএব তটস্থা শক্তি ও বহিরঙ্গা শক্তিও গৌণভাবে পরমেশ্বরের স্বরূপ লক্ষণের অন্তর্ভুক্ত হইয়াছেন। তথাপি তটস্থা ও বহিরঙ্গা শক্তিকে মুখ্যভাবে স্বরূপলক্ষণের অন্তর্নিবিষ্ট না করার কারণ, কেবল উক্ত শক্তিদ্বয়ের গৌণত্ব-সূচন।

সৎ, চিৎ ও আনন্দই পরমেশ্বরের স্বরূপের অন্তর্ভুক্ত মুখ্যা শক্তি এবং জীব ও মায়া তাঁহার গৌণী শক্তি। যাহা সাক্ষাৎ স্বরূপের পরিচায়ক, তাহাই মুখ্য এবং যাহা পরম্পরায় স্বরূপের পরিচায়ক তাহাই গৌণ। সৎ, চিৎ ও আনন্দ পরমেশ্বরের স্বরূপের সাক্ষাৎ পরিচয় প্রদান-দ্বারা মুখ্যা শক্তি এবং জীব ও মায়া তাঁহার স্বরূপের পর-ম্পরায় পরিচয় প্রদান দ্বারা গৌণী শক্তি বলিয়া পরিগণিত হয়েন। মুখ্যাশক্তি পরমেশ্বরের স্বরূপ হইতে অভিন্ন ভাবে তদীয় স্বরূপের সাক্ষাৎ পরিচয় প্রদান করেন এবং গৌণী শক্তি তাঁহার স্বরূপ হইতে ভিন্ন ভাবে কার্য্য দ্বারা পরম্পরায় তদীয় স্বরূপের পরিচয় প্রদান করেন। শক্তি শব্দের অর্থ কার্য্যক্ষমত্ব। কার্য্যক্ষমত্ব-রূপা শক্তির দুইটি অবস্থা। একটি কারণা-বস্থা, অপরটি কার্য্যাবস্থা। শক্তির কার্য্যা-বস্থার নাম বৃত্তি। কারণ রূপা শক্তি ও তৎকার্য্যরূপা বৃত্তির সাধারণ নাম বৈভব। পরমেশ্বরের স্বরূপ-শক্তি ও তৎকার্য্যের নাম স্বরূপ-বৈভব, তটস্থাশক্তি ও তৎ-কার্য্যের নাম তটস্থ-বৈভব এবং মায়া শক্তি ও তৎকার্য্যের নাম মায়া-বৈভব।

দেশতঃ কালতঃ ও বস্তুতঃ পরিচ্ছেদ রহিত বস্তুই সৎ শব্দবাচ্য। যাহার দেশতঃ পরিচ্ছেদ নাই, তাহা বিভু, যাহা কালতঃ পরিচ্ছেদ রহিত, তাহা নিত্য এবং যাহা বস্তুতঃ পরিচ্ছেদ-শূন্য তাহা পূর্ণ। অতএব সৎ শব্দের বাচ্য যে বস্তু, তাহা স্বরূপতঃ বিভু, নিত্য ও পূর্ণ।' শ্রুতিশাস্ত্র পরমেশ্বরকেই সৎ বলিয়াছেন সুতরাং তাঁহার বিভুত্ব নিত্যত্ব ও পূর্ণত্ব স্বীকার্য্য।

স্বপ্রকাশ বস্তুকে চিৎ বলা হয়। যাহা স্বয়ংপ্রকাশ—যাহার প্রকাশ অন্যাপেক্ষ তাহা জ্ঞান। অতএব চিৎ শব্দ দ্বারা জ্ঞানই বোধিত হয়েন। পরমেশ্বর চিৎ, অতএব তিনি জ্ঞান। সুখকেই আনন্দ বলা যায়। প্রসাদরূপ জ্ঞান-বিশেষই সুখ, অতএব প্রসাদরূপ জ্ঞান-বিশেষ আনন্দ; পরমেশ্বর আনন্দ, অতএব তিনি প্রসাদরূপ জ্ঞান বিশেষ। জ্ঞান শব্দের অর্থ জ্ঞানা-কারে পরিলক্ষিত সাধারণ জ্ঞান এবং জ্ঞান-বিশেষ শব্দের অর্থ সুখাকারে পরিলক্ষিত অসাধারণ জ্ঞান। সুখাকার ধারণ জ্ঞানের উৎকর্ষ বা পরাকাষ্ঠা। জ্ঞান যখন সীমান্ত-প্রাপ্ত হয়েন, তখনই সুখাকারে পরিলক্ষিত হয়েন, অর্থাৎ তখন জ্ঞান সুখাকার ধারণ করেন। অতএব অদ্বয়-জ্ঞান ব্রজেন্দ্রনন্দনের সাক্ষাৎ পরিচয়ে তাঁহাকে বিভুস্বরূপ, নিত্যস্বরূপ, পূর্ণস্বরূপ, জ্ঞানস্বরূপ এবং সীমান্ত-প্রাপ্ত জ্ঞান-বিশেষ-স্বরূপ বা আনন্দস্বরূপ বলা যায়।

পরমেশ্বরের স্বরূপের এই যে পরিচয় অর্থাৎ স্বরূপ-বিজ্ঞান ইহা একমাত্র তদীয় পরাশক্তি বা স্বরূপশক্তি সম্বিৎ, সন্ধিনী ও হ্লাদিনী-বিলাস হইতেই জানিতে পারা যায়। শক্তিমান তত্ত্ব অদ্বয়জ্ঞান ব্রজেন্দ্র-নন্দনাদির স্বরূপশক্তি তাঁহাতেই বিশেষ ভাবে সংশ্লিষ্ট এবং সেই স্বরূপ শক্তির সন্ধিনী, হ্লাদিনী ও সম্বিদাদি বিভিন্ন প্রকাশে শক্তিমানাভিন্ন-স্বরূপশক্তিতে বৈভ-বের কল্পনা করিতে হইবে না। কৃষ্ণ-সেবা-বিজ্ঞানের চমৎকারিতা হইতেই একই স্বরূপশক্তির বিবিধ প্রকাশ। একই স্বরূপশক্তি যখন স্বীয় আশ্রয় কৃষ্ণচন্দ্রকে সম্বিদ্বৃত্তি দ্বারা সেবা করেন, তখন তিনি সম্বিৎশক্তি বলিয়া পরিচিতা, যখন সন্ধিনী বৃত্তি দ্বারা সেবা করেন, তখন তিনি সন্ধিনী শক্তি বলিয়া পরিচিতা এবং যখন হ্লাদিনী বৃত্তি দ্বারা সেবা করেন, তখন তিনি হ্লাদিনী শক্তি বলিয়া পরিচিতা হয়েন; সুতরাং পরমেশ্বরের স্বরূপের বিভুত্ব, নিত্যত্ব, পূর্ণত্ব, জ্ঞানস্বরূপত্ব, এবং জ্ঞান-বিশেষ-রূপত্ব এই যে বিভিন্ন পরিচয়, তাহাও পর-স্পর অভিন্ন। (ক্রমশঃ)

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

তত্ত্ব-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী বস্ত্রে বাঁধাই

স্বর্ণাক্ষিত। চতুর্থ সংস্করণ। বিস্তৃতবিষয়সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সনাতন ধর্ম্মশাস্ত্র বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত দর্শন, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অভাববোধ দূরীকৃত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

* বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই—২৲ দুই টাকা

আবাঁধা—১৸৹ পৌনে দুই টাকা।

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও আনুষঙ্গিক সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? বর্ণ, সমাজ, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য প্রমাণ খণ্ড

ভিক্ষা ৶৹

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নবদ্বীপ-মণ্ডলের নবদ্বীপের প্রাচীন বিবরণ—সহ [illegible] শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৬০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

উজ্জ্বল ব্রোঞ্জ-ব্লু কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

ভজনরহস্য

৷৶৹ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী এবং শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুদ্বয় উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভজনপথের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে বিবৃত হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ অষ্টম সংস্করণ ভিক্ষা /৹ আনা।

দেহ ও মনের চেষ্টা অনিত্য ও দুঃখপ্রদ—ইহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন আত্তায় আবেদনময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা প্রতি খণ্ড /৹ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— /৹, নবদ্বীপশতক— /৹

কল্যাণকল্পতরু

পকেট সাইজ পঞ্চম সংস্করণ ভিক্ষা /১০

আমরা অজ্ঞান দুঃখ অভাব ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন্ বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিকই কল্যাণের কল্পতরু; ইনি প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদানে

শ্রীল চক্রবর্ত্তি ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয়-সংবলিত প্রায় ৪২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৸৹

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সার্ব্বভৌমকোষগ্রন্থ)

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২ চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। বিষ্ণুবৈষ্ণবসম্পর্কিত শ্রীমন্দির ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও প্রবন্ধসমূহের তাৎপর্য্য ও বিবরণ, ৫। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় আকরমূলে যাবতীয় তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ খণ্ড ৸৶৹, ২য় খণ্ড ৸৶৹, ৩য় খণ্ড ৸৹, ৪র্থ খণ্ড ৷৶৹, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ

—১ম খণ্ড ১৲ এক টাকা ২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৸৹ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের ষট্‌সন্দর্ভ গ্রন্থ। ইহাই ষট্‌সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। প্রায় খণ্ড ডবল ক্রাউন ৮ ফর্ম্মায় ৩৩ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমন্মধ্বাচার্য্য সম্প্রদায়ের

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ৵৹ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক-সূচী, বিবৃতি অনুবাদ সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইল, প্রতি খণ্ড সাধারণ পক্ষে ৷৶৹, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৷৹

২। অনুবাদ-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৪র্থ সংস্করণ) ৭৲
৩। গৌড়ীয়-গৌরব ৷৶৹
৪। গৌড়ীয়-সাহিত্য ৶৹
৫। ভজনরহস্য ৷৹
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
" " আবাঁধা ৸৹
৭। গীতমাধুরী ৷৹
৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲
আবাঁধা ১৸৹
গীতার কেবল মূল-ভাষ্য ৷৹
৯। মুক্তিফলটীকা অপ্যসৌধতঃ শাস্ত্রবাক্য (বাংলা) ৭৲
১০। বেদান্তসূত্রের ভাষ্য (রামানুজীয়) ৷৹
১১। জৈবধর্ম্ম ২৲
১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৷৶৹
ঐ বাঁধা ৸৹
১৫। দীপ-নির্ণয়ন ৶৹
১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ৷৶৹
১৭। গোস্বামী রঘুনাথ দাস আবাঁধা ৷৶৹
ঐ ঐ বাঁধা ৷৹
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸৹
১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৶৹
২০। গীতমালা /১০
২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৶৹
২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷৹
২৩। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা-দর্পণ ৷৹
২৪। শরণাগতি, গীতাবলী, সাধনকথা, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অবগাহক ও সদাচারস্মৃতিঃ মোট ৷৶৹
২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও অর্চ্চনকথা ৶৹
২৬। সাধককণ্ঠমালা আবাঁধা ৷৶৹
বাঁধা
২৭। সিদ্ধান্তদর্পণ
২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲
২৯। [illegible] ৷৹
৩০। শ্রীনবদ্বীপ [illegible] বাঁধা ১৲
আবাঁধা ৸৹
৩১ [illegible] ৷৹
৩২ [illegible] ৸৹
৩৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট্ দ্বিতীয় সংস্করণ) ৩৲
৩৪। সাত্ত্বত [illegible] ৶৹
৩৫। সচিত্র [illegible] ৷৹
৩৬। শ্রীসিদ্ধান্তসরস্বতী বিগ্রহ ৷৹
৩৭। উপদেশাবলী বা [illegible] ৷৹

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈব-প্রাপ্ত একমাত্র মহৌষধ, সেবনে যক্ষ্মা যা যত কাশ সম্পূর্ণ আরোগ্য হইবে। বহু সহস্র রোগী মৃত্যুর কবল হইতে রক্ষা পাইয়াছেন। (গরীব রোগীদিগকে সমস্ত খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়।) বিস্তারিত জানিবার জন্য এক আনার টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র উকীল পোঃ সেকাটী, জেলা বাখরগঞ্জ।

নদীয়া জেলায় এ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করিতে পারেন—

ভাগবত প্রেসের ম্যানেজার শ্রীযুক্ত মহানন্দ ব্রহ্মচারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম, এ, কৃষ্ণনগর পোঃ, জেলা নদীয়া।

একখানি পত্র

.... আনন্দ সহকারে জানাইতেছি যে আমার ভ্রাতুষ্পুত্র কঠিন যক্ষ্মা রোগে আক্রান্ত হইয়াছিল এবং কলিকাতার সব প্রসিদ্ধ ডাক্তার মহাশয়গণ জীবনের আশা একেবারে ত্যাগ করিয়াছিলেন, কিন্তু বাবু ক্ষিতীশচন্দ্র উকীল মহাশয়ের ঔষধ মাত্র ১৫ দিন ব্যবহার করিয়া সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছে।

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী

জমিদার, খ লিয়া ফরিদপুর।

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ. এফ.সি.এস. (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে যত্নপূর্ব্বক ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দূর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা শাস্ত্রমত প্রস্তুত। নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা.

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাসি, সর্দ্দি, যক্ষ্মা, ক্ষয়রোগ, হৃদরোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্ব্বলতা নাশক অত্যন্ত পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, শুক্রহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও মানসিক দুরারোগ্য রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, বহুমূত্র, অজীর্ণ, পাকস্থলীর পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, হিষ্টিরিয়া, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১৷৷০ টাকা মাত্র।

সোল এজেন্ট—ডাঃ ডি, ডি, হাজরা।

ফতেপুর, গার্ডেনরীচ পোঃ, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ লক্ষ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্ব্বত্র বিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটীর উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটীকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটীকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। "বধিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাকচিক করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্ব্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১ টাকা।

অন্যান্য আবিষ্কৃত

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান :—আতঙ্ক নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পদ্যসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোল্ড অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে চীনাপত্রের কাগজে ছাপা ভিক্ষা—২৷৷০ টাকা

৪৪৪ গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

পরমার্থিশাক্তি মাত্রেরই একান্ত প্রয়োজনীয়

বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত

বাংলার ঘরে ঘরে বিরাজিত হউক

ভিক্ষা ৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর পোঃ (নদীয়া)

এখনও অপূর্ব্ব সুযোগ! পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম, এ প্রণীত (লাহোর)

মহোদয় কর্তৃক সংকলিত

৯৭ খানি অপূর্ব্ব চিত্র সমন্বিত।

বিশ্বকোষ-সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইঃ) মরোক্কো বাঁধা ১৷০ ভিপিতে ২৲ দুই টাকা মাত্র

এই প্রকার প্রকাশ হইবামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে—ডাঃ শ্রীসুন্দরানন্দ ব্রহ্মচারী এম, এস, এর কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়প্রিন্টিং ওয়ার্কস হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবত

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৪৭শ খণ্ড এবং নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৫৷৵০ সাধারণ পক্ষে ২১৷৵০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ৷৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ৷৴০।

দশমস্কন্ধের ভিক্ষা ১২৲, অগ্রিম সাধারণের পক্ষে ৮৲।

৮৩২ পৃষ্ঠায় ৭৮ অধ্যায় পর্য্যন্ত ত্রয়োদশ খণ্ড ছাপা হইয়াছে। একাদশ স্কন্ধ ছাপা আরম্ভ হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষার তৃতীয় সংস্করণ ৭৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০৲ টাকার এই বিরাট্ গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আদিকবি

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪৷০ টাক

সাধক কণ্ঠমালা

"স্তোক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ

ভিক্ষা ৷৵০ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব্ব বাঙ্গালার মধ্যে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে পারেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার সুবর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে। বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	৷০
একত্রে ৩ খণ্ড লইলে	১৲
সাধন পথ (শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	৷০
একত্রে ৩ খণ্ড লইলে	
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	
একত্রে ৩খণ্ড লইলে	
গীতাবলী প্রতিখণ্ড	৶১০
একত্রে ৩ খণ্ড লইলে	৵১৫
শরণাগতি—প্রতিখণ্ড	৴০
একত্রে ৩খণ্ড লইলে	৵৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীধামমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগৌরগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড্, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ,—সাতাসন, পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিরুলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৩নং অগস্ত্যকুণ্ড, কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—চিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
০। শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ পি
১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব
২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—১০নং নবাবপুর রোড্, ঢাকা।
৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।
৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাজোড়া, রাজপাড় পোঃ, বর্দ্ধমান।
৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—চন্দ্রকোণা, চন্দ্রকোণা পোঃ, মানভূম।
৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
৭। গৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ ওয়ারিস রোড্, নিউ দিল্লি

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—বসু লজ রোড, খুলনা
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—দেওয়ানগঞ্জ, কালিবাড়ী কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামরঞ্জন রায়—১৭২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা
৪। মিঃ এস ডি, মুখার্জ্জি এম, এস, ওয়াকিস লেন, কানপুর।
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী গোস্বামী—কৃষ্ণনগর, নদীয়া
৬। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।
৭ শ্রীবিরাজমোহন দে—মনোমোহন প্রেস, নবাবপুর, ঢাকা
৮। শ্রীনগেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় বেড়াচাঁপা, ২৪ পরগণা
৯। শ্রীনকালন চট্টোপাধ্যায় এ, এস, এম, মানভূম
১০। শ্রীপাদ অতীন্দ্রিয় ভক্তিপ্রকাশ ঘাসনবীশ।
১১। শ্রীপাদ নরোত্তম ব্রহ্মচারী ঐ

দৈনিক বসুমতী-প্রকাশ

বর্ষায় একমাত্র স্বদেশী

রবারের জুতা

টি, টি, সিলিপার

চটি, ফ্যাসিয়ান ও এলবার্ট

চামড়াহীন, মজবুত, সস্তা, নরম, জল-কাদায় বিশেষ উপযোগী—এই স্বদেশী জুতা, বাজে বিদেশী জুতার বদলে কিনিয়া দেশী শিল্পের সহায়তা করুন

ঠিকানা—টি, টি, সিলিপার এণ্ড কোং, ১নং টাউনসেণ্ড রোড ভবানীপুর, কলিকাতা

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা-

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

ম্যারফ্যালিন

টনিক ও সালসা। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার কমে হয়। কলেন পরিচায়কে

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ৩।৪ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকার ঔষধ খাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ বিষের জল খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে হয়রান হবেন কেন? সুতরাং ১০ আনার ম্যারফ্যালিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট, এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ৸৴০ আনা, ডজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসারস্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং নবকিষণ্ড লেন, কালকাতা।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

যুগল-মূর্ত্তি মার্কা
সর্ব্বত্র পাওয়া যায়

ত্রৈগুণ তৈল

আসল ও আদি
শিশি ৸০ আনা, ডজন ৮
ডিঃ পিঃ ও রেলওয়ে পার্শেল স্বতন্ত্র।

যুগল-মূর্ত্তি মার্কা এঃ বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

টেলিগ্রামের নাম ও ঠিকানা — "শ্রীধাম" / নবদ্বীপ

Registered No. C 44

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চ ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩৷৹
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

গ্রাহকের হার
অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষান্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸৹
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৴৫

৫ম খণ্ড] · সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [১৩৬ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—২০শে শ্রাবণ ১৩৩৭ শনিবার ৯ই আগষ্ট ১৯৩০

পুলিশকমিশনার আসামী

ধর্ম্মঘটী ও পুলিশে মারামারি—পুলিশকমিশনার আহত

টাঙ্গাইলে স্ত্রীসভা

বস্ত্রব্যবসায় বন্ধ, ট্যাক্স বন্ধ

কর্পোরেশনে গণ্ডগোল

কলিকাতায় খানাতল্লাস ও গ্রেপ্তার

দেবমন্দিরে পুরোহিত হত্যা

মহিলার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা

প্রেসিডেণ্ট খুন

কনভোকেশনে উপাধি বিতরণ

নানা কথা

পুলিশ কমিশনার আসামী

বোম্বাইয়ের পুলিশ কমিশনারের বিরুদ্ধে অভিযোগ হইয়াছে যে তিনি পণ্ডিত মালব্য, সর্দ্দার প্যাটেল প্রভৃতি কংগ্রেস নেতাদের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ আনয়ন করিয়াছেন।

বোম্বাই হাইকোর্টে একটী মোকদ্দমা উপস্থিত হইয়াছে, তাহাতে বেআইনী দোকানের সম্মুখে পিকেট করার জন্য পিকেটারদিগকে অভিযুক্ত করিয়া তাহাদিগকে শাস্তি দেওয়াই কারণ।

পিকেটিং শান্ত ভাবেই চলিয়াছিল, পিকেটারদিগের বিরুদ্ধে কোনরূপ বিশ্বাসজনক প্রমাণ উপস্থিত করা হয় নাই। তাহারা কোন দোকানদার অথবা ক্রেতাকে বিরক্ত বা অপমানিত করিয়াছিল বলিয়া প্রমাণ পাওয়া যায় নাই।

প্রার্থনা করা হয় যে এই সমস্ত মোকর্দ্দমার নথি তলব করিয়া দণ্ডাজ্ঞা প্রত্যাহার করা হউক।

ধর্ম্মঘটী ও পুলিশ মারামারি

কয়েম্বাটুর কঁর প্রদেশে কাপড়ের কলের মজুরেরা ধর্ম্মঘট করে। ধর্ম্মঘটিয়া লোকদিগকে মারধর করিতে আরম্ভ করে এবং পেন্সনীয় সৈন্যদিগকে আক্রমণ করে। সৈন্যগণ বন্দুক ধরিলে ধর্ম্মঘটীরা ছত্রভঙ্গ হয়। পুলিশ কমিশনার আহত হন।

টাঙ্গাইলে স্ত্রী-সভা

টাঙ্গাইল হইতে সংবাদ এই যে তিনি দেশের একটী বিরাট সভার অধিবেশন হয়। তাহাতে তিন শত মহিলা উপস্থিত ছিলেন। সভায় দেশের বর্ত্তমান দুরবস্থার বিষয় আলোচিত হয়। সকলকেই দেশের মুক্তির জন্য কার্য্য করিতে অনুরোধ করা হয়।

বস্ত্রব্যবসায় বন্ধ

গভর্ণমেণ্ট প্রকাশ করিয়াছেন যে, কিছুদিন পূর্ব্বে বস্ত্রব্যবসায় আইন-অমান্য দলের বয়কট আন্দোলন হইয়াছিল কিন্তু এখন একটু উন্নতি দেখা যাইতেছে। পেশোয়ারে এখনও বস্ত্র ব্যবসায়ের অবস্থা একই রূপ কিন্তু লোকজন কোনরূপ দুর্ব্যবহার তাহাদের করিতেছে না। বস্ত্র ব্যবসায় বন্ধ হইবার কারণ একমাত্র আইন অমান্য। ইহার প্রভাব সমস্ত দেশে ছড়াইয়া পড়িয়াছে। আইন অমান্যের ফলে বিলাতের ব্যবসায়ের স্থান অধিকারের বাজারে সম্পূর্ণ খালি পড়িয়া রহিয়াছিল। বোম্বে অবস্থা বড়ই সঙ্কটাপন্ন ক্রমেই কাপড়ের কারখানা বন্ধ হইবার সংবাদ পাওয়া যাইতেছে। বেকার সংখ্যা ক্রমে ক্রমে ১৮৫ জন [illegible] ধারণ করিয়াছে।

কালা ও ধলা

বোম্বাইবার্ত্তা হইতে সংবাদ পাওয়া গিয়াছে যে অনেক [illegible] বাঙ্গালা থাকায় [illegible] হইয়াছে; সেই সব [illegible] কর্ম্মচ্যুত করিয়া [illegible] স্থানে নিযুক্ত করা হইবে। ইহাতে বেশী টাকা খরচ পড়িবে, সুতরাং রাজকোষ হইতে কোম্পানীসমূহকে সাহায্য করা হইবে। যে সমস্ত কর্ম্মচারী কর্ম্মচ্যুত হইবে তাহাদিগকে পেন্সন এবং চাকরীতে নিযুক্ত করা হইবে। এইসমস্ত স্থানে মজুরের সংখ্যা কম পড়িয়াছে।

স্ত্রী শোভাযাত্রা

দেশবন্ধুর শ্রীযুক্ত বাসন্তী দেবীর নেতৃত্বে শত স্ত্রীলোক রাস্তায় শোভাযাত্রা করেন পুলিশ তাহাদিগকে এক ঘণ্টাকাল মদের দোকানের নিকট আটক রাখে। পুলিশ চলিয়া গেলে তাঁহারা কালীবাড়ীতে যাইয়া মিলিত হন এবং স্বদেশ প্রেম-উদ্দীপকধ্বনি দিতে দিতে নিজ নিজ স্থানে প্রস্থান করেন।

শান্তি সংবাদ

পণ্ডিত মতিলাল নেহেরু এবং জহরলাল নেহেরু গভর্ণমেণ্টের অনুমত্যানুসারে পুনায় মহাত্মা গান্ধির সহিত সাক্ষাৎ করিতে গিয়াছেন। কি ফল হয় বলা যায় না। যাহাতে আইন অমান্য আন্দোলন বন্ধ হয় সে সম্বন্ধে বেসরকারি ভাবে বলা হইয়াছে।

ট্যাক্স বন্ধ

মেদিনীপুরের [illegible] চৌকিদারী ট্যাক্স বন্ধ করিয়াছে। [illegible] সংখ্যক চৌকিদার [illegible] জন্য পদত্যাগ পত্র দিয়াছে।

পিউনিটিভ,ট্যাক্সের প্রতিবাদ

মুন্সিগঞ্জ অতিরিক্ত পিউনিটিভ কর আদায়ের বন্দোবস্ত করা হইতেছে। জনসাধারণ এক [illegible] অধিবেশন করিয়া সরকারের অতিরিক্ত পুলিশ না বসাইবার জন্য [illegible] করিয়াছেন।

বিবিধ সংবাদ

কর্পোরেশনে গণ্ডগোল

গত ৪ঠা আগষ্ট মিঃ জে, এম, সেন গুপ্ত মহাশয় মাননীয় অল্ডারম্যান নির্বাচিত হইলে কর্পোরেশন মিটিংয়ে তুমুল কাণ্ড হইয়াছে। ডেপুটী মেয়র মিঃ এস, কে, বসু উপবেশন করিবার কালে তাঁহার প্রতি মন্তব্য নিক্ষেপ করায় কিন্তু সৌভাগ্যক্রমে তাহা তাঁহার গায়ে লাগে নাই। সাধারণের প্রবেশ বন্ধ করিবার পূর্বেই বহু লোক গ্যালারী উপকাইয়া গৃহে প্রবেশ করিয়া সদস্যগণের আসনাদি অধিকার করিয়া বসিয়াছিল। কখন বা মিঃ সেন গুপ্তের আবার কখন বা মিঃ সুভাষ বোসের জয়ধ্বনি হইতেছিল। গোলমাল কোনও কার্যই হইতে পারে নাই। অনেকের সর্দার বসুমল্লিক এক পরিচয় মাননীয় মেম্বার জন্য কাউন্সিলে সম্মান প্রদর্শনার্থে সভা স্থগিত হয়। সাধারণের প্রবেশ নিষেধ করার জন্য চীফ এক্জিকিউটিভ অফিসারকে বিশেষ ভাবে নিন্দা করা হইয়াছিল। মিঃ এস, কে, বোস উঠিয়া দাঁড়াইয়া কহিবার চেষ্টা করায় "সেম", "সেম" চীৎকারে তাঁহাকে থামাইয়া দেওয়া হইয়াছিল।

দেবমন্দিরে পুরোহিত হত্যা

গত ১লা আগষ্ট বাঁকিপুর জামতাড়া থানার লক্ষ্মীনারায়ণ মন্দিরের পুরোহিতকে মন্দিরের সামনেই কে বা কাহারা হত্যা করিয়া গিয়াছে। কুঠারের আঘাতে পুরোহিতের শির বিচ্ছিন্ন করিয়াছিল। এবং মন্দিরের দরজা খুলিয়া লক্ষ্মীনারায়ণের ২০০০, দুই হাজার টাকা মূল্যের অলঙ্কার লইয়া গিয়াছে। বাকি ও পুব দরজা খোলা ছিল। পুরোহিত মন্দিরের দরজা বন্ধ করিয়া বাহিরের বারান্দায় শুইয়াছিল। তাহার কোমরেই মন্দিরের দরজার চাবি ছিল। হত্যাকারী পুরোহিতকে খুনিগণ কুঠারের দ্বারা আঘাত করিয়া চাবি লইয়া গিয়াছে বলিয়াই সকলে অনুমান করে।

কলিকাতায় খানাতল্লাস ও গ্রেপ্তার

বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেসকমিটি খানাতল্লাস করিলে গত ৫ই আগষ্ট পুলিশ কতকগুলি কংগ্রেস বুলেটীন সহ ভারপ্রাপ্ত কর্মচারী শ্রেষ্ঠ দত্তকে গ্রেপ্তার করিয়াছে।

গত ৫ই আগষ্ট কলেজস্ট্রীটস্থ খদ্দর আশ্রম খানাতল্লাস করিয়া পুলিশ ঐ আশ্রমের কর্মী শ্রীযুক্ত প্রফুল্ল মোহন ভৌমিককে গ্রেপ্তার করিয়াছে।

ঐ দিন আইন অমান্য পরিষদ খানাতল্লাস করিয়া পুলিশ 'সত্যাগ্রহ সংবাদের' সম্পাদক শ্রীযুক্ত মোহন দাস গুপ্তকে গ্রেপ্তার করিয়াছিলেন।

উক্ত ৫ই আগষ্ট পুলিশ বড় বাজার কংগ্রেস কমিটির সম্পাদক শ্রীযুক্ত রামলগন সিংহের বাড়ী খানাতল্লাস করিয়া কংগ্রেস কর্মী শ্রীযুক্ত রামলগন সিংহকে ধৃত করিয়াছে।

কলিকাতায় মহিলা গ্রেপ্তার

কলিকাতায় কসাইটি, পগেয়াপট্টি ও অন্যান্য স্থানের বস্ত্র দোকানে পিকেটিং করার অপরাধে শ্রীযুক্তা দম্ব, শ্রীমতী বিমলা ও শ্রীমতী হেমকুমারী দেবী ও আরও ৫ জন মহিলা গত ৫ই আগষ্ট গ্রেপ্তার হইয়াছেন। গত সোমবার দিন প্রভাবতী গুপ্তকে গ্রেপ্তার করিয়া সন্ধ্যার পর লালবাজারে পুলিশ ডেপুটী কমিশনারের নিকট উপস্থিত করা হইয়াছিল কিন্তু ডেপুটী কমিশনার সাহেব তাঁহাকে মুক্তি দিয়াছেন।

কানাডায় নির্বাচন

ইংলণ্ডে মাত্র দুইটী রাজনৈতিক দল আছে। কানাডায় সাতটী দল আছে। ইংলণ্ডের ন্যায় কনসারভেটিভ, লিবারেল ও লেবার দল, তিনটী দল ত আছেই, অধিকন্তু ইউনাইটেড ফারমার্স, প্রগ্রেসিভস্, লিবারেল প্রগ্রেসিভস্ এবং ইন্ডিপেন্ডেন্টস্ এই চারিটী দলও আছে।

বর্তমান কনসারভেটিভ দল নির্বাচনে জয় লাভ করায় লিবারেল গবর্ণমেন্ট দল পদচ্যুত হইলেন। প্রধান মন্ত্রী মিঃ ম্যাকেঞ্জি কিং পদত্যাগ পত্র দাখিল করিয়াছেন।

কলেজ পিকেটিং কলিকাতা

কলেজ পিকেটিং ক্রমশঃই কমিয়া আসিতেছে। প্রেসিডেন্সী ও সিটি কলেজে প্রায় নিয়মিত রূপে ছাত্র উপস্থিত হইতেছে।

মহিলার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা

বাঁকিপুরের ম্যাজিষ্ট্রেট মিঃ এম, এম, ইয়ার্ট শ্রীমতী অপরাজিতা দাস ও গিরিবালা দাসের বিরুদ্ধে দণ্ডবিধি আইনের ১২৩ ধারা অনুসারে গ্রেপ্তারি পরয়ানা বাহির করিয়াছেন।

ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট খুন

নেত্রকোনা ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট যখন গভীর নিদ্রা যাইতে ছিলেন তখন তাঁহাকে কে বা কাহারা হত্যা করিয়াছে। কারণ এখনও জানা যায় নাই। বিশেষ বিবরণ পরে প্রকাশিত হইবে।

ভূমিকম্পে অট্টালিকা ভূমিসাৎ

গত ৪ঠা আগষ্ট বেলুচিস্থানে ভূমিকম্পে কয়েকখানা পাকা বাড়ী পড়িয়া যায়। কম্পনের জোর একেবারে মন্দ নহে। বেলুচিস্থানের বা অন্য স্থানের খবর এখনও সম্যকরূপে জানা যায় নাই। এখনও কোন মৃত্যু সংবাদ পাওয়া যায় নাই।

ভূমিকম্পের পর

উড়িষ্যার বহু বিস্তৃত প্রদেশ ভূমিকম্পে ধ্বংসপ্রাপ্ত হইয়াছে। বর্তমানে উহার লোকদিগকে সাহায্য করিবার জন্য একার লক্ষ টাকা সরকার পক্ষ হইতে দেওয়া হইয়াছে।

শীঘ্রই গৃহাদির পুনর্নির্মাণ কার্য আরম্ভ হইবে। উড়িষ্যা সরকার উড়িয়াদের জানাইয়াছেন যে বর্তমান অবস্থায় কাহাকেও খাজনা অথবা ঋণের টাকা দিতে হইবে না।

বিহারের নামক স্থান হইতে নই হইয়া যাওয়ায় প্রজারা দুর্দশাগ্রস্ত হইয়াছে। গবর্ণমেন্ট প্রচার করিয়াছেন যে সেখানকার প্রজাদিগকে ও বর্তমান অবস্থায় খাজনা দিতে হইবে না।

কনভোকেশনে উপাধি বিতরণ

গত মঙ্গলবার দিন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কনভোকেশনে বিশ্ববিদ্যালয়ের ভূতপূর্ব ভাইস চ্যান্সেলর আর্কোহার্ট সাহেব ডি, এল্, উপাধিতে ভূষিত হন।

পুনর্নির্বাচন

ঢাকা হইতে সংবাদ এই যে জমীদার শ্রীযুক্ত সুরেশচন্দ্র পালচৌধুরী কাউন্সিল অব ষ্টেটের সদস্য পদে পুনর্নির্বাচিত হইবার পথপ্রার্থী আছেন।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

জ্বরশোর পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

মফঃস্বলের ... ৬ আঃ শিশিতে নীতুত সময় হোটবোতলে ... ডাক পাঠান ... ইহাতে ... মূল্য প্রতি শিশি ... আনা ... ১৷০ আনা।

অফিস ১১নং ... শ্যামবাজার, কলিকাতা

মদন মঞ্জরী

বটিকায় ধাতু ও মধুবিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, অজীর্ণে অম্লশূল, অম্লপিত্ত, বাধাবায়ু, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি সকল দোষ নিশ্চয় আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

"এপুষ্ট অক্কাম্বাদি ঘৃত"

পুরুষত্বহীন যে কোন বাতপ্রকোপ দ্বারা আরোগ্য করিয়া সংরক্ষণ করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

"স্বপ্নবিলাসিনী বটিকা"

বীর্য্যধারণ শক্তি ও পুষ্টি করিতে অদ্বিতীয়। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

প্রাপ্তিস্থান নারায়ণ ঔষধালয়, কেশবভাণ্ডার, ১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের ছোকা শিশি বাদাম তৈল

আদি ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্বজন পরীক্ষিত ও বহু প্রশংসিত।

আমরা সর্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জোয়াচোরগণ অনেকের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

প্রোঃ—জে, বি, দত্ত

ফেরাম্ কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আর্সেনিক, হাইড্রোক্লোর কুইনিন, আয়রন এবং ইউরিয়েন আছে।

এই ফেরাম্-কুইনিন্ দ্বারা ইনজেকসন করিলে একটী বা দুইটী ইনজেকসনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং চার হইতে বারটী ইনজেকসনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া ... সম্পূর্ণ আরোগ্য—মূল্য ২৲, ডজন ৩৲ টাকা

বাইও-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরীতে ২৯১ ... লেন, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

•:০:

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর ২৮শে শ্রাবণ শনিবার—১৩৩৮

(১)

(ক) জীবের ভগবদ্দাসাতিরিক্ত পরিচয় বাস্তব পরিচয় নহে

(খ) ভগবদ্দাসস্বরূপ স্বরূপ-পরিচয় বিস্মৃতি ফলেই জীব মায়াকৃত স্থূল ও সূক্ষ্মাবরণে অহংমমাভিমান-গ্রস্ত হইয়া নানানর্থ-প্রপীড়িত হন

(গ) সদ্গুরুপাদাশ্রয়ফলেই জীবের অপস্বত্বে 'বস্তু' ভ্রমরূপ নিবর্ত্ত দূর হয়, জীব অদ্বয়জ্ঞান তত্ত্বস্বস্তুর নিত্যসেবা লাভ করিয়া ধন্য হন

(২)

(ক) চিজ্জড়ে সমন্বয়-প্রয়াস মায়াকৃত দুর্ব্বুদ্ধি

(খ) অত্যন্ত ভোগপিপাসা-নিবন্ধন জীব শ্রৌতপন্থা পরিত্যাগপূর্ব্বক নিজ-রুচি অনুসারে অসত্যকে 'সত্য' বলিয়া প্রচার-দ্বারা নিজ ভোগ-চেষ্টাকে নির্দ্দোষ বলিয়া সমর্থন-কল্পে তথাকথিত সমন্বয়বাদী হইয়া পড়েন

(গ) বস্তুতঃ চেতনে চেতনে বা জড়ে জড়েই সমন্বয় সম্ভব, জড়ে চেতনে সমন্বয় অসম্ভব

(ঘ) সমন্বয় অর্থে যথাস্থানে সন্নিবেশ, সুতরাং কর্ম্ম, জ্ঞান ও ভক্তি-মার্গের প্রাপ্তির একত্র সমাবেশ না করিয়া তাহাদিগের বৈশিষ্ট্য রক্ষা করা কর্ত্তব্য

স্বয়ংভগবান্ ও তদিতর মনুষ্য ও দেবতাগণকে শ্রুতি-কথিত অধিকারানুসারে যথাস্থানে অধিষ্ঠিত করাই যথার্থ সমন্বয়-জ্ঞানের পরিচয়

(৩)

শ্রীকৃষ্ণ ও তাঁহার শক্তিত্রয়-বিজ্ঞান

(৪)

অবিদ্যাই জীবের ভবরোগের মূলকারণ, সদ্গুরু-পাদাশ্রয়ে জীব সেই রোগ-মুক্ত হইয়া স্বাস্থ্যলাভে সমর্থ হন

জীবের ভগবদ্দাসাতিরিক্ত পরিচয় বাস্তব পরিচয় নহে

আমাদিগের জ্ঞান-শক্তি আছে। জ্ঞান-শক্তির দ্বারা আমরা নিজের ও অপর বস্তুর অস্তিত্ব ও পরিচয়াদি অবগত হইয়া থাকি। যাহার অস্তিত্ব নাই, তাহা অবস্তু। আকাশ-কুসুম অবস্তু। আমরা যখন আকাশ-কুসুমের অবস্থান ও পরিচয়াদি অবগত নহি, তখন স্বীকৃত হইতেছে যে আমাদিগের জ্ঞানশক্তি কর্ত্তৃক, যাহা কিছু বস্তু মধ্যে গণ্য অর্থাৎ যাহার অস্তিত্ব আছে, তাহারই অবস্থান ও পরিচয়াদি লভ্য, অবস্তুর অবস্থান ও পরিচয়াদি অলভ্য।

এক্ষণে বিচারিত হইতেছে যে "আমি" শব্দ যাহাকে লক্ষ্য করিতেছে তাহা বস্তু, না আকাশ কুসুমবৎ অবস্তু। যদি অবস্তু হয়, তবে "আমি যাই", "আমি আছি", "আমার পুত্র", "আমার গৃহ" ইত্যাদি প্রকার উক্তি এবং শত্রু-মিত্রাদিভাব ও নানাপ্রকার পরস্পর ব্যবহার কেমন করিয়া মানব-সমাজে প্রচলন লাভ করিতে সমর্থ হইয়াছে? আকাশ-কুসুম লইয়া যখন কাহারও কোন প্রকার সম্বন্ধ বা আদান-প্রদান রূপ ব্যবহার দেখা যায় না, তখন "আমি" নিশ্চয়ই বস্তুমধ্যে গণ্য হইবার যোগ্য, অবস্তু মধ্যে কখনও গণ্য হইতে পারে না।

আমাদিগের "আমি" যখন বস্তু বলিয়া স্বীকৃত হইল, তখন উহা কিরূপবস্তু এবং উহার স্বরূপই বা কি উহারও নিরূপণ করা দরকার। এইরূপ প্রশ্নের উত্তরে শাস্ত্রকারগণ বলেন যে আমাদিগের 'আমি' চিৎকণ বস্তু এবং নিত্যকাল অহৈতুকী-ভাবে বিভুচিদ্বস্তু শ্রীভগবানের সেবাতে সর্ব্বতোভাবে নিযুক্ত থাকাই 'আমি'র একমাত্র কৃত্য। যে কালে আমরা ভগবৎ-সেবা বিস্মৃত হইয়া বিমুখ হই সেই সময় হইতে ভগবন্মায়া আমাদিগের 'আমা'কে স্থূল সূক্ষ্ম দুইটী দেহরূপ জড়পদার্থের আবরণে আবৃত করিয়া আমাদিগকে কখন প্রস্তর, বৃক্ষ-লতাদিরূপ স্থাবর এবং কখন কীট, পক্ষী, পশু, মানব ও দেবতাদি রূপ জঙ্গম সাজাইয়া নানাপ্রকার দুঃখে নিক্ষেপ করেন। যখন যেরূপ দেহে অবস্থান করি, তখন আমরা সেইরূপ পরিচয় দিয়া থাকি। বর্ত্তমানে আমরা 'আমি'র পরিচয় দিতে যাইয়া বলিতেছি যে আমরা মনুষ্য ও অমুকের পুত্র। এসব আমাদিগের 'আমী'র আগন্তুক স্থূলদেহের পরিচয়, স্বস্বরূপ-গত পরিচয় নহে। আমাদিগের মধ্যে যদি কেহ বাহ্য স্থূলদেহের নশ্বরতা দর্শনে 'আমি'র যথার্থ পরিচয় জানিবার জন্য ব্যাকুল-ভাবে যত্ন করেন, অমনি মায়াদেবী তাঁহার জ্ঞানশক্তিকে সূক্ষ্ম শরীরের স্তরে আটকাইয়া দিয়া তাঁহাকে 'আমি—সূক্ষ্ম বস্তু বা আমি ব্রহ্ম' ইত্যাদি প্রকার কাল্পনিক পরিচয়ে পরিচিত করিয়া থাকেন। অতএব দিব্য জ্ঞানে প্রতিষ্ঠিত তত্ত্ব ভগবদ্ভক্তগণের সঙ্গ ব্যতীত কেহ স্বয়ং বা তদ্ভিন্ন কোন অজ্ঞ ব্যক্তির সাহায্যে মায়ারচিত স্থূল ও সূক্ষ্ম দেহদ্বয়ের স্তর ভেদ করত নিজ ভগবদ্দাসস্বরূপ স্বরূপ অনুভব করিতে সমর্থ হন না।

—

সমন্বয়বাদ

(শ্রীপাদ [illegible])

আধুনিক জগতের [illegible] সকল বিষয়ে সমন্বয়-প্রয়াসী এবং তাঁহাদের এই মনঃকল্পিত সমন্বয়বাদ স্থাপনের [illegible] [illegible] ও [illegible] হইতে প্রমাণ উদ্ধার করিয়া [illegible] ব্যাখ্যা করিতেও [illegible] করেন। তাঁহারা শ্রীগীতার '[illegible]' ইত্যাদি [illegible] অবতারণা করিয়া [illegible] তাহাতে [illegible] ও [illegible] উদ্ধার করিয়া নিজ [illegible] সমর্থন করিতে সচেষ্ট [illegible]। এই [illegible] বিচারে [illegible] কেন, তিনি ভগবানকে পাইয়া থাকেন। কর্ম্ম, জ্ঞান, যোগ, তপস্যা প্রভৃতি যে উপায়েই ভগবানকে ভজন করা যাউক, তাহাতে কিছু যায় আসে না। তাঁহারা এই [illegible] প্রতিষ্ঠিত করিবার জন্য উদাহরণ প্রদান করেন, যেমন কোন স্থানে যাইতে হইলে [illegible] বিভিন্ন পথ থাকে, তদ্রূপ ভগবানের নিকট [illegible] বিভিন্ন পথ আছে। ভগবান [illegible], শিব, দুর্গা, কালী, [illegible], রাম, [illegible] কোন নামেই ডাকা হউক না কেন, একই কথা; অথবা যেমন কোন এক ব্যক্তির ভিন্ন ভিন্ন নাম থাকিলে, তাঁহাকে যেকোন নামে ডাকিলেই তিনি উত্তর প্রদান করেন, ভগবৎসম্বন্ধেও তদ্রূপ। • •

এই সমস্ত কথা মনোধর্ম্মি সম্প্রদায়ের নিকট [illegible] শ্রুতির বিরুদ্ধ হইলেও সাধারণ [illegible] উহা যুক্তিযুক্তপূর্ণ বলিয়া গ্রহণ করিয়া থাকেন। তিনি [illegible] কামনা করিয়া আধিকারিক দেবতার উপাসনা করেন, [illegible] মায়াশক্তি তাঁহাকে ঐ সকল আধিকারিক দেবতার [illegible] ও [illegible] প্রদান করিয়া তাঁহাকে [illegible] হইতে বঞ্চিত করেন এবং জন্মমরণ-ব্যাধির চক্রে [illegible] কভু স্বর্গে, কভু মর্ত্ত্যে [illegible] থাকেন। কিন্তু যাঁহারা ভগবানের নিত্যসেবা-প্রার্থী হইবেন, ভগবান্ তাঁহাদিগকে তাঁহার নিত্য সেবা প্রদান করিবেন। সুতরাং যিনি যে ভাবে ভজন করুন না কেন, তিনি [illegible] ফল পাইবেন [illegible] বিশেষ ভাবে লক্ষ্য করা কর্ত্তব্য যে, সকল ফল সমান নহে। ধর্ম্ম-অর্থ-কাম-মোক্ষ-কামীর ফল এবং নিত্য-কৃষ্ণসেবা-প্রাপ্তি-প্রার্থীর ফল এক নহে। [illegible] ফল—স্বর্গাদি। [illegible] ফল,—[illegible] [illegible], অহৈতুকী হরি-সেবার ফল নিত্যানন্দময় হরিসেবালাভ বা ভগবৎ-প্রেম। সুতরাং স্বর্গাদিকামকামী ও হরি-সেবকগণের [illegible] আকাশ পাতাল প্রভেদ বর্ত্তমান, ইহাতে কোনও সন্দেহ নাই।

[illegible] শ্রী জগজ্জননী মহামায়া ও অন্যান্য আধিকারিক দেবগণ শ্রীভগবানেরই বহিরঙ্গাশক্তি ও [illegible] বৈভব, তাঁহারা [illegible] [illegible] জগৎ-সৃষ্টি-কার্য্যের [illegible] পরিচালনা করিতেছেন। জগৎ-সৃষ্টি-কার্য্যে [illegible] [illegible] কোনও [illegible] নাই। চিজ্জগতে [illegible] সকল [illegible], তাহাই [illegible] [illegible] [illegible] [illegible] ভগবানের [illegible] [illegible] [illegible] ভগবানের সেবা-[illegible], তাঁহারা যোগমায়ার নিকট [illegible] নিত্য [illegible] কৃপা [illegible]

করিয়া থাকেন। আর যাঁহারা অদ্বৈতবাদীর অনুসরণ-লালসায় ভক্তি, ধর্ম, অর্থ, কাম প্রভৃতি অভিলাষ করিয়া থাকেন, তাঁহারা মহামায়া বা দুর্গাদি দেবদেবীর উপাসনার ফলে সকল অভিলাষের প্রাপ্ত হন। [illegible] ব্রহ্মজ্ঞানিগণ [illegible] ভগবানের [illegible] যোগমায়ার আশ্রয় করিয়াছিলেন এবং স্বয়ং নিজেকে অনাদিবদ্ধ জীব কল্পনা করিয়া মহামায়ার আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। সুতরাং যে শ্রেণীর লোকেরা সংকীর্ণ বিচারের বশবর্ত্তী হইয়া যোগমায়া ও 'মহামায়া'কে এক করিয়া মায়াবাদ প্রচার করেন, তাঁহারা অজ্ঞ এবং ভগবৎস্বরূপ উপলব্ধির অভাব-জন্যই এরূপ বিচার প্রচারে তৎপর।

বর্ত্তমান জগতে আরও দেখা যায়, কাল ভেদে, তার নাম কিছু পরিবর্ত্তন হইয়াছে। ভগবানের শক্তি সেরূপ নহে। ভগবানের নাম-শক্তিতে ভেদ নাই, ভগবানের কোন নামই নিরর্থক নহে বা ভগবানের বাস্তব সত্তা হইতে ভিন্ন নহে; তবে লীলাগত পার্থক্য আছে। ভগবানকে যিনি সৃষ্টিকর্ত্তা বলিয়া ডাকিলেন, তিনি তাঁহাদের সমাধান করিতে পারিলেন না। সৃষ্টিকর্ত্তা বলিলে ভগবানের পূর্ণ সত্তার উপলব্ধি হয় না, কারণ সৃষ্টি-কার্য্যটী ভগবানের স্বরূপ-শক্তির কার্য্য নহে, উহা তাঁহার বহিরঙ্গা শক্তির পরিচায়ক। 'ব্রহ্ম' বলিলে ভগবানের ষড়ৈশ্বর্য্যের পরিচয় পাওয়া যায় না, কারণ ভগবানের নির্বিশেষ ভাবই 'ব্রহ্ম' নামে খ্যাত। সুতরাং 'ব্রহ্ম' বলিলে ভগবানের সম্যক্ সচ্চিদানন্দ-বিগ্রহের উপলব্ধি হয় না। যিনি নারায়ণ ভজন করেন, তিনি কৃষ্ণের মাধুর্য্য উপলব্ধি করিতে পারেন না। আবার কৃষ্ণভক্ত এক কৃষ্ণেতেই সম্পূর্ণ ও পরমতত্ত্বপরিচয় বর্ত্তমান দেখিয়া নারায়ণ ভজনে স্পৃহা করেন না। যাঁহারা ভগবৎস্বরূপ উপলব্ধি করিয়াছেন, তাঁহারা অনভিজ্ঞ সমাজের মত সিদ্ধান্ত-বিরোধ-সূচক মতবাদ-প্রচার-প্রয়াসী নহেন। কিন্তু তাহা হইলে কি হয়, কলির প্রাবল্য-হেতু বাদবিবাদপূর্ণ জনগণ দাম্ভিকতাকে বরণ করিয়া তাহাকেই 'মত-সমন্বয়বাদ' বলিয়া সমাদর করিতে এবং সৎ ও শুদ্ধশিক্ষাকে সঙ্কীর্ণতা ও অনুদারতা নামে অভিহিত করিতে পরাঙ্মুখ নহেন। অতএব যে সুধী ব্যক্তি সত্যের অনুসন্ধান করিতে চাহেন, তিনি অসৎসঙ্গ দূরে বর্জ্জন করিয়া শ্রীচৈতন্যচরণে আত্মসমর্পণ করুন।

শ্রীকৃষ্ণ ও তদীয় শক্তিত্রয়বিজ্ঞান

(পূর্ব্বপ্রকাশিত [illegible] সংখ্যার পর)

(শ্রীপাদ [illegible] বন্দ্যোপাধ্যায় [illegible])

সৎ, চিৎ ও আনন্দই এই শক্তিত্রয় যথাক্রমে স্বরূপশক্তি বলিয়া পরিচিতা।

পরমেশ্বর সৎস্বরূপ হইয়াও স্বরূপ-শক্তির যে প্রকাশ দ্বারা সত্তা ধারণ ও প্রদান করেন, তাহাকে সৎ বলে। ঐ শক্তির বিশেষ নাম সন্ধিনী শক্তি। পরমেশ্বর চিৎ স্বরূপ হইয়াও, স্বরূপশক্তির যে বৃত্তি দ্বারা জ্ঞান লাভ ও দান করেন, তাহাকে চিৎ বলে এবং ঐ শক্তির বিশেষ নাম সংবিৎ শক্তি। পরমেশ্বর আনন্দ স্বরূপ হইয়াও স্বরূপশক্তির যে বৃত্তি বা প্রকাশ-দ্বারা স্বীয় স্বরূপ-গত আনন্দ স্বয়ং অনুভব করেন এবং অপরকে আস্বাদন করান, তাহাই তাঁহার আনন্দ, ঐ আনন্দের বিশেষ নাম হ্লাদিনী শক্তি।

উক্ত শক্তিত্রয়ের সমাবেশ স্থান বা আধারটী শুদ্ধসত্ত্ব নামে খ্যাত। ঐ শুদ্ধসত্ত্বের আবার ত্রিবিধ প্রকাশ—একাংশ প্রধান এবং দুইটি সমপ্রধান। তন্মধ্যে একাংশ-প্রধান প্রকাশটির আবার ত্রিবিধ প্রকার—সন্ধিনী-প্রধান, সংবিৎ-প্রধান ও হ্লাদিনী-প্রধান। সন্ধিনী-প্রধানের দ্বারা শুদ্ধসত্ত্বের প্রকাশ। সংবিৎ-প্রধানের দ্বারা ঐশ্বর্য্য জ্ঞানের প্রকাশ এবং হ্লাদিনী-প্রধানের দ্বারা গুহ্যতম প্রেম বিশেষের প্রকাশ। সমপ্রধান রূপে পরমেশ্বরের মূর্ত্তির প্রকাশ [illegible] স্বরূপশক্তির [illegible] হইতে এই পর্য্যন্ত আলোচিত হইল, অতঃপর পরমেশ্বরের বহিরঙ্গা শক্তি যাহাকে মায়া বা মায়াশক্তি বলা হয়, সে সম্বন্ধে কিঞ্চিৎ আলোচনা করিয়া বর্ত্তমান প্রবন্ধের উপসংহার করিব। কালে মায়াশক্তির স্বরূপ-জ্ঞানাভাব হেতু জীব মায়াশক্তির প্রভাবেই স্বরূপশক্তির [illegible] বলিয়া বিতর্কে পতিত হয়েন এবং তত্ত্বশক্তির জ্ঞানাভাব হেতুই জীব আপনাকে জড়াধার-পরিণত অপূর্ণতা [illegible] বলিয়া বুঝিতে না পারায় শক্তিমান্ হইবার চেষ্টা করিয়া অভিমান করেন। স্বরূপশক্তির সহিত মায়াশক্তির পার্থক্য এই প্রসঙ্গে বলা যায়।

স্বরূপশক্তির ছায়াই মায়াশক্তি। মায়াশক্তির কার্য্য এবং স্বরূপশক্তির কার্য্য ঠিক পরস্পর বিপরীত। ছায়া বা প্রতিবিম্বের স্বভাবই এই। দর্পণে প্রতিবিম্বিত মূর্ত্তি দেখিলেই উহা বেশ বুঝা যায়। বিম্ব এবং প্রতিবিম্ব একপ্রকার হইলেও তাহাদের স্বরূপে বিশেষ পার্থক্য বর্ত্তমান। বিম্বের ডান দিক, প্রতিবিম্বে তাহা বাম দিক; বিম্ব দক্ষিণ হস্ত উত্তোলন করিলে প্রতিবিম্ব বাম হস্ত উত্তোলন করিবে। সুতরাং বিম্বের কার্য্য এবং প্রতিবিম্বের কার্য্য এক নহে। স্বরূপশক্তি শ্রীভগবানে [illegible] থাকিয়া বিবিধ লীলা বিধান করিতেছেন আর মায়াশক্তি জীবে সংশ্লিষ্ট থাকিয়া বিবিধ ভোগবিধান দ্বারা জীবের ভোক্তৃত্বাভিমান জন্মাইয়া তাহার স্বরূপাবরণপূর্ব্বক ভগবদ্বিমুখ করিতেছেন। মায়ার দ্বারা বস্তুসকল ছিন্ন বা পরিচ্ছিন্ন হয় তাহার দ্বারা। দেশতঃ, কালতঃ ও বস্তুতঃ ভেদে পরিচ্ছেদ ত্রিবিধ। কোন দেশে স্থিতির নাম দেশতঃ পরিচ্ছেদ, কোন কালে স্থিতির নাম কালতঃ পরিচ্ছেদ এবং কোন বস্তুর সহিত সাদৃশ্য বা একীভাবের নাম বস্তুতঃ পরিচ্ছেদ। সুতরাং দেখা যাইতেছে যে, দেশ, কাল ও বস্তু পরিচ্ছেদের কারণ; অতএব মায়াও দেশ, কাল ও বস্তুরূপা। তন্মধ্যে দেশরূপা ও কালরূপা মায়ার নাম জীবমায়া এবং বস্তুরূপা মায়ার নাম গুণমায়া। জীবমায়া কালশক্তি, অতএব বুদ্ধিরূপা। জীব পরমেশ্বরের স্বরূপবৈভব নহেন বা স্বরূপ বৈভবের ছায়ারূপা মায়াও নহেন। জীবের মায়াকৃত পরিচ্ছেদ সম্ভব। মায়া-পরিচ্ছিন্ন জীব স্বরূপ-বৈভবরূপে পরিগণিত হইতে পারেন না, আবার মায়াপরিচ্ছিন্ন জীব যে মায়া নহেন তাহা বলাই বাহুল্য। সুতরাং তটস্থা শক্তি-পরিণতি অণুচৈতন্যই জীবের স্বরূপ, অতএব জীব শক্তিতত্ত্ব। সেই জন্য তাঁহার স্বরূপে ভোক্তৃত্ব থাকিতে পারে না; কেবল মায়াসঙ্গ-বশতঃই জীব আপনাকে ভোক্তা বলিয়া মনে করে। সাধুসঙ্গ প্রভাবে শরণাগতি জন্মিলে জীব এই মায়াবরণ হইতে উন্মুক্ত হইতে পারেন।

"প্রভুর স্বরূপ আর শক্তিত্রয় জ্ঞান।
যার হয় তাঁর নাহি কৃষ্ণেতে অজ্ঞান॥"

রোগ ও তাহার প্রতিকার

(পণ্ডিত শ্রীপাদ নরোত্তম দাসাধিকারী)

রোগ মাত্র একটি। সেই রোগের লক্ষণাদি বহু। কতকগুলি লক্ষণ রোগগ্রস্ত জীবের স্থূলদেহে প্রকাশ পায়। চিকিৎসকগণ রোগের মূলতত্ত্ব না জানায়, প্রত্যেক লক্ষণকে এক একটি রোগ বলিয়া আখ্যা দিয়া থাকেন এবং তাহার প্রতিকারকল্পে বিবিধ প্রকার ঔষধ, পথ্য ও শুশ্রূষার ব্যবস্থা করেন। তাহাতে রোগের মূল নষ্ট না হওয়ায়, ঐ সকল লক্ষণ দেহে পুনঃ পুনঃ প্রকাশিত হইতে দেখা যায়; এমন কি মৃত্যু ঘটিলেও পুনঃ দেহ-প্রাপ্তিতে, সেই দেহে ঐ সকল রোগ-লক্ষণের প্রকাশ হইয়া থাকে। উদাহরণ-স্বরূপ বলা যাইতে পারে:—কাহারও জ্বর হইল, চিকিৎসকের ব্যবস্থানুসারে ঔষধ, পথ্য ও শুশ্রূষায় জ্বর তাহা নিরাময় হইল। কিন্তু কিছুদিন পরে ঐ ব্যক্তির পুনরায় কেন জ্বর হয়? দেহত্যাগ হইলে, পুনরায় দেহ-প্রাপ্তিতে পুনশ্চ সেই দেহে জ্বর কেন প্রকাশ পায়? রোগের মূল নষ্ট না হওয়াই কি উহার কারণ নহে? এতদ্দ্বারা কি ইহাই প্রমাণিত হয় না যে ঐ চিকিৎসকগণ মূল রোগতত্ত্বে অনভিজ্ঞ, সুতরাং চিকিৎসাও জানেন না?

ঐ রোগের কতকগুলি লক্ষণ মনেও প্রকাশ পাইয়া থাকে। পণ্ডিতগণ সে সকল লক্ষণকে কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্য, শোক, দুঃখ, ভয় প্রভৃতি আখ্যা দিয়া থাকেন এবং তাহার প্রশমন-কল্পে উপদেশ, তাড়ন, ভর্ৎসন, মধুর-বাক্য, সদ্ব্যবহার, সহানুভূতি প্রভৃতির যথোপযুক্ত ব্যবস্থা করিয়া থাকেন। ইঁহারাও প্রকৃত রোগতত্ত্ব জ্ঞাত নহেন। তাই, ইঁহাদের চিকিৎসাতেও উপর্য্যুক্ত লক্ষণ-সমূহের পুনঃপ্রকাশ বন্ধ হয় না।

প্রকৃত রোগ আত্মাতেই সূচিত হয়। তাহার নাম ভবরোগ। দৈহিক ও মানসিক যন্ত্রণাসমূহ এই ভবরোগের লক্ষণ-বিশেষ। ভোগবুদ্ধিই এই ভবরোগের মূলীভূত বীজ-স্বরূপ। সেই ভোগবুদ্ধি প্রশম হইলে আর ঐ সমস্ত যন্ত্রণা-দায়ক লক্ষণের পুনঃপ্রকাশ সম্ভব হয় না। ভোগবুদ্ধি হইতে আমরা পাঞ্চভৌতিক স্থূল ও মন-বুদ্ধি-অহঙ্কারাত্মক সূক্ষ্ম-দেহ প্রাপ্ত হই এবং সেই দেহদ্বয়ে আত্মবুদ্ধি করত আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক তাপত্রয় দৈহিক ও মানসিক যন্ত্রণাদায়ক লক্ষণসমূহ ভোগে বাধ্য হইয়া, চৌরাশীলক্ষ যোনিতে পুনঃ পুনঃ যাতায়াত করিতে থাকি। সুখ, শান্তি ও আশা-প্রাপ্তির নিমিত্ত কত না চেষ্টা করি, কিন্তু ভাগ্যে ভবসিন্ধুতে অসুখ, অশান্তি ও অসাফল্যই লাভ হইয়া থাকে। শাস্ত্রে দৃষ্ট হয়,

সুখায় কর্ম্মাণি করোতি লোকো
ন তৈঃ সুখং বান্যদুপারমং বা।
বিন্দেত ভূয়স্তত এব দুঃখং
যদত্র যুক্তং ভগবান্ বদেন্নঃ॥

অর্থাৎ শ্রীভগবান্ বলিতেছেন:—ভবরোগগ্রস্ত জীবকুল সুখের নিমিত্তই যাবতীয় কর্ম্ম করিয়া থাকে বটে, কিন্তু তাহাদের ভাগ্যে সুখ-লাভ ঘটে না। সুখ পায় না বলিয়া তাহারা যে চেষ্টা হইতে বিরত হয় না। সুতরাং পুনঃ পুনঃ দুঃখ-লাভই করে, কারণ তাহারা ঐরূপ দুঃখপাকেই রোগী।

তবে কি এই ভবরোগ হইতে নিষ্কৃতি লাভের উপায় নাই? আছে বৈ কি—শাস্ত্র বলেন—

জনন-মরণাদি-সংসারানল-সন্তাপিতো দীপ্তশিরা জলরাশিমিব।
উপহারপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠং গুরুমুপসৃত্য তমনুসরতি॥

অর্থাৎ মস্তক জ্বলিয়া উঠিলে লোক যেমন জলসমীপে গমন করে, সেইরূপ জন্মমরণাদি সংসারানলে সন্তপ্ত হইয়া ভবরোগগ্রস্ত জীব উপহার অর্থাৎ সমিৎ হস্তে বেদবেদান্ত-পারঙ্গত ব্রহ্মনিষ্ঠ সদ্বৈদ্যরূপ শ্রীগুরুর নিকট গমন করিবেন এবং তাঁহার অনুগত হইবেন। তাহা হইলে লক্ষণাদি-সহ ভবরোগ নামক প্রকৃত রোগটি সমূলে বিনাশ প্রাপ্ত হইবে; সুখ, শান্তি ও আশা ফিরিয়া আসিবে। শ্রীগুরুচরণাশ্রয় ব্যতীত রোগের মূল কখনই নষ্ট হইবার নহে।

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

বাঙ্গলা-গ্রন্থাবলী :

উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই স্বর্ণাক্ষরে। চতুর্থ সংস্করণ। বিস্তৃতবিষয়সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সনাতন ধর্মশাস্ত্র বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত পঞ্চরাত্র, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবেরই ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অভাববোধ দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই—২৲ দুই টাকা

আবাঁধা—১৸৹ পৌনে দুই টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্তব্য ও দৈনিক সাময়িক কর্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? বর্ণ, আশ্রম, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য

প্রমাণ খণ্ড

ভিক্ষা ॥৹

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নয়টি দ্বীপ-সমন্বিত। এই নয় দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে বাঙ্গালার ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৬০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

ডবল ক্রাউন কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক ধামবাসীর কি প্রকার ভাবের উদ্গম হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা (?) / হরিনামপুস্তিকা

৷৶৹ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী প্রভু ও শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তগণের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে বিবৃত হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা ৴৹ আনা

দেহ ও মনের চেষ্টা অনিত্যাবস্থ লইয়া—ইহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন জাতীয় আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাগত হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। উড়িয়া সংস্করণও প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড ৴৹ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— ৴৹, নবদ্বীপশতক— ৴৹

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা ৴১৹

আমরা অজ্ঞতা এবং অভাব ও কামনার বশবর্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং তাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই অভিনব সার্ব্বজনিক কল্যাণের গ্রন্থ ; যদি প্রত্যেকে নিত্যকল্যাণ প্রার্থী হ'ন।

শ্রীল চক্রবর্ত্তি ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচী, বিষয়সূচী প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয়-সম্বলিত প্রায় ৪২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৷৹

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সাম্প্রদায়িক কোষগ্রন্থ)

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। বিষ্ণুবৈষ্ণবসম্পর্কিত শ্রীমন্দির ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও প্রবন্ধ-সমূহের তাৎপর্য্য ও বিবরণ, ৫। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় আকরমূলে যাবতীয় তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ম খণ্ড ৸৶৹, ২য় খণ্ড ৸৶৹, ৩য় খণ্ড ৸৹, ৪র্থ খণ্ড ৷৶৹, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ

১ম খণ্ড ১৲ এক টাকা ২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷৹ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই ষট্সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। প্রায় ৪খণ্ড ডবল ক্রাউন ৮ পেজায় ৬৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমধ্বাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ৴৹ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক-সূচী, বিষয়সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইবে, প্রতি খণ্ড সাধারণ পক্ষে ৷৶৹, গৌড়ীয় বা সজ্জন-তোষণী গ্রাহক পক্ষে ৷৹

২। অনুভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (২য় সংস্করণ) ৪৲
৩। গৌড়ীয়-গৌরব ৷৶৹
৪। গৌড়ীয়-সাহিত্য ৶১
৫। ভজনরহস্য ॥৹
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপ-শতকম্ (বাঁধা) ৸৹
আবাঁধা ৸৹
৭। [illegible] ৷৹
৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲
আবাঁধা ১৸৹
গীতার কেবল মূল-মাত্র ৷৹
৯। দুঃসঙ্গ্রাহিকা [illegible] (মাধ্ব) ২৲
১০। [illegible] (রামানুজীয়) ॥৹
১১। জৈবধর্ম্ম ২৲
১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸৹
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ৪৲
১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৸৶৹
ঐ বাঁধা ৸৹
১৫। দীপ-নির্দ্দর্শন ৶৹
১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ৷৶৹
১৭। গোস্বামী রঘুনাথ দাস আবাঁধা ৷৶৹
ঐ ঐ বাঁধা ॥৹
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ॥৹
১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৶৹
২০। গীতমালা ৴১৹
২১। নবদ্বীপ-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৶৹
২২। শ্রীল [illegible] ৷৹
২৩। শ্রীগৌড়মণ্ডল-পরিক্রমা দর্পণ ৷৹
২৪। শরণাগতি, গীতাবলী, গীতমালা, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক অষ্টপত্র ও সদাচারস্মৃতিঃ প্র. ৷৶৹
২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও [illegible] ৶৹
২৬। সাধককণ্ঠমালা আবাঁধা ৷৶৹
ঐ ॥৹
২৭। সিদ্ধান্তদর্পণ ৶৹
২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲
২৯। প্রশ্নোত্তরিকা ॥৹
৩০। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা বাঁধা ১৲
আবাঁধা ৸৹
৩১। মণিমঞ্জরী [illegible] ৷৹
৩২। গোবিন্দভাষ্য ॥৹
৩৩। শ্রীমদ্ভাগবত (বিবৃতি, দ্বিতীয় সংস্করণ) ৪৲
৩৪। [illegible] ৶৹
৩৫। [illegible] ৷৹
৩৬। শ্রীমদ্ভাগবতগীতা [illegible] ॥৹
৩৭। রত্নমালিকা বা [illegible] ৷৹

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈব-প্রাপ্ত একমাত্র মহৌষধ, পনর্দ্দিনে পথ্য না করে কাশ সম্পূর্ণ আরোগ্য হইবে। বহু সহস্র রোগী মৃত্যুমুখ হইতে রক্ষা পাইয়াছেন। (গরীব রোগীদিগকে বিনা খরচে ঔষধ দিয়া চিকিৎসা করা হয়।) বিস্তারিত জানিবার জন্য এক আনার টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র উকীল পোঃ দৈকাটী, জেলা [illegible]।

নদীয়া জেলার নিম্ন ঠিকানায় অনুসন্ধান করিতে পারেন—

[illegible] মাানেজার শ্রীযুক্ত মহানন্দ ব্রহ্মচারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রী [illegible] দত্ত বি, এ, কৃষ্ণনগর পোঃ, জেলা নদীয়া।

একখানি পত্র

.... আমি আনন্দের সহিত জানাইতেছি যে আমার [illegible] কঠিন যক্ষ্মা রোগে আক্রান্ত হইয়াছিল এবং কলিকাতার বহু নামজাদা ডাক্তারগণ জীবনের আশা একেবারে ত্যাগ করিয়াছিলেন, কিন্তু বাবু [illegible] ঔষধ মাত্র ১৫ দিন ব্যবহার করিয়া সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছে

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী
জমিদার, [illegible]।

মরা মানুষ বাঁচাইবার উপায়

বর্ত্তমান শতাব্দীর প্রথম মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই বটে, তথাপি যাঁহারা নানাবিধ আনুষঙ্গিক উপায়ে [illegible] মরা হইয়া বাঁচিয়াছেন [illegible] প্রমেহ, ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, অজীর্ণ, [illegible] শিরঃপীড়া, অর্শ এবং স্ত্রীলোকদের [illegible] বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, [illegible] হিষ্টিরিয়া প্রভৃতি রোগে দুর্গন্ধ জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটার সাহেবের আবিষ্কৃত ইলেক্‌ট্রিক মলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত শত প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য সর্ব্বপ্রকার ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১৷০ টাকা মাত্র।

সোল এজেন্ট—ডাঃ ডি, ডি, হাজরা।
[illegible], [illegible] পোঃ, কলিকাতা।
ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

মহাকবি
শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পদ্যসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোল্ড অক্ষরে ডবল ক্রাউন আটপেজী আকারে টিটাগড়ের কাগজে ছাপা। ভিক্ষা—২৷০ টাকা

৪৪৮ গৌরাব্দের
সচিত্র

শ্রীনবদ্বীপ পঞ্জিকা

পরমার্থিগণের সর্ব্বত্র একান্ত প্রয়োজনীয়
বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত
বাঙ্গালার ঘরে ঘরে পরিচিত পঞ্জিকা

ভিক্ষা ৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্য মঠ, শ্রীধাম-মায়াপুর পোঃ (নদীয়া)

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ
শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ. এফ.সি.এস (লণ্ডন)
ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক
(প্রফেসার)

আয়ুর্ব্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে যত্নপূর্ব্বক ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দূর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।
নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় শাস্ত্রমতে প্রস্তুত। কফ, কাসি, সর্দ্দি, যক্ষ্মা, স্বরভঙ্গ, হৃদরোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্ব্বলতা নাশক আকরস্ত পুষ্টিকর খাদ্য। [illegible]

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, শুক্রতারল্য, স্বপ্নদোষ, প্রমেহ, ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপরিসীম আনন্দদায়ক রসায়ন

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত স্ত্রীরোগ রোগের মহৌষধ
মূল্য— ১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ লক্ষ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্ব্বজনবিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটীর উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটীকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটীকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। "মণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাক্‌চিক করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্ব্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১ টাকা।

—অন্যান্য আবিষ্কৃত—

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য পত্র লিখুন :—
প্রাপ্তিস্থান :- আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

এখনও অপূর্ব্ব সুযোগ! পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম, এ প্রাজ্ঞ (লাহোর)
মহোদয় কর্ত্তৃক লিখিত
নব শতাধিক অপূর্ব্ব চিত্র সমন্বিত।
[illegible]
উৎকৃষ্ট (ইং) বরোজো বাঁধা ১৷০ ভিপিতে ২৲ দুই টাকা মাত্র
এই প্রকাশ অবসানে প্রায় [illegible] হইয়াছে।

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে— ডাঃ শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী এম, এস, এস কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়মঠ হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চাল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

প্রথম খণ্ড এবং নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৫॥৶০ সাধারণ পক্ষে ২১।৶০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।৵০।

দশমস্কন্ধের মূল্য ১২৲, অগ্রিম সাহায্যকারীর পক্ষে ৮৲।

৮৩২ পৃষ্ঠায় ৭৮ অধ্যায় পর্য্যন্ত ত্রয়োদশ খণ্ড ছাপা হইয়াছে। একাদশ স্কন্ধ ছাপা আরম্ভ হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষায় তৃতীয় সংস্করণ ৬৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০৲ টাকার এই বিরাট গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ পাইবেন না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস অবতার

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪॥০ টাক

সাধক কণ্ঠমালা

৮ স্তোক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ ভিক্ষা ।৶০ মাত্র

মনোমোহন প্রেস

পুরুষ বাজারে ভুবনে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত বৈদ্যুতিক মেশিনে ক্ষিপ্রতার সহিত কাজ চলিতেছে বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা।

উড়িয়া-অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষরপড়িতে জানেন না, তাঁহাদের শ্রীমন্‌মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার সুবর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে; বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষা অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রথম	॥০
একত্রে ৩ খণ্ড লইলে	১৲
সাধন পথ (শ্রীমহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রথম	।৵০
একত্রে ৩ খণ্ড লইলে	॥০
কল্যাণ কল্পতরু প্রথম	।০
একত্রে ৩ খণ্ড লইলে	।০
গীতাবলী প্রথম	৴১০
একত্রে ৩ খণ্ড লইলে	৵১৫
শরণাগতি প্রথম	৴০
একত্রে ৩ খণ্ড লইলে	৵৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্য:—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগোদ্রুমগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংশন রোড, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ, সোঁতাকুণ্ডী, পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিরুলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৩নং জঙ্গমবাড়ী, কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
১০। শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ পি।
১১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব
১২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—১০নং নবাবপুর রোড, ঢাকা।
১৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।
১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাযোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।
১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—চুয়াকোনা, চিরকুন্ডা পোঃ, মানভূম।
১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
শ্রীগৌড়ীয়মঠ কাবালের ১০।১ কুইনান রোড, নিউদিল্লি

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—বজ্ লজ্ ক্রে রোড, খুলনা
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—দেওয়ানগঞ্জ, কলাবাড়ী কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামরঞ্জন রায়—১৭।২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা
৪। মিঃ এন ডি, মুখার্জি—এম, এম, ওয়ার্কস দি মল, কানপুর
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী জোয়ারদার,—বগুলা, নদীয়া,
৬। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।
৭ শ্রীবিরাজমোহন দে—মনমোহন প্রেস, নবাবপুর, ঢাকা
৮। শ্রীশৈলেন্দ্রনাথ সড়গড় রেডিচালা, ২৪ পরগণা
৯। শ্রীপঞ্চানন চট্টোপাধ্যায় বি, এল, এম, মানভূম
১০। শ্রীপাদ অতীন্দ্রিয় ভক্তিপ্রকাশ বাসবাদ।
১১। শ্রীপাদ নরোত্তম ব্রহ্মচারী ঐ

দৈশিক শদীয়া-প্রকাশ

বর্ষায় — একমাত্র — স্বদেশী

. রবারের জুতা

টি, টি, সিলিপার

চটি, প্রেসিয়াম ও এলবার্ট

চামড়াহীন, মজবুত, সস্তা, নরম, জল-কাদায় বিশেষ উপযোগী—এই স্বদেশী জুতা, যাতে বিদেশী জুতার বদলে কিনিয়া দেশী শিল্পের সহায়তা করুন।

ঠিকানা- -টি, টি, সিলিপার এণ্ড কোং, ১২নং টাউনসেণ্ড রোড ভবানীপুর, কলিকাতা

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

মারফালিন

টনিক ও সালসা। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার কম হয়। ফলেন পারচায়তে

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ২।৪ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ খাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি যাকে তাকে ২ শিশির জল খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে আপসোস করেন কেন? সুতরাং ।৹ আনার মারফালিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট, এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হবেন, ডাক্তার ডাকতে হয় না। মূল্য প্রতি শিশি ।৶৹ আনা, ডজন ৫।৹ আনা।

এজেণ্ট—মেসার্স্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কলিকাতা

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা এবং বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

আসল ও খাঁটি
শিশি ৷৹ আনা, ডজন ৴
ভিঃ পিঃ ও প্যাকিং খরচ স্বতন্ত্র।

টেলিগ্রামের নাম ও ঠিকানা — "শ্রীধাম" নবদ্বীপ

Registered No. C 1F44

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩।০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

বর্ত্তমান-বার্ত্তাবহ

সাহায্যের হার অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ প্রতি সংখ্যা ৫

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [১৩৭ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—২৬শে শ্রাবণ ১৩৩৭ সোমবার ১১ই আগষ্ট ১৯৩০

নানা কথা

সীতাদেবীর জেল

কলিকাতা বড়বাজারে পিকেটিং জন্য সীতাদেবী ও ৭জন মহিলা গ্রেপ্তার হইয়াছিলেন। গত ৭ই আগষ্ট সীতাদেবীর ৪মাস জেল হইয়াছে এই দিন ঐ স্থানে কাপড়ের দোকানে পিকেটিং করার জন্য আবার ৩জন মহিলা ধৃত হইয়াছেন।

মেয়র বিভ্রাট

মেয়র ও অল্ডারম্যান নির্বাচন লইয়া কলিকাতা করপোরেশনে মহা গণ্ডগোল উপস্থিত হইয়াছে। কথা কাটি পর্য্যন্ত ব্যাপার চলিতেছে। উহার শেষ যে কতদূর পর্য্যন্ত গড়াইবে কে জানে। সভার কার্য্য পুনরায় স্থগিদ হইয়াছে। উক্ত নির্ব্বাচন জন্য পুনরায় ২২শে আগষ্ট সভা হইবার দিন স্থির হইয়াছে।

বেকার সমস্যা

লণ্ডনে ২০০০০০০দুই মিলিয়ন শ্রমিক বেকার অবস্থায় বসিয়া আছে। গত সপ্তাহ অপেক্ষা এই সপ্তাহে ৩৯০০০হাজার বেকার বেশী হইয়াছে।

মৌলানা আবুল কালাম আজাদ

সর্দ্দার বল্লভভাই প্যাটেল দণ্ডিত হইবার পরেই মৌলানা আবুল কালাম আজাদ কংগ্রেসের কার্য্যকারী সভাপতি রূপে নির্ব্বাচিত হইয়াছেন।

লাহোর ষড়যন্ত্র মামলার আসামিদিগের সঙ্কট অবস্থা

লাহোর ষড়যন্ত্র মামলার আসামিদিগের অবস্থা ক্রমশঃই সঙ্গীন হইতেছে। শুকদেব ও অন্যান্য আসামিগণকে জেল হাসপাতালে নীত হয়। তথায় তাহাদিগকে কৃত্রিম উপায়ে জেল কর্ত্তৃপক্ষ খাওয়াইবার ব্যবস্থা করিয়াছেন।

সীতাদেবীর জেল

বোম্বাই মিছিলের মামলা—সমস্ত নেতৃগণ দণ্ডিত

লণ্ডনে ২০০০০০০লক্ষ বেকার

মৌলানা আবুল কালাম আজাদ—কংগ্রেস কার্য্যকরী সভাপতি

মেয়র বিভ্রাট

মহিলা সত্যাগ্রহীর প্রায়োপবেশন

মালব্যজীর অদ্ভুত মুক্তি

লাহোর ষড়যন্ত্র মামলার আসামিগণের সঙ্কটাবস্থা

গাড়োয়াল প্রসেশনে বাধা

মামলায় প্রধান ম্যাজিষ্ট্রেট ও পুলিশসাহেব আসামী

পণ্ডিত মালব্যজীর মুক্তি

অজ্ঞাতনামা লোক কর্ত্তৃক জরিমানা প্রদান

প্রকাশ গত ৮ই আগষ্ট গোপালটিতে মিসেস্ নাইডুর নেতৃত্বে একটি মহতী সভার আয়োজন হইয়াছিল। হঠাৎ মালব্যজীকে বক্তৃতা-মঞ্চে দেখিয়া শ্রোতৃগণ বিস্ময়ে স্তম্ভিত হন। এখন সকলেই আনন্দধ্বনিতে মুখরিত হইতে লাগিল। সকলে মালব্যজীর মুক্তির গূঢ়রহস্য ভাবিবার জন্য ব্যগ্রচিত্তে প্রশ্ন করেন। উত্তরে তিনি বলেন যে কোন এক অজ্ঞাতনামা ব্যক্তি তাঁহার জরিমানার টাকা সরকার বাহাদুরকে প্রদান করিয়াছে এবং সরকার বাহাদুর সেই সঙ্গে তাঁহাকে মুক্তি দিয়াছেন।

মহিলা সত্যাগ্রহীর প্রায়োপবেশন

প্রকাশ যে লাহোরে কোন এক মহিলা পিকেটিং করিতেছেন গ্রেপ্তার হইয়াছেন; তিনি তাঁহার ছেলে মেয়ের সহিত সাক্ষাৎ করিতে চাহিলে পুলিশ সাহেব কর্তৃক প্রত্যাখ্যাত হন। কর্তৃপক্ষের ব্যবহারে অপমানিত হইয়া প্রায়োপবেশন অবলম্বন করিয়াছেন।

বোম্বাই মিছিলের মামলার উপসংহার—সমস্ত নেতৃগণ দণ্ডিত

তিলক স্মৃতি উৎসব মিছিল উপলক্ষে যে সমস্ত নেতা ধৃত হইয়াছিলেন, তাঁহারা সকলেই দণ্ডিত হইয়াছে। পণ্ডিত মদনমোহন মালব্য, মিস্ মণিবেন প্যাটেল, মিসেস্ নুতন সেন এবং ২ জন শিখ মহিলার ১০০ টাকা করিয়া জরিমানা এবং জরিমানা না দিলে ১৫ দিন কারাবাসের আদেশ হইয়াছে এবং মিঃ বল্লভ ভাই প্যাটেল ও অন্যান্য আসামিগণের ৩মাস করিয়া জেল হইয়াছে। পণ্ডিত মালব্য ও মহিলাগণ জরিমানা আদায় দিতে অস্বীকার করিয়া জেলে যাওয়াই শ্রেয়ঃ মনে করিয়াছেন।

ভারতে নিরক্ষরতা

ভারতের ভাইস চ্যান্সেলার সংঘের পত্নী লেডী চ্যাটার্জ্জি একটি সভার বক্তৃতাকালে প্রকাশ করেন যে, ভারতের দারিদ্র্য একটি মহা সমস্যার বিষয়। ভারতে নিরক্ষরের সংখ্যা অত্যন্ত বেশী। এ বিষয়ে বেশী মনোযোগ আবশ্যক। গভর্ণমেন্ট শিকারে বেশী খরচ না করিয়া যুবকদিগের শিক্ষায় খরচ বেশী করিলে গভর্ণমেন্ট নিরক্ষরতা নাশ দূর করিতে পারিবেন।

শান্তির চেষ্টা

সার তেজবাহাদুর সপ্রু ও জয়াকর প্রমুখ কংগ্রেস কার্য্যকারী মেম্বারগণের সহিত শান্তির জন্য কথাবার্ত্তা চালাইতেছেন। ফলে কিছুই হয় নাই।

মৌলানা আবুল কালাম আজাদ বলিয়াছেন যে এখনও সন্ধি সম্বন্ধে কথাবার্ত্তা হয় নাই। ভারতের স্বাধীনতা ছাড়া অন্য কোনরূপ সন্ধি স্বীকার হইতে পারে না।

বিবিধ সংবাদ

মহিলাগণের বিরাট সভা

প্রকাশ যে [illegible] মহিলাদিগের এক বিরাট সভার অধিবেশন হইয়াছিল। বহু সংখ্যক মহিলা এই সভায় যোগদান করিয়াছিলেন। সভার প্রারম্ভে মিসেস্ নাইডু [illegible] একটি [illegible] প্রদান করেন। তিনি [illegible] উচিত এবং [illegible] বলিয়াছেন যে মহিলাগণ [illegible]। [illegible] তাঁহাদের [illegible] সহিত [illegible] হইতে পারে। [illegible] মহিলাগণ [illegible] আন্দোলনের [illegible] অধিকার করিয়াছে। মহিলাগণ [illegible] সম্পূর্ণ আত্মনিয়োগ করিতে পারেন, তাহার জন্য তিনি সকলকে অনুরোধ করেন। তাহার পর মিসেস্ কমলাদেবী নাইডু বলেন যে শান্তিদূতের চেষ্টা আমাদিগকে কিছুই সুবিধা দিতে পারিবে না। যদিও তাঁহারা [illegible] শান্তির কোনরূপ মতের পরিবর্তন করিতে পারেন, কিন্তু [illegible] নিকট তাঁহাদের শান্তির বার্তা নিষ্ফল হইবে। [illegible] প্রাণপণে চেষ্টা করুন না কেন কিন্তু আমরা তাহাতে ভ্রূক্ষেপ করিব না এবং আমাদের কার্য্য উৎসাহের সহিত চালাইতে থাকিব।

কিশোরগঞ্জে একজন হিন্দুর মৃত্যু

গত সাম্প্রদায়িক দাঙ্গায় অনাথবন্ধু নামক কোন এক ভদ্রলোকের গৃহ মুসলমান [illegible] লুণ্ঠিত হয়। তিনি নিঃসহায় হইয়া প্রাণভয়ে নিকটস্থ এক জঙ্গলে আশ্রয় গ্রহণ করেন। তথায় দুর্বৃত্তরা তাঁহাকে নির্মমভাবে প্রহার করে। ফলে ১ সপ্তাহ কাল শয্যাগত থাকিয়া গত বুধবার [illegible] তিনি মৃত্যুমুখে পতিত হন।

পত্রিকা বন্ধ

গতকল্য মাদ্রাজের চিফ ম্যাজিষ্ট্রেট 'আনন্দ' নামক একখানা পত্রিকার বিরুদ্ধে নোটিশ জারি করিয়াছেন। প্রেস অর্ডিনান্স আইন অনুসারে আনন্দ পত্রিকার বিরুদ্ধে ২০০০ টাকার দাবী করিয়াছেন। পত্রিকাখানি বর্তমানে বন্ধ আছে।

মিরাদেবীর বিনাশ্রম কারাদণ্ড

চাঁদপুরে [illegible] ভট্টাচার্য্যের কন্যা মিরাদেবীকে সরকার ১ মাস বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দিয়াছেন। একমাস পূর্বে তিনি আইন ভঙ্গে পুলিশ কর্তৃক গ্রেপ্তার হন "সি" ক্লাস কয়েদীরূপে পরিগণিত হন।

ট্রেনে ইটপাটকেল নিক্ষেপের দরুণ ৩১ জন গ্রেপ্তার

প্রকাশ যে, ২ জন পিকেটারকে গ্রেপ্তার করিয়া পুলিশ তাহাদিগকে [illegible] লইয়া যাইতেছিল। কতকগুলি বালক ট্রেনের গাড়ীকে লক্ষ্য করিয়া ঢিল ছোড়ে ও পুলিশদিগকে [illegible] করে। এই উপলক্ষে ৩১ জন যুবক ধৃত হন। অভিযোগকারী রেলওয়ের ক্ষতিপূরণ দিবার জন্য [illegible] প্রার্থনা করেন। তাহাতে রেল-কোম্পানী [illegible] তুলিয়া লন।

সার আবদার রহিম ও মৌলানা সৌকত আলির কলিকাতা সহরে পদার্পণ

নিখিল মুসলমান কনফারেন্সের প্রেসিডেণ্ট সার আবদার রহিম ও মৌলানা সৌকত আলি গতকল্য ঢাকা মেল যোগে কলিকাতা সহরে আগমন করেন। বহু মুসলমান তাঁহাদিগকে অভ্যর্থনা করিবার জন্য ষ্টেশনে উপস্থিত হইয়াছিলেন। মুসলমান যুবক সঙ্ঘ হইতে সার আবদার রহিমকে একখানি অভিনন্দন পত্র দেওয়া হয়।

গাড়োয়ান প্রসেশনে বাধা—ওয়ার কাউন্সিলের প্রেসিডেণ্ট গ্রেপ্তার

৮ই আগষ্ট [illegible] গাড়োয়ান [illegible] উপলক্ষে ১৬ জন কংগ্রেস ভলাণ্টিয়ার সহ একটি মিছিল বাহির হয়। কিছুদূর অগ্রসর হইতেই পুলিশ তাহাদিগকে বাধা দেয় এবং কমিশনারের আদেশ অনুসারে শান্তিপূর্ণ পথ অবলম্বন করিয়া তাহাদিগকে চলিয়া যাইতে বলেন, আদেশ অমান্য করায় পুলিশ তাহাদিগকে গ্রেপ্তার করেন। সেই সময় মিঃ [illegible] অধিনায়কত্বে ৬০০ শত লোক সমবেত হইয়া তথায় বসিয়া পড়ে। পুলিশের অফিসার তাহাদের [illegible] চালাইতে লাগিল। অতঃপর পুলিশ [illegible] তাঁহাকে গ্রেপ্তার করে। ক্রমে ক্রমে বিপুল জনতা তথায় সমবেত হইল। তাহার ভিতরে ডাঃ মুঞ্জেকে দেখা যাইতেছিল। ম্যাজিষ্ট্রেট ও অন্যান্য পুলিশ কর্মচারিগণ অতি তৎপরতার সহিত অবস্থার গুরুত্ব লক্ষ্য করিতেছিলেন।

মজার মামলা

প্রধান ম্যাজিষ্ট্রেট ও পুলিশ সাহেব আসামী

বোম্বাইয়ের প্রধান প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট বাহাদুরের আদালতে অন্য ম্যাজিষ্ট্রেট বাহাদুর এবং পুলিশ কমিশনার বাহাদুরের বিরুদ্ধে জি, কে, [illegible] নামক এক ব্যক্তি ফরিয়াদি হইয়া দরখাস্ত করিয়াছে যে প্রধান প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট এবং পুলিশ সাহেবকে তিন বৎসরের জন্য সশ্রম কারাদণ্ডের অঙ্গীকার স্বরূপ মুচলেকা দিবার আজ্ঞা দেওয়া হউক। আবেদনে জানাইয়াছে যে ম্যাজিষ্ট্রেট বাহাদুর এবং পুলিশ কমিশনার বাহাদুর ষড়যন্ত্র করিয়াছেন এবং বে-আইনী আদেশ প্রচার দ্বারা বোম্বাইয়ে অশান্তির সৃষ্টি করিতেছেন। পুলিশ কমিশনার যে সময় [illegible] নগরবাসীর উপর ভীষণ অত্যাচার করিতেছিলেন এবং নিরীহ লোকদিগকে বিনা কারণে মারধর করিতেছিলেন সেই সময় ম্যাজিষ্ট্রেট সেখানে উপস্থিত থাকিয়া ঐ কার্য্যে সাহায্য করিয়াছেন এবং উৎসাহ দিয়াছেন।

ম্যাজিষ্ট্রেট দরখাস্ত অগ্রাহ্য করিলে ফরিয়াদি বলেন যে তিনি হাইকোর্টে মোশন করিবেন।

দেশবন্ধুর প্রতিকৃতি উন্মোচন

গতকল্য ৭ই আগষ্ট শুক্রবার [illegible] কলিকাতার ডেপুটি মেয়র কর্তৃক দেশবন্ধু দাশের প্রতিকৃতি উন্মোচন করা হয়। বহুগণ্যমান্য লোক তথায় উপস্থিত ছিলেন।

সভার প্রারম্ভে বিখ্যাত গায়ক গোপাল চন্দ্র সেন একটী জাতীয় সঙ্গীত গান করিয়া সকলকে মুগ্ধ করেন। অতঃপর অনেক আনন্দজনক ব্যাপারের অনুষ্ঠান হইয়াছিল। বক্তৃতা প্রসঙ্গে ডেপুটিমেয়র মিঃ সন্তোষ কুমার বসু কলিকাতার মেয়র মিঃ যতীন্দ্র মোহন সেনের প্রতি বিশেষ সম্মান প্রদর্শন করিয়া বলেন যে, আমি কলিকাতাবাসীর একজন চাকর মাত্র। বর্তমানে মেয়র নির্বাচন লইয়া যে দ্বন্দ্ব চলিতেছে তাহাতে আমি সম্পূর্ণ নিরপেক্ষ। তিনি আরও বলেন যে মিঃ সেনগুপ্তের সহকারীরূপে কার্য্য করিতাম, তাঁহাকে যথোচিত শ্রদ্ধা ও ভক্তি করি। তাহার পর এডভোকেট [illegible] ঘোষ বলেন যে যখন এক ইনসিওরেন্স কোম্পানির অবস্থা মৃতপ্রায় ছিল তখন দেশবন্ধু চিত্তরঞ্জনের সাহচর্য্যে উহার সমৃদ্ধি প্রসার হইয়াছে। তাঁহার স্মৃতি আমাদের হৃদয়-পটে চিরদিন জাগ্রত থাকিবে। অতঃপর সভার কার্য্য বন্ধ হয়।

কবিরাজ [illegible] কবিকণ্ঠভূষণের

পাচন

[illegible] অব্যর্থ মহৌষধ

অফিস ১১নং [illegible] কলিকাতা

মদন মঞ্জরী

[illegible] ধ্বজভঙ্গ, [illegible] অকালে [illegible] সর্ব্ব [illegible] আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

"অপূর্ব্ব [illegible] ঘৃত"

[illegible] আরোগ্য করিয়া [illegible] করে। মূল্য [illegible] ১৲ টাকা।

"[illegible] বটিকা"

[illegible] মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

[illegible] চক্রবর্ত্তী

[illegible] হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের চোকা শিশি বাদাম তৈল

আর ও [illegible] এবং [illegible] সর্ব্বজন পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তেল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী J. B. Dutta & Co. নাম দেখিয়া খরিদ করিবেন। নতুবা জোয়াচোরগণ অন্যদের [illegible] তেল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত

কেয়ার্স কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আর্সেনিক, হাইড্রোক্লোর কুইনিন, আর্সেনিক এবং টনিক আছে।

এই [illegible] দ্বারা [illegible] একটী বা দুইটী [illegible] ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং [illegible] ম্যালেরিয়ার সমস্ত [illegible] নষ্ট করিয়া [illegible]

[illegible] প্রতি বাক্স—মূল্য ২৲, [illegible] টাকা

[illegible] কেমিক্যাল এণ্ড [illegible] ল্যাবরেটরীতে

২।১ [illegible] লেন, কলিকাতা।

মনের অধীন ব্যক্তিগণ আত্মবঞ্চক

১। স্ত্রী-পুত্রের সুখে সুখী হয় মন। স্ত্রী-পুত্রের দেহ অনিত্য। সুতরাং যদি হঠাৎ স্ত্রী-পুত্রাদির দেহান্ত হয়, তাহা হইলে মন আর পূর্ব্ববৎ স্ত্রী-পুত্রাদির সুখে সুখানুভব করিতে সমর্থ হয় না।

২। শ্রীভগবানের সুখে সুখী হয় জীবাত্মা। ভগবান্ নিত্য বস্তু। সুতরাং জীবাত্মা ভগবানের সুখে নিত্যকাল সুখানুভব করিতে সক্ষম হয়।

৩। উপরিউক্ত দুইটী সূত্রার্থ হইতে ইহাই নির্ণীত হয় যে, মনের বিচারে অদূরদর্শিতা এবং আত্মার বিচারে দূরদর্শিতা বর্ত্তমান; সুতরাং প্রত্যেক বুদ্ধিমান্ ব্যক্তির কর্ত্তব্য নিজ আত্মার দূরদর্শনশীল বুদ্ধির দ্বারা অদূরদর্শী মনের চাঞ্চল্য দমিত করিয়া সদা ভগবানের সুখ সাধনে নিযুক্ত থাকা।

৪। অদূরদর্শিতা-হেতু মন হিতকর বিষয়ে অহিতকর এবং অহিতকর বিষয়ে হিতকর ভাব পোষণ করে। সুতরাং মন যখন উল্টা বিচার করিয়া বসে, তখন উহাকে ঠগ বলিয়া বুঝা উচিত। যাহারা এই ঠগ্ রূপী মনকে মিত্র বলিয়া বুঝে তাহারা আত্মবঞ্চক। আত্মবঞ্চনাকারীর ইহকাল ও পরকাল উভয় কালই মনোদুঃখে অতিবাহিত হয়।

৫। এই অন্ধ মন কিসে সংসারযাত্রা সুখে নির্ব্বাহ করিবে তাহাই রাত্রি দিন চিন্তা করে। কিসে শ্রীভগবানের সুখ বিধান করিব, ইহা তাহার আদৌ চিন্তার বিষয় নহে। সুতরাং পুরুষেরা মনের অধীন ও আত্মহা ভাবনাবর্ত্মে ভ্রমণপরায়ণ। ভাবনাবর্ত্মের অতীত স্থানে অশোক, অভয় ও অমৃতপ্রদ দিব্য বর্ত্মসমূহ বিরাজমান আছে। পুরুষেরা কদাচ এই পরমানন্দপ্রদ দিব্যবর্ত্মে ভ্রমণ করিবার সুযোগ পায় না।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

—০০—

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর - ২৬শে শ্রাবণ সোমবার—১৩৩৭

(১)

(ক) মন দেহ ও তৎসম্পর্কীয় নশ্বর বস্তুসমূহের সুখে সুখী হইতে চায়, পরে দুঃখ প্রাপ্ত হয়, কিন্তু আত্মা জড়দেহ মনের সুখে সুখী না হইয়া ভগবানের সুখে সুখী হইতে চান, তাই তাঁহার সুখ কখনও নষ্ট হইবার নহে

(খ) সুখাপ্তি-বিচারে মন অদূরদর্শী বলিয়া তাহার অধীন ব্যক্তিগণ আত্মবঞ্চক; দূরদর্শী আত্মবৃত্তির আনুগত্যে মনের চাঞ্চল্য দূর করিয়া নিত্যকাল ভগবৎসেবা করাই বুদ্ধিমত্তার পরিচয়

(২)

(ক) জড়বিষয়-ভোগবুদ্ধিই "এইটী ভাল, এইটী মন্দ"—এইরূপ দ্বন্দ্ব-ভাবের জনক

(খ) শ্রীভগবৎ-পাদপদ্মে সেবাবুদ্ধির উদয়ে অদ্বয়জ্ঞানের স্ফূর্ত্তি-ক্রমে জীবের এই দ্বন্দ্বভাব ঘুচিয়া গিয়া সকল ভাবকেই কৃষ্ণসম্বন্ধ-হেতু পরমোপাদেয় বলিয়া জ্ঞান হয়

(৩)

(ক) কৃষ্ণেন্দ্রিয়-তর্পণের নামই উৎসব, সেইরূপ উৎসবের নামে আত্মেন্দ্রিয়-তর্পণের চেষ্টা নিতান্ত গোষরত্বের পরিচায়ক

(খ) ভক্তিহীন ইন্দ্রিয়-লম্পটগণের কোন আচরণই কৃষ্ণপ্রীতিকর না হওয়ায় তাহাদের অনুষ্ঠিত নৃত্যগীতবাদ্যাদি কখনও ভক্ত্যনুকূল নহে

(৪)

(ক) জীবের কৃষ্ণবহির্ম্মুখতার মূলকারণ অবিদ্যা জানিয়া সদ্গুরু-পাদপদ্মে প্রণিপাত, পরিপ্রশ্ন ও সেবা-বৃত্তি-সহ শাসিত হওয়ার ব্যবস্থাই শিষ্যের প্রকৃত লক্ষণ

(খ) বুভুক্ষানুযায়ী গুরুবরণেচ্ছা আত্মবঞ্চনা মাত্র

(৫)

যুক্তবৈরাগ্য ও ফল্গুবৈরাগ্য-বিচার

'ভোগবুদ্ধি 'এটা ভাল, ওটা মন্দ' ভাবের জনক

অবৈধ স্ত্রীসঙ্গকারী ব্যক্তিগণের ভোগবুদ্ধি অত্যন্ত প্রবল। এবম্প্রকার প্রবল ভোগবুদ্ধিকে কথঞ্চিৎ খর্ব্ব করিবার অভিপ্রায়ে শাস্ত্রে বিবাহ-বিধি লিপিবদ্ধ হইয়াছে এবং কথিত হইয়াছে যে অবৈধ স্ত্রীসঙ্গকারিগণ দেহান্তে ভীষণ নরকে যাইয়া নিদারুণ যন্ত্রণা-ভোগ করিবে ও যাহারা অবৈধ স্ত্রীসঙ্গের পরিবর্ত্তে বিবাহিত স্ত্রীর সঙ্গ করিবে, তাহারা দেহান্তে স্বর্গাদি-লোকে যাইয়া স্বর্গসুখ অনুভব করিবার সুযোগ পাইবে। শাস্ত্রকারগণ যদি অবৈধ স্ত্রীসঙ্গকারিগণকে নরক-ভয় ও স্বর্গসুখের প্রলোভন না দেখাইতেন, তাহা হইলে প্রবল ভোগবুদ্ধি-সম্পন্ন ব্যক্তিদিগের মধ্যে তাঁহারা কাহাকেও বিবাহ-বন্ধনে আবদ্ধ করিতে পারিতেন না।

বিবাহিত-স্ত্রীর সঙ্গপ্রভাবে ভোগবুদ্ধির চাঞ্চল্য যখন কিয়ৎপরিমাণে ক্ষীণ হয়, তখন শাস্ত্রকারগণ বিবাহিত ব্যক্তির অবশিষ্ট ভোগ-প্রবণতাকে সমূলে উৎপাটন করিবার জন্য বলেন যে, যাহারা জীবিতকালে বিবাহিত স্ত্রীর সঙ্গত্যাগ-দ্বারে ভোগবুদ্ধিকে ধ্বংস করিতে না পারেন, তাঁহারা সংসারে বারবার উচ্চনীচ যোনিতে যাতায়াত ও তৎফলে মুহুর্মুহুঃ ত্রিতাপজ্বালা উপভোগ করিতে বাধ্য হন এবং যাঁহারা বিবাহিত-স্ত্রীর সঙ্গ ও দুঃ-সঙ্গীর সঙ্গ পরিত্যাগ-মূলে ভোগবুদ্ধিকে ধ্বংস করত সেবা-বুদ্ধি লাভ করিয়া সকল সদ্গুরুর আশ্রয়ে ভগবৎ-সেবায় জীবন অতিবাহিত করিতে সমর্থ হন, তাঁহারা দেহান্তে বৈকুণ্ঠে যাইয়া ভগবানের সাক্ষাৎ সেবা লাভ ও সেবাদ্বারে বিমল সেবানন্দ-সুখ নিত্যকাল আস্বাদন করিবার সুযোগ পাইয়া থাকেন।

সেবাবুদ্ধি-সম্পন্ন ব্যক্তি কেবল মাত্র শ্রীভগবানকে সেব্যরূপে ও অভিন্ন বস্তুকে শ্রীভগবানের প্রিয়-সেবক বলিয়া বুঝেন। সুতরাং ভগবান্ শ্রীকৃষ্ণের ইচ্ছানুসারে তদীয় নিকটে সেবার্থে আগত গোপিকা-গণের দর্শনে এবং সেবাকার্য্যে উৎসাহ-বর্দ্ধনের জন্য শ্রীকৃষ্ণ কর্ত্তৃক গোপিকাগণের আলিঙ্গন ও তাঁহাদিগের অঙ্গে অঙ্গ দিয়া তাঁহাদের সহিত নিভৃত স্থানে ক্রীড়াদি-লীলা-অবলোকনে, সেবাবুদ্ধি-সম্পন্ন ব্যক্তিগণ কোনরূপ দ্বন্দ্ব ভাব সংযুক্ত হন না। বরং তাঁহারা গোপিকাগণের অনুরাগ ও অনন্য সেবানিষ্ঠা দর্শন ও শ্রীকৃষ্ণের অত্যন্ত ভক্তবৎসলতাগুণের নিত্য-দর্শনে নিজদিগকে মহা সৌভাগ্যশালী বলিয়া মনে করেন। যোগিগণ অনেক সাধনার দ্বারা ধ্যান করিয়াও যে ভগবানের কিঞ্চিৎ আভাসমাত্রও মানসনেত্রে অনুভব করিতে সমর্থ হন না এবং জ্ঞানী-সম্প্রদায় বৈরাগ্যের পরাকাষ্ঠা দেখাইয়াও জ্ঞাননেত্রে যে ভগবানের অঙ্গজ্যোতিঃ অনুভব করিতে সমর্থ হন সেবাবুদ্ধি-সম্পন্ন ভক্তগণ সেই শ্রীকৃষ্ণের সাক্ষাৎ দর্শন ও প্রেমময় ব্যবহার দর্শনে যে বিমল আনন্দ-সাগরে মগ্ন হইবেন তাহাতে আর বিস্ময়ের বিষয় কি আছে?

ভোগিগণ নাস্তিক। তাহারা আত্মসুখকামী এবং অপরদিগকে পৃথক্ পৃথক্ ভোক্তা বলিয়া বুঝে। সুতরাং কোন ভোগী যদি অপর কোন ভোগীর স্ত্রী সঙ্গ করে, তাহা হইলে প্রথমোক্ত ভোগী পারস্পর্য উপস্থিত হয় এবং দ্বিতীয় ভোগী তাহার প্রতি দ্বেষ বশতঃ প্রথমোক্ত ভোগীকে দুর্নীতিপরায়ণ বলিয়া থাকে। স্ত্রীসমূহ বা পুরুষগণ সকলেই যখন শ্রীকৃষ্ণের সেব্য তখন কি বিবাহিতা, কি অবিবাহিতা কোন স্ত্রীর দ্বারা শ্রীকৃষ্ণ সেবা সাধন করাই কোন দূষণীয় কার্য্য নহে। যদি কোন দিন কোন পুরুষের সেবাবুদ্ধির উদয় হয়, তবে তিনি কোন স্ত্রীর দ্বারা নিজ সেবা করাইয়া লইতে চাহিবেন না এবং তখন তিনি নিজ স্ত্রী বা অপর স্ত্রীগণকে নিভৃতে শ্রীকৃষ্ণের ভোগ্য বলিয়া বিচার করিতে দেখিলেও মনো মধ্যে কোন প্রকার দ্বেষ ভাব অনুভব করিতে পারিবেন না।

ক্রমে আমরা বুঝিতে পারিলাম যে "এটী হেয় এবং ওটী উপাদেয়" এরূপ দ্বন্দ্ব ভাব ভোগ-বুদ্ধি থাকাকালেই অনুভব হয়। সেবাবুদ্ধির উদয়ে অদ্বয়জ্ঞানের স্ফূর্ত্তি হয় এবং তখন "এটী ভাল এবং ওটী মন্দ" এরূপ দ্বন্দ্ব ভাবের পরিবর্ত্তে সকল ভাবই পরম উপাদেয় এরূপ দর্শন সিদ্ধ হইয়া থাকে। যে যোগিদুর্লভ "বৈকুণ্ঠ-বার্ত্তাবহ" পত্রের সম্পাদক-গণের লিখিত বাণীর বিশ্বাস গ্রহণ করিয়া ভোগবুদ্ধি ও বাহ্য-বিচার-চেষ্টা পরিত্যাগ করুন এবং শুদ্ধভক্তগণের আশ্রয়ে থাকিয়া ভগবৎসেবায় প্রতিষ্ঠিত হইয়া মানব জীবন সফল করুন।

মহোৎসব-প্রসঙ্গ

গত ২০শে শ্রাবণ মঙ্গলবার একাদশী-তিথি হইতে ঝুলন-যাত্রা মহোৎসব আরম্ভ হইয়া গত ২৪শে শ্রাবণ শনিবার দিবস সমাপ্ত হইয়াছে। ঝুলন [illegible]-মহোৎসব। কেবল কৃষ্ণানুশীলনকারী ভাগ্যবান্‌গণই ঝুলনোৎসবে যোগদান করিয়া ধন্য হইয়াছেন। আজকাল ঝুলনের নামে আত্মেন্দ্রিয়-তর্পণোৎসবই সার হইয়াছে। কৃষ্ণসুখই একমাত্র যাহার উৎসব, তাহা না হইলে আর কিসের উৎসব! ঝুলনের সময় নদীয়া জেলার ঠাকুর বাড়ীকে নানা সাজে সজ্জিত করেন। তাহাতে কৃষ্ণপ্রীত্যনুসন্ধান থাকিলেই উত্তম, কিন্তু নিজেদের বা অন্যলোকের মন মিটাইবার ইচ্ছা থাকিলে বড়ই দুঃখের বিষয় হয়।

ঝুলনের সময় অনেক বড়লোকের ঠাকুর-বাড়ীতে বারবনিতার নৃত্য-কীর্ত্তন হইতেও শুনা যায়। দর্শনের নামে ইহা অপেক্ষা ঘৃণার লজ্জার পরিতাপের বিষয় আর কিছু হইতে পারে বলিয়া মনে হয় না। ইন্দ্রিয়-লম্পটগণের মুখোদ্গীর্ণ হরিকথা-শ্রবণকে [illegible] বিষভক্ষণ অপেক্ষাও অধিক ভয়ঙ্কর বলিয়াছেন। ভগবানের অপ্রাকৃত লীলাবিলাস প্রাকৃত-ইন্দ্রিয়-লাম্পট্য চরিতার্থ করিবার বিষয় নহে, একমাত্র সদ্‌গুরু-পাদপদ্মে শরণাগত [illegible] তাঁহার [illegible]-সেবোন্মুখ ইন্দ্রিয়-দ্বারে দর্শনের সৌভাগ্য লাভ করেন। রস লীলার সম্রাট্‌ পুরুষোত্তম কৃষ্ণের [illegible] কি করিয়া সর্ব্বতোভাবে সমস্ত প্রাণ দিয়া কৃষ্ণেন্দ্রিয়-তোষণ করেন, তাহা আস্বাদন করিবার ইচ্ছা হইলে কৃষ্ণপ্রেষ্ঠ সদ্‌গুরুর আনুগত্য করিতে হয়, গুরুপাদাশ্রয় করিয়া একান্তভাবে গুরুদেবের [illegible] করিতে হয়, গুরুদেব যদি কৃপা করিয়া কোন দিন অধিকার দেন তবেই সেই কৃষ্ণলীলা আস্বাদনের বিষয় হইতে পারে। কোথায় [illegible] আর কোথায় সেই অতীন্দ্রিয় বস্তুতে অহৈতুকী অপ্রতিহতা ভক্তি!

যাহার নিকট কৃষ্ণকথা শ্রবণ করা যা[য়] তাঁহার ব্যক্তিগত আদর্শের দিকে [illegible] সাধন [illegible] বিলাসের [illegible] অপ্রাকৃত কথার [illegible] করিয়া শ্রোতার উন্নতি [illegible] পায়। অনধিকারিগণ এইরূপে কৃষ্ণলীলা-কথা কীর্ত্তন করিতে গিয়া নিজেরা ত' নরকের পথে ছুটিতেছে, পরন্তু শ্রোতৃগণেরও সর্ব্বনাশ সাধন করিবে। এসকল কথা [illegible] আলোচ্য হইলেই জগৎ হইতে ব্যভিচার-দোষ অনেক কমিয়া যায়।

গত ১১শে শ্রাবণ বৃহস্পতিবারে শ্রীল রূপ গোস্বামী প্রভু ও শ্রীল গৌরীদাস পণ্ডিতের তিরোভাব উপলক্ষে শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠে পাঠ-কীর্ত্তন মুখে মহোৎসবের অনুষ্ঠান হইয়াছিল। শ্রীরূপানুগবর আচার্য্যবর্য্য শ্রীল গুরুদেবের ঐকান্তিকী সেবাই যে শ্রীগৌর-পার্ষদগণের আনুগত্য লাভের একমাত্র উপায় এবং গৌরপার্ষদগণের আনুগত্য হইতেই যে শ্রীশ্রীরাধাগোবিন্দ-মিলিততনু গৌরকৃষ্ণের সাক্ষাৎ সেবা-প্রাপ্তি সম্ভব,—এই সকল বিষয় বিশেষ রূপে আলোচনা হয়। শ্রীগৌরপার্ষদ শ্রীল রূপপাদই মহাপ্রভুর মনোঽভীষ্ট ভজন-বস্তু প্রচার করিয়া জগন্মঙ্গল বিধান করিয়াছেন, সুতরাং শ্রীরূপানুগগণই গৌড়ীয় বৈষ্ণবগণের একমাত্র ভজন। তাই শ্রীল নরোত্তম ঠাকুর মহাশয় আমাদের মঙ্গলের জন্য এইরূপে শ্রীরূপপাদপদ্ম প্রার্থনা করিয়াছেন—

"শ্রীচৈতন্যমনোঽভীষ্টং স্থাপিতং যেন ভূতলে।
স্বয়ং রূপঃ কদা মহ্যং দদাতি স্বপদান্তিকম্॥"

শিষ্য

শ্রীপাদ [illegible] গোস্বামী
(বিদ্যা[illegible] ভক্তিশাস্ত্রী)

দিব্য [illegible], অন্তর্‌-প্রদীপ্তিত, কার্য্যাকার্য্য বিচারে অক্ষম ও ধর্ম্মের ধারণায় [illegible] নিজের অক্ষমতা জানিয়া শাসিত হইবার নিমিত্ত [illegible] গুরুদেবের শ্রীচরণ-প্রান্তে—"আমি আপনার শিষ্য হইলাম, আমার পক্ষে যাহা শ্রেয়ঃ, তাহাই নিশ্চয় করিয়া উপদেশ দিউন, আমি আপনার শরণাগত"—এই বলিয়া প্রণিপাত, পরিপ্রশ্ন, সেবা ও [illegible] উপস্থিত হন, তিনিই 'শিষ্য'। যিনি শিষ্য-নামক [illegible] গোস্বামিপাদের শ্রীচরণপ্রান্তে নিজে শাসিত হইবার জন্য [illegible] হন না, তিনি শিষ্য নহেন।

অধুনা অনেক ক্ষেত্রে ব্যবসায়ের উপকরণ শিষ্য-নামে শিষ্যব্রুবগণ তথা-কথিত গুর্ব্বভিমানী গোস্বামিগণকেই শাসন করিয়া থাকেন, উহারা নিজে শাসিত হইতে চান না বলিয়া তথাকথিত অসংযতাত্মা, শাসিত হইবার যোগ্য গুরুব্রুবগণকে গুরু বলিয়া স্বীকার করিয়া মদমত্ততা উত্তরোত্তর বৃদ্ধি করিতে ব্যস্ত থাকেন। তাঁহারা তাঁহাদের গুরুর মুখে মনোমত আচার ব্যবহারের কথা না শুনিলে চটিয়া যান বা করদান বন্ধ করেন। সুতরাং ব্যবসায়িক গুরুগণ সেই ভয়ে শিষ্যগণের মন যোগাইতে যাইয়া জগতে অতি বড় পশু-[illegible] উদরোপস্থপরায়ণ শিষ্যগণ-সহ অতলস্পর্শে রসাতলে যাইতে বসিয়াছেন। এরূপ ব্যবসায়িক ব্যাপারটী কখনও পারমার্থিক ব্যাপার নহে।

বর্ত্তমানকালে কলিতে শিষ্যাভাব-নিবন্ধন গুরুব্রুবগণ সুযোগ পাইয়া শিষ্যাভিমানী জনমণ্ডলীর দ্বারা উদরোপস্থেন্দ্রিয়-তোষণের সুবিধা পাইয়াছে। আমরা যতদিন বাস্তব সত্যানুসন্ধানে উদাসীন থাকিয়া শুধু বঞ্চিত হইতে থাকিব, ততদিন আমাদিগের ভাগ্যে কেবল বঞ্চক-গুরুই জুটিবে।

সে দিবস রাণাঘাট ষ্টেশনে দার্জ্জিলিং মেলের অপেক্ষায় প্রায় সাড়ে চার ঘণ্টা বিশ্রামকক্ষে আশ্রয় লইতে হইয়াছিল। ঐ ট্রেনে গমনেচ্ছু জেলা রংপুর-প্রবাসী কোন সরকারি অফিসারের সঙ্গে সাক্ষাৎকার হয়। তিনি [illegible] আড়ালে মালিকাধার রাখিয়া জপ করিতেছিলেন দেখিয়া তাঁহার সহিত আলাপ করিবার জন্য ইচ্ছা হইল।

কথা-প্রসঙ্গে শিষ্য-গুরু-সংবাদ অর্থাৎ শিষ্য-গুরু-নির্ব্বাচনবিধি শ্রীহরিভক্তি-বিলাসানুসারে বহু সময় আলোচনা হইল। প্রায় ৩ ঘণ্টা কাল আলোচনার ফলে ইহাই জানা গেল, ব্যবহারিক কুলগুরু বা তথাকথিত অবতার-পরিচয়াকাঙ্ক্ষীদিগের অনুগতজন এরূপই বঞ্চিত হইয়া পড়িয়াছেন যে, নিষ্কপট সত্যের কোন ধারণাই তাঁহারা করিতে [illegible] না, কেবল [illegible] ভাল, মিশ্রিত ভাল, ইহাই বুঝিয়া রাখিয়াছেন। ইহার বাহিরে এক কেশাগ্র পরিমাণ তাঁহারা নড়িবেন না, ঠিক করিয়া বসিয়া আছেন। নিষ্কপট-শুদ্ধ সত্যটী ধারণা করিবার স্থান মস্তিষ্কটি একেবারে নীরস হইয়া গিয়াছে। উহারা সত্য কথা কিছুতেই বুঝিবেন না; বুঝিয়াও বুঝিবেন না, কেবল গোঁজামিল দিবেন।

হায়! আমরা মানবজাতি হইয়া এত দুর্ভাগা থাকিব? প্রাকৃত সহজিয়াবাদ আমাদের দেশের ষোল আনার [illegible] আক্রমণ করিয়াছে! ইহা বিশ্বাস করিতে ইচ্ছা হয় না। ধর্ম্মবিমূঢ়াবস্থা, অনর্থাবস্থা, কার্য্যাকার্য্য-বিচারবিহীনাবস্থা, সংসার-দাবানলদগ্ধাবস্থা ও উহার মূল কারণ জানিয়া অতি সত্বর শাসিত হওয়ার ব্যবস্থাই শিষ্যদের বাস্তবলক্ষণ।

যুক্তবৈরাগ্য ও ফল্গুবৈরাগ্য

(তারের সংবাদ)

সাক্‌চী, ৭।৮।৩০

শ্রীগৌড়ীয়মঠের অন্যতম প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্‌ভক্তিবিলাস গভস্তিনেমি মহারাজ জামসেদপুরে গভর্ণমেণ্ট-প্লীডার-বাংলোতে যুক্ত ও ফল্গুবৈরাগ্য সম্বন্ধে একটী হৃদয়-গ্রাহিণী বক্তৃতা প্রদান করিয়াছেন। বহু শিক্ষিত ভদ্রলোক উপস্থিত ছিলেন। সকলেই যুক্তবৈরাগ্যের সৌন্দর্য্য উপলব্ধি করিয়া আপনাদিগকে ধন্য মনে করিয়াছেন। স্বামিজী গত ৭।৮।৩০ তারিখে জামসেদপুর হইতে হাজারীবাগ জেলায় প্রচারার্থ গমন করিয়াছেন।

[স্বামিজী বলেন—জগতের সমস্ত বিষয়কে কৃষ্ণসম্বন্ধে নির্ব্বন্ধ করিয়া যথাযোগ্য বিষয় অনাসক্ত হইয়া কৃষ্ণপ্রসাদ জ্ঞানে স্বীকারই 'যুক্তবৈরাগ্য', আর কৃষ্ণ-সম্বন্ধি বস্তুকে প্রাপঞ্চিক-জ্ঞানে পরিত্যাগ করার নামই 'ফল্গুবৈরাগ্য'। বুভুক্ষু বা মুমুক্ষুগণ "ঈশাবাস্যমিদং সর্ব্বং যৎকিঞ্চ জগত্যাং জগৎ। তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কস্যস্বিদ্ধনম্॥"—শ্লোকের তাৎপর্য্য না বুঝিয়া হয় ভোগী, না হয় ত্যাগী হইয়া পড়েন, তাহাতে উভয়তঃই ভগবচ্চরণে অপরাধী হইয়া পড়েন। সর্ব্বতোভাবে ভগবচ্চরণে আত্মসমর্পণ করিয়া তাঁহার সম্বন্ধে জগদ্দর্শন করিতে না পারিলে উক্ত উভয় প্রকার দোষেই দোষী হইয়া পড়িতে হয়। অত্যন্ত অধিক ভোগ করিতে করিতে ভোগে বিতৃষ্ণা-জনিত যে ভোগ-ত্যাগের স্পৃহা উদিত হয়, তাহা স্থূলভোগেরই সূক্ষ্মাবস্থা মাত্র, উহাকে বৈরাগ্য বলে না। জগৎকে আমার ভোগেচ্ছা হয় বলিয়া জগৎ কিছু নয়, জগতের কোন আবশ্যক নাই—এরূপ বুদ্ধি বালচাপল্য মাত্র। নিখিল দৃশ্যাদৃশ্য বিষয়ের ভগবান্‌ই একমাত্র ভোক্তৃতত্ত্ব ইহা জানিলে আর কোন বিপৎপাতের আশঙ্কা থাকে না।

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

ভক্তি-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী বয়েলে বাঁধাই আলঙ্কৃত। চতুর্থ সংস্করণ। বিস্তৃতবিষয়সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

প্রকৃত ধর্ম্মশাস্ত্র বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত ... পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি ... মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় ... সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ... ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীকৃত করিবার ... এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু ... শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের ... অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমস্ত বাঁধাই—২৲ দুই টাকা

আবাঁধা—১৸৹ পৌনে দুই টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য ... ও অনিত্য সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত ... হইয়াছে। প্রত্যেক উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা ... ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ... কি? স্বদেশ, সমাজ, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ... এমন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত ... যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত ... না করিয়া বিরত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য প্রমাণ খণ্ড

ভিক্ষা ॥৹

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নবদ্বীপ-... ইহাতে নবদ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে মহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মায়াপুর কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে ... বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৭০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

... কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনব-... দর্শনে ভাবুক ভ্রমণকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস ... তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা ... আনা।

সাধনপথ

।৶৹ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে ... যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ... অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে ... হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট ... উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ অষ্টম সংস্করণ ভিক্ষা /৹ আনা

দেহ ও মনের চেষ্টা অনিত্যবস্তু লইয়া—ইহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন ভাবের আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। উহার সংস্করণ প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড /৹ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— /৹, নবদ্বীপশতক— /৹

কল্যাণকল্পতরু

পকেট সাইজ পঞ্চম সংস্করণ ভিক্ষা /১৹

আমরা অজ্ঞান ... ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল ভাবে লিখিত। এই গীতিগ্রন্থ সার্ব্বজনিক কল্যাণের ... ইহা প্রত্যেকে নিত্যকল্যাণ লাভে ...

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয়-সম্বলিত প্রায় ৮২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৷৹

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সাম্প্রদায়িককোষগ্রন্থ)

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। বিষ্ণুবৈষ্ণবসম্পর্কিত শ্রীধাম ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও প্রবন্ধ-সমূহের তালিকা ও বিবরণ, ৫। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় আকরমূলে যাবতীয় তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ম খণ্ড ৸৹, ২য় খণ্ড ৸৶৹, ৩য় খণ্ড ৸৹, ৪র্থ খণ্ড ৸৹, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ—১ম খণ্ড ১৲ এক টাকা

২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷৹ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাতে ষট্‌সন্দর্ভের অতি প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ পেজীর ৬৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমন্মধ্বাচার্য্য সংকলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা /৹ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্—শ্লোক-সূচী, বিষয়সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইবে। প্রতি খণ্ড সাধারণ পক্ষে ।৶৹, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ।/৹

২।	ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৪র্থ সংস্করণ)	৫৲
৩।	গৌড়ীয়-গৌরব	।৶৹
৪।	গৌড়ীয়-সাহিত্য	।৶৹
৫।	ভজনরহস্য	৷৹
৬।	শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা)	১৲
	„ „ আবাঁধা	৸৹
৭।	৭। ভক্তিগ্রন্থ	।৹
৮।	গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা	২৲
	আবাঁধা	১৸৹
	গীতার কেবল মূল-ভাষ্য	৷৹
৯।	মুকুন্দমালা ... (মূল)	২৲
১০।	বেদান্তসূত্রের ভাষ্য (রামানুজীয়)	৷৹
১১।	জৈবধর্ম্ম	২৲
১২।	শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ)	৸৹
১৩।	গৌড়ীয়-কণ্ঠহার	২৲
১৪।	প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ)	৸৶৹
	ঐ বাঁধা	৸৹
১৫।	দীপ-নির্দ্দেশ	৶৹
১৬।	সাধনপথ (২য় সংস্করণ)	।৶৹
১৭।	গোস্বামী রঘুনাথ দাস আবাঁধা	।৶৹
	ঐ ঐ বাঁধা	৷৹
১৮।	নবদ্বীপধাম-গ্রন্থমালা	৸৹
১৯।	ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা)	৶৹
২০।	গীতমালা	/১৹
২১।	নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড)	৶৹
২২।	শ্রীনবদ্বীপভাবতরঙ্গ	।৹
২৩।	শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা দর্পণ	।৹
২৪।	শরণাগতি, গীতাবলী, গীতমালা, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্থপঞ্চক ও সদাচারস্মৃতিঃ মোট	।৶৹
২৫।	কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও অর্চ্চনপদ্ধতি	৶৹
	সাধককণ্ঠমালা আবাঁধা	।৶৹
২৭।	সিদ্ধান্তদর্পণ	...
২৮।	বৈষ্ণব... (প্রথম সংস্করণ)	৲
২৯।	...	৷৹
৩০।	শ্রীশ্রীমহাপ্রভুর শিক্ষা বাঁধা	১৲
	আবাঁধা	৸৹
৩১।	...	।৹
৩২।	...	৸৹
৩৩।	শ্রী... (বিরাট দ্বিতীয় সংস্করণ)	৲
৩৪	... শিক্ষাষ্টকম্	৶৹
৩৫।	... শিক্ষাদশমূলম্	।৹
৩৬।	শ্রীসিদ্ধান্তসরস্বতী ...	
৩৭।	উপদেশাবলী বা মায়াবাদশতদূষণী	

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈব-প্রাপ্ত একমাত্র মহৌষধ, সপ্তাহের মধ্যে যক্ষ্মা বা ক্ষয় কাশ সম্পূর্ণ আরোগ্য হইবে। বহু সহস্র রোগী মৃত্যুমুখ হইতে রক্ষা পাইয়াছেন। (গরীব রোগীদিগকে সমস্ত খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়।) বিস্তারিত জানিবার জন্য এক আনার টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র উকীল পোঃ দৈকাটী, জেলা বরিশাল।

নদীয়া জেলায় ও নিম্ন ঠিকানায় অনুসন্ধান করিতে পারেন—

ভাগবত প্রেসের ম্যানেজার শ্রীযুক্ত মহানন্দ ব্রহ্মচারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রীযুক্ত রাধাগোপাল দত্ত এম, এ, কৃষ্ণনগর পোঃ, জেলা নদীয়া।

একখানি পত্র

…… ……………… আনন্দ সহকারে জানাইতেছি যে আমার ভ্রাতুষ্পুত্র কঠিন যক্ষ্মা রোগে আক্রান্ত হইয়াছিল এবং কলিকাতার বহু প্রসিদ্ধ ডাক্তার মহাশয়গণ জীবনের আশা একেবারে ত্যাগ করিয়াছিলেন, কিন্তু বাবু ক্ষিতীশচন্দ্র উকিল মহাশয়ের ঔষধ মাত্র ১৫ দিন ব্যবহার করিয়া সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছে।

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী

জমিদার, বালিয়া ফরিদপুর।

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ, মাথাঘোরা, স্নায়বিক দুর্বলতা, বহুমূত্র, ধ্বজভঙ্গ, পাকস্থলীর পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, স্বল্পতা, শ্বেত ও রক্তপ্রদর, হিস্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটান সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক ভাইটেলস ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রাপ্ত হইয়াছি। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১॥০ টাকা মাত্র।

সোল এজেন্ট—ডাঃ ডি, ডি, হাজরা।

ফতেপুর, গার্ডেনরিচ পোঃ, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পত্রসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোল্ড অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে টীটাগড়ের কাগজে ছাপা; ভিক্ষা—২॥০ টাকা

৪৪৪ গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

পরমার্থিব্যক্তি মাত্রেরই একান্ত প্রয়োজনীয়

বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত

বাংলার ঘরে ঘরে বিরাজিত হউক

ভিক্ষা ৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর পোঃ (নদীয়া)

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ. এফ.সি.এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে স্বয়ং তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৮৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত … প্রয়োজনীয় সর্বরোগনাশক মহৌষধ

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট তাজা আমলকী, … প্রভৃতি … উপাদানে খাঁটি ঘৃতে যথাশাস্ত্র প্রস্তুত। কাশ, ক্ষয়, শ্বাস, রক্তপিত্ত, অম্লরোগ প্রভৃতি রোগের মহৌষধ। … সর্বপ্রকার দুর্বলতা নাশক শক্তিশালী পুষ্টিকর রসায়ন বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্বল্য, শুক্রতারল্য, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপরাজেয় … রসায়ন

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও … স্ত্রীরোগ রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ প্রত্যেক ঔষধই লক্ষ লক্ষ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্বত্র বিদিত তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটীর উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটীকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের জ্বালা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটীকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। "মণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাকচিক করিতে ও চুলের অকাল-পক্বতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১ টাকা।

অন্যান্য আবিষ্কৃত

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান :—আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

এখনও অপূর্ব্ব সুযোগ! পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম, এ প্রাজ (লাহোর) মহোদয় কর্তৃক সঙ্কলিত।

৫৭ খানি অপূর্ব্ব-চিত্র সমন্বিত।

বিশ্বকোষ-সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইং) বরোজো বাঁধা ১৷০ ভিপিতে ২৲ দুই টাকা মাত্র

এর প্রকাশ হইবামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে—শ্রী … ব্রহ্মচারী এম, এস-এর কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়মঠ হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

দশম খণ্ড এবং নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৩৷৶০ সাধারণ পক্ষে ২১৷৶০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ৷৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।৶০।

দশম স্কন্ধের ভিক্ষা ১২৲, অগ্রিম সাধারণের পক্ষে ৮৲।

৮৩২ পৃষ্ঠায় ৭৮ অধ্যায় পর্য্যন্ত ত্রয়োদশ খণ্ড ছাপা হইয়াছে। একাদশ স্কন্ধ ছাপা আরম্ভ হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষার তৃতীয় সংস্করণ ৬৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০৲ টাকার এই বিরাট গ্রন্থের স্বল্পসংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আদিকবি

শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫৲

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪৷০ টাক

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ

ভিক্ষা ৷৶০ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব্ব বাঙ্গালার মধ্যে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা।

উড়িয়া-অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে পারেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় হরি-কথা জানিবার সুবর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে; বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রাপ্তব্য	।০
একত্রে ৩ খণ্ড লইলে	৷০
সাধন পথ (শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রাপ্তব্য	।০
একত্রে ৩ খণ্ড লইলে	।০
কল্যাণ কল্পতরু প্রাপ্তব্য	৶০
একত্রে ৩ খণ্ড লইলে	।০
শ্রীভজনাবলী প্রাপ্তব্য	৵১০
একত্রে ৩ খণ্ড লইলে	৵১৫
শরণাগতি—প্রাপ্তব্য	৴০
একত্রে ৩ খণ্ড লইলে	

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীধাম মায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগোপীনাথ মঠ,—চাপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংশন রোড, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ, —পোঃ ... পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিরুলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—নং ... কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—... ইউ, পি।
১০। শ্রীপরমহংস মঠ—নৈমিষার পোঃ, ... ইউ পি।
১১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—... পাঞ্জাব
১২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—... নবাবপুর রোড, ঢাকা।
১৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।
১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাজোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।
১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—... পোঃ, বাঁকুড়া।
১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০, ... রোড, নিউদিল্লি

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—... রোড, খুলনা
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ঠাকুর—... ধানপুর,
কালিকাবাড়ী কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামরতন রায়—... লেন, কলিকাতা
৪। মিঃ এন্ বি, মুখার্জী ... কানপুর
৫। শ্রীযুক্ত ... কৃষ্ণনগর, নদীয়া.
৬। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।
৭ শ্রীবিনোদমোহন ... মনোমোহন প্রেস, নবাবপুর, ঢাকা
৮। শ্রীদেবেন্দ্রনাথ ... চৌধুরী ... পোঃ
৯। শ্রীনন্দনন্দন চট্টোপাধ্যায় এ, এম্, বম্বে, বানারস
১০। শ্রীপাদ অপ্রাকৃত ভক্তিপ্রকাশ ... বাহাদুর।
১১। শ্রীপাদ নরোত্তম ব্রহ্মচারী ঐ

বর্ষায় একমাত্র স্বদেশী

রবারের জুতা

টি, টি, সিলিপার

চটি, প্রিন্সিয়াল ও এলবার্ট

চামড়াহীন, মজবুত, সস্তা, নরম, জল-কাদায় বিশেষ উপযোগী—এই স্বদেশী জুতা, বাজে বিদেশী জুতার বদলে কিনিয়া দেশী শিল্পের সহায়তা করুন।

ঠিকানা—টি, টি, সিলিপার এণ্ড কোং, ১নং টাউনসেণ্ড রোড ভবানীপুর, কলিকাতা।

গভর্ণমেন্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

মারফালিন

টনিক ও সালসা। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার কমে হয়। জলের পরিবর্ত্তে

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ২।৪ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকার ঔষধ খাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ বিষের জল খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে হয়রাণ হয়েন কেন? সুতরাং ।০ আনার মারফালিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট; এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ।৵০ আনা, ডজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসারস্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বলরাম দে স্ট্রীট লেন, কলিকাতা।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা এঃ বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

টেলিগ্রামের নাম ও ঠিকানা — "শ্রীধাম" নবদ্বীপ

Registered No. C 1544

দৈনিক নদীয়া-প্রকাশ

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

বিজ্ঞাপনের হার

প্রতিবারে
প্রতি ইঞ্চ ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩।০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

সাধারণের হার অগ্রিম দেয়।

বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২।০
মাসিক ১৲
নগদ প্রতি সংখ্যা ৴৫

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [১৩৮ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—২৭শে শ্রাবণ ১৩৩৭ মঙ্গলবার ১২ই আগষ্ট ১৯৩০

নানা কথা

মুসলেম খেলাফত কনফারেন্স প্রেসিডেন্টের অভিভাষণ সাইমন রিপোর্টের তীব্র নিন্দা

গত ৯ই আগষ্ট শনিবার টাউনহলে মুসলমান কনফারেন্স উপলক্ষে বিপুল জনতার সমাবেশ হইয়াছিল। সর্ব্বত্রোভাবে সকলেরই মুখে খুব উৎসাহ ও আনন্দের চিহ্ন দেখা যাইতেছিল। প্রেসিডেন্ট সভাস্থলে পৌঁছিবার সময় খুব জয়ধ্বনির সহিত তাঁহাকে অভ্যর্থনা করা হয়। যখন তিনি বক্তৃতা মঞ্চে দণ্ডায়মান হন তখন জনবৃন্দ 'আল্লাহোআকবর', ও 'ভারত কি জয়' ধ্বনিতে চতুর্দ্দিক প্রকম্পিত করেন। সার আবদার রহিম প্রেসিডেন্টের অভিভাষণে বলেন যে সাইমন রিপোর্ট আমাদের উন্নতির একেবারেই বিরুদ্ধে। সাইমন রিপোর্টে মুসলমানদের বিষয় যাহা উল্লিখিত হইয়াছে তাহা মুসলমানদের পক্ষে অনুপযুক্ত এবং সন্তোষজনক নহে। তিনি বলেন ভারতবর্ষ আমাদের বাড়ী। ইহার সুখদুঃখে আমরা জড়িভূত এবং ভারত যাহাতে জগতের অন্যান্য সভ্য জাতির সঙ্গে সমভাবে চলিতে পারে তাহার জন্য আমাদের সর্ব্বতোভাবে চেষ্টা করা উচিত। সাম্প্রদায়িক গোলমাল বর্জ্জন করিয়া যাহাতে ভারতবর্ষের সর্ব্বজাতির রাজনৈতিক ও অর্থনৈতিকের আশু উন্নতি হইতে পারে তাহার জন্য আমাদের চেষ্টা করিতে হইবে। আমাদের সম্পূর্ণরূপে স্বাধীনতার বন্দকাঠ মোচন করিতে হইবে এবং স্বাধীনতা অর্জ্জন করিয়া ইংরেজদের সহিত সমান ও বন্ধুত্ব সূত্রে আবদ্ধ হইতে চাই। দেশে যাহাতে শিক্ষা, স্বাস্থ্য ও শান্তির প্রসার হয় তাহার জন্য সকলকে অনুরোধ করিয়া বক্তৃতা শেষ করেন। অতঃপর অভ্যর্থনা কমিটীর চেয়ারম্যান বলেন যে রাজনীতি আমাদের [illegible] অঙ্গ। যোগ্য তাঁহার অনুসরণকারীদের সম্পূর্ণরূপে রাজনীতিতে যোগদান করা উচিত। স্বাধীনতা অর্জ্জন করিতে হিন্দুগণ অপেক্ষা মুসলমানগণের প্রবল ইচ্ছা এবং সমাবেশে তিনি সাইমন রিপোর্টকে নিন্দা করেন ও মুসলমানগণ যাহাতে একযোগে [illegible] হইতে পারে তাহার জন্য তিনি সকলকে অনুরোধ করেন।

৫০০০ লোকের প্রসেশন

মুসলেম খেলাফত কনফারেন্স প্রেসিডেন্টের অভিভাষণ

মালব্য ও জয়াকর

জেলে প্রাথমিক শিক্ষার প্রচলন

নূতন ভাইসচ্যান্সেলার

সুক্কুরে সাম্প্রদায়িক গোলযোগ, দিবাভাগে ডাকাতি

সৈনিকের প্রায়োপবেশন

তিনকড়ি চক্রবর্ত্তীর ৯ মাস কারাদণ্ড

পিকেটীংএ আকালী

পাকারের কংগ্রেসকর্ম্মিগণ গ্রেপ্তার

জেলে প্রাথমিক শিক্ষা

বাংলার জেল বিভাগের ১৯২৯ সালের শাসন মন্তব্য বাহির হইয়াছে। আলিপুর জেলে প্রাথমিক শিক্ষার ব্যবস্থা পাকাপাকি ভাবেই হইল। অপর [illegible] কেন্দ্রীয় জেলে শীঘ্রই প্রাথমিক শিক্ষার ব্যবস্থা হবে। [illegible] জেলের [illegible] পরীক্ষা করিয়া দেখা [illegible] অপরাধী পাছে বরাবরের জন্য [illegible] তাহাদিগকে সাধু নাগরিক পরিণত করা যায়। যখন ঐ সমস্ত বালক জেল হইতে বাহির হয়, তখন তাহাকে তাহারা বাধা পাইতে পারে তাহার চেষ্টা জন সাধারণে করিলে সমাজের উপকার হয়।

৫০০০ লোকসহ প্রসেশন

গত ৮ই আগষ্ট মায়াপুরে পণ্ডিত মদনমোহন মালব্য ও মহম্মদ উ [illegible] গ্রেপ্তারের প্রতিবাদস্বরূপ এক বিরাট প্রসেশন বাহির হয়। বহু সংখ্যক মহিলা এই অনুষ্ঠানে যোগদান করিয়াছিলেন। তাহার পর অমৃতচরণ দাস গুপ্তের নেতৃত্বে একটী সভার অধিবেশন হয়। এই সভায় দেশের বর্ত্তমান অবস্থা সম্বন্ধে আলোচনা হয়।

মালব্য এবং জয়াকর

প্রকাশ যে গত শনিবার পণ্ডিত মদন মোহন মালব্য ও জয়াকরের ভিতরে অনেকক্ষণ ধরিয়া কথোপকথন চলে।

মিথ্যা রটনা

সার [illegible] প্রেসিডেন্ট প্রেসে জানাইয়াছেন যে আমার সঙ্গে ও [illegible] সঙ্গে যে কথোপকথন [illegible] প্রকৃত [illegible] শুধু মহাত্মা গান্ধী [illegible] ও [illegible] হইয়াছে [illegible] তিনি নাই। [illegible]

ভাইসচ্যান্সেলার

[illegible] জানেন [illegible] তিনি [illegible] ভাইস চ্যান্সেলারের কার্য্যভার গ্রহণ করিয়াছেন।

বিবিধ সংবাদ

ছাত্রদের ভিতরে গোলযোগ

৮ই আগষ্ট শনিবার বাগেরহাট পিকেটার ও পিকেটীং বিরোধকারিদের ভিতরে একটা গোলমালের সৃষ্টি হয়। ফলে ছই দল ছাত্র সংঘর্ষ ব্যাপার ঘটে।

পাকারের কংগ্রেসকর্ম্মিগণ গ্রেপ্তার

কংগ্রেসকমিটীর প্রেসিডেণ্ট বিরজুলাল মজুমদার এবং ১৯ জন ভলাণ্টিয়ার, তন্মধ্যে একজন মহিলা, মদের দোকানে পিকেটীং করার অপরাধে দণ্ড হন।

পৃথিবীর সর্ব্বত্র বাজার মন্দা

সম্প্রতি বৃটেনের প্রধান মন্ত্রী ও রাজস্ব সচিব বলিয়াছেন যে, এক্ষণে ব্যবসা বাণিজ্যের অবস্থা যে মন্দ হইয়াছে তাহার কারণ কোন এক বিশেষ দেশে নিবদ্ধ নহে, পৃথিবীর সর্ব্বত্রই তাহার কারণ বিদ্যমান।

অল্পদিন হইল বৃটিশ ইলেক্‌ট্রিক্যাল ও ম্যানুফ্যাক্‌চারিং সভা অনেক প্রতিনিধিকে ইহা পর্য্যবেক্ষণ করিবার জন্য নিযুক্ত করেন, তিনি সচিবদিগের উল্লিখিত উক্তি সমর্থন করিয়াছেন। তিনি বলিয়াছেন যে বৃটেনের অপেক্ষা মার্কিণ, যুক্তরাজ্য ও জার্ম্মানী, ব্যবসায় মন্দা হওয়ায় বেশী ক্ষতিগ্রস্ত হইয়াছেন। তাহার হিসাবে যুক্তরাজ্যে বেকার লোকের সংখ্যা ৫০ লক্ষ এবং জার্ম্মানীতে ৩০ লক্ষ।

গোলমালের উৎপত্তি

সংবাদে প্রকাশ যে, একটি কংগ্রেস কমিটির শোভাযাত্রা সন্ধ্যা ৭।৩০ মিনিটের সময় পাকাট পাঠশালার নিকট দিয়া যাইতেছিল। তখন একজন মুসলমান গাড়ী-ওয়ালা ক্রতগতিতে গাড়ী চালাইতেছিল শোভাযাত্রাকারিগণ তাহাকে ধীরে গাড়ী চালাইতে অনুরোধ করেন। ইহাতে গাড়ীওয়ালা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া শোভাযাত্রার উপর ঢিল ছুড়িতে থাকে এবং এক হাঙ্গামার সৃষ্টি করে। ক্রমে ক্রমে সহরের চতুর্দ্দিকে পাঠান দল ক্ষিপ্ত হয় এবং যথেচ্ছাক্রমে হিন্দুদিগকে আক্রমণ করিতে থাকে। পোষ্টাফিসের নিকটবর্ত্তী স্থানে একজন হিন্দু স্বেচ্ছাসেবককে ঘোড়ার পায়ের আঘাতে মারিয়া ফেলে। অতঃপর জেলা ম্যাজিষ্ট্রেট ২ জন মুসলমানকে গ্রেপ্তার করিয়াছেন।

ল্যাম্বেথ বৈঠক

লণ্ডন হইতে সংবাদ পাওয়া গিয়াছে ল্যাম্বেথ কন্‌ফারেন্স নামক একটি পাদরীদিগের বৈঠক বসিয়াছে। তাহাতে দক্ষিণ ভারতবর্ষে খ্রীষ্টান সম্প্রদায়দিগের একীকরণ হইবার প্রস্তাব হইয়াছে। কলিকাতার লর্ড বিশপ এবং বোম্বাইয়ের ভূতপূর্ব্ব বিশপ পামার সাহেব উপস্থিত ছিলেন।

· তেলিমেল বলেন যে, এরূপ একীকরণ প্রস্তাব গ্রাহ্য হইবে না।

ছাত্র বঃ শিক্ষক

মথুরাপুর উচ্চ ইংরাজী বিদ্যালয়ের তিন জন ছাত্রকে হেডমাষ্টার মহাশয় সম্পেণ্ড করায় সমস্ত ছাত্রই ধর্ম্মঘট করিয়া স্কুল যাওয়া বন্ধ করিয়াছে।

পাকুড়ে হরতাল

শ্রীকৃপানাথ পাণ্ডাপ্রমুখ চয়জন স্বেচ্ছাসেবককে ছয় মাস কঠিন বিনাশ্রমে কারাদণ্ডাদেশ প্রদান করায় পাকুড়ে পূর্ণ হরতাল হয়।

অশান্তিপূর্ণ পিকেটীং

· মধ্য প্রদেশের গবর্ণমেণ্ট প্রকাশ করিতেছেন যে, গত সপ্তাহে সাবধান করিয়া দেওয়া এবং গ্রেপ্তার করা সত্ত্বেও নাগপুরে পিকেটীং চলিতেছে এবং জনসাধারণের মধ্যে অশান্তি বিরাজ করিতেছে। সেই জন্য গবর্ণমেণ্ট অর্ডিনেন্স জারি করিয়াছেন।

গিরিডিতে গ্রেপ্তার

গিরিডির বিহার কংগ্রেস কর্ম্মী অজিতকুমার নাথ গ্রেপ্তার হইয়াছেন। প্রকাশ যে যখন তিনি কয়েকজন রাজনৈতিক আসামীর বিচার দর্শন করিতে যান তখন পুলিশ তাঁহাকে পুলিশকোর্টের ভিতরে গ্রেপ্তার করে। তাহার চেষ্টায় স্থানীয় মদ ও গাঁজার দোকান বন্ধ করিতে পারা যায়।

তিনকড়ি চক্রবর্ত্তীর ৯ মাস কারাদণ্ড

মাধবপুর কংগ্রেসের প্রেসিডেণ্ট শ্রীযুক্ত তিনকড়ি চক্রবর্ত্তী ও যোগেন্দ্র সরকার ও মণীন্দ্র সরকার নামে আর দুইজন বিশিষ্ট কংগ্রেস কর্ম্মীকে ১১৭ ধারা অনুসারে গ্রেপ্তার করা হইয়াছিল। তিনকড়ি বাবুর ৯ মাস সশ্রম কারাবাসের আদেশ হইয়াছে এবং মণীন্দ্র বাবুর ২০০ টাকা জরিমানা অনাদায়ে ২ মাস সশ্রম কারাবাসের আদেশ হইয়াছে। মণীন্দ্রবাবু "এ" ক্লাস কয়েদী শ্রেণীভুক্ত হইয়াছেন।

খুলনায় সাম্প্রদায়িক গোলযোগ
দিবাভাগে ডাকাতি

জানা গিয়াছে যে, গত ৯ই আগষ্ট শনিবার বেলা ২টার সময় মুসলমান কর্ত্তৃক একজন হিন্দুর গৃহে ভীষণ ডাকাতি হইয়াছে। আক্রান্তের ধ্বনি শুনিতে পাইয়া বহুসংখ্যক হিন্দু ও পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়। ইতিমধ্যে ডাকাত দল পলায়ন করে। প্রকাশ যে পুলিশ হিন্দুজনতার উপর বেয়নেট চালান। ফলে ২ জন হিন্দু মৃত্যুমুখে পতিত হয় ও অনেকে আহত হয়।

ব্যাঙ্কিং তদন্ত সমিতি

মধ্য প্রদেশে ব্যাঙ্কিং তদন্ত সমিতির রিপোর্ট বাহির হইয়াছে। এই রিপোর্টে কৃষক সম্প্রদায়ের ঋণ গ্রহণ এবং তাহাদের আর্থিক অনটনের বিষয় বিশেষভাবে বিবৃত আছে। কৃষিকার্য্যের উন্নতিসাধন, দেশীয় প্রথায় ঋণ দানের উপায় উদ্ভাবন, টাকা খাটাইবার অভ্যাসের সমর্থন, স্বর্ণ মুদ্রার পরিবর্ত্তন এবং ব্যাঙ্ক ও ব্যবসায় সম্বন্ধে শিক্ষাদান প্রভৃতি বিষয় উল্লেখ আছে।

প্রাদেশিক জমিবন্ধকী ব্যাঙ্কস্থাপন দ্বারা পুরাতন ঋণ পরিশোধের বিষয় দেওয়া আছে। এই প্রণালীনুসারে ফসলের কিয়দংশ সীমার ভার ব্যাঙ্ককে দিতে হইবে। কমিটীর মতে কৃষিজাত দ্রব্য মাপে বিক্রয় না করিয়া ওজনে বিক্রয় করা সমীচীন। কুসীদজীবিগণকে ভবিষ্যতে লাইসেন্স লইতে হইবে। গ্রাম্য সংগঠন সম্বন্ধে বিশদ উপদেশ আছে।

সৈনিকের প্রায়োপবেশন

পাঠক অবগত আছেন যে বিদ্রোহের অভিযোগে কয়েকজন গাড়োয়ালি সৈন্য কারাদণ্ড পাইয়াছে, তাহাদিগের মধ্যে একজন "এ" শ্রেণীভুক্ত হইতে চাহিয়াছিল। কর্ত্তৃপক্ষ রাজি না হওয়ায় সে প্রায়োপবেশন করিয়াছে বলিয়া প্রকাশ।

পিকেটীংএ আকালী

বিদেশী বস্ত্রের দোকানে পিকেটীংএর জন্য লাহোরে চৌদ্দ জন আকালী স্বেচ্ছাসেবক গ্রেপ্তার হইয়াছেন

[illegible]

আয়ুর্ব্বেদীয়

মদন মঞ্জরী

ধাতুদৌর্ব্বল্য ও স্নায়ুবিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, অত্যাচারজনিত অবসাদ, স্বপ্নদোষ, মাথাঘোরা, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি সকল প্রকার বিকারের আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

"এপূর্ব্ব সর্ব্বরোগারি ঘৃত"

পুরাতন অর্শ রোগ বাতরোগ দ্বারা আরোগ্য করিয়া থাকে। মূল্য ১ কৌটা ১৲ টাকা।

"রমণীবিলাসিনী বটিকা"

স্ত্রীলোকের সকল সর্ব্বপ্রকার ব্যাধি ও স্বাস্থ্য রক্ষা করিতে অত্যাশ্চর্য্য। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

রাজবৈদ্য আত্মারামজী, কেশবজী

২৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের চোকা শিশি বাদাম তৈল

স্বাদ ও গন্ধে এবং উপকারিতায় সর্ব্বজন পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম খোদা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জুয়াচোরগণ কয়লের নকল তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত

ফেরার্স কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আইরন, হাইড্রোক্লোরাইড কুইনিন, আর্সেনিক এবং ষ্ট্রীকনিন আছে।

এই ফেরার্স-কুইনিন দ্বারা ইনজেকসন করিলে একটী বা দুইটী ইনজেকসনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং চর হইতে বাকী ইনজেকসনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া

৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ডাঃ ৩৲ টাকা

বাইওকেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটারিজে

২৯৷১ কলুটোলা লেন, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

— ::: —

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর ·২৭শে শ্রাবণ মঙ্গলবার—১৩৩৭

(১)

সাধন-ভক্তিরূপ অভিধেয়-তত্ত্বই সর্ব্বশ্রেষ্ঠ

(২)

শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠে শ্রীশ্রীবলদেবাবির্ভাব-মহোৎসব

(৩)

পণ্ডিত শ্রীপাদ কবিবৈরি বেদান্ত ভূষণ প্রভুর নির্য্যাণ সংবাদ

(৪)

(ক) দক্ষিণভারতে শ্রীশ্রীমহাপ্রভুর শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী প্রচার

(খ) মঙ্গলগিরিতে শ্রীমহাপ্রভুর পাদপীঠার্চ্চার মন্দির-নির্ম্মাণ

(গ) শ্রীপানা-নৃসিংহদেবের অলৌকিক সরবৎ ভোগ-মাহাত্ম্য

(৫)

কটকে শুদ্ধভক্তিপ্রচারে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিবেক ভারতী মহারাজ

সাধনভক্তিরূপ অভিধেয় তত্ত্বই সর্বশ্রেষ্ঠ

শ্রীচৈতন্যচরিতামৃতের মধ্য ২৫শ অধ্যায়ে উক্ত হইয়াছে, যথা,—

অভিধেয় সাধনভক্তির শুনহ বিচার।
সর্ব্বজন দেশকাল দশাতে ব্যাপ্তি যার॥
ধর্ম্মাদি বিষয় যৈছে এ চারি বিচার।
সাধনভক্তি এই চারি বিচারের পার॥
সর্ব্বদেশ কাল দশায় জনের কর্ত্তব্য।
গুরুপাশে সেই ভক্তি প্রষ্টব্য শ্রোতব্য॥

মানবগণ ধর্ম, অর্থ, কাম ও মোক্ষরূপ তুচ্ছ ফল এবং ভগবৎ-প্রেমরূপ উপাদেয় ফল লাভে সমর্থ। যে প্রকার সাধন-প্রণালী অবলম্বন করিলে ধর্ম, অর্থ, কাম, মোক্ষ বা ভগবৎ-প্রেম-রূপ ফল (অর্থাৎ প্রয়োজনীয় বিষয়) লাভ করা যায়, তাহাকে সেই ফলের প্রাপকরূপ অভিধেয় তত্ত্ব বলে।

ধর্ম বা পুণ্য সঞ্চিত হইলে দেবাদি স্বর্গাদি লোকে গমন করিতে ও তথায় উত্তরোত্তম মহৎ উপভোগ মগ্ন থাকিতে হয়। স্বর্গাদি লোকে গমনের পর যখন তাহাকেও পুণ্যজনক কার্য্যে নিযুক্ত থাকিতে হয় না ও সদা ভোগে প্রমত্ত থাকিতে হয়, তখন পুণ্য-ফলের সাধন বা অভিধেয় তত্ত্বের যে নিত্যতা নাই ইহা সহজ-বোধগম্য। অর্থ, কাম ও মোক্ষ-প্রাপক অভিধেয়তত্ত্ব বা সাধনের পক্ষেও এই প্রকার অনিত্যতা, কারণ অর্থ-লাভ, কামনায় তৃপ্তি ও সাযুজ্য-মুক্তি সিদ্ধির পর সাধকদিগের আর সাধনার প্রয়োজন বোধ হয় না এবং সুযোগও ঘটিয়া উঠে না। সুতরাং প্রতিপন্ন হইল যে, ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ-প্রাপক সাধন বা অভিধেয় তত্ত্বের নিত্যত্ব বা সার্ব্বকালীন স্থিতি সম্ভবপর নহে।

পৃথিবীতে কেহ ধর্ম লাভের জন্য, কেহ অর্থ-প্রাপ্তির আশায়, কেহ কামনাতৃপ্তির উদ্দেশে ও কেহ বা সাযুজ্য মুক্তির জন্য তত্তৎফল প্রাপক অভিধেয় যাজনে ব্যস্ত। ইহা হইতে প্রমাণিত হইতেছে, ধর্ম, অর্থ, কাম ও মোক্ষ-প্রাপক অভিধেয় তত্ত্বগুলির মধ্যে কোন একটী অভিধেয়তত্ত্বের যাজন সকল মনুষ্য-কর্তৃক অবলম্বিত হয় না। অতএব বুঝা যাইতেছে যে, উক্ত অভিধেয়তত্ত্বের সাধন সর্ব্বজন-কর্তৃক সম্পন্ন হইবার নহে।

বর্ত্তমান অবস্থায় যিনি পুণ্যসঞ্চয়ে নিযুক্ত, পরবর্ত্তী অবস্থায় তিনি হয় ত অর্থ-কামী, কাম-কামী বা মোক্ষকামী হইতে পারেন। এইরূপ ভাবে বর্ত্তমানে যিনি অর্থকামী পরমুহূর্ত্তে তিনি পুণ্যকামী, কাম-কামী বা মোক্ষকামনা-যুক্ত হইয়া তদনুকূল-সাধনে আগ্রহ-বিশিষ্টরূপে পরিচিত হইতে পারেন, অথবা বর্ত্তমানে যিনি কামকামী, অবস্থার পরিবর্ত্তনে তিনি হয়ত পুণ্যকামী, অর্থকামী বা মোক্ষকামী হইয়া তদনুকূল অভিধেয়তত্ত্বের পক্ষপাতী হইতে পারেন। কিম্বা বর্ত্তমানে যিনি মোক্ষকামী, ভবিষ্যতে তিনি পুণ্যকামী, অর্থকামী বা কাম-কামী সাজিয়া তদনুকূল সাধনে অন্যকে নিযুক্ত করিবার জন্য প্রবল যুক্তিতর্ক দেখাইতে পারেন। ইহা হইতে সুনিশ্চিত হইতেছে যে, ধর্মার্থকাম-মোক্ষ-প্রাপক অভিধেয়-তত্ত্বের সর্ব্বদশায় অবস্থিতি কদাচ সম্ভবপর নহে।

যে দেশের অধিকাংশ লোক কাম-কামী সে দেশে অবস্থানকালে কেহ হয়ত কাম-কামী হইয়া তদনুকূল সাধনে নিযুক্ত হইতে পারেন। পরে তিনি যদি অন্য দেশে বাস করেন ও সেই দেশবাসী অধিক সংখ্যক লোক যদি পুণ্যকামী হন, তাহা হইলে তিনি কাম-কামিত্ব পরিত্যাগ পূর্ব্বক পুণ্য-কামী হইতে পারেন। এইরূপভাবে যে যে দেশের অধিকাংশ লোক অর্থ-কামী ও মোক্ষ-কামী সেই সেই দেশে পর পর ভাবে গমন করিলে সে ব্যক্তি পুনরায় রুচির পরিবর্ত্তন-বশতঃ অর্থ-কামী ও মোক্ষকামী-রূপে পরিচিত হইতে পারেন। কাজেই সিদ্ধান্তিত হইতেছে যে ধর্মার্থকামমোক্ষের মধ্যে কোন একটীরও সর্ব্বদেশে পূর্ণতা বা অভিধেয়ত্ব সম্ভবপর নহে।

ধর্মার্থকাম-মোক্ষকামিগণ যে-কালে সৎসঙ্গ-প্রভাবে বুঝিবেন যে, ধর্মার্থকাম-মোক্ষ-প্রাপক অভিধেয়-তত্ত্বের সর্ব্ব-কালে, সর্ব্বদেশে, সর্ব্বদশায় ও সর্ব্বজনে অবস্থান সম্ভবপর নহে, তাহা অতি তুচ্ছ নশ্বর ফলের জনক এবং ভক্তি-সাধনরূপ অভিধেয়ই উপাদেয় ভগবৎ-প্রেমরূপ মহৎ-ফলের আবাহনকারী, তখন হইতে তাঁহারা ভক্তিসাধনরূপ অভিধেয়-তত্ত্বকে বরণ করত নিত্যকাল ভগবৎ-সেবারূপ কার্য্যে সুপ্রতিষ্ঠিত থাকিবার জন্য যত্ন করিতে পারেন। ইহ জীবনে তাঁহারা যেমন ভক্তিসাধনে নিযুক্ত থাকিবেন, দেহান্তে বৈকুণ্ঠে গমন করত সেই প্রকার ভগবৎ সেবাকার্য্যে চির-নিযুক্ত থাকিবেন। পৃথিবীর যে দেশের লোক যে দশাতে থাকুন না কেন, যদি তাঁহারা ভক্তি-সাধন-রূপ অভিধেয়তত্ত্ব যাজনের সুযোগ-প্রাপ্ত হন, তাহা হইলে তাঁহাদিগকে আর কোন-কালে ইতর অভিধেয়তত্ত্বের সাধন করিতে হইবে না। মনুষ্যজীবনের ইহাই চরম লক্ষ্য ও নিত্যকাল্যাণ পরমানন্দ-প্রাপ্তির ইহাই প্রকৃত পথ। সদ্গুরুর চরণাশ্রয় পূর্ব্বক ইহার সন্ধান লওয়া ও সাধন করাই বুদ্ধিমান ব্যক্তির একান্ত কর্ত্তব্য।

শ্রীশ্রীবলদেবাবির্ভাব-মহোৎসব

গত ১৩শে শ্রাবণ শ্রীধাম মায়াপুর শ্রীচৈতন্যমঠে শ্রীশ্রীবলদেবাবির্ভাব মহোৎসব পাঠ, কীর্ত্তন, ইষ্টগোষ্ঠী ও মহাপ্রসাদ-বিতরণ মুখে মহাসমারোহে সুসম্পন্ন হইয়াছে। সন্ধ্যারাত্রিকের পর একটী বিশেষ অধিবেশনে শ্রীবলদেবাবির্ভাব-সম্বন্ধে আলোচনা-মুখে বলা হয়—"শ্রীবলদেব" অদ্বয়জ্ঞানতত্ত্ব স্বয়ংরূপ ব্রজেন্দ্রনন্দনের স্বপ্রকাশ-বিগ্রহ। পূর্ণতত্ত্ব শ্রীকৃষ্ণের স্বরূপ—সচ্চিদানন্দস্বরূপ। সেই একই চিচ্ছক্তি সদংশে সন্ধিনী অর্থাৎ সত্তাবিস্তারিণী, চিদংশে পূর্ণজ্ঞানরূপা সম্বিৎ অর্থাৎ জ্ঞানের স্বরূপত্ব, আনন্দাংশে হ্লাদিনী অর্থাৎ সেই স্বরূপ-তত্ত্বের আনন্দ প্রদায়িনী। ভগবান্ যে শক্তিদ্বারা সত্তাকে ধারণ করেন ও করান, তাহাই সকল দেশকাল-দ্রব্যাদি-প্রকাশিকা সন্ধিনী, যে শক্তিদ্বারা স্বয়ং জানিতে এবং জানাইতে সমর্থ হন, তাহাই সম্বিৎ এবং চিৎপ্রধানা যে শক্তিদ্বারা স্বয়ং আনন্দকে আস্বাদন এবং অপরকে আস্বাদন করাইতে সমর্থ হন, তাহাকে হ্লাদিনী বলিয়া জানিতে হইবে। সন্ধিনীশক্তিময় বিগ্রহরূপ শ্রীবলদেব, সম্বিচ্ছক্তিময় বিগ্রহরূপ স্বয়ং কৃষ্ণ এবং হ্লাদিনীশক্তিময়ী রূপে শ্রীমতী রাধারাণী বিলাস করিতেছেন। একই বিগ্রহ বিলাসার্থ ত্রিবিধরূপ ধারণ করিয়াছেন, সুতরাং ত্রিতত্ত্বকে লৌকিক ভিন্নরূপে জানিলে চলিবে না, একই অদ্বয়জ্ঞানের ত্রিবিধ চিদ্বিলাস-স্বরূপে জানিতে হইবে।

"শ্রীবলদেব রূপে ভগবান্ তাঁহার সেবা জগতে প্রকট করিয়া নিখিল জীবগণের মঙ্গল বিধান করিতেছেন। স্বয়ং ভগবান্ ব্যতীত তাঁহার তত্ত্ব আর কেহই জানিতে বা জানাইতে সমর্থ হইবেন, তাই স্বয়ংই স্বয়ংরূপ শ্রীবলদেবরূপে তাঁহার সেবা জগতে প্রকট করিলেন। সুতরাং শ্রীবলদেবের ভগবৎপ্রাকট্যরূপ সেবা, তিনিই কৃষ্ণের ধামরূপে, নামরূপে, কামরূপে—সর্বতোভাবে কৃষ্ণেন্দ্রিয়-তর্পণ-বিধান করিয়া জগৎকে কৃষ্ণসেবানন্দ প্রদান করিয়া অতীব আনন্দ ও ধর্ম্মাধিকারের কেবলানন্দ হইতে উচ্চ প্রাধান্যপূর্ব্বক পরমানন্দ বিধান করিতেছেন।

———

"শ্রীবলদেব লৌকিক তিথি শ্রাবণী পূর্ণিমা-নিত্য-পবিত্রক উৎসবে শ্রীবলদেব আবির্ভূত হইয়া ব্রজে দুন্দুভি বাদ্যঃ ঘোষণা করেন। অদ্য পূর্ণিমায় সেই বলদেবাবির্ভাব তিথি।

আগামী ৩১শে শ্রাবণ কৃষ্ণাষ্টমী তিথিতে শ্রীকৃষ্ণাবির্ভাব-দিবস বা জন্মাষ্টমী। শ্রীবসুদেব—শুদ্ধসত্ত্ব। জীবহৃদয়ে সেই শুদ্ধসত্ত্ব আবির্ভূত হইলেই তাঁহার কৃপায় জীব তাঁহার হৃদয়ে ভগবানের আবির্ভাব উপলব্ধি করিতে পারেন। হৃদয়ে শুদ্ধসত্ত্ব-সম্বিদ্বৃত্তি-কল্পিত আবদ্ধই বসুদেবাবির্ভাব-মহোৎসব। ইহা কেবল অষ্টমীর দিনের জন্য নহে, ইহা নিত্যকালের জন্য। এই উৎসব হইতে এক মুহূর্ত্তের জন্যও বঞ্চিত হইলে জীব মায়াক্রান্ত হইবার দুর্ভাগ্য বরণ করেন।

"কংস-কর্তৃক বসুদেব-পত্নী দেবকীর ছয়টী সন্তান জন্মে জন্মে নিহত হইলে সপ্তম-গর্ভে ভগবান বলদেবের আবির্ভাব হয়। শ্রীভগবান, দুষ্ট কংসের অত্যাচারে, তাঁহার অনুগত যদুগণ অত্যন্ত সন্ত্রস্ত হইয়া পড়িয়াছে জানিয়া স্বীয় যোগমায়াকে আদেশ করিলেন, দেবি! তুমি ব্রজগোকুলে যাও, তথায় বসুদেব-পত্নী রোহিণী বাস করিতেছেন, বসুদেবের অন্যান্য পত্নীও কংসভয়ে ভীতা হইয়া অলক্ষিত স্থানে আশ্রয় লইয়াছেন, আমারই অংশ শ্রীঅনন্ত দেবকীর গর্ভে প্রবেশ করিয়াছেন। তুমি সেই গর্ভ আকর্ষণ করিয়া রোহিণীর উদরে স্থাপন কর।" যোগমায়া চিচ্ছক্তি শ্রীভগবদাদেশ যথাযথ পালন করিলেন। অনন্তর শ্রীরোহিণী হইতে বলদেবের আবির্ভাব হয়।

"শ্রীবলদেব কৃষ্ণের আত্মকায়ব্যূহ বা কায়বিগ্রহ, তিনিই কৃষ্ণলীলার সহায়। তাঁহাকে কৃষ্ণস্বরূপ বলা যায়। তিনি তাঁহার দ্বিতীয় স্বরূপগত অংশরূপে মহাসংকর্ষণ এবং কলা (অংশাংশ) স্বরূপ কারণার্ণবশায়ী, গর্ভোদশায়ী, পয়োব্ধিশায়ী ও শেষ—এই পঞ্চরূপ ধারণ করিয়া কৃষ্ণের সেবা করেন। শ্রীবলদেব স্বয়ং কৃষ্ণলীলার সহায় থাকিয়া মহাসংকর্ষণ ও ত্রিবিধ পুরুষাবতার—এই চারিরূপে সৃষ্টিলীলাদি কার্য্য করেন। 'শেষ'-সংজ্ঞক 'অনন্ত'-রূপে কৃষ্ণের বিবিধ সেবা করেন। এই সর্ব্বরূপে সেই বলরাম কৃষ্ণসেবানন্দ আস্বাদন করেন। সাক্ষাৎ কৃষ্ণসেবাবিগ্রহ-স্বরূপই শ্রীবলদেব। সুতরাং বলদেব-পাদাশ্রয় ব্যতীত কৃষ্ণসেবাপ্রাপ্তির কোন সম্ভাবনা নাই। রোহিণী-নন্দন বলদেবই শ্রীচৈতন্যলীলায় নিত্যানন্দ এবং সাক্ষাৎ ব্রজেন্দ্রনন্দন কৃষ্ণই শ্রীচৈতন্যদেব।

শ্রীবলদেবকে অনাদর করিয়া বা তাঁহার আনুগত্যের কোন প্রয়োজন না বুঝিয়া যাঁহারা কৃষ্ণারাধনায় প্রবৃত্ত হইতে চান, কৃষ্ণ তাঁহাদিগের [illegible] আনীত তাঁহাদের কোন সেবাই গ্রহণ করেন না। বলদেব যে সেবা অনুমোদন করেন, তাহাই কৃষ্ণ স্বীকার করেন। গুরুদেব শ্রীবলদেবাভিন্ন-তত্ত্ব হওয়ায় গুরুদেবের একান্ত ও নিত্য আনুগত্য ব্যতীত কৃষ্ণসেবা হইবার কোন সম্ভাবনা নাই।

নির্য্যাণ-সংবাদ

গত ১১শে শ্রাবণ সোমবার পণ্ডিত শ্রীপাদ [illegible] বেদান্তভূষণ প্রভু শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের নাম স্মরণ করিতে করিতে ইহধাম ত্যাগ করিয়া স্বধামে বিজয় করিয়াছেন। হরিগুরুবৈষ্ণবসেবায় তাঁহার যথেষ্ট অনুরাগ ছিল। গৌড়ীয়বৈষ্ণবশাস্ত্রে তাঁহার যথেষ্ট পাণ্ডিত্যের পরিচয় তাঁহার লিখিত প্রবন্ধসমূহ হইতে প্রচুর পরিমাণে পাওয়া যায়। পারমার্থিক সাপ্তাহিকপত্র শ্রীগৌড়ীয় ও বৈদিক পত্র শ্রীনদীয়া-প্রকাশের পাঠকগণ বেদান্তভূষণ মহাশয়ের প্রবন্ধ পাঠে তাঁহার শাস্ত্রকুশলতা এবং শ্রীশ্রীগুরুপাদপদ্মে আন্তরিক নিষ্ঠার নিদর্শন যথেষ্ট পাইয়া থাকিবেন। তিনি বৃদ্ধ হইলেও একাদি-ক্রমে ২৬ বৎসর কাল ব্যাপিয়া গুরুপাদপদ্মে অবস্থান করিয়া সেবাদর্শ প্রদর্শন করিয়াছেন।

বর্দ্ধমান জেলার অন্তর্গত উখড়া ডাকঘরের নিকটবর্ত্তী ইচ্ছাপুর গ্রামে একটী সম্ভ্রান্তবংশে ইঁহার আবির্ভাব হয়। আমরা শুনিয়াছি, অতি বাল্যকাল হইতেই ইঁহার ভগবদ্ভজনে আসক্তি পরিদৃষ্ট হইয়াছিল। অল্পবয়স হইতেই স্বাস্থ্যের জন্য ইংরাজী বিদ্যালয়ে বেশীদিন পড়িতে না পারিলেও ইনি বাড়ী বসিয়া ইংরাজী, বাংলা ও সংস্কৃত ভাষার নানা সাহিত্য পাঠ-বলে যথেষ্ট জ্ঞানলাভ করিয়াছিলেন। পরে ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীল প্রভুপাদের শ্রীচরণাশ্রয় লাভ করিয়া পরবিদ্যা অর্জ্জন পূর্ব্বক [illegible] গুরু-বৈষ্ণবের প্রচুর আনন্দবিধান করিয়াছিলেন। প্রয়াণ-কালে তাঁহার বয়স ৩৮।৩৯ বৎসর হইবে। ভক্তগণ আজ তাঁহার বিরহে বড়ই দুঃখিত। তাঁহার শোকার্ত্ত আত্মীয়স্বজন তাঁহার হরিগুরুবৈষ্ণবসেবাদর্শ অনুসরণ করিয়া শোকাপনোদন করুন, ইহাই আমাদের প্রার্থনা।

প্রচার-প্রসঙ্গ

(নিজসংবাদদাতার পত্র)

মঙ্গলগিরি, ১।৮।৩০

শ্রীপাদ বন মহারাজ, সাধু মহারাজ, রামানন্দ প্রভু, হরিজন ব্রহ্মচারী এবং অনেক মারাঠী ব্রহ্মচারী সমভিব্যাহারে বিগত ২২শে জুলাই মঙ্গলবার শ্রীমন্মহাপ্রভুর পাদপীঠের জন্য শ্রীমন্দির-নির্ম্মাণকার্য্য আরম্ভ করিয়া তৎপর্য্যবেক্ষণ-সেবাকার্য্যের ভার এ অঞ্চলের উপর ন্যস্ত করিয়া বেজওয়াদা যাত্রা করেন। তথায় পরমারাধ্যতম শ্রীল প্রভুপাদের টেলিগ্রামে আদেশপ্রাপ্ত হইয়া অবিলম্বে শ্রীগোদাবরী তীরে গোষ্পদক্ষেত্রে শ্রীমন্মহাপ্রভু ও শ্রীরায় রামানন্দের মিলনস্থলে শ্রীপাদপীঠের মন্দির নির্ম্মাণ-কার্য্যের ও স্থায়ী প্রচারকেন্দ্র স্থাপনের ব্যবস্থা করিবার নিমিত্ত কভুরে প্রত্যাবর্ত্তন করেন, তথা হইতে শ্রীপাদ ভক্তিভূষণ ভক্তিসার মহারাজ শ্রীযুক্ত রামানন্দ বিদ্যার্ণব প্রভুকে এবং শ্রীহরিজন ব্রহ্মচারীকে সঙ্গে লইয়া টাঙ্গুটুর নামক স্থানে শ্রীমন্মহাপ্রভুর বাণী প্রচার করিতে গিয়াছেন। শ্রীপাদ বন মহারাজ স্থানীয় বিশিষ্ট ভদ্রমহোদয়দিগের নিকট শ্রীহরিকথা কীর্ত্তন-মুখে শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার প্রচার-বৈশিষ্ট্য জ্ঞাপন করিতেছেন।

এখানে পর্ব্বতোপরি ৬০০ শত সিঁড়ি অতিক্রম করিয়া শ্রীপানা-নৃসিংহদেবের মন্দিরে প্রবেশ করিতে হয়। পর্ব্বতের নিম্নদেশে কিঞ্চিদধিক ২০০ শত গজ দূরে শ্রীভোগ-নৃসিংহ দেবের মন্দির অবস্থিত। শ্রীভোগ-নৃসিংহদেবের মন্দিরের সুউচ্চ প্রবেশ-তোরণের অগ্রভাগে অবস্থিত স্বর্ণ কলসের দিকে দৃষ্টিপাত করিলে মস্তিষ্ক ঘূর্ণায়মান হয়। তোরণসমূহের কারুকার্য্য অতি বিচিত্র এবং বহু মূল্যবান। শ্রীপাদ বন মহারাজ উভয় মন্দিরের সেবা-বৈচিত্র্যাদি সম্বন্ধে বিস্তারিত প্রবন্ধে জানাইবেন। কিন্তু পানা-নৃসিংহদেবের অদ্ভুত লীলার বিষয় সংক্ষেপে আপনাকে না জানাইলে ধৈর্য্য ধারণ অসম্ভব হইবে। শ্রীপানা-নৃসিংহদেবের ভোগে একমাত্র সরবৎ প্রদত্ত হয়। এই সরবৎ স্থানীয় ভগবৎসেবক-কর্তৃক প্রস্তুত হয়। ভক্তবৃন্দ অর্থানুকূল্য করিলে তৎপরিমাণে সরবৎ প্রস্তুত করিয়া অর্চ্চক তাঁহাদের নিকটেই শ্রীনৃসিংহদেবের বদনে সরবৎ ঢালিতে থাকেন, ভক্ত-কর্তৃক দেয় সরবতের ঠিক অর্দ্ধেক পরিমাণ হইলেই ভগবান্ আর গ্রহণ করেন না, তাঁহার বদন ভরিয়া তখন সরবৎ পড়িতে থাকে। সরবতের পরিমাণ অর্দ্ধসেরই হউক, কিম্বা ৮/১০/ মণই হউক শ্রীভগবান্ তাহার যথাযথ অর্দ্ধেক গ্রহণ করেন এবং অবশিষ্টাংশ প্রসাদরূপে ভক্তগণের নিমিত্ত রাখিয়া দেন। এই শ্রীপানানৃসিংহদেবের দর্শনার্থে ভারতের বিভিন্ন স্থান হইতে প্রত্যহ বহুযাত্রীর সমাগম হয়। পর্ব্বতের নিম্নদেশ হইতে একশত কেন সিঁড়ি অতিক্রম করিলে সম্মুখে সুবৃহৎ প্রাঙ্গণ, পশ্চিমে প্রশস্ত বহির্বাটী অন্তরবেদী এবং পূর্ব্বে শ্রীশ্রীগৌরসুন্দরের পাদপীঠের শ্রীমন্দির অবস্থিত হইয়াছেন। আজ মন্দির-নির্ম্মাণ-কার্য্য সুসম্পন্ন হইল। শ্রীমন্দিরে দুইটী প্রকোষ্ঠ হইয়াছে। প্রথম প্রকোষ্ঠে দণ্ডায়মান হইয়া দর্শকবৃন্দ শ্রীপাদপদ্ম দর্শন করিবেন। দক্ষিণ দিকে একটী সুবৃহৎ জানালা করা হইয়াছে। শ্রীমন্দির দৈর্ঘ্যে ২২৷০ ফিট, প্রস্থে ১৩ ফিট এবং উচ্চতায় ৮ ফিট হইয়াছে। এতদ্ব্যতীত সম্মুখের প্রাচীরোপরি (অর্থাৎ ছাদের উপরে সম্মুখভাগে) ৫ ফিট উচ্চ একটি "খার্চ" করা হইয়াছে। তদুপরি বিষ্ণুচক্র স্থাপিত হইয়াছে। শ্রীমন্দির পরিক্রমা করিবার নিমিত্ত উত্তর, দক্ষিণ ও পশ্চিম তিন দিকেই ৪। ফিট প্রশস্ত স্থান রাখিয়া [illegible] প্রাচীর দেওয়া হইয়াছে। দৃশ্যটী অতি মনোরম হইয়াছে।

কটকে ভারতী মহারাজ

গত শনি ও রবিবার ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিবেক ভারতী মহারাজ কটক [illegible]শালাতে পরমভাগবত শ্রীযুক্ত শশধর বন্দ্যোপাধ্যায় মহাশয়ের ভবনে শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা করিয়াছেন। পুরাণরাজ শ্রীমদ্ভাগবত, কলিহত জীবকুলের উদ্ধারের একমাত্র আশ্রয়। শ্রীভগবদ্বিগ্রহ ভাগবত, ভাগবতশ্রেষ্ঠ দেবর্ষি নারদের মুখে যে ভাগবত-ধর্ম্মের কথা প্রচার করিয়াছেন, তাহা শ্রদ্ধান্বিত হইয়া আলোচনা করিলে [illegible] বিমুখতার সকল অভাব পূরিত হইয়া ভগবদ্ভজনের দৃঢ় বাসনা হৃদয়ে উদিত হয়।

ধর্ম্মশাস্ত্র-প্রণেতা ঋষিগণ বেদকে আশ্রয় করিয়া যে ধর্ম্মকথা কীর্ত্তন করিয়াছেন, তাহা ভোগবাদী আত্মজীবকুলকে ভ্রান্তি হইতে দূরে না লইয়া অধিকতর ভাবে ভোগবাদী করিয়া দেয়। বিমুখমোহিনী বিষ্ণুমায়া এই সুযোগে মুক্তিকামী ধার্ম্মিক-সম্প্রদায়কে দৃঢ়ভাবে তোষামোদে বদ্ধ করিতে বিলম্ব করেন না। আর ভাগবতধর্ম্ম আচরণ ত দূরে থাকুক, শ্রবণ, অনুশীলন এবং আবৃত্ত করিলে জীবের সকল অসুবিধা বিদূরিত করিয়া আত্মজ্ঞানলাভরূপ পরমশ্রেয়োদান করেন। বিরূপকে স্বরূপজ্ঞান করিয়া যত দলের কথা জগতে প্রচলিত আছে,—ভাগবতধর্ম্ম সেগুলিকে কপটতাময় জানাইয়া নিজের [illegible] সর্ব্বশ্রেষ্ঠতা সর্ব্বসমক্ষে পরিজ্ঞাত করাইয়াছেন।

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

ভক্তি-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই অলঙ্কৃত। চতুর্থ সংস্করণ। বিস্তৃতবিষয়সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সনাতন ধর্ম্মশাস্ত্র বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত স্মৃতি, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প লোকেরই ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই—২৲ দুই টাকা।

আবাঁধা—১৸০ পৌনে দুই টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও আনিত্য সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? স্বদেশ, সমাজ, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসংকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য

প্রমাণ খণ্ড

ভিক্ষা ৷৵০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নবটী দ্বীপ-সমন্বিত। এই নয় দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৬০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

ডবল ক্রাউন কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শ্রীহরিনামচিন্তামণি

৷৵০

দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তগণের অনুকূল ও প্রাতিকূল বিচার অতি সুন্দরভাবে বিবৃত হইয়াছে। তথা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!

ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ

অষ্টম সংস্করণ

ভিক্ষা ⁄০ আনা।

দেহ ও মনের চেষ্টা অনিত্যবস্তু লইয়া—ইহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন জাতীয় আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাগত হইতে হয়, ইত্যাদি সরস প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। দ্বিতীয় সংস্করণও প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড ⁄০ এক আনা।

প্রেমভক্তিচন্দ্রিকা— ⁄০, নবদ্বীপশতক— ⁄০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ

পঞ্চম সংস্করণ

ভিক্ষা ⁄১০

আমরা অজ্ঞতাবশে নূতন অভাব ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য ও যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিকই কল্যাণের কল্পতরু; ইনি প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদানে [illegible]

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয়-সংবলিত প্রায় ৫২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৷০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সার্ব্বভৌমকোষগ্রন্থ)

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২ চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। বিষ্ণুবৈষ্ণবসম্পর্কিত শ্রীধাম ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও গ্রন্থকারগণের তাৎপর্য্য ও বিবরণ, ৫। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় আকরমূলে ব্যবহার তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ খণ্ড ৸৵০, ২য় খণ্ড ৸৵০, ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড ৷৵০, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ

—১ম খণ্ড ১৲ এক টাকা ২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই ষট্‌সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ ফর্মায় ৬৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমন্মধ্বাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ⁄০ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক সূচী, বিষয়সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে। প্রতি খণ্ড সাধারণ পক্ষে ৷৵০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৷৴০

২। ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৪র্থ সংস্করণ) ৫৲

৩। গৌড়ীয়-গৌরব ৷৵০

৪। গৌড়ীয়-পত্রিকা ৵০

৫। ভজনরহস্য ৷০

৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲

" " " আবাঁধা ৸০

৭। শ্রীউপদেশামৃত ৷০

৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲

আবাঁধা ১৸০

গীতার কেবল মাধ্ব-ভাষ্য ৷০

৯। মুক্তিমঞ্জরিকা ভক্তসন্দর্ভের মাধ্বীয় (মাধ্ব)

১০। বেদান্তরত্নমালার সাত্ত্বত (রামানুজীয়) ৷০

১১। বৈষ্ণবগণ ৲

১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৸৵০

ঐ বাঁধা ৸০

১৫। দীপ-প্রদর্শন ৵০

১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ৷৵০

১৭। গোস্বামী রঘুনাথ দাস আবাঁধা ৷৵০

ঐ ঐ বাঁধা ৷০

১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০

২০। গীতমালা ⁄১০

২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৵০

২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০

২৩। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা-দর্পণ ৷০

২৪। শরণাগতি, গীতাবলী, গীতমালা, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্থপঞ্চক ও সদাচারস্মৃতিঃ মোট ৷৵০

২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও আত্মনিবেদন ৵০

২৬। সাধকসম্পুট আবাঁধা ৷৵০

বাঁধা ৷০

২৭। সিদ্ধান্তদর্পণ ৵০

২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲

২৯। প্রমেয়রত্নাবলী ৷০

৩০। শ্রীমহাপ্রভুর শিক্ষা বাঁধা ১৲

আবাঁধা ৸০

৩১। মণিমঞ্জরী সাত্ত্বত ৷০

৩২। গোবিন্দভাষ্যম্ ৸০

৩৩ শ্রীচৈতন্যভাগবত (বিরাট দ্বিতীয় সংস্করণ) ৫৲

৩৪। সারস্বত শিক্ষাষ্টকম ৵০

৩৫। সটীক শিক্ষাষ্টকম্ ৷০

৩৬। শ্রীচৈতন্য-সরস্বতী বিলাপ ৷০

৩৭। তত্ত্বমুক্তাবলী বা মায়াবাদশতদূষণী ৷০

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈব-প্রাপ্ত একমাত্র মহৌষধ, পনরদিনে 'যক্ষ্মা' বা ক্ষয় কাশ সম্পূর্ণ আরোগ্য হইবে। বহু সহস্র রোগী মৃত্যুমুখ হইতে রক্ষা পাইয়াছেন। (গরীব রোগীদিগকে সমস্ত খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়।) বিস্তারিত জানিবার জন্য এক আনার টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র উকীল পোঃ দৈকাটী, জেলা বাখরগঞ্জ।

নদীয়া জেলায় ও নিম্ন ঠিকানায় অনুসন্ধান করিতে পারেন—

ভাগবত প্রেসের ম্যানেজার শ্রীযুত মহানন্দ ব্রহ্মচারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম, এ, কৃষ্ণনগর পোঃ, জেলা নদীয়া।

একখানি পত্র

.... আনন্দ সহকারে জানাইতেছি যে আমার ভ্রাতুষ্পুত্র কঠিন যক্ষ্মা রোগে আক্রান্ত হইয়াছিল এবং কলিকাতার বহু প্রসিদ্ধ ডাক্তার মহাশয়গণ জীবনের আশা একেবারে ত্যাগ করিয়াছিলেন, কিন্তু বাবু ক্ষিতীশচন্দ্র উকিল মহাশয়ের ঔষধ মাত্র ১৫ দিন ব্যবহার করিয়া সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছে।

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী

জমিদার, বালিয়া ফরিদপুর।

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাঁহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ, বাতুলতা, স্নায়বিক দুর্বলতা, বহুমূত্র, দুঃস্বপ্ন, পাকস্থলীর পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১॥০ টাকা মাত্র।

সোল এজেণ্ট—ডাঃ ডি, ডি, হাজরা।

ফতেপুর, গার্ডেনরিচ পোষ্ট, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পদ্যসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোল্ড অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে টিটাগড়ের কাগজে ছাপা। ভিক্ষা—২॥০ টাকা

৪৪৪ গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

পরমার্থিব্যক্তি মাত্রেরই একান্ত প্রয়োজনীয়

বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত

বাংলার ঘরে ঘরে বিরাজিত চটক

ভিক্ষা ৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্য মঠ, শ্রীধাম-মায়াপুর পোঃ (নদীয়া)

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ. এফ.সি.এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে যত্নপূর্বক ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দূর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।

নিত্য প্রয়োজনীয় সর্বরোগনাশক মহৌষধ

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাসি, সর্দি, যক্ষ্মা, ক্ষয়রোগ, হৃদরোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্বপ্রকার দুর্বলতা নাশক আশ্চর্য পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্বল্য, শুক্রহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপরিসীম আনন্দদায়ক রসায়ন

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত দুরারোগ্য রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অতীব কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ ২ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্বত্র বিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটীর উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটীকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্নায়ু মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটীকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। "মণিতৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাক্‌চিক করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১ টাকা।

—অন্যান্য আবিষ্কৃত—

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান :—আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

এখনও অপূর্ব্ব সুযোগ! পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম, এ প্রাজ্ঞ (লাহোর) মহোদয় কর্তৃক সম্পাদিত

৪৭ খানি অপূর্ব্ব-চিত্র সমন্বিত।

বিশ্বকোষ-সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইং) মরোক্কো বাঁধা ১॥০ ভিপিতে ২৲ দুই টাকা মাত্র

গ্রন্থ প্রকাশ হইবামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে—ডাঃ শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী এম, এস, এফ কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়প্রিন্টিং ওয়ার্কস হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৪৭শ খণ্ড এবং নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৫৷৵০ সাধারণ পক্ষে ২১৷৵০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ৷৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ৷৴০।

সম্পূর্ণ দ্বাদশস্কন্ধের ভিক্ষা ১২৲, অগ্রিম দাতাদের পক্ষে ৮৲।

৮৩২ পৃষ্ঠায় ৭৮ অধ্যায় পর্য্যন্ত ত্রয়োদশ খণ্ড ছাপা হইয়াছে। একাদশ স্কন্ধ ছাপা আরম্ভ হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষার তৃতীয় সংস্করণ ৬৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০৲ টাকার এই বিরাট গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আদিকবি

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪৷০ টাক

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ

ভিক্ষা ৷৵০ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব্ববাঙ্গালার মধ্যে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে পারেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় হরি-কথা জানিবার সুবর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে; বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষা অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রাকৃত	
অক্ষরে ও পদ্যে ছন্দে	
সাধন পথ (শ্রীমন্মহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রাকৃত	।০
অক্ষরে ও পদ্যে ছন্দে	।০
কল্যাণ কল্পতরু প্রাকৃত	৵০
অক্ষরে ও পদ্যে ছন্দে	
গীতাবলী প্রাকৃত	৴১০
অক্ষরে ও পদ্যে ছন্দে	৵১৫
শরণাগতি—প্রাকৃত	৴০
অক্ষরে ও পদ্যে ছন্দে	৵৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্য:—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগৌরগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংশন রোড, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ,—চটকপর্ব্বত, পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিরুলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৪নং বাঙ্গালীটোলা, কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিপাড়া, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
। শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ পি।
১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব
২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—৯০নং নবাবপুর রোড, ঢাকা।
৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।
৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাজোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।
৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—সুন্দরকোণা, চিরকুন্দ পোঃ, মানভূম।
৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,- আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০১ [illegible] রোড, দিল্লী

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—বয়রা [illegible] রোড, খুলনা
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—দেওয়ানগঞ্জ, [illegible] কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামধন রায়—১৭২নং [illegible] লেন, কলিকাতা
৪। মিঃ এন কে মুখার্জ্জি—এম, এ, [illegible], কানপুর
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী জ্যোতির্ভূষণ—স্বরূপগঞ্জ, নদীয়া
৬। শ্রীরাস[illegible] দাস অধিকারী, নবদ্বীপ।
৭ শ্রীবিরাজমোহন দে—মনোমোহন প্রেস, নবাবপুর, ঢাকা
৮। শ্রী[illegible]
৯। শ্রীপঞ্চানন চট্টোপাধ্যায় এ, এম, [illegible]
১০। শ্রীপাদ অতীন্দ্রিয় [illegible]
১১। শ্রীপাদ নরোত্তম ব্রহ্মচারী ঐ

[illegible]

দৈনিক বসুমতী-প্রকাশ

বর্ষায় একমাত্র স্বদেশী

রবারের জুতা

টি, টি, সিলিপার

চটি, ক্রিসিয়াম ও এলবার্ট

চামড়াহীন, মজবুত, সস্তা, নরম, জল-কাদায় বিশেষ উপযোগী—এই স্বদেশী জুতা, বাজে বিদেশী জুতার বদলে কিনিয়া দেশী শিল্পের সহায়তা করুন।

ঠিকানা—টি, টি, সিলিপার এণ্ড কোং, ১নং টাউনসেণ্ড রোড ভবানীপুর, কলিকাতা

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

সারফলিন

টনিক ও সালসা। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার বসে যায়। ফলেন পরিচীয়তে

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন ফলকারী ঔষধ আর নাই। ২।৪ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ খাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং আনিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ বিষের জল খেয়ে শয্যাগত হইয়া পড়ে পরে হয়রাণ হয়েন কেন? সুতরাং ।০ আনার সারফলিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট; এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ৷৵০ আনা, ডজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসার্স্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কলিকাতা।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

যুগল-মূর্ত্তি মার্কা। সর্ব্বত্র পাওয়া যায়

ত্রিগুণ তৈল

আসল ও আদি
শিশি ৸০ আনা, ডজন ৮৲
ভিঃ পিঃ ও রেলওয়ে পার্শেল খরচ স্বতন্ত্র।

যুগল-মূর্ত্তি মার্কা এঃ বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

টেলিগ্রামের নাম ও ঠিকানা — "শ্রীধাম" / নবদ্বীপ

.Registered No. C 1844

বিজ্ঞাপনের হার
প্রত্যবারে ,
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩।০
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

সাহায্যের হার
অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৫

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের অখণ্ড মঙ্গল-প্রয়াসী—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [১৩৯ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—২৮শে শ্রাবণ ১৩৩৭ বুধবার ১৩ই আগষ্ট ১৯৩০

হুলার ঘাট মায়াপুর রাস্তা

মালিকগণের স্বেচ্ছায় জমি প্রদান

বৃত্তিপরীক্ষার ছাত্র পারদর্শন

সর্পাঘাতে মৃত্যু

ওঝা ডাকিবার অবসর কোথায়

জেলাবোর্ডের অধিবেশন

১৯৩০-৩১ সালের ব্যয় নির্দ্ধারণ সম্বন্ধে আলোচনা

ধুবুলিয়া মায়াপুর রাস্তা

স্থানীয় সংবাদ

সর্পাঘাতে মৃত্যু

নবদ্বীপ থানার অন্তর্গত শ্রীনাথপুর গ্রামের কালিপদ বিশ্বাসকে গত সোমবার রাত্র ১২টার সময় শয়নাবস্থায় সর্প দংশন করে। তখনই ওঝা ডাকা হয়। ওঝা আসিয়া পৌছিবামাত্রই তাহার মৃত্যু হয়। ওঝারা বলিল তাহাকে কেউটে সাপে দংশন করিয়াছে। সর্পাঘাতের ১৫।২০ মিনিটের মধ্যেই তাহার মৃত্যু হয়। কালিপদ বিশ্বাস সংপ্রতি বিবাহ করিয়াছিল।

শ্রীধাম মায়াপুরের রাস্তা

পাঠকগণ সকলেই অবগত আছেন যে হুলার ঘাট হইতে শ্রীমায়াপুর পর্য্যন্ত নদীয়া জেলা বোর্ড একটী রাস্তা তৈয়ারী করিবার মন্তব্য করিয়া কার্য্য আরম্ভ করেন শ্রীযুত ধণজিৎপাল চৌধুরী (এম্. এন্. সি) মহাশয় সাধারণের জন্য রাস্তা নির্ম্মাণে বিশেষ বাধা প্রদান করায় জেলা বোর্ড ঐ রাস্তা নির্ম্মাণ জন্য সরকারী সাহায্যে জমি সংগ্রহ করিবার প্রার্থনা করায় সরকার বাহাদুর জমির মালিক দিগকে নোটীশ করিলে পর তাহাদের উক্ত পাল মহাশয় ও রসরা এষ্টেটের জমিদারগণ আপত্তি দেন।

উক্ত আপত্তির সত্যতা সম্বন্ধে স্থানীয় অনুসন্ধান করিবার জন্য কৃষ্ণনগর সদর এস্. ডি, ও, শ্রীযুত তারাপদ গুপ্ত মহাশয় শ্রীধাম মায়াপুর আসেন। তিনি অনুসন্ধানে জানিয়াছেন যে যাহাদের জমির উপর দিয়া রাস্তা যাইতেছে তাহারা কেহই আপত্তি করে নাই, দূরে থাকুক তাহাদের জমি দিয়া না গেলে আর অন্য কোন স্থান দিয়া রাস্তা হইতে পারে না বলিয়া প্রকাশ করিয়াছেন। স্থানীয় সমস্ত প্রজাগণ এই রাস্তার জন্য বিশেষ আগ্রহ প্রকাশ করিতেছেন; এবং আপত্তিকারী জমিদার-[illegible] উচ্চপদস্থ কর্ম্মচারিদিকে ঘটনাস্থলেই বিশেষভাবে অনুরোধ করিয়া বলেন যে তাহারা যেন প্রজাবর্গের অসুবিধা করিয়া রাস্তায় আপত্তি দিয়া কার্য্যারম্ভে বিলম্ব না করেন।

এই রাস্তাটি তৈয়ারী হইতে বিলম্ব হওয়ায় প্রজাবর্গের এবং শ্রীধামমায়াপুরের ঠাকুর দর্শনার্থী যাত্রীগণের বিশেষ অসুবিধা হইতেছে। আমরা এই সম্বন্ধে সরকার বাহাদুর ও জেলাবোর্ডকে বিশেষ করিয়া অনুরোধ করিতেছি যে, হুলারঘাট মায়াপুর রাস্তা যাহাতে অবিলম্বে নির্ম্মিত হয় সে বিষয়ে বিশেষ যত্ন বান।

ধুবুলিয়া মায়াপুর রাস্তা

ধুবুলিয়া রেল ষ্টেসন হইতে মায়াপুর পর্য্যন্ত জেলা বোর্ডের একটী ডিষ্ট্রিক্ট রোড আছে। ঐ রাস্তা ৪॥০ মাইল লম্বা। বর্ত্তমান জেলাবোর্ড ঐ রাস্তা মেরামত করার মাত্র ১০০৲ টাকা দিবেন বলিয়া সাব্যস্ত করিয়াছেন। প্রতি মাইলে ২২৲ হিসাবে মেরামতের জন্য সাব্যস্ত করিয়াছেন। আমরা ক্রমশঃ লোক নিকট হইতে এই সম্বন্ধে অনেক আবেদন পাইয়াছি যে এই রাস্তা সৃষ্টি হইবার পর হইতে আজ পর্য্যন্ত কোনও বড় জেলা বোর্ড করেন নাই। বর্ত্তমানেও এই রাস্তাটিকে অগ্রাহ্য করিয়া আসা হইতেছে। কিন্তু এই রাস্তাটির আবশ্যকতা এত বেশী যে তাহা বক্তব্য নয়। মুর্শিদাবাদ, রাজসাহী প্রভৃতি অঞ্চলের লোক শ্রীধাম মায়াপুর ও কুলিয়া সমেত নবদ্বীপ দর্শনার্থী যাত্রী প্রভৃতি সহস্র সহস্র লোক ধুবুলিয়া ষ্টেশনে নামিয়া এই রাস্তা দিয়া যাতায়াত করে। বর্ষাকালে শ্রীশ্রীঝুলন-যাত্রার সময় এই রাস্তা দিয়া যাতায়াত করা যাত্রীদের যে কত কষ্ট হয় তাহা বলিবার নয়। বিদেশী যাত্রীরা প্রায় সকলেই মাঝে মাঝে এই রাস্তাটির সম্বন্ধে জেলাবোর্ডে তাহাদিগকে অনুরোধ করেন। আমরা যাত্রীদের এত কষ্ট দেখিয়া জেলাবোর্ডকে এই সম্বন্ধে কিছু না বলিয়া থাকিতে পারিলাম না। জেলাবোর্ড কি ৪॥ মাইল রাস্তার মেরামত বাবদ ১০০৲ টাকা দিয়া সুবিচার করিয়াছেন? আমরা উক্ত রাস্তার কর্ত্তৃপক্ষকে অনুরোধ করিতেছি যে তাঁহারা যেন এই রাস্তার প্রতি বিশেষ লক্ষ্য রাখিয়া উহার যাহাতে উন্নতি হয় সে বিষয়ে যত্ন করেন।

বৃত্তিপরীক্ষার ছাত্র পরিদর্শন

নদীয়া জেলার শিক্ষাবিভাগের ইনস্পেক্টার শ্রীযুত রজনীকান্ত মুখোপাধ্যায় মহাশয় গত শনিবার বামনপুকুরমেদাইপাড়া বিদ্যালয়ের বৃত্তিপরীক্ষার্থীর ছাত্র পরীক্ষা করিবার জন্য আসিয়াছিলেন। তিনি শ্রীধাম মায়াপুরের শ্রীচৈতন্যমঠে বসিয়াই ছাত্রদের পরীক্ষা করিয়াছেন পরদিন শ্রীমঠ সম্বন্ধে তিনি অনেক বিষয় জানিয়া বিশেষ সন্তোষ প্রকাশ করিয়াছেন। এবং বিদ্যালয়ের যাহাতে উন্নতি হয় তাহার জন্য তিনি বিশেষ চেষ্টা করিবেন বলিয়াছেন।

জেলা বোর্ডের অধিবেশন

আগামী [illegible] আগষ্ট ১৯৩০ নদীয়া জেলা বোর্ডের সভ্যগণের একটী অধিবেশন হইবে। উক্ত অধিবেশন জেলা বোর্ডের [illegible] সভা গৃহে হইবে। ঐ অধিবেশনে ১৯৩০-৩১ সালের ব্যয় নির্দ্ধারণ সম্বন্ধে আলোচনা হইবে।

র লাড্ডু

অনেক দিন হইতেই দিল্লীর লাড্ডুর কথা শুনিয়া আসিতেছি এবং আরও শুনিয়াছি যে জগতের লোক সেই লাড্ডু আস্বাদন না করিয়া থাকিতে পারে না, যতক্ষণ পর্য্যন্ত সেই লাড্ডু আস্বাদনের সুবিধা না হয়, ততক্ষণ অনেকেই অনুতাপ করেন যে—"আহা! দিল্লীর লাড্ডু এমন বিস্বাদ জিনিষ কিন্তু আমার ভাগ্যে তাহা আস্বাদন করিবার সুযোগ ঘটিতেছে না, ধিক আমার জীবনে ধিক্!" আবার যাঁহারা আস্বাদন করিয়াছেন, তাঁহারা বলেন যে—"[illegible] কি [illegible] ন খাইয়া কি ম [illegible] করে! আমাকে কে [illegible] বলিলে আমি তাঁহার প্রতি [illegible] কৃতজ্ঞ হই, কিন্তু যাঁহারা লাড্ডু সেবন করিয়া ঠকিয়াছেন, তাঁহাদের নিকট লাড্ডুর পরিচয় না পাইয়াই যে লাড্ডু সংগ্রহ করিয়া বিশেষ ভাবে ঠকিতে হইল, ইহা অপেক্ষা মূর্খতা আর কি আছে!"

আশ্চর্য্যের বিষয়

এই দুনিয়ার প্রায় অধিকাংশ লোকই উক্ত লাড্ডু ক্রয় করিয়া ঠকিয়াছেন, কিন্তু তাঁহারাই আবার তাঁহাদের বন্ধুগণকে সেই লাড্ডু আস্বাদন করাইবার জন্য বিশেষ যত্ন করেন, এমন কি কেহ বুদ্ধিমান ব্যক্তির মধ্য [illegible] তাহা আস্বাদন করিতে রাজি না হইলে নানা প্রকার কল কৌশলে তাঁহার সুবুদ্ধি নষ্ট করিয়া লাড্ডু অন্বেষণের প্রবৃত্তি—লাড্ডু আস্বাদন-কামনাটী প্রবল করিয়া দেন। যাঁহারা এরূপে সর্ব্বনাশ করেন, শাস্ত্রে তাঁহাদিগকে স্বজনাখ্য দস্যু বলে।

স্বজনাখ্য দস্যুর অস্ত্র

স্বজনাখ্য দস্যুগণের কতকগুলি বিষাক্ত অস্ত্র আছে যাহা দেখিতে অস্ত্রের মত নহে, সামান্য বলিয়া মনে হয়, তাহা নিক্ষেপ করিবার সুযোগ দিলে হৃদয়ে প্রবিষ্ট হইয়া হৃদয় জর্জ্জরিত করিয়া দেয়, তখন ব্যাকুল হইয়া পড়িতে হয় এবং পরিণামে লাড্ডু-সন্ধানস্পৃহা এত প্রবল হয় যে, শ্রীগুরু বৈষ্ণবের নিকট তাহার ভেষজ-কার্য্যে অণুমাত্র ইহলোক বেদনাকে বিন্দুমাত্রও লজ্জা, ঘৃণা ও ভয় হয় না। তাই বলি, এরূপ ভীষণ অস্ত্রগুলির স্বরূপ জানা থাকিলে তাহা হইতে আত্মরক্ষা করিতে পারা যায়। সেই স্থান এক—স্বজন, তিনকে ভাল করিয়া সাজাইয়া, সুচতুর মনোহারী সাংসারিক বাক্য প্রয়োগ হইলে সাক্ষাতে তাঁর আর অন্তরের মধ্য কর্ত্তব্য দিয়া প্রবেশ করাইয়া দেওয়া, অভাব পক্ষে মুক্তাহারী, চিত্তহারী তাঁহার মধ্যে মধ্যে পত্রিকা প্রেরণ ইত্যাদি।

লাড্ডুর স্বরূপ

সংগ্রহের বন্দোবস্ত করিয়া যে লাড্ডুকে একদিন বিষ্ঠাবৎ ঘৃণা করিয়া চিরতরে পরিত্যাগ করিয়াছিলাম বা যুক্তিত বিষ্ঠাতুল্য লাড্ডু এ জীবনে আর কখনও অন্বেষণ করিব না, হরি-গুরু-বৈষ্ণব-সমীপে এইরূপ দৃঢ়প্রতিজ্ঞ হইয়া কৃষ্ণান্বেষণে কায়মনোবাক্যে ব্রতী হইয়াছিলাম, আজ আমি স্বজনাখ্যদস্যুর তীব্র বিষাক্ত অস্ত্র সাহসে বক্ষে ধারণ করায় পূর্ব্বাবস্থায় অবনতপ্রাপ্ত হইয়াছি—হৃদয়-দৌর্ব্বল্য আসিয়া আমাকে গ্রাস করিয়াছে, তাই এখন আবার 'হা লাড্ডু, হা লাড্ডু' করিয়া ইতস্ততঃ ভ্রমণ করিতেছি। সেই লাড্ডু দুই প্রকার বলা যাইতে পারে। এক প্রকার লাড্ডু শব্দ, স্পর্শ ও রূপবিশিষ্ট এবং গোলাকার। দ্বিতীয় প্রকার লাড্ডুর শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ পাঁচটীই আছে এবং তাহা চর্ম্ম-মাংসময় পুত্তলি।

লাড্ডু সেবকের দুর্গতি

দুনিয়ার লোক দিবারাত্র কায়-মনো-বাক্যে লাড্ডু-কাড্ডুই প্রমত্ত, তাঁহাদের হরি-গুরু-বৈষ্ণব সেবা করিবার ও সৎসঙ্গ লাভের চেষ্টা মোটেই নাই। আমি এখন মনে ভাবিতেছি, তাঁহাদের মত উন্মত্ত না হইয়া অনাসক্তভাবে কখনও যুক্তিতে লাড্ডুর সেবা করিব এবং হরি-গুরু-বৈষ্ণব-সেবাও বজায় রাখিবই; কিন্তু আমি বুঝিতেছি না যে দুঃসঙ্গ-ফলে যে মুহূর্ত্তে আমার হৃদয়ে লাড্ডু-সেবার আবশ্যকতা উদিত হইয়াছে, সেই মুহূর্ত্তেই হরি-গুরু-বৈষ্ণবে যে আসক্তি ছিল, তাহা ছুটিয়া গিয়াছে এবং বাহ্যদর্শনে গুরু-বৈষ্ণবের সমীপে অবস্থান করিবার অভিনয় করিলেও তাঁহাদের পাদপদ্ম হইতে বহু যোজন দূরে আসিয়া পড়িয়াছি। এখন আমি স্বজনাখ্যদস্যুগণের প্রতি এত আসক্ত হইয়া পড়িয়াছি যে, তাঁহারাই আমার এখন আরাধ্য বস্তু হইয়াছেন, তাই আজ তাঁহাদের কপটতাপূর্ণ মলিন মুখ ও চক্ষের জল (যাহা অন্যেশ্বরীর দুঃখে জল দেখাইতেছেন) দেখিয়া আমার প্রাণ ব্যাকুল হইয়াছে, কিন্তু শ্রীগুরুদেব ও আচার্য্যবর্গ আমার দুঃখে দুঃখিত হইয়া যে অবিশ্রান্ত অশ্রু বিসর্জ্জন করিতেছেন, তাহা দেখিয়া বা বৈষ্ণবের মুখে শুনিয়াও আমার মন-পাষাণ বিন্দুমাত্রও গলে না। এখন দেখা গেল, আমার অনাসক্তভাবে লাড্ডুসেবার যোগ্যতা কতটুকু!

অন্তর্য্যামীর বিচার

যদি এখন শ্রীগুরুপাদপদ্মে বিন্দুমাত্রও আমার আসক্তি থাকিত, তাহা হইলে ঐ পাদপদ্ম যে অশোক, অভয় ও অমৃত সে কথা বিস্মৃত হইয়া বিষ্ঠাতুল্য অনিত্য বস্তুতে অন্বেষণ বুদ্ধির উদয় হইত না, স্বজনাখ্য-দস্যুগণের সাংসারিক অভাব অভিযোগ দেখিয়া বা শুনিয়া (আমার সর্ব্বনাশ সাধনের জন্য যাহা অতিরঞ্জিত করিয়া বলেন) লোভে অভিভূত হইয়া পড়িতাম না, সেবক সত্য বা অসত্য কথা শুনিয়াও নিশ্চিন্ত মনে বিপুল উৎসাহের সহিত কায়-মনো-বাক্যে হরি-গুরু-বৈষ্ণবসেবাতেই নিযুক্ত থাকিতাম, কারণ "স্বকর্ম্মফলভুক্ পুমান্" ও "তত্তেহনুকম্পাং" শ্লোকের উপলব্ধি থাকায় বুঝিতাম যে, "স্ব স্ব কর্ম্মফলে কিছুদিনের জন্য তাঁহাদের প্রকার অবস্থা হইয়াছে, তাঁহারা কৃষ্ণবিমুখ জীব তখন তাহা তাঁহারা ভোগ করিতে বাধ্য, হরিভজন ছাড়িয়া আমি দূরের কথা কোন দেবতাও ভগবান্ নিকটে তাঁহাদের তাৎকালিক বিন্দুমাত্রও নিবারণ করিতে পারিবে কেন না তাঁহাদের ও বাহ্য মন্দ ভোগময় বিচারে উহা দুঃখের মত হইলেও উহার শ্রীভগবানের অনুকম্পা। অমঙ্গলময় বস্তু—এই বস্তু আমার না হইলেও তো বাহ্যই তাঁহাদের বিমুখতা দূর হইবে। ব্রহ্মাণ্ডে অনন্ত জীব আপন আপন কর্ম্মদোষে ইহা অপেক্ষাও শতগুণে অধিক দুঃখ পাইতেছে, তাহাদের দুঃখ দেখিয়া ত আমার প্রাণ কাঁদে নাই। তবে কয়েকটী মাংসপিণ্ডের অবস্থাবিপর্য্যয় দেখিয়া সেই দুঃখ অপনোদনের জন্য প্রয়াস করিয়া মায়ামোহে আবদ্ধ হই কেন? বিশ্বম্ভর ব্রহ্মাণ্ডের সকল জীব ভরণ পোষণ করেন, সুতরাং তাঁহারে নিশ্চয়ই করিবেন এই বিচার ছাড়িয়া অহঙ্কার-বিমূঢ় হইয়া নিজেকে পালক রক্ষক অভিমান করিয়া চঞ্চল হইব কেন? ইতিনিশ্চয় বৈষ্ণব-সেবায় আমার উৎসাহ ও দৃঢ়তা কতটুকু! ভঙ্গসঙ্গ-বর্জ্জন-বিষয়ে আমার দৃঢ় কতটুকু! শরণাগতির ও তুমি যাহা কীর্ত্তন কার—অর্থাৎ "মারবি রাখবি যো ইচ্ছা তোহারা। নিত্য প্রতি তুয়া অধিকার", "তোমার দাস মোর ইচ্ছা দিয়াছ", "পুত্র ইষ্ট ভুলিনু সকল, সেবা-সুখ পেয়ে মো আমি ত তোমার, 'তুমি ত' আমার, কাজ অপর ধনে", "বিচ্ছিন্ন হইয়া আমি সেদিন তোমার, দুঃখে কাল মন্দ হলে, না মোর দায়", "নিজ কর্ম্ম চেষ্টা প্রতি ছাড়িয়া। তোমার উদ্ধার আছি করিয়া।", "তুয়া ভক্তি-প্রতিকূল যাতে হয়। পরম যতনে তাহা ত্যাগ নিশ্চয়। তুয়া ভক্ত-বহির্মুখ-সঙ্গ করিব। গৌরাঙ্গ-বিরোধিজন-মুখ দেখিব। ভক্তিবহির্মুখ নিকটে না পরশ"—প্রভৃতি এই সব উপদেশ নিজের জীবনে প্রতিফলিত করিতে পারি যায় কিনা তাহা পরীক্ষার সময় উপস্থিত হইয়াছে, সুতরাং একেত্রে আমার সোজা পা চালিয়া দিলে চলিবে না, পরীক্ষায় উত্তীর্ণ হইতেই হইবে। (ক্রমশঃ

বেদশাস্ত্রীয়

মদন মঞ্জরী

বটিকায় ধ্বজ ও বায়ুবিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, প্রস্রাবে শুক্রপাত, স্বপ্নদোষ, মাথাঘোরা, বুক ধড়-ফড়ানি, অনিদ্রা প্রভৃতি সকল রকম বিকার আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ১০ বটি ১, এক টাকা।

"অপূর্ব্ব সর্ব্বাঙ্গ স্বস্তি ঘৃত"

পুরুষত্বের নিরোগ বর্দ্ধক ও মা আহার্য্য করিয়া গাত্রশক্তি বর্দ্ধন করে। মূল্য ২ তোলা ১ টাকা।

"স্বর্ণঘটিত মহাশিবা বটিকা"

বীর্য্যধারণ করত সর্ব্বোপকারী যাবী ও দুগ্ধ বর্দ্ধক। মূল্য ১৬ বটী ১, এক টাকা।

রাজবৈদ্য নারায়ণজী, কেশবজী

১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের লোক প্রিয় বাদাম তৈল

আদি ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্ব্বজন পরিচিত ও বহু প্রশংসিত

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জুয়াচোরগণ নকলের দ্বারা তৈল দিয়া প্রতারণা করিবে।

স্বত্বাধিকারী—জে, বি, দত্ত

কেরাস কুইনিন

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আর্সেনিক, বাইক্লোরাইড কুইনাইন, আয়রন এবং ইউরিসিন আছে।

এই কেরাস-কুইনিন যাহা ইন্জেকসন করিলে একটী বা দুইটী ইন্জেকসনেই সকলপ্রকার জ্বর শরীরের রক্ত বৃদ্ধি করে এবং দুই হইতে বারটী ইন্জেকসনে ম্যালেরিয়ার বীজ উপদ্রব নষ্ট করিয়া ৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২।, ডাঃ ২ টাকা।

বাইও-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরিজ

২৯১ অপার সার্কুলার রোড, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর · ২৮শে শ্রাবণ বুধবার—১৩৩৭

(১)

অজ্ঞব্যক্তিগণ ভগবানের দর্শন পাইয়া চিনিতে না পারায় অবজ্ঞা করে ও ফলে পুনঃ পুনঃ অসুরকুলে জন্মে

(২)

শুদ্ধ অভিমানের আরোপপূর্ব্বক ভগবদ্ভজন কর্ত্তব্য

(৩)

প্রবৃত্তি যখন সম্পূর্ণ ভগবদুন্মুখী হয় তখনই গৃহত্যাগে অধিকার জন্মে

(৪)

রোহিণী-নন্দন বলদেবই কলিযুগপাবনাবতার জগদ্গুরু শ্রীনিত্যানন্দ

(৫)

মায়কান্তাকে প্রেমপ্রদানপূর্ব্বক তাহার মন এবং সব অমঙ্গল হরণ করাই হরিনামের মুখ্যতম অর্থ

(৬)

সারগ্রাহিতা

অজ্ঞব্যক্তির দুর্ভাগ্য

শ্রীমদ্ভগবদ্গীতার ৯ম অধ্যায়ে ১১ শ্লোকে ও ১৬শ অধ্যায়ের ১৯ শ্লোকে শ্রীঅর্জ্জুন-প্রতি শ্রীশ্রীকৃষ্ণের উক্তি যথা,—

"অবজানন্তি মাং মূঢ়া মানুষীং
তনুমাশ্রিতম্।
পরং ভাবমজানন্তো মম ভূত-মহেশ্বরম্॥
তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু
নরাধমান্।
ক্ষিপাম্যজস্রমশুভানাসুরীষ্বেব যোনিষু॥"

অর্থাৎ মনুষ্য আকারধারী আমার (শ্রীকৃষ্ণের) নিত্য চিন্ময়দেহকে মৃত্যুলোক-সমূহে বদ্ধজীবের নশ্বর অস্থি-মাংসময় জড় দেহের তুল্যাকারের বস্তু বোধ করিয়া অবজ্ঞা করে; কেননা, তাহারা সর্ব্বভূত-মহেশ্বর-স্বরূপ শ্রীকৃষ্ণমূর্ত্তির সর্ব্বোত্তম চিন্ময় স্বভাবকে জানে না। আমার (শ্রীকৃষ্ণের) শ্রীমূর্ত্তিবিদ্বেষী ক্রূর নরাধমদিগকে এই সংসারে আসুরী-যোনি প্রভৃতি যোনিতে আমি (শ্রীকৃষ্ণ) মুহুর্মুহুঃ ক্ষেপণ করি।

বদ্ধজীবের আত্মা নিত্য ও চিন্ময় বস্তু। চিন্ময় জীবাত্মার স্বরূপে স্বতন্ত্রতা-রূপ একটী ধর্ম্ম আছে, যাহার অপব্যবহারফলে জীব মায়ার অধীন হইয়া পড়ে ও মায়া-কল্পিত বাহ্যদেহে আবৃত হইয়া ধরাতলে পুনঃ পুনঃ উচ্চ-নীচ-যোনিতে উপনীত হয়। মায়ারচিত বাহ্যদেহের নশ্বরতা ও জীবের আত্মস্বরূপের নিত্যতাহেতু উভয়ের মধ্যে আকাশ পাতাল ভেদ বর্ত্তমান। সুতরাং বদ্ধজীবের পক্ষে দেহ দেহী-গত ভেদ অবশ্যম্ভাবী।

ভগবান্ শ্রীকৃষ্ণ জীবের ন্যায় অণু-চেতনগুণ-বিশিষ্ট চিন্ময় বস্তু নহেন। তিনি পূর্ণ চেতনগুণ-বিশিষ্ট চিন্ময়পুরুষ। মায়াশক্তির তিনি অধীশ্বর। সুতরাং মায়া তাঁহাকে স্পর্শ করিতেও অক্ষম এবং এইজন্য জীবোদ্ধারকল্পে ধরাধামে অবতীর্ণ হইবার কালে তাঁহাকে মায়ার অধীন হইয়া নশ্বর বাহ্যদেহ ধারণ করিয়া উপনীত হইতে হয় না। যেহেতু নশ্বর বাহ্যদেহ লইয়া পৃথিবীতে আসিতে হয় না, তন্নিমিত্ত শ্রীকৃষ্ণের পক্ষে দেহ-দেহিগত-ভেদ সম্ভবপর নহে। তাঁহার নাম, রূপ, গুণ ও লীলা প্রত্যেকেই নিত্য ও চিন্ময়। সুতরাং তাঁহারা পৃথক্ হইয়াও অপৃথক্। সুবর্ণের মাত্রা, মূর্ত্তিকায় বস্তুগত ভেদ স্বীকৃত হইলেও সুবর্ণপিণ্ড এবং তন্নির্ম্মিত বলয়, কুণ্ডল ও কণ্ঠভূষণাদির মধ্যে পরস্পর আকার গত ভেদ সত্ত্বে তাহারা যেমন সুবর্ণ ব্যতীত পদার্থান্তর বলিয়া বিবেচিত হয় না, ভগবান্ শ্রীকৃষ্ণে চিন্ময় নাম, রূপ, গুণ ও লীলার মধ্যে সেইরূপ পরস্পর আকার-গত ভেদ সত্ত্বেও বস্তু-তত্ত্ব-গত ভেদের অবস্থান স্বীকৃত হয় না।

যে সকল মনুষ্য-সমাজ জ্ঞানের উপর নির্ভর করিয়া দর্শন করে, তাহারা কখনও শ্রীকৃষ্ণের সর্ব্বোত্তম চিন্ময়মূর্ত্তিকে চিনিতে পারিবে না। অজ্ঞজ্ঞান-প্রভাবে সেই সকল ব্যক্তি শ্রীকৃষ্ণমূর্ত্তিকে সাধারণ বদ্ধজীবের নশ্বর বাহ্যদেহের তুল্য-জাতীয়-রূপে দর্শন করিতে বাধ্য। নিত্য ভুবন-মোহনমূর্ত্তিকে সামান্য মূর্ত্তিরূপে যাহারা বুঝে, তাহারা মহদপরাধ অর্জ্জন করিয়া থাকে এবং সেই অপরাধে তাহাদিগকে পুনঃ পুনঃ ভগবদ্বিদ্বেষকারী অসুর-দেহ ধারণ করিতে ও নিদারুণ ত্রিতাপজ্বালা সহ্য করিতে হয়।

শ্রীআচার্য্যরূপী ভগবান্ বা ভগবৎ-প্রেরিত বৈকুণ্ঠপুরুষগণের কথায় বিশ্বাসকারী ব্যক্তিগণ শ্রৌতপন্থার পথিক। তাঁহারা শ্রীআচার্য্যরূপী ভগবান্ বা তদীয় বৈকুণ্ঠ-পুরুষগণের কৃপায় অজ্ঞজ্ঞানের অসারতা বুঝিয়া তাঁহাদের শরণাপন্ন হন এবং সম্পূর্ণরূপে তাঁহাদিগের বাক্যে বিশ্বাস স্থাপন করতঃ ভগবান্ বা তদীয় প্রিয় বৈকুণ্ঠ পুরুষগণের শুদ্ধ চিন্ময় স্বরূপ ও সেই স্বরূপের ভুবনমোহন অপরূপ দেহকে দেখিতে দেখিতে পরমানন্দসাগরে চিরতরে নিমগ্ন হইবার সুযোগ লাভ করেন। তাই মহাজনগণ বলিয়াছেন, "বিশ্বাসে মিলায় বস্তু, তর্কে বহু দূর"।

ভগবান্ যখন ধরাতলে অবতীর্ণ হন, তখন তিনি সরল-বুদ্ধি ব্যক্তিদিগকে কৃপা করেন, যাহার ফলে তাঁহারা শ্রৌতপন্থা স্বীকার করিতে সমর্থ হন। কপট-স্বভাব ব্যক্তিগণ ভগবান্ কর্ত্তৃক বঞ্চিত হইয়া তর্কপন্থা গ্রহণ করিতে বাধ্য হয়। একটু স্থির-চিত্তে চিন্তা করিলেই বুঝা যায় যে, কেন কংস শ্রীকৃষ্ণকে জীবন সংহারক বুঝিয়াছিলেন এবং বিদুর মহারাজ তাঁহাকে পরমারাধ্য বস্তু বলিয়া বুঝিতে পারিয়াছিলেন। কপটীগণ যদি মনে করেন যে, তাঁহাদিগের বুদ্ধির তীক্ষ্ণতাবশতঃই তাঁহারা মানবদেহ-ধারী শ্রীকৃষ্ণকে পরমেশ্বর বলিয়া স্বীকার করেন না, তাহা হইলে বুঝিতে হইবে যে, স্বয়ং ভগবান্ তাঁহাদিগকে বঞ্চনা করিয়াছেন এবং তন্নিমিত্ত তাঁহারা ঐরূপ বিপরীত ভাবাপন্ন হইয়াছেন।

সূক্ষ্ম বস্তু যখন ঘনীভূত আকার ধারণ করে, তখনই দৃষ্টিগোচর হয়। যে বস্তু দৃষ্টিগোচর না হয়, তাহা [illegible] অধিক পরিমাণে থাকিতে পারে না। একটী স্ত্রী পুরুষের মধ্যে [illegible] পরিস্ফুট করিবার জন্য কবিগণ বলিয়াছেন যে, প্রিয়তমা স্ত্রীর অনুপস্থিতিকালে তাহার দেহের সূক্ষ্ম প্রতিকৃতি মানসচক্ষে দেখিতে পাওয়া যায়। স্ত্রীর বিরহ-বেদনায় উৎকণ্ঠা-কারী পতি কি ঐ মানস-দেহে দুই স্ত্রীর সূক্ষ্ম প্রতিকৃতি অপেক্ষা স্থূল দেহ [illegible] চর্ম্মচক্ষে দেখিলে নিশ্চয়ই কোটীগুণ অধিক আনন্দ লাভ করেন না? এই রূপ [illegible] রাজ্যে যাহা সত্য, অপ্রাকৃত রাজ্যে তাহার কোটীগুণ অধিক সম্ভাবনা আছে। ভগবৎ-সেবাকামী ব্যক্তিদিগকে কোটীগুণ অধিক আনন্দ আস্বাদন করাইবার জন্যই ভগবান্ ভক্তদিগের নিকট নিজরূপ প্রকট করেন। ভক্তগণ যত অধিক পরিস্ফুটভাবে ভগবদ্রূপ দর্শনে সমর্থ হন, ততই অধিক পরিমাণে তাঁহারা ভগবৎসেবায় উৎসাহ লাভ করেন। হে কপটীগণ, আপনারা কৃপা পূর্ব্বক কপট ভাবকে চিরতরে বর্জ্জন করুন এবং ভগবান্ ও ভক্তদিগকে চিনিয়া জীবনকে ধন্য করুন। বৃথা কাল হরণ করা মানবদেহ-ধারীর কখনও কর্ত্তব্য নহে।

শুদ্ধ অভিমানের আরোপ পূর্ব্বক ভগবদ্ভজন কর্ত্তব্য

ভগবান্ শ্রীকৃষ্ণ একমাত্র সেব্যতত্ত্ব, জীবসমূহ তাঁহার সেবক-জাতীয়; ভগবৎ-ভাব সহিত সেবা-কার্য্য নিষ্পন্ন করিতে হইলে সেবাকার্য্যের বিভাগ ও এক এক বিভাগে কতকগুলি সেবককে পৃথক্ পৃথক্ কার্য্যে নিযুক্ত করা নিতান্ত প্রয়োজন। তাই সর্ব্বেশ্বর শ্রীকৃষ্ণ প্রত্যেক জীবকে কোন না কোন শ্রেণীভুক্ত করিয়া তাহাদিগের উপর কোন কোন নির্দ্দিষ্ট কার্য্যের ভার ন্যস্ত করিয়াছেন। যে জীবের উপর যে কার্য্যের ভার অর্পিত হইয়াছে, তাহার স্বরূপ তদনুযায়ী। ইহাই স্বরূপে জীবের শুদ্ধ অভিমান গত।

[illegible] নির্দ্দিষ্ট ব্যক্তি-সকল হন। অজ্ঞানান্ধকারে তাহারা [illegible] শুদ্ধ অভিমান গত স্বরূপের পরিচয় [illegible] এবং বস্তুতঃ সর্ব্বদুঃখ [illegible] শুদ্ধ-অভিমান-গত [illegible] উপর কোন না কোন [illegible] অভিমানের আরোপ করতঃ [illegible] কখন [illegible] কখন [illegible] মনে করিয়া থাকে [illegible] [illegible] আনন্দ [illegible] সেবা ও ভজন [illegible] করিবার জন্য [illegible] হয়।

[illegible] এবং তাঁহাদিগের [illegible] শ্রেণীভুক্ত [illegible] আবশ্যক [illegible] যদি কোন [illegible] শ্রেণীর অন্তর্গত [illegible] ও তাঁহার শ্রীগুরু-নির্দ্দিষ্ট শ্রেণী [illegible] সুমর্থ হন, তাঁহা

হইলে সেই ব্যক্তি নিজ অপ্রাকৃত-গত জড়-স্বভাবের কথঞ্চিৎ পরিচয় পাইয়া মনোমধ্যে তাঁহাকে আরোপ করতঃ আরোপিত ভগবানে অভিমানে কৃষ্ণান্বেষণে নিযুক্ত হইতে পারিলেন। পরে যখন আনন্দক স্বভাব সম্পূর্ণরূপে জড়ত্ব হইতে সরিয়া যাইবে, সেকালে তিনি নিজ অন্তঃ-স্বাতন্ত্র্য-অপ্রাকৃত-ভগবানের পথ দেখিয়া অবগত হইবেন এবং সেই পথ বিকশিত-স্বভাবের নাম পর্যায়ের রূপ-গুণাদি লীলা প্রাপ্তির আগ্রহাতে করিবেন। শ্রীচৈতন্য-চরিতামৃতের মধ্য ৫ম অধ্যায়ে এইরূপ উক্ত হইয়াছে, যথা—"সেবাবুদ্ধি আরোপিয়া করেন সেবন॥ স্বাভাবিক দাসীভাব করে আরোপণ॥"

গৃহত্যাগে অধিকার কখন জন্মে?

(পণ্ডিত শ্রীপাদ মাধবদাস দাসাধিকারী)

মানবের প্রবৃত্তি দ্বিবিধ, যথা:—বহির্মুখ প্রবৃত্তি ও অন্তর্মুখ প্রবৃত্তি। বৈদিক ভাষায় ইহাদিগকে পরাক ও প্রত্যক বৃত্তি বলে। জড় চিন্ময় আত্মা নিজস্বরূপ বিস্মৃত হইয়া নিজদেহে মনকে আত্মা বলিয়া অভিমান করেন এবং ইন্দ্রিয়-দ্বারে জড় বিষয়াদি ভোগে প্রমত্ত হন। ইহার নাম বহির্মুখ প্রবৃত্তি। জড় বিষয় হইতে মনে এবং মন হইতে আত্মার প্রতি যখন প্রবৃত্তিস্রোত পুনরায় বহিতে থাকে, তখন প্রবৃত্তি অন্তর্মুখ হয়। যে পর্যন্ত বহির্মুখ প্রবৃত্তি প্রবল, সে পর্যন্ত সাধুসঙ্গে কৃষ্ণ-সংসারের সমস্ত প্রবৃত্তি নিয়মাধীনের সহিত চালনা করা প্রয়োজন। শ্রীকৃষ্ণভক্তির আশ্রয়ে সেই প্রবৃত্তি অতি অল্পকালের মধ্যে সঙ্কুচিত হইয়া অন্তর্মুখ হইয়া যায়। প্রবৃত্তি যখন সম্পূর্ণরূপে অন্তর্মুখী হয়, তখনই গৃহত্যাগে অধিকার জন্মে। তৎপূর্বে গৃহত্যাগ করিলে পুনরায় পতন হইবার বিশেষ আশঙ্কা। গৃহস্থ অনধিকারী জীবের আত্মতত্ত্ব উদয় করিবার ও শিক্ষা করিবার চতুষ্পাঠী বিশেষ। শিক্ষা সমাপ্ত হইলে চতুষ্পাঠী ত্যাগ করিতে পারে।

—(জৈবধর্ম ৭ম অধ্যায় দ্রষ্টব্য)

আজকাল জগতে স্বসমালোচনা একেবারে নাই বলিলেই হয়। এতদ্ধেতু 'গাছে না উঠিতেই এক কাঁদি' জগতে বহু উৎপাতের সৃজন করিয়াছে। এই সকল সহজিয়াগণের সঙ্গ হইতে দূরে অতিদূরে প্রকৃত সাধুসঙ্গে তত্ত্বজ্ঞান লাভ করিতে হয়, এবং অনাসক্তভাবে সংসারে অবস্থানকরতঃ প্রবৃত্তি সম্পূর্ণরূপে অন্তর্মুখী হইলে গৃহত্যাগে অধিকার জন্মে।

বলরাম হইল নিতাই

(পণ্ডিত শ্রীপাদ রাধাচরণ গোস্বামী, ভক্তিভূষণ, ভক্তিশাস্ত্রী)

"বন্দেহনন্তাদ্ভুতৈশ্বর্য্যং শ্রীনিত্যানন্দ-
মীশ্বরম্
যস্যেচ্ছয়া তৎস্বরূপমজ্ঞেনাপি নিরূপ্যতে॥

অনন্ত অদ্ভুত ঐশ্বর্যবিশিষ্ট ঈশ্বর নিত্যানন্দকে বন্দনা করি, মূর্খ লোকেও তাঁহার ইচ্ছায় তাঁহার স্বরূপ নিরূপণ করিতে সমর্থ।

নিত্যানন্দ-কৃপাবলে নিত্যানন্দ-স্বরূপ-জ্ঞান লাভ হয়। সঙ্কর্ষণ ও কারণ-গর্ভ-ক্ষীরোদশায়িগণ এবং শেষের অংশী নিত্যানন্দ বা বলদেব। দ্বাপরে শ্রীকৃষ্ণাগ্রজ রূপে রোহিণী নন্দ-নন্দন। কলিতে একচাকা-পদ্মাবতী-তনয়রূপে শ্রীনিত্যানন্দ। এই নিত্যানন্দ পাতকপাবন ও জগদ্গুরুরূপে বিশ্ববাসীকে ঔদার্যলীলাময় বিপ্রলম্ভ-বিগ্রহ শ্রীশচীনন্দন গৌরসুন্দরকে জানাইয়া দান করিলেন। ইনি, "পাষণ্ড-দলনবানা নিত্যানন্দ রায়।" "অভিমান-শূন্য নিতাই নগরে বেড়ায়।" জীবোদ্ধার-কার্য-সাধনার্থে তাঁহার ভ্রমণ। নিতাইর কৃপা-কটাক্ষে জগজ্জীব আকৃষ্ট। তাঁহার প্রেম-বন্যা কি প্রকারে প্রবল হইয়াছিল, তাহার প্রমাণ আমরা ভক্ত ও পার্ষদগণের বর্ণনায় জানিতে পাই,—

নিতাই,
ব্রজেন্দ্র-নন্দনে যায়, সকলে মিঠে চায়,
পদতলে মতি হল মন।
মত্তসিংহ-গতি জিনি, কম্পমান মেদিনী,
পার্ষদগণ শুনিয়া বিকল॥
আমার অপূর্ব করুণার সিন্ধু।

(গৌর)
প্রেমে গর গর মন, করে হরিসংকীর্তন,
পতিতপাবন দীনবন্ধু॥
হুঙ্কার করিয়া চলে, অচল সচল নড়ে,
প্রেমে ভাসে অমর-সমাজে।
সহচরগণ-সঙ্গে, বিবিধ খেলন-রঙ্গে
অলখিতে করে সব কাজে॥
শেষশায়ী সঙ্কর্ষণ, অবতারী নারায়ণ,
যাঁর অংশ কলায় গণন।
কৃপাসিন্ধু ভক্তিদাতা, জগতের হিতকর্তা,
সেই রাম রোহিণী-নন্দন॥
যাঁর লীলা লাবণ্যধাম, আগম নিগমে গান,
যাঁর রূপ মদনমোহন।
এবে অকিঞ্চন বেশে, ফিরে ঘরে দেশে দেশে,
উদ্ধার করয়ে ত্রিভুবন॥
ব্রজের বৈদগধি সার, যত যত লীলা আর,
পাইবারে যদি থাকে মন।
বলরাম দাসে কয়, মনোরথ সিদ্ধ হয়,
ভজ ভজ শ্রীপাদ চরণ॥ ১॥

অপর,—
ব্রজেন্দ্র-নন্দন যেই, শচীসুত হৈল সেই,
বলরাম হইল নিতাই।
দীন হীন যত ছিল, হরিনামে উদ্ধারিল,
তার সাক্ষী জগাই মাধাই॥ ২॥

যেরূপ শ্রীগৌরতত্ত্ব ও শ্রীনিত্যানন্দতত্ত্ব শ্রীনিত্যানন্দের কৃপা হইলে পাওয়া যায়, তদ্রূপ শ্রীনিত্যানন্দাভিন্ন বিগ্রহ শ্রীগুরুদেবের কৃপা ভিন্ন শ্রীগুরুতত্ত্ব, শ্রীনিত্যানন্দতত্ত্ব ও শ্রীগৌরতত্ত্ব (একতত্ত্বই অদ্বয়তত্ত্ব) অবগত হওয়া যায় না। সুতরাং সর্বাগ্রে শ্রীগুরুপাদপদ্মাশ্রয়ই কর্তব্য। তাঁহার কৃপা হইলেই জানা যায় "বলরাম হইল নিতাই"।

হরিশব্দের মুখ্যতম অর্থ

শ্রীচৈতন্যচরিতামৃতের মধ্য ২৪শ অধ্যায়ে 'হরিশব্দের অর্থ বর্ণনমুখে উক্ত হইয়াছে যথা'

হরিশব্দের নানার্থ দুই মুখ্যতম।
সর্ব অমঙ্গল হরে প্রেম দিয়া হরে মন॥
যৈছে তৈছে যোহি কোহি করয়ে স্মরণ।
চারিবিধ তাপ তার করে সংহরণ॥
তবে করে ভক্তিবাধক-কর্ম অবিদ্যা নাশ।
শ্রবণাদ্যের ফল প্রেমা করয়ে প্রকাশ॥
চারি পুরুষার্থ ছাড়ায় হরে সবার মন।
হরিশব্দের এত মুখ্য করিল লক্ষণ॥

যদি কেহ সরলভাবে হরিভজনে প্রবৃত্ত হন ও যেমন তেমন করিয়া শ্রীহরির স্মরণ করিতে থাকেন, তাহা হইলে তিনি শ্রীহরির কৃপায় অচিরে সদ্গুরুর চরণ আশ্রয় করিবার ও শুদ্ধভাবে হরিভজনের সুযোগ পাইবেন। শুদ্ধভাবে হরিভজনশীল ব্যক্তিই শ্রীহরির কৃপাবলে অমঙ্গল নাশে ও ভগবৎপ্রেমলাভে সমর্থ হন। যে ব্যক্তি কপটভাবে হরিভজনের চেষ্টা করেন, তিনি কোন কালেই নিষ্কপটে সদ্গুরুর চরণ লাভে সমর্থ হন না এবং তদ্ধেতু অমঙ্গলনাশের ও ভগবৎপ্রেম লাভের সুযোগ পান না। কপট ভক্তগণ অন্যাভিলাষযুক্ত, পাছে অন্যাভিলাষ-তৃপ্তির ব্যাঘাত হয় তজ্জন্য তাহারা সদ্গুরুর সন্ধান পাইয়াও তাঁহার চরণ আশ্রয় করেন না এবং যদি সেই সদ্গুরুর প্রচার ফলে তাহাদিগের অন্যাভিলাষ-পূর্তির ব্যাঘাত হয় তাহা হইলে তাহারা সদ্গুরুদেব ও তদীয় আশ্রিত-জনগণের বিরুদ্ধাচরণ করিতে বদ্ধপরিকর হন।

জীবমাত্রই শ্রীহরির দাস এবং হরিভজনের দ্বারা যে বিমল নিত্যানন্দ লাভ করা যায় তাহাই মানবগণের জীবনের চরম প্রাপ্য বিষয়। ইতরবস্তুর ভজনে ক্ষণিক আনন্দ ও মহৎদুঃখ উপস্থিত হয়। সুতরাং হরিদাসগণের ইতরবস্তুর ভজনে কদাচ আসক্ত হওয়া উচিত নহে। যাহারা এই তত্ত্ব অবগত হওয়ার পরও হরিভজনে রুচিসম্পন্ন হন না, তাহারা শ্রীহরির সেবাত্যাগী। শ্রীহরির সেবা-ত্যাগকারিগণ প্রকৃতপক্ষে শ্রীহরির অমর্যাদা করেন, সুতরাং তাহারা শ্রীহরির বিরুদ্ধাচারণপটু শত্রু। শ্রীহরির মায়ানাম্নী শক্তি তাহাদিগকে দণ্ড দিয়া থাকেন। জীবিতকালে তাহারা মায়াশক্তি কর্তৃক পদে পদে লাঞ্ছিত হন ও জীবিতোত্তরকালে তাহারা মহারৌরব নামক ভীষণ নরকে যাইয়া নিদারুণ যন্ত্রণা ভোগ করিয়া থাকেন। কপটীগণের জীবদ্দশার লাঞ্ছনার কথা এবং জীবিতোত্তরকালের নিদারুণ যন্ত্রণার কথা শুনিলে শরীর কণ্টকিত হয়। সুতরাং বুদ্ধিমান্ গণের উচিত কপটতা-পরিহারের জন্য বিশেষভাবে যত্নশীল হওয়া যদি তাহারা প্রাণপণে কপটতা ত্যাগের জন্য যত্ন করেন ও ভক্তবিদ্বেষগণের আশাকে মনোমধ্য হইতে তাড়াইয়া সদ্গুরু চরণাশ্রয় করেন, তবেই তাহারা শ্রীহরির কৃপায় অমঙ্গলনাশে ও ভগবৎপ্রেম লাভে সমর্থ হইয়া মানব-জীবনকে মধুময় করিতে পারিবেন, নচেৎ নহে।

সারগ্রাহিতা

মধুকর যেমন কুসুম হইতে সার গ্রহণ করে, পণ্ডিতগণও সেই প্রকার সকল বিষয় হইতে সার গ্রহণ করেন। পুরুষগণের পুরুষার্থ সিদ্ধির জন্য তত্ত্বদর্শী মুনিগণ শাস্ত্র হইতে নানাবিধ উপায় নির্ণয় প্রয়োগ করিয়া থাকেন। অর্বাচীন ব্যক্তিও যদি শ্রদ্ধান্বিত হইয়া পূর্বতন মুনিগণের প্রদর্শিত উপায় সম্যগ্রূপে অনুষ্ঠান করে, তাহা হইলে সে ব্যক্তিও অনায়াসে পুরুষার্থ লাভ করিতে সমর্থ হয়। বিদ্বান্ ব্যক্তি যদি শাস্ত্র বিহিত উপায় অনাদর করিয়া স্বতন্ত্র ইচ্ছানুসারী কল্পিত অর্থসমূহ অনুষ্ঠান করেন, তাহা হইলে তাঁহার সেই সমস্ত কার্য সিদ্ধ হয় না। যতবার আরম্ভ করেন ততবার নিষ্ফল হয়।

শাস্ত্রসমূহের সূক্ষ্মবিচারে জীবের কল্যাণ লাভের উপায় স্থিরীকৃত হইয়াছে। বিষয়-চিন্তারত ব্যক্তিগণের চিত্ত বিষয়াকর্ষণ-প্রভাবে বিষয়ে আসক্ত হইয়া থাকে। বিচার-সামর্থ্যরূপ বুদ্ধিবৃত্তি অপহৃত হইলে স্মৃতিশক্তি লুপ্ত হয়, স্মৃতিক্ষয়ে জ্ঞান নষ্ট হইয়া থাকে। সোপাধিক জীবের এই জ্ঞাননাশকেই পণ্ডিতগণ আত্মনাশ বলিয়া থাকেন। সাধুসঙ্গে ভগবদ্ধর্মের অনুশীলন, তত্ত্বজিজ্ঞাসা, ভগবৎসেবানিষ্ঠার সহিত ভক্তশ্রেষ্ঠগণের পূজা ভগবানের কথা শ্রবণাদির দ্বারা পরব্রহ্মে নৈষ্ঠিকী রতি জন্মে। তৎকালে আত্মারামসেবাপরায়ণ পুরুষ জ্ঞানবৈরাগ্য-প্রভাবে অবিদ্যা বন্ধন হইতে মুক্ত হন।

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

ভক্তি-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী কাপড়ে বাঁধাই স্বর্ণাক্ষরযুক্ত। চতুর্থ সংস্করণ। বিস্তৃতবিষয়সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সনাতন ধর্ম্মশাস্ত্র বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত দর্শন, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবেরই ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই—২৲ দুই টাকা

আবাঁধা—১৸০ পৌনে দুই টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও অনিত্য সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? সম্বন্ধ, অভিধেয়, প্রয়োজন, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য

প্রমাণ খণ্ড

ভিক্ষা ৵০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নবটি দ্বীপ-সমন্বিত। এই নব দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৬০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

উজ্জ্বল বোল্ড-এ কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

সাধনপথ

৷৵০ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে সাধকগণের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে বিবৃত হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ!!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ অষ্টম সংস্করণ ভিক্ষা ৴০ আনা

দেহ ও মনের চেষ্টা অনিত্যাবস্থ লইয়া—ইহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন আত্যন্তিক আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। উক্ত সংস্করণও প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড ৴০ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— ৴০, নবদ্বীপশতক— ৴০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ পঞ্চম সংস্করণ ভিক্ষা ৴১০

আমরা প্রকৃত বস্তুর অভাব ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিকই কল্যাণের কল্পতরু; ইহা প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদানে

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচী, বিষয়সূচী প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয়-সম্বলিত প্রায় ৪২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৷০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সাম্প্রদায়িক কোষগ্রন্থ)

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। বিষ্ণুবৈষ্ণবসম্পর্কিত শ্রীমন্দির ও শ্রীবিগ্রহের বিবরণ, ৫। বৈষ্ণবগ্রন্থ ও প্রবন্ধসমূহের তাৎপর্য্য ও বিবরণ, ৬। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় [illegible] তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। [illegible] ৸০, ২য় খণ্ড ৸৵০, ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড ৷৵০, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ

—১ম খণ্ড ১৲ এক টাকা ২য় খণ্ড ১৲ এক টাকা- শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই ষট্সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ ফর্ম্মার ৬৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমদ্গোপালভট্ট-গোস্বামিপাদ সংকলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ৴০ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক-সূচী, বিষয়সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইল। প্রতি খণ্ড সাধারণ পক্ষে ৷৵০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৷৴০

২। ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৪র্থ সংস্করণ) ৫৲
৩। গৌড়ীয়-গৌরব ৷৵০
৪। গৌড়ীয়-সাহিত্য ৷৵০
৫। ভজনরহস্য ৷০
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপ-শতকম্ (বাঁধা) ১৲
" " আবাঁধা ৸০
৭। গীতমালা ৷০
৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲
আবাঁধা ১৸০
গীতার কেবল মূল-কাপি ৷০
৯। মুণ্ডকোপনিষদ্ ভগবদ্গীতায়াঃ সানুবাদ (মাধ্ব) ১৲
১০। বেদান্তসূত্রের সানুবাদ (রামানুজীয়) ৷০
১১। জৈবধর্ম্ম
১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৸৵০
ঐ বাঁধা ৸০
১৫। দীপ-নির্ণয়-দর্শন ৵০
১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ৷৵০
১৭। গোস্বামী রঘুনাথ দাস অবাঁধা ৷৵০
ঐ ঐ বাঁধা ৷০
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
২০। উপদেশমালা ৴১০
২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৵০
২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
২৩। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা দর্পণ ৷০
২৪। শরণাগতি, গীতাবলী, গীতমালা, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্থপঞ্চক ও সদাচারস্মৃতিঃ মোট ৷৵০
২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও অর্চ্চনকল্প ৵০
২৬। সাধককণ্ঠমালা আবাঁধা ৷৵০
বাঁধা ৷০
২৭। সিদ্ধান্তদর্পণ ৵০
২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲
২৯। [illegible] ৷০
৩০। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা বাঁধা ১৲
আবাঁধা ৸০
৩১। নামমঞ্জরী [illegible] ৷০
৩২। [illegible] ৸০
৩৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট দ্বিতীয় সংস্করণ) ৫৲
৩৪। সাধনদীপিকা [illegible] ৵০
৩৫। সটীক শিক্ষাষ্টকম্ ৷০
৩৬। [illegible] দিগ্বিজয় ৷০
৩৭। [illegible] ৷০

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈব-প্রাপ্ত একমাত্র মহৌষধ, পনরদিনে যক্ষ্মা বা ক্ষয় কাশ সম্পূর্ণ আরোগ্য হইবে। বহু সহস্র রোগী মৃত্যুমুখ হইতে রক্ষা পাইয়াছেন। (গরীব রোগীদিগকে সমস্ত খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়।) বিস্তারিত জানিবার জন্য এক আনার টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র উকীল পোঃ বৈকাঠী, জেলা বাখরগঞ্জ।

নদীয়া জেলায় এ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করিতে পারেন—

ভাগবত প্রেসের ম্যানেজার শ্রীযুক্ত মহানন্দ ব্রহ্মচারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রীযুক্ত রামগোপাল বসু এম. এ, কৃষ্ণনগর পোঃ, জেলা নদীয়া।

একখানি পত্র

………………… …আনন্দ সহকারে জানাইতেছি যে আমার ভ্রাতুষ্পুত্র কঠিন যক্ষ্মা রোগে আক্রান্ত হইয়াছিল এবং কলিকাতার বহু প্রসিদ্ধ ডাক্তার মহাশয়গণ জীবনের আশা একেবারে ত্যাগ করিয়াছিলেন, কিন্তু বাবু ক্ষিতীশচন্দ্র উকিল মহাশয়ের ঔষধ মাত্র ১০ দিন ব্যবহার করিয়া সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছে।

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী

জমিদার, খালিশা মাদারীপুর।

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাহারা নানাবিধ অনির্ধারিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ ধাতুদৌর্বল্য, স্নায়বিক দুর্বলতা, বহুমূত্র, স্বপ্নদোষ, পক্ষাঘাত, পুরুষত্বহীনতা, অম্ল এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, প্রদর, মেহ ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটান সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক মেডিসিন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত শত প্রমাণ প্রাপ্ত হইয়াছে পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য এলোপ্যাথ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ২।০ টাকা মাত্র।

সোল এজেন্ট—ডাঃ ডি, ভি, হাজরা।

মহেশপুর, গার্ডেনরিচ পোঃ, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পত্রসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোল্ড অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে চিটাগড়ের কাগজে ছাপা। ভিক্ষা—১।০ টাকা

৪৪৮ গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

পরমার্থিক মাত্রেরই একান্ত প্রয়োজনীয়

বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত

বাংলার ঘরে ঘরে বিরাজিত হউক

ভিক্ষা ৶০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর পোঃ (নদীয়া)

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ. এফ.সি.এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে যত্নপূর্বক ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৮৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।

সর্ব্বত্র প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণমাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাশি, সর্দি, যক্ষ্মা, ক্ষয়রোগ, হৃদরোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্বলতা নাশক আশুফলপ্রদ পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্বল্য, শুক্রহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপারসীম আনন্দদায়ক রসায়ন

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও গর্ভাশয়গত দুরারোগ্য রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

অর্দ্ধশতাব্দীর সুপরিচিত

আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়ের যাবতীয় ঔষধই অকৃত্রিম ও মূল্যও অত্যন্ত কম। ৫০ বৎসরের ক্রমোন্নতিই তাহার প্রমাণ। প্রত্যেক ঔষধই লক্ষ লক্ষ ক্ষেত্রে পরীক্ষিত ও সর্বত্র বিদিত। তন্মধ্যে নিম্নলিখিত ঔষধ দুইটীর উল্লেখ করা হইল।

১। "আতঙ্ক-নিগ্রহ বটিকা"—অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, হাত পায়ের ব্যথা, স্বপ্নদোষ, শুক্রতারল্য প্রভৃতি বিদূরিত করিয়া শরীর হৃষ্টপুষ্ট ও শক্তিশালী করিয়া দেয়। স্বাস্থ্য মজবুত করিতে ইহা অদ্বিতীয়। ৩২ বত্রিশ বটিকা পূর্ণ প্রতি কৌটার মূল্য ১৲ একটাকা।

২। "অশ্বিনী তৈল"—ইহা বাজারের সমুদয় গন্ধ তৈলের সেরা। ইহার গন্ধে মন-প্রাণ মাতোয়ারা হয়। চুল চাকচিক্য করিতে ও চুলের অকাল-পক্কতা নিবারণ করিতে অদ্বিতীয়। ইহা ব্যবহারে শরীরের দুর্বলতা নাশ করিয়া শক্তি-সম্পন্ন করিয়া থাকে। ইহার ব্যবহারকারীরা গুণে মুগ্ধ হইতেছেন ও হইয়াছেন। ব্যবহার করুন গুণে আপনিও মুগ্ধ হইবেনই হইবেন। মূল্য প্রতি শিশির মূল্য ১ টাকা।

অন্যান্য আবিষ্কৃত

ঔষধ সমূহের জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান :—আতঙ্ক-নিগ্রহ ঔষধালয়, ২১৪-২ বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

এখনও অপূর্ব্ব সুযোগ! পরে পাওয়া দুর্ঘট

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম. এ প্রোফেসার (লাহোর)

মহোদয় কর্তৃক সংকলিত

৫৭ খানি অপূর্ব্ব চিত্র সম্বলিত।

সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইং) মরোক্কো বাঁধা ১৷০ স্থলে ২৲ দুই টাকা মাত্র

এই প্রকার সংস্করণ প্রায় নিঃশেষ হইয়াছে।

ইং ... শ্রীমায়াপুর নদীয়া প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে— ডাঃ শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী এম, এস, এক কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়প্রিন্টিং ওয়ার্কস হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০, চাল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৭৭শ খণ্ড গ্রন্থ নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১২।৶০ সাধারণ পক্ষে ১১।৶০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।/০।

সম্পূর্ণ গ্রন্থের ভিক্ষা ১২, অগ্রিম সাধারণের পক্ষে ৮,।

৮৩২ পৃষ্ঠায় ৭৮ অধ্যায় পর্য্যন্ত ত্রয়োদশ খণ্ড ছাপা হইয়াছে। একাদশ স্কন্ধ ছাপা আরম্ভ হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০, টাকা ভিক্ষায় তৃতীয় সংস্করণ ৬, টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছে। সেই ১০, টাকার এই বিরাট গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫, টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আখ্যাত

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮, স্থলে অগ্রিম ভিক্ষা ৫

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪॥০ টাক

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ

ভিক্ষা ।৶০ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব্ব বাঙ্গালার মধ্যে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন-ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে জানেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার স্বর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে; বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রাকৃত	
একত্রে ৩ খণ্ড হইলে	৶০
সাধন পথ (শ্রীমদ্ভাগবত সংকলক) প্রাকৃত	।০
একত্রে ৩ খণ্ড হইলে	
কল্যাণ কল্পতরু প্রাকৃত	
একত্রে ৩খণ্ড হইলে	
গীতাবলী প্রাকৃত	৵১০
একত্রে ৩ খণ্ড হইলে	৶১৫
শরণাগতি—প্রাকৃত	৴০
একত্রে ৩খণ্ড হইলে	৶৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্য:—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগোপালজীর মঠ,—চাপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ,—চটকপর্ব্বত, পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিরাকুণ্ডা, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৩নং অগস্ত্যকুণ্ড, কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
১০। শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ পি।
১১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব
১২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—১০নং নবাবপুর রোড, ঢাকা।
১৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।
১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাযোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।
১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—চন্দ্রকোণা, চিবকুটা পাঃ, মানভূম।
১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ ওয়েলিংটন রোড, নিউ দিল্লী

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত সনাতন ঘোষ—বসু লজ রোড, খুলনা
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—হেডমাষ্টার, কলাদবাড়ী কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামবল্লভ রায়—১৭০নং নীলগোপাল মল্লিক লেন, কলিকাতা
৪। মিঃ এন কে, সংঘি - এম, এস, ডব্লু, এস দিল্লী ক্লথ মিল
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী গোস্বামী—কৃষ্ণনগর, নদীয়া।
৬। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।
৭ শ্রীবিধুমোহন দে—মনোমোহন প্রেস, নবাবপুর, ঢাকা
৮। শ্রীশৈলেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় বেহালা, ২৪-পরগণা
৯। শ্রীসুকানন চট্টোপাধ্যায় এ, এম, এম, বালেশ্বর
১০। শ্রীপাদ যতীন্দ্র ভক্তিপ্রকাশ বারবাহেব
১১। শ্রীপাদ নরোত্তম ব্রজবিহারী ঐ

দৈনিক নদীয়া-প্রকাশ

বর্ষায় — একমাত্র — স্বদেশী

রবারের জুতা

টি, টি, সিলিপার

চটি, প্রিন্সিয়ান ও এলবার্ট

চামড়াহীন, মজবুত, সস্তা, নরম, জল-কাদায় বিশেষ উপযোগী—এই স্বদেশী জুতা, যাতে বিদেশী জুতার বদলে কিনিয়া দেশী শিল্পের সহায়তা করুন।

ঠিকানা—টি, টি, সিলিপার এণ্ড কোং, ১নং টাউনসেণ্ড রোড ভবানীপুর, কলিকাতা

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

মারফালীন

টনিক ও সালসা। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার কমে হয়। ফলেন পরিচীয়তে

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ২।৩ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ খাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং কা'লমু রাখুন, আর মিক্সচারটি বাজে বোতল ২ সেরের জল খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে হয়রান করেন কেন? সুতরাং ।০ আনার মারফালিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট; এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ।৵০ আনা, ডজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসারস্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কলিকাতা।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

মূল্য ১৲ ডাঃ মাঃ

আসল ও খাঁটি
শিশি ৷০ আনা, ডজন ৭৲

যুগল-মূর্ত্তি মার্কা এবং বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর না

টেলিগ্রাফের নাম ও ঠিকানা— "শ্রীধাম" / নবদ্বীপ

Registered No. C 1844

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি লাইন ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩৷৹
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

সাহায্যের হার
অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸৹
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৵৫

[৫ম খণ্ড]   সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী   [১৪০ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—২৯শে শ্রাবণ ১৩৩৭ বৃহস্পতিবার ১৪ই আগষ্ট ১৯৩০

এলবার্টহলে বিরাট সভা

বঙ্গে রাজবন্দী দিবস পালন

স্ত্রীর দ্বারা স্বামীহত্যা

জনতাকর্ত্তৃক পুলিশ ইনস্পেক্টার তাড়িত

রমণীর নিকট বোমা

মুসলেম কন্‌ফারেন্সে হাঙ্গামার দ্বিতীয়াভিনয়

বজ্রাঘাতে বিমান ধ্বংস

খানাতল্লাস—গ্রেপ্তার—জেল—জরিমানা

অনাহারে ১২ দিন

প্রেসিডেন্সী কলেজে আবার পিকেটীং

নানা কথা

এলবার্টহলে সভা

গত সোমবার দিন এলবার্টহলে [illegible] শিল্পী মিরাবাই নামক একজন [illegible] মহিলা চরকা ও খদ্দর সম্বন্ধে একটি বক্তৃতা প্রদান করেন। তিনি নিজে সর্ব্বাঙ্গে খদ্দর পরিহিত অবস্থায় সভায় আগমন করেন। খুব জোরের সহিত সকলকে খদ্দর পরিধান করিবার জন্য ও চরকা ধরিবার জন্য অনুরোধ করেন।

বঙ্গে রাজবন্দীদিবস পালন

১০ই আগষ্ট কংগ্রেস কমিটির উদ্যোগে সহরে রাজবন্দী দিবস উপলক্ষে হরতাল করা হয়। মধ্যাহ্নের পর একটি শোভাযাত্রা বাহির করা হয়। শোভাযাত্রাটি হ্যারিসনরোড, কর্ণওয়ালিস রোড ও অন্যান্য রাজপথ পরিভ্রমণ করে। [illegible]দিগের প্রেসিডেন্ট মিঃ [illegible], পণ্ডিত [illegible] ও [illegible] দলপতিরূপে শোভাযাত্রার অগ্রণী ছিলেন। পূর্ব্বের নিষেধ অন্যথায় দিনে পুলিশ কাহাকেও গ্রেপ্তার করেন নাই। শোভাযাত্রাটি শান্তিতে সম্পন্ন হয়।

খানাতল্লাস ও গ্রেপ্তার

গত সোমবার মেছুয়াবাজার ষ্ট্রীটের কংগ্রেস অফিসে পুলিশ খানাতল্লাস করিয়া একখানি বই ও কয়েকখানা কাগজ পত্র লইয়া যায়। এই উপলক্ষে বাহাদিগকে অফিসে পাইয়াছিল পুলিশ তাঁহাদিগকেই গ্রেপ্তার করিয়াছে। সর্ব্বশুদ্ধ ৩১ জন গ্রেপ্তার হইয়াছেন।

বজ্রাঘাতে বিমান ধ্বংস

চিকাগোর পশ্চিম পার্শ্বে একখানি বিমানে বজ্রপাত হয়, বিমান খানি চূর্ণ হইয়াছে। ইহার ফলে বিমানযাত্রী [illegible] এবং চালকের মৃত্যু হইয়াছে।

১২ দিন অনাহারে

প্রকাশ যে সবরমতি আশ্রমের যোগেশ চন্দ্র [illegible], পেশোয়ারের রাজ কুমার ও কালিবরন লাল জেল কর্ত্তৃপক্ষের অন্যায় ব্যবহারের দরুণ আজ ১২ দিন যাবৎ অনাহার ব্রত অবলম্বন করিয়াছেন। তাহাদের অভিযোগ হইতেছে যে জেল কর্ত্তৃপক্ষ তাহাদিগকে কঠোর পরিশ্রমের ভার দিয়াছেন। অপরিষ্কৃত খাবার খাওয়া, ভাঙা পেষা ও অতিরিক্ত ভার বহন করিতে হয়! অনুগামীদের মিঃ আয়েঙ্গার তাহাদের সঙ্গে সহানুভূতি প্রকাশ করিবার জন্য উপবাস আরম্ভ করিয়াছেন।

প্রেসিডেন্সীকলেজে আবার পিকেটীং

৫ জন সত্যাগ্রহী প্রেসিডেন্সী কলেজের গেটকে পিকেটীং করিতে গিয়া ধরা পড়িয়াছে। পুলিশ তাহাদিগকে ঘোড়াবাগান থানায় লইয়া যায়, যাইবার সময়ে তাহারা "বন্দেমাতরম্" ধ্বনি করিতে করিতে যায়।

রাজসাহীস্কুল বন্ধ

জোর পিকেটিংএর দরুণ রাজসাহী কমলা গার্ল্‌স্কুল কয়েক দিন যাবৎ সম্পূর্ণ বন্ধ করিতে বাধ্য হয়।

শ্যামবাজারে পিকেটীং

গত শনিবার সন্ধ্যাবেলা শ্যামবাজারের [illegible] মাড়োয়ারীর দোকান পিকেটীং করিবার সময় একটি স্বেচ্ছাসেবক জনৈক মাড়োয়ারীর দ্বারা গুরুতররূপে আঘাত প্রাপ্ত হয়। পুলিশ মাড়োয়ারীটীকে গ্রেপ্তার করিয়াছে, সেই সময় পিকেটারগণকে পুলিশ তাড়া করায় একটি বালক দৌড়াইয়া রাস্তার মাঝে আসে তখন একটী বাস বালকটির উপর দিয়া চলিয়া যায়। ফলে বালকটি তৎক্ষণাৎ প্রাণ ত্যাগ করে। বালকটী পিকেটার নহে সে ঐখানেরই একটি দোকানদারের ছেলে।

স্ত্রীরদ্বারা স্বামী হত্যা!

কয়েকদিন পূর্ব্বে অমৃতসর সহরে একটী স্ত্রীলোক তাহার স্বামীকে হত্যা করার অভিযোগে অভিযুক্ত হইয়াছে। তাহাদের ১০ বৎসর বয়স্ক পুত্র এবিষয়ে সাক্ষ্য প্রদান করিয়াছে। মনোমালিন্যের জন্য এই পরিণাম ঘটে।

জগন্নাথগঞ্জে অভূতপূর্ব্ব ব্যাপার!
রমণীর নিকট বোমা!

কলিকাতা হইতে সংবাদ পাওয়া গিয়াছে ৭ই আগষ্ট পুলিশ [illegible] একটী যুবক ও একটী স্ত্রীলোক একটী বারুদপূর্ণ বোমা [illegible] করিবার আবশ্যকীয় [illegible] গ্রেপ্তার করিয়াছে।

[illegible] ইন্‌[illegible] [illegible] [illegible] [illegible] বলেন যে ঐ [illegible] হইতে [illegible] মণিহারী [illegible] পাওয়া গিয়াছে।

[illegible] প্রাদেশিক কনফারেন্স

[illegible] রাজনৈতিক আন্দোলনের [illegible] নির্দ্দিষ্ট [illegible] হইবে।

বিবিধ সংবাদ

মুসলেম কনফারেন্সে বাঙ্গালার মিউনিসিপ্যালিটির মিঃ ফজলল হকের বক্তৃতায় সাম্প্রদায়িকতার চিহ্ন

গত ১১ই মাঘ তারিখে স্যার আবদার রহিমের নেতৃত্বে মুসলিম কনফারেন্সের স্থায়ী বৈঠক বসিয়াছিল। গোল-মালের অগ্রভাগ এই যে এই সভায় গোলটেবিল-বৈঠককে সমর্থন করা হয় এবং বাংলা হইতে স্যার আবদার রহিম ও ফজলল হককে প্রতিনিধিরূপে এই বৈঠকে প্রেরণ করিবার জন্য প্রস্তাব করা হয়।

তাহারই পর মিঃ ফজলল হক বলেন যে, এই সময় মুসল-মানদের বড়ই দুঃসময়। হিন্দুরা মুসলমানদের উন্নতির জন্য সম্পূর্ণ উদাসীন। অপর পক্ষে বর্তমানে মুসলমানদের সরল ও অকপট রাজভক্তি গভর্ণমেন্ট উপলব্ধি করিতে অক্ষম। হিন্দুরা যদিও নিজেদের ভিতরে মতভেদ ও বিবাদ রাখে, কিন্তু যখনই মুসলমানদের কোনরূপ উন্নতির কথা হয় তখন তাহারা মিলিত শক্তি দ্বারা তাহার প্রতিবাদ করে।

অতঃপর মিঃ আবদার রহিম গোলটেবিলে প্রতিনিধি পাঠাইবার বিরুদ্ধে বলেন। তিনি বলেন যে, যখন আমাদের সকল আবেদন নিবেদন সাইমন-কমিশনের নিকট নিষ্ফল হইল তখন কোন মুখে আমরা গোলটেবিল-কনফারেন্সে ভিক্ষা করিবার জন্য প্রতিনিধি পাঠাইবার প্রস্তাব করি। "শ্রোতৃগণ! মিঃ ফজলল হক আপনাদের নিকট অপরিচিত নহেন। এই ফজলল হকই সাইমন কমিশনের নিকট কিরূপ প্রাণপণ আনাগোনা করিয়াছিলেন এবং তিনি যে সম্পূর্ণ ব্যর্থ হইয়াছিলেন তাহা সকলেই জানেন। তাহার ফলে সাইমন রিপোর্টে মুসলমানদের নায্য পাওনা নাই। যদি মুসলমানদের একটুও যথাযথ সম্মান জ্ঞান থাকে তবে তাহারা কিরূপভাবে গোলটেবিলে যোগদান করিতে পারে তাহা আমি এখনও বুঝিয়া উঠিতে পারি নাই।" মিঃ রহিম যখন প্রস্তাব নিন্দায় বক্তৃতা করিতেছিলেন তখন শ্রোতৃগণের ভিতরে গোলযোগের সৃষ্টি হয় এবং বেঙ্গল মুসলমান ও পেশোয়ার মুসলমানদের ভিতরে ভীষণ সংঘর্ষ বাধে। দুই দলই ন্যূনাধিক আঘাত-প্রাপ্ত হয়। অপর দলের বাহিরে ঘোর মারামারি চলিতে থাকে। মিঃ রহিমের বলপূর্বক বসাইয়া দেওয়া হয়। গোলমালের জন্য সভার অধিবেশন বন্ধ করা হয়।

তাহার পর কয়েকটা প্রস্তাব গ্রহণ করিয়া সভা ভঙ্গ হয়।

নৈমিষারণ্য ষ্টেসনে অত্যাচার

ই, আই, রেলের বালামউ সীতাপুর লাইনে নিমসার একটী ফ্ল্যাগ ষ্টেসন। এখানে নৈমিষারণ্য তীর্থে বহু দেশ-দেশান্তর হইতে যাত্রী তীর্থ করিতে আসিয়া থাকেন। সম্প্রতি এখানে একটী মুসলমান বুকিং ক্লার্ক আসিয়াছেন। তিনি একটী সাধারণ লোক এবং যাত্রীগণের উপরে অযথা অত্যাচার জুলুম এবং অত্যাচার চালাইতেছেন। ভদ্রলোকদিগকে অশ্রাব্য-জনক কথা বলিয়া থাকেন এবং গালাগালি করেন। যথা সময়ে টিকেট দেন না এবং টিকেট চাহিলে গালি দেন। এই ষ্টেসনে কোনও স্থানে টিকেট নাই,—কোন ব্যক্তি ষ্টেসনে কাহারও ট্রেণ দেখা করিতে গেলে অথবা কোথাও কোন বন্ধুকে ট্রেণে তুলিয়া দিতে গেলে পুরুষ সাধারণ কেহই সহজে ষ্টেসনে ঢুকিতে দেন না; সাধারণের ধারণা যে ঐ লোকটির খুব মস্তক খারাপ আছে। রেলওয়ে কর্তৃপক্ষ এবিষয়ে যথাযথ অনুসন্ধান করিয়া উহার বিহিত ব্যবস্থা অতি শীঘ্র না করিলে যাত্রীসাধারণ এবং স্থানীয় লোকদের বিশেষ অসুবিধার কারণ হইবে। আমরা এ বিষয়ে ই, আই, রেলের বিশিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

জনতাকর্তৃক পুলিশ ইন্‌স্পেক্টার তাড়িত

গত সোমবার আলিপুর কোর্টে একটী ভীষণ চাঞ্চল্যের সৃষ্টি হইয়াছিল। একজন পুলিশ অফিসার একদল যুবক কর্তৃক তাড়িত হন এবং অবশেষে এস্‌ ডি, ওর বাসাতে আশ্রয় লইয়া বিপদ হইতে উত্তীর্ণ হন। যুবকদল একশত গজ দূরে থাকিয়া তাহাকে তাড়া করে।

উক্ত অফিসারটী টালিগঞ্জ থানার বে, এল, সেন চৌধুরী। তিনি কোর্টে আসিবামাত্রই প্রায় ১০০ শত জন যুবক একসঙ্গে 'শেম' 'শেম্‌' বলিয়া চিৎকার করিয়া উঠে। উক্ত অফিসারের উপর যুবকগণের অসন্তোষের কারণ এই যে একটী বালক যখন টালিগঞ্জের একটি মদের দোকানে পিকেটিং চালাইতেছিল তখন তিনি তাহাকে নিষ্ঠুরভাবে প্রহার করেন। এই বালকের যখন বিচার হয় তখন এই যুবকদলকে কোর্টে প্রবেশ করিতে না দেওয়ায় তাহারা তাহার বন্ধুর বিচার দর্শন করিতে না পাওয়ায় অভিশয় অসন্তুষ্ট হয় এবং অফিসারটীর উপর আক্রোশ চটিয়া যায়। যাহা হউক তাহারা সভাবদ্ধ বাহিরে দাঁড়াইয়াই অপেক্ষা করিতেছিল। যে ছয়জন যুবকের বিরুদ্ধে পুলিশ অফিসারটী সাক্ষ্য দিয়াছিলেন তাহাদের বাড়ী চেৎলায়। উহাদের মধ্যে একজন এম, এ, ক্লাসের ছাত্র এবং অপরটী একটী বি, এস্‌ সি।

আসামীরা বলেন যে যখন তাঁহারা ঐ রাস্তা দিয়া যাইতেছিলেন তখন দেখেন যে একজন পুলিশ অফিসার ঐ বালকটীকে নির্দয়ভাবে প্রহার করিতেছে। ইহাতে তাঁহারা স্থির থাকিতে না পারিয়া তাহারাও পিকেটিং করিতে থাকেন। উহার ফলে তাঁহাদিগকেও ধরিয়া ভীষণ ভাবে প্রহার করা হয়।

পুলিশ ইন্‌স্পেক্টার সাক্ষ্যদেন যে মদের দোকানে পিকেটিংএ প্রায় ৫০০জন লোক জমায়েৎ হওয়া গোলমালের সৃষ্টি হওয়ায় তিনি তাহাদের সরিয়া যাইতে বলেন, তাহারা সরিয়া না যাওয়ায় তাহাদের ভীড় ভাঙ্গিয়া দেওয়া হয় তাহাতে দুই একজন আহত হইতে পারে। এক বর্ষ ও ছয়জন আসামীদের প্রত্যেকের ৪ মাসিকের সশ্রম কারা-দণ্ডের আদেশ হয়। সাক্ষ্য দিয়া যে যুবক ইন্‌স্পেক্টার যখন কোর্ট হইতে বাহির হইয়া আসেন অমনি একটী ছেঁড়া জুতার মালা তাহার মস্তকের উপর পড়ে, তিনি লজ্জায় মালাটী ছিঁড়িয়া ফেলেন এবং যখন পুলিশ অফিসের দিকে যাইতে থাকেন তখন তাহার মাথার উপর চারিদিক হইতে ফুল বৃষ্টি হইতে লাগিল তিনি তাড়াতাড়ি ভয়ে নিকটস্থ এস্‌, ডি, ও, র বাসায় ঢুকিয়া পড়েন।

লোহার কড়ি
কড়ি বরগা
করগেটটীন, জানালার গরাদে
দালানের ফুলদার রেলিং ও থাম,
বেড়াকোরা কাঁটাতার ইত্যাদি
সুলভে বিক্রয় করি

সর্ব্বরোগের অব্যর্থ মহৌষধ
নবরাজ শাশভূ বন কবিকণ্ঠাভরণের
যোগেশ্বর পাচন
সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ
বিন্দা ১১নং উল্টাডাঙ্গা রোড, পোঃ শ্যামবাজার কলিকাতা।

নবজ্বর
বটিকার জ্বর ও বাতশ্লেষ্মিক জ্বর, উচ্চিরগতির জ্বর, জ্বরের সহিত কম্প, প্রদাহ, মাথাধরা, বুক ধড়-ফড়ানি, অরুচি প্রভৃতি সকল সময় বিশেষ আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৩০ বড়ি ১৲ এক টাকা।

"অপূর্ব অমৃতবারি সুধা"
পুরাতন ও জীর্ণ রোগে আশ্চর্য্য ফল দ্বারা আরোগ্য করিয়া শক্তিসম্পন্ন করে। মূল্য ৩ তোলা ১৲ টাকা।

"লুপ্তযৌবনবিলাসিনী বটিকা"
দীর্ঘকাল অত্যধিক ধাতুদৌর্ব্বল্য স্বপ্নদোষ প্রভৃতি রোগে অব্যর্থ মহৌষধ। মূল্য ১৬ বড়ি ১৲ এক টাকা।
রাজবৈদ্য আয়ুর্বেদশাস্ত্রী, কবিকণ্ঠভূষণ
১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে. বি, দত্তের ছোকা শিশি বাদাম তৈল

খাঁটি ও অকৃত্রিম এবং উপকারিতার সম্বন্ধে পরীক্ষিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ছাপার *J. B. Datta & Co.* নাম দেখিয়া খরিদ করিবেন। নতুবা জুয়াচোরগণ কমদরের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে. বি, দত্ত

ফেরার্স কুইনিন্‌

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় কুইনিন, বাইহাইড্রোক্লোর কুইনিন, আর্সেনিক এবং টনিক্‌ আছে।

এক কোর্স-কুইনিন দ্বারা ইনজেকসন করাতে একটী বা দুইটী ইনজেকসনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং রক্ত হইতে বারটী ইন-জেকসনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া
৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ডাঃ ৩৲ টাকা
বাইও-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরীজ
২৯১ চন্দ্রনাথ লেন, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

—:০:—

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর -২৯শে শ্রাবণ বৃহস্পতিবার—১৩৩৭

(১)

শ্রীচৈতন্যলীলার ব্যাস ঠাকুর বৃন্দাবনদাসের আবির্ভাবক্ষেত্র—ব্যাসপীঠ বা গুরুপীঠ শ্রীমোদদ্রুমদ্বীপের সেবোন্মুখতাই জীবকে শ্রীগৌরকৃষ্ণের জন্মস্থলী যোগপীঠ শ্রীধাম মায়াপুর-সেবার যোগ্যতা প্রদান করে

(২)

শ্রীনন্দনন্দনত্বই ভগবদ্ আবির্ভাবের পরাকাষ্ঠা

(৩)

শ্রীবিষ্ণুতে অনন্যা ও প্রেমময়তা মমতাই ভক্তি-শব্দের অর্থ

(৪)

বহিন্মুখ-চিকাসম্পন্ন আপাতশ্রীতিকর দ্বিতীয় লাড্ডু-সদৃশ বিষয়াসক্তির ভয়াবহ পরিণাম বুঝিয়া তাহা হইতে সাবধান হওয়াই বুদ্ধিমত্তার পরিচয়

শ্রীমোদদ্রুমদ্বীপ বা মাউগাছি

মোদদ্রুমদ্বীপ নবদ্বীপ মণ্ডলের অন্তর্গত একটী দ্বীপ। ইহাকে অপভ্রংশভাষায় মাউগাছি বলা হইয়া থাকে। এই স্থানটী বর্দ্ধমান জেলার পূর্ব্বাংশে পূর্ব্বস্থলী থানার অন্তর্গত। ইহার প্রান্তদেশেই ভাগীরথী প্রবহমানা। গ্রামটী যে অতি প্রাচীন, তাহা যে কেহ প্রত্যক্ষ করিলেই বুঝিতে পারেন। একসময়ে মাউগাছি একটী প্রসিদ্ধ জনপদ ছিল। এখনও বহু বহু উচ্চকালের ধ্বংসাবশেষের চর্চ্চিত অবশ্যাদী পরিবেষ্টিত থাকিয়া অতীত গৌরবের সাক্ষ্য প্রদান করিতেছে। এই মোদদ্রুমদ্বীপ মাউগাছি, একডালা, মহৎপুর, বাবলাড়ি, দেওয়ানগঞ্জ, গঙ্গাপ্রসাদ প্রভৃতি স্থানসমূহে ব্যাপ্ত ছিল। এই স্থান শ্রীচৈতন্যলীলার ব্যাস শ্রীচৈতন্যভাগবতপ্রভু-রচয়িতা ঠাকুর বৃন্দাবনের আবির্ভাব ও লীলা-ভূমি। অদ্যাপি সেই ব্যাসপীঠ বৃক্ষলতা-গুল্মাচ্ছাদিত থাকিয়া ভক্ত-হৃদয়ে বৈষ্ণবাচার্য্যের পবিত্র স্মৃতি জাগাইয়া দিতেছে। তাই একস্থানকে গৌড়ের বৈদিশ ক্ষেত্র বলা হয়। এই গ্রামে এখনও ঠাকুর শ্রীবৃন্দাবন দাসের সেবা শ্রীগৌর-নিত্যানন্দের শ্রীমূর্ত্তির নিত্যপূজা সাধিত হইতেছে। শ্রীচৈতন্য মঠের সেবকগণই এই সেবা পরিচালনা করিতেছেন। রামলীলায় ভগবান্ যখন বনবাসী হইয়াছিলেন, তখন তিনি এইস্থানে একটী মহাবটবৃক্ষতলে কুটীর নির্ম্মাণ করিয়া বাস করিয়াছিলেন। এই স্থান দর্শনে ভক্তগণের সেবামোদ বৃদ্ধি হয় বলিয়া বিজ্ঞগণ ইহাকে 'মোদদ্রুম দ্বীপ' বলেন। এই স্থানেই শ্রীবাসগৃহিণী শ্রীমালিনী দেবীর পিত্রালয় ছিল। শ্রীবাসের ভ্রাতুষ্পুত্রী নারায়ণী দেবীর এই মাউগাছি গ্রামে বিবাহ হয়। ইনিই বাল্যাবস্থার শ্রীল বৃন্দাবন দাস ঠাকুরের মাতৃদেবী।

শ্রীল বৃন্দাবনদাস ঠাকুরের জন্মভিটার অনতিদূরে চট্টগ্রামবাসী শ্রীল মুকুন্দ ঠাকুরের ভ্রাতা অশেষ সদ্গুণশালী শ্রীগৌরপার্ষদ শ্রীল বাসুদেব দত্ত ঠাকুরের প্রতিষ্ঠিত শ্রীমদনগোপাল বিগ্রহ বিরাজিত আছেন। বর্ত্তমানে সেবাটী বড়ই অযত্নে পরিচালিত হইতেছে। এই বাসুদেবদত্ত ঠাকুরের অনুগৃহীত শ্রীযদুনন্দন আচার্য্য, যিনি শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভুর দীক্ষাগুরু। বৈষ্ণবসেবার্থে তাঁহার বাৎসল্য দর্শন করিয়া মহাপ্রভু যেন নিত্যানন্দকে তাঁহার 'সরখেল' হইয়া ব্যয় সমাধান করিবার আদেশ দিয়াছিলেন। এই বাসুদেব দত্ত ঠাকুরই মহাপ্রভুর নিকট প্রার্থনা করিয়াছিলেন—

"জীবের দুঃখ দেখি মোর হৃদয় বিদরে।
সর্ব্বজীবের পাপ প্রভু দেহ মোর শিরে॥
জীবের পাপ লঞা মুঞি করি নরকভোগ।
সকল জীবের প্রভু ঘুচাও ভবরোগ॥"

সেই পরদুঃখদুঃখীর আদর্শ ঠাকুরের প্রাণপ্রিয়তম সেবার দুর্দ্দশা না দেখিলে ভক্তগণের চিত্ত বড়ই ব্যথিত হয়। মাউগাছি গ্রামে আর একটী প্রাচীন সেবা বিদ্যমান আছেন—যিনি গৌরপার্ষদ শ্রীল সারঙ্গ ঠাকুর বা সারঙ্গ মুরারি (চৈঃ চঃ আ ১০।১১৩ দ্রষ্টব্য) ঠাকুরের প্রতিষ্ঠিত শ্রীশ্রীরাধাগোবিন্দের সেবা। কিছুকাল পূর্ব্বে শ্রীঠাকুরের একটী মন্দির এক প্রাচীন বকুলবৃক্ষের সম্মুখে নির্ম্মিত হইয়াছে। কিন্তু সেবার বন্দোবস্ত আরও ভাল হওয়া বাঞ্ছনীয়। শ্রীল সারঙ্গ-মুরারি ঠাকুর এই মোদদ্রুমদ্বীপে বাস করিয়া গঙ্গাতীরে নির্জ্জনে ভজন করিতেন। ইনি প্রথমে শিষ্য করিবেন না বলিলেও ভগবানের পুনঃ পুনঃ প্রেরণাক্রমে শিষ্য স্বীকার করিতে বাধ্য হইয়া স্থির করিলেন—আগামী কল্য প্রাতে যাহার সহিত দেখা হইবে, তাহাকেই তিনি শিষ্যত্বে গ্রহণ করিবেন। ঘটনাক্রমে পরদিবস প্রত্যুষে ভাগীরথী-স্নানকালে তাঁহার পাদদেশে একটী মৃতদেহ সংলগ্ন হওয়ায় তিনি তাহাকেই পুনর্জীবন প্রদান করিয়া শিষ্যত্বে স্বীকার করেন। ইনিই শ্রীঠাকুর মুরারি নামে প্রসিদ্ধি লাভ করেন। ইঁহার বংশ-পরম্পরা সম্প্রতি সর্ ডাঙ্গা গ্রামে বাস করিতেছেন।

শ্রীল ঠাকুর বৃন্দাবন দাসের আবির্ভাব ও লীলাক্ষেত্র মোদদ্রুম দ্বীপ কেবল বাঙ্গালার নহে, সমস্ত বিশ্বের অধিবাসীর গুরুপীঠ বা ব্যাসপীঠ। এই পীঠস্থান হইতেই পৃথিবীর সর্ব্বত্র মহাপ্রভুর শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী বিঘোষিত হইয়াছে, হইতেছে ও হইবে। ইহা ঠাকুরের লেখনীতে 'গৌরসুন্দরের ভবিষ্যদ্বাণী'-রূপে স্পষ্টই প্রচারিত হইয়াছে—

'পৃথিবীতে আছে যত নগরাদি গ্রাম।
সর্ব্বত্র প্রচার হইবে মোর নাম॥'

মহাপ্রভুর নিজজন গৌড়ীয়বৈষ্ণব-সম্প্রদায়ৈকসংরক্ষক ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্তসরস্বতী গোস্বামী প্রভুপাদ আজ মহাপ্রভুর সে বাণীর সার্থকতা সম্পাদন করিতেছেন। তাঁহারই পরম শ্রম গৌর ও গৌরজনপদাঙ্কপূত বহু লুপ্ততীর্থের সেবার উদ্ধার সাধিত হইতেছে। ব্যাসাবতার ঠাকুর বৃন্দাবনের জন্ম-ভিটা বহুকাল যাবৎ জঙ্গলাচ্ছাদিত হইয়া লোকলোচনের নিকট অপ্রকাশ ছিল, শ্রীল ঠাকুরের গৌরনিত্যানন্দ বিগ্রহদ্বয়ের এক সময়ে জীবের সেবা বুঝিবার লোভের মধ্যে লুপ্ত হইয়া পড়িয়াছিল, শ্রীল প্রভুপাদের কৃপায় আবার সেই মহাতীর্থের লুপ্তসেবার পুনরুদ্ধার হইয়াছে। শ্রীল ঠাকুরের জন্মভিটার উপরে অধিষ্ঠিত শ্রীশ্রীগৌর-নিত্যানন্দের সেবা পুনঃপ্রতিষ্ঠিত হইয়াছে, তথায় একটী শ্রীমন্দির এবং তৎসংলগ্ন নাটমন্দির ও সেবকগৃহ প্রভৃতি নির্ম্মিত হইতেছে। শ্রীশ্রীগৌরজন্মস্থলী যোগপীঠের সেবা অপেক্ষা এই ব্যাসপীঠের সেবা আরও বড়, কেননা, ব্যাসগুরুর সেবা ব্যতীত গৌরজন্মস্থলীতে প্রবেশের অধিকারই হয় না। শ্রীচৈতন্যচরিতামৃতকার শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী ঠাকুর শ্রীচৈতন্যচরিতামৃতের আদি, মধ্য এবং অন্ত্য—সর্ব্বত্রই (আদি ৮ম, ১১শ ও ১৩শ, মধ্য ১ম ও ৪র্থ এবং অন্ত্য ২০শ পরিচ্ছেদ) শ্রীঠাকুর বৃন্দাবনকে শ্রীচৈতন্যলীলার আদ্য ব্যাস বলিয়া গুরুবুদ্ধিতে সম্মান করিয়াছেন, সেই ব্যাস-ক্ষেত্রের সেবোজ্জ্বলতা সাধনের জন্য শ্রীগৌরগণ ও গৌড়ীয়-বৈষ্ণব-পরিচর্য্যাকাঙ্ক্ষী সকলেরই সর্ব্বতোভাবে যত্নশীল হওয়া কর্ত্তব্য।

মাউগাছি গ্রামটীর প্রাকৃতিক দৃশ্য অতীব মনোহর, নির্জ্জন ভজনকারীদের পক্ষে ইহা অতি উৎকৃষ্ট স্থান। ভাগীরথী অতি নিকটেই প্রবহমানা। যে যে তীর্থে গঙ্গা ঘাট, হাট বাজার ও নানাবিধ ইন্দ্রিয়তর্পণের সুবিধা আছে, অনেক বদ্ধজীব ব্যক্তি সেই সেই স্থানে আরামাবাস স্থাপন করিয়া তীর্থবাস করিতেছি মনে করেন; কিন্তু উহা ত তীর্থবাস হয় না, ভক্তদের সহবাসই সেবাই প্রকৃত তীর্থবাস। সুখভোগের সুবিধা মিছা ইন্দ্রিয়তর্পণানুকূল স্থানসমূহের অধীন মনে করিয়া তীর্থ-সেবা-পাত্রতার বিষয়ে পরাঙ্মুখ হইলে আমরা যতই না কেন তীর্থ-সেবার জন্য আস্ফালন করি, তাহা সমস্তই নিরর্থক হয়। তীর্থসেবা ও তীর্থে বসিয়া ইন্দ্রিয়তর্পণ এক নহে। প্রকৃত ইন্দ্রিয়তর্পণ হইবে কেমন করিয়া—তাহার দ্বারা তীর্থ-সেবা হয় না। [illegible] মোদদ্রুমদ্বীপের ন্যায় মহাতীর্থ-সমূহ নিষ্কিঞ্চনগণের অনুকূল হইবে না বলিয়া তাঁহার সেবার বিমুখতা যদি ক্রমশঃ, ক্রমশঃ ও ক্রমশঃ শ্রীতীর্থ [illegible] সমস্ত [illegible] জানিয়া তাঁহাদের [illegible] বিষয়ে সকলেরই [illegible] কর্ত্তব্য।

প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩।০
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

সাহায্যের হার
অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৫

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [১৪৩ সংখ্যা

চৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—১লা ভাদ্র ১৩৩৭ সোমবার ১৮ই আগষ্ট ১৯৩০

নদীয়ায় শিক্ষাবিস্তার প্রস্তাব

মেদিনীপুরে অর্ডিন্যান্স জারির ফল

চুরির অদ্ভুত প্রয়াস

ইণ্ডো চায়নায় সাম্প্রদায়িক হাঙ্গামায় ১২ জনের প্রাণদণ্ডের আদেশ

মোটর সংঘর্ষে মৃত্যু

কারাগারে মহিলার নির্ভিকতা, বরিশালে মোট ৪৯৫ জন ভলান্টিয়ার গ্রেপ্তার

গাইবান্ধা বমকেশ

কর্পোরেশনে সুরেন্দ্রনাথের স্মৃতিতর্পণ

কংগ্রেসসেক্রেটারী গ্রেপ্তার

নানা কথা

স্থানীয় সংবাদ

নদীয়া জেলাবোর্ডের অন্তর্গত শিক্ষা বিভাগের মেম্বরগণ একমত হইয়া উক্ত বোর্ডের নিকট স্বভিলাষ তীব্রভাবে মন্তব্য প্রকাশ করিয়াছেন যে এখনই নদীয়া জেলার অবৈতনিক প্রাথমিক শিক্ষা বিস্তারের জন্য ৭৫০০৲ সাড়ে সাত হাজার টাকা মঞ্জুর করিয়া যে যে স্থানে কোন প্রকার শিক্ষার বিস্তার নাই সেই সেই স্থানে উক্ত টাকা ব্যয়িত হউক।

জেলাবোর্ড উক্ত মন্তব্য সাদরে গ্রহণ করিয়াছেন এবং উক্ত কার্য্যাদের অনুষ্ঠান-স্বরূপ সম্প্রতি প্রত্যেক মহকুমায় একটি করিয়া ইউনিয়নবোর্ড নির্ব্বাচিত হইবে।

মেদিনীপুরে অর্ডিন্যান্স জারির ফল

মেদিনীপুরের জেলা ম্যাজিষ্ট্রেট চৌকিদারী ট্যাক্স বন্ধ আন্দোলন যাহাতে মেদিনীপুর জেলায় প্রবেশাধিকার না পায় তদ্বিষয়ে এক অর্ডিন্যান্স প্রতি গ্রামে প্রচার করিয়াছিলেন। নদীয়া-প্রকাশের নিয়মিত পাঠকগণ তাহা অবগত আছেন। এই অর্ডিন্যান্স বলে যে কেহ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এই আন্দোলনের সহায়তা করিবে তাহাকে ৬ মাস জেল, অবস্থানুযায়ী জরিমানা অথবা উভয়বিধ দণ্ডই ভোগ করিতে হইবে। অর্ডিন্যান্স প্রচারের অব্যবহিত পরেই মেদিনীপুর জেলার অধিকাংশস্থানে চৌকিদারী ট্যাক্স আদায় দেওয়া সুরু হয় এবং যে সব গ্রাম অগ্রগত ছিল তাহারা এক কোয়ার্টারের অধিক ট্যাক্স প্রদান করে নাই। কেবলমাত্র সবং-পুর, পিংলা থানার এলাকায় ও ভগবানপুর থানার কোন কোন স্থানে জোর করিয়া ট্যাক্স আদায় করিয়া লওয়া হইয়াছে। তারপর চৌকিদারগণের পদত্যাগের পালা সাড়ম্বরভাবে সুরু হইয়াছে এবং আর অল্পদিনের মধ্যে সমগ্র জেলায় চৌকিদারের অস্তিত্ব থাকিবে কি না সন্দেহ। চৌকিদার-গণ কেহ রেজিষ্টারী ডাকে কেহ কেহ স্বয়ং পার্সোনে ম্যাজিষ্ট্রেটের নামে তাহাদের পোষাক ও চাপরাশ পাঠাইয়া দিয়েছে। শোনা যায় ম্যাজিষ্ট্রেট সাহেব সেগুলি গ্রহণ না করায় কোন কোন জেলায় কয়েকদিন পোষ্টাফিসে পোষ্টাফিসে ঘুরিয়া ঘুরিয়া জেনারেল পোষ্ট অফিসের গুদাম-জাত হইতেছে। গত ৩রা আগষ্ট তারিখে ম্যাজিষ্ট্রেট সাহেব জেলার অধিকাংশ অধিবাসীকে কানেক্টারীর বিজ্ঞপ্তিতে জানাইয়া জেলার সর্ব্বত্র পিউনিটিভ পুলিশ বসাইবেন বলিয়া জানাইয়া দিয়াছেন। প্রেসিডেন্ট, পঞ্চায়েত ও আদায়কারী পঞ্চায়েতগণও কোথাও কোথাও পদত্যাগ করিয়াছেন বলিয়া শোনা যাইতেছে। এদিকে গ্রামবাসিগণ পুলিশ কখন কিভাবে আসিয়া পড়িবে এই ভয়ে সর্ব্বক্ষণ সন্ত্রস্ত। কেহ কেহ গৃহের আসবাব এবং স্ত্রীলোক-গণকে স্থানান্তরিত করিয়া পুলিশ আক্রমণের জন্য প্রস্তুত হইয়া বসিয়া রহিয়াছে। দারোগা, ও ম্যাজিষ্ট্রেটগণ যখন যাহাকে পাইতেছেন তাহার নিকট হইতে চৌকিদারী ট্যাক্স আদায় করিয়া লইতেছেন। এতদ্ভিন্ন যথেষ্ট অত্যাচার সত্ত্বেও কেহ ট্যাক্স আদায় দিতেছে না।

মোটর সংঘর্ষে মৃত

সংবাদ পাওয়া গিয়াছে যে বিসোরা হইতে সীতাপুরে একটী মোটর যাইতেছিল বিসোরা হইতে দেড় মাইল দূরবর্ত্তী স্থানে হঠাৎ পশ্চাৎভাগ হইতে একটি মোটরকার আসিয়া মোটরবাস হইতে আগে চলিয়া যাইবে বলিয়া চেষ্টা করিতেছিল। হঠাৎ যে টমটম নিকটবর্ত্তী আসিয়া পড়ায় প্রাইভেট কারের সহিত সংঘর্ষণ হইয়া যায় ও যে টমটম উল্টাইয়া যায়। মোটর-বাসের ভিতর যে সমস্ত যাত্রী ছিল তাহা-দের মধ্যে একজনের তৎক্ষণাৎ মৃত্যু হয়, অন্যান্য যাত্রীরা জখম হইয়াছে। কিন্তু মোটরবাসের ড্রাইভার বুদ্ধিমান ছিল, সে তৎক্ষণাৎ মোটর-ইঞ্জিন বন্ধ করিয়া দেয়। পরে দারোগাসাহেব কয়েকজন পুলিশসহ ঘটনাস্থলে আসিয়া উপস্থিত হন। আহত ব্যক্তিগণের নিকট হইতে জবানবন্দী লন ও তাহাদের হাসপাতালে প্রেরণ করেন।

যতীনসেনের ৬মাস কারাদণ্ড

জোড়াবাগানের ৪র্থ প্রেসিডেন্সি ম্যাজিষ্ট্রেটের আদালতে পিকেটিং অর্ডিন্যান্সে ধৃত শ্রীযুক্ত যতীনসেনের প্রেসিডেন্সি কলেজের গেটে পিকেটিং করিবার অপরাধে ৬ মাস কারাদণ্ডের আদেশ হইয়াছে।

বিবিধ সংবাদ

কংগ্রেস সেক্রেটারী ও কর্মী গ্রেপ্তার

চিকলি কংগ্রেস কমিটীর এবং আইন অমান্য পরিষদের সেক্রেটারী শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ ঘটক চৌধুরী ফরিদপুর কর্মীগণ দণ্ডবিধি আইনের ১০৭ ধারা মতে ধৃত হইয়াছেন।

টাঙ্গাইলের সংবাদে প্রকাশ মদের দোকানে পিকেটিং করার জন্য ১৫ জন স্বেচ্ছাসেবক ধৃত হইয়াছেন। আরও জানা যায় যে পুলিশের আক্রমণের ফলে তাহাদের অনেকেই আঘাত প্রাপ্ত হন। পরে অধিক রাত্রিতে তাহাদিগকে ছাড়িয়া দেওয়া হয়।

কাশিয়াটিতে পিকেটিং অর্ডিন্যান্স অনুসারে ৭ জন স্বেচ্ছাসেবক ধৃত হন। ইহাদের মধ্যে কাশিয়াটী কংগ্রেস কমিটির সেক্রেটারী শ্রীযুক্ত কেশবমোহন চক্রবর্ত্তী ছিলেন। পুলিশ গ্রেপ্তার করিয়া তাহাদিগকে লইয়া আসে এবং তাহারা বর্ত্তমানে হাজতে আছেন।

প্রকাশ যে তাহার আইন অমান্য পরিষদের সেক্রেটারী শ্রীযুক্ত অন্নদাচরণ চক্রবর্ত্তী এবং বাবু জ্ঞানেন্দ্রনাথ সমাদ্দার সদরপুরে একটী বৃহৎ সভা করিয়া যখন ফিরিতেছিলেন তখন তাহাদিগকে আইন অমান্য অর্ডিন্যান্সের ১০৮ ধারা অনুসারে গ্রেপ্তার করে। তাহাদিগকে গ্রেপ্তার করিয়া ফরিদপুর আনা হইয়াছে এবং আগামী ২১শে আগষ্ট তাহাদের বিচার হইবে।

করপোরেশনে সুরেন্দ্রনাথের স্মৃতিতর্পণ

আজ দীর্ঘ ৫ বৎসর হইতে চলিল সুরেন্দ্রনাথের স্মৃতিতর্পণ হইয়া আসিতেছে। বাংলার নেতা, বাঙ্গালীর দেশাত্মবোধ জাগাইবার একমাত্র কর্ণধার সুরেন্দ্রনাথ আজ নাই। যখন বাংলার নেতৃবৃন্দের কালনেমির সঞ্চার হইয়াছিল, যখন বাংলার সম্পূর্ণ বিদ্যমান যুগ ছিল, যখন বাঙ্গালী দেশ ও নিতান্ত অকর্ম্মণ্য জীবন যাপন করিত তখন ধনবী, পরদুঃখে দুঃখী সুরেন্দ্রনাথ তাঁহার সুখসম্পদ ত্যাগ করিয়া জনসমাজের সম্মুখে আসিয়া দাঁড়াইলেন। সেইদিন তেজস্বী সুরেন্দ্রনাথ তাঁহার অদ্ভুত বাগ্মিতার দ্বারা সমস্ত দিককে মুখরিত করিয়াছিলেন। বাঙ্গালী তাঁহার স্বভাবগত জড়তা ত্যাগ করিয়া বিপুল কর্মক্ষেত্রে অবতীর্ণ হইলেন। সমস্ত জাতি নব জীবনের সাড়া পাইল। প্রবল বাধা বিঘ্ন সুরেন্দ্রনাথকে টলাইতে পারিত না। তাঁহার প্রাণপণচেষ্টায় সমস্ত বিপদ মিঘের ভিতরে অপসারিত হইত। সেইদিন বাংলার ঘরে ঘরে সুরেন্দ্রনাথের অবাধ্য গতি পাইয়াছিলেন। কলিকাতা করপোরেশনের জন্মদাতা সুরেন্দ্রনাথ। এই প্রতিষ্ঠানের ভিতর দিয়া তিনি কত সেবা করিয়াছেন তাহা কাহারও আজ অবিদিত নাই। যদিও কালের কঠোর নীতি উপেক্ষা করিতে পারে না তথাপি আমরা বলিব বাঙ্গালীর প্রাণে সুরেন্দ্রনাথের স্মৃতি জাগরূক হউক।

গাইবান্ধা বয়কেশ

১১ই আগষ্ট প্রত্যূষে পুলিশ গাইবান্ধা বয়কেশ উপলক্ষে বড়বাজারে ১৯ নং বাড়ীতে খানাতল্লাস করে। শচীন্দ্রনাথ নামে একটি যুবককে গ্রেপ্তার করা হয়। তিনি সেন্ট্রেপিটার্স কলেজে বি, এস-সি এর প্রথম বার্ষিক শ্রেণীতে পড়িতেন। কলিকাতা হইতে তাঁহাকে রংপুরের জেলে চালান করা হয়।

ইংলো চায়না সাম্প্রদায়িক হাঙ্গামায় ১২ জনের প্রাণদণ্ডের আদেশ

শান্তি হইতে প্রকাশ যে গত সাম্প্রদায়িক দাঙ্গা উপলক্ষে ১২জন লোকের উপরে প্রাণদণ্ডের হুকুম হইয়াছে। হত্যা ও অগ্নিসংযোগ করিবার অপরাধে সরকার তাহাদের উপরে এই শাস্তির ব্যবস্থা করিয়াছেন। ১০০ জনের দ্বীপান্তরের আদেশ হয় এবং বাকী কয়েকজনকেও শাস্তি দেওয়া হয়।

প্রিভিকাউন্সিলে আপীল

ইণ্ডিয়া ডেলি মেল বিশ্বস্তসূত্রে জানাইতেছেন যে গত সোলাপুর দাঙ্গা উপলক্ষে যাহাদিগের উপর মৃত্যুদণ্ডের আদেশ হইয়াছে পরিষদ তাহাদিগকে প্রিভিকাউন্সিলে আপীল করিবার জন্য পরামর্শ দিয়াছেন।

কারাগারকে ভয় করি না

বাবু চণ্ডীচরণ সেন, নগেন্দ্রবিজয় ভট্টাচার্য্য, শীতলচন্দ্র মুখার্জ্জী ১২ই আগষ্ট ভোরে রেলযোগে বরিশালে পৌছিয়াছেন। বহুসংখ্যক মহিলা ও স্বেচ্ছাসেবক বন্দেমাতরম্ ধ্বনির সহিত পুষ্পমাল্যের দ্বারা তাহাদিগকে অভিনন্দন করেন। কারামুক্ত বনীরকুমার বাবুর মাতা বলেন যে আমার বড় ছেলে ৭ বৎসরের জন্য জেল ভোগ করিতেছে ও দ্বিতীয় পুত্র পিকেটিং করিবার অপরাধে গ্রেপ্তার হইয়াছেন সুতরাং এখন আমি জেলকে মোটেই ভয় করি না। এ যাবৎ বরিশাল জেলায় ৪৯৫ জন স্বেচ্ছাসেবক গ্রেপ্তার হইয়াছেন।

৫ জন মহিলা গ্রেপ্তার

গত ১১ই আগষ্ট বড়বাজারে বিদেশী বস্ত্রের দোকানে পিকেটিং করিবার অপরাধে পুলিশ ৫ জন মহিলাকে গ্রেপ্তার করেন এবং ঐদিনই যে কয়েকজন মহিলাকে গ্রেপ্তার করিয়াছিলেন তাহাদিগকে ছাড়িয়া দেওয়া হইয়াছে।

অর্ডিন্যান্সে গ্রেপ্তার

১০ই আগষ্ট সোনাপাড়ায় ৯ জনকে অর্ডিন্যান্স আইন অনুসারে গ্রেপ্তার করা হয়। তাহার মধ্যে ৩ জনের বিনাশ্রম কারাবাসের আদেশ হইয়াছে, আর ৩ জনকে মুচলেকায় পুনরায় আটক করিয়া ছাড়িয়া দেওয়া হইয়াছে।

চোরের অদ্ভুত কীর্ত্তি

আলিপুরের ডেপুটী ম্যাজিষ্ট্রেটের বিচারে বটুয়া নামক জনৈক চোরের অনধিকার গৃহপ্রবেশের অপরাধে ৪ মাসের সশ্রম কারাদণ্ড হইয়াছে।

প্রকৃত ঘটনা এই যে, উক্ত আসামী একদিন ফরিয়াদী ঈশ্বর দাসের বাটীতে যায়। ঐ সময় ঈশ্বর দাস টাকা গুণিতেছিলেন। আসামী উঁকি দিয়া দেখিল যে ঈশ্বর টাকাগুলি আবার পকেটে রাখিয়া জামাটি বালিশের তলায় গুঁজিয়া রাখিলেন। সেইদিন মধ্য রাত্রিতে আসামী গোপনে ঐ বাটীতে প্রবেশ করে এবং বালিশের তলা হইতে জামাটি টানিয়া লইতে প্রয়াস পায়। এমন সময়ে ঈশ্বরের নিদ্রাভঙ্গ হয়। ঈশ্বর উঠিয়া বসিতেই আসামী তাহাকে ছুরি দেখায়। ঈশ্বর চীৎকার করিয়া উঠিল। চীৎকার শুনিয়া বাড়ীর লোকেরা তখনই ঐ ঘরে আসিয়া উপস্থিত হয়। আসামী বেগতিক দেখিয়া ঘরের এক কোণে যাইয়া উপবেশন করে এবং ছুরি দ্বারা নিজের গলার খানিকটা কাটিয়া ফেলে। সে পুলিশের হাত এড়াইবার অভিপ্রায়ে ঐরূপ কর্ম করিয়াছিল বলিয়া প্রকাশ।



আয়ুর্ব্বেদীয়

মদন মঞ্জরী

বটিকায় বল ও বাধুবিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, অজীর্ণে অনুপান, বহুমূত্র, মাথাঘোরা, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি সকল প্রকার বিকারের আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ৪০ বটি ১৲ এক টাকা।

"অপূর্ব্ব সন্তানারিষ্ট ঘৃত"

পুরুষত্বহীন রোগে বাজপ্রয়োগ করিয়া আরোগ্য করিয়া থাকে। মূল্য ৫ তোলা ১৲ টাকা।

"স্বর্ণবিলাসিনী বটিকা"

বীর্য্যধারণ শক্তি স্তোমনাশক স্থায়ী ও বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ১০ বটি ১৲ এক টাকা।

রাজবৈদ্য নারায়ণজী, কেশবজী

১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের তোলা শিশি বাদাম তৈল

খাঁটি ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্ব্বত্র পরীক্ষিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী J. B. Datta & Co. নাম খোদা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জোয়াচোরগণ কমদরের খারাপ তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত

ফেরাস কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আইরন, হাইড্রোক্লোর কুইনিন, আর্সেনিক এবং ষ্ট্রিকনিন আছে।

এই ফেরাস-কুইনিন্ দ্বারা ইন্‌জেক্‌সন করিলে একটী বা দুইটী ইন্‌জেক্‌সনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং দেহ হইতে বারটী ইন্‌জেক্‌সনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া

৬ এম্পুলপূর্ণ প্রতি বাক্স—মূল্য ২৲, ডজন ৭৲ টাকা

বাইও-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরীতে

২৯।১ কলুটোলা লেন, কলিকাতা

ভক্তিশাস্ত্রী ও সম্প্রদায়-বৈষ্ণবাচার্য্য পরীক্ষা

"ভক্তিশাস্ত্রী" ও "সম্প্রদায়-বৈষ্ণব আচার্য্য" পরীক্ষার দিন যথাক্রমে আগামী ২০শে আশ্বিন, ১৩৩৭, ইং ৭ই অক্টোবর, ১৯৩০ মঙ্গলবার এবং ২১শে আশ্বিন ৮ই অক্টোবর বুধবার ধার্য্য হইয়াছে। পরীক্ষার স্থান — কলিকাতার বাগবাজারস্থ শ্রীগৌড়ীয় মঠে। পরীক্ষার্থিগণ অনুমতিলাভের জন্য এখনই গৌড়ীয়মঠাধ্যক্ষের নামে নিম্নলিখিত ঠিকানায় আবেদন করুন।

শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ
(ভাগবতরত্ন, ভক্তিশাস্ত্রী, আচার্য্যত্রিক)
পোঃ শ্রীধাম মায়াপুর,
নদীয়া

পরীক্ষা প্রদানের উপযোগিতা

ভক্তিশাস্ত্রী পরীক্ষা

"ভক্তিশাস্ত্রী"র অর্থাৎ ভক্তিভাবে গৌরবাণী-বিনোদ-সেবার অধিকার বা যোগ্যতা লাভের জন্য যে পরীক্ষা, তাহাই 'ভক্তিশাস্ত্রী' পরীক্ষা। প্রকৃতজন্য অচেতন-ভোগ-গর্ব্বিত কর্ম্মী জ্ঞান-কামী-প্রতিষ্ঠাদি ভোগপাত্র নিরস্ত করিয়া বাস্তব বস্তুতে শ্রদ্ধা-উৎপাদক এই পরীক্ষা জাগতিক মহাপণ্ডিত ও মহামূর্খ উভয়েরই পক্ষে সমভাবে প্রয়োজনীয়। সদ্গুরুর ভক্তক বৈষ্ণবে শ্রদ্ধাই উহার প্রবেশ-মূল্য।

সম্প্রদায়-বৈষ্ণব আচার্য্য পরীক্ষা

যাঁহারা শুদ্ধভক্তি-আচার-প্রচার-বৈচিত্র্যঅভিজ্ঞ হইতে, বিশেষতঃ মঠ-মন্দিরের যেরূপ ভাবে শুদ্ধভক্তি-সূর্য্যের উদয়কাল, পূর্ব্বাহ্ণ, মধ্যাহ্ন, অপরাহ্ণ ও অস্তগমন-বিষয়ে স্থান, কাল ও পাত্রগত বৈচিত্র্য অনভিজ্ঞ, তাঁহাদিগকে অভিজ্ঞ করিবার নিমিত্তই এই শুদ্ধভক্তি-সম্প্রদায়-বৈষ্ণব পরীক্ষার প্রবর্ত্তন। শ্রদ্ধা-বৃদ্ধির সহিত পূর্ব্ব মহাজন এবং তদনুবর্ত্তীর প্রতি নিষ্ঠা—কৃষ্ণনাম, কৃষ্ণধাম ও কৃষ্ণদাস-সেবায় নিষ্ঠাই পরীক্ষার্থীর যোগ্যতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ
।০।

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর—১লা ভাদ্র সোমবার—১৩৩৭

(১)

শ্রীগৌড়ীয় মঠে ভক্তিশাস্ত্রী ও সম্প্রদায়বৈষ্ণব আচার্য্য-পরীক্ষার সময়-নির্দ্দেশ

(২)

(ক) মহানুভব বৈষ্ণবের চিত্ত কৃষ্ণকার্ষ্ণ-প্রীতির অনুকূল বিষয়-গ্রহণকালে পুষ্প অপেক্ষাও কোমল এবং প্রতিকূল বিষয়-বর্জ্জন-কালে বজ্র অপেক্ষাও কঠোর-ভাবাপন্ন

(খ) শ্রীশ্রীমহাপ্রভুর দাক্ষিণাত্যবিজয়-কালে তাঁহার বিরহ-কাতর সার্ব্বভৌমকে পরিত্যাগ করিয়া যাইবার লীলা জীবকে মায়াত্যাগে কঠোরতা শিক্ষা প্রদানার্থ

(গ) অনন্ত সার্ব্বভৌম বদ্ধজীবের ন্যায় মহাপ্রভুর কৃষ্ণাবেশ-লীলার বিস্তারক না হইলেও তাঁহার ন্যায় প্রিয়জনকেও পরিত্যাগ পূর্ব্বক মহাপ্রভু কৃষ্ণসেবকের কৃষ্ণসেবার গুরুত্ব-বিচার সম্বন্ধে আদর্শ স্থাপন করিলেন

(৩)

বদ্ধজীবের কৃষ্ণাবেশ-মুখেই বিপ্রলম্ভরসের আস্বাদন সম্ভব হয়, পার্থিববস্তুর বিয়োগ-হেতু তদনুসন্ধান-মুখে যে বিরহ, তাহার সহিত কৃষ্ণাবেশ-মূলক বিরহ কখনও এক করিতে হইবে না

(৪)

ঢাকা শ্রীমাধ্বগৌড়ীয় মঠে ঝুলনোৎসব; বিরাজবাবুর আদর্শ সেবা

বৈষ্ণবের চিত্ত কোমল ও কঠিন উভয়বিধ স্বভাব-বিশিষ্ট

পণ্ডিতপ্রবর ও আদর্শ গৃহস্থ ভক্ত শ্রীল সার্ব্বভৌম ভট্টাচার্য্য প্রভুকে সস্নেহ আলিঙ্গন করত গৃহে থাকিয়া কৃষ্ণ ভজন করিবার উপদেশ দিয়া শ্রীশ্রীগৌরাঙ্গসুন্দর দক্ষিণ-দেশাভিমুখে গমন করিলে পর শ্রীল ভট্টাচার্য্য প্রভু মূর্চ্ছিত হইয়া ভূমিতে পড়িয়া গিয়াছিলেন। ভট্টাচার্য্য প্রভুর ঐরূপ মূর্চ্ছিত অবস্থা দেখিয়া শ্রীশ্রীগৌরাঙ্গসুন্দর মহানুভবের চিত্তের স্বভাব প্রদর্শন-ছলে ক্ষণকালের জন্যও দক্ষিণযাত্রা স্থগিত রাখেন নাই, বরং তাঁহাকে উপেক্ষা করিয়া চলিয়া যাইবার লীলা দেখাইয়াছিলেন, যথাহি শ্রীচৈতন্যচরিতামৃতের মধ্য ৭ম অধ্যায়ে,—

অঙ্গীকার করি প্রভু তাঁহার বচন।
তাঁরে বিদায় দিতে তাঁরে কৈল আলিঙ্গন॥
ঘরে কৃষ্ণ ভজি' মোরে করিহ আশীর্ব্বাদে।
নীলাচলে আসি যেন তোমার প্রসাদে॥
এত বলি মহাপ্রভু করিল গমন।
মূর্চ্ছিত হৈয়া তাহাঁ পড়িলা সার্ব্বভৌম॥
তাঁরে উপেক্ষিয়া কৈল শীঘ্র গমন।
কে বুঝিতে পারে মহাপ্রভুর চিত্ত-মন॥
মহানুভাবের চিত্তের স্বভাব এই হয়।
পুষ্পসম কোমল কঠিন বজ্রময়॥

২। বহু জীবের উদ্ধার-কল্পে শ্রীশ্রীগৌরাঙ্গসুন্দর দক্ষিণ দেশে যাইবার ইচ্ছা করিয়াছিলেন। শ্রীল সার্ব্বভৌম ভট্টাচার্য্য প্রভুকে যখন তিনি উদ্ধার করিয়াছেন, তখন তাঁহার নিকট আর অধিক কাল থাকা নিষ্প্রয়োজন বিধায় শ্রীশ্রীগৌরাঙ্গসুন্দর তাঁহাকে মূর্চ্ছিত দেখিয়াও চলিয়া যাইতে পশ্চাৎ-পদ হন নাই। জীবোদ্ধার-পরায়ণ ভগবান্ বা মহাভাগবতগণের চিত্তের গতি সাধারণ-শ্রেণীর অজ্ঞ মানবকুল বুঝিতে অক্ষম। অজ্ঞগণ যদি মনে করেন যে, শ্রীল সার্ব্বভৌম প্রভুকে মূর্চ্ছিত অবস্থায় ত্যাগ করায় শ্রীশ্রীগৌরাঙ্গসুন্দরের ব্যবহার নিষ্ঠুর ব্যক্তির ন্যায় হইয়াছিল, তাহা হইলে তাঁহারা শ্রীশ্রীগৌরাঙ্গসুন্দরের চরণে অপরাধযুক্ত হইবেন। অজ্ঞদিগকে অপরাধ হইতে রক্ষা করিবার অভিপ্রায়ে শ্রীচৈতন্যচরিতামৃত-গ্রন্থকার শ্রীল কবিরাজ গোস্বামী প্রভু অকৃত্রিম নিম্নলিখিত শ্লোকটীকে উদ্ধার করিয়া জানাইয়াছেন যে, অলৌকিক পুরুষদিগের চিত্তগুলি বজ্র অপেক্ষা কঠিন, আবার কুসুম অপেক্ষা মৃদু, অতএব তাহা বুঝিবার যোগ্য হয় না:—

"বজ্রাদপি কঠোরাণি মৃদূনি কুসুমাদপি।
লোকোত্তরাণাং চেতাংসি কো হি
বিজ্ঞাতুমীশ্বরঃ॥"

শ্রীশ্রীগৌরাঙ্গসুন্দর সাক্ষাৎ ভগবান্। ভগবান্ হইয়াও তিনি যে লীলা দেখাইয়াছেন, তাহা অলৌকিক। সুতরাং তাঁহার লীলার ভিতর যে সমুদয় শিক্ষা পরিস্ফুট হইয়াছে, তাহা আমাদিগের পালনীয়। যদি আমরা ঐ সমুদয় শিক্ষাকে অনাদর করি, তাহা হইলে মায়াশক্তি আমাদিগকে গ্রাস করিয়া ত্রিতাপে দগ্ধ করিতে থাকিবে। মূর্চ্ছিত অবস্থায় শ্রীল সার্ব্বভৌম প্রভুকে পরিত্যাগ করা-কালে শ্রীমদ্গৌরাঙ্গসুন্দর যেরূপ বজ্রের ন্যায় কঠিনতার ভাব দেখাইয়াছিলেন, সেই শিক্ষায় শিক্ষিত হইলে অনায়াসে কৃষ্ণভজনে উত্তরোত্তর লাভ করিতে সমর্থ হইতে পারি। সংসারে বাস-কালে মায়া আমাদিগকে নানা প্রকারে ভক্তিপথ হইতে ভ্রষ্ট করিতে চাহে। ভক্তিপথের বিরোধী যে সমুদয় অসৎ বৃত্তি আমাদিগের হৃদয়ে ফুটিয়া উঠে, তাহারা মায়ার অনুচর। কৃষ্ণ-সেবাই কর্ত্তব্য—এইরূপ বজ্র-কঠোর ভাব দ্বারা মায়িক চাঞ্চল্যের হাত হইতে নিষ্কৃতি লাভ করিতে হয়। মায়িক চাঞ্চল্যকে তাড়াইবার কালে যে প্রকার বল প্রয়োগ করিতে হয়, তখনও যদি কেহ সাধককে নিষ্ঠুর বলেন, তাহাতে কর্ণপাত করিতে নাই। যদি কেহ বলেন যে, অসতের আত্মীয় স্বজনকে অসৎ সম্বোধনে পরিত্যাগ করা নিষ্ঠুরতা বা তাঁহাদের কুপরামর্শমত বাক্য পালন না করা নীতিবিরুদ্ধ, তাঁহাকে ঐরূপ বলিতে দেওয়ায় কোন আপত্তি নাই। কিন্তু তাঁহার বাক্যানুসারে বিচলিত না হইয়া কৃষ্ণকার্ষ্ণের সেবায় অকপটে নিযুক্ত থাকা একান্ত আবশ্যক। যে সকল ব্যক্তি স্বজনাভিমানী আত্মীয়গণের চাটুবাক্যে মুগ্ধ হইয়া কৃষ্ণ-কার্ষ্ণ-সেবায় ঔদাসীন্য দেখাইতে থাকে, মায়ার অনুচরগণ তাহাদিগকে দুর্গতি দিতে পারেন, কিন্তু

অন্ধ জগদগুরুগণ তাহাদিগকে মায়াবী-বাদে দুষ্ট করিয়া থাকেন। যখন যে প্রকার কৃষ্ণ-কার্ষ্ণ-সেবার সুযোগ উপস্থিত হয়, তখন নিষ্কপটচিত্তে সেবাপরায়ণ হইয়া গুরুর সেবায় যিনি নিযুক্ত হইতে পারেন, তিনি ধীরে ধীরে শ্রীশ্রীগুরুদেবের কৃপায় অগ্রসর হইয়া বলীয়ান হইতে থাকেন, তাহা সত্য। ইহাই ভগবদ্‌প্রাপ্তির একমাত্র উপায়। তাই উপনিষদে উক্ত হইয়াছে, "নায়মাত্মা বলহীনেন লভ্যঃ"। হে সংকীর্ণ-বুদ্ধিগণ, আপনারা কি মনে করেন শ্রীশ্রীমন্‌ গৌরসুন্দর-প্রদর্শিত ভক্তির শ্রীল সার্বভৌম ভট্টাচার্য্য প্রভুকে তাঁহার লীলায় সুগভীর অর্থ বুঝিয়া জীবনকে ধন্য করিতে সমর্থ হইবেন না??

বদ্ধজীবের কৃষ্ণান্বেষণ-মুখে পরমমধুর বিপ্রলম্ভ-রসের আস্বাদন

শ্রীচৈতন্য-চরিতামৃতের অন্ত্য-১৪শ অধ্যায়ে ১৪শ সংখ্যক পয়ার যথা, "রাধিকার ভাবে প্রভু সদা অভিমান। সেই ভাবে আপনাকে হয় রাধা-জ্ঞান॥" এখানে সদা-অভিমান শব্দের অর্থ সর্ব্বদা অপ্রাকৃত সেবক অভিমান। সম্ভোগময় কৃষ্ণভাবে অবস্থিত হইলে বিপ্রলম্ভাত্মক সর্ব্বোৎকৃষ্ট-রসের আস্বাদন এ জগতে সর্ব্ব-জীবকে তাহা বিতরণ-রূপ উদ্দেশ্যসিদ্ধির বাধা হয় বিবেচনায় শ্রীকৃষ্ণ শ্রীগৌরসুন্দর-রূপে ধরায় অবতীর্ণ হইয়া সর্ব্বদা আপনাকে শ্রীমতী রাধিকা জ্ঞানে কৃষ্ণান্বেষণ-মুখে দিবা-বিরহোন্মাদ-চেষ্টাসকল প্রকট করিলেন। অতএব সম্ভোগ-রস-পিয়াসী বিপ্রলম্ভ-ভাবগত পরম মধুর রস আস্বাদনের যাঁহারা পক্ষপাতী, তাঁহাদিগকে শ্রীগৌরসুন্দর-প্রদর্শিত কৃষ্ণান্বেষণের ধারায় অভ্যস্ত হইয়া থাকিতে হইবে, মন ও বাক্যের দ্বারা সর্ব্বদা ভজনশীল সখীর আনুগত্যে রত থাকিতে হইবে, নচেৎ পরম মধুর বিপ্রলম্ভ-ভাবগত রস আস্বাদনের সম্ভাবনা নাই।

২। কংসবধার্থে কৃষ্ণ মথুরায় চলিয়া গেলে যদিও ব্রজবাসীগণ সকলেই তাঁহার অদর্শনে বিরহব্যথা অনুভব করিয়াছিলেন, তথাপি পূর্ব্বরাগ কৃষ্ণপ্রেম-পরায়ণা গোপিকা-গণ যেরূপ দগ্ধ হৃদয়ে ব্যথিত হইয়াছিলেন, তাহা ভাষায় বর্ণিত হইতে পারে না। ইহা হইতে অনুমিত হইতেছে যে, গোপিকাগণের প্রেম সর্ব্বাধিক গাঢ়। গোপিকাগণের মধ্যে শ্রীমতী রাধিকা সর্ব্ব-প্রধানা এবং তিনি অধিকতর বিরহ-বেদনানুভব করিয়াছিলেন। সুতরাং স্বীকার করিতে হয় যে, তাঁহার তুল্য কৃষ্ণকে অপর কেহ ভালবাসিতেন না। সুতরাং শ্রীমতী রাধিকার কৃষ্ণপ্রেম সর্ব্বোৎকর্ষপ্রাপ্ত। শ্রীকৃষ্ণ যেজন্য মথুরা গিয়াছিলেন, সেহেতু শ্রীমতী রাধিকা একদিকে যেমন দুঃখী—আর শ্রীকৃষ্ণের সেবা সুচারুভাবে করিতে পারিতেছেন না ভাবিয়া অপরদিকে তেমন দুঃখী। একাধারে সুখ ও দুঃখমিশ্রিত বিপ্রলম্ভ রসের পূর্ণমাত্রায় আস্বাদন শ্রীমতী রাধিকাই করিয়াছিলেন। এমন কি বিপ্রলম্ভরসের চমৎকারিতা এত অধিক যে, রসিকশেখর শ্রীকৃষ্ণ পর্য্যন্ত তাহা আস্বাদনের জন্য লোলায়িত হইয়া শ্রীগৌরসুন্দর রূপ ধারণপূর্ব্বক আপনাকে শ্রীমতী রাধিকা জ্ঞান করতঃ কৃষ্ণ বিরহে তৎপর হইতে বাধ্য হইয়াছিলেন।

৩। শ্রীকৃষ্ণ জীবমাত্রেরই পরম প্রিয়-তম। বদ্ধজীবসমূহ যখন তাঁহার সাক্ষাৎ-কার পাইতেছেন না, তখন তাঁহাদিগের উচিত শ্রীগৌরসুন্দরের প্রদর্শিত পথে কান্ত-রূপী শ্রীকৃষ্ণের অন্বেষণে বিশেষভাবে যত্নশীল হওয়া। বহু নরনারী স্ত্রী বা পুরুষদেহের অভিমান ও তজ্জন্য দেহাভিমানগত ভোগ বা ত্যাগমূলক চেষ্টা শিথিল করতঃ স্বাভাবিক আত্মস্বরূপগত রাধাদাস্যসূচক ভাবে নিবিষ্ট হইয়া নিজ নিজ যূথেশ্বরীর আদেশানুসারে কৃষ্ণান্বেষণ করিতে থাকিলে ক্রমশঃ বিপ্রলম্ভরসের উদয় হইয়া জীবনকে মধুময় করিয়া ফেলিবে। এই মধুরস আস্বাদন করিবার উদ্দেশ্যে গৌরজীবের ধরাতলে আগমন ও শ্রীগৌরসুন্দরলীলার অভিনয় হইয়াছে।

শ্রীমাধব-গৌড়ীয়মঠে শ্রীশ্রীকৃষ্ণের ঝুলনযাত্রা-মহোৎসব

(আচার্য্যবর্য্য ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তি-সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের অহৈতুকী কৃপায় পৃথিবীর সর্ব্বত্র শ্রীচৈতন্যবাণী প্রচারের নিমিত্ত ভারতের বহুস্থানে প্রচার কেন্দ্র স্থাপিত হইয়াছে ও হইতেছে। পূর্ব্ববঙ্গে কয়েকটী প্রচারকেন্দ্র আছেন, তন্মধ্যে ঢাকা নগরীতে শ্রীমাধব-গৌড়ীয় মঠের কথা অনেকেই জানেন।) আজ্ঞাদিত, সঙ্কুচিত ও মুকুলিত চেতনের চকুনি পুনরায় দিবা বিকশিত এবং পূর্ণ-বিকশিত করিয়া দিবার নিমিত্ত অর্থাৎ বদ্ধজীবগণকে নিত্য কৃষ্ণসেবায় নিযুক্ত করিবার জন্যই আচার্য্যঠাকুরের এই অভিসন্ধি। তাই আজ আচার্য্যসেবকগণ তৃণাদপি সুনীচ, তরু অপেক্ষা সহিষ্ণু, অমানী ও মানদ হইয়া সমগ্র শ্রীচৈতন্যবাণী প্রচার করিতেছেন এবং শ্রীচৈতন্যদেবের ইচ্ছাক্রমে বিভিন্ন মঠে বিভিন্ন মহোৎসবাদির অনুষ্ঠানও হইয়া থাকে। গত ২০শে শ্রাবণ মঙ্গলবার হইতে ২৪শে শ্রাবণ শনিবার পর্য্যন্ত শ্রীমাধবগৌড়ীয় মঠে শ্রীশ্রীকৃষ্ণের ঝুলনযাত্রা-মহোৎসব অনুষ্ঠিত হইয়াছে।

সুসজ্জিত কক্ষে শ্রীবিগ্রহ

বিচিত্রোপরি বিভিন্ন বর্ণের বৃক্ষ, লতিকা ও পুষ্পমাল্যাদিদ্বারা পরিশোভিত কক্ষে দিব্য সিংহাসনোপরি শ্রীশ্রীগৌর-বিনোদকান্ত জিউর শ্রীমূর্ত্তি এবং তাঁহার নিম্নদেশীতে শ্রীশ্রীগুরুবর্গের শ্রীমূর্ত্তি পূজিত হইতেছেন। মঠের ভিতর বাহির সর্ব্বত্রই এবং সুসজ্জিত কক্ষ ও সিংহাসনটী বিরাজ বাবু বিভিন্নবর্ণের বৈদ্যুতিক আলোকমালা দ্বারা সজ্জিত করায় তাহার শোভা এক অপূর্ব্বভাব ধারণ করিয়াছিল। তাহার উপর শ্রীপাদ মাধব প্রভু ও পূর্ণানন্দ প্রভু শ্রীমঙ্গল প্রভু ও শ্রীশ্রীবিনোদকান্ত জিউকে ভাল ভাল বস্ত্রালঙ্কারাদির দ্বারা সাজাইয়াছিলেন। শ্রীবিগ্রহের অপূর্ব্ব ভুবনমোহন রূপ দর্শন করিয়া দর্শকগণ সকলেই মুগ্ধ হইয়াছেন এবং ভক্তগণ শ্রৌতবাণী কীর্ত্তন করিয়াছেন—"বংশীগানামৃত ধাম, লাবণ্যামৃত জন্মস্থান, যে না দেখে সে চাঁদ বদন। সে নয়নে কিবা কাজ, পড়ুক তার মুণ্ডে বাজ সে নয়ন রহে কি কারণ।"

প্রসাদ বিতরণ

এই কয়েক দিনই সন্ধ্যারাত্রিকের সময় হইতে রাত্রি প্রায় ১টা পর্য্যন্ত কি ধনী, কি নির্ধন, কি পণ্ডিত, কি মূর্খ, আবাল-বৃদ্ধ-বনিতা সংখ্য সংখ্য দলে দলে শ্রীবিগ্রহ দর্শন করিবার জন্য আসিয়াছেন। তাঁহারা সকলেই শ্রীমূর্ত্তি দর্শন করিয়া এবং শ্রীশ্রীমহা-প্রসাদ সেবা করিয়া ও মস্তকে ধারণ করিয়া জীবন ধন্য করিয়াছেন।

মঠসেবকগণের আদর্শ সেবা

দুনিয়ার লোক জগতে যত কিছু ভাল ভাল খাদ্য দ্রব্য আছে, বহুপ্রকার বহুমূল্য বস্ত্রালঙ্কারাদি আছে তাহা নিজে ভোগ করিবার জন্য এবং স্ত্রীপুত্রাদির ইন্দ্রিয়-তর্পণের জন্য সংগ্রহ করেন, কিন্তু এই সমস্ত বস্তুর ভোক্তা যে কৃষ্ণ, তাহা তাঁহারা জানেন না। তাই ব্রজ-মাধব-গৌড়ীয়মঠ-সেবকগণ আচার্য্যের আনুগত্যে থাকিয়া দ্রব্য সামগ্রীর নিকট পৌঁছাইয়া দিবার জন্য প্রতি দ্বারে দ্বারে ভিক্ষুকের বেশে ভিক্ষার ঝুলি লইয়া ভ্রমণ করিয়া যাহা কিছু পান, তাহা শ্রীগুরুদেবের শ্রীহস্তে অর্পণ করেন। তিনি আবার তাহা শ্রীভগবানের পাদপদ্মে পৌঁছাইয়া দেন। উহারা ভোগোন্মুখ জীবকুলের অজ্ঞাত ভক্তমুখী প্রকৃতি সঞ্চিত হইয়া থাকে, যাহার ফলে তাঁহাদের সাধুসঙ্গ লাভ হয় এবং সাধুগণের শ্রীমুখ-বিগলিত নিষ্কপটী কৃষ্ণকথামৃত শ্রবণ করিয়া ক্রমে ক্রমে শ্রদ্ধা, রতি, ভক্তি প্রভৃতি উদিত হইয়া থাকে। এই মহোৎসব উপলক্ষে মঠসেবকগণ সকলেই দিবারাত্র কায়মনোবাক্যে অক্লান্ত পরিশ্রম করিয়া মহোৎসবটী সুষ্ঠুরূপে সুসম্পন্ন করিয়াছেন। তন্মধ্যে শ্রীপাদ হরি-বিনোদ ব্রহ্মচারী, পূর্ণানন্দ ব্রহ্মচারী, মাধবানন্দ ব্রহ্মচারী, শ্রীপাদ কৃষ্ণচরণ ব্রহ্মচারী, শ্রীপাদ নবযোগেন্দ্র ব্রহ্মচারী প্রভৃতির সেবা-পারিপাট্য বিশেষ উল্লেখযোগ্য।

বিরাজ বাবুর সেবাপ্রাণতা

মনোমোহন প্রেসের অধ্যক্ষ পরম-ভাগবত শ্রীযুক্ত বিরাজ মোহন দে মহাশয় নিয়তই অবস্থান করিয়া শ্রীমাধবগৌড়ীয় মঠকে সর্ব্বক্ষণ মস্তকোপরি ধারণ করিয়া রাখিয়াছেন। বলা বাহুল্য, বিশেষ ভাগ্যবান্‌ ব্যতীত এরূপ সুযোগ কাহারও লাভ হয় না। শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ গান্ধর্ব্বিকাগিরিধারীর সেবার সৌষ্ঠবের জন্য তিনি সর্ব্বদাই মুক্ত-হস্ত। কখন তিনি স্বর্ণালঙ্কারাদির দ্বারা শ্রীশ্রীগৌরবিনোদকান্ত জিউকে সজ্জিত করেন, কখন বিবিধ উপচারের দ্বারা পারিপাট্যের সহিত শ্রীভগবানের সেবা করেন, প্রতি বৎসর ২।১ খানি ভক্তিগ্রন্থ প্রকাশ করিয়া গ্রন্থ-ভাগবতের সেবা ও শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের সেবার জন্য বৈদ্যুতিক আলোক, পাখা প্রভৃতির সমস্ত ব্যয়-ভার গ্রহণ করিয়া থাকেন এবং শ্রীনামপরিক্রমায় সময় শ্রীনামসেবাও করেন। মোট কথা, হরি-গুরু-বৈষ্ণব সেবার জন্য তাঁহার সকল সময়েই বিশেষ উৎসাহ দেখা যায়। শ্রীশ্রীগুরুগৌরাঙ্গের কৃপায় তাঁহার আচার-প্রচারের উৎসাহ উত্তরোত্তর আরও বর্দ্ধিত হইতে থাকুক, ইহাই প্রার্থনা।

শ্রীধামযাত্রীর সুবিধা

ভাগীরথী গৌরপ্রেমে উচ্ছলিত হইয়া গৌরজন্মভূমি শ্রীধাম মায়াপুরের পাদদেশে কুলু কুলু ধ্বনিতে গৌরগুণগান করিতে করিতে প্রবাহিতা হইতেছেন। গৌর-জন্মভিটা শ্রীধাম মায়াপুরদর্শনার্থিগণ এই সময় অনায়াসে নবদ্বীপ ঘাট হইতে বরাবর নৌকায় আসিয়া গৌরজন্মভূমি শ্রীযোগপীঠ, শ্রীবাস-অঙ্গন ও শ্রীচৈতন্যমঠ দর্শন করিতে পারেন। ভাগ্যবান্‌ জনগণ শ্রীধামদর্শনের এমন অপূর্ব্ব সুযোগ হারাইবেন না। বর্ষাকালে শ্রীমতী প্লাবিত হইয়া শ্রীধাম-নবদ্বীপ এক অপূর্ব্ব শোভা ধারণ করেন। এই মনোমুগ্ধকর অপূর্ব্ব শোভা দর্শন করিয়া ভক্তের হৃদয় প্রেমে আপ্লুত হয়।

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত
বাঙ্গলা-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই স্বর্ণাক্ষরে অলঙ্কৃত। চতুর্থ সংস্করণ। বিস্তৃতবিষয়সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সনাতন ধর্ম্মশাস্ত্র বেদ, বেদান্ত, উপনিষৎ, গীতা, শ্রীমদ্ভাগবত স্মৃতি, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প লোকেরই ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

* * *

চতুর্থ সংস্করণ
সমগ্র বাঁধাই—২৲ দুই টাকা
আবাঁধা—১৸০ পৌনে দুই টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও অনিত্য সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? বর্ণ, সমাজ, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় শাস্ত্রানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য প্রমাণ খণ্ড

ভিক্ষা ৶০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নবটি দ্বীপ-সমন্বিত। এই নয় দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৩০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

ডবল ক্রাউন-র কাগজে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক ভজনকারীর কি প্রকার ভাবের উদ্গম হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

[illegible]

৷৵০
দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে পাণ্ডিত্যপূর্ণ অনুবাদ ও প্রাঞ্জল বিচার অতি সুন্দরভাবে লিখিত হইয়াছে। ইহা সাক্ষাৎ শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!
শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা /০ আনা

দেহ ও মনের চেষ্টা অনিত্যবস্তু লইয়া—ইহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন আর্ত্তির আবেদনভরী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। অষ্টম সংস্করণ প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড /০ এক আনা
প্রেমভক্তিচন্দ্রিকা— /০, নবদ্বীপশতক— /০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা /১০

আমরা প্রত্যহ নূতন অভাব ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য ও যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন্ বস্তু আমাদের নিত্য কল্যাণপ্রদ এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিকই কল্যাণের কল্পতরু; ইনি প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদানে

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয় সম্বলিত প্রায় ৫২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১।০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সাম্প্রদায়িক কোষগ্রন্থ

বিষয়ঃ—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। বিষ্ণুবৈষ্ণবসম্পর্কিত শ্রীধাম ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও প্রবন্ধসমূহের তাৎপর্য্য ও বিবরণ, ৫। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় আকরমূলে ব্যবহার তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ খণ্ড ৸৵০, ২য় খণ্ড ৸৵০, ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড ৷৵০. চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ—১ম খণ্ড ১৲ এক টাকা ২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই ষট্সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ ফর্ম্মার ৬৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমন্মধ্বাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা /০ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক-সূচী, বিষয়সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইল। প্রতি খণ্ড সাধারণ পক্ষে ৷৵০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ।৴০.

২। ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৪র্থ সংস্করণ) ৫৲
৩। গৌড়ীয়-গৌরব ৷৵০
৪। গৌড়ীয়-সাহিত্য ৶০
৫। ভজনরহস্য ৷০
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপ-শতকম্ (বাঁধা) ১
" " আবাঁধা ৸০
৭। [illegible] ৷০
৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৷০
আবাঁধা ১৸০
গীতার কেবল মূল-ভাষ্য ৷০
৯। [illegible] (যন্ত্রস্থ)
১০। বেদান্তসূত্রের সানুবাদ (রামানুজীয়) ॥০
১১। জৈবধর্ম্ম ২৲
১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৸৵০
ঐ বাঁধা ৸।
১৫। [illegible] ৶০
১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ৷৵০
১৭। গোস্বামী রঘুনাথ দাস অবাঁধা ৷৵০
বাঁধা ॥০
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৶০
২০। গীতমালা /১০
২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৶০
২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
২৩। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা দর্পণ ৷০
২৪। শরণাগতি, গীতাবলী, [illegible], প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্থপঞ্চক ও সদাচারস্মৃতিঃ মোট ৷৵০
২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও [illegible] ৶০
২৬। সাধনকণ্ঠমালা আবাঁধা ৷৵০
" " ॥০
২৭। সিদ্ধান্তদর্পণ ৶০
২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲
২৯। অর্থপঞ্চক ৷০
৩০। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা বাঁধা ১৲
আবাঁধা ৸০
৩১। মণিমঞ্জরী সানুবাদ ৷০
৩২। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০
৩৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট দ্বিতীয় সংস্করণ) ৫৲
৩৪। সানুবাদ শিক্ষাষ্টকম ৵০
৩৫। সটীক শিক্ষাদশকমূলম্ ৷০
৩৬। শ্রীসিদ্ধান্তসরস্বতী দিগ্বিজয় ৷০
৩৭। তত্ত্বমুক্তাবলী ও মায়াবাদশতদূষণী ৷০

[?]য় হতাশ হইবেন না

দৈব-প্রাপ্ত একমাত্র মহৌষধ, পনর দিনে যক্ষ্মা বা ক্ষয় কাশ সম্পূর্ণ আরোগ্য হইবে। বহু সহস্র রোগী মৃত্যুমুখ হইতে রক্ষা পাইয়াছেন। (গরীব রোগীদিগকে সমস্ত খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়।) বিস্তারিত জানিবার জন্য এক আনার টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র উকীল পোঃ বকাসী, জেলা বারিশাল।

নদীয়া জেলায় ও নিম্ন ঠিকানায় অনুসন্ধান করিতে পারেন—

ভাগবত প্রেসের ম্যানেজার শ্রীযুক্ত মহানন্দ ব্রহ্মচারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম, এ, কৃষ্ণনগর পোঃ, জেলা নদীয়া।

একখানি পত্র

.... আনন্দ সহকারে জানাইতেছি যে আমার মাতুলপুত্র কঠিন যক্ষ্মা রোগে আক্রান্ত হইয়াছিল এবং কলিকাতার বহু প্রসিদ্ধ ডাক্তার মহাশয়গণ জীবনের আশা একেবারে ত্যাগ করিয়াছিলেন, কিন্তু বাবু ক্ষিতীশচন্দ্র উকিল মহাশয়ের ঔষধ মাত্র ১৫ দিন ব্যবহার করিয়া সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছে।

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী
জমিদার, খালিয়া ফরিদপুর।

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, বহুমূত্র, স্বপ্নদোষ, পাকস্থলী সংক্রান্ত পীড়া, অম্ল এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, হাতক্ষা, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটার্স সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক মর্জিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটি ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১।০ টাকা মাত্র।

সোল এজেন্ট—ডাঃ ডি, ডি, হাজরা।
ফতেপুর, গার্ডেনরীচ পোঃ, কলিকাতা।
ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পদ্যসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোল্ড অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে টীটাগড়ের কাগজে ছাপা। ভিক্ষা—২।০ টাকা

৪৫৩ গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

পরমার্থিব্যক্তি মাত্রেরই একান্ত প্রয়োজনীয়

বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত

বাংলার ঘরে ঘরে বিরাজিত হউক

ভিক্ষা ৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর পোঃ (নদীয়া)

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম,এ, এফ,সি,এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে বহুদর্শিতার ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।
নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাসি, সর্দি, যক্ষ্মা, ক্ষয়রোগ, জ্বররোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্বপ্রকার দুর্বলতা নাশক আশ্চর্য পুষ্টিকর মহৌষধ যা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্বল্য, শুক্রহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও অজীর্ণ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপরাজেয় আশ্চর্যকারক রসায়ন

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত দুরারোগ্য রোগের মহৌষধ।
মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

যে যে জিনিষ বহুলোকের অন্তর স্পর্শ করিয়াছে

৫০ বৎসরের ক্রমোন্নতিই আপনাকে বিশ্বাস প্রদান করিবে

১। "অমৃতার্ণব অবলেহ"—এই অবলেহ সেবনে দূষিত-রক্ত পরিষ্কৃত হয়, শুক্র গাঢ় এবং বৃদ্ধি করে। দেহকে পরিপুষ্ট করতঃ বলিষ্ঠ এবং কান্তিযুক্ত করে। ইহা ব্যবহারে মস্তিষ্কের দুর্ব্বলতা দূর করতঃ শরীরের অস্বাভাবিক উত্তাপ হ্রাস করিয়া স্বাভাবিক করে। স্মৃতি ও ধারণাশক্তি পরিবর্দ্ধিত করে। পুরাতন গ্রহণীরোগে অব্যর্থ। কোষ্ঠকাঠিন্য নিবারণ করে এবং ক্ষুধা বৃদ্ধি করে। ইহার ২০ তোলা পূর্ণ প্রতি কৌটার মূল্য ২৲ দুই টাকা।

২। "শিশুসখা বটিকা"—শিশুদিগের যাবতীয় পীড়ার একমাত্র আশুফলপ্রদ মহৌষধ বলিয়া "শিশুসখা" নামে অভিহিত হইয়াছে। ইহা সেবনে শিশুদিগের যকৃৎ প্রভৃতি বিকারের জ্বর, কাসি, দুধতোলা, সর্দি, ক্রিমির দোষ ও অন্যান্য সর্ব্ববিধ ব্যাধি নিশ্চয়ই আরোগ্য হয়। সুস্থ শিশুরা ইহা সেবন করিলে রোগাক্রান্ত হইতে পারে না এবং তাহাদের দেহ সবল করে। মূল্যে ৩০০ বটিকার এক কৌটা ১৲ এক টাকা মাত্র।

—অন্যান্য ঔষধের বিবরণ—

জানিবার জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান :—আত্তর-নিগ্রহ ঔষধালয়, ২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

এখনও অপূর্ব্ব সুযোগ! পরে পাওয়া দুর্ঘট!

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম, এ প্রাজ (নাটোর)
মহোদয় কর্তৃক সঙ্কলিত।

৪৭ খানি অপূর্ব্ব-চিত্রে সমন্বিত।

বিশ্বকোষ-সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইঃ) মরোক্কো বাঁধা ১।০ ভিপিতে ২৲ দুই টাকা মাত্র

এই প্রকাশ হইবামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়মঠ হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০, চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৪৭শ খণ্ড এবং নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৫।৵০ সাধারণ পক্ষে ২১।৵০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৵০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।৴০।

দশম। স্কন্ধের ভিক্ষা ১২, অগ্রিম সাধারণের পক্ষে ৮,।

৮৩২ পৃষ্ঠায় ৭৮ অধ্যায় পর্য্যন্ত ত্রয়োদশ খণ্ড ছাপা হইয়াছে। একাদশ স্কন্ধ ছাপা আরম্ভ হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০, টাকা ভিক্ষার ৩য় সংস্করণ ৬, টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছে। সেই ১০, টাকার এই বিরাট্ গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫, টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আদিকবি

শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮, স্থলে অগ্রিম ভিক্ষা ৫

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪॥০ টাকা

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার

ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ

ভিক্ষা ।৵০ মাত্র

মনোমোহন প্রেস

পুরাণ বাজারে স্থলতে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত

বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে

বিস্তৃত জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে পারেন না, তাঁহাদের শ্রীমন্মহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার সুবর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে। বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	৪০
একত্রে ৩ খণ্ড লইলে	১,
সাধন পথ (শ্রীমহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	১০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৵০
একত্রে ৩ খণ্ড লইলে	।০
শ্রীভাবলী প্রতিখণ্ড	৴১০
একত্রে ৩ খণ্ড লইলে	৵১৫
শরণাগতি—প্রতিখণ্ড	৴০
একত্রে ৩খণ্ড লইলে	৵৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীধামমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগোদ্রুমধাম মঠ,—চাপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংশন রোড, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ, —চটক পর্ব্বত, পুরী
শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিরুলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৩নং জঙ্গমবাড়ী, কাশী, ইউ, পি।
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ভিপিপারি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
১০। শ্রীপরমহংস মঠ—নৈমিষার পোঃ, সীতাপুর, ইউ পি।
১১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব
১২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—১০নং নবাবপুর রোড, ঢাকা।
১৩। শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।
১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাযোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।
১৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—ঢনুয়াকোণা, চিতকুণ্ডা পোঃ, মাদ্রাজ।
১৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০১ ওয়ারন রোড, নিউদিল্লি

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—বড় লক্ষ রোড, খুলনা
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ডাক্তার—পোঃ ভবানীগঞ্জ, কলাবাড়ী কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামরতন রায়—৭৮।২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা
৪। মিঃ এস ভি, মুখার্জি—এম, এস, ওয়াকস দি মল, কানপুর
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী জ্যোতির্ভূষণ—স্বরূপগঞ্জ, নদীয়া
৬। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।
৭ শ্রীবিরাজমোহন দে—মনোমোহন প্রেস, নবাবপুর, ঢাকা
৮। শ্রীশৈলেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় বেড়াচাঁপা, ২৪ পরগণা
৯। শ্রীবৃন্দাবন চট্টোপাধ্যায় এ, এম্, এস্, থানবাড়
১০। শ্রীপাদ অতুল্যবিধি ভক্তিভূষণের বারবাটী
১১। শ্রীপাদ নরোত্তম ব্রহ্মবিহারী ঐ

দৈনিক বসুমতী-প্রকাশ

বর্ষার — একমাত্র — স্বদেশী

রবারের জুতা

টি, টি, সিলিপার

চটি, গ্রিসিয়ান ও এলবার্ট

চামড়াহীন, মজবুত, সস্তা, নরম, জল-কাদার বিশেষ উপযোগী—এই স্বদেশী জুতা, বাজে বিদেশী জুতার বদলে কিনিয়া দেশী শিল্পের সহায়তা করুন।

ঠিকানা—টি, টি, সিলিপার এণ্ড কোং, ১নং টাউনসেণ্ড রোড ভবানীপুর, কলিকাতা

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

মারফালিন

টনিক ও সালসা। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার কমে হয়। কলের পরিচায়ক

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ২।৩ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ খাওয়া উচিত নয় কি? এখনো সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ বিষের জল খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে হয়রান হবেন কেন? সুতরাং ৷০ আনায় মারফালিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট; এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকতে হয় না। মূল্য প্রতি শিশি ৷৵০ আনা, ডজন ৫৷০ আনা।

এজেণ্ট—মেসার্স্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বলফিল্ড্ লেন, কলিকাতা

যুগল-মূর্ত্তি মার্কা
সর্ব্বত্র পাওয়া যায়।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা এঃ বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

আসল ও খাঁটি
শিশি ৸০ আনা, ডজন ৫৲
ভিঃ পিঃ ও প্যাকেজ মাশুল স্বতন্ত্র।

এমন মহোপকারী তৈল আর নাই

টেলিগ্রাফের নাম ও ঠিকানা— "শ্রীধাম" নবদ্বীপ

Registered No. C 1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩।০
সিকি কলম ২৲
চুক্তির হার স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

বর্ত্তমান-বার্ত্তাবহ

জগতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

সাহায্যের হার অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
যাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৵০

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [১৪৪ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—২রা ভাদ্র ১৩৩৭ মঙ্গলবার ১৯ই আগষ্ট ১৯৩০

বন্দীর মুক্তি

হাকিমের স্বয়ং জেল-চাপাটী পরীক্ষা ও তাহার প্রতিকার ব্যবস্থা

নূতন কংগ্রেস হাঁসপাতাল

কলিকাতায় খানাতল্লাস, বর্দ্ধমান জেলে গোলযোগ

নড়াইল থানা আক্রমণ

ভীতি প্রদর্শন আইনে ৩৭৫০ জন ধৃত

তাড়ির দোকানে পিকেটীং

বড়বাজারে হত্যাকাণ্ডের জের—একজন গ্রেপ্তার

কাশীতে ধরপাকড়

উকিল সভায় হরতালের জের

নানা কথা

বন্দীর মুক্তি

চট্টগ্রাম, ১৫ই আগষ্টের সংবাদে প্রকাশ, পূর্ণ কারাদণ্ড ভোগ করিয়া শ্রীযুত মহানন্দ চৌধুরী শ্রীযুত ফণীন্দ্রমোহন সেনগুপ্ত ও শ্রীযুত অপূর্ব্ব ভট্টাচার্য্য অদ্য প্রাতে মুক্তি লাভ করিয়াছেন। তাঁহারা ফৌজদারি কার্য্যবিধি আইনের ১৪৪ ধারা অমান্য করিবার অভিযোগে অভিযুক্ত হইয়া প্রত্যেকে ১ মাস বিনাশ্রম কারাদণ্ড ও ৫০ টাকা অর্থদণ্ডে দণ্ডিত হন। জরিমানার টাকা প্রদান না করিয়া তাঁহারা আরও ১ সপ্তাহ কারাদণ্ড ভোগ করেন।

বর্দ্ধমান জেলে গোলযোগ

বর্দ্ধমান, ১৬ই আগষ্টের সংবাদে প্রকাশ, ঐ তারিখ প্রাতঃকালে বর্দ্ধমান জেলে 'সি', শ্রেণীর রাজনৈতিক কয়েদীগণ জেলের নিয়ম ভঙ্গ করায়, জেলের ভিতর গোলযোগের সৃষ্টি হয়। কয়েদীদের নেতাদিগকে সেলে এবং অবশিষ্ট কয়েদীগণকে ব্যারাকে আটক করা হয়। প্রকাশ, কেহ জখম হয় নাই।

হাকিমের জেল-চাপাটি ভক্ষণ

নারায়ণপুর, ১৫ই আগষ্টের সংবাদে প্রকাশ, মধ্যপ্রদেশ ভারত সভার সভাপতি শ্রীযুত মঙ্গলাল সিংহের মামলার বিচারের সময়ে আসামী জেল খাদ্যের নমুনা স্বরূপ এক খানি চাপাটি ম্যাজিষ্ট্রেটের হস্তে প্রদান করেন। ঐ চাপাটির এক অংশ ডাঃ রায়চাঁদকেও দেওয়া হইল। ডাঃ রায়চাঁদ ঐ সময়ে আদালতে উপস্থিত ছিলেন। ম্যাজিষ্ট্রেট ও আদালতে অপর কয়েক জন লোক ঐ চাপাটি ভক্ষণ করিয়া বুঝিতে পারেন যে উহা বালি মিশান রহিয়াছে।

ম্যাজিষ্ট্রেট প্রতিশ্রুতি দিয়াছেন যে, তিনি স্বয়ং জেলে যাইয়া খাদ্য পরীক্ষা করিয়া দেখিবেন।

নড়াইল থানা আক্রমণ

গত ১৪ই আগষ্ট তারিখে নড়াইল থানার দারোগা দেবেন্দ্র বসু নামক এক ব্যক্তিকে এবং অভিনাশ অস্থায়ী গ্রেপ্তার করেন। ঐ দিন রাত্রিতে ২৫ জন স্বেচ্ছাসেবক নড়াইল থানা আক্রমণ করিয়া দেবেন্দ্রের মুক্তি দাবী করে। তাহারা থানার ঘর সমূহে প্রবেশ করিয়া কাগজ ও আসবাব পত্র নষ্ট এবং প্রহরী ও কর্ম্মচারীদিগকে প্রহার করে। তিনটি হাঙ্গামা নিবারিত এবং কতিপয় ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। ঘটনার তদন্ত চলিতেছে। যশোহরের পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট ঘটনাস্থলে গমন করিয়াছেন।

ভীতিপ্রদর্শন অর্ডিন্যান্সে ৩৭৫০ জন

সিমলা, ১৫ই আগষ্টের সংবাদে প্রকাশ রাষ্ট্রীয় পরিষদে মাননীয় সার ফিরোজ সেঠনার প্রশ্নের উত্তরে ভারত সরকারের এক বিবৃতিতে বলা হয়, ১৯১০ সালের ফৌজদারি আইন সংশোধন অর্ডিন্যান্স অনুসারে ১৩৫ জন ধৃত হইয়াছেন এবং ১৯৩০ সালের ভীতিপ্রদর্শননিবারক অর্ডিন্যান্সে ধৃত ও দণ্ডিত হইয়াছেন ৩৭৫০ জন। এই ৩৭৫০ জনের মধ্যে বোম্বাইয়ে ৭০৯, বাঙ্গালায় ৮৮৯, বিহার উড়িষ্যায় ১৭৫৭ ও অবশিষ্ট অন্যান্য প্রদেশে ধৃত হইয়াছেন।

তাড়ির দোকান নীলাম

গত ১৪ই আগষ্ট উল্টাডাঙ্গাতে তাড়ির দোকানের নীলাম আরম্ভ হইয়াছিল। এই উপলক্ষে সহরের সর্ব্বত্র হরতাল অনুষ্ঠিত হইয়া গিয়াছে। যথাসময়ে নীলাম আরম্ভ হয়। কিন্তু কোন খরিদ্দার উপস্থিত না হওয়ায় নীলাম স্থগিত হইয়া যায়। আগামী ১লা সেপ্টেম্বর পুনরায় নীলাম হইবে বলিয়া জানান হইয়াছে।

কলিকাতায় খানাতল্লাস

গত শনিবার সকালে দক্ষিণ কলিকাতা মহিলা সঙ্ঘের সম্পাদিকা শ্রীমতী লাবণ্যপ্রভা দেবীর বাড়ীতে পুলিশ হানা দেয় এবং ২ ঘণ্টাকাল খানাতল্লাস করে। তল্লাসের ফলে আপত্তিকর কোন বস্তু পাওয়া যায় নাই বলিয়া প্রকাশ এবং কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই।

নূতন কংগ্রেস হাঁসপাতাল

কলিকাতার বিভিন্ন হাঁসপাতালে আহত স্বেচ্ছাসেবকদিগের স্থান সঙ্কুলান না হওয়ায় বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেস কমিটী গত শনিবার হইতে মধ্য কলিকাতার ইউনিভার্সিটী ইন্‌ষ্টিটিউট হলে একটি হাঁসপাতাল খুলিয়াছেন

বিবিধ সংবাদ

কাশীতে ধরপাকড়

গত ১৬ই আগষ্ট তারিখে প্রাতঃকালে কাশীতে কয়েকজনকে গ্রেপ্তার করা হইয়াছে। বেনারস মিউনিসিপ্যালিটির বিনিয়ার চেয়ারম্যান ও প্রবীণ কংগ্রেস কর্মী মৌলানা আবদুল মজিদকে ঐ তারিখ প্রত্যূষে মদনপুরায় গ্রেপ্তার করা হয়। বহু সংখ্যক মুসলমানের এক শোভাযাত্রা তাঁহাকে বিদায় অভ্যর্থনা প্রদান করে। তাঁহাকে কোন্ ধারা অনুযায়ী গ্রেপ্তার করা হইয়াছে তাহা এখনও জানা যায় নাই।

বেনারস যুব-সঙ্ঘের কর্মী শ্রীযুত ভাস্কর রায় ও নারায়ণ দীক্ষিতকে গ্রেপ্তার করা হইয়াছে। যুব-সঙ্ঘের সম্পাদক পদ্মনাভ ত্রিপাঠীর বিরুদ্ধেও গ্রেপ্তারী পরোয়ানা ছিল; কিন্তু তিনি কাশীতে না থাকায় তাঁহাকে গ্রেপ্তার করা হয় নাই।

বাঙ্গালীটোলা কংগ্রেস কমিটির সম্পাদক শ্রীযুত যামিনী গাঙ্গুলী অস্ত গঙ্গুরে পিকেটিং অর্ডিন্যান্স অনুযায়ী ধৃত হইয়াছেন।

ধৃত ব্যক্তিদের প্রতি সম্মান প্রদর্শনার্থ বেনারস কংগ্রেস কমিটী আট দিনের জন্য হরতাল ঘোষণা করেন।

টাউনহলে খানাতল্লাস

চট্টগ্রাম ১৫ই আগষ্টের সংবাদে প্রকাশ—স্থানীয় বিদ্যালয়, মদের দোকান ও বিদেশী বস্ত্রের দোকানে পিকেটিং চলিতেছে। কিন্তু ভীতি প্রদর্শন অর্ডিন্যান্স অনুসারে কেহ ধৃত হইয়াছেন বলিয়া শুনা যায় নাই। কয়েকজন পিকেটকারী ধৃত হন কিন্তু হাজিতে তাঁহাদিগকে মুক্তিদান করা হইয়াছে।

টাউনহলে বহু সংখ্যক পিকেটকারী আশ্রয় গ্রহণ করিয়াছিলেন। পুলিশ গত ১৫ই তারিখ টাউনহলে খানাতল্লাস করে। প্রকাশ, তাহারা কতকগুলি কাগজ পেন্সিল ও কার্বন কাগজ লইয়া গিয়াছে। পুলিশ হস্তলিখিত সত্যাগ্রহ বুলেটিনও লইয়া গিয়াছে।

কর দান বন্ধ সম্পর্কে মামলা
আসামীগণ খালাস

হুগলী, ১৫ই আগষ্ট তারিখের সংবাদে প্রকাশ—ট্যাক্স বন্ধ আন্দোলন সম্পর্কে সভা করিবার এবং গ্রামের চৌকীদারদিগকে পদত্যাগের জন্য প্ররোচনা ও ভীতি প্রদর্শন করিবার অভিযোগে, কামারপুকুর উচ্চ ইংরাজী বিদ্যালয়ের ভূতপূর্ব প্রধান শিক্ষক ও আরামবাগ লোকাল বোর্ডের সদস্য শ্রীযুত প্রমথনাথ দাস, অবনীপতি সেনগুপ্ত, যতীন্দ্রনাথ চৌধুরী ও অপর সাত জন ভারতীয় দণ্ডবিধির ১৮৮ ধারা অনুযায়ী অভিযুক্ত হইয়াছিলেন। তাঁহারা আত্মপক্ষ সমর্থন না করিলেও সরকার পক্ষ তাঁহাদের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত করিতে পারেন নাই। অতঃপর ৩২ দিন হাজত বাসের পর অদ্য তাঁহাদিগকে বে-কসুর খালাস দেওয়া হইয়াছে। আদালত তাঁহাদিগকে স্ব স্ব গৃহে প্রত্যাবর্তনের গাড়ীভাড়া প্রদান করেন নাই।

বহুবাজারের বীভৎস হত্যাকাণ্ড

গত বৃহস্পতিবার অপরাহ্ণে হ্যারিসন রোডে এক বীভৎস হত্যাকাণ্ড অনুষ্ঠিত হইয়া গিয়াছে, এ সংবাদ পাঠকবর্গ অবগত আছেন। সম্প্রতি এই সম্পর্কে পুলিশ কাশীনাথ নামক একজন লোককে গ্রেপ্তার করিয়াছে, আসামী প্রতি হাজতবাসের ব্যবস্থা হইয়াছে এই সম্পর্কে আরও তদন্ত হইতেছে।

বসিরহাট (২৪ পরগণা)—গত মার্চ মাস হইতে লবণ আইন অমান্য আরম্ভ হইয়া ক্রমে ক্রমে বিলাতী বর্জ্জন আন্দোলন ও গাঁজা আফিং ও মদের দোকানে পিকেটিং প্রভৃতি চলিতেছে। পিকেটারদের ধরপাকড় ও পূর্ব্বে চলিতেছে। স্থানীয় যে কয়টি যুবক বা ছাত্র কারাবরণ করিয়াছে তাহার তালিকা—শ্রীতারাপদ রায়, বিনয় ঘোষ, পূর্ণেন্দু কুমার রায়, বিমলকৃষ্ণ গুহ, হেমেন্দ্রনাথ বসু, অমিয়কুমার মিত্র, সুধাংশু মাঝি, সুধীরচন্দ্র পাল।

দক্ষিণ কলিকাতা কংগ্রেস অফিসে ২ জন গ্রেপ্তার

গত ১৬ই আগষ্ট প্রাতঃকালে পুলিশ খানাতল্লাসের পরোয়ানা লইয়া দক্ষিণ কলিকাতা কংগ্রেস কমিটীর অফিসে খানাতল্লাস করিয়াছে। তাহারা এই স্থান হইতে দুইজন স্বেচ্ছাসেবককেও গ্রেপ্তার করিয়া লইয়া গিয়াছে। পুলিশ কতগুলি কাগজপত্র সাইনবোর্ড ও অন্যান্য অনেক জিনিষপত্র হস্তগত করিয়াছে।

স্বেচ্ছাসেবকদের বিরুদ্ধে প্রহারের অভিযোগ

বালুরঘাট ১৬ই আগষ্টের সংবাদে প্রকাশ, রক্ষিণী নামক এক চৌকীদার থানায় এই মর্ম্মে এজাহার করিয়াছে যে, স্থানীয় আবগারী দোকানে গাঁজা ক্রয় করায়, সে কংগ্রেস স্বেচ্ছাসেবক কানাই বাগচী প্রভৃতি কর্তৃক প্রহৃত হইয়াছে। যে দমন বর্জ্জন সমিতির জনৈক খাজনাখানা সদস্য এবং বালুরঘাট কংগ্রেস কমিটীর কার্য্য নির্ব্বাহক সভার একজন সদস্যকে ঐ ব্যাপারে জড়িত করিয়াছে। বালুরঘাটের মহকুমা ম্যাজিষ্ট্রেট ভারতীয় দণ্ডবিধির ৩২৩ ধারা অনুযায়ী কানাই বাগচীর বিরুদ্ধে এবং ৫০৬ ধারা অনুযায়ী অজিতকুমার সান্যাল বিরুদ্ধে সমন জারি করিয়াছেন।

বড়বাজারে পিকেটিং

গত শনিবারে বড়বাজারে বিদেশী বস্ত্রের দোকানে পিকেটিং করিবার অপরাধে ৫ জন স্বেচ্ছাসেবককে গ্রেপ্তার করা হইয়াছে।

বড়বাজারে বিদেশী বস্ত্রের দোকানে পিকেটিং করিবার জন্য শুক্রবার যে ৯ জন মহিলাকে গ্রেপ্তার করা হইয়াছিল, শনিবার আদালত হইতে তাহাদিগের সকলকেই ছাড়িয়া দেওয়া হইয়াছে।

সায়েন্স ক্লাসের ছাত্র গ্রেপ্তার

ময়মনসিংহ, ১৫ই আগষ্ট তারিখের সংবাদে প্রকাশ, সায়েন্স ক্লাসের ছাত্র শ্রীযুক্ত অশ্বিনীকুমার ঘোষকে গ্রেপ্তার করিয়া এখানে আনা হইয়াছে। তাহার প্রতি হাজতবাসের ব্যবস্থা হইয়াছে। প্রকাশ, বিস্ফোরক আইনানুসারে এখানে যে মামলা হইয়াছে তাহাকে সেই সম্পর্কে গ্রেপ্তার করা হইয়াছে।

হরতালের জের

১৫ই আগষ্টের সংবাদে প্রকাশ, ময়মনসিংহ উকিল সভার প্রেসিডেণ্ট শ্রীযুত মহিমচন্দ্র রায় এই যে অল্প-তালের দিন অন্যান্য উকিলরা আদালতে না আসিতে পারেন এইজন্য পিকেটিং করিয়াছিলেন বলিয়া অভিযুক্ত হইয়াছিলেন। সংপ্রতি এই মামলার বিচার হইয়া গিয়াছে। জেলা জজ তাহার অপরাধ সম্বন্ধে নিঃসন্দেহ হইতে না পারায় তাহাকে অব্যাহতি প্রদান করিয়াছেন।

পদত্যাগ

দিল্লী, ১৬ই আগষ্টের সংবাদে প্রকাশ কলেরাট ইউনিয়নবোর্ডের সভাপতি শ্রীযুত কালীমোহন দত্ত সরকারের বর্ত্তমান নীতির প্রতিবাদকল্পে পদত্যাগ করিয়াছেন।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠাভরণের

বেহালার পাচন

সর্ব্ববিধ জ্বরের অব্যর্থ মহৌষধ।

মফঃস্বলের সুবিধার জন্য ৬ আঃ শিশিতে ঘনীকৃত অবস্থায় ছোটবোতলের সমপরিমাণ ঔষধ ডাকে পাঠান হয়, ইহাতে ঔষধের কোন পরিবর্ত্তন করা হয় নাই। মূল্য প্রতি শিশি ৷৹ আনা, পাইট ৷৵৹ আনা, বোতল ১৷৵৹ আনা।

অফিস—১১নং ঠাকুরদাস পালিত রোড, শ্যামবাজার, কলিকাতা।

সুপ্রসিদ্ধ

মদন মঞ্জরী

স্নায়বিক দৌর্ব্বল্য, স্বপ্নদোষ, শুক্রতারল্য, ধাতুদৌর্ব্বল্য প্রভৃতি সকল প্রকার ধাতুঘটিত রোগের মহৌষধ। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয়। মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

"অপুংসকত্বারি ঘৃত"

পুরুষত্বহীনে বাহ্যপ্রয়োগ দ্বারা আরোগ্য করিয়া পতিত্ব লাভ করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

"স্বল্পকালবিলাসিনী বটিকা"

বীর্য্যধারণ করত সঙ্গমশক্তি স্থায়ী ও বৃদ্ধি করিতে অত্যাশ্চর্য্য। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

বৈদ্যনাথ আয়ুর্ব্বেদ ঔষধালয়, কেশবজী

১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের ছোলা শিশি বাদাম তৈল

খাঁটি ও অকৃত্রিম এবং উপকারিতার সকলের পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী J. B. Datta & Co. নাম লেখা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জোচ্চোরগণ কমদামের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত

কেরাম্ কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম।

ইহাতে উপযুক্ত মাত্রায় আর্সেনিক, বাইহাইড্রোক্লোর কুইনিন, আয়রণ এবং ষ্ট্রিকনিন আছে।

এই কেরাম্-কুইনিন্ দ্বারা ইনজেক্সন করিলে একটি বা দুইটি ইনজেক্সনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ হয় এবং রক্ত শরীরে বাড়াইয়া দেয় ও ম্যালেরিয়ার সকল উপসর্গ দূর করিয়া দেয়।

এম্পুল প্রতি বাক্স—মূল্য ২৲, ৩৲ টাকা।

বাইও-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরীতে

২৯।১ হ্যারিসন রোড, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর—২রা ভাদ্র মঙ্গলবার—১৩৩৭

(১)

বহরমপুরের ভাগবতের অনুবাদে মায়াবাদ দোষ-দর্শনে শুদ্ধভক্তগণ বড়ই ব্যথিত

(২)

শ্রীগৌড়ীয় মঠে ভাগবত-মহামহোৎসব

(৩)

কলিযুগপাবনাবতারী সংকীর্ত্তন-প্রবর্ত্তক শ্রীমন্মহাপ্রভু-প্রচারিত শ্রীহরিনাম মহামন্ত্রই "মৃতসঞ্জীবনী"

(৪)

কাশীমিশ্র গৃহ হইতে শ্রীশ্রীমদ্গৌরসুন্দরের ভাবাবেশে বহির্গমন

(৫)

রাঁচীতে ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিলাস গভস্তি নেমি মহারাজের অশ্রুতপূর্ব্ব শ্রীমদ্ভাগবত ব্যাখ্যা

(৬)

মৈমনসিংহে শ্রীশ্রীজগন্নাথগৌড়ীয় মঠ প্রতিষ্ঠা

সাময়িক-প্রসঙ্গ

শ্রীমদ্ভাগবতের মুক্তারাম বিদ্যাবাগীশের একটী অনুবাদ আছে। পরলোকগত রামনারায়ণ বিদ্যারত্ন মহাশয়েরও একটী অনুবাদ দেখা যায়। ইদানীন্তন পরলোকগত দীনবন্ধু বেদান্তরত্নের শ্রীমদ্ভাগবতের একটী অনুবাদ দেখা যায়। বঙ্গবাসীর ভাগবতের অনুবাদ অনেকেই পড়িয়া থাকেন। কিন্তু এইসকল অনুবাদকগণ অনেকস্থলেই নিজ নিজ রুচির উপযোগী অর্থ করিয়া ভাগবতপাঠকগণকে বিপথগামী করেন। গৌড়ীয়মঠের ভাগবতের অনুবাদে ঐপ্রকার মায়াবাদ-দুর্গন্ধ নাই।

অনেকে বলেন,—বহরমপুরের ভাগবতের অনুবাদে মায়াবাদ বা অহংগ্রহোপাসনার অবকাশ নাই, কিন্তু পাঠকগণের সেই ধারণা পোষণ করিবার প্রতিকূলে আমাদের দৃষ্টিতে ১১শ স্কন্ধে ৫ম অঃ উপার শ্লোকের অনুবাদে 'তন্ময়'-শব্দের ব্যাখ্যায় বিদ্যাবত্ন মহাশয় লিখিয়াছেন—'প্রভুপাদ-অহংগ্রহোপাসনা উক্ত হইল।'

যাঁহারা গোস্বামি-শাস্ত্রের তাৎপর্য্য গ্রহণ করেন, তাঁহারা এইরূপ অনুবাদের আদর না করিয়া 'তন্ময়'-শব্দে শ্রীজীবগোস্বামিপাদের অনুসরণে 'তদাবিষ্ট' ব্যাখ্যাই করিয়া থাকেন। কামুক সমগ্র জগতে আপনাকে ভোক্তৃবুদ্ধি করিয়া সর্ব্বত্র কামিনীর দর্শন করেন বলিলেই যে কামুক কামিনী হইয়া যান,—এরূপ ধারণা নহে। সুতরাং 'অহংগ্রহোপাসনা উক্ত' হইবার পরিবর্ত্তে উহা 'নিবৃত্ত হইল' লেখাই বাধ্য-বদ্ধ-লেখকের কর্ত্তব্য ছিল।

শ্রীগৌড়ীয় মঠে

শ্রীভাগবত মহামহোৎসব

পাঠকগণ অবগত আছেন, প্রতিবৎসর শ্রীশ্রীকৃষ্ণের ঝুলনোৎসব হইতে আরম্ভ করিয়া মাসাধিককালব্যাপী কলিকাতা শ্রীগৌড়ীয়মঠের শ্রীভাগবত-মহোৎসব হইয়া থাকে। এবৎসর শ্রীগৌড়ীয় মঠের বাগবাজারস্থ নবনির্ম্মিত মন্দিরে মহোৎসব হইবার কথা হওয়ায় এবং মন্দিরের কার্য্য যথাসময়ে সম্পন্ন না হওয়ায় আগামী ১৮ই আশ্বিন হইতে ৩০শে কার্ত্তিক পর্য্যন্ত শ্রীগৌড়ীয়মঠের উৎসবকাল ধার্য্য হইয়াছে। আগামী ১৮ই আশ্বিন মহোৎসব রবিবার দিবস বিরাট্ সংকীর্ত্তন-শোভাযাত্রা-মুখে শ্রীগৌড়ীয়-মঠ-প্রবেশ-মহোৎসব অনুষ্ঠিত হইবে। শ্রীগৌড়ীয়মঠাচার্য্যবর্য্য শ্রীল প্রভুপাদ এই নবমঠ-প্রবেশ-মহোৎসবের নামকরণ করিয়াছেন—শ্রীশ্রীরাধামদনমোহনোৎসব।

শ্রীগৌড়ীয়মঠের দ্বিতীয় মিলনোৎসব শ্রীগোবর্দ্ধনপূজা-দিবসে অনুষ্ঠিত হইবে। শ্রীশ্রীল প্রভুপাদ এই উৎসবের নামকরণ করিয়াছেন—শ্রীশ্রীরাধাগোবিন্দোৎসব। শ্রীগৌড়ীয়মঠের তৃতীয় মিলনোৎসব আগামী ১৯শে কার্ত্তিক বুধবার শ্রীশ্রীরাস-পূর্ণিমায়। শ্রীল প্রভুপাদ এই উৎসবের নামকরণ করিয়াছেন—শ্রীশ্রীরাধাগোপীনাথোৎসব।

শ্রীরাধামদনমোহন, শ্রীরাধাগোবিন্দ এবং শ্রীরাধাগোপীনাথ—যথাক্রমে সম্বন্ধ, অভিধেয় ও প্রয়োজনাধিদেবতা। এই তিন ঠাকুরই গৌড়ীয়কে আত্মসাৎ করিয়াছেন। সম্বন্ধ জ্ঞান-দাতা শ্রীল সনাতন গোস্বামি প্রভুপাদ, অভিধেয় বিজ্ঞান-দাতা—শ্রীল রূপ গোস্বামি প্রভুপাদ এবং প্রয়োজন-বিজ্ঞান-প্রদাতা — শ্রীশ্রীস্বরূপ-রূপানুগবর শ্রীল রঘুনাথ দাসগোস্বামি-প্রভুপাদ। শ্রীশ্রীরূপানুগবর আচার্য্যবর্য্য শ্রীল প্রভুপাদ সম্বন্ধাভিধেয়-প্রয়োজন-তত্ত্বাচার্য্য শ্রীশ্রীসনাতন-রূপ-রঘুনাথ প্রভুর চরণার্চ্চিত ও শ্রীশ্রীরাধামদন মোহন-গোবিন্দ-গোপীনাথের মিলনোৎসব সংকীর্ত্তন-যজ্ঞ সাধন করিবেন। যাঁহারা শ্রীশ্রীগুরুদেবের আনুগত্যে নিষ্কপটে এই মহাসংকীর্ত্তন-যজ্ঞে যোগদান করিতে পারিবেন, তাঁহারাই শ্রীগৌড়ীয়মঠে নিত্য অবস্থিত হইয়া কৃষ্ণ, কৃষ্ণভক্তি ও কৃষ্ণপ্রেমরসাস্বাদ উপলব্ধি করিয়া ধন্য হইবেন। জীব যতদিন না গৌড়ীয়ের আনুগত্যে গৌড়ীয় হইতে পারিতেছেন, ততদিন পর্য্যন্ত তিনি কৃষ্ণভজনের কোন কথাই জানিতে পারিবেন না। শ্রীচৈতন্যচরিতামৃতকার তাই বলিয়াছেন—

দীক্ষাকালে ভক্ত করে আত্মসমর্পণ।
সেই কালে কৃষ্ণ তারে করে আত্মসম॥
সেই দেহ করে তা'র চিদানন্দময়।
অপ্রাকৃত দেহে কৃষ্ণের চরণ ভজয়॥

সুতরাং কৃষ্ণ-কর্ত্তৃক আত্মসাৎ হইতে হইলে সম্বন্ধাভিধেয়-প্রয়োজন-তত্ত্বাচার্য্য শ্রীশ্রীসনাতনরূপ-রঘুনাথাদির আচার্য্যবর্য্যের শ্রীপাদপদ্মে আত্মসমর্পণ করিতে হইবে, আত্মসমর্পণ ব্যতীত পা'বলেও দীক্ষা বা দিব্যজ্ঞান লাভ হয় না। সেই দিব্যজ্ঞান-প্রভাবেই কৃষ্ণনাম, কৃষ্ণধাম ও কৃষ্ণধামের সেবা লাভ করিয়া ধন্য হওয়া যায়। জীবকে সেই নিত্যকল্যাণের বার্ত্তা ঘোষণা করিবার জন্য—নিত্যকল্যাণকল্পতরুর স্কন্ধ রূপ

মৃতসঞ্জীবনী

মৃতসঞ্জীবনী নাম ভজি দেখ অবিরাম
আঁখি মেলি দেখিবার তরে।
অভিধানে নাম পাই বস্তুর সন্ধান নাই
আকাশ-কুসুম বলি যারে॥
এ মরজগতে ভাই এমন ঔষধ নাই
মৃতজনে বাঁচাইতে পারে।
খুঁজিতে খুঁজিতে তাই ধরণের দিকে চাই
দেবতাও লভিতে না পারে॥
বিধাতা-নির্ম্মিত বন ইহার মধ্যে কখন
অাঙ্কুরেতে মাদনায় করে।
মনে ভাবি কোথা পাই অমর হইয়া যাই
কেবা দিবে আনিয়া আমারে
সাধুর মুখেতে শুনি ...নাম-চিন্তামণি
মৃতসঞ্জীবনী নাম ধরে।
দেবের অমৃত জিনি, নামামৃত সুধা জানি
মরণান্ত নাম শুনি ডরে॥
সন্ন্যাস-সম্বল করি কলিজীবে দয়া করি,
অবতরি নদীয়া-মাঝারে।
পতিত পামরী কত তারিল যে কত শত
সহিয়া সেজাই ধ'রে যারে॥
কীর্ত্তন-বিগ্রহ হরি 'শ্রীচৈতন্য' নাম ধরি
নবধাম বিলায় জীবেরে।
নামসংকীর্ত্তন করি, উদ্ধারিতে নরনারী
শক্তরূপে শিখায় সবারে॥
নামনামী ভিন্ন নয় নামী কৃষ্ণনাম হয়।
সোনামুখে কিশোরীর স্ফুরে।
নিত্য শুদ্ধ পূর্ণ নাম চিন্ময় রসের ধাম
পান করি ভবে জয় করে॥
শব্দব্রহ্ম এই নাম তাহাতে প্রাকৃত খাদ
নাহি পায় প্রেমের পাথারে।
মৃতসঞ্জীবনী সুধা মিটাইয়া ভবক্ষুধা
অমর করিতে সে পারে॥
জীবন্মৃত যতজন কলি, ইহা আস্বাদন
করিলে তারে তরাইবে।
এস এস এস ভাই এ পান করিয়া যাই।
হরিনাম গাই আনন্দরে॥
(নাম) পানেতে বাসনা যদি থেকনা নরম বুদ্ধি,
কেন তাই মর ঘুরে ঘুরে।
মহাদেবাদি মহাজন করিয়া বহু যতন
মহৌষধি আনিয়াছে যারে॥
শ্রীগুরু-গৌরাঙ্গবাণী ভক্তি-সিদ্ধান্ত জানি,
শুকদেব, পদ সেবা দিবে।
তুমি হে জগদ্গুরু, তুমি বাঞ্ছাকল্পতরু,
কৃপা করি, দেখি' মত মোরে॥
শুনিয়া না শুনে কান, বুঝিয়া না বুঝে প্রাণ
মায়া আসি' মনে মোহ করে।
ভক্তিসিদ্ধান্ত ধন পাও যবে মহাপ্রভু
অপ্রাকৃত ধামে লয়ে যাবে॥

নিত্যকল্যাণই শ্রীগৌড়ীয়মঠের মহামহোৎসব জীবের আত্মেন্দ্রিয়-তর্পণ-পিপাসা নিবৃত্ত করিয়া কৃষ্ণেন্দ্রিয়-তর্পণ-পিপাসা সম্বর্দ্ধনের জন্যই গৌড়ীয়মঠে আজ বিরাট্

সঙ্কীর্ত্তন-যজ্ঞের অনুষ্ঠান। আত্মকল্যাণ-কামী সকলেই সজ্জনগণ এই উৎসবে প্রতিপাদ্য পবিত্র-সেবা-সুবিধায় যোগদান করিয়া নিজেদের জীবন সার্থক করুন এবং ভক্তগণের আনন্দ বর্দ্ধন করুন।

উপরিউক্ত বিবিধ মিলনোৎসব ব্যতীত শ্রীল প্রভুপাদ শ্রীগৌড়ীয় মঠের উৎসবে কএকটী বিপ্রলম্ভ-উৎসবের অনুষ্ঠানও নির্দ্ধারিত করিয়াছেন। ২০শে আশ্বিন শ্রীল মুরারি গুপ্ত ঠাকুরের বিরহ-মহোৎসব, ২৫শে আশ্বিন শ্রীল নরোত্তম ঠাকুরের বিরহোৎসব, ২রা কার্ত্তিক শ্রীল নরহরি সরকার ঠাকুরের বিরহোৎসব, ৫ই কার্ত্তিক শ্রীল বাসুদেব ঘোষ ঠাকুরের বিরহোৎসব, ১২ই কার্ত্তিক শ্রীল শ্রীনিবাসাচার্য্য ও শ্রীল গদাধর দাস প্রভুর বিরহোৎসব, ১৩ই কার্ত্তিক ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীল গৌরকিশোর দাস পরমহংস বাবাজী মহারাজের বিরহোৎসব, ১৯শে কার্ত্তিক শ্রীল ভূগর্ভ গোস্বামী ও শ্রীল কাশীশ্বর পণ্ডিতের বিরহোৎসব এবং ২০শে কার্ত্তিক শ্রীল বৃন্দাবন ঠাকুরের বিরহোৎসব কীর্ত্তনমুখে অনুষ্ঠিত হইবে।

এতদ্ব্যতীত উৎসবকালে জগদ্বাসি-মানব-সাধারণের একটী মহাসম্মেলনও অনুষ্ঠিত হইবে। উহাতে শাস্ত্রীয় আলোচনা, পরিপ্রশ্ন, ইষ্টগোষ্ঠী, হরিকথা, ভগবদ্-বিষয়িণী বক্তৃতা, শাস্ত্রগ্রন্থ-ব্যাখ্যা, সঙ্কীর্ত্তন-মহোৎসব এবং নিত্যকল্যাণ লাভের বাস্তব উপায় উদ্দেশ্য নির্দ্ধারণ প্রভৃতি বিষয়ে বিশেষ অনুশীলন হইবে।

পারমার্থিক প্রদর্শনী বা ভাগবত-বিজ্ঞান-প্রদর্শনীও উৎসবকালে উদ্ঘাটিত হইবার আয়োজন চলিতেছে। এই প্রদর্শনীতে পরমার্থ-রাজ্যের বৈচিত্র্যসমূহ নানাভাবে প্রদর্শিত হইবে।

শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার সম্পাদকবর্গ বিশ্বের সকল শ্রদ্ধাবান্-সজ্জনগণকে এই উৎসবে যোগদান করিবার জন্য আহ্বান করিতেছেন। যাঁহারা দূরদেশ হইতে আসিবেন, তাঁহারা পূর্ব্বেই শ্রীগৌড়ীয়মঠ-রক্ষক মহোদয়ের নিকট সংবাদ প্রেরণ করিলেই তিনি তাঁহাদের মঠে আসিবার এবং হরিকথা শ্রবণ করিবার অনুকূল সমস্ত ব্যবস্থাই করিবেন। বিদেশীয় ব্যক্তিগণ সঙ্গে কেবলমাত্র প্রয়োজন-মত শয্যা আনিবেন। অন্যান্য ব্যবস্থা যথাসাধ্য অভ্যর্থনা-সমিতির সভ্যগণ সমাধান করিবার যত্ন করিবেন। দৈবাদুর্য্যোগে বা অনিবার্য্য-কারণে উৎসবের নির্দ্দিষ্ট তালিকা পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত হইতে পারে।

দ্বাররুদ্ধ গৃহ হইতে শ্রীশ্রীগৌরসুন্দরের ভাবাবেশে বহির্গমন

শ্রীচৈতন্যচরিতামৃতের অন্ত্য ১৭শ অধ্যায়ে বর্ণিত আছে যথা,—

"গম্ভীরার দ্বারে গোবিন্দ করিলা শয়ন।
অর্দ্ধ-রাত্রিতে প্রভু করে উচ্চ সংকীর্ত্তন॥
আচম্বিতে শুনে প্রভু কৃষ্ণ বেণু গান।
ভাবাবেশে প্রভু তাহা করিলা প্রয়াণ॥
তিন দ্বারে কপাট ঐছে আছেত লাগিয়া।
ভাবাবেশে প্রভু গেলা বাহির হইয়া॥
সিংহদ্বার দক্ষিণে আছে তৈলঙ্গী
গাভীগণ।
তাঁহা যাই পড়িলা প্রভু হঞা অচেতন॥"

যে প্রকোষ্ঠে শ্রীশ্রীগৌরসুন্দর বিশ্রাম করিতেন তাহা গম্ভীরা নামে প্রসিদ্ধ। এই গম্ভীরা নামক প্রকোষ্ঠটী শ্রীশ্রীগৌরসুন্দরের অনুগত ভক্ত শ্রীল কাশীনাথ মিশ্র মহোদয়ের স্থাপিত শ্রীরাধাকান্ত মঠের অন্তর্ভুক্ত। বহির্দ্দেশ হইতে গম্ভীরার মধ্যে প্রবেশ করিতে হইলে সদর দরজা, মধ্য দরজা ও গম্ভীরার দরজা অর্থাৎ তিনটী দরজার ভিতর দিয়া যাইতে হয়। শ্রীশ্রীগৌরসুন্দর যখন রাত্রিকালে গম্ভীরার ভিতর বিশ্রাম করিতে যান, তখন উক্ত তিনটী দরজাই বন্ধ থাকে। সুতরাং কোন জড়দেহধারী ব্যক্তি যদি গম্ভীরার ভিতর হইতে বাহির হইয়া শ্রীশ্রীজগন্নাথদেবের শ্রীমন্দিরের সিংহদ্বারে আসিতে চান তাহা হইলে তাহাকে ঐ তিনটী দরজার কপাট খুলিতে হইবে নচেৎ সম্ভবপর নহে।

উপরোক্ত শ্রীচৈতন্যচরিতামৃতের বর্ণন হইতে জানা যাইতেছে যে, শ্রীশ্রীগৌরসুন্দর ভাবাবেশে গম্ভীরার ভিতর হইতে দ্বার মুক্ত না করিয়াই সিংহদ্বারে গিয়া তৈলঙ্গী গাভীগণের নিকট অচৈতন্য হইয়া পড়িয়াছিলেন। শ্রীশ্রীগৌরসুন্দরের দেহ যদি বদ্ধজীবের অস্থিমাংসাদিবিশিষ্ট স্থূল জড় ধাতুতে গঠিত হইত, তাহা হইলে তিন কপাট-রুদ্ধ না খুলিয়া তিনি কখন বহির্গত হইয়া সিংহদ্বারে পৌঁছিতে পারিতেন না সুতরাং স্পষ্টীকৃত হইতেছে যে শ্রীশ্রীগৌরসুন্দরের দেহটী চিন্ময় (স্পিরিচুয়াল) কদাচ জড় (মেটিরিয়াল) নহে।

স্থূল জড়বস্তু দেশ-কাল নিয়মের অধীন, দেশ-কাল নিয়মের অধীনতাহেতু কপাটরুদ্ধ মানবদেহকে নিজ দেহগুলির ভিতর দিয়া চলিয়া যাইতে বাধা দেয়। সুতরাং কপাটগুলিকে না খুলিলে মানবের স্থূল জড়দেহ বহির্গমন করিতে অক্ষম। জড়-বৈজ্ঞানিকগণ যখন বলেন যে সূক্ষ্ম জড়বস্তু যথা তড়িৎ স্থূল ও কঠিন তাম্রনির্ম্মিত তারের ভিতর দিয়া গতাগতি করিতে পারে, তখন সূক্ষ্ম জড় বস্তু অপেক্ষা অতি সূক্ষ্ম চিন্ময় বস্তু যে স্থূল জড়বস্তুর ভিতর দিয়া গতাগতি করিবে উহাতে কোন প্রকার সন্দেহ উত্থাপিত হইতে পারে না।

স্থূল বা সূক্ষ্ম জড়-বস্তু উভয়ই অচেতন ও ভূতজাতীয় এবং দ্রষ্টৃজাতীয় চিন্ময় বস্তুকে অপেক্ষা করিয়া তাহারা নিজ নিজ সত্তা ও স্বভাব প্রকাশে সমর্থ হয়। চেতন দ্রষ্টৃজাতীয় বস্তু স্বতন্ত্র। সুতরাং চেতন বা চিন্ময় বস্তু যদি জড়বস্তুর প্রতি দৃষ্টি নিক্ষেপ না করেন, তাহা হইলে স্থূল বা সূক্ষ্ম কোন প্রকার জড়-বস্তু তাহার প্রতিযোগ করিবার জন্য নিজ সত্তা প্রকাশ ও নিজ স্বভাবের ক্রিয়া দেখাইতে পারে না। সুতরাং চিন্ময় বস্তু প্রতিযোগিতার অভাবে যথেচ্ছা ব্যবহার করিতে পূর্ণমাত্রায় সুযোগ পাইতে পারেন। আমরা যে সময় জড়সঙ্গক্রমে স্থূলদেহে আত্মবুদ্ধি স্থাপন করি, সে কালে আমাদিগের বুদ্ধি কলুষিত হয় ও নিজ শুদ্ধ চেতনস্বরূপের পরিচয় ভুলিয়া যাই, তখন ভক্ত ও ভগবানের চিন্ময়-স্বরূপের লীলা বুঝিতে সমর্থ হই না।

রাঁচিনগরে নেমিমহারাজ

(প্রেরিত পত্র)

কলিযুগপাবনাবতার শ্রীগৌরাঙ্গ-প্রবর্ত্তিত সার্ব্বজনীন ধর্ম্ম-কীর্ত্তনাখ্যিকা শুদ্ধভক্তির আচার ও প্রচারৈকাচার্য্য-প্রবর বিশ্ববৈষ্ণবরাজসভার সভাপতি-গৌরব-ভাজন গৌরাঙ্গ-নিজজন পরমহংসপ্রবর শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজ সমগ্র বিশ্বে শ্রীগৌরধাম ও নাম-প্রচার কল্পে গৌরজন্মভূমি শ্রীমায়াপুর-স্থ আকরমঠরাজ শ্রীচৈতন্যমঠ ও তদনুগ বহু প্রচারকেন্দ্র শাখামঠ ভারতের বিভিন্ন স্থানে সংস্থাপন পূর্ব্বক নিজাশ্রিত ভক্তবৃন্দকে ভারতের বিভিন্ন স্থানে প্রেরণ করিয়া শ্রীনাম-প্রচার-দ্বারা জগজ্জীবের নিখিল কল্যাণ সাধন করিতেছেন।

তাঁহার চরণাশ্রিত শিষ্যবর্গের মধ্যে গৌড়ীয়মঠের অন্যতম সুযোগ্য প্রচারক ত্রিদণ্ডিস্বামী শ্রীমদ্ভক্তিবিলাস গভস্তি-নেমি-মহারাজ সম্প্রতি টাটানগর হইতে রাঁচি আগমন পূর্ব্বক স্থানীয় হরিসভায় শ্রীমদ্ভাগবত পাঠ ও সংকীর্ত্তনাদি-দ্বারা প্রচার করিতেছেন। স্বামিজীর নিকট অশ্রুতপূর্ব্ব মনোজ্ঞ শ্রীমদ্ভাগবত-ব্যাখ্যা শ্রবণ করিয়া উত্তরোত্তর বহুতর সম্ভ্রান্ত ব্যক্তি ও মহিলাবৃন্দ উৎসুক হইয়া সভায় যোগদান করিতেছেন এবং সকলেই স্বামিজিকে কিছু দিন অপেক্ষা করিয়া শ্রীমদ্-ভাগবত শ্রবণ করাইবার নির্ব্বন্ধাতিশয় প্রকাশ করিতেছেন। বিভিন্ন স্থানে ভক্তবৃন্দ জনমণ্ডলীর অনুরোধে স্বামিজি বিভিন্ন স্থানে বক্তৃতা ও শ্রীমদ্ভাগবত ব্যাখ্যা দ্বারা শুদ্ধভক্তি প্রচার করিতেছেন। শিক্ষিত-মণ্ডলী স্বামিজীর ব্যাখ্যার অপূর্ব্বতা ও মনোহারিতা গুণে উত্তরোত্তর আকৃষ্ট হইতেছেন এবং একবাক্যে স্বামিজীর বক্তৃতার [illegible] করিতেছেন।

প্রেরিত পত্র

ময়মনসিংহে শ্রীশ্রীজগন্নাথ-গৌড়ীয় মঠ প্রতিষ্ঠা

(১৭ই শ্রাবণ শনিবার দিবস ময়মন-সিংহে শুদ্ধভক্তিপ্রচার-কেন্দ্র শ্রীশ্রীজগন্নাথ-গৌড়ীয় মঠে, ভগবান্ শ্রীশ্রীগৌরসুন্দর নিজে কৃপা করিয়া শ্রীশ্রীনিত্যানন্দপ্রভু শ্রীশ্রীগদাধর প্রভু, শ্রীশ্রীগোপালজীর সহিত শ্রীমঠে আবির্ভূত হইয়াছেন, ঐ দিবস এতদুপলক্ষে সেবাভূষণ শ্রীপাদ উদ্ধব দাস অধিকারী প্রভুর ভক্তভক্তির আনুকূল্যে শ্রীমঠে একটী উৎসবও হইয়া গিয়াছে।) পরম ভাগবত শ্রীপাদ মনোভিরাম প্রভু গৌরবিহিত মধুর কীর্ত্তনে ও ভক্তিশাস্ত্রী পরম ভাগবত শ্রীপাদ মধুসূদন দাস অধিকারী এম, এ, বি, এল মহোদয় শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত হইতে আদি লীলার ৫ম পরিচ্ছেদ শ্রীশ্রীনিত্যানন্দ মহিমা পাঠ করিয়া অতি প্রাঞ্জল ভাষায় উপস্থিত ভক্তবৃন্দ ও সজ্জনমণ্ডলীকে মুগ্ধ করিয়াছেন। তখন উপস্থিত ভক্ত ও সজ্জনমণ্ডলী সকলেই পরমাহ্লাদিত হইয়া শ্রীহরিকীর্ত্তন-মুখে শ্রীল প্রভুপাদ শ্রীমদ্ভক্তি-সিদ্ধান্ত সরস্বতী গোস্বামী মহারাজের, পূজ্যগুরুবর্গের ও শুদ্ধবৈষ্ণববর্গের জয়ধ্বনি করিতে করিতে অত্র সকলেই গৌরবাণীর সার্থকতা সম্পাদন করিয়াছেন।

শ্রীশ্রীজগন্নাথ দাস গোস্বামী মহারাজের আবির্ভাবস্থলী এই ময়মনসিংহে গৌর-বাণী শ্রীহরিনাম প্রচার করিবার জন্য শ্রীশ্রীজগন্নাথ দাস গোস্বামী মহারাজের নামানুসারে শ্রীশ্রীজগন্নাথ গৌড়ীয় মঠ প্রতিষ্ঠিত হইয়াছেন। শ্রীমঠ ভক্তিশাস্ত্রী শ্রীপাদ মধুসূদন প্রভু মঠরক্ষক ও শ্রীপাদ মনোভিরাম প্রভু সেবার কার্য্য করিতে-ছেন। আমাদের পরম সৌভাগ্য যে, সেবাভূষণ শ্রীপাদ উদ্ধব দাস অধিকারী প্রভুর সেবা-সৌকর্য্যে ও একান্ত চেষ্টায় ময়মনসিংহে শুদ্ধভক্তি-শ্রীহরিনাম-প্রচার-কেন্দ্র শ্রীশ্রীজগন্নাথ গৌড়ীয়মঠ প্রতিষ্ঠিত হইয়াছেন।

নিবেদন ইতি
হরিজনকিঙ্কর
শ্রীনৃসিংহ দাসাধিকারী
২৫শে শ্রাবণ ১৩৩৭ সাল

গৌড়ীয়ের সম্ভাব্য-প্রকাশন

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত

ধর্ম্ম-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী বস্ত্রে বাঁধাই স্বর্ণাঙ্কিত। চতুর্থ সংস্করণ। বিস্তৃতবিষয়সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সনাতন ধর্ম্মের বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত দর্শন, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই—২৲ দুই টাকা

আবাঁধা—১৸০ পৌণে দুই টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও অনিত্য সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? স্বদেশ, সমাজ, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসংকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য প্রমাণ খণ্ড

ভিক্ষা ৵০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নয়টি দ্বীপ-সমন্বিত। এই নয় দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—প্রমাণসার কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৩০ পৃষ্ঠা।

নবদ্বীপ ভাবতরঙ্গ

উজ্জ্বল বোল্ড কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক ভ্রমণকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

সাধনপথ

৷৵০

তৃতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী এবং শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুর উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তিসাধনের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে বিবৃত হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ!!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা /০ আনা।

দেহ ও মনের চেষ্টা অনিত্যাবস্থ লইয়া—ইহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যাবস্থ শ্রীভগবানের প্রতি তাঁহার কোন্ ভাবের আবেদনময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাগত হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। উভয় সংস্করণই প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড /০ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— /০, নবদ্বীপশতক— /০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা /১০

আমরা প্রত্যহ নূতন অভাব ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাঁহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন্ বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিক কল্যাণের কল্পতরু; যদি প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদানে

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয়-সংবলিত প্রায় ৩২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৷০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সাম্প্রদায়িক কোষগ্রন্থ)

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত, ৩। বিষ্ণুবৈষ্ণবসম্পর্কিত শ্রীধামের ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও গ্রন্থ-সমূহের তাৎপর্য্য ও বিবরণ, ৫। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় অর্থমূলে ব্যবহার তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ম খণ্ড ৸৵০, ২য় খণ্ড ৸৵০, ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড ৷৵০, চারিখণ্ড একত্রে ৩৲ (৫৲ স্থলে মাত্র)।

শ্রীভক্তিসন্দর্ভ—১ম খণ্ড ১৲ এক টাকা

২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই ষট্‌সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ পেজি ৬৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমন্মধ্বাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা /০ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক সূচী, বিষয়সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইল, প্রতি খণ্ড সাধারণ পক্ষে ৷৵০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৷/০

ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (৪র্থ সংস্করণ) ৫৲

৩। গৌড়ীয়-গৌরব ৷৵০

৪। গৌড়ীয়-সাহিত্য ৵০

৫। ভজনরহস্য ৷০

৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপ-শতকম্ (বাঁধা) ১৲

আবাঁধা ৸০

৭। গী তত্ত্বসূত্র ৷০

৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲

আবাঁধা ১৸০

গীতার কেবল মাত্র-ভাষ্য ৸০

৯। মুক্তিমন্দির ভগবৎসঙ্গ সাহিত্য (মাধ্ব) ২৲

১০। বেদান্তদর্শনের সাহিত্য (মাধ্বভাষ্য) ৷০

১১। জৈবধর্ম্ম ২৲

১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০

১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲

১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৷৵০

ঐ বাঁধা ৸০

১৫। দীপ-দিগ্‌দর্শন ৵০

১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ৷৵০

১৭। গোস্বামী রঘুনাথ দাস অবাঁধা ৷৵০

ঐ ঐ বাঁধা ৷০

১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০

১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০

২০। গীতমালা /১০

২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৵০

২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০

২৩। শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা দর্পণ ৷০

২৪। শরণাগতি, গীতাবলী, সাধনকথা, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্চ্চনকথা ও সদাচারস্মৃতিঃ মোট ৵০

২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও অর্চ্চনকথা ৵০

২৬। সাধককণ্ঠমালা আবাঁধা ৷৵০

বাঁধা ৷০

২৭। সিদ্ধান্তদর্পণ ৵০

২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲

২৯। ব্রহ্মসংহিতা ৷০

৩০। শ্রীমহাপ্রভুর শিক্ষা বাঁধা ১৲

আবাঁধা ৸০

৩১। মণিমঞ্জরী সংস্কার ৷০

৩২। গৌরকৃষ্ণোদয়ঃ ৸০

৩৩। শ্রীচৈতন্যভাগবত (বিরাট্ দ্বিতীয় সংস্করণ) ৫৲

৩৪। সাহিত্য শিক্ষা টীকার ৵০

৩৫। সটীক শিক্ষাষ্টকম্ ৷০

৩৬। শ্রীসিদ্ধ-ভক্তবর্গ বিবিধ ৷০

৩৭। গুরুকৃপাবলী বা শ্রীরাধাপদদূতী ৷০

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈব-প্রাপ্ত একমাত্র মহৌষধ, পনরদিনে যক্ষ্মা বা ক্ষয় কাশ সম্পূর্ণ আরোগ্য হইবে। বহু সহস্র রোগী মৃত্যুমুখ হইতে রক্ষা পাইয়াছেন। (গরীব রোগীদিগকে ঔষধ খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়।) বিস্তারিত জানিবার জন্য এক আনার টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র উকীল পোঃ নৈকাঠী, জেলা বাখরগঞ্জ।

নদীয়া জেলায় ও নিম্ন ঠিকানায় অনুসন্ধান করিতে পারেন—

ভাগবত প্রেসের ম্যানেজার শ্রীযুত মহানন্দ ব্রহ্মচারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রীযুক্ত রামগোপাল দত্ত এম, এ, কৃষ্ণনগর পোঃ, জেলা নদীয়া।

একখানি পত্র

.... .আনন্দ সহকারে জানাইতেছি যে আমার ভ্রাতুষ্পুত্র কঠিন যক্ষ্মা রোগে আক্রান্ত হইয়াছিল এবং কলিকাতায় বহু প্রসিদ্ধ ডাক্তার মহাশয়গণ জীবনের আশা একেবারে ত্যাগ করিয়াছিলেন, কিন্তু বাবু ক্ষিতীশচন্দ্র উকিল মহাশয়ের ঔষধ মাত্র ১৫ দিন ব্যবহার করিয়া সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছে।

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী
জমিদার, খালিয়া ফরিদপুর।

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাহারা নানাবিধ অস্বাভাবিক উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ, ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, বহুমূত্র, স্বপ্নদোষ, পাকস্থলীর পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, হিস্টিরিয়া, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাস সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রাপ্ত হওয়া যাইতেছে। যাহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১।০ টাকা মাত্র।

সোল এজেণ্ট—ডাঃ ডি, ডি, হাজরা।
ফতেপুর, গার্ডেনরিচ পোঃ, কলিকাতা।
ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পদ্যসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোল্ড্ অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে টিটাগড়ের কাগজে ছাপা। ভিক্ষা—২।০ টাকা

৪৪৪শ গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

পরমার্থিব্যক্তি মাত্রেরই একান্ত প্রয়োজনীয়
বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত
বাংলার ঘরে ঘরে বিরাজিত হউক
ভিক্ষা ৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর পোঃ (নদীয়া)

সাধনা ঔষধালয়, ঢাকা

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম.এ. এফ.সি.এস (লণ্ডন)
ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক
(প্রফেসার)

আয়ুর্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে যত্নপূর্ব্বক ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।
নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাশি, সর্দ্দি, যক্ষ্মা, ক্ষয়রোগ, স্বরভঙ্গ প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্ব্বলতা নাশক শক্তিবর্দ্ধক পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, শুক্রহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও অজীর্ণতা সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপার্থিব আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত দুরারোগ্য রোগের মহৌষধ
মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

যে যে জিনিষ বহুলোকের অন্তর স্পর্শ করিয়াছে

৫০ বৎসরের ক্রমোন্নতিই আপনাকে বিশ্বাস প্রদান করিবে

১। "অমৃতার্ণব অবলেহ"—এই অবলেহ সেবনে দূষিত রক্ত পরিষ্কৃত হয়, শুক্র গাঢ় এবং বৃদ্ধি করে। দেহকে পরিপুষ্ট করতঃ বলিষ্ঠ এবং কান্তিযুক্ত করে। ইহা ব্যবহারে মস্তিষ্কের দুর্ব্বলতা দূর করতঃ শরীরের অস্বাভাবিক উত্তাপ হ্রাস করিয়া স্বাভাবিক করে। স্মৃতি ও ধারণাশক্তি পরিবর্দ্ধিত করে। পুরাতন গ্রহণীরোগে অব্যর্থ। কোষ্ঠকাঠিন্য নিবারণ করে এবং ক্ষুধা বৃদ্ধি করে। ইহার ২০ তোলা পূর্ণ প্রতি কৌটার মূল্য ২৲ দুই টাকা।

২। "শিশুসখা বটিকা"—শিশুদিগের যাবতীয় পীড়ার একমাত্র আশুফলপ্রদ মহৌষধ বলিয়া "শিশুসখা" নামে অভিহিত হইয়াছে। ইহা সেবনে শিশুদিগের যকৃৎ প্রভৃতি বিকারের জ্বর, কাসি, দুধতোলা, সর্দ্দি, কৃমির দোষ ও অন্যান্য সর্ব্ববিধ ব্যাধি নিশ্চয়ই আরোগ্য হয়। সুস্থ শিশুরা ইহা সেবন করিলে রোগাক্রান্ত হইতে পারে না এবং তাহাদের দেহ সবল করে। মূল্য ৩০০ বটিকার এক কৌটা ১৲ এক টাকা মাত্র।

——অন্যান্য ঔষধের বিবরণ——

জানিবার জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান :—আয়ুর্ব্বেদ-নিকেতন ঔষধালয়, ২১৩নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

এখনও অপূর্ব্ব সুযোগ! পরে পাওয়া দুর্ঘট!

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম, এ প্রাজ্ঞ (লাহোর) মহোদয় কর্তৃক সঙ্কলিত।

৪৭ খানি অপূর্ব্ব-চিত্র সমন্বিত।

বঙ্গকোষ-সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইং) মরোক্কো বাঁধা ১।০ স্থলিতে ২৲ দুই টাকা মাত্র

গ্রন্থ প্রকাশ হইবামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস হইতে—ডাঃ শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী এম, এম, এস কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়মঠ হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

শ্রীমদ্ভাগবতম্

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৪৭ খণ্ড এবং নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৫।৶০ সাধারণ পক্ষে ২১।৶০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।/০।

দশমস্কন্ধের ভিক্ষা ১২৲, অগ্রিম সাধারণের পক্ষে ৮৲।

৮৩২ পৃষ্ঠায় ৭৮ অধ্যায় পর্য্যন্ত ত্রয়োদশ খণ্ড ছাপা হইয়াছে। একাদশ স্কন্ধ ছাপা আরম্ভ হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষায় তৃতীয় সংস্করণ ৭৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০৲ টাকার এই বিরাট্ গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আদিকবি

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪।।০ টাকা

সাধক কণ্ঠমালা

প্রত্যেক সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ

ভিক্ষা ।৶০ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব্ব বাঙ্গালার মধ্যে সকলপ্রকার ছাপার জন্য বিখ্যাত বৈদ্যুতিক মেশিনে দিবারাত্র কাজ চলিতেছে বিস্তৃত জানিতে হইলে চিঠি লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

[illegible] নবাবপুর, ঢাকা।

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে জানেন না, তাঁহাদের শ্রীমহাপ্রভুর প্রচারিত, পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার স্বর্ণ সুযোগ উপস্থিত। কটক শ্রীসচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে; বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	৸৲
সাধন পথ (শ্রীমহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	।০
একত্রে ৩ খণ্ড লইলে	।০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৶০
একত্রে ৩খণ্ড লইলে	।০
গীতাবলী প্রতিখণ্ড	৴১০
একত্রে ৩ খণ্ড লইলে	৶১৫
শরণাগতি—প্রতিখণ্ড	/০
একত্রে ৩খণ্ড লইলে	৴৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীধামমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগৌরগদাধর মঠ,—চাঁপাহাটী, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ,—পোঃ চটক পর্ব্বত, পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিরুলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৩নং জগজ্জীবনপুরা, কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
। শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ পি।
১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব
২। শ্রীমাধ্বগৌড়ীয় মঠ,—৯০নং নবাবপুর রোড, ঢাকা।
৩। শ্রীমদনগোপাল মঠ,—বালিয়াটি, ঢাকা।
৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাযোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।
৫। শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—কুমুরকোন্দা, চিরকুণ্ডা পোঃ, মানভূম।
৬। শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ বর্দ্ধমান রোড, নিউদিল্লি

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—বহু পথ ক্লে রোড, খুলনা
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—নেপালগঞ্জ,
জলাপাড়া কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামরঞ্জন রায়—১৭।২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা
৪। মিঃ এস্, ডি, মুখার্জ্জি—এম, এস. ক্লার্কস্ দি মল, কানপুর
৫। শ্রীযুক্ত কৃষ্ণবিহারী জ্যোতির্ভূষণ—নবগঙ্গা, নদীয়া
৬। শ্রীরাসবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।
৭ শ্রীবিরাজমোহন দে—মনমোহন প্রেস, নবাবপুর, ঢাকা
৮। শ্রীনরেন্দ্রনাথ গড়গড়ি বেড়াচাঁপা, ২৪ পরগণা
৯। শ্রীপঞ্চানন চট্টোপাধ্যায় এ, এস্, এম্, মালদহ
১০। শ্রীপাদ অতীন্দ্রিয় ভক্তিপ্রকাশ ব্রহ্মচারী
১১। শ্রীপাদ নরোত্তম ব্রহ্মচারী ঐ

বর্ষায় একমাত্র স্বদেশী

রবারের জুতা

টি, টি, সিলিপার

চটি, প্রিন্সিয়ান ও এলবার্ট

চামড়াহীন, মজবুত, সস্তা, নরম, জল-কাদায় বিশেষ উপযোগী—এই স্বদেশী জুতা, বাজে বিদেশী জুতার বদলে কিনিয়া দেশী শিল্পের সহায়তা করুন।

ঠিকানা—টি, টি, সিলিপার এণ্ড কোং, ১নং টাউনসেণ্ড রোড ভবানীপুর, কলিকাতা

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম—

মারফালিন

টনিক ও সালসা। পথ্যের বাঁধাবাঁধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার আরাম হয়। ক্যাপসুল পারচায়েড

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ২।৪ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ খাওয়া উচিত নয় কি? একণে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ বিষের জল খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে হয়রান হয়েন কেন? সুতরাং ।০ আনার মারফালিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট; এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ।৵০ আনা, ডজন ৪।০ আনা।

এজেণ্ট—মেসারস্ এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কলিকাতা।

যুগল-মূর্ত্তি মার্কা
সর্ব্বত্র পাওয়া যায়।

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা এবং বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

এমন মহোপকারী তৈল আর নাই

আসল ও খাঁটি
শিশি ৷৹ আনা, ডজন ৮৲
ভিঃ পিঃ ও মাশুল স্বতন্ত্র।

টেলিগ্রামের নাম ও ঠিকানা— "শ্রীনাথ জ" নবদ্বীপ

Registered No. C 1544

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চি ১৲
প্রতি কলম ৬৲
অৰ্দ্ধ কলম ৩৷৹
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

সাহায্যের হার
অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৷৹
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৴৫

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৪র্থ খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [১৪৫ সংখ্যা

চৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—৩রা ভাদ্র ১৩৩৭ বুধবার ২০শে আগষ্ট ১৯৩০

আহ্বান-পত্র

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ।

শ্রীগৌড়ীয় মঠ
বাগবাজার, কলিকাতা
২৭শ্রীধর, ৪৪৪ গৌরাব্দ
১৮ই আশ্বিন, ১৩৩৭ বঙ্গাব্দ

বিপুল-সম্মান-পুরঃসর-নিবেদন,—

আপনি অবগত আছেন যে, প্রায় সপাদ চারিশত বর্ষ পূর্ব্বে শ্রীগৌড়মণ্ডলে ভাগীরথীর পূর্ব্বতটে শ্রীনবদ্বীপধামে মহা-বদান্যাবতারী শ্রীগৌরসুন্দর-মহাপ্রভু সমগ্র জীবজগতের নিত্য-পূর্ণ-কল্যাণ-বিধানোদ্দেশে শ্রীনিত্যানন্দ প্রভু ও শ্রীল ঠাকুর হরিদাসের দ্বারা প্রত্যেক জীবের দ্বারে দ্বারে ভুবনমঙ্গল শ্রীহরিনাম প্রচার ও বিতরণ করেন। কেবল গৌড়মণ্ডলে নহে, ক্ষেত্রমণ্ডলে শ্রীল স্বরূপ-রামানন্দের সহিত স্বয়ং ভজনলীলা প্রদর্শন, মাথুরমণ্ডলে স্বীয় মনোভীষ্ট প্রচারোদ্দেশে নিজজন সেনাপতি শ্রীল রূপসনাতন-গোস্বামী প্রভুদ্বয় এবং শ্রীরঘুনাথ-শ্রীজীব-প্রমুখ ভক্তবৃন্দগণের দ্বারা 'শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভা' নাম্নী একটী বিদ্বৎসভার প্রকট করিয়াছিলেন। জগতের দুর্ভাগ্য-নিবন্ধন কালক্রমে পরম মুক্তগণের পরিবেষ্টিত সেই সভা-প্রতিষ্ঠানটি ক্রমশঃ লোক-লোচনের অন্তরাল হইয়া যায়।

বহু বর্ষ পরে প্রায় অর্দ্ধশতাব্দী পূর্ব্বে ভগবান্ শ্রীগৌরসুন্দরের চারিত্রকৃপাক্রমে ভগবদ্বিরোধী পারমার্থিকগণের ইচ্ছায় এবং আচার্য্যবর্য্য ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তি-বিনোদ ঠাকুরের অহৈতুক দয়াপ্রভাবে কলিকাতা-মহানগরীতে 'শ্রীবিশ্ববৈষ্ণবসভা' পুনঃসংস্থাপিত হয়। তৎকালে এই মহানগরীতে—জীবোদ্ধারিণী চৈতন্যবাণী-

আগামী ১৮ই আশ্বিন হইতে

শ্রীগৌড়ীয় মঠের

বার্ষিক ভাগবত-মহামহোৎসব

এবং

ভক্তিশাস্ত্রী ও সম্প্রদায়-বৈভবাচার্য্য-পরীক্ষা আরম্ভ হইবে

ভক্তিশাস্ত্রী ও সম্প্রদায়-বৈভবাচার্য্য-পরীক্ষা

আগামী ২০শে আশ্বিন (১৩৩৭), ৭ই অক্টোবর (১৯৩০) মঙ্গলবার উত্থানৈকাদশী ব্রতারম্ভ দিবসে লক্ষ্মীপূর্ণিমা তিথিতে নবনির্ম্মিত শ্রীগৌড়ীয়মঠের নাট্যমন্দিরে 'সার্ব্বভৌম' উপাধি লাভের প্রবেশাধিকারস্বরূপ 'ভক্তি-শাস্ত্রী'-পরীক্ষা এবং তৎপর দিবস ২১শে আশ্বিন (১৩৩৭), ৮ই অক্টোবর (১৯৩০), বুধবার 'সম্প্রদায়বৈভবাচার্য্য'-উপাধি পরীক্ষার অধিবেশন হইবে। 'ভক্তিশাস্ত্রী' ও 'সার্ব্বভৌম' পরীক্ষার যোগ্যতা, নিয়মাবলী, পাঠ্য-পুস্তক ও বিষয়ের তালিকা আগামী কোন সংখ্যায় প্রকাশিত হইবে।

প্রচারের কোন সাধারণ মন্দির স্থাপিত না হওয়ায় ঐ মহাসভার কার্য্যাবলীর স্ফূর্ত্তিবিষয় নানাপ্রকারে ক্ষুণ্ণ ছিল। কিন্তু অবশেষে দয়ানিধি শ্রীগৌরসুন্দরের নিরঙ্কুশ-ইচ্ছা-ক্রমে বাদশ বর্ষ পূর্ব্বে শ্রীগৌড়ীয় মঠে অভিন্ন আচার্য্যপ্রবরের স্বাভাবিকী অনুকম্পা ও বাস্তব-সত্যানুসন্ধিৎসু অপ-বার্থত্যাগী সেবকমণ্ডলীর অকৈতব-সেবা-প্রাণতা-ফলে এই মহানগরীতে শ্রীবিশ্ব-বৈষ্ণবরাজসভা পুনরুজ্জীবিত হইয়াছে। এই শ্রীবিশ্ববৈষ্ণব-রাজসভার অভীপ্সিত বাস্তবসত্য-প্রচার-প্রসারের বৃহত্তম্ ভার মস্তকে বহন করিয়া লইয়াই আজ গৌড়ীয়-মঠ—সমগ্র ভারতপ্রসিদ্ধ প্রচার-প্রতিষ্ঠান—বাস্তবসত্যের বিমলিকৃত সেবা সদন,—অবিদ্যা-পীড়িত জনগণের অমোঘভিষক্-মহা-চিকিৎসালয় অকৃত্রিম-বান্ধব চিকিৎসালয়। গৌড়ীয়মঠের চৈতন্যবাণী আজ সমগ্র বিশ্বের সুসংস্কৃত সজ্জনগণের হৃদয়ে এবং শ্রবণে ধ্বনিত ও প্রতিধ্বনিত।

শ্রীআচার্য্যের কৃপায় যখন গৌড়ীয়মঠের এই চেতনময়ী বাণী কোন এক মহা-কৃতিমান্ শ্রেষ্ঠিকুলবরের কর্ণে প্রবেশ [illegible] করিল, যখন এই মহাপ্রাণের হৃদয় নাচিয়া উঠিল। তিনি আচার্য্যের কৃপা-ভিক্ষুক হইয়া সেই চৈতন্য-বাণী [illegible] একটি স্থায়ী মন্দির সদনে তাঁহার সারা জীবনের অভিলাষটিকে স্ফূর্ত্তি প্রদান করিলেন।

এই নবনির্ম্মিত শ্রীমন্দিরে গৌড়ীয়মঠ আগামী ১৮ই আশ্বিন (১৩৩৭), ৫ই অক্টোবর (১৯৩০) রবিবার [illegible] শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ গান্ধর্ব্বিকা-গিরিধারী সহ বিপুল সংকীর্ত্তন-শোভাযাত্রামুখে প্রবেশ করিবেন। [illegible] হইবে। এতদুপলক্ষে নির্দিষ্ট দিন হইতে নবনির্ম্মিত শ্রীগৌড়ীয়-মঠের প্রাঙ্গণে একটী সাময়িক প্রদর্শনী [illegible] এবং একটী শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার [illegible] হইবার ব্যবস্থা হইয়াছে।

শ্রীভগবান্ ও ভক্তগণের আবির্ভাব-তিরোভাব [illegible] শ্রীগৌড়ীয় মঠের বার্ষিক অনুষ্ঠান-তালিকা-সমূহ উপলক্ষে [illegible] উদ্যাপিত হইবে। অদ্যকার নদীয়া-প্রকাশের ৪র্থ পৃষ্ঠায় [illegible] পত্রী প্রদত্ত হইয়াছে।

শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার সভ্যবর্গ এই বিরাট ভাগবতোৎসবে ভাগবত-প্রদর্শনীতে এবং ভাগবত-সম্মেলনে বিশ্ববাসী সজ্জনগণকে [illegible] আহ্বান করিতেছেন। [illegible]

[illegible]

বেলেটিনবে যোগদান করিলে সভার সভ্যবর্গ পরমানন্দিত হইবেন। ইতি—

শ্রীহরিপদকিঙ্কর

শ্রীঅতুলচন্দ্র বন্দ্যোপাধ্যায় (ভক্তিসারঙ্গ গোস্বামী)

শ্রীবিপিনবিহারী সান্যাল (এম্ এ, ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী)

শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ (গৌড়ীয়মঠ-রক্ষক)

—শ্রীশ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার সম্পাদকবর্গ

দ্রষ্টব্য :—আগন্তুকগণ কৃপাপূর্ব্বক নিজ নিজ শয্যা, যথাযোগ্য আহার্য্য সঙ্গে আনিলে ভাল হয়।

নিমেদত্তের দল

শ্রীযুক্ত সত্যাযন ... এম, এ, বি, এল)

দীনবন্ধুবাবুর "সধবার একাদশী"র পাঠকগণ এই নিমচাঁদ দত্তের সহিত পরিচিত। নিমচাঁদ মদ্যপান করিয়া একটী গর্হিত কার্য্য করার জন্য একজন ভদ্রলোক তাহাকে লাথি মারেন, তাঁহার গলা টিপিয়া ধরেন এবং তাহাকে কিল ঘুষাও মারেন। তৎপরে এই প্রক্রিয়ার পর যখন তিনি পুনরায় তাহার ঘাড় ধরেন, তখন নিমেদত্ত বলিয়া উঠে, "দ্যাট্ ট্রেন হ্যাজ এ টোটাইম্ ট্রাক টেন" অর্থাৎ ঘাড় ধরা একবার হয়ে গেছে; অনেক বার পালা গল্পের মত [illegible] আর ভাল লাগে না। তাহাতে ভদ্রলোক অধিকতর রাগান্বিত হইয়া তাহাকে পুনরায় লাথি মারিলেন। নিমে দত্ত বলিল, "ভাট্ টু টেম্ এ রিপিটিশন্" অর্থাৎ এটাও একবার হয়ে গেছে, আবার কেন? তখন ভদ্রলোক তাহাকে কিল চড় মারিতে আরম্ভ করিলেন। কিন্তু কিল চড় পূর্ব্বে হইয়া যাওয়ায় নিমেদত্ত রেগে রাগ করিয়া বলিল, "দূর ব্যাটা! তোর একটুও ওরিজিন্যালিটি নাই"; অর্থাৎ নূতন কিছু করার ক্ষমতা নাই।

নিমেদত্তকে মার, গড় আর যাহাই কর, তাহার কোন আপত্তি নাই—চাই কেবল একটা নূতন কিছু। নিমেদত্ত মদ খাইয়া এরূপ বলিত, সুতরাং সে সমাজে ঘৃণ্য; তবে এ কথাও ঠিক যে, সে মদ খাইত বলিয়াই ঘৃণ্য, কিন্তু সে যাহা বলিয়াছিল, তাহা সম্পূর্ণ মানসিক হিসাবে বুদ্ধিমান্ ও বিচক্ষণের উক্তি।

যেখানেই যাও, সেখানেই দেখিবে—[illegible] অনুসন্ধান, নূতনের বরণ, [illegible] অনাদর। এমন কি, যাঁহারা [illegible] পুরাকালের কথা বলিয়া [illegible], প্রাচীনকালের মাথা তুলিয়া [illegible] প্রাচীন গৌড়-ভূপ [illegible] করিয়াছেন, তাঁহাদের কাহারও যখন একটা কিছু প্রকাশিত হয়, ... তাহা আমাদিগের নিকট নূতন। সেই জন্যই তাহার আদর। আবার দুই চারি দিন পরেই তাহার নূতনত্ব নষ্ট হইয়া যায়, তখন আমরা আবার একটা নূতন ধরণের কিছুর সন্ধানে থাকি। প্রাতঃ-নুবাদাদি সংবাদপত্র একদিনের পুরাতন হইলেই তাহা মুদিখানার মসলা বাঁধিবার উপকরণ স্বরূপে অথবা ছেলেদের উড়াইবার ঘুড়িতে পরিণত হয়।

মানুষের এই প্রবৃত্তির মূলে, একটা বিরাট্ শক্তি কার্য্য করিতেছে। মানুষ চিরদিন নূতনের অনুসন্ধান করে এবং পুরাতনের উপর বিরক্ত হয়। ইহাকেই ডিভাইন্ ডিস্কন্টেন্ট অর্থাৎ স্বর্গীয় অসন্তোষ বলে। যেকলে সাহেব বলেন যে, এই জাতীয় সমস্ত আশা এবং উন্নতির মূল। যদি জগতের সকলেই বর্ত্তমান অবস্থায় সন্তুষ্ট থাকিত, তাহা হইলে ভবিষ্যতে উন্নতির চেষ্টা থাকিত না।

এই নূতনের পশ্চাতে ধাবনে বহু নূতন তত্ত্ব আবিষ্কৃত হইতেছে, কিন্তু এমন একটা কিছু কি আবিষ্কৃত হইয়াছে, যাহা চিরনূতন? মানুষ স্বরূপতঃ চিরনূতনের দাস, সে স্বরূপ অবস্থায় তাঁহারই সেবা করে; কিন্তু বিরূপ অবস্থা প্রাপ্ত হইয়া, সেই চিরনূতনকে বিস্মৃত হইলেও তাহার অন্তঃকরণে এমন একটা প্রবল সংস্কার জাগরূক থাকে, যাহা তাহাকে নূতনের পাছু পাছু ছুটাইয়া বেড়ায়। সে এই অচির নূতনের পশ্চাতে ততদিন ছুটিবে যতদিন কেহ তাহাকে এমন একটা কিছুর সন্ধান না দেয় যাহা চিরনূতন, চিরমধুর।

একদিন বিল্বমঙ্গল সেই চিরমধুরের সাক্ষাৎ পাইয়া বলিয়াছিলেন "মধুরং মধুরং বপুরস্য বিভোর্মধুরং মধুরং বদনং মধুরং। মধুগন্ধি মৃদুস্মিতমেতদহো মধুরং মধুরং মধুরং মধুরং॥" তিনি সৌন্দর্য্যে আত্মহারা হইয়া কেবল বলিলেন "মধুরং মধুরং", আর কোন বাক্য নিঃসৃত হইল না।

মধুর হইতে সুমধুর তাহা হইতে সুমধুর
তাহা হেতে অতি সুমধুর।
আপনার এক কণে ব্যাপে সব ত্রিভুবনে
দশ দিক্ ব্যাপে যার পূর॥

সেই অপ্রাকৃত রসাস্বাদন বিদগ্ধমাধবে এইরূপে বর্ণিত আছে।

"কৃষ্ণ" এই দুইটী বর্ণ কত অমৃতের সহিত যে উৎপন্ন হইয়াছে, তাহা জানিনা; দেখ, যখন (নটীর ন্যায়) তাহা তুণ্ডে (মুখে) নৃত্য করে, তখন বহু তুণ্ড (মুখ) পাইবার জন্য রতি বিস্তার (অর্থাৎ আসক্তি বর্দ্ধন) করে, যখন কর্ণকুহরে প্রবেশ করে, তখন অর্ব্বুদ কর্ণের জন্য স্পৃহা জন্মায়; যখন চিত্ত-প্রাঙ্গণে (সঙ্গিনীরূপে) উদিত হয়, তখন সমস্ত ইন্দ্রিয়ের ক্রিয়াকে বিজয় করে।"

এইরূপে অনর্থরহিত চিচ্ছক্তিবৃত্ত জীব সর্ব্বেন্দ্রিয়ে এই রস আস্বাদন করেন। উহার নূতনত্ব চিরস্থায়ী, তবে আমাদের মত নিমেদত্তের দলের জন্য এ রস নয়। আমরা কেবল রূপ-নিবৃত্তি গ্রাস করি বাই, গর্হিত কাজ করিব, মাথায় কিল চড় খাইব, আর যে মারে তাহাকে বলিব, "এটা পুরাতন হয়ে গেছে, আর ভাল লাগে না।" তবে যদি কখনও সাধুগুরু-কৃপায় আমাদের অনর্থনিবৃত্তি হয় এবং আমাদের শ্রীকৃষ্ণ-পাদপদ্মে রতি হয় তখন আমরা বলিব—

যদবধি মম চেতঃ কৃষ্ণপাদারবিন্দে
নবনবরসধামন্যুদ্যতং রন্তুমাসীৎ।
তদবধি বত নারীসঙ্গমে স্মর্য্যমাণে
ভবতি মুখবিকারঃ সুষ্ঠু নিষ্ঠীবনঞ্চ॥

যেদিন হইতে আমার মন নব নব রসের আকর-স্বরূপ শ্রীকৃষ্ণ-পাদপদ্মে রমণ করিতে উদ্যত হইয়াছে, সেই দিন হইতে নারী-সঙ্গম স্মরণ হওয়ায় আমার অত্যন্ত মুখবিকার এবং নিষ্ঠীবন হইতেছে।

এখানে নারীসঙ্গম অর্থে পার্থিব ভোগ্য বস্তু উপভোগ। উহার নূতনত্ব এবং সুখদায়কত্ব অত্যন্ত অস্থায়ী। উহার হেয়তা, অধমতা, ক্ষণভোগ্যতা এবং অসুখাবহতা প্রসিদ্ধ। কিন্তু অনর্থ-রহিত জীবের রসাস্বাদন সেরূপ নহে:—

মধুর মধুর মেরাকারে মনোজ্ঞসরোরুহে
রূপং রূপং রুচে তৃষ্ণা চিরং বত লম্বতে।

কৃষ্ণকর্ণামৃত ৪২ শ্লোক

সেই মধুর তাম্রাধরে মনোহরলোচন-স্বরূপ মুখে আমার চৈত্য-তারুণ্য তৃষ্ণা সর্ব্বদা বৃদ্ধি অবলম্বন করিতেছে।

আমরা নূতনের পশ্চাতে ধাবিত হইতেছি; কিন্তু বাস্তবিক তাহা রস পদার্থ নহে।

রস কি পদার্থ? উত্তর, আনন্দ। আনন্দময় রসই অক্ষয় পদার্থ। অনাদি ও অনন্ত চিৎবস্তু যেখানে আছে, নিত্য সেইখানেই রস আছে। চিৎস্বরূপ ভগবান্, জীব ও বৈকুণ্ঠ লোক নিত্য, রসও তদ্রূপ নিত্য। এই জন্যই উপনিষৎ বলেন যে সেই পরম বস্তু রস-স্বরূপ। জীব তাঁহাকে লাভ করিয়া আনন্দময় হইয়া থাকেন। (ঠাকুর শ্রীল ভক্তিবিনোদের শিক্ষামৃত ৭১ হইতে)





মদন মঞ্জরী

... সর্ব্বপ্রকার ... রোগ ... নির্দোষ আরোগ্য হয়। ... মূল্য ৩০ বটী ১৲ এক টাকা।

"অপূর্ব্ব ... ঘৃত"

... আরোগ্য করিয়া ... মূল্য ৫ তোলা ১৲ টাকা।

"... বটিকা"

... মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

... ১৭নং ... রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!

জে, বি, দত্তের তোলা শিশি ... তৈল ... এবং ... প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, ... তৈল ... শিশির গায়ে ইংরাজী *J. B. Datta & Co.* নাম লেখা দেখিয়া ... করিবেন। ... তৈল কিনিয়া প্রতারিত হইবেন।

বিনীত—জে, বি, দত্ত

কেয়ার্স কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার জ্বর ... কুইনিন্ ...

এই কেয়ার্স-কুইনিন্ ... একটী বা দুইটী ইঞ্জেক্সনেই সর্ব্বপ্রকার ম্যালেরিয়া জ্বর ... ।

... মূল্য ... বাইও-কেমিক্যাল ... ২৯।১ ... রোড, কলিকাতা

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর—৩রা ভাদ্র বুধবার—১৩৩৭

(১)

প্রাকৃত কাম দুঃখপ্রদ সংসার-প্রাপক ও অপ্রাকৃত কাম চিদানন্দময় বৈকুণ্ঠ-প্রাপক

(২)

পুরুষোত্তমের সেবকাভিমানই জীবের সৌভাগ্য

(৩)

পারমার্থিক সংবাদ পত্র অপ্রাকৃত নামের সংবাদবাহক ও গৌরপাদপদ্মলাভের যোগ্যতা সম্পাদক

(৪)

বাগবাজারস্থিত নবনির্ম্মিত শ্রীগৌড়ীয়মঠ প্রবেশোৎসবে নিমন্ত্রণ পত্র

প্রাকৃত ও অপ্রাকৃত কাম

প্রাকৃত জগতে মানবদিগের পরস্পর আকর্ষী পদার্থটি প্রাকৃত কাম-বস্তু। উহা নশ্বর এবং আপাত-মধুর ও পরিণামে দুঃখ-দ। এইজন্য মুনিগণ উহাকে নিতান্ত হেয় পদার্থ বলিয়া বুঝেন।

ভগবদ্বিমুখ জীবনগণের জ্ঞান-শক্তি বিমুখ-মোহিনী মায়াশক্তি কর্ত্তৃক অভিভূত হওয়ায় তাহারা রজ্জুতে সর্পবুদ্ধির ন্যায় জড়-দেহে আত্মবুদ্ধি স্থাপন করেন এবং তজ্জন্য প্রাকৃত কামের অধীনতা স্বীকার করিতে বাধ্য হন। প্রাকৃত কাম কাল দ্বারা ক্ষুব্ধ হয় অর্থাৎ প্রকাশকালেই উহার লুপ্তবৃত্তি হয় এবং পরক্ষণে মলিন হয়ও থাকে না। মায়ামুগ্ধ [illegible] সকল প্রাকৃত-কামের এরূপ নশ্বর ও হেয় স্বভাবের পরিচয় প্রতি মুহূর্ত্তেই পাইয়া থাকেন, কিন্তু মোহিনীমায়ার এমনই মোহজাল যে তাহারা প্রতারিত হইয়াও পুনঃ পুনঃ প্রাকৃত-কামের অধীনতা স্বীকার করিতে চাহেন, কোন মতেই উহাকে পরিহার করিতে সমর্থ হন না।

দর্পণের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিলে নিজের প্রতিমূর্ত্তি দেখা যায় এবং দৃষ্টিকে উঠাইয়া লইলেই প্রতিমূর্ত্তির অবস্থান আর অনুভূতির বিষয় হয় না। সেইজন্য দ্রষ্টার তুলনায় তাহার প্রতিমূর্ত্তিকে দর্পণ-কালমাত্রস্থায়ী বা নশ্বর বলিয়া [illegible] বুদ্ধি-গম্য। ইহা ছাড়া, দর্পণে যা [illegible] থাকিলে প্রতিমূর্ত্তি মলিনাকারে দৃষ্ট হয় এবং দ্রষ্টার দক্ষিণ হস্ত বামহস্ত রূপে অর্থাৎ বিপরীতভাবে অনুভূতির বিষয় হইয়া থাকে। সুতরাং প্রতিপন্ন হইতেছে যে দ্রষ্টার সহ দর্পণান্তরস্থ প্রতিমূর্ত্তির কথঞ্চিৎ সৌসাদৃশ্য থাকিলেও উভয়ের মধ্যে আকাশ-পাতাল ভেদ বর্ত্তমান। এই দৃষ্টান্তকে অবলম্বন করিয়া কাম বস্তুকে বুঝিবার যত্ন করিলে আমাদিগকে প্রথমে প্রাকৃত কামকে দর্পণান্তরস্থ প্রতিমূর্ত্তিরূপে গ্রহণ করিতে হইবে এবং অতঃপর উহার নশ্বরতা ও হেয়তাকে মন মধ্য হইতে তাড়াইতে পারিলে আমরা প্রাকৃত কামের বিপরীত অপ্রাকৃত-কামের অস্তিত্ব সম্বন্ধে অস্ফুট ধারণা লাভ করিতে পারি।

৪। চিন্ময়ধামরূপ বৈকুণ্ঠের সর্ব্বোচ্চ-স্থানকে বৃন্দাবন কহে। সেই চিন্ময় বৃন্দাবন-ধামে ভগবান্ শ্রীকৃষ্ণ প্রকৃতির অতীত অভিনব মদন-স্বরূপে বিরাজমান। মদনশব্দে সাধারণতঃ জড় কবিগণ যে অর্থ করেন তাহা প্রাকৃত-কামদেব। ভগবান শ্রীকৃষ্ণ প্রাকৃত কামের বিপরীত অপ্রাকৃত-কাম মদন। অপ্রাকৃত-কাম, প্রাকৃত-কামের ন্যায় মলিন ও ধ্বংসপ্রাপ্ত হয় না। উহা নিত্য নবনবায়মান অর্থাৎ সর্ব্বদাই উজ্জ্বল থাকে। জীবের বাহ্যদেহ-গত প্রাকৃত ইন্দ্রিয়ের দ্বারা উহা গ্রহণীয় নহে। উহা জীবের আত্মস্বরূপ-গত চিদিন্দ্রিয়ের গ্রাহ্য। তর্ক-পন্থা পরিত্যাগ করতঃ শ্রৌতপন্থায় সদ্গুরুর মুখনিঃসৃত ভগবৎকথা সদাচারের সহিত শুনিতে থাকিলে সেবোন্মুখতাকে অবলম্বন করিয়া শ্রীকৃষ্ণরূপী অপ্রাকৃত-মদন যখন স্বয়ং সাধকের হৃদয়ে প্রকাশিত হইতে থাকেন, সাধক তখন হইতে ক্রমশঃ পরিস্ফুটভাবে অপ্রাকৃত মদনের রূপ, গুণ, পরিকরবৈশিষ্ট্য ও লীলা পরিচয় লাভ ও সেবাসুখে পরমমধুর সেবারস নিত্যকাল আস্বাদনের সুযোগ প্রাপ্ত হন। অপ্রাকৃত মদনের সহিত নিত্য সম্বন্ধ জানিতে পারিলে জীবের অপ্রাকৃত চিন্ময় অবস্থাতে অর্থাৎ শুদ্ধ আত্মস্বরূপে অবস্থিতি হয় বলিয়া তাহাকে আর পূর্ব্বের ন্যায় জড়-দেহে আমিত্বের আরোপ করিতে ও প্রাকৃত-কামের অধীন থাকিতে হয় না। সেখানে নিত্যের চিন্ময় কামগায়ত্রী ও চিন্ময় কামবীজের দ্বারা শ্রীকৃষ্ণরূপী অপ্রাকৃত মদনের উপাসনা হইতে থাকে। অপ্রাকৃত-মদনের উপাসনাতে যে আনন্দ প্রাপ্ত হওয়া যায়, অন্য প্রাকৃত কামানন্দের কা কথা, ব্রহ্মানন্দ অপেক্ষাও কোটী গুণ উপাদেয়। প্রাকৃত কাম যে পুরুষকে ভোক্তা সাজাইয়া স্ত্রী লোকের প্রতি ভোগ্য বুদ্ধির আকর্ষণ করে, অপ্রাকৃত কাম সেই পুরুষকে ভোগ্য সাজাইয়া নিত্য ভোক্তৃরূপী শ্রীকৃষ্ণের সেবায় চির-নিযুক্ত করেন। অপ্রাকৃত কামের আকর্ষণ স্ত্রীসমূহ অপর পুরুষের মনোরঞ্জন না করিয়া কেবলমাত্র জগৎ-পতিরূপ শ্রীকৃষ্ণের মনোরঞ্জনে ব্যস্ত হয়। মনুষ্যের কা কথা, অপ্রাকৃত কাম পশু, পক্ষী, বৃক্ষ, লতা, প্রস্তরাদি স্থাবর, আচ্ছাদিত বা মুকুলিত চেতন বস্তুসমূহকে পূর্ণ চেতন করতঃ তাহাদিগকেও শ্রীকৃষ্ণের সেবায় সর্ব্বতোভাবে নিযুক্ত করিতে দক্ষ। তাই তত্ত্বাগ্রগণ্য শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী প্রভু স্বরচিত শ্রীচৈতন্যচরিতামৃত নামক সিদ্ধান্ত গ্রন্থে লিখিয়াছেন যথা,—

বৃন্দাবনে 'অপ্রাকৃত নবীন মদন'।
কামগায়ত্রী কামবীজে যাঁর উপাসন॥
পুরুষ, যোষিৎ কিবা স্থাবর-জঙ্গম।
সর্ব্বচিত্তাকর্ষক সাক্ষাৎ মন্মথ-মদন॥

আমার সৌভাগ্য

আমি আমি বদ্ধজীব। অনাচারী, মায়াবদ্ধ, ত্রিতাপক্লিষ্ট পাপপরায়ণ আমি। সংসার সমুদ্রে নিপতিত, কামক্রোধাদি কবলিত, দুর্ব্বাসনাশৃঙ্খলিত, নিরাশ্রয় আমি। এরূপ দুর্ভাগার আবার সৌভাগ্য কোথায়? এই প্রশ্নের উত্তরে সাধুমুখে যাহা শুনিলাম তাহাতে মাদৃশ বরাকেরও সৌভাগ্যের কথাই মনে হয়। "ত্রাহি মাং মধুসূদন"।

আমার দুর্দ্দৈবের কথা বিচার করিলে যখন আমি নীরব, নিষ্পন্দ ও জ্ঞানহারা-প্রায় হইয়া দুঃখসমুদ্রে হন্যমান হই, অজ্ঞানতিমিরান্ধ হইয়া হতাশ ও মৃতপ্রায় হইয়া পড়ি, সেই জীবন্মৃত চেতনশূন্য দেহে কে জানি কি সৌভাগ্যের বলে ঠাকুরের গান "কৃষ্ণনাম এ বিশ্বাস করলে ত আর হয় নাই"—এই ধ্বনি, এই বাণী, এই বেদবাণী, এই গৌরবাণী, এই সিদ্ধান্তবাণী কর্ণপটাহ ভেদ করিয়া হৃদয়ে মৃতসঞ্জীবনী সুধা ঢালিয়া দেয়, নয়ন উন্মীলন করিয়া আমার ক্ষীণ আলোক দেখিতে পাই, নিষ্পন্দ শিরায় শোণিত প্রবাহিত হয়, নিস্তব্ধতা ছাড়িয়া আমি ও ঠাকুরের সুরে সুর মিশাইয়া গান, গাহিবার চেষ্টা করি। গান হয় না সত্য, নাম হয় না সত্য, কৃষ্ণ-নাম এ বিশ্বাস দৃঢ় হয় না সত্য। তথাপি "ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ" জপিতে জপিতে এই গান গাহিতে চেষ্টা পাইব। এ যে চৈতন্যের গান।

আমার প্রভুর প্রভু শ্রীগৌরসুন্দর।
এ বড় ভরসা মনে জাগে নিরন্তর॥

যে মহান পুরুষ [illegible] প্রসারিত করিয়া মায়াপূর্ণলোচনে আমার চেতনের বৃত্তি উদ্বুদ্ধ করিবার জন্য ঐ গান গাহিতেছেন, আমাকে গান গাওয়াইবার জন্য কতই না চেষ্টা করিতেছেন, আবার মুখে আত্ম নাম শুনিবার জন্য উৎকর্ণ হইয়া রহিয়াছেন, আমি কি তাহা দেখিব না, শুনিব না, বুঝিব না! আমি কি তাঁহার অনুগমন করিব না! সে যে চৈতন্যের [illegible] জন। তাঁহার যে প্রতি অঙ্গে প্রতি চেষ্টায়, প্রতি ইঙ্গিতে, প্রতি কথায়, প্রতি গানে, প্রতি সিদ্ধান্তে শ্রীচৈতন্যেরই অধিষ্ঠান। তাঁর যে প্রতিক্রিয়া, প্রতি মুদ্রা আমারই জন্য। আমার চৈতন্য-বিধানের জন্যই ত তাঁহার আগমন। তবে আমি কেন অচৈতন্য থাকিব। নিত্য-দাসের ন্যায় আমিও তাঁহার সেবাচেষ্টার অনুগমন করিব। তাঁহার সিদ্ধান্তবাণীর শ্রবণ [illegible] অনুপ্রাণিত হইয়া আমিও "দাস অধিকারী"দাসের সার্থকতা সম্পাদন করিব। তাঁহার শিক্ষাপুষ্ট হইয়া আমিও ধন্য হই।

"অহং [illegible]
[illegible]॥"

[illegible] এই [illegible] ভক্তিসিদ্ধান্ত সরস্বতী [illegible] আসিয়া পবিত্রী-কৃত করিয়া [illegible] এই আশাবদ্ধ হইয়া [illegible] পতিত-পাবন, [illegible] তাই আমি আবার [illegible] নামে দাস" [illegible] চাহিয়া [illegible] না হই। [illegible] গোবিন্দপদং" এই [illegible] সতর্ক হইব [illegible] সিদ্ধান্ত- [illegible] অনুভব [illegible] করিবে। [illegible] প্রাণপ্রতিমূর্ত্তি করিয়া তুলিবে। [illegible] আমি সংসারগত

হইয়া কল্যাণকল্পতরুর আশ্রয় লইয়া থাকিব।

অবিস্মৃতিঃ কৃষ্ণপদারবিন্দয়োঃ
ক্ষিণোত্যভদ্রাণি চ শং তনোতি।
সত্ত্বস্য শুদ্ধিং পরমাত্মভক্তিং
জ্ঞানঞ্চ বিজ্ঞানবিরাগযুক্তম্॥

আরও অগ্রসর হইয়া আবার গাহিব—'তরিষ্যমহিমাতিমতা ভুবি নিষ্ঠায়ো জটায়ো নিষ্কিঞ্চনাঃ।' আমি নষ্ট হইব। আমার আশার সীমা নাই।

জানি অনেক বাধা, অনেক বিপত্তি, অনেক প্রলোভন, অনেক দুঃখ আমার পথে আসিয়া উপস্থিত হইবে। অনেক অসুর, অনেক রাক্ষস, অনেক পিশাচী ও অনেক মায়ার সহচর সহচরী আমাকে বিপথগামী করিবার চেষ্টা করিবে। কিন্তু সর্বকারণকারণ শ্রীকৃষ্ণ আমাকে পরীক্ষা করিবার জন্য আমাকে শোধন করিবার জন্য এই অভিনয় করিয়াছেন, ইহা জানিয়া সতর্ক হইব এবং আরও দৃঢ়ভাবে তাঁহার আদেশপালনে যত্ন করিয়া পরীক্ষায় উত্তীর্ণ হইব; মহাজনানুগমনে আনন্দসুখে থাকিব।

অসচ্চেষ্টা-কষ্টপ্রদ-বিকটপাশালিভিরিহ
প্রকামং কামাদিপ্রকটপথপাতি-
ব্যতিকরৈঃ।
গলে বদ্ধা হন্যেঽহমিতি বকভিদ্বর্ত্মপগণে
কুরু ত্বং ফুৎকারানবতি স যথা ত্বাং
মন ইতঃ॥

'হে মন, কাম প্রভৃতি কুপথপ্রাপক বাটপারগণ কর্তৃক আমি গলদেশে অসচ্চেষ্টারূপ ক্লেশদায়ক ভীষণ পাশসমূহ দ্বারা আবদ্ধ হইয়া বিনষ্ট হইতেছি; অতএব তুমি বকশত্রু নন্দনন্দনের বর্ত্মরক্ষক শ্রীবৈষ্ণবগণকে এরূপভাবে কাতরস্বরে আহ্বান কর, যাহাতে তাঁহারা তোমাকে উহা হইতে রক্ষা করেন'।

হে নন্দনন্দন, অতঃপর আমি তোমার আজ্ঞাপালনে যত্নবান হইব। তোমার সেবকগণের সেবায় আত্মনিয়োজিত করিব। তোমার দেওয়া দুঃখ সহিষ্ণুতার সহিত সহ্য করিব। তোমার অনুকূলে করুণা, প্রতিকূলে করুণা বুঝিবার চেষ্টা করিব।

তত্তেঽনুকম্পাং সুসমীক্ষমাণো
ভুঞ্জান এবাত্মকৃতং বিপাকম্।
হৃদ্বাগ্বপুর্ভির্বিদধন্নমস্তে
জীবেত যো মুক্তিপদে স দায়ভাক্॥

'আমি কৃষ্ণদাস' শুনিতে শুনিতে স্বরূপোপলব্ধি করিব। 'আমি কৃষ্ণদাস' গাহিতে গাহিতে মায়ামুক্ত হইব। 'আমি কৃষ্ণদাস' ভাবিতে ভাবিতে প্রেমভক্তিযুক্ত হইব।

তুচ্ছাকারং সুলভং চতুর্বর্গং
প্রাপ্তুং স্বয়ং গুরুকর্ণ্যাহম্।
মহাদ্ভুতেন মঙ্গলেনৈব
পুমান্ প্রার্থিতং ন হরেৎ স আত্মা॥

সৌভাগ্যফলেই মনুষ্যজন্ম পাইয়াছি। আমি আত্মহত্যা করিব না। আমি গুরুবর্গের অভয়বাণী শিরে ধারণ করিয়া বামন হইয়াও চাঁদ ধরিবার চেষ্টা ছাড়িব না। কেননা আমার কর্ণধার সর্বশক্তিমান্ অখিলেশ্বর তিনি ধৃত করিয়াছেন। আমি অমৃতের সন্তান।

উৎসাহান্নিশ্চয়াদ্ধৈর্যাৎ
তত্তৎকর্মপ্রবর্তনাৎ।
সঙ্গত্যাগাৎ সতো বৃত্তেঃ
ষড়্ভির্ভক্তিঃ প্রসিধ্যতি॥

হে পতিতপাবন, অদোষদর্শিন্ প্রভো, পূর্বাপর বিচার করিয়া যখন আমি আত্মনিবেদনে যত্নবান্ হই, তখন দুর্দৈবাদির মধ্যেও আপনার অহৈতুকী কৃপা লক্ষ্য করিয়া আমি বিস্মিত হই। যোগমায়াবৃত প্রবল আসুরিক-বুদ্ধি-সম্পন্ন আমার কৃষ্ণভোগের সকল চেষ্টা ব্যর্থ করিবার উপযোগী সকল প্রকার সুতীক্ষ্ণ বাণ আপনার তূণীরে বর্তমান দেখিয়া নিজেকে ভাগ্যবান্ বলিবার আস্পর্দ্ধা রাখি। চক্রের ন্যায় আমার অবশ বুদ্ধিকে সর্বদা নিয়ন্ত্রণ করিয়া আমাকে মায়ামুক্ত করিতে—আমাকে রক্ষা করিতে—আপনি সমর্থ। আপনি জয়যুক্ত হউন।

নিতাই চরণ সত্য তাঁহার সেবক নিত্য
নিতাই পদ সদা কর আশ।

ইহাই আমার আশা। ইহাই আমার সৌভাগ্য।

পারমার্থিক সংবাদ-পত্রিকার আবশ্যকতা

(পণ্ডিত শ্রীপাদ রাধাচরণ গোস্বামী, ভক্তিরত্ন, ভক্তিশাস্ত্রী)

আমরা অনেকেই মনে করি, পারমার্থিক সংবাদ আবার পত্রিকা দ্বারা প্রচার করার প্রয়োজনতা কি? তদুত্তরে বলা যাইতে পারে, ঐহিক-জাগতিক সংবাদ পত্রিকা ও গ্রাম্যবার্তাবাহক পত্রিকা প্রভৃতির অপেক্ষা পারমার্থিক সংবাদ পত্রেরই যথেষ্ট প্রচার করার আবশ্যকতা ঢের বেশী আছে।

আজ কাল পাশ্চাত্য সভ্যতার কাল; একালে সমস্ত বিষয়ই বক্তৃতা ও সংবাদ পত্র-সাহায্যে আলোচিত ও প্রচারিত হয়। তাই সত্য জগতের মুকুটমণি ঠাকুর শ্রীভক্তিবিনোদ এই জগতে সর্বাগ্রে বক্তৃতা ও সংবাদ পত্র দ্বারা শ্রীমহাপ্রভুর আচরিত ও প্রচারিত শিক্ষা প্রচার করিয়াছেন। তাঁহার প্রচারিত সজ্জনতোষণী পারমার্থিক সংবাদপত্রের মূল স্তম্ভ। তৎপূর্বে কোন পারমার্থিক সংবাদ-পত্রিকা এই জগতে প্রকটিত হয় নাই।

যদিও তৎসাময়িক কাল হইতে সজ্জনতোষণীর অনুকরণে, আনুকরণিক সত্যপ্রচার পারমার্থিক সংবাদপত্র নামে পরিচয় দিয়া, শ্রীমন্মহাপ্রভুর প্রেমধর্ম বিশেষ করিয়া জগতের প্রচার সেভাবে জন্ম এযাবৎ কাল পর্যন্ত দুষ্প্রাপ্য জাগেন; তথাপি নিত্য-সংকীর্তন সত্য-প্রচারক সজ্জনতোষণী, গৌড়ীয় ও নদীয়া প্রকাশ নিত্য বৈকুণ্ঠবাণী কীর্তন করিয়া তথা কথিত পত্রিকাগুলির মায়ার কোলাহল জনিত দোষ অপসারিত করিয়া শুদ্ধ ও দুর্নির্দিষ্ট করিবার জন্য নিয়ত যত্নশীল আছেন।

সজ্জনসেব্যবর্তী সজ্জনানন্দদায়িনী অসজ্জনানন্দনাশিনী সা। গৌড়ীয় গৌরপ্রেমামৃতধারা কৃষ্ণরস, কৃষ্ণদাস কৃষ্ণতত্ত্ব উপদেশক, অগৌড়ীয়গণের গৌরপাদপদ্মাভের যোগ্যতা সম্পাদক। নদীয়াপ্রকাশ, অভিন্নব্রজ-নদীয়া ও অভিন্ন ব্রজেন্দ্রনন্দন নদীয়া-প্রকাশ শ্রীগৌরসুন্দরের নাম-প্রেম-মহিমা কীর্তন করিয়া অকৈতব জীবকুলকে অনর্থ পীড়ন হইতে রক্ষা করিতেছেন।

যুগাচার্য্য ওঁবিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী-গোস্বামী ঠাকুর,—স্বয়ং ও স্বীয় অনুগত শিক্ষিত ভক্তগণ-দ্বারা বক্তৃতা মুখে ভারতের সকল সভ্য জীবের দ্বারে দ্বারে ও সজ্জনতোষণীতে মাসে মাসে, গৌড়ীয়ে প্রতি সপ্তাহে নদীয়া-প্রকাশে প্রত্যহ নিরপেক্ষভাবে শুদ্ধভক্তিসিদ্ধান্তবাণী আলোচনা করিতেছেন। এই সকল বক্তৃতা-শ্রবণ ও প্রবন্ধপাঠে সজ্জন-গৌড়ীয়—নদীয়াবিলাসী ভক্তবৃন্দের হৃদয় আনন্দরসে অভিষিক্ত হইতেছে। বহু নাস্তিক আস্তিক হইলেন; কত কত পাষণ্ড মত পরিবর্তিত হইয়া শুদ্ধভক্তি আশ্রিত হইলেন। অনন্ত ও খণ্ড নিবাসীর হৃদয় ভক্তিভাবে দৃঢ় হইল।

দৈনিক বা সাপ্তাহিক সংবাদপত্রের অভাব হইলেও যতটুকু ক্ষতি হইবে না, তদপেক্ষা বহু সহস্র গুণে ক্ষতি এই সকল পারমার্থিক সংবাদ পত্রের অভাবে। সুতরাং একমাত্র পারমার্থিকসংবাদ পত্রেরই আবশ্যকতা আছে। আমরা পরমার্থ অনুসন্ধিৎসু সজ্জনমণ্ডলীর নিকট হইতে এসম্বন্ধে সহানুভূতি প্রকাশ করিবার লোকের অভাব বোধ করি না, বরং এই কর্ম কোলাহল পরিপূর্ণ জগতে আশাতিরিক্ত সহানুভূতি পাওয়া যাইতেছে। এরূপ সহানুভূতি উত্তরোত্তর দিগ্বিদিক দ্বিগুণিতভাবে পরিবর্দ্ধিত হইবে সেইরূপ আভাস এখন হইতেই প্রাপ্ত হওয়া যাইতেছে।

নিমন্ত্রণ পত্র

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

বাগবাজার—'শ্রীগৌড়ীয়মঠ'
২৭ শ্রীধর ৪৪৪ গৌরাব্দ
১৮ই আশ্বিন ১৩৩৭

বিপুল-সম্মান-সহ বিহিত সম্ভাষণপূর্বক নিবেদন—

শ্রীভগবান্ ও ভক্তগণের অপার আশীর্বাদ-মহোৎসবসম্বলিত শ্রীগৌড়ীয়মঠের অনুষ্ঠান-বৈচিত্র্যসমূহ শ্রীভগবানের ইচ্ছায় বর্তমান বর্ষে ঊর্জ্জব্রতকালে সন্নিহিত শ্রীমন্দিরেই উদ্‌যাপিত হইবে।

আগামী ২৭ পদ্মনাভ, ১৮ই আশ্বিন, ৫ই অক্টোবর রবিবার হইতে ১০ কেশব, ৩০শে কার্তিক, ১৬ই নভেম্বর রবিবার পর্যন্ত মাসাধিককাল শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গের অর্চ্চাবিগ্রহোৎসব-উপলক্ষে শ্রীবিশ্ববৈষ্ণব-রাজসভার ঊর্জ্জব্রত-মহোৎসব নবনির্মিত শ্রীগৌড়ীয়-মঠ সৌধে অনুষ্ঠিত হইবে। মহাশয় কৃপা করিয়া ঐ সময়ে শ্রীমঠের বার্ষিক মহোৎসবে যোগদান করিলে শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার সদস্যবর্গ পরমানন্দিত হইবেন।

নিম্নে মহোৎসবের তালিকা সংযুক্ত হইল। ইতি

শ্রীভক্তজনকিঙ্কর—

শ্রীঅতুলচন্দ্র বন্দ্যোপাধ্যায় (ভক্তিসারঙ্গ গোস্বামী, ভক্তিশাস্ত্রী)

শ্রীনিশিকান্ত সান্যাল (এম, এ, ভক্তিসুধাকর, ভক্তিশাস্ত্রী)

শ্রীকুঞ্জবিহারী বিদ্যাভূষণ (ভাগবতরত্ন ভক্তিশাস্ত্রী, আচার্যত্রিক)

শ্রীবিশ্ববৈষ্ণব-রাজ-সভার সম্পাদকবর্গ

মিলন মহোৎসব-তালিকা

শ্রীদামোদরব্রতোৎসব (সংকীর্তন-শোভা মুখে মঠ-প্রবেশ) ২৭ পদ্মনাভ, ১৮ই আশ্বিন, ৫ই অক্টোবর, রবিবার।

শ্রীরাধা-গোবিন্দোৎসব (শ্রীগোবর্দ্ধন-পূজা ও অন্নকূট) ১৫ দামোদর, ৫ই কার্তিক ২২শে অক্টোবর, বুধবার।

শ্রীরাধা-গোপীনাথোৎসব (শ্রীরাস-পূর্ণিমা) ২৯ দামোদর, ১৯শে কার্তিক, ৫ই নভেম্বর বুধবার।

বিরহ-মহোৎসব-তালিকা

শ্রীমুরারি গুপ্ত ঠাকুরের বিরহোৎসব ২৯ পদ্মনাভ, ২০শে আশ্বিন, ৭ই অক্টোবর, মঙ্গলবার।

শ্রীনরোত্তম ঠাকুরের বিরহোৎসব ৫ দামোদর, ২৫শে আশ্বিন, ১২ই অক্টোবর, রবিবার।

শ্রীনরহরি সরকার ঠাকুরের বিরহোৎসব ১২ দামোদর, ২রা কার্তিক, ১৯শে অক্টোবর রবিবার।

শ্রীবাসুদেব ঘোষ ঠাকুরের বিরহোৎসব ১৬ দামোদর, ৫ই কার্তিক ২০ অক্টোবর বৃহস্পতি।

শ্রীশ্রীনিবাসাচার্য্য ও শ্রীগদাধর দাস প্রভুর বিরহোৎসব ২২ দামোদর, ১২ই কার্তিক, ২৯শে অক্টোবর, বুধবার।

শ্রীমদ্ গৌরকিশোর দাস পরমহংস বাবাজী মহারাজের বিরহোৎসব ২৬ দামোদর, ১৬ই কার্তিক, ২রা নভেম্বর, রবিবার।

শ্রীভূগর্ভ গোস্বামী ও শ্রীকাশীশ্বর পণ্ডিতের বিরহোৎসব ২৯ দামোদর, ১৯ কার্তিক, ৫ই নভেম্বর, বুধবার।

শ্রীবৃন্দাবন ঠাকুরের বিরহোৎসব ৩০ দামোদর, ২০ কার্তিক, ৬ই নভেম্বর, বৃহস্পতি।

শ্রীগৌড়ীয়মঠের উৎসবকালে একটী বিশ্ববৈষ্ণবসভা সম্মেলন ও ভাগবত-প্রদর্শনী অনুষ্ঠিত হইবে। শ্রীবিশ্ববৈষ্ণবরাজসভার সদস্যবর্গ পরমার্থ-পিপাসুগণকে ঐ সম্মেলন ও প্রদর্শনীতে যোগদানার্থ আহ্বান করিতেছেন।

গৌড়ীয় সম্পাদক-প্রকাশ

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত
ভক্তি-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই স্বর্ণাক্ষরে। চতুর্থ সংস্করণ। বিস্তৃতবিষয়সূচীসহ

জৈবধর্ম্ম

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সনাতন ধর্ম্মের বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত দর্শন, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সকল গ্রন্থের মর্ম্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই জন্য শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ে গ্রহণ অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই—২৲ দুই টাকা

আবাঁধা—১৸৹ পৌনে দুই টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্ত্তব্য ও অনিত্য সাময়িক কর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম্ম কি? স্বদেশ, সমাজ, নীতি, ধর্ম্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসংকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্য্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য প্রমাণ খণ্ড

ভিক্ষা ৶০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নবটী দ্বীপ-সমন্বিত। এই নব দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে সপ্রমাণ রূপে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৭০ পৃষ্ঠা।

নবদ্বীপ ভাবতরঙ্গ

উত্তম বোল্ড-টাইপ কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উদ্গম হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

হরিনাম

৸৹ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী এবং শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে আকর্ষণের অনুকূল ও প্রাতিকূল বিচার অতি সুন্দরভাবে লিপিবদ্ধ হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!
শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা ৵০ আনা

দেহ ও মনের চেষ্টা অনিত্যবস্তু লইয়া—ইহা যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন জাতীয় আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্ব্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। গীতিকা সংস্করণও প্রকাশিত হইয়াছে

ভিক্ষা প্রতি খণ্ড ৵০ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— ৵০, নবদ্বীপশতক— ৵০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা ৵১০

আমরা অজ্ঞান মূঢ়ের মত অভাব ও কামনার বশবর্ত্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাঁহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন্ বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব, এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিকই কল্যাণের কল্পতরু; ইনি প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদানে

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত বঙ্গানুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয় সংবলিত প্রায় ৫২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৸০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সাত্বততোষকোষগ্রন্থ)

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। বিষ্ণুবৈষ্ণবসম্পর্কিত শ্রীমন্দির ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও গ্রন্থ-সমূহের তাৎপর্য্য ও বিবরণ, ৫। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় আকরমূলে ব্যবহার্য তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ খণ্ড ৸৶০, ২য় খণ্ড ৸৶০, ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড ৷৶০, চারিখণ্ড একত্রে ৩৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ

—১ম খণ্ড ১৲ এক টাকা ২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই বঙ্গানুবাদে অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ ফর্ম্মার ৩৫ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমদ্গোপালভট্টাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ৵০ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক-সূচী, বিষয়সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত ভিক্ষা, প্রতি খণ্ড সাধারণ পক্ষে ৷৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ৷৵০

২। ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (নব সংস্করণ) ৫৲
৩। গৌড়ীয়-গৌরব ৷৶০
৪। গৌড়ীয়-সংহিতা ৵০
৫। ভজনরহস্য ৷০
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপ-শতকম্ (বাঁধা) ১
" " আবাঁধা ৸০
৭। গীতাবলী ৷০
৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲
আবাঁধা ১৸০
গীতার কেবল মূল-ভাষ্য ৷০
৯। মুক্তিমঞ্জুষা অথবা গৌরসুন্দর সাম্রাজ্য (মাধ্ব) ২৲
১০। বেদান্তসূত্রের ভাষ্য (রামানুজীয়) ২৷
১১। জৈবধর্ম্ম ২৲
১২। শ্রীহরিনামচিন্তামণি (চতুর্থ সংস্করণ) ৸০
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৸৶০
ঐ বাঁধা ৸০
১৫। দীপ-বিশ্লেষণ ৶০
১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ৷৶০
১৭। গোস্বামী রঘুনাথ দাস অবাঁধা ৷৶০
ঐ ঐ বাঁধা ৷০
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৶০
২০। গীতমালা ৵১০
২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৶০
২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ৷০
২৩ শ্রীগৌড়মণ্ডলপরিক্রমা দর্পণ
২৪। শরণাগতি, গীতাবলী, গীতমালা, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, অর্থপঞ্চক ও সদাচারস্মৃতিঃ মোট ৷৶০
২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) ও অঙ্কন ৶০
২৬। সাধককণ্ঠমালা আবাঁধা ৷৶০
বাঁধা
২৭। সিদ্ধান্তদর্পণ
২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ৩৲
২৯। ব্রহ্মসংহিতা ৷০
৩০। শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা ১৲
আবাঁধা
৩১। মণিমঞ্জরী সম্পাদন
৩২। গোবিন্দভাষ্য
৩৩। শ্রীচৈতন্যভাগবত (দ্বিতীয় সংস্করণ)
৩৪ সাধুসঙ্গ শিক্ষা উদয়
৩৫। নৈতিক শিক্ষাস্বরূপম্
। শ্রীসিদ্ধ জগন্নাথ দাস ৷০
৩৭। তত্ত্বসূত্রাবলী বা জৈবধর্ম্মপূর্ব্বী

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ) নদীয়া।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈব-প্রাপ্ত একমাত্র মহৌষধ, সেবনে যক্ষ্মা বা ক্ষয় কাশ সম্পূর্ণ আরোগ্য হইবে। শত সহস্র রোগী মৃত্যুমুখ হইতে রক্ষা পাইয়াছেন। (গরীব রোগীদিগকে বিনা খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়।) বিস্তারিত জানিবার জন্য এক আনার টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র উকীল পোঃ [illegible], জেলা [illegible]।

[illegible] জেলায় ও নিম্ন ঠিকানায় অনুসন্ধান করিতে পারেন—

[illegible] প্রেসের ম্যানেজার শ্রীযুক্ত [illegible] ব্রহ্মচারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা শ্রীযুক্ত [illegible] এম, এ, [illegible] পোঃ, জেলা নদীয়া।

একখানি পত্র

[illegible] আনন্দ সহকারে জানাইতেছি যে আমার [illegible] কঠিন যক্ষ্মা রোগে আক্রান্ত হইয়াছিল এবং কলিকাতার বহু প্রসিদ্ধ ডাক্তার মহাশয়গণ জীবনের আশা একেবারে ত্যাগ করিয়াছিলেন, কিন্তু বাবু ক্ষিতীশচন্দ্র উকিল মহাশয়ের ঔষধ মাত্র [illegible] দিন ব্যবহার করিয়া সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছে।

(স্বাঃ) [illegible] রায় চৌধুরী

জমিদার, [illegible]।

মরা মানুষ বাঁচাইবার উপায়



বাস্তব পক্ষে প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অস্বাভাবিক শক্তি নষ্ট করিয়া জীবন্মৃত হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ, ধাতুদৌর্বল্য, স্বপ্নদোষ, [illegible], বহুমূত্র, হৃদয়, পাকস্থলীর পীড়া, অর্শ এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, [illegible], শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক মলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটি ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১॥০ টাকা মাত্র।

সোল এজেন্ট—ডাঃ ডি, ডি, হাজরা।

[illegible], [illegible] পোষ্ট, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পত্রসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত [illegible] অক্ষরে ডবল ক্রাউন, আটপেজী আকারে ছিটাগড়ের কাগজে ছাপা ভিক্ষা—২॥০ টাকা

৪৪৮ গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

পরমার্থিক মাত্রেরই একান্ত প্রয়োজনীয়

বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত

বাংলার ঘরে ঘরে বিরাজিত হউক

ভিক্ষা ৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর পোঃ (নদীয়া)

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ,

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম,এ, এফ,সি,এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে যত্নপূর্ব্বক ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৮৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত। নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, গোরোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাশি, সর্দি, যক্ষ্মা, ক্ষয়রোগ, হৃদরোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্ব্বলতা নাশক আয়ুষ্য পুষ্টিকর মহৌষধ যা [illegible]।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, শুক্রহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও [illegible] সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত [illegible] রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

যে যে জিনিস বহুলোকের অন্তর স্পর্শ করিয়াছে

৫০ বৎসরের ক্রমোন্নতিই আপনাকে বিশ্বাস

প্রদান করিবে

১। "অমৃতার্ণব অবলেহ"—এই অবলেহ সেবনে দূষিত-রক্ত পরিষ্কৃত হয়, শুক্র গাঢ় এবং বৃদ্ধি করে। দেহকে পরিপুষ্ট করতঃ বলিষ্ঠ এবং কান্তিযুক্ত করে। ইহা ব্যবহারে মস্তিষ্কের দুর্ব্বলতা দূর করতঃ শরীরের অস্বাভাবিক উত্তাপ হ্রাস করিয়া স্বাভাবিক করে। স্মৃতি ও ধারণাশক্তি পরিবর্দ্ধিত করে। পুরাতন গ্রহণীরোগে অব্যর্থ। কোষ্ঠকাঠিন্য নিবারণ করে এবং ক্ষুধা বৃদ্ধি করে। ইহার ২০ তোলা পূর্ণ প্রতি কৌটার মূল্য ২৲ দুই টাকা।

২। "শিশুসখা বটীকা"—শিশুদিগের যাবতীয় পীড়ার একমাত্র আশুফলপ্রদ মহৌষধ বলিয়া "শিশুসখা" নামে অভিহিত হইয়াছে। ইহা সেবনে শিশুদিগের যকৃৎ প্রভৃতি বিকারের জ্বর, কাসি, ঘুঙড়ী, সর্দ্দি, ক্রিমির দোষ ও অন্যান্য সর্ব্ববিধ ব্যাধি নিশ্চয়ই আরোগ্য হয়। সুস্থ শিশুরা ইহা সেবন করিলে রোগাক্রান্ত হইতে পারে না এবং তাহাদের দেহ সবল করে। মূল্য ৩০০ বটীকার এক কৌটা ১৲ এক টাকা মাত্র।

——অন্যান্য ঔষধের বিবরণ——

জানিবার জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান :—[illegible], ২১৬নং [illegible] ষ্ট্রীট, কলিকাতা।

এখনও অপূর্ব্ব সুযোগ ! পরে পাওয়া দুর্ঘট!

চিত্রে নবদ্বীপ

রাজর্ষি শ্রীযুক্ত শরদিন্দুনারায়ণ রায় এম, এ প্রাজ (লাহোর)

মহোদয় কর্তৃক সঙ্কলিত

৪৭ খানি অপূর্ব্ব চিত্র সমন্বিত।

শব্দকোষ-সম্পাদকের পরিচয় সহ

উৎকৃষ্ট (ইঃ) মরোক্কো বাঁধা ১।০ ভিপিতে ২৲ দুই টাকা মাত্র

গ্রন্থ প্রকাশ হইবামাত্র প্রায় নিঃশেষিত হইয়াছে।

শ্রীধাম মায়াপুর নদীয়া-প্রকাশ প্রিন্টিং ওয়ার্কস্ হইতে—ডাঃ শ্রীকৃষ্ণকান্তি ব্রহ্মচারী এল্, এম্, এফ কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত

শ্লোকসূচী, বিষয়সূচী প্রভৃতি সহ

শ্রীগৌড়ীয়মঠ হইতে খণ্ডে খণ্ডে প্রকাশিত

মহাভারত

সমগ্র গ্রন্থের মূল্য ৪০৲ চল্লিশ টাকা।

২৭২৬ পৃষ্ঠায় নবমস্কন্ধ ছাপা হইয়াছে,

সপ্তচত্বারিংশ খণ্ডে সূচী ছাপা হইয়াছে।

৪৭শ খণ্ড গ্রন্থ নদীয়া-প্রকাশ বা গৌড়ীয়ের গ্রাহক পক্ষে ১৩॥৵০ সাধারণ পক্ষে ২১।৵০। প্রতিখণ্ড সাধারণ পক্ষে ।৶০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশের গ্রাহক পক্ষে ।/০।

দশম স্কন্ধের ভিক্ষা ১২৲, অগ্রিম দাতাগণের পক্ষে ৮৲।

৮৩২ পৃষ্ঠায় ৭৮ অধ্যায় পর্য্যন্ত ত্রয়োদশ খণ্ড ছাপা হইয়াছে। একাদশ স্কন্ধ ছাপা আরম্ভ হইয়াছে।

গৌড়ীয়মঠের সুবিরাট চতুর্থ সংস্করণ

"শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত"

সূচী প্রভৃতি সহ সম্পূর্ণ ছাপা শেষ হইয়াছে

আদি, মধ্য, ও অন্ত্যলীলা এবং সূচী ছাপা হইয়া সম্পূর্ণ প্রকাশিত হইয়াছেন। যাঁহারা কয়েক বৎসর পূর্ব্বে ১০৲ টাকা ভিক্ষায় তৃতীয় সংস্করণ ৬৲ টাকায় না পাইয়া অপূর্ব্ব সংস্করণ সংগ্রহ করিতে অসমর্থ হইয়াছিলেন তাঁহাদের জন্যই উহার ৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছেন। সেই ১০৲ টাকার এই বিরাট্ গ্রন্থের শত সংখ্যা মাত্র ৫৲ টাকা ভিক্ষায় দেওয়া হইতেছে। গ্রাহকগণ সত্বর হউন পরে আর এ সুযোগ থাকিবে না।

শ্রীচৈতন্য-লীলার ব্যাস আদিকবি

শ্রীশ্রীল বৃন্দাবনদাস ঠাকুর-বিরচিত

বিরাট দ্বিতীয় সংস্করণ

শ্রীশ্রীচৈতন্যভাগবত

সভাষ্য আদিখণ্ড সম্পূর্ণ প্রকাশিত হইয়াছে।

সমগ্র গ্রন্থ ৮৲ স্থলে অগ্রিম ভিক্ষা ৫

নদীয়াপ্রকাশ ও গৌড়ীয় গ্রাহক পক্ষে ৪॥০ টাক

সাধক কণ্ঠমালা

ভক্ত সাধকের নিত্য প্রয়োজনীয় তুলসী মালিকার ন্যায় নিত্য কণ্ঠে ধারণযোগ্য অপূর্ব্ব গ্রন্থ ভিক্ষা ।৵০ মাত্র

মনোমোহন প্রেস

পূর্ব্ববাঙ্গালার মধ্যে নানাপ্রকার ছাপার জন্য বিখ্যাত বৈদ্যুতিক মেশিনে নিয়মিতরূপে কাজ চলিতেছে বিশদ জানিতে হইলে নিম্ন ঠিকানায় পত্র লিখুন

ম্যানেজার—মনোমোহন প্রেস,

১০নং নবাবপুর, ঢাকা

উড়িয়া অক্ষরে প্রকাশিত ভক্তি গ্রন্থাবলী

যে সব উৎকলবাসী ভক্ত বাংলা অক্ষর পড়িতে জানেন না, তাঁহাদের শ্রীমহাপ্রভুর প্রচারিত পরম উপাদেয় ভক্তি-কথা জানিবার সুবর্ণ সুযোগ উপস্থিত। কটক সচ্চিদানন্দ মঠ হইতে উড়িয়া-অক্ষরে নিম্নলিখিত গ্রন্থগুলি প্রকাশিত হইয়াছে। বাংলা গ্রন্থের তুলনায় উড়িয়া গ্রন্থগুলির ভিক্ষাও অপেক্ষাকৃত অল্প।

গ্রন্থের নাম	ভিক্ষা
শ্রীহরিনাম চিন্তামণি, প্রতিখণ্ড	।০
একত্রে ৫ খণ্ড লইলে	১৲
সাধন পথ (শ্রীমহাপ্রভুর শিক্ষাষ্টক) প্রতিখণ্ড	।০
একত্রে ৫ খণ্ড লইলে	।০
কল্যাণ কল্পতরু প্রতিখণ্ড	৶০
একত্রে ৩খণ্ড লইলে	।০
গীতাবলী প্রতিখণ্ড	৴১০
একত্রে ৩ খণ্ড লইলে	৶১৫
শরণাগতি—প্রতিখণ্ড	/০
একত্রে ৩খণ্ড লইলে	৶৫

প্রাপ্তিস্থান—শ্রীসচ্চিদানন্দ মঠ, কটক এবং শ্রীপুরুষোত্তম মঠ, পুরী

দৈনিক নদীয়া-প্রকাশ

নিম্নলিখিত মঠসমূহে প্রাপ্তব্যঃ—

১। শ্রীচৈতন্য মঠ,—পোঃ, শ্রীমায়াপুর, (নদীয়া)।
২। শ্রীগৌরগদাধর মঠ,—চাঁপাহাটি, সমুদ্রগড় পোঃ, (বর্দ্ধমান)।
৩। শ্রীভাগবত আসন,—ভাগবত প্রেস, কৃষ্ণনগর, নদীয়া।
৪ শ্রীগৌড়ীয় মঠ,—১নং উল্টাডিঙ্গি জংসন রোড, কলিকাতা
শ্রীপুরুষোত্তম মঠ,—চটকপর্ব্বত, পুরী
৬। শ্রীসচ্চিদানন্দ মঠ,—উড়িয়া বাজার, কটক।
৭। শ্রীভাগবত মঠ,—চিরুলিয়া, বাসুদেবপুর, মেদিনীপুর।
৮। শ্রীসনাতন গৌড়ীয় মঠ,—৩নং জগজ্জীবনপুরা, কাশী, ইউ, পি
৯। শ্রীকৃষ্ণচৈতন্য মঠ,—ছিপিগলি, বৃন্দাবন, মথুরা, ইউ, পি।
শ্রীপরমহংস মঠ—নিমসার পোঃ, সীতাপুর, ইউ পি।
১১। শ্রীব্যাসগৌড়ীয় মঠ,—কুরুক্ষেত্র, থানেশ্বর, কর্ণাল, পাঞ্জাব
১২ শ্রীমাধবগৌড়ীয় মঠ,—১০নং নবাবপুর রোড, ঢাকা।
১৩ শ্রীগদাইগৌরাঙ্গ মঠ,—বালিয়াটি, ঢাকা।
১৪। শ্রীপ্রপন্নাশ্রম,—আমলাযোড়া, রাজবাঁধ পোঃ, বর্দ্ধমান।
১৫ শ্রীচৈতন্যগৌড়ীয় মঠ,—ডুমুরকোন্দা, চিরকুণ্ডা পোঃ, মানভূম।
১৬ শ্রীব্রহ্মগৌড়ীয় মঠ,—আলালনাথ, ব্রহ্মগিরি পোঃ, পুরী, উড়িষ্যা
১৭। শ্রীগৌড়ীয়মঠ কার্য্যালয় ১০।১ ওয়েল্যান্ রোড, দিল্লী

এতদ্ব্যতীত নিম্নলিখিত ভদ্রমহোদয়গণের নিকট নদীয়া-প্রকাশ প্রাপ্তব্য।

১। শ্রীযুক্ত জনার্দ্দন ঘোষ—বড় বাজার রোড, খুলনা
২। শ্রীযুক্ত রাধাচরণ গোস্বামী ভক্তিরত্ন—দেওয়ানগঞ্জ, কলাবাড়ী কুচবিহার।
৩। শ্রীযুক্ত রামচরণ রায়—১৭২নং শ্রীগোপাল মল্লিক লেন, কলিকাতা
৪। মিঃ এন্ ডি, মুখার্জ্জি—এম, এস, প্রফেসর ডি এ ভি কলেজ, কানপুর
৫। শ্রীযুক্ত কুঞ্জবিহারী জ্যোতিষ রত্ন—কৃষ্ণনগর, নদীয়া
৬। শ্রীপ্রাণবিহারী দাস অধিকারী, নবদ্বীপ।
৭ শ্রীবিরাজমোহন দে,—মনোমোহন প্রেস, নবাবপুর, ঢাকা
৮। শ্রীশৈলেন্দ্রনাথ সরকার কেরাণীগঞ্জ, ২৪ পরগণা
৯। শ্রীপঞ্চানন চট্টোপাধ্যায় এ, এম, এম, বাগবাজার
১০। শ্রীপাদ অতীন্দ্রিয় ভাণ্ডারী বাগবাজার
১১। শ্রীপাদ নরোত্তম ব্রহ্মচারী ঐ

বর্ষায় একমাত্র স্বদেশী

রবারের জুতা

টি, টি, সিলিপার



চটি, প্রিন্সিয়ান ও এলবার্ট

চামড়াহীন, মজবুত, সস্তা, নরম, জল-কাদায় বিশেষ উপযোগী—এই স্বদেশী জুতা, বাজে বিদেশী জুতার বদলে কিনিয়া দেশী শিল্পের সহায়তা করুন।

ঠিকানা—টি, টি, সিলিপার এণ্ড কোং, ১নং টাউনসেণ্ড রোড, ভবানীপুর, কলিকাতা

গভর্ণমেণ্ট হইতে রেজিষ্টারী করা—

সর্ব্বপ্রকার প্লীহা লিভার সংযুক্ত ম্যালেরিয়া

জ্বরের সাক্ষাৎ যম

পারফলিন

চালক ও সালসা। পথ্যের বাধাবাধি নিয়ম নাই। এক দাগেই প্লীহা, লিভার কমে হয়। কলেজ পরিচালকে

এক দাগে জ্বর পালায়, ফিরে জ্বর আর হয় না

একদাগে জ্বর পালায়, তিন দাগে সম্পূর্ণ আরোগ্য হয়। এমন উপকারী ঔষধ আর নাই। ২।৪ দাগ ঔষধ সেবনে যদি আপনার জ্বর একেবারে ভাল হয়, সেই প্রকৃত ঔষধ খাওয়া উচিত নয় কি? এক্ষণে সাবধান হউন এবং জানিয়া রাখুন, আর মিছামিছি বাজে বোতল ২ বিষের জল খেয়ে শয্যাগত হইয়া প'ড়ে পরে হয়রান হয়েন কেন? সুতরাং ॥০ আনায় পারফলিনই একটি জ্বর রোগীর পক্ষে যথেষ্ট, এমন প্রত্যক্ষ উপকারী জ্বরের ঔষধ আর নাই। সকালে জ্বর হইলে বৈকালে সম্পূর্ণ আরোগ্য হইবেন, ডাক্তার ডাকিতে হয় না। মূল্য প্রতি শিশি ৷৵০ আনা, ডজন ৫।০ আনা।

এজেণ্ট—মেসারস এম, ভট্টাচার্য্য এণ্ড কোং, ১০ নং বনফিল্ডস্ লেন, কলিকাতা

আয়ুর্ব্বেদ সম্মত বায়ু পিত্ত বাত নাশক

ত্রিগুণ তৈল

যুগল-মূর্ত্তি মার্কা এবং বটকৃষ্ণ পাল দেখিয়া লইবেন।

যুগল-মূর্ত্তি মার্কা
সর্ব্বত্র পাওয়া যায়।

আসল ও আদি
শিশি ৸০ আনা, ডজন ৮৲
ভিঃ পিঃ ও প্যাকিং খরচ স্বতন্ত্র।

এমন মহোপকারী তৈল আর নাই

টেলিগ্রামের নাম ও ঠিকানা— 'শ্রীধাম' / নবদ্বীপ

Registered No. C 1844

বিজ্ঞাপনের হার
প্রতিবারে
প্রতি ইঞ্চ ১৲
প্রতি কলম ৬৲
অর্দ্ধ কলম ৩৷০
সিকি কলম ২৲
চুক্তির হার
স্বতন্ত্র।

দৈনিক নদীয়া-প্রকাশ

সাহায্যের হার
অগ্রিম দেয়।
বার্ষিক ৯৲
ষাণ্মাসিক ৫৲
ত্রৈমাসিক ২৸০
মাসিক ১৲
নগদ
প্রতি সংখ্যা ৴৫

বর্ত্তমান-বার্ত্তাবহ

ভারতের সর্ব্বত্র বহুল-প্রচার—নদীয়া জেলার একমাত্র মুখপত্র

৫ম খণ্ড] সম্পাদক—প্রত্নবিদ্যালঙ্কার শ্রীপ্রমোদভূষণ চক্রবর্ত্তী [১৪৬ সংখ্যা

শ্রীচৈতন্যমঠ শ্রীধাম মায়াপুর—৫ই ভাদ্র ১৩৩৭ বৃহস্পতিবার ২১শে আগষ্ট ১৯৩০

নৌকাডুবিতে ৫০ জন বিপন্ন

মিঃ সেনগুপ্তের ভ্রাতা গ্রেপ্তার

নলচিটী বোমার মামলা

কুমিল্লায় জেলের ভিতর মামলা.

বস্ত্রব্যবসায়ীর সঙ্কল্প

লাঠির সাহায্যে জনতা বিতাড়িত

শ্রীমতী জুৎসী ধৃতা

উকিলদের খদ্দরের পোষাক

গান্ধীটুপী আতঙ্ক

মহাত্মার মুক্তির কথা

নানাকথা

নৌকা ডুবিতে ৫০ জন লোক বিপন্ন

গত ১৩ই আগষ্ট সন্ধ্যা ৭টার সময় হুগলী নদীতে এক ভীষণ নৌকাডুবি হইয়া গিয়াছে। প্রকাশ, ২৪ পরগণার দিক হইতে অ্যাংলিয়ান ভিক্টোরিয়া ও কোহিনুর পাটের কলের প্রায় ৫০ জন মজুর নৌকাযোগে নদী পার হইতেছিল। হঠাৎ কিছুদূর অগ্রসর হইলে আকাশে ঝড় উঠে। ফলে নদী ভীষণ মূর্ত্তি ধারণ করে, আর দেখিতে না দেখিতে নৌকাখানি উল্টাইয়া যায়। প্রকাশ, শ্যামনগর পাটের কলের কর্ত্তৃপক্ষ এই সকল শ্রমিকের সাহায্যার্থে একখানি লঞ্চ ষ্টীমার পাঠাইয়া দিয়াছিলেন। তাহারা ২০ জনের জীবন রক্ষা করিয়াছে বলিয়া প্রকাশ। বাকী প্রায় ৩২ জনের খবর পাওয়া যাইতেছে না। এই সম্পর্কে তদন্ত হইতেছে।

মিঃ সেনগুপ্তের ভ্রাতা গ্রেপ্তার ও জন সদস্য মুক্ত

চট্টগ্রাম, ১৭ই আগষ্টের সংবাদে প্রকাশ শ্রীযুক্ত ফণীন্দ্রমোহন সেনগুপ্ত ও আর ১১ জন মিউনিসিপাল গার্লস্ স্কুলের টিচারের নিকট ভয়প্রদর্শন অর্ডিনান্স অনুসারে গ্রেপ্তার হইয়াছেন। ইনি শ্রীযুক্ত যতীন্দ্রমোহন সেনগুপ্তের কনিষ্ঠ ভ্রাতা। কার্য্যবিধির ১০৪ ধারার আদেশ অমান্যের জন্য ৫ সপ্তাহের কারাদণ্ড ভোগ করিয়া তিনি গত ১৩ই আগষ্ট মুক্তি পাইয়াছিলেন।

কুমিল্লায় জেলের ভিতর মামলা

গত ১৮ই আগষ্ট স্থানীয় জেলের ভিতর সদর সবডিভিশনাল অফিসার শ্রীযুক্ত এন, সি, সেনের আদালতে মৌলবী মুকুলেশ্বর রহমান, শ্রীযুক্ত মণীন্দ্রকুমার চক্রবর্ত্তী, পরেশচন্দ্র চট্টোপাধ্যায়, নিবারণচন্দ্র দত্ত, বিনেন্দ্রবিজয় রায়, মৌলবী উজাহুর আমেদ এবং মৌলবী বদর রহমানের বিরুদ্ধে আনীত মামলার বিচার আরম্ভ হওয়ায় সরকার পক্ষে ৭ জন সাক্ষীর সাক্ষ্যগ্রহণের পর মামলা মুলতুবীর আদেশ হইয়াছে। প্রবেশপত্র ভিন্ন কাহাকেও আদালতে যাইতে দেওয়া হয় নাই। সাক্ষীদিগের সকলেই পুলিশ কর্ম্মচারী। আসামীরা কেহই আত্মপক্ষ সমর্থন করেন নাই।

লাঠির সাহায্যে জনতা বিতাড়িত
ছয়জন আহত

বগুড়া ১৮ই আগষ্টের সংবাদে প্রকাশ সম্প্রতি বগুড়া জেল হইতে কয়েকজন মহিলা পিকেটার অব্যাহতি লাভ করিয়াছেন। গত ১৭ই আগষ্ট এই উপলক্ষে হিলীতে এক শোভাযাত্রার ব্যবস্থা হইয়াছিল। প্রকাশ এই সম্পর্কে এক বিরাট জনতার সৃষ্টি হইয়াছিল। তাহারা উচ্ছৃঙ্খল হইয়া পড়ায় পুলিশ তাহাদিগকে লাঠির সাহায্যে সরাইয়া দেয়। প্রকাশ, ছয়জন লোক নাকি আহত হইয়াছে।

নলচিটী বোমার মামলা

বরিশাল, ১৮ই আগষ্টের সংবাদে প্রকাশ নলচিটী বোমার মামলার সম্পর্কে গত জুলাই মাসের তৃতীয় সপ্তাহে বিস্ফোরক আইনের ৪ ও ৫ ধারা অনুসারে যে সকল সত্যাগ্রহীকে গ্রেপ্তার করা হইয়াছিল। তাঁহাদিগকে অব্যাহতি দেওয়া হইয়াছে। কিন্তু শ্রীযুক্ত সন্তোষচন্দ্র সেন এবং সুরেশ কিরণ পালকে ফৌজদারী কার্য্যবিধির ১০৭ ধারা অনুসারে জেলের ফটকে পুনরায় গ্রেপ্তার করা হইয়াছে।

স্বেচ্ছাসেবিকাগণের পিকেটীং

নাগপুর ১৩ই আগষ্টের সংবাদে প্রকাশ, ব্যারিষ্টার শ্রীযুক্ত এম, ভি, অভ্যঙ্করের কন্যা কুমারী বিমলের নেতৃত্বে স্বেচ্ছাসেবিকাগণ পুনরায় আইন কলেজে পিকেট করেন। পুনরায় ১ দিনের জন্য আইন কলেজ বন্ধ হইয়াছে।

বস্ত্রব্যবসায়ীদিগের সঙ্কল্প

১৪ই আগষ্টের সংবাদে প্রকাশ, হায়দ্রাবাদের বস্ত্রব্যবসায়ীরা যাহাতে বিদেশী বস্ত্র বিক্রয় বন্ধ করেন সেই জন্য কংগ্রেসওয়ালা বর্জ্জন কমিটির সেক্রেটারী মিঃ এল, ভগম্‌ঃ বস্ত্রব্যবসায়ী এসোসিয়েশনের জয়েণ্ট সেক্রেটারী মিঃ লালা গিরধারী লাল সেখ… গিয়াছিলেন। তাঁহারা যখন ব্যবসায়ীদিগের নিকট হইতে প্রতিশ্রুতি আদায় করিতেছিলেন তখন অনেক কনষ্টেবল তাঁহাদিগকে থানায় লইয়া যায়, সেখানে প্রায় তিন ঘণ্টা তাঁহাদিগকে আটক রাখা হইয়াছিল [illegible]

বিবিধ সংবাদ

শ্রীমতী তুলসী দুত্তা

[illegible], ১৭ই আগষ্ট তারিখের সংবাদে প্রকাশ [illegible] [illegible] [illegible] ডিরেক্টর মিসেস আর, এস, দুত্তাকে গ্রেপ্তার করা হইয়াছে।

শ্রীমতী দুত্তা স্থানীয় "[illegible]" [illegible] অধিনায়িকা। [illegible] আইনের ১০৮ ধারা মতে তাঁহাকে গ্রেপ্তার করা হইয়াছে।

[illegible] ম্যাজিষ্ট্রেট মিঃ [illegible] আদালতে উহার বিচার আরম্ভ হইয়াছিল। ম্যাজিষ্ট্রেট ইহার নিকট [illegible] টাকার জামীন তলব করেন। কিন্তু শ্রীমতী দুত্তা [illegible] দিতে অস্বীকার করেন। তাঁহার প্রতি [illegible] [illegible] হুকুম প্রদত্ত হইয়াছে।

আগামী ২৩শে আগষ্ট তারিখে এই মামলার বিচার আরম্ভ হইবে।

সহরে হরতাল

শ্রীমতী দুত্তার গ্রেপ্তারের প্রতিবাদকল্পে ও কংগ্রেস কর্মীদের [illegible] গত ১৯শে আগষ্ট সহরে হরতাল অনুষ্ঠিত হইয়াছে। হিন্দু দোকান সবই বন্ধ ছিল, উপরন্তু অনেক মুসলমানের দোকানও বন্ধ হইয়া গিয়াছিল।

লাহোর ষড়যন্ত্র মামলা

লাহোর, ১৮ই আগষ্টের সংবাদে প্রকাশ লাহোর ষড়যন্ত্র [illegible] পুনরায় আরম্ভ হইল [illegible] [illegible] [illegible] [illegible] বলেন যে, [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] হইতে পারে না। [illegible] [illegible] এই আদেশ [illegible] আসামী [illegible] [illegible] [illegible] আদালতে অনুপস্থিত থাকিতে পারিবে।

[illegible] জেলের [illegible] জেল সুপারিন্টেণ্ডেন্ট আদালতে [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] অনশন আরম্ভ করিয়াছে। আসামীদিগকে জেলের [illegible] [illegible] আনয়ন করা হইয়াছিল। কিন্তু তাহারা কিছুতেই জেল হইতে বাহির হইতে সম্মত হইল না। অগত্যা তাহাদিগকে পুনরায় [illegible] প্রেরণ করা হয়। আদালত [illegible] [illegible] [illegible] [illegible] দিনের মত আসামীদিগকে আদালতে উপস্থিত হইতে কোন বাধ্য করিবে না।

অতঃপর আদালতে [illegible] পরীক্ষকের সাক্ষ্য গৃহীত হয়। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] এই [illegible] [illegible] প্রয়োজন [illegible] [illegible]।

ছাত্রদিগের প্রতিশ্রুতি

মানিকগঞ্জ [illegible] [illegible] ছাত্র প্রতিজ্ঞা করিয়াছে, তাহারা কিছুতেই [illegible] ব্যবহার করিবে না। [illegible] [illegible] কোন [illegible] [illegible] কোন বিদেশী দ্রব্য বিক্রয় করিবে না প্রতিজ্ঞা করিয়াছেন বলিয়া প্রকাশ।

মহাত্মার মুক্তির কথা

[illegible] [illegible] পত্রিকা '[illegible] [illegible]' জানাইতেছেন, [illegible] [illegible] ও [illegible] মধ্যে যত বিনিময় হওয়ার ফলে [illegible] গান্ধী [illegible] এক পক্ষের মধ্যেই মুক্ত হইবেন।

রাজনৈতিক বন্দীর অবস্থা

গুজরাণওয়ালা ১৬ই আগষ্টের সংবাদে প্রকাশ, সমর-পরিষদের সভ্য শ্রীযুক্ত নারায়ণ সিং আট ওয়ালা দণ্ডিত হইয়া জেলে আছেন। প্রকাশ, অনশন ব্রত গ্রহণ করিয়া তাঁহার ওজন ৮ পাউণ্ড হ্রাস হইয়াছে।

রাজনৈতিক বন্দীদের স্থান সঙ্কুলান করিবার উদ্দেশে দুই তিন দিন অন্তর ২।৩টি করিয়া সাধারণ কয়েদীকে দণ্ডকাল উত্তীর্ণ হওয়ার পূর্বেই মুক্তি দেওয়া হইতেছে।

৭৫ বৎসরের বৃদ্ধ দণ্ডিত

সক্কর, ১৮ই আগষ্টের সংবাদে প্রকাশ সত্যাগ্রহীদের আশ্রয় দিবার অপরাধে বদ্রীনারায়ণ নামক ৭৫ বৎসরের জনৈক বৃদ্ধ ৬ মাস সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হইয়াছেন।

নিখিল ভারত কাটুনী সমিতির স্থানীয় খদ্দর উৎপাদনকেন্দ্রের ম্যানেজার ডেকট কৃষ্ণাইয়া ভারতীয় দণ্ডবিধির ১৪৩ ধারা এবং পুলিশ আইনের ৭৪ ধারা অনুসারে এক মাস সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হন।

উকীলদিগের খদ্দরের পোষাক

মানিকগঞ্জ বার সমিতির প্রেসিডেন্ট শ্রীযুক্ত অজিত সিংহ রায় ও সেক্রেটারী শ্রীযুক্ত প্রিয়ব্রত ঘোষ উকিলদিগের সহিত সাক্ষাৎ করিয়াছিলেন। প্রকাশ, তাঁহারা নাকি তাহাদিগকে এই মর্ম্মে এক প্রতিশ্রুতি দিয়াছেন যে, অতঃপর তাঁহারা খদ্দরের পোষাক পরিয়া আদালতে যাইবেন।

নবজীবন প্রেসের জমী আটক

আমেদাবাদ, ১৭ই আগষ্টের সংবাদে প্রকাশ সরকার নোটিশ দিয়া জানাইয়াছেন ২০শে আগষ্টের মধ্যে ১৭১০ টাকা জরিমানা না দেওয়া হইলে গান্ধীজীর নবজীবন প্রেসের জমী বাজেয়াপ্ত করা হইবে।

নবজীবন প্রেসের বাটী নির্ম্মাণের অল্প কিছুদিন পূর্ব্বে সাড়ে ৩ হাজার টাকা দিয়া জমী ক্রয় করা হয়। কিন্তু বাটী নির্ম্মাণের পূর্ব্বেই গান্ধীজী সত্যাগ্রহ আন্দোলন সুরু করেন এবং উক্ত জমীর খাজনা দিবার বন্ধ হয়।

গান্ধীটুপী-আতঙ্ক

১৬ই আগষ্টের সংবাদে প্রকাশ রাজমহেন্দ্রী সরকারী আর্টস কলেজের অধ্যক্ষ ছাত্রদের এক নোটিশ দিয়া জানাইয়াছেন যে, তাহারা ক্লাসের ভিতরে বা কলেজ প্রাঙ্গণের মধ্যে গান্ধীটুপী ধারণ করিতে পারিবেন না। এই আদেশ অমান্য করিলে তাহাদের স্কুল হইতে বিতাড়িত করা হইবে।

মুঙ্গের কংগ্রেস অফিস খানাতল্লাস

১৭ই আগষ্টের সংবাদে প্রকাশ পুলিশ মুঙ্গের কংগ্রেস কমিটীর কার্য্যালয়ে ছয় ঘণ্টা ধরিয়া খানাতল্লাস করে। খানাতল্লাস সময় তাহারা বিশিষ্ট কংগ্রেসকর্মী রামপ্রসাদ এবং কার্য্যালয়ের বাটীর মালিক রাধাপ্রসাদকে গ্রেপ্তার করে। রাধাপ্রসাদ ৫০০ টাকার জামীনে মুক্ত আছেন।

মানিকগঞ্জ সংবাদ

গত ১১ই আগষ্ট হইতে স্থানীয় স্কুল সমূহ হইতে পিকেটিং উঠাইয়া লওয়া হইয়াছে কিন্তু এখনও উপস্থিত ছাত্রদিগের সংখ্যা পূর্ব্বের মত হয় নাই। স্থানীয় এইচ, ই, স্কুলের বোর্ডিং হইতে ইতঃপূর্ব্বে একজন ছাত্রকে তাড়াইয়া দেওয়া হইয়াছিল, সেই কাজের প্রতিবাদে বোর্ডিং হইতে কয়েকজন ছাত্র চলিয়া গিয়াছে। তাঁহারা এখনও প্রত্যাগমন করে নাই। প্রকাশ, তাহাদিগের প্রত্যেকের ৫ টাকা জরিমানা হইয়াছে।

কবিরাজ শশিভূষণ কবিকণ্ঠভরণের

জ্বরারি পাচন

সর্ব্ববিধ জ্বরের [illegible] মহৌষধ

৭ শিশির মূল্য [illegible] আনা.

মফঃস্বলের জন্য

ডাকে পাঠান খরচ,

শিশি ৮/০ আনা.

কেশরঞ্জিত

মদন মঞ্জরী

বটিকায় ধ্বজ ও ধাতুবিকার, ইন্দ্রিয়শক্তির হ্রাস, অজীর্ণে অরুচি, মাথাঘোরা, বুক ধড়ফড়ানি, অনিদ্রা প্রভৃতি অবশ্য সমস্ত বিকার আরোগ্য হয়। বল, বীর্য্য, মেধা বৃদ্ধি করিতে অদ্বিতীয় টনিক। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

"নপুংসকান্তারি ঘৃত"

পুরুষত্বহানি রোগে বাহ্যপ্রয়োগ দ্বারা আরোগ্য করিয়া শক্তিসম্পন্ন করে। মূল্য ২ তোলা ১৲ টাকা।

"বসন্তবিলাসিনী বটিকা"

বীর্য্যধারণ কাল সঙ্গমশক্তি স্থায়ী ও বৃদ্ধি করিতে অত্যাশ্চর্য্য। মূল্য ১০ বটী ১৲ এক টাকা।

রাজবৈদ্য নারায়ণজী, কেশবজী

৮ ১৭৭নং হ্যারিসন রোড, কলিকাতা।

বিজ্ঞাপন

সাবধান! সাবধান!! সাবধান!!!

জে, বি, দত্তের চোকা শিশি বাদাম তৈল

খাঁটি ও অকৃত্রিম এবং উপকারিতায় সর্ব্বজন পরিচিত ও বহু প্রশংসিত।

আমরা সর্ব্বসাধারণকে জানাইতেছি, বাদাম তৈল খরিদ করিবার সময় শিশির গায়ে ইংরাজী J. B. Datta & Co. নাম খোদা দেখিয়া খরিদ করিবেন। নতুবা জোয়াচোরগণ কমদরের কৃত্রিম তৈল দিয়া প্রতারণা করিবে।

বিনীত—জে, বি, দত্ত

কেরার্স কুইনিন্

নূতন এবং পুরাতন ম্যালেরিয়ার যম

ইহাতে উপযুক্ত মাত্রায় আইরন, বাইহাইড্রোক্লোর কুইনিন্, আর্সেনিক এবং ইউরিয়েন আছে।

এক কেয়ার্স-কুইনিন্ দ্বারা ইন্‌জেক্সন করিলে একটী বা দুইটী ইন্‌জেক্সনেই সকলপ্রকার কঠিন ম্যালেরিয়া জ্বর বন্ধ করে এবং রক্ত হইতে বাকী ইন্‌জেক্সনে ম্যালেরিয়ার সমস্ত উপসর্গ নষ্ট করিয়া

৬ এম্পূল্‌স প্রতি বাক্স—মূল্য ২৲, ১২ ৩৲ টাকা

বাইও-কেমিক্যাল এণ্ড ক্লিনিক্যাল ল্যাবরেটরীজ

২৯।১ হরমোহন লেন, কলিকাতা।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

দৈনিক নদীয়া প্রকাশ

নিত্যপাঠ্য বৈকুণ্ঠ-বার্ত্তাবহ

শ্রীধাম মায়াপুর—৪ঠা ভাদ্র বৃহস্পতিবার—১৩৩৭

প্রশ্নের উত্তর

আমাদের লিখিত ১৩৪ সংখ্যার 'মায়াবাদীগণ' প্রবন্ধে নিধুবাবুর টপ্পা বা কালিদাস, ভবভূতি, সেক্সপীয়র, শেলি, ওয়ার্ডস্‌ওয়ার্থ প্রভৃতি প্রাকৃত কবিগণের কবিত্বসৌন্দর্য্য বর্ণন-দ্বারা অপ্রাকৃত কৃষ্ণপ্রেমের দিগ্‌দর্শন হইবার নহে, উল্লিখিত হইয়াছে। তাহাতে জনৈক কাব্যশাস্ত্রবিৎ আপত্তি উত্থাপন করিয়া জিজ্ঞাসা করিয়াছেন যে, রঘুবংশে ও কুমারসম্ভবে যে-সকল ভগবল্লীলা (?) বর্ণিত আছে, তাহা কি অপ্রাকৃত নহে ?

এই বিষয়ে তাঁহার উত্তর দিতে হইলে বীরভাবে তাঁহাকে এইসকল কথা আলোচনা করিতে বলি। রঘুবংশে যে শ্রীনারায়ণের নৈমিত্তিক অবতার শ্রীরামচন্দ্রের লীলা বর্ণিত আছে, উহা অপ্রাকৃত বর্ণনের অনুকরণে আধ্যক্ষিকের লেখা মাত্র। আধ্যক্ষিকের অনুভূতি যে অপ্রাকৃত, তাহা আমরা বলিতে প্রস্তুত নহি।

বদ্ধজীবের ইন্দ্রিয়জজ্ঞান সর্ব্বদা ভোগ্য বিষয়ের আলোচনা করে। নিজ্জনেরাও আলোচনায় সর্ব্বক্ষণই পরাঙ্মুখ। ব্যক্তিবিশেষের অপ্রাকৃত অনুভূতি প্রাকৃত অনুভূতি হইতে পৃথক্। প্রাকৃত কবিতা কখনও অপ্রাকৃত বস্তু বা তাঁহার লীলার নির্দ্দেশ হইতে পারে না। প্রাকৃত কবিগণ কর্ম্মফলভোগী ও ভগবদ্বস্তুকেও প্রাকৃতভাবে ভোগ্যমাত্র বিচার করেন। সুতরাং রঘুবংশের ভগবল্লীলা-বর্ণনা দ্বারা প্রাকৃত শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধেরই ইন্ধন যোগাড় হয় মাত্র।

কিন্তু শ্রীমদ্ভাগবত বলেন,—সর্ব্বথা-কাল পর্য্যন্ত অধোক্ষজ বস্তুর সেবোন্মুখতা অসম্ভব। প্রথম স্কন্ধের ৭ম অধ্যায়েই সেই বিষয়ের মীমাংসা আছে। পার্থিব মানবজাতি ভগবল্লীলার অনভিজ্ঞ ছিল বলিয়া অজ্ঞলোকের নিত্য মঙ্গলের জন্য শ্রীমদ্ভাগবতে ভগবল্লীলা বর্ণিত হইয়াছে। সেই সাত্বত-সংহিতা শ্রবণ করিলে জীবের শোক-মোহ-ভয়-বিনাশিনী সেবাপ্রবৃত্তির উদয় হয়। তখনই অপ্রাকৃত লীলার অনুভূতি হইতে পারে।

এবিষয়ে যদি কোন সন্দেহ কাহারও উদিত হয়, তাহা হইলে ক্রন্দন করিতে করিতে জীবনের শেষ ভাগ শ্রীগুরুদেবের নিকট কাতরোক্তি জানাইলে তিনি হৃদয়ে এই সকল সন্দেহের মীমাংসা করিয়া দিয়া বহু জীবগণের মঙ্গল বিধান করিবেন।

(১)

(ক) প্রাকৃত কবি অপ্রাকৃত কবি ভাগবতকের অনুকরণে ভগবল্লীলা বর্ণন করিলেও তাঁহাকে ভক্তের সম্মান প্রদান করা বিশুদ্ধ মায়াবাদ

(খ) বাহ্যদর্শনে ভক্ত ও অভক্তের চেষ্টার ঐক্যদর্শনে যাঁহারা ভক্তাভক্ত-সমন্বয়-প্রয়াসী, তাঁহারা ভক্ত ও ভগবচ্চরণে ঘোর অপরাধী

(গ) আধ্যক্ষিকগণ মহাভাগবতের দর্শনের তাৎপর্য্য না বুঝিয়া প্রাকৃতে অপ্রাকৃতত্ব আরোপ করিতে চান, তাঁহারা পাষোক-' অর্চ্চ্যে বিষ্ণৌ শিলাধীঃ……যস্য বা নারকী সঃ' শ্লোকের মর্ম্মানভিজ্ঞ

(ঘ) মহাভাগবতের দর্শনে স্থাবর বা জঙ্গম দর্শন আদৌ নাই, তিনি প্রাকৃত স্ত্রীপুরুষের কাম-কেলি-যুগলকে 'প্রেমিক' বলিয়া দর্শন করেন না, তাঁহার দর্শনে কেবল কৃষ্ণ-কার্ষ্ণ-প্রতীতি ব্যতীত আর কিছু নাই, সুতরাং তাঁহার অনুকরণ অপেক্ষা অনুসরণই জীবের মঙ্গলজনক

(ঙ) প্রাকৃত দর্শন অপ্রাকৃত দর্শনের বিকৃত বা হেয় প্রতিফলন-মাত্র, ঐগুলি গুরুকৃষ্ণসেবায় নিযুক্ত দেখিতে পারিলেই জীব মায়াবাদমুক্ত হইয়া অধোক্ষজের সেবায় নিযুক্ত হইতে পারেন

(২)

জীবের প্রতি ভগবানের কৃপা সর্ব্বাপেক্ষা অধিক

বদ্ধজীবগণ সেবাবিমুখ হইয়া নিন্দা বৃদ্ধি করে, বৈষ্ণবে জাতি বুদ্ধি করে, গুরুতে মনুষ্যবুদ্ধি করে, বিষ্ণু ও বৈষ্ণবের চরণামৃতে ইতরজল-বুদ্ধি করে, ভগবন্নাম-মন্ত্রে শব্দসামান্য বুদ্ধি করে, বিষ্ণুর সহিত অন্যান্য দেবতার সমজ্ঞান করে। তাহাদের গতি বর্ণনে শাস্ত্র যাহা বলিয়াছেন, তাহা পরম-মঙ্গলের কথা অর্থাৎ ত্রিতাপক্লিষ্ট হইয়া তাহাদের অবশ্য শোকপ্রাপ্তি ঘটে।

প্রাকৃত কবিতা—জীবের ইন্দ্রিয়জজ্ঞানের ব্যাপার, আর অপ্রাকৃত কবিতা কৃষ্ণপ্রেমার আকর। সুতরাং প্রাকৃতত্ব অপসারিত না করিলে অর্থাৎ 'ইন্দ্রিয়ের পরিচালক আমি'—এই বুদ্ধি পরিত্যাগ না করিলে সেই বস্তু আবির্ভূত হন না।

সর্ব্বান্তর্যামী ভগবান্‌ যাহার নিকট প্রকাশিত হন, তিনি তখনই তাঁহাকে দেখিতে পান, তৎপূর্ব্বে শত চেষ্টায়ও তিনি দৃষ্টিগোচর হন না। হিরণ্যকশিপু ভক্ত প্রহ্লাদের সাধনবলেই শ্রীনৃসিংহ-পাদ-পদ্মদর্শনের সৌভাগ্য লাভ করিয়াছিলেন। তখনই তাঁহার প্রাকৃত ভোগবুদ্ধি ও অহঙ্কারাত্মবুদ্ধি বিলুপ্ত হইয়াছিল

প্রাকৃত কবিতা কখনও অপ্রাকৃতে পর্য্যবসিত হইতে পারে না। শ্রীমদ্ভাগবতে কথিত অন্বয় ও ব্যতিরেক-পদ্ধতি দ্বারা দর্শন করিলেই সেই বিষয়ের জ্ঞানলাভ ঘটে। ভগবৎ-কৃপা ব্যতীত তাঁহার শুদ্ধ উপলব্ধি ঘটিবার সম্ভাবনা নাই। ভাগবতের চতুঃশ্লোকের প্রারম্ভে—

'যাবানহং যথাভাবো যদ্রূপগুণকর্ম্মকঃ।
তথৈব তত্ত্ববিজ্ঞানমস্তু তে মদনুগ্রহাৎ ॥'

—শ্লোকের তাৎপর্য্য অবগত হইলে আমরা জানিতে পারি যে, ভগবানের ও ভক্তের কৃপা না হইলে আমাদের কবিতায় প্রাকৃত দর্শন যায় না এবং ভক্তের সহিত অভক্তের সমপর্য্যায়ে গণনা করি। বহিঃপ্রজ্ঞাচালিত ভোগময় দর্শনকে সেবা-প্রবৃত্তির সহিত সমদর্শন করি। কিন্তু উহাতে কোন ফলোদয় হয় না।

আবিষ্কৃতজীব বৈষ্ণবগুরুগণ সর্ব্বদাই প্রাকৃত নিরাস করিয়া সেব্যবস্তুকে অপ্রাকৃত দর্শন করিয়া থাকেন। "মত্যাত্মবুদ্ধিঃ" প্রভৃতি শ্লোক, এতৎপ্রসঙ্গে বিশেষরূপে আলোচ্য। মোটের উপর প্রকৃতিজাত বস্তুগুলি সমস্তই অচিৎ বোধ। তামস অহঙ্কার হইতে শব্দাদির অধিষ্ঠান, রাজস অহঙ্কার হইতে অধিদৈবিক অধিষ্ঠাতৃগণের জ্ঞানচেষ্টা এবং সাত্ত্বিকী প্রবৃত্তি হইতে মন, আর ও অভিজ্ঞ অতীত অবস্থায় অপ্রাকৃতের নিত্যদর্শন।

ভগবানের অপরা প্রকৃতির অধীন থাকা কালে বিক্ষেপাত্মিকা ও আবরণী বৃত্তির বশীভূত থাকিতে হয়। তৎকালেই আমাদের প্রাকৃত দর্শন। আর শরণাগত হইয়া পরমহংস বৈষ্ণবের সঙ্গপ্রভাবে মায়াতীত রাজ্যের কথা সেই আচার্য্য প্রভুর নিকট শ্রবণ করিলে জীবের বহিরিন্দ্রিয় পরিচালনা-দ্বারা ভোগবৃদ্ধি বর্দ্ধিত হয় না। তখন দিব্যজ্ঞানের উদয়ে ক্রমশঃ অপ্রাকৃত অনুভূতির বাধা কেহই দিতে পারে না।

বিদ্যাপতির লছিমা-দেবী, জয়দেবের পদ্মাবতী, শ্রীরামানন্দের দেবদাসীতে তাঁহাদের কোন প্রাকৃত বুদ্ধির দর্শন নাই। অস্মাদৃশ প্রাকৃত জনগণের নিধুবাবুর টপ্পায় ও কালিদাসাদির বৈচিত্র্যপূর্ণ কাব্যে চিত্ত্রংশ অপ্রাকৃত অধিকার থাকা-কাল পর্য্যন্ত ঐ গুলিই আমাদের শরণে প্রতিভাত হয়। কিন্তু রসিক ভক্তের সঙ্গে শ্রীমদ্ভাগবতের আলোচনা করিলে আমাদের নিস্তারলাভ হয়।

যাহারা শ্রীমদ্ভাগবতের তীব্র বাণী সহ্য করিতে না পারিয়া শ্রীমদ্ভাগবতকে অজ্ঞ-রসিকের পাঠ্য গ্রন্থ জ্ঞান করেন, তাঁহাদিগকে সংসারে তাঁহার শ্রীগোবিন্দ প্রভু উৎসাহ প্রদান করেন না। হরি-বিলাস-লেখক যাহাদের ঈশ্বর আছে, তাঁহাদের জন্যই শ্রীভগবানের নাম, রূপ, গুণ, পরিকর ও লীলা; তাহা প্রাকৃত দ্রষ্টা ও শ্রাবক প্রভৃতির ভোগ্য বিষয় মাত্র।

নিধুবাবুর টপ্পার সঙ্গে শ্রীচৈতন্য-দেবের "যঃ কৌমারহরঃ" শ্লোকের ভাব-সাম্য দেখিতে পাওয়া যায়, তখনই

আমাদের পাঞ্চভৌতিক দেহপ্রতীতি বিনষ্ট হইয়া আত্মবৃত্তি প্রকাশিত হয়। তখন তাহাতে দোষ থাকে না। তবে নিধু বাবুর প্রাকৃত প্রেমটা মনোমধ্যে উদিত হইলে আমাদের সর্ব্বনাশ উপস্থিত হয়।

প্রাকৃত সম্প্রদায় বা চাঞ্চল্য বর্জ্জন করিবার জন্যই শাস্ত্রের উপদেশ; নতুবা অনধিকারচর্চ্চা করিতে গিয়া "গাছে না উঠিতেই এক কাঁদি" ন্যায়ানুসারে দুর্গতি উপস্থিত হয়। এতাদৃশ দুর্গতি উপস্থিত হইলেই হরিভক্তকে সাধারণ বলিয়া প্রতীত হয় এবং সাধারণকে সর্ব্বদাই অনুগ্রহকারী ভক্তের জ্যেষ্ঠা বলিয়া অভিমান আসিয়া পড়ে। উহা হংসেশ্বরের অধিষ্ঠানবিহীন হয় যায়।

"সকল বাসুদেবময়" বলিতে গিয়া যদি অন্তর্য্যামী বাসুদেব ও অপ্রাকৃত বাসুদেবের অধঃস্তনকিম্ব অবমাননা করিয়া বসি, তাহা হইলে বহিঃপ্রজ্ঞাচালিত দর্শনে কপটতার ভোগাধীন হইতে হয় এবং আমাদের প্রাকৃত শরীর ও প্রাকৃত মন অপ্রাকৃতের কোন নিদর্শনই পাইবে না। যেমন চোবড়া, খোসা বা খোলা লইয়া নারিকেল টানাটানি করিলে শাঁসজলের সহিত দেখা—সাক্ষাৎকার হয় না, তদ্রূপ।

"নৈতৎ সমাচরেজ্জাতু মনসাপি
হ্যনীশ্বরঃ।
বিনশ্যত্যাচরন্ মৌঢ্যাদ্যথাহরুদ্রোঽব্ধিজং
বিষম্॥"

—এই কথা প্রাকৃত সহজিয়া-সম্প্রদায়ে আলোচিত না হওয়ায় তাঁহারা ভক্তকোটিতে গণিত হইবার সম্পূর্ণ অযোগ্য হইয়া পড়েন।

প্রাকৃত ও অপ্রাকৃত, উভয়ের সদাবিচারে নির্ব্বিশিষ্ট মায়াবাদ আসিয়া জীবকে গ্রাস করে। তখন সবিশেষ বিষ্ণুর লীলা-বৈচিত্র্য বীরপূজায় পরিণত হইয়া জৈব-ভোগের পর্য্যবসিত হইয়া পড়িতে হয়। ইহা শ্রীচৈতন্য-সম্প্রদায়িত্বের প্রকৃষ্ট উদাহরণ।

প্রাকৃত সর্ব্বজ্ঞানের ভক্তি (?)—চাতুর্দ্দিক্ পঞ্জিকা-স্মৃতির বিচার-প্রণালী—শ্রীমদ্ভাগবতের বিরোধী, সুতরাং তাহাদের বেদবিজ্ঞান-বিবর্দ্ধিত কোন সন্ধান না থাকায় তাহারা জগতের অমঙ্গল সৃষ্টি করিতেছে মাত্র। আমাদের সহিত ঐরূপ দলের কোন সম্বন্ধ নাই।

আমেরিকার থিয়সফিক্যাল সোসাইটি প্রভৃতি আধ্যাত্মিক অন্বেষণের সভা ভক্ত-বিচারে যে প্রচুর পরিমাণে উন্নত—এ বিষয়ে আমাদের সন্দেহ না থাকিলেও অপ্রাকৃত রাজ্যে তাঁহারা কোথায় আছেন, আমরা স্বচ্ছন্দে ভগবদ্ভক্তগণের নিকট উহা জানিতে চাই। ভক্তগণের বিচারে তাঁহারা উন্নতপ্রত্ন বংশের অগ্রভাগে অবস্থিত হইতে পারেন, তাহাতে আমাদের কোন আপত্তি নাই; কিন্তু তদ্দ্বারা কৃষ্ণের প্রীতি সাধিত না হইলে আমাদের জীবন বৃথা জ্ঞান করিব।

"ভিলাস্ এ ভেঞ্চারেস্" বা "মিড্‌সামার নাইট্‌স্ ড্রিম"এর মধ্যে উদ্দীপনশীল-বলির অনুরূপ শ্লোক দর্শন বা শ্রীচরিতামৃতের কবিতায় তাৎপর্য্য-দর্শন-কার্য্যটি সকলের মুখে শুনিতে গেলে আমাদের শ্রীমদ্ভাগবত ও শ্রীচরিতামৃতের উপদেশ-লঙ্ঘনরূপ অধিকার-বহির্ভূত বলিয়া মনে হয়।

"অর্চ্চয়িত্বা তু গোবিন্দং তদীয়ান্
নার্চ্চয়েত্তু যঃ।
ন স ভাগবতো জ্ঞেয়ঃ কেবলং
দাম্ভিকঃ স্মৃতঃ॥"

—শ্লোকটি মনে পড়িলে আমরা স্তম্ভিত হইয়া যাই।

ত্রিপাদ বিভূতির অংশাংশ স্বরূপ একপাদ বিভূতির মধ্যে আবৃত ও বিক্ষিপ্ত হইয়া আছে—একথা কেহ অস্বীকার করেন না। কিন্তু ঐ বিক্ষিপ্ত ও আবৃত জাতীয় পদার্থের সহিত স্বগত-স্বজাতীয়-বিজাতীয়-ভেদ-রাহিত্য অভেদ ভাবে সংশ্লিষ্ট, একথা কোন ভক্তই বলিতে পারেন না; উহা মায়াবাদীর মত মাত্র।

দীনের প্রতি ভগবানের দয়া সর্ব্বাপেক্ষা অধিক

মান্দ্রাজ প্রেসিডেন্সীর অন্তর্গত গঞ্জাম জেলায় চিকাকোল-রোড নামে বেঙ্গল-নাগপুর রেলওয়ের একটি ষ্টেশন আছে। সেই চিকাকোল-রোড নামক ষ্টেশনের আট মাইল পূর্ব্বে কূর্ম্মাচল বা শ্রীকূর্ম্মক্ষেত্র অবস্থিত। শ্রীশ্রীগৌরসুন্দর দক্ষিণযাত্রাকালে কূর্ম্মাচলে আসিয়া শ্রীশ্রীকূর্ম্মদেবকে দর্শন করিয়াছিলেন এবং জনৈক কূর্ম্ম-নামধারী বৈদিকশ্রেণীর ব্রাহ্মণকে কৃষ্ণনামামৃত-বন্যায় ভাসাইয়া পরদিন প্রাতে তথা হইতে রওনা হইয়াছিলেন।

শ্রীবাসুদেব বিপ্র নামক এক ব্যক্তি কূর্ম্মাচলের নিকটবর্ত্তী গ্রামে বাস করিতেন। তাঁহার সর্ব্বাঙ্গ গলিত কুষ্ঠরোগে আক্রান্ত হইয়াছিল। তিনি এরূপ জীবে দয়াবিশিষ্ট ছিলেন, যে কুষ্ঠব্যাধির দ্বারা গলিত দেহ হইতে যে সকল কীট খসিয়া ভূমিতে পড়িত, তাহাদিগকে ভূমি হইতে উঠাইয়া পুনরায় নিজদেহের ক্ষতস্থানে রাখিতেন। পাছে অনাহারে কীট মরিয়া যায়, এইজন্য তিনি ঐরূপ আচরণ করিতেন। শ্রীশ্রীগৌরাঙ্গসুন্দরের আগমন-বার্ত্তা রাত্রিকালে শুনিয়া ইনি পরদিন প্রাতে উপরিউক্ত শ্রীকূর্ম্ম-নামধারী বৈদিকশ্রেণীর ব্রাহ্মণের গৃহে তাঁহার দর্শনার্থ আসিয়াছিলেন। ইহার উপস্থিত হইবার পূর্ব্বেই শ্রীগৌরাঙ্গসুন্দর তথা হইতে রওনা হইয়াছিলেন বলিয়া ইনি তাঁহার দর্শন পান নাই এবং দর্শন হইল না ভাবিয়া দুঃখে ভূমিতে মূর্চ্ছিত হইয়া পড়িয়াছিলেন। পরে চৈতন্য-লাভ করিয়া যখন তিনি আর্ত্তিসহকারে অনেক প্রকার বিলাপ করিতেছিলেন, তখন দীনাশ্রয়ী ভগবান্ শ্রীশ্রীগৌরাঙ্গসুন্দর তাঁহাকে দেখা দিবার জন্য হঠাৎ তাঁহার নিকট আবির্ভূত হইয়া তাঁহাকে আলিঙ্গন করিয়াছিলেন এবং আলিঙ্গন-প্রভাবে তাঁহার দুঃখ ও ব্যাধি উভয়কে চিরকালের জন্য দূর করিয়াছিলেন।

শ্রীশ্রীগৌরাঙ্গসুন্দর-কর্ত্তৃক আলিঙ্গিত হওয়ার পর শ্রীবাসুদেব বিপ্র মহাশয়ের অঙ্গ অতি সুন্দর শোভাযুক্ত হইল এবং তাঁহার হৃদয় আনন্দে আপ্লুত হইয়াছিল। অহৈতুকী কৃপা-দর্শনে তিনি শ্রীশ্রীগৌরাঙ্গসুন্দরকে সাক্ষাৎ ঈশ্বর বলিয়া বুঝিয়াছিলেন ও বলিয়াছিলেন, যথা শ্রীচৈতন্যচরিতামৃতের মধ্য ৭ম অধ্যায়ে,—

'বহু স্তুতি করি কহে শুন দয়াময়।
জীবে এই গুণ নাহি তোমাতে এই হয়॥
মোরে দেখি মোর গন্ধে পলায় পামর।
হেন মোরে স্পর্শ তুমি স্বতন্ত্র ঈশ্বর॥
কিন্তু আছিলাঙ ভাল অধম হইয়া।
এবে অহঙ্কার মোর জন্মিবে আসিয়া॥'

উহা শুনিয়া শ্রীশ্রীগৌরাঙ্গ-সুন্দর তাঁহাকে বলিয়াছিলেন, যথা,—

প্রভু কহে কভু তোমার না হবে অভিমান।
নিরন্তর কহ তুমি কৃষ্ণ কৃষ্ণ নাম।
কৃষ্ণ উপদেশি' কর জীবের নিস্তার।
অচিরাতে কৃষ্ণ তোমা করিবেন অঙ্গীকার।

গলিত কুষ্ঠব্যাধিগ্রস্ত ব্যক্তির সহিত কেহ মিশিতে চাহে না। সুতরাং বিদ্যা-অর্জ্জন-সুখে বিদ্যামদে, ধন-অর্জ্জন-সুখে ধন-মদে, বিবাহ-দ্বারে সংসার-মদে ও সংকুলে জন্ম-হেতু জাতি-মদে মত্ত হইতে হয় না। দেহ ব্যাধি-বশে বিকৃত হইয়া থাকায় রূপ-মদেও তাহাকে মত্ত হইতে হয় না। ভগবদ্ভজনাদের অন্তরায়-স্বরূপ এই সমুদয় বিভিন্ন প্রকার মদে মত্ত হইবার সুযোগ যখন হয় না, তখন বুঝিতে হইবে যে, যাহাদের সুযোগ উপস্থিত হয়, তাহাদিগের অপেক্ষা কুষ্ঠব্যাধিগ্রস্ত ব্যক্তিগণ অধিক ভাগ্যবান অর্থাৎ তাহারা ভগবানের অধিক কৃপালাভে সমর্থ হইয়াছেন। এরূপ ভাগ্যবান জনের উচিত শ্রীবাসুদেব বিপ্র মহাশয়ের ন্যায় সদ্গুরুর চরণাশ্রয় পূর্ব্বক নিরন্তর কৃষ্ণনামে মত্ত থাকা। যে সকল রূপবান, বিদ্বান, ধনবান ও সৎকুলোদ্ভূত ব্যক্তি বিবাহিত বা অবিবাহিত যে কোন অবস্থায় থাকুন না কেন, যদি সদ্গুরুর আশ্রয়ে সর্ব্বতোভাবে ভগবদ্-ভজনে রত থাকেন, তবেই তাঁহারা কথিত প্রকার মদ ত্যাগ করেন; কিন্তু তাঁহাদিগের মধ্যে যদি কোন কোন ব্যক্তি সদ্গুরুর চরণাশ্রয় না করেন, অথবা আশ্রয় করিয়াও সরলভাবে ভগবদ্ভজনে রত না থাকেন, তাহা হইলে সেই সেই ব্যক্তি অপেক্ষা কুষ্ঠরোগ-গ্রস্ত ব্যক্তিগণ যে সর্ব্বাধিক নিরভিমান ও ভগবানের অধিক কৃপাপাত্র তাহা সহজ-বোধগম্য।

৫। জড়-জগতে ভোগায়তন দেহ। যাঁহার ভোগায়তন অপটু এবং যাঁহাকে অবিদ্যা-মদমত্ত ব্যক্তিগণ ঘৃণার চক্ষে দেখে, তিনি সেই অপটু ভোগায়তন দ্বারা বিশেষরূপে ভোগচরিতার্থ করিতে অক্ষম। সুতরাং তিনি সহজে ভগবদ্ভজনে নিযুক্ত হইতে পারেন এবং সেইহেতু তাঁহাকে ভাগ্যবান বা ভগবানের বিশেষ কৃপা-পাত্র বলিয়া বুঝাত দুঃসাধ্য। যাহারা দেহ-প্রাপ্ত হইয়াও বিদ্যাদি, সৎকুলে জন্মগ্রহণ এবং ধন সংগ্রহ করিয়াও যাহারা ভগবদ্ভজনে রত হইতে পারে না, তাহারা কুষ্ঠব্যাধিগ্রস্ত ব্যক্তি অপেক্ষাও অধম এবং তাহারা যদি আপনাদিগকে কুষ্ঠব্যাধিগ্রস্ত ব্যক্তি অপেক্ষা শ্রেষ্ঠ মনে করে, তাহা তাহাদিগের মনে মনে মনঃকলা খাওয়ার ন্যায় বৃথা বাগাড়ম্বর মাত্র। ভক্ত কবীর দাস তাই বলিয়াছেন,
"এ.স লাস্ জগৎ বোড়া ভালা, চুঁই চুঁই পড়ে চাম্। কাকন্ দেহ বান্ এ যা ঘটিয়া বিরাজে রাম্।"

৬। আত্মা—চিৎকণস্বরূপ এবং সেই চিৎকণ স্বরূপে সকলের গোলোকেই নিত্যস্থিতি। যে সকল ব্যক্তি আত্মতত্ত্ব জ্ঞানে বঞ্চিত, তাহারা জড়-দেহে আত্মবুদ্ধি স্থাপন করিতে বাধ্য হয়। জড়-দেহে আত্মবুদ্ধি-বিশিষ্ট অজ্ঞ ব্যক্তিগণ রূপমদ, জাতিমদ, ধনমদ ও বিদ্যামদে মত্ত ও আপনাদিগকে সংসারী মনে করিয়া ভগবৎ-সেবার বিপরীত কার্য্যে পঙ্ক-পতিত হয়। এই সব মদ রহিত না হইলে ভগবদ্ভজনের যোগ্যতা হয় না। কুষ্ঠ রোগ-গ্রস্ত ব্যক্তির অবিদ্যা-মদে মত্ত হইবার কিছুই পুঁজি নাই। অতএব ভগবদ্ভজনে তাঁহারা অনায়াসে রত হইতে পারেন। যদি তাঁহারা ভগবদ্ভজনে তীব্রভাবে রত না হন, তাহা হইলে তাঁহারা ইহকাল ও পরকাল—দুই কালই হারাইবেন এবং ভগবানের যথেষ্ট কৃপা-পাইয়া দুর্লভ ভগবৎ প্রেমলাভে সমর্থ হইবেন না।

গৌড়ীয় [illegible]-প্রকাশ

শ্রীচৈতন্যমঠের শুদ্ধভক্তি-গ্রন্থাবলী

শ্রীল ভক্তিবিনোদঠাকুর বিরচিত ভক্তি-গ্রন্থাবলী।

উৎকৃষ্ট কাগজে বিলাতী ধরণে বাঁধাই স্বর্ণালঙ্কৃত। চতুর্থ সংস্করণ। বিস্তৃতবিষয়সূচীসহ

বাঁধাই ২৲ দুই টাকা

প্রকাশিত হইয়াছে

সনাতন ধর্মশাস্ত্র বেদ, বেদান্ত, উপনিষৎ গীতা, শ্রীমদ্ভাগবত দর্শন, পুরাণ, তন্ত্রাদি সকল গ্রন্থ পাঠ করিবার অবসর অতি অল্প মানবের ঘটিয়া থাকে। অনেকের যোগ্যতা না থাকায় সেই সমস্ত গ্রন্থের মর্ম অবগত হইতে পারেন না। শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ বাঙ্গালীর এই অসুবিধা দূরীভূত করিবার জন্য এই গ্রন্থ প্রণয়ন করিয়াছেন।

বিদ্যালয়ের ছাত্র বা শিক্ষকগণের বিশেষ পাঠ্য, এই হেতু শিক্ষাবিভাগের ডিরেক্টার বাহাদুর ইহা সমস্ত বিদ্যালয়ের জন্য অনুমোদন করিয়াছেন।

শ্রীচৈতন্যশিক্ষামৃত

চতুর্থ সংস্করণ

সমগ্র বাঁধাই—২৲ দুই টাকা

আবাঁধা—১৸০ পৌনে দুই টাকা

যুক্তিপূর্ণ শাস্ত্রবাক্য দ্বারা প্রত্যেক মানবের নিত্য কর্তব্য ও অনিত্য সাময়িক কর্তব্য নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থের প্রতি উক্তি সনাতন শাস্ত্রবাক্য দ্বারা সমর্থিত ও প্রমাণিত হইয়াছে। দেহের, মনের ও আত্মার ধর্ম কি? বর্ণ, সমাজ, নীতি, ধর্ম কি? ইত্যাদি বিষয় ক্রমানুসারে এমন সুন্দরভাবে যুক্তিসহকারে আলোচিত হইয়াছে যে, প্রথম পংক্তি হইতে আরম্ভ করিয়া শেষ পর্যন্ত পাঠ না করিয়া নিবৃত্ত হওয়া যায় না।

শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য প্রমাণ খণ্ড

ভিক্ষা ৶০

শ্রীচৈতন্য মহাপ্রভুর বিহার ও লীলাভূমি নয়টি দ্বীপ-সমন্বিত। এই নব দ্বীপের প্রাচীন বিবরণ—প্রত্যেক দ্বীপে শ্রীমহাপ্রভুর লীলা—প্রত্যেক দ্বীপের পরিচয়, শ্রীধাম-মাহাত্ম্য—ধামাপরাধ কি? ইত্যাদি বিষয় বিশেষভাবে মনোহর ছন্দে বর্ণিত। পকেট সাইজ প্রায় ১৬০ পৃষ্ঠা।

শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ

উজ্জ্বল রোজ-রু কালীতে উত্তম কাগজে ছাপা—শ্রীনবদ্বীপধাম দর্শনে ভাবুক দর্শনকারীর কি প্রকার ভাবের উচ্ছ্বাস হয়, তাহা এই গ্রন্থে বর্ণিত। অতি চমৎকার। ভিক্ষা চারি আনা।

শ্রীহরিনামচিন্তামণিঃ

।৵০ দ্বিতীয় সংস্করণ

শ্রীরূপ গোস্বামী প্রভু শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভুকে উপদেশচ্ছলে যে সকল কথা বলিয়াছেন, তাহা এই গ্রন্থে ভক্তিপথের অনুকূল ও প্রতিকূল বিচার অতি সুন্দরভাবে বিবৃত হইয়াছে। ইহা ছাড়া শ্রীশ্রীমহাপ্রভুর উপদিষ্ট শিক্ষা ও উপদেশ বিস্তৃতভাবে লিপিবদ্ধ হইয়াছে।

গৌড়ীয়-বৈষ্ণব-জগতে অভিনব গ্রন্থ !!

শ্রীল ঠাকুর ভক্তিবিনোদের গীতি-গ্রন্থাবলী :—

শরণাগতি

পকেট সাইজ
অষ্টম সংস্করণ
ভিক্ষা ⁄০ আনা

দেহ ও মনের চেষ্টা অনাত্মবস্তু লইয়া—যখন জীব বুঝিতে পারে, তখন একমাত্র নিত্যবস্তু শ্রীভগবানের প্রতি তাঁহার কোন জাতীয় আবেগময়ী প্রার্থনা হয় এবং শ্রীভগবানে সর্বান্তঃকরণে নিষ্কপটে কি প্রকারে শরণাপন্ন হইতে হয়, ইত্যাদি বিষয়ক প্রাণস্পর্শী প্রার্থনা ও আত্ম-সমর্পণমূলক গান। উড়িয়া সংস্করণও প্রকাশিত হইয়াছে।

ভিক্ষা প্রতি খণ্ড ⁄০ এক আনা

প্রেমভক্তিচন্দ্রিকা— ⁄০, নবদ্বীপশতক— ⁄০

কল্যাণকল্পতরু

পকেট সাইজ
পঞ্চম সংস্করণ
ভিক্ষা ⁄১০

আমরা প্রত্যহ দুর্জয় অভাব ও কামনার বশবর্তী হইয়া পুনঃপুনঃ যে অকল্যাণকে কল্যাণ বলিয়া গ্রহণ করি এবং যাহার নিকট কল্যাণ কামনা করি, তিনি যে নিত্য বা যথার্থ কল্যাণ প্রদানে অসমর্থ এবং কোন্ বস্তু আমাদের নিত্য কল্যাণদাতা এবং কি ভাবে আমরা সেই কল্যাণলাভে সমর্থ হইব এই সকল কথা সরল গানে লিখিত। এই গীতিগ্রন্থ বাস্তবিকই কল্যাণের কল্পতরু, ইনি প্রত্যেককে নিত্যকল্যাণ প্রদানে

শ্রীল চক্রবর্ত্তি-ঠাকুরের টীকা সহ

শ্রীমদ্ভগবদ্গীতা

শ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর কৃত টীকা ও শ্রীল ঠাকুর ভক্তিবিনোদ কৃত অনুবাদ। টীকাকারের জীবনী, শ্লোক-সূচি, বিষয়সূচি প্রভৃতি বহু প্রয়োজনীয় বিষয়-সংবলিত প্রায় ৪২৫ পৃষ্ঠা। উৎকৃষ্ট সিল্কে বাঁধাই ২৲ দুই টাকা, কাগজে বাঁধা ১৷০

বৈষ্ণবমঞ্জুষা সমাহৃতি (সাম্প্রদায়িক কোষগ্রন্থ)

বিষয়:—১। ভক্তিশাস্ত্রে ব্যবহৃত শব্দাবলীর অর্থ, ২। চারি সম্প্রদায়ের বৈষ্ণবগণের চরিত্র, ৩। বিষ্ণুবৈষ্ণবসম্পর্কিত শ্রীমন্দির ও শ্রীবিগ্রহের বিবরণ, ৪। বৈষ্ণবগ্রন্থ ও প্রবন্ধ-সমূহের তাৎপর্য্য ও বিবরণ, ৬। বিষয় বিশেষের লৌকিক ও শাস্ত্রীয় আকরমূলে যাবতীয় তথ্য। চারিখণ্ড প্রকাশিত হইয়াছে। ১ খণ্ড ৸৵০, ২য় খণ্ড ৸৵০, ৩য় খণ্ড ৸০, ৪র্থ খণ্ড ৷৵০, চারিখণ্ড [illegible] ২৲ (৫ম খণ্ড যন্ত্রস্থ)।

শ্রীভক্তিসন্দর্ভ

—১ম খণ্ড ১৲ এক টাকা ২য় খণ্ড ১৲ এক টাকা—শ্রীমদ্ভাগবতের গ্রাহক ও গৌড়ীয় গ্রাহকগণ ১৷০ টাকায় দুইখণ্ড পাইবেন। বৈষ্ণবাচার্য্য শ্রীমজ্জীব গোস্বামিপাদের রচিত গ্রন্থ। ইহাই ষট্সন্দর্ভের অধিক প্রয়োজনীয় অংশ। প্রতি খণ্ড ডবল ক্রাউন ৮ ফর্মায় ৬৪ পৃষ্ঠা আকারে মুদ্রিত হইতেছে।

শ্রীমন্মধ্বাচার্য্য সঙ্কলিত

সদাচারস্মৃতিঃ

ভিক্ষা ⁄০ মাত্র

১। শ্রীমদ্ভাগবতম্,—শ্লোক-সূচী, বিষয়সূচী প্রভৃতি সহ খণ্ডে খণ্ডে প্রকাশিত হইতেছে, প্রতি খণ্ড সাধারণ পক্ষে ।৵০, গৌড়ীয় বা নদীয়া-প্রকাশ গ্রাহক পক্ষে ।⁄০

২। ভাষ্য-সহ শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত (চতুর্থ সংস্করণ) ৫৲
৩। গৌড়ীয়-গৌরব ।৵০
৪। গৌড়ীয়-[illegible] ৵০
৫। [illegible] ৷০
৬। শ্রীচৈতন্যচন্দ্রামৃতম্ ও শ্রীনবদ্বীপশতকম্ (বাঁধা) ১৲
" " আবাঁধা ৸০
৭। [illegible] ।০
৮। গীতা (শ্রীচক্রবর্ত্তি-টীকা-সহ) বাঁধা ২৲
আবাঁধা ১৸০
গীতার কেবল মাধ্ব-ভাষ্য [illegible]
৯। সুভাষিতরত্নভাণ্ডাগার (মাধ্ব) ২৲
১০। বেদান্তসূত্রের [illegible] (রামানুজীয়) ৷০
১১। [illegible] ৫৲
১২। [illegible] (চতুর্থ সংস্করণ) ৸০
১৩। গৌড়ীয়-কণ্ঠহার ২৲
১৪। প্রেমবিবর্ত্ত (তৃতীয় সংস্করণ) ৸৵০
ঐ [illegible] ৸০
১৫। দীপ-নির্দ্দর্শন ৵০
১৬। সাধনপথ (৩য় সংস্করণ) ।৵০
১৭। গোস্বামী রঘুনাথ দাস আবাঁধা ।৵০
ঐ ঐ বাঁধা ৷০
১৮। নবদ্বীপধাম-গ্রন্থমালা ৸০
১৯। ভক্তিরত্নাকর (নবদ্বীপ পরিক্রমা) ৵০
২০। [illegible] ⁄১০
২১। নবদ্বীপধাম-মাহাত্ম্য (প্রমাণখণ্ড) ৶০
২২। শ্রীনবদ্বীপভাবতরঙ্গ ।০
২৩। [illegible] ।০
২৪। শরণাগতি, গীতাবলী, গীতমালা, প্রেমভক্তিচন্দ্রিকা, নবদ্বীপশতক, [illegible] ।৵০
২৫। কল্যাণকল্পতরু (পঞ্চম সংস্করণ) [illegible] ৵০
২৬। [illegible] আবাঁধা ।৵০
বাঁধা ৷০
২৭। [illegible] ৵০
২৮। বৈষ্ণবমঞ্জুষা-সমাহৃতি (প্রথম চারিখণ্ড) ২৲
২৯। [illegible] ৷০
৩০। শ্রীমদ্ভাগবত [illegible] ১৲
আবাঁধা ৸০
৩১। [illegible] ।০
৩২। [illegible] ৸০
৩৩। [illegible] (দ্বিতীয় সংস্করণ) ৫৲
৩৪। [illegible] ৵০
৩৫। [illegible] ।০
৩৬। [illegible] ৷০
৩৭। [illegible]

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম মায়াপুর (প্রাচীন নবদ্বীপ), নদীয়া।

যক্ষ্মায় হতাশ হইবেন না

দৈব-প্রাপ্ত একমাত্র মহৌষধ, পনরদিনে যক্ষ্মা বা ক্ষয় কাশ সম্পূর্ণ আরোগ্য হইবে। বহু সহস্র রোগী মৃত্যুমুখ হইতে রক্ষা পাইয়াছেন। (গরীব রোগীদিগকে মস্ত খরচ বহন করিয়া চিকিৎসা করা হয়।) বিস্তারিত জানিবার জন্ত এক আনার টিকেট সহ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। শ্রীক্ষিতীশচন্দ্র উকীল পোঃ কাটী, জেলা বর্দ্ধমান।

নদীয়া জেলায় ও নিম্ন ঠিকানায় অনুসন্ধান করিতে পারেন—

ভাগবত প্রেসের ম্যানেজার শ্রীযুত মহানন্দ ব্রহ্মচারী, কৃষ্ণনগর, নদীয়া। অথবা বাবু রামগোপাল দত্ত এম, এ, কৃষ্ণনগর পোঃ, জেলা নদীয়া।

একখানি পত্র

.... আনন্দ সহকারে জানাইতেছি যে আমার ভ্রাতুষ্পুত্র কঠিন যক্ষ্মা রোগে আক্রান্ত হইয়াছিল এবং কলিকাতার বহু প্রসিদ্ধ ডাক্তার মহাশয়গণ জীবনের আশা একেবারে ত্যাগ করিয়াছিলেন, কিন্তু বাবু ক্ষিতীশচন্দ্র উকিল মহাশয়ের ঔষধ মাত্র ১৫ দিন ব্যবহার করিয়া সম্পূর্ণ আরোগ্য লাভ করিয়াছে।

(স্বাঃ) যতীন্দ্রকিশোর রায় চৌধুরী

জমিদার, খালিয়া ফরিদপুর।

মরা মানুষ বাঁচাইবার উপায়

যদিও অদ্যাপি প্রকৃত মরা মানুষ বাঁচাইবার কোন ঔষধ আবিষ্কৃত হয় নাই সত্য, তথাপি যাহারা নানাবিধ অনিয়মিত উপায়ে অপরিমিত শক্তি নষ্ট করিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন এবং নানা প্রকার মেহ, প্রমেহ ধাতুদৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, মধুমেহ, অর্শ, পাকস্থলীর পীড়া, ধব এবং স্ত্রীলোকদিগের মধ্যে যাহারা বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, হাঁপানী, শ্বেত ও রক্তপ্রদর, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে নিরাশ হইয়াছেন, তাঁহারা আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটান সাহেবের আবিষ্কৃত ইলেক্ট্রিক সলিউসন ব্যবহার করিয়া বাঁচিতে পারেন, তাহার শত সহস্র প্রমাণ প্রতি বৎসরেই পাওয়া যাইতেছে। যাঁহারা অন্যান্য বহুবিধ ঔষধ ব্যবহার করিয়া আরোগ্য হইতে পারেন নাই, তাঁহারা একবার এই ঔষধটী ব্যবহার করিয়া দেখুন। এক মাসের ব্যবহারোপযোগী এক শিশি ঔষধ ডাকমাশুল সহ ১॥০ টাকা মাত্র।

সোল এজেন্ট—ডাঃ ডি, ডি, হাজরা।

ফতেপুর, গার্ডেনরীচ পোষ্ট, কলিকাতা।

ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন

মহাকবি

শ্রীল লোচনদাস ঠাকুরকৃত

শ্রীচৈতন্যমঙ্গল

ও বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ-সম্পাদিত ভূমিকা; শ্লোকের অন্বয়, বঙ্গানুবাদ, প্রতি প্রসঙ্গের ও খণ্ডের কথাসার, শব্দসূচী, স্থানসূচী, পাত্রসূচী, প্রমাণগ্রন্থ-তালিকা, পত্রসূচী প্রভৃতি বিস্তৃত সূচী সম্বলিত বোর্ড বাঁধা, একত্রে ডবল ক্রাউন, আটপেজী আকারে টীটাগড়ের কাগজে ছাপা। ভিক্ষা—২॥০ টাকা

---

৪৪৪ গৌরাব্দের

সচিত্র

শ্রীনবদ্বীপ-পঞ্জিকা

পরমার্থিব্যক্তি মাত্রেরই একান্ত প্রয়োজনীয়

বিষ্ণুব্রত ও উপবাসাদির তালিকা সম্বলিত

বাংলার ঘরে ঘরে বিরাজিত হউক

ভিক্ষা ৵০ আনা মাত্র

প্রাপ্তিস্থান—শ্রীচৈতন্যমঠ, শ্রীধাম-মায়াপুর পোঃ (নদীয়া)

সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ

শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম এ এফ সি এস (লণ্ডন)

ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

(প্রফেসার)

আয়ুর্ব্বেদীয় ঔষধ বিশুদ্ধ ও শাস্ত্রমতে নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হয়। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। রোগের বিবরণ জানাইলে বহুদর্শিতা ব্যবস্থা দেওয়া হয়। চিঠি পত্রাদি সম্পূর্ণরূপে গোপন রাখা হয়।

মকরধ্বজ (স্বর্ণসিন্দুর)

(বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ টাকা

উৎকৃষ্ট স্বর্ণ, পারদ ও আমলাসার গন্ধক দ্বারা যথাশাস্ত্র প্রস্তুত।

নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা

উৎকৃষ্ট কাশীর আমলকী, বংশলোচন প্রভৃতি যাবতীয় উপাদানে পূর্ণ মাত্রায় যথাশাস্ত্র প্রস্তুত। কফ, কাসি, শ্বাস, যক্ষ্মা, ক্ষয়রোগ, হৃদরোগ প্রভৃতি রোগের মহৌষধ। সর্ব্বপ্রকার দুর্ব্বলতা নাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্য বিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা

ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, শুক্রহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। ইহা অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ

প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যোনিগত যাবতীয় রোগের মহৌষধ

মূল্য—১৬ মাত্রা ২৲ টাকা। ৫০ মাত্রা ৫৲ টাকা মাত্র

যে যে জিনিষ বহুলোকের অন্তর স্পর্শ করিয়াছে

৫০ বৎসরের ক্রমোন্নতিই আপনাকে বিশ্বাস প্রদান করিবে

১। "অমৃতার্ণব অবলেহ"—এই অবলেহ সেবনে দূষিত রক্ত পরিষ্কৃত হয়, শুক্র গাঢ় এবং বৃদ্ধি করে। দেহকে পরিপুষ্ট করতঃ বলিষ্ঠ এবং কান্তিযুক্ত করে। ইহা ব্যবহারে মস্তিষ্কের দুর্ব্বলতা দূর করতঃ শরীরের অস্বাভাবিক উত্তাপ হ্রাস করিয়া স্বাভাবিক করে। স্মৃতি ও ধারণাশক্তি পরিবর্দ্ধিত করে। পুরাতন গ্রহণীরোগে অব্যর্থ। কোষ্ঠকাঠিন্য নিবারণ করে এবং ক্ষুধা বৃদ্ধি করে। ইহার ২০ তোলা পূর্ণ প্রতি কৌটার মূল্য ২৲ দুই টাকা।

২। "শিশুসখা বটিকা"—শিশুদিগের যাবতীয় পীড়ার একমাত্র আশুফলপ্রদ মহৌষধ বলিয়া "শিশুসখা" নামে অভিহিত হইয়াছে। ইহা সেবনে শিশুদিগের যকৃৎ প্রভৃতি বিকারের জ্বর, কাসি, দুধতোলা, সর্দ্দি, কৃমির দোষ ও অন্যান্য সর্ব্ববিধ ব্যাধি নিশ্চয়ই আরোগ্য হয়। সুস্থ শিশুরা ইহা সেবন করিলে রোগাক্রান্ত হইতে পারে না এবং তাহাদের দেহ সবল করে। মূল্য ৩০০ বটিকার এক কৌটা ১৲ এক টাকা মাত্র।

—অন্যান্য ঔষধের বিবরণ—

জানিবার জন্য ক্যাটালগের জন্য কার্ড লিখুন :—

প্রাপ্তিস্থান :—আত্রেয়-মিত্র ঔষধালয়, ২১৩নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

এখনও অপূর্ব্ব সুযোগ — পরে পাওয়া দুর্ঘট!

চিত্রে নবদ্বীপ

